† "In a general compilation," says Mr. Colebrooke, "where the authorities are greatly multiplied, and the doctrines of many different schools and of numerous authors are contrasted and compared, the reader is at a loss to collect the doctrines of a particular school and follow the train of reasoning by which they are maintained. He is confounded by the perpetual conflict of discordant opinions and jarring deductions and by the frequent transition from the positions of one sect to the principles of another."—Dà. bhà. pre. p. iii.

reference to Bengal required to be translated into Bengalee, and those peculiar to the other schools into the vernaculars of those provinces, at least into *Urdu*, which is understood throughout those countries. If, however, all the principles, &c. were to be thrust into one work and translated into Bengalee and *Urdu*, the book would not only be swollen to an inconvenient extent, but the reader would have to pay for a portion which he would not require. On these considerations I have resolved on two separate books; and the present is the book for Bengal.

In this book the *vyavasthàs* or principles laid down in the *Dàyabhàga, Dàyatatwa, Dàyakramasangraha, Srikrishna's* comment on the *Dàyabhàga*, and *Jagannàtha's* Digest, and also in the other Sanscrit books respected in Bengal, and the decided cases and precedents, are inserted regularly and consecutively; and under each of these, the reason (if any) for the establishment of such *vyavasthà* is given; after which the authority or authorities in support thereof have been cited with the name of the author or authors. If any phrase or term in the text required to be expounded, a letter within parentheses is put after that, and an explanation thereof given generally in the words of some commentator or digest-writer in a following paragraph beginning with the same letter within parentheses, in order that the ingenious *Pandits* may not, for the purpose of misleading, give a different turn to the phrase or term, for they have no authority to give a meaning or exposition different from that adopted by the commentators or authors of each school; and if a principle is deduced from such explanation, that also is given with the authority or authorities, if any. Then, in foot notes, references are made in abbreviated forms to the Sanscrit and English books, and the volumes, chapters, sections, and pages, at which the *vyavasthás*, authorities, &c. contained in this book are to be found. Almost the whole of the most interesting and valuable remarks and observations of the Sanscrit and English writers on the *Hindu* law have been inserted herein, occasionally in the body, but generally in the foot notes, which contain also much interesting information. After giving the principles, authorities, &c. respecting one portion of a subject, I have given the whole of Macnaghten's precedents bearing thereupon, that is, the legal opinions on the same subject admitted by the several courts of judicature and examined and approved of by that learned gentleman.* Then are given the decided cases illustrative of, and bearing on, one or more of the *vyavasthás* on the same subject. Of these, the decided cases and precedents are given in English and Bengalee and the rest generally in Bengalee, Sanscrit, and English: the Bengalee in the first and the Sanscrit in the second column of the left hand page, and the English in the page to the right thereof. To save the reader time and trouble I have, moreover, kept the *vyavasthás* distinguished by numbers, in large type, and the marginal expression "*vyavasthá*," that he may at once find them out without being obliged to look over the entire page. The nature of the rest of the contents also will be easily known by the several marginal expressions used for the purpose.

Most of the report books from which the cases have been taken being rather scarce, it was not considered sufficient to give only the names of parties and dates of the decisions, leaving the

---

* These extend as far as the year 1829. I had a great desire to select and add other admitted opinions of the law officers down to the present time, but have been unable to do so, as they had been burnt in pursuance of the orders of the Sudder Court.

I reserve for the second book, the *responsa prudentum* and the valuable remarks thereupon which constitute the second volume of Strange's work on the Hindu law, they having relation to cases of Southern India and the law as current there.

readers to procure, and refer to, the original books, a complete set of which (if at all procurable) would perhaps cost them more than ten times the price of the present work, and even then, without a translation in the *vernacular*, would be of very little use to those who do not read English. I have therefore given in English and Bengalee the whole of the important portion of each decision.

In selecting the cases bearing on one or more of the *vyavasthás* under each head, Mr. Morley's Analytical Digest, in which the substance of the decided cases has been well arranged under proper heads, has been of great assistance to me. The book is very convenient for use and saves those, who search for precedents on particular points, a great deal of time and trouble. The only thing to be regretted is, that the compiler, being as he is a learned barrister, has not taken the trouble of himself drawing up abstracts of the Sudder decisions, especially those in the Select Reports, instead of putting down their own marginal notes which are sometimes inaccurate, sometimes insufficient, and often not such as they ought to be. His introduction to the *Hindu* law is full and elaborate. I have extracted some passages therefrom almost *verbatim*, because I found them to be so correct and so well written that I thought I could not do better.

In the Supreme Court the *Hindu* law governs suits between *Hindus* in respect to contracts, succession, and inheritance,* and in the other Courts in respect to succession, inheritance, marriage and caste, and other religious usages and institutions†. These therefore have been the subject of the present work, and not the whole of the eighteen titles‡ of the *vyaváhàra kànda* of our *Dharma Shàstra*. Of these again, as questions connected with succession, inheritance, (which comprises also usage, maintenance, partition and exclusion from inheritance,) adoption, debt, gift, and sale are frequently brought before the Courts of Justice, they have been copiously treated of; while the other subjects have been but slightly adverted to, they being

---

* The statute 21st Geo. 3rd, Chapter 70, provides "that their inheritance and succession to lands, rents, and goods, and all matters of contract and dealing between party and party shall be determined, in the case of the Mohamedans by the laws and usages of Mohamedans, and in the case of Gentoos by the laws and usages of Gentoos."

† By Section 15, Regulation IV. 1793 re-enacted for Benares and the Upper Provinces by Regulations V. of 1795, Section 3, and Regulation III. of 1803, Section 16, it is provided that "in suits regarding succession, inheritance, marriage, and caste, and all religious usages and institutions, the *Hindu* laws with regard to *Hindus* are to be considered as the general rules by which the Judges are to form their decisions." Although the provisions in the enactments cited would appear to exclude cases of contract, yet there are questions incidentally involved in this subject, and it is so interwoven with cases which it is the duty of the Courts to decide agreeably to the Hindu law, that attention to the principles of the one may be essential to the due adjudication of the other. For instance in a claim of inheritance the defendant may plead a title by purchase, and the question will arise as to how far the ancestor was at liberty to contract. See Macn. H. L. pre. pp. vii, viii.

‡ "Of those titles, the first is debt, or loans for consumption; *the second*, deposits and loans for use; *the third*, sale without ownership; *the fourth*, concerns among partners; *the fifth*, subtraction of what has been given; *the sixth*, non-payment of wages or hire; *the seventh*, non-performance of agreements; *the eighth*, rescission of sales and purchases; *the ninth*, disputes between masters and servants; *the tenth*, contests on boundaries; *the eleventh and twelfth*, assault and slander; *the thirteenth*, larceny; *the fourteenth*, robbery and other violence; *the fifteenth*, adultery; *the sixteenth*, altercation between man and wife and their respective duties; the *seventeenth*, the law of inheritance; *the eighteenth*, gaming with dice and with living creatures. These eighteen titles of law are settled as the ground work of all judicial procedure in this world." *Manu*, ch. 8. v. 4—7.

generally adjusted by reference to private arbitration. And designed as this work is for practical utility, I have omitted those questions regarding inheritance, &c. which are obsolete in the present age, such as the doctrines relative to the various descriptions of sons, other than the *ourasa* and *dattakka*, and those respecting sons by mothers of different tribes, and marriage with females of a different class, as also some topics of contract, namely, evidence, &c. the law regarding which is not followed in the established Courts of Justice.

This book is divided into two volumes, the first of which is now offered to the public. The second volume which is to contain the chapters on marriage and *stridhan*, adoption, and exclusion from inheritance, and a few remarks on castes, &c. will not be of the same bulk, and will, I hope, be soon ready for publication.

Instead of the usual index, a digested one, such as I considered more adapted to be useful, is appended to this work. In this, simply the *vyavasthás* or principles have been arranged in the proper order and the case or cases bearing on one or more of those *vyavasthás*, as noticed in the marginal note of the book itself, are repeated after such *vyavasthá* or *vyavasthás*. After the principles relative to one portion of a subject, the substance of the precedents applicable thereto is given as contained in the second volume of Sir William Macnaghten's work. The reader is requested at first to glance over the headings of the summary of contents or the index, and, on finding the one that seems to include what he wants, to go over the contents of the index under that head, by the aid of which he will in very little time find the *vyavasthà*, with the precedent or precedents, if any, on the subject he is looking for.

On points difficult and doubtful I have consulted *Bábu Prosanno Kumàr Tagore*, whose learning in this abstruse science, drawn from the fountain head as well as from other sources, coupled with his long experience and his practice at the Sudder bar, of which he was for so many years the ornament and leader, is every where acknowledged, and who, though engrossed by various avocations of high importance, has readily given me all the assistance I required. I cannot conclude these remarks without acknowledging my great obligation to him for so much and valuable assistance received. Nor can I omit to express my best thanks to the present professor of law in the Government Sanscrit College, the most learned *Pandit Bharatchandra Shiromani*, whose opinion too I have obtained on difficult and doubtful points, and whose valuable assistance I have received on these and many other occasions. I also gratefully acknowledge the obliging assistance occasionally rendered me by Mr. W. Montriou, barrister, while we both were at the Sudder Court.

Though I have spared no time that it was possible for me to bestow in collecting and digesting all that is most useful for the administration of the *Hindu* law, as current in Bengal, in the most valuable law tracts and books of decided cases and precedents, and have omitted nothing which diligence, in the midst of official avocations, could effect to render the work complete in its kind and fitted to supply the desideratum felt, yet it is not for me to say how far my efforts may be crowned with success. The judgment as to whether the work is adapted to accomplish the objects I have had in view must, in this as in all similar cases, emanate from that most impartial of all tribunals, PUBLIC OPINION.

# ভূমিকা

অস্মদাদির ধর্ম্মশাস্ত্র দেব-মূলক। ইহা স্মৃতি* (অর্থাৎ স্মৃত) আখ্যাতে শ্রুতি*( অর্থাৎ শ্রুত) হইতে বিশেষ করাগিয়াছে। স্মৃতি স্বয়ম্ভু কর্ত্তৃক স্বায়ম্ভুব মনুর প্রতি উপদিষ্ট হয়, মনু তাহা স্মরণ রাখিয়া মরীচি প্রভৃতি দশ ঋষিকে † শিখান। তম্মধ্যে ভৃগু মানব শাস্ত্র প্রচার করিতে মনুকর্ত্তৃক আদিষ্ট হইয়া তৎ সমুদায় ঋষিদের নিকট ব্যক্ত করেন‡। স্মৃতি তিন কাণ্ডে বিভক্ত,—অর্থাৎ আচার, ব্যবহার ও প্রায়শ্চিত্ত কাণ্ড বা অধ্যায়। এই তিন বিষয়াত্মক শাস্ত্র ধর্ম্মশাস্ত্র অখ্যাত।

ধর্ম্মশাস্ত্রের কর্ত্তা কতিপয় ঋষি, ইহাঁদের সংখ্যা যাজ্ঞবল্ক্যের গণনানুসারে বিংশতি, যথা,—মনু, অত্রি (অ), বিষ্ণু (আ), হারীত, যাজ্ঞবল্ক্য (ই), উসনা (ঈ), অঙ্গীরা (উ), যম (ঊ), আপস্তম্ব, সম্বর্ত্ত, কাত্যায়ন, বৃহস্পতি (ঋ), পরাশর (৯), ব্যাস (এ), শংখ, লিখিত, দক্ষ (ও), গৌতম (ঔ), সাতাতপ, ও বশিষ্ঠ (ক)। পরাশর ঋষি ও স্মৃতিকার ঋষিদের সংখ্যা বিংশতি কহেন, কিন্তু তিনি যম, বৃহস্পতি ও ব্যাসকে ছাড়িয়া কস্যপ (খ), গার্গ্য (গ), ও প্রচেতাকে (ঘ) ধরিয়া বিংশতি গণনা করেন। পদ্মপুরাণে যাজ্ঞবল্ক্য ধৃত অত্রির নাম ত্যাগ ও মরীচি (ঙ), পুলস্ত্য (চ), প্রচেতা (ঘ), ভৃগু, নারদ (ছ), কস্যপ (খ), বিশ্বামিত্র (জ), দেবল (ঝ), ঋষ্যশৃঙ্গ (ঞ), গার্গ্য (গ), বৌধায়ন, পৈঠীনসি, জাবালী, সুমন্ত, পারস্কর, লোকাক্ষী ও কুথুমি ইহাঁদের নাম যোগ পূর্ব্বক স্মৃতিকারের সংখ্যা ষট্ত্রিংশৎ কথিত হইয়াছে। পারস্করীয় গৃহ্যসূত্রের টীকাতে রামকৃষ্ণ লিখেন,—স্মৃতিকারের সংখ্যা ঊনচত্বারিংশৎ; [illegible]মধ্যে নয়জন উক্ত সংখ্যাত্রয়ে পরিগণিত নহেন; তাঁহাদের নাম, যথা,—অগ্নি, চ্যবন, ছাগলেয়, জাতূকরণ, পিতামহ, প্রজাপতি, বুধ, শাতায়ন, ও সোম। এতদ্ভিন্ন আরো কতিপয় স্মৃতিকার ছিলেন, যথা,—ধৌম্য (ট), আশ্বলায়ন (ঠ), দত্ত, (ড), ভাগুরি।

---

* এতৎপদদ্বয়দ্বারা বোধ্য এই যে শ্রুতি অর্থাৎ বেদ অবিকল ব্রহ্মবাণী, স্মৃতি ব্রহ্মার বাণীর ভাবার্থ স্মৃত থাকিয়া তত্তৎশব্দে বা শব্দান্তরে রচিত।—বেদ ধর্ম্মবিষয়ময়, তাহাতে ব্যবহার বিষয়কও কিছু আছে।

† অর্থাৎ মরীচি, আত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, প্রচেতা বা দক্ষ, বশিষ্ঠ, ভৃগু ও নারদকে শিখান; ইহাঁরা প্রজা জন্মান হেতু প্রজাপতি আখ্যাত।—দ্রষ্টব্য মনু, অ, ১, ব, ৫৮, ৫৯, ৩৫, ৩৩, ৩৭, ৩৮, ৩৯, ও ৪০।

‡ দ্রষ্টব্য—মনু, অ. ১, ব, ৫৭; ৫৮, ৫৯ ও ৬০।

(অ) ইনি উপরি উক্ত দশ প্রজাপতির একজন, এবং দত্তাত্রেয়, দুর্ব্বাসা, ও সোমের পিতা। (আ) এই বিষ্ণু নারায়ণ নহেন, কিন্তু বিষ্ণু নামধারী এক প্রাচীন ঋষি। (ই) যাজ্ঞবল্ক্য—বিশ্বামিত্রের পৌত্র, যথা তাঁহার নিজ সংহিতার ভূমিকাতেই ব্যক্ত। (ঈ) উসনা শুক্রগ্রহের দ্বিতীয় নাম, ইনি ভৃগুর পৌত্র। (উ) অঙ্গিরা দশ প্রজাপতির এক জন, এবং ভাগবতীয় বর্ণনানুসারে উতথ্য ও বৃহস্পতির পিতা। (ঊ) যম সপ্তম অর্থাৎ বৈবস্বত মনুর ভ্রাতা ও নরকাধিপতি। (ঋ) ইনি পঞ্চমগ্রহ, এবং ঋষিদের একরূপ বংশাবলি বর্ণনানুসারে ইনি অঙ্গিরার পুত্র, অন্যরূপ বর্ণনানুসারে দেবলের পুত্র। (৯) পরাশর বশিষ্ঠের পৌত্র। [এ] ব্যাস—পরাশরের পুত্র, এবং দ্বীপে জন্ম জন্য দ্বৈপায়ন ও বেদ সঙ্কলন ও বেদান্ত দর্শন রচন হেতু বেদব্যাস আখ্যাত। (ও) পুরাণে দক্ষ নামা দুই ঋষির উল্লেখ আছে,—এক জন ব্রহ্মার পুত্র, অন্য প্রচেতার পুত্র, কিন্তু তম্মধ্যে কে স্মৃতিকার ইহা নিশ্চিত রূপে ব্যক্ত নাই। (ঔ) গৌতম—ন্যায়দর্শনকারি উতথ্য তনয় বিখ্যাত গোতম ঋষির পুত্র, স্মৃতির বচন গোতমের বলিয়া উল্লিখিত হইলেও গৌতমই স্মৃতিকার। (ক) বশিষ্ঠ দশ প্রজাপতির একজন। (খ) কস্যপ মরিচীর পুত্র। (গ) ইনি সেই জ্যোতিসবিসারদ গার্গ্য ঋষি। (ঘ) প্রচেতা—প্রাচীনবর্হিষের পুত্র, ও দক্ষের পিতা। (ঙ) ইনি প্রথম প্রজাপতি ও কস্যপের পিতা। [চ] পুলস্ত্য—অগস্ত্যের পিতা। [ছ] ইহাঁরা মনুর পুত্র; নারদ ব্রহ্মার পুত্র বলিয়াও খ্যাত। [জ] ইনি আদৌ ক্ষত্রিয় ছিলেন, পরে তপস্যাবলে ব্রহ্মঋষি হয়েন। [ঝ] ইনি বিশ্বামিত্রের পুত্র, এবং বিখ্যাত বৈয়াকরণ পানীনির পিতামহ, আর একরূপ বংশাবলি বর্ণনানুসারে ইনি দক্ষের প্রপৌত্র। [ঞ] ইনি বিভাণ্ডক ঋষির তনয়। [ট] ইনি পাণ্ডবদিগের পুরোহিত, ও যজুর্ব্বেদের টিকাকর্ত্তা। (ঠ) ইনি আচারাধ্যায় সুবিস্তৃত রূপে লিখিয়াছেন। (ড) দত্ত ও সোম অত্রি ঋষির পুত্র।

বৃহৎ, লঘু ও বৃদ্ধ নামভেদে কোটিং ঋষিকর্ত্তৃক একাধিক স্মৃতি প্রণীত হওয়া দৃষ্ট হইতেছে— অর্থাৎ তাঁহার বিস্তৃতরূপে প্রণীত স্মৃতি বৃহৎ আখ্যাত, তৎসংক্ষেপ লঘু, ও তিনি বৃদ্ধকালে যে কিছু রচেন তাহা তন্নামে বৃদ্ধ বলিয়া খ্যাত আছে, যথা,—বৃহন্মনু, লঘু-মনু, ও বৃদ্ধ-মনু।

যদ্যপি পরাশর ঋষি কহেন*,—পাঁচ ঋষির স্মৃতি চারিযুগে বিশেষে মান্য, অর্থাৎ সত্যযুগে মনুর, ত্রেতাতে গৌতমের, দ্বাপরে শংখ্য ও লিখিতের, এবং কলিতে পরাশরের ধর্ম্মশাস্ত্র (সর্ব্বাপেক্ষা মান্য), তথাপি মনু ভিন্ন অন্য ঋষি প্রণীত স্মৃতি সমুহের (বিশেষতঃ তদীয় ব্যবহার কাণ্ডের†) ব্যবহার বিষয়ে তাদৃশ প্রভেদ নাই,—লোকে তত্তাবৎ (ঋষির) স্মৃতি-ই সমপ্রামাণিক বোধে সমান ভাবে সম্মানিত ও ব্যবহৃত হওয়া দৃষ্ট হইতেছে।

কেবল মানব ধর্ম্মশাস্ত্র অর্থাৎ মনুর স্মৃতি ঋষি-প্রণীত সকল স্মৃতির উপর মান্য ও প্রামাণ্য। তাহা বেদের পরেই প্রপূজিত, এবং সর্ব্বাপেক্ষা সনাতন বলিয়া সকলের সম্মানিত। মনু-সংহিতার প্রণেতা স্বায়ম্ভুব (অর্থাৎ স্বয়ম্ভু-সম্ভূত) মনু; ইনি ব্রহ্মার পৌত্র, ও যে সপ্তমনু এই চরাচর সমস্তের উৎপত্তি ও পালন অর্থাৎ রাজশাসন করেন ইনি তাঁহাদের প্রথম, এবং চতুর্দ্দশ মনুর-ই আদিম; প্রজাপতিদের জনক, প্রথম ধর্ম্মশাস্ত্র কারক‡, ও ধর্ম্মশাস্ত্রকারিদের শ্রেষ্ঠ, এবং মহর্ষি ও রাজর্ষিদের গরিষ্ঠ।

---

* "কৃতেতু মানবাধর্ম্মাঃ. ত্রেতায়াং গৌতমাঃস্মৃতাঃ। দ্বাপরে শংখ লিখিতা, কলৌপারাশরাঃস্মৃতাঃ"।

† পরাশরের স্মৃতি কলিতে মুখ্যরূপে ব্যবহৃত হইলেও অসম্পূর্ণতা জন্য তাহাতে সকল কার্য্য চলিত না, যেহেতু তাহা ব্যবহার কাণ্ড শূন্য। উক্ত স্মৃতির টীকাকর্ত্তা তদীয় আচার কাণ্ডে ব্যবহার বিষয়ক এই রূপ বচনমাত্র প্রাপ্ত হইয়া যে—'ক্ষত্রিয় অর্থাৎ ক্ষিতিপতি ধর্ম্মে পৃথিবী পালন করিবেন'—তদবলম্বনপূর্ব্বক ব্যবহার নিবন্ধন লিখিয়াছেন (মাধবীয় বা মাধ্যবের বর্ণনা দ্রষ্টব্য)।

‡ যথা মনুসংহিতার বক্ষ্যমাণ বচন কতিপয়তেই ব্যক্ত—"যত্তৎ কারণমব্যক্তং নিত্যং সদসদাত্মকং। তদ্বিসৃষ্টঃ স পুরুষো লোকে ব্রহ্মেতি কীর্ত্ত্যতে [১১]। দ্বিধাকৃত্বাত্মনো দেহমর্দ্ধেন পুরুষোঽভবৎ। অর্দ্ধেন নারী তস্যাং স বিরাজমসৃজৎ প্রভুঃ [৩২]।। তপস্তপ্ত্বাসৃজদ্যন্তু স স্বয়ং পুরুষো বিরাট্। তং মাং বিত্তাস্য সর্ব্বস্য স্রষ্টারং দ্বিজসত্তমাঃ [৩৩]।। অহং প্রজাঃ সিসৃক্ষুস্ত্ব. তপস্তপ্ত্বা সুদুশ্চরং। পতীন্ প্রজানামসৃজং মহর্ষীনাদিতো দশ [৩৪]।। মরীচিমত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যপুলহং ক্রতুং; প্রচেতসং বশিষ্ঠঞ্চ। ভৃগুং নারদমেবচ [৩৫]।। এতে মনূংস্তু সপ্তান্যানসৃজন্ ভূরিতেজসঃ। দেবান্ দেবনিকায়াংশ্চ মহর্ষীংশ্চামিতৌজসঃ (৩৬)।। ইদং শাস্ত্রন্তু কৃত্বাসৌ মামেব স্বয়মাদিতঃ। বিধিবদ্গ্রাহয়ামাস. মরীচ্যাদীংস্ত্বহং মুনীন্ [৫৮]।। এতদ্বোঽয়ং ভৃগুঃশাস্ত্রং শ্রাবয়িষ্যত্যশেষতঃ। এতদ্ধি মত্তোঽধিজগে সর্ব্বমেষোঽখিলং মুনিঃ [৫৯]।। ততস্তথা সতেনোক্তো মহর্ষির্মনুনা ভৃগুঃ। তানব্রবীদৃষীন্ সর্ব্বান্ প্রীতাত্মা শ্রূয়তামিতি [৬০]।। স্বায়ম্ভুবস্যাস্যমনোঃ ষড়্ বংশ্যা মনবোঽপরে। সৃষ্টবন্তঃ প্রজাঃ স্বাঃ স্বা মহাত্মানো মহৌজসঃ[৬১]। স্বারোচিষশ্চোত্তমিশ্চ. তামসো রৈবতস্তথা। চাক্ষুষশ্চ মহাতেজা বিবস্বৎ সুত এবচ [৬২]।। স্বায়ম্ভুবাদ্যাঃ সপ্তৈতে মনবো ভূরিতেজসঃ। স্বে স্বেঽন্তরে সর্ব্বমিদমুৎপাদ্যাপুশ্চরাচরং" (৬৩)।। অধ্যায় ১।

ডাক্তর ম্যাক্স্ মুলর সাহেব মর্লি সাহেবের প্রতি লিখিত নিজ লিখনের শেষ পরিচ্ছেদে লিখিয়াছেন, "স্পষ্ট প্রকাশ যে পদ্যময় (মানব) স্মৃতির রচনাকর্ত্তা বক্ষ্যমাণ বচনে বৃদ্ধ মনুকে আপনা হইতে ভিন্ন ব্যক্তি কহিয়াছেন, যথা—'অহিংসা সত্যমস্তেয়ং শৌচমিন্দ্রিয়নিগ্রহঃ। এতং সামাসিকং ধর্ম্মং চাতুর্ব্বর্ণ্যেঽব্রবীন্মনুঃ'।।—অর্থাৎ অহিংসা, সত্য, অস্তেয়, শুচিতা. আর ইন্দ্রিয়নিগ্রহ, চতুর্ব্বর্ণের এই ধর্ম্ম সংক্ষেপে মনু কহিয়াছেন [অ. ১০, ব. ৬৩]। ইহাতে সংস্কৃত ব্যাকরণের প্রথম পুরুষে অর্থাৎ ইউরোপীয় ভাষার ব্যাকরণের তৃতীয় পুরুষে মনুর উল্লেখ দেখিয়া, তিনি বিবেচনা করেন পদ্যময় মানব ধর্ম্মশাস্ত্রীয় গ্রন্থের কর্ত্তা প্রথম অর্থাৎ স্বায়ম্ভুব মনু নহেন। উক্ত সাহেবের এমত বিবেচনা ভ্রমমূলকই কহিতে হইবে বোধ হয় এই বিবেচনা কালীন সাহেবের এমত বিবেচনা বা স্মরণ হয় নাই যে ভৃগু অন্য ঋষিদিগকে মনুর স্মৃতি শুনাইয়াছিলেন ও তাহাতে মনুর উল্লেখ অবশ্যই [ইংরাজি] তৃতীয় পুরুষে করিতে হইয়াছিল, অতএব উক্ত বচনে মনুর সংক্ষিপ্ত শাস্ত্র কথনান্তে "এই ধর্ম্ম সংক্ষেপে মনু কহিয়াছেন" এমত উল্লেখ ভৃগুকর্ত্তৃক কৃত হওয়াতে তদ্ধর্ম্মশাস্ত্রের কর্ত্তা হইতে স্বায়ম্ভুব মনু ভিন্ন ব্যক্তি হইতে পারেন না, যেহেতু তাদৃশ উল্লেখ মনুকর্ত্তৃক হয় নাই, কিন্তু ভৃগু কর্ত্তৃক হইয়াছে। মনু সংহিতার প্রথমাধ্যায়স্থ (উপরি প্রকটিত) ৩৩, ৫৭, ৫৮, ৫৯, ও ৬০ সংখ্যক বচন পাঠে ব্যক্ত হইবে যে স্বায়ম্ভুব মনু স্বয়ম্ভুর ধর্ম্ম শাস্ত্র শিখিয়া দশ ঋষিকে শিখান, তন্মধ্যে ভৃগু মনু কর্ত্তৃক আদিষ্ট হইয়া ঐ শাস্ত্র ঋষিদিগকে জ্ঞাত করান। অপিচ নারদ সংহিতার ভূমিকাতে লিখিত আছে যে মনু ধর্ম্ম শাস্ত্রকে শত সহস্র শ্লোকে রচনা ও শত অধ্যায়ে বিন্যাস করিয়া নারদকে দেন, নারদ তাহা লোকের হিতার্থ দ্বাদশ সহস্র শ্লোকে সংক্ষেপ করেন। এতাবতা পদ্যময় বৃহন্মনুসংহিতা যে স্বায়ম্ভুব মনুর কৃত তাহাতে সন্দেহ নাই, যেহেতু মরীচি প্রভৃতির অধ্যাপক ও নারদের উপদেশক হওয়া স্বায়ম্ভুব ভিন্ন অন্য মনু সম্ভবে না. এবং অধুনা ব্যবহৃত তৎ সংক্ষিপ্ত সংহিতা যে ভৃগুর সংক্ষিপ্ত বা উক্ত তাহা উক্ত বচন কতিপয়েতেই ব্যক্ত।

মনু শব্দ 'মন্' ধাতুৎপন্ন, ইহার অর্থ বোদ্ধা, বিশেষতঃ বেদ বিষয়ে ; ফলতঃ মনু যে বিশেষে বেদজ্ঞ বিজ্ঞ রাজর্ষি ছিলেন তাহা তৎসংহিতাতেই প্রকাশ পাইতেছে, কেননা তাহাতে বেদের কোনং বচন অবিকল রূপে এবং অনেক বচন অত্যল্পভাগে পরিবর্ত্তিত রূপে সঙ্কলিত হইয়াছে, তাহার ভাষা অনেক স্থলে বেদানুরূপ, ও সর্ব্বথা ধর্ম্মশাস্ত্রের উপযুক্ত ; এবং তদ্রচনার গাম্ভীর্য্যাদি বেদানুকল্প। মনুর উক্তি প্রগাঢ়তাসহ প্রসাদ শক্তি গুণে সাক্ষাৎ ধর্ম্মবাণী স্বরূপ। মনু যে প্রকারে প্রজার কর্ত্তব্যতাদেশ, রাজার নীতি নির্দ্দেশ, বিশেষং আশ্রমির ও জাতির ধর্ম্মোপদেশ ও সর্ব্বভূতের হিতোপদেশ করিয়াছেন, তাহাতে তাঁহার অলৌকিক বিজ্ঞতা বেদজ্ঞতা ধীরতা ও ক্ষমতার পরিচয় পাওয়া যাইতেছে, এবং বেদে ও ঋষিরা তাঁহার যে পরিচয় দিয়াছেন তাহারই প্রমাণ হইতেছে*।

---

*মনুর স্মৃতি কোন্ বিশেষ সময়ে রচিত হয় তাহার নির্ণয় করিতে ইউরোপীয় যেং পণ্ডিত চেষ্টা করিয়াছিলেন তাঁহারা ভিন্নং কাল কল্পনা করিয়াছেন, যথা,—শেগি ও দেলংসাম্প্‌স্ সাহেব বোধ করেন খ্রিষ্টীয় শকের তেরশত বৎসর পূর্ব্বে ঐ গ্রন্থ রচিত হয় ; শেলেগেল্ সাহেব অনেক বৎসর বিবেচনার পর স্থির করিয়াছেন যে মানব স্মৃতি সেকেন্দর সম্রাটের অন্যূন সাতশত বৎসর পূর্ব্বে ভারতবর্ষে প্রচরিত হইয়াছে, ইনি আরো কহেন যে বাল্মীকির রামায়ণ তৎসম সম কালিক, এবং উক্ত গ্রন্থদ্বয়ের মধ্যে কোন্‌খানি অগ্রে রচিত তাহা নিশ্চয় করিতে অপারক। ভারতবর্ষের ইতিহাস লেখক এল্‌ফেনেস্‌টন্ সাহেব মনুর স্মৃতিতে লিখিত বিধান ও নীতি এবং নব্যকালীয় বিধান ও নীতির মধ্যে যে প্রভেদ তদ্বিবেচনায় অপিচ সেকন্দর সম্রাটের আক্রমণের পূর্ব্বে যৎপরিমিত পরিবর্ত্তন হয় তদ্বিবেচনাতে মনুর স্মৃতিকে অতিপ্রাচীন অনুভব করেন, ও কহেন—'খ্রিস্টের জীবন কালের চারি শতবৎসর পূর্ব্বে বিরাজিত সেকন্দর সম্রাটের এবং চতুর্দ্দশ শত বৎসর পূর্ব্বে রচিত বেদের অভ্যন্তরিত অর্দ্ধাঙ্ক সময় মনু সংহিতা রচনার কাল, কিন্তু তিনি আপনি-ই এই কালকে অত্যন্ত অনিশ্চিত কহিয়াছেন। সংস্কৃতাধ্যাপক উইল্‌সন সাহেব কহেন—'যে মনুসংহিতা এক্ষণে ব্যবহৃত তাহা রামায়ণের তুল্য প্রাচীন নয়, তাহা খ্রিস্টের জন্মের পূর্ব্ব দ্বিতীয়শত বৎসরের প্রথমে অথবা তৃতীয়শত বৎসরের শেষে রচিত হইয়া থাকিবে। পরন্তু ভাষার ও লিখনের ধরণ বিবেচনায় মনুর অনুবাদক সর্ উইলিয়ম্ জোন্‌স্ সাহেব যে অনুভব করিয়াছেন তদ্দ্বারা অধ্যাপক সাহেবের অনুভব খণ্ডিত হইতেছে। অনুবাদক সাহেব কহেন—'বেদের ও মানবধর্ম্মশাস্ত্রের এবং পুরাণের সংস্কৃত মধ্যে প্রায় সেই পরিমাণে প্রভেদ যেমত নিউমার এবং আপিয়সের ও সিসেরোর লাতীনি লিখার মধ্যে। যদি সংস্কৃত ও লাতীনি লিখার মধ্যে ঐ বিবিধ পরিবর্ত্তন প্রায়সমপরিমিত সময়ে হইয়া থাকে (এবং তাহা [illegible] যাও সত্য বলিয়া মানা যাইতে পারে,) তবে মনু সংহিতার প্রায় ৩০০ বৎসর পূর্ব্বে ও পুরাণের প্রায় ৩০০ বৎসর পূর্ব্বে [illegible] লিখিত হইয়া থাকিবে'। উক্ত সাহেব আরো কহেন—'অনেক স্থলে মনুর ভাষা বেদের ন্যায় ; বিশেষতঃ অধিক নব্য এবং ব্যাকরণশুদ্ধ ভাষা হইতে তাহার বৈলক্ষণ্য দৃষ্ট হয়, এতাবতা প্রথম দৃষ্টিতেই বোধ হয় লিখিত হওনের পূর্ব্বে উক্ত সংহিতা ইজিপ্‌টের অথবা আসিয়ার প্রথম রাজার শাসনকালীন প্রচরিত (অর্থাৎ ব্যবহৃত) হইয়া থাকিলেও তাহা সোলনের এবং লাইকরগসের কৃত আইনের অপেক্ষা অধিক প্রচীন'। এমত বিবেচনা পূর্ব্বক তিনি স্থির করেন যে মনুসংহিতা খ্রিস্টের জন্মের প্রায় ১২৮০ বৎসর পূর্ব্বে রচিত। এই রূপে উক্ত সাহেবেরা মনুসংহিতা রচনার সময় নিরূপণে অনৈক্যমত, এবং তাঁহাদের লিখিত ঐ ভিন্ন ভিন্ন সময় সকলই আনুমানিক মাত্র, তন্মধ্যে কাহার অনুমান সত্য কাহার মিথ্যা তন্নিশ্চয় নিশ্চিত রূপে হয় না ; এতাবতা তদানুমানিক এক সময়ও মনুসংহিতা রচনার সময় বলিয়া বিশ্বাস করা যাইতে পারে না। এক্ষণে নারদের সংহিতার ভূমিকা পাঠ করিলে এবং ঐ দেবর্ষির বাক্যে বিশ্বাস করিলে অবগতি হইবে যে স্বায়ম্ভুব মনু সকল জীবের প্রতি অনুগ্রহ করণার্থ আচার ও স্থিতি বিষয়ক ধর্ম্ম শাস্ত্র করেন, তাহা লোকাত্মক হয়, ঐ শ্লোকচয় সহস্র অধ্যায়ে নিবন্ধ করিয়া নারদকে সমর্পণ করেন, তিনি তাহা লোকের হিতার্থে চতুর্ব্বিংশতি অধ্যায়ে সংক্ষেপ করিয়া ভৃগুসুত সুমতিকে দেন, ইনি লোকের অধিকতর সুগমতা জন্য তাহা চারিসহস্র শ্লোকে সঙ্কলিত করেন। এতাবতা প্রকাশ যে বৃহৎ মনুসংহিতা স্বায়ম্ভুব মনুকর্ত্তৃক রচিত। তবে রহিল লঘু মনুসংহিতার কাল নির্ণয়,—তাহা ঐ গ্রন্থের প্রথমাধ্যায়স্থ ৫৮, ৫৯ ও ৬০ সংখ্যক বচনেই প্রকাশ পাইতেছে, অর্থাৎ তদ্দ্বারা ঐ গ্রন্থস্থ শ্লোক সমূহ স্বায়ম্ভুব মনুর জীবনকালেই ভৃগুকর্ত্তৃক উক্ত বা সংক্ষেপ হওয়া ব্যক্ত ; এক্ষণে নির্ণেতব্য এই যে মনুর যে জীবনকাল সে কোন্ কাল,—মনু সংহিতায় বিশ্বাস করিলে প্রতীতি হইবে যে সৃষ্টির আদিতে তাঁহার জন্ম (দ্রষ্টব্য—মনু. অ. ১, ব. ৩২, ৩৩ ও ৩৪)॥

সরউইলিয়ম্ জোন্‌স্ সাহেব কহেন—'দারাসুকো সম্পূর্ণ কারণ বশতঃ বিশ্বাস করিয়াছিলেন যে ব্রাহ্মণদিগের প্রথম মনুই মনুষ্যজাতির জনক, এবং ইহুদিরা খ্রিস্টানেরা ও মুসলমানেরা যাঁহাকে আদম কহে তিনি এই (আদিম) মনু''।

ইউরোপীয় আর আর পণ্ডিতেরা-ও অস্বীকার করেন না ও করিতে পারেন না যে মনুর সংহিতা প্রাচীনতম ধর্ম্মশাস্ত্র নয়। মর্লি সাহেব নিজ ডাইজেস্টের ভূমিকাতে ইউরোপীয় পণ্ডিত কতিপয়ের মত তুলিয়া তদন্তে নিজ সিদ্ধান্ত লিখিয়াছেন যথা,—''মনুসংহিতা যে কোন বিশেষ সময়ে রচিত বা সংগৃহীত হউক, ইহা যে প্রাচীনতম অত্র সন্দেহ নাস্তি, এবং এতদ্দ্বারা প্রমাণ হইতেছে ইহা যে পূর্ব্বতমকালে রচিত তৎকালেও হিন্দুদের সভ্যতার অনেক বৃদ্ধি হইয়াছিল। রচনা সৌন্দর্য্য নিমিত্তই হউক অথবা দৈববাণী বোধ জন্য প্রায় দশক্রোর মনুষ্যের নীত্যুপদেশক ও ধর্ম্ম বিধায়ক জ্ঞান নিমিত্তই হউক মনুসংহিতা পণ্ডিতের অত্যন্ত মনোযোগার্হ''।

আর আর ঋষিরা যে সংহিতা লিখিয়াছেন তাহা মনুর অনুরূপে, এবং তৎসকলেই প্রমাণার্থে মনুর উল্লেখ করিয়াছেন ; এতাবতা মনু-সংহিতা ধর্ম্ম শাস্ত্রীয় সকল গ্রন্থের মূল ও আদর্শ। মনুর ধর্ম্মশাস্ত্রকে ঋষিরা অত্যন্ত মান্য করিতেন ; কোন স্মৃতিতে মনুর উক্তির বিপরীত কিছু থাকিলে তাহা অমান্য ও অপ্রামাণ্য, যথা বৃহস্পতি কহিয়াছেন—“ বেদার্থোপনিবদ্ধত্বাৎ প্রাধান্যংহি মনোঃস্মৃতং। মন্বর্থ বিপরীতা যা সা স্মৃতির্ন প্রশস্যতে॥ তাবচ্ছাস্ত্রাণি শোভন্তে তর্কব্যাকরণানি চ। ধর্ম্মার্থমোক্ষোপদেষ্টা মনুর্যাবন্ন দৃশ্যতে” ।—অর্থাৎ বেদের অর্থ সংগ্রহ জন্য মনুর-ই প্রাধান্য, মনুর উক্তির বিপরীত স্মৃতি প্রশস্ত নয়॥ শাস্ত্রসমূহ তর্ক ও ব্যাকরণ তাবৎ শোভা পায়, যাবৎ ধর্ম্মার্থমোক্ষোপদেষ্টা মনুর স্মৃতি দৃষ্ট না হয়॥ ব্যাস কহেন—“পুরাণং মানবোধর্ম্মঃ সাঙ্গোবেদশ্চিকিৎসিতং। আজ্ঞাসিদ্ধানি চত্বারি, ন হন্তব্যানি হেতুভিঃ” ॥ অর্থাৎ—পুরাণ, মনুর ধর্ম্মশাস্ত্র, ষড়ঙ্গসহবেদ, ও চিকিৎসাশাস্ত্র—এই চারি আজ্ঞাসিদ্ধ, ইহা হেতুবাদদ্বারা নাশ্য নয় ॥ অপিচ বেদে মনু পরম গৌরবান্বিত,—বেদবাণী এই যে “মনুর্বৈ যৎকিঞ্চিদবদত্তদ্ভেষজম্ভেষজতায়া ইতি”। অর্থাৎ—মনু যাহা কহিয়াছেন তাহা মহৌষধ”।

আর২ স্মৃতিকার ঋষিদের মধ্যে অনেকের সংহিতার সঙ্ক্ষিপ্ত বর্ণনা যথা—

অত্রির স্মৃতি পদ্যে রচিত ও সুস্পষ্ট। বিষ্ণুসংহিতার অধিকাংশ পদ্যে অত্যল্প গদ্যে। হারীতের স্মৃতি গদ্য বিরচিত।—এবং বিষ্ণু ও হারীত উভয়েরই স্মৃতির সংক্ষেপ পদ্যে আছে। যাজ্ঞবল্ক্যের নিজ সংহিতার ভূমিকাতে প্রকাশ যে তিনি মিথিলায় মুনিগণকে ধর্ম্মশাস্ত্রোপদেশ করিতেন*। আর আর ঋষির সংহিতা সমূহ মধ্যে যাজ্ঞবল্ক্যের সংহিতা অধিক ব্যবহৃত ও কর্ম্মণ্য।—তাহার এক কারণ এই যে ঐ গ্রন্থ পরিপাটী রূপে আচার ও ব্যবহার ও প্রায়শ্চিত্ত কাণ্ডে বিন্যস্ত, ও তৎ সকল কাণ্ডই সংক্ষেপে অথচ উত্তমরূপে লিখিত, দ্বিতীয় কারণ এই যে অত্যন্ত প্রামাণ্য ও প্রচলিত মিতাক্ষরা তাহার টীকা। এই সংহিতা এক সহস্র ত্রয়োবিংশতি বচনে সমাপ্ত, কিন্তু ইহাতে ধর্ম্মশাস্ত্রের অভিধেয় সমুদায়ই প্রায় উক্ত হইয়াছে। [illegible] স্বীয় সংহিতা পদ্যে রচনা করেন, তৎ সংহিতা ও তৎ সংক্ষেপ অদ্যাপি বর্ত্তমান। অঙ্গিরা ন্যূনাধিক সপ্ততি বচনে একখানি ক্ষুদ্র সংহিতা লিখেন। যম ঋষির সংহিতাখানিও ক্ষুদ্র,—তাহা একশতশ্লোকে সমাপ্ত। আপস্তম্ব গদ্যে স্মৃতি রচনা করেন,—ঐ গদ্যময় সংহিতা ও পদ্যোক্ত তৎ সংক্ষেপ বর্ত্তমান। সম্বর্ত্তের গদ্যস্মৃতির পদ্যময় সংক্ষেপ মাত্র এতদ্দেশে দৃষ্ট হয়। কাত্যায়নের স্মৃতি যথেষ্ট ও সুস্পষ্ট,—ইনি এক ব্যাকরণ করেন এবং আর২ বিষয়ক গ্রন্থও লিখেন। বৃহস্পতির বৃহৎ সংহিতা আছে কি না নিশ্চিত হয় না, কিন্তু তৎ সংহিতার সংক্ষেপ বর্ত্তমান। পরাশরের আচার ও প্রায়শ্চিত্তাত্মক স্মৃতি বর্ত্তমান। ব্যাসের পুরাণ গ্রন্থ সমূহই বিখ্যাত, কিন্তু তিনি শুদ্ধ স্মৃতি বিষয়ক গ্রন্থ-ও লিখিয়াছেন। শংখ ও লিখিত মিলিত হইয়া গদ্যে এক গ্রন্থ লিখেন, এই গ্রন্থ পদ্যে সঙ্ক্ষিপ্ত হয়, তাঁহাদের পৃথক্ রূপে লিখিত গ্রন্থ-ও আছে। গৌতমের রচিত উৎকৃষ্ট এক সংহিতা বর্ত্তমান তাহার অনেক বচন ঐ গ্রন্থকারের পিতা গোতমের বলিয়া ধৃত হওয়া দৃষ্ট হয়। সাতাতপ প্রায়শ্চিত্ত বিষয়ে

*“যোগীশ্বরং যাজ্ঞবল্ক্যং সংপূজ্য মুনয়োঽব্রুবন্। বর্ণাশ্রমেতরাণাম্নো ব্রূহিধর্ম্মানশেষতঃ।
মিথিলাস্থঃস যোগীন্দ্রঃ ক্ষণং ধ্যাত্বাঽব্রবীন্মুনীন্। যস্মিন্ দেশে মৃগঃ কৃষ্ণস্তস্মিন্ ধর্ম্মান্নিবোধত”।
যাজ্ঞবল্ক্যের সংহিতা কোন্ সময়ে রচিত তাহা নিশ্চিত হয় না, পরন্তু তাহা অধিক প্রাচীন বটে। ভারতবর্ষের নানা স্থলে প্রাপ্ত পোদিত লিপ্যাদি তৎসংহিতা হইতে নীত এবং ঐ সকল খ্রিস্টের পর সপ্তম বা একাদশ শতবৎসর কালে খোদিত হওয়া দৃষ্ট হয়। অধ্যাপক উইল্সন্ সাহেব কহেন—‘এত ব্যাপ্তরূপে প্রচরিত হওনান্তে প্রামাণিক প্রমাণ বলিয়া সাধারণের মান্য হইতে অবশ্যই অধিক সময় লাগিয়া থাকিবে। অতএব ঐ লিপ্যাদি খোদিত হওনের অনেক পূর্ব্বে যাজ্ঞবল্ক্য সংহিতা লিখিত হওয়া কহিতেই হইবে’। অপিচ যাজ্ঞবল্ক্যের সংহিতার অনেক বাক্য পঞ্চতন্ত্রে দৃষ্ট হওয়াতে ঐ সংহিতা রচনার সময় ন্যূন সংখ্যা আর পাঁচ শত বৎসর পিছিয়া পড়িতেছে, এবং তাহা আরো প্রাচীন হওয়া সম্ভব্য। পরন্তু তাহা খ্রিষ্টীয় শকের দ্বিতীয় শতবৎসর অপেক্ষা প্রাচীন বোধ হয় না, যেহেতু অধ্যাপক উইল্সন্ সাহেবের বিবেচনা এই যে—যে জনক মুনির নাম যাজ্ঞবল্ক্য সংহিতায় দৃষ্ট হয় তিনি তৎসমং কালিক। দ্রষ্টব্য—মর্লির ডাইজেষ্টের ভূমিকা, পৃ. ১২ ও ১৩।

এক সংহিতা লিখেন, পদ্যে কৃত তৎ সংক্ষেপ অদ্যাপি বর্ত্তমান। বশিষ্ঠ—যাজ্ঞবল্ক্যের গণিত স্মৃতিকারদিগের শেষ, ইহাঁর লিখিত সংহিতা গদ্যে পদ্যে মিশ্রিত।

উপরি বর্ণিত সংহিতাতিরেকে নারদ সংহিতার কিয়দংশ বর্ত্তমান; এবং আরং ঋষির কতিপয় বচন টীকা ও নিবন্ধন গ্রন্থ সমূহে দৃষ্ট হয়,—কেবল কুথুমি, বুদ্ধ, শাতায়ন ও আর দুই এক ঋষির নাম ও বচন প্রায় দৃষ্ট হয় না*। যেমত মনুসংহিতায় ধর্ম্মশাস্ত্র বিষয়ক প্রায় সকল বিধানই প্রাপ্য, যাজ্ঞবল্ক্যের ও কাত্যায়নের ভিন্ন আরং ঋষির সংহিতা তেমত সম্পূর্ণ নয়। স্মার্ত্তদিগের বিবেচনা এই যে মনু ভিন্ন অন্য ঋষির সংহিতা অধুনা সমগ্র রূপে অপ্রাপ্য।

কোনং সংহিতার টীকা বা ব্যাখ্যা আছে;—টীকা না থাকিলে তত্তৎ সংহিতার অনেক অংশের অর্থ দুজ্ঞের্য় হইত,এবং বোধ হয় কোনং অংশ অর্থহীন বোধে ত্যক্ত ও ব্যর্থ হইত। অবগতি হইতেছে যে কতিপয় মুনি মনুসংহিতার টীকা করেন,কিন্তু তন্মধ্যে ভাগুরির টীকা ভিন্ন অন্য ঋষিপ্রণীত টীকা আছে এমত বোধ হয় না। ঋষি ভিন্ন অন্যের লিখিত মনু-টীকা সমূহ মধ্যে বীরস্বামি ভটসুত মেধাতিথির টীকার কিয়দংশ হারাইয়া যাওয়াতে দীঘ-রাজ মদনপালের সভায় তদংশ জনেতরকর্ত্তৃক লিখিত হয়,উক্ত টীকা এবং গোবিন্দ রাজের ও ধরণিধরের কৃত টীকাদ্বয় অধিক মান্য ও প্রামাণ্য ছিল, কিন্তু কুল্লূক ভট্টের টীকা প্রকাশিতা ও প্রচলিতা হওয়া অবধি তত্তৎ টীকার তাদৃশ আদর নাই। পণ্ডিতদিগের বিবেচনায় কুল্লূকের ব্যাখ্যা অতি সুব্যাখ্যা, তাহা অল্প পরিমিত প্রথচ অধিক ফলের কথাযুক্ত, গাঢ় অথচ সুস্পষ্ট, অত্যন্ত ব্যবহার্য্য ও কার্য্যকারকা। শায়নাচার্য্যকৃত মাধবী এবং নন্দরাজের কৃত নন্দরাজকৃৎ নামিকা মনুটীকা মহারাষ্ট্র দেশে প্রচলিতা, তন্মধ্যে শেষোক্ত টীকা কর্ণাট দেশে বিশেষে আদৃতা। মন্বর্থ চন্দ্রিকা‡ নাম্নী টীকাও প্রসিদ্ধ দৃষ্ট হইতেছে। কামধেনু নামিকা মনুটীকার অর্থ শ্রীধরাচার্য্য কর্ত্তৃক স্মৃতিসারের অনেক স্থলে উদ্ধৃত ও উল্লিখিত হইয়াছে।

নন্দ পণ্ডিতকর্ত্তৃক বিষ্ণুসংহিতার যে টীকা লিখিতা হয় তাহার নাম বৈজয়ন্তী। এই পণ্ডিতবর পরাশর সংহিতার টীকাও লিখিয়াছেন।

যাজ্ঞবল্ক্য সংহিতার টীকা সমূহ মধ্যে অপরার্কের টীকা অতি প্রাচীনা বিবেচিতা হওয়াতে সুপ্রতিষ্ঠিতা মিতাক্ষরা তদপেক্ষা অবশ্যই নব্যা, পরন্তু নব্যা হইয়াও তাহা প্রাচীনাপেক্ষা প্রামাণ্যা। মিতাক্ষরা বিজ্ঞানেশ্বর বা বিজ্ঞানযোগী নামক পরমহংসের বিরচিত, ইহা যাজ্ঞবল্ক্য সংহিতার টীকা হইলেও প্রকৃত প্রস্তাবে এক অত্যুৎকৃষ্ট নিবন্ধন গ্রন্থ। বিজ্ঞানেশ্বর যাজ্ঞবল্কীয় বচনের নিজকৃত ব্যাখ্যাদির পোষকতার্থে আরং সংহিতার ও গ্রন্থের বচন ধরিয়া আনুসঙ্গিকক্রমে প্রায় তৎ সকল বচনের ব্যাখ্যা ও তত্তন্মতের সমন্বয় করাতে তাঁহার মিতাক্ষরা টীকাচ্ছলে কৃত নিবন্ধন গ্রন্থকয়েকের মধ্যে শ্রেষ্ঠ। দেববোধকর্ত্তৃকও যাজ্ঞবল্ক্য সংহিতার এক টীকা লিখিত হয়। বিশ্বরূপের রচিত যাজ্ঞবল্ক্যটীকা নিবন্ধন গ্রন্থচয়ের অনেক স্থলে ধৃত এবং উল্লিখিত হইয়াছে। শূলপাণির কৃত দীপকলিকা-ও যাজ্ঞবল্ক্য সংহিতার টীকা§; এইগ্রন্থ উপযুক্ত রূপেই গৌড়ে গৌরবান্বিত।

মনু সংহিতার সুপ্রতিষ্ঠিত টীকাকর্ত্তা কুল্লূকভট্ট যম-সংহিতার-ও এক টীকা লিখিয়াছেন।

---

* অধ্যাপক এস্টেনজেলর সাহেব স্মৃতিকার ঋষিদের সংখ্যা ষট্চত্বারিংশৎ গণনা করেন,—ইঁহারাই যাজ্ঞবল্কীয় ও পারাশরীয় সংহিতায় এবং পদ্মপুরাণে ও রামকৃষ্ণের টীকায় উল্লিখিত। অধ্যাপক সাহেব কহেন.—অগ্নি, কুথুমি, শাতায়ন ও সোম ভিন্ন অন্য ঋষিদের সংহিতা বর্ত্তমান, এবং অন্যান্য গ্রন্থে ধৃত তাঁহাদের বচন তৎকর্ত্তৃক দৃষ্ট হইয়াছে।

† সরউইলিয়ম্ জোন্স সাহেব কহেন—"অবশেষে গৌড়ীয় ব্রাহ্মণ কুল্লূক ভট্টের প্রাকট্য হইল.—ইনি অনেক পরিশ্রমে শিখিয়া এবং অনেক পুস্তক মিলাইয়া একখানি টীকা গ্রন্থ প্রকাশ করিলেন। যথার্থতই বলা যাইতে পারে যে ইউরোপীয় বা আসিয়াদেশীয় প্রাচীন বা নব্য গ্রন্থের যত টীকা লিখিত হইয়াছে তৎ সর্ব্বাপেক্ষা কুল্লূক ভট্টের টীকা সংক্ষিপ্তা অথচ উজ্জ্বলতমা, অত্যল্প আড়ম্বর যুক্তা কিন্তু অত্যন্ত বিজ্ঞতাসম্পন্না, অত্যন্ত গাম্ভীর্য্যগর্ভা তথাপি অত্যন্ত রম্যা।

‡ মনু সংহিতানুবাদে দেলংসাম্পস্ সাহেব মন্বর্থচন্দ্রিকা টীকা ব্যবহার করেন:—তাঁহার মতে এই টীকা অনেক স্থলে কুল্লূক ভট্টের টীকা হইতেও যথাযথ ও স্পষ্টতর।

§ শূলপাণির জন্ম মিথিলাতে, কিন্তু তিনি বঙ্গদেশের সহুরিয়া নামক স্থানে বাস করিতেন, তাঁহার আচার ও প্রায়শ্চিত্ত বিষয়ক গ্রন্থ মিথিলা ও গৌড় উভয় দেশেই অত্যন্ত সম্মানিত ও ব্যবহৃত।

গৌতমসংহিতার টীকা হরদত্তাচার্য্যকর্ত্তৃক লিখিতা হয় *।

বরদারাজকৃত বরদারাজ নামিত গ্রন্থ ফলিতার্থে এক নিবন্ধন গ্রন্থই বটে, কিন্তু তাহা নারদ সংহিতা-মূলক হওয়াতে তৎ সংহিতার টীকা বলিয়াও পরিগণিত হইতে পারে। বরদারাজ্য দক্ষিণরাজ্যে—বিশেষতঃ তাহার দ্রাবিড় প্রদেশে অধিক প্রামাণ্য।

মাধবীয় বা মাধব্যা পরাশরের আচার ও প্রায়শ্চিত্ত কাণ্ডের টীকা হইয়া-ও ফলতঃ এক উত্তম নি-বন্ধন গ্রন্থ, এবং তাহা ভারতবর্ষের দক্ষিণ দেশে অত্যন্ত প্রামাণ্য।

এতদ্ভিন্ন চতুর্ব্বিংশতি স্মৃতি ব্যাখ্যা নামিকা স্মৃতি সমূহের সঙ্ক্ষিপ্তা এক টীকা আছে।

ভিন্ন২ স্মৃতিকারের মত সকল বিষয়ে মিলে না‡, অপিচ কোন২ ঋষির মত কোন২ বিষয়ে মনুর ম-ন্তের সহিত-ও ঐক্যমত নহে§, কিন্তু তথাপি ইচ্ছানুসারে তাঁহাদের কোন মত ত্যাগ ও কোন মত গ্রহণের ক্ষমতা আমাদের নাই, যেহেতু মনু কহেন—“দুই স্মৃতির বচন প্রকাশতঃ পরস্পর বিরুদ্ধ হইলেও ত-দুভয়ই শাস্ত্র, কেননা জ্ঞানিকর্ত্তৃক উভয়ই বলবৎ ও সমন্বয়শীল কথিত হইয়াছে”। এতাবতা পরস্পর বিরোধের সমন্বয় ও মত বৈলক্ষণ্যের ঐক্যীকরণই কেবল উপায় রহিল, এবং তাহাতে ভিন্ন২ মতের সমন্বয়-পূর্ব্বক এক মত সংস্থাপক নিবন্ধন-গ্রন্থের আবশ্যকতা হইল।

ভারতবর্ষের ভিন্ন২ স্থানস্থ পণ্ডিতেরা নিবন্ধন-গ্রন্থ লিখিয়াছেন। নিবন্ধন-গ্রন্থের প্রচলিত হওন অবধি ঋষিদের বচন স্বয়ং চূড়ান্তরূপে ব্যবহৃত নয়, কিন্তু ভিন্ন২ প্রদেশে প্রচলিত বিশেষ২ নিবন্ধন গ্রন্থে কৃত যে সিদ্ধান্ত ও ব্যবস্থাপিত যে মত তাহাই ব্যবস্থা বিষয়ে প্রামাণ্য। যে মনু সংহিতা সকল ধর্ম্ম শাস্ত্রের মূল, তদ্বচনই এক্ষণে কেবল মান্য জ্ঞান করা হয় মাত্র, কিন্তু কোন নিবন্ধার মত ভিন্ন শুদ্ধ তদনুসারে ব্যবস্থা চলে না, কার্য্যও হয় না। নিবন্ধারা সামান্যতঃ সংহিতাসমূহের আবশ্যক বচন-সকল তুলিয়া কোন২ বচন ব্যাখ্যা এবং তদ্বচন সমূহে বিরোধাদি থাকিলে তৎ সমন্বয় পূর্ব্বক সিদ্ধান্ত রূপে এক মত স্থাপিত করতঃ ধর্ম্মশাস্ত্র স্থাপক মনুর আজ্ঞা পালন করিয়াছেন। অনেক নিবন্ধন গ্রন্থের অনেক স্থলে বিশেষ২ নিবন্ধার মতও উল্লিখিত হইয়াছে,—তাহা কখনো তন্মত শোধন বা খ-ণ্ডন নিমিত্ত, কখনো বা স্বমতের পোষকতা প্রযুক্ত। তাহাতে মধ্যে২ শ্রুতি ও পুরাণের বচন-ও প্রমা-ণার্থে ধৃত হইয়াছে,—শ্রুতি সর্ব্বোপরি প্রামাণ্য, শ্রুতির পরেই স্মৃতি, স্মৃতির পরেই পুরাণ মান্য। মীমাংসা করণে ও মত স্থাপনে নিবন্ধারা বক্ষ্যমাণ কতিপয় বচন ও ন্যায়ানুসারে কার্য্য করা দৃষ্ট হইতেছে, এবং অধুনা স্মার্ত্তেরাও ব্যবস্থা দানে তদ্রূপ কার্য্য করিয়া থাকেন। “শ্রুতিস্মৃতি বিরোধেতু শ্রুতিরেব

---

* হরদত্তাচার্য্য দ্রাবিড় দেশবাসী, এবং অনেক গ্রন্থের প্রণেতা বলিয়া সুপ্রতিষ্ঠিত। তিনি যে গ্রন্থে আর২ স্মৃতি বচন তুলিয়া সমন্বয় ও সিদ্ধান্ত করিয়াছেন তাহার নামও মিতাক্ষরা, অতএব উপরি উক্ত মহাদৃত মিতাক্ষরাকে বিজ্ঞা-নেশ্বরের মিতাক্ষরাখ্যায় বিশেষ কর্ত্তব্য।

† এই গ্রন্থ বিদ্যানগর সংস্থাপকের মন্ত্রি পণ্ডিতবর বিদ্যারণ্যস্বামিকর্ত্তৃক বিরচিত। এই রাজার জীবন-কাল খ্রিষ্টীয়শকের ত্রয়োদশশত হইতে চতুর্দ্দশশত বৎসরের মধ্যে। এতাবতা বোধ করা যাইতে পারে যে ইনি হিন্দুদের ধর্ম্মশাস্ত্র প্রণালীকর শেষ ছিলেন। উক্ত গ্রন্থের প্রণেতা নিজ ভ্রাতা মাধব চার্য্যের নাম তৎগ্রন্থ কর্ত্তা বলিয়া ব্যবহার করিয়াছেন। এই গ্রন্থের আচার ও প্রায়শ্চিত্তাধ্যায় পরাশর সংহিতামূলক, কিন্তু [যথা পূর্ব্বেই কথিত হইয়াছে] তৎ স্মৃতিতে ব্যবহার বিষয়ক বচন প্রাপ্তি না হওয়াতে,—মাধব্যের ব্যবহার কাণ্ড তৎকালে তদ্দেশে আদৃত ধর্ম্ম শাস্ত্রীয় তাবৎ গ্রন্থের মত সমন্বয়াত্মক নিবন্ধন রূপে রচিত। যদ্যপি মাধব্যের ব্যবহার কাণ্ড কোন বিশেষ ঋষির স্মৃতিমূলক না হওয়াতে তাদৃশ প্রামাণিক না হওয়াই সম্ভব্য বটে, তথাপি তাহা অতি প্রমাণিক রূপে আদৃত ও ব্যবহৃত,—তাহার কারণ এই যে আর২ অনেক গ্রন্থ রচন ও বিশেষতঃ বেদের ভাষ্য করণ জন্য উক্ত গ্রন্থকর্ত্তার প্রতিষ্ঠা এত অধিক যে ভক্তেরা তাঁ-হাকে মহেশাবতার জ্ঞান করে। দ্রষ্টব্য এস্‌ট্রেঞ্জ সাহেবের হিন্দু ল, ভূমিকা, পৃ. ১৫ ও ১৬।

‡ তাহা মিতাক্ষরা ও দায়ভাগাদি ধৃত পত্নীর অধিকার বিষয়ক ভিন্ন২ ঋষির বচন দৃষ্টে প্রকাশ পাইবে।

§ দত্তক চন্দ্রিকা ও দত্তক মীমাংসাদি দত্তক প্রকরণীয় গ্রন্থে ঔরসাদি দ্বাদশ প্রকার পুত্রের ক্রম ও অধিকারবিষয়ক বচন দৃষ্টে প্রকাশ পাইবে যে তন্মধ্যে অনেকে মনু-বিরুদ্ধ উক্তি করিয়াছেন।

গরীয়সী। অবিরোধে সদাকার্য্যং স্মার্ত্তং বৈদিকবৎসতা” (যাবালী)॥ অস্যার্থ—শ্রুতি ও স্মৃতির মতে অনৈক্য হইলে শ্রুতি-ই মান্য। অনৈক্য না হইলে শিষ্টেরা স্মৃতির মত বেদবৎ মানিবেন॥ “শ্রুত্যা-সহ বিরোধেতু বাধ্যতে বিষয়ং বিনা” (ভবিষ্য পুরাণং)॥ অস্যার্থ—শ্রুতির ও স্মৃতির মতে ঐক্য না হইলে বিষয় বিবেচনা না করিয়াও শ্রুতির মত মানিতে হইবে। ‘শ্রুতি স্মৃতি পুরাণানাং বিরোধো যত্র দৃশ্যতে। তত্র শ্রৌতং প্রমাণন্তু তয়োর্দ্বৈধে স্মৃতির্বরা” (ব্যাস সংহিতা)॥ অস্যার্থ—শ্রুতি স্মৃতি ও পুরাণের মধ্যে যেস্থলে মতের বৈলক্ষণ্য দৃষ্ট হয়, সেস্থলে শ্রুতি-ই প্রামাণ্য। স্মৃতি ও পুরাণে অনৈক্য হইলে স্মৃতি-ই আদরণীয়। “স্মৃত্যোর্বিরোধে ন্যায়স্তু বলবান্ ব্যবহারতঃ। অর্থশাস্ত্রাত্তু বলবদ্ধর্ম্মশাস্ত্র-মিতিস্থিতি” (যাজ্ঞবল্ক্য)॥ অস্যার্থ—দুই স্মৃতি মধ্যে অনৈক্য হইলে তন্মধ্যে যাহা ন্যায় তাহাই বলবৎ, অর্থশাস্ত্রের উপর ধর্ম্মশাস্ত্র প্রবল॥ “সামান্য বিশেষয়োর্ম্মধ্যে বিশেষ বিধির্ব্বলবান্”। অস্যার্থ—কোন বিষয়ে সাধারণ এবং বিশেষ বিধি থাকিলে, সাধারণাপেক্ষা বিশেষ বিধি বলবত্তর। “এ-কত্র দৃষ্ট শাস্ত্রার্থো বাধকংবিনা অন্যত্রাপি তথা কল্পতে”—অর্থাৎ এক স্থানে দৃষ্ট শাস্ত্রার্থ বাধা না থাকিলে স্থানান্তরেও সেই রূপ খাটে*।

পরন্তু সকল নিবন্ধন-গ্রন্থে ধর্ম্মশাস্ত্রের সকল অংশ প্রাপ্য নয়, এবং সকল নিবন্ধন-গ্রন্থ সকল বিষয়েতেও ঐক্যমত নয়।—বিশেষ২ বিষয়ে নিবন্ধাদের সিদ্ধান্ত বিভিন্ন,ও মতবৈলক্ষণ্য হইবায় এক রূপ মত বাচক যে গ্রন্থ কতিপয় তাহাই এক দেশে বিশেষে আদৃত ও প্রচলিত হইয়া প্রদেশভেদে মতভেদ ও মতভেদে প্রদেশভেদ হইল। নিবন্ধন-গ্রন্থসকল পাঁচ প্রকার মত প্রকাশক হওয়াতে মত ভেদানুসারে তাহা পাঁচ শ্রেণিতে শ্রেণিবদ্ধ, এবং তাহার এক২ শ্রেণিভুক্ত গ্রন্থ এক২ দেশে বিশেষে আদৃত হওন জন্য দায় শাস্ত্রীয় মতভেদানুসারে ভারতবর্ষ—বঙ্গ, বারানসী, মিথিলা, মহারাষ্ট্র ও দ্রাবিড়† নামে—পাঁচ প্রদেশে পৃথগ্ভূত। মূল স্মৃতিসমূহ কএক প্রদেশেই অবিশেষে মান্য, পরন্তু প্রত্যেক প্রদেশে বি-শেষ২ নিবন্ধন-গ্রন্থে ব্যবস্থাপিত মত বিশেষে আদৃত ও প্রচলিত‡; এবং কোন প্রদেশীয় নিবন্ধন-গ্রন্থে কোন বচনের যে রূপ অর্থ করা হইয়াছে তদ্দেশে তাহা সেই অর্থে বই অর্থান্তরে অগ্রাহ্য। উক্ত পঞ্চ প্রদেশের মধ্যে দুই প্রদেশ অর্থাৎ বঙ্গ ও কাশী প্রধান;—অন্য প্রদেশত্রয়ের মত অনেক বিষয়ে কা-শীর মতানুমত।

মিতাক্ষরা গ্রন্থ কাশী প্রদেশে প্রচলিত মতের সংস্থাপক, এবং আর২ নিবন্ধন গ্রন্থ হইতে অনেক গুণে প্রামাণ্য,—কাশী প্রদেশ হইতে ভারতবর্ষীয় অন্তরীপের দক্ষিণসীমা পর্য্যন্ত মিতা-ক্ষরা আদৃত, এবং তাহা তৎ সমুদায় দেশের প্রধান নিবন্ধন গ্রন্থ বলিয়া গণ্য এবং মান্য। তত্তদ্দেশে প্রচলিত গ্রন্থচয় সকল বিষয়েই প্রায় মিতাক্ষরার অনুমত, এবং ঐ সকলের অনেক স্থলে মিতাক্ষরার উক্তি প্রমাণ স্বরূপে ধৃত,—কেবল কোন২ স্থলে মিতাক্ষরার অলিখিত অথবা বিরুদ্ধ মত লিখি-ত হইয়াছে, পরন্তু তাহাও প্রৌঢ়ির সহিত মিতাক্ষরা দূষণ বা তন্মত খণ্ডন নিমিত্ত হয় নাই, প্রত্যুত প্রায় তৎ প্রতি সম্মান পুরঃসর স্বমতব্যক্তী করণার্থ হইয়াছে। তাদৃশ মতচয়ের বিশেষ২ মতের ব্যবহার ও তত্তন্মত প্রকাশক গ্রন্থের বিশেষে আদর করাতে বক্রী এক২ প্রদেশ বিশেষ২ বি-ষয়ে কাশী হইতে বিভিন্নমত।—কাশী প্রদেশে পরসুরামাধব, ব্যবহার মাধব, মিত্রমিশ্রকৃত বীরমিত্রো-দয়, বীরেশ্বর ভট্ট ও বালম্ভট্ট প্রণীত মিতাক্ষরাটীকাদ্বয়, এবং কমলাকরের কৃত বিবাদ-তা-ণ্ডব প্রভৃতি মিতাক্ষরার সঙ্গে বিশেষে আদৃত ও ব্যবহৃত। মিথিলাপ্রদেশে সর্ব্বাপেক্ষা মান্য—

---

* অধুনা ব্যবস্থা লিখনের রীতি এই যে স্বদেশে আদৃত নিবন্ধন গ্রন্থের উক্তি দত্ত প্রশ্নের যথাযথ উত্তর হইলে তাহাই অবিকল রূপে তুলা যায়, নতুবা তন্মতানুসারে শব্দান্তরে উত্তর লিখিত ও নিবন্ধনের বাক্য তৎ প্রমাণে ধৃত হয়, এবং উভয় রূপ ব্যবস্থাতেই তৎ পোষক ঋষি বচন থাকিলে তাহা প্রমাণ বলিয়া উদ্ধৃত হয়। অপিচ উপরি উক্ত বচন ও ন্যায় কতিপয়ানুসারে আবশ্যক মতে সমন্বয় ও সিদ্ধান্ত করাও হয়।

† ভারতবর্ষীয় অন্তরীপের সমুদায় দক্ষিণভাগ দ্রাবিড় প্রদেশ কথিত। সর্ উইলিয়ম্ মেক্‌নাটন্ সাহেব দ্রাবিড় প্রদেশকে ‘দেখান স্কূল’ কহেন, এই দেখান শব্দ সংস্কৃত দক্ষিণ হইতে তাদৃশ কুরূপে নীত।

‡ দ্রষ্টব্য—মেক্‌হি. ল. ভূ. পৃ. ২২। কোল্. দা. ভা. ভূ. পৃ ৪। মর্লি. ডা. ভূ. পৃ. ৩২। এস্‌ট্রেঞ্জের হিন্দু ল. পৃ. ৩১৫.ও ৩১৭।

বিবাদরত্নাকর(১), ও বিবাদচিন্তামণি (২)। লক্ষ্মীমা বা লক্ষ্মী দেবীর কৃত বিবাদচন্দ্র (৩) গ্রন্থও তৎ প্রদেশে অত্যাদৃত। উক্ত গ্রন্থত্রয়ের সঙ্গে২ মান্য—হরিনাথোপাধ্যায়ের কৃত স্মৃতিসার ও স্মৃতিসমুচ্চয়, বীরেশ্বর ভট্ট কৃত মদনপারিজাত (৪), এবং কেশব মিশ্রকৃত দ্বৈতপরিশিষ্ট।—দ্রাবিড় প্রদেশে (অর্থাৎ সুবা মাদরাসে) মাধবীয়, স্মৃতিচন্দ্রিকা(৫), ও সরস্বতীবিলাস(৬) বিশেষ রূপে মান্য। মহারাষ্ট্র প্রদেশে (অর্থাৎ বম্বেসুবাতে) ব্যবহার ময়ূখ(৭)অত্যন্ত আদৃত, তদ্ভিন্ন নির্ণয় সিন্ধু, হেমাদ্রি (৮), ব্যবহারকৌস্তুভ, ও পরসুরামাধব বিশেষরূপে চলিত।

শেষোক্ত তিন প্রদেশে প্রচলিত উক্ত গ্রন্থ শ্রেণিত্রয়ে মিতাক্ষরার অলিখিত অথবা অস্বীকৃত বিশেষ২ মত ব্যবস্থাপিত হওয়াতে ও তন্মধ্যে বিশেষ২ মত ঐ প্রদেশত্রয়ের দেশ বিশেষে আদৃত হইবায়—তন্মত ব্যবস্থাপক গ্রন্থ শ্রেণী যদ্যপি তদ্দেশবিশেষে বিশেষ রূপে আদৃত,তথাপি তাহাতে আর সকল বিষয়ে মিতাক্ষরার মত অতি মান্য, এবং ঐ কয়েক প্রদেশে আদর্শরূপে মিতাক্ষরারই প্রাধান্য। উৎকল দেশ যাহা এক্ষণে সুবা বাঙ্গলার অধীন তাহাতেও মিতাক্ষরার প্রাধান্য,—তদনুকম্প রূপে শম্ভোকর বাজপেয়ী আর উদয়কর বাজপেয়ী নামক গ্রন্থ প্রামাণ্য। কেবল বঙ্গ প্রদেশে দায় বিষয়ে(৮)জীমূত বাহনের দায়ভাগ বিশেষে আদৃত হওয়াতেএবং অনেক বিষয়ে ও সন্দিগ্ধ সকল বিষয়েই প্রায় দায়ভাগের মত মিতাক্ষরার বিপরীত হওয়াতে (৯) এতদ্দেশে মিতাক্ষরা তাদৃগ্ আদৃত নহে। উক্ত বিখ্যাত গ্রন্থ (দায়ভাগ) জীমূতবাহন কৃত ধর্ম্মরত্নের একভাগ। তৎকর্ত্তা বঙ্গদেশপ্রচলিত মতের সংস্থাপক বলিয়া অতি মান্য। ইনি এক২ বিষয়ে যে রূপ তর্ক বিতর্ক ও বিবেচনা পূর্ব্বক যথাযোগ্য প্রমাণ প্রদর্শন করতঃ পরমত খণ্ডনে স্বমত সংস্থাপন করিয়াছেন তাহা সাধারণ পাণ্ডিত্যের কর্ম্ম নহে, সামান্য ক্ষমতা ও দক্ষতারও আয়ত্ত নহে। আর২যে২ নিবন্ধারা

(১) 'বিবাদরত্নাকর'—মিথিলাধিপতি হরদেবসিংহের মন্ত্রি চণ্ডেশ্বরের অধ্যক্ষতাতে বিরচিত। ইঁহার অধ্যক্ষতাতে প্রস্তুত ব্যবহার রত্নাকর গ্রন্থও মিথিলায় মহামান্য। চণ্ডেশ্বর নিজেও কতিপয় গ্রন্থ রচিয়াছেন।

(২) এই গ্রন্থ বাচস্পতি মিশ্রের প্রণিত। ব্যবহার চিন্তামণি প্রভৃতি আর অনেক গ্রন্থ-ও তাঁহা কর্ত্তৃক রচিত। এই সকল গ্রন্থ সচরাচর মিশ্রের গ্রন্থ বলিয়া খ্যাত এবং মিথিলাতে মহাদৃত। কোল্‌ব্রুক সাহেব কহেন বাচস্পতি মিশ্র ত্রিহুত জিলার সেমৌল নামক স্থানে বাস করিতেন; ইঁহার জীবনকাল হইতে দশ বা বার পুরুষের অধিক গত হয় নাই। দ্রষ্টব্য কোল্‌ ডা. ভূ. পৃ. ১৫।

(৩) এই সুপণ্ডিতা দেবী নিজ কৃত স্মৃতি ও দর্শন শাস্ত্রীয় তাবদ্গ্রন্থেই ভ্রাতৃপুত্র মিসরু মিশ্রের নাম তত্তদ্গ্রন্থকর্ত্তা বলিয়া ব্যবহার করেন. এবং হরসিংহদেবের পৌত্র চন্দ্র সিংহের নামানুসারে নিজ গ্রন্থ সমূহের নাম দেন। দ্রষ্টব্য ঐ পৃ. ১৫ ও ১৬।

(৪) 'মদনপারিজাত'—বস্তুতঃ বীরেশ্বর ভট্টের কৃত,এবং সম্ভুমার্থে জাট্‌ জাতীয় মদনপাল রাজার নামানুসারে নামিত। এই রাজা কাষ্ঠনগরে অথবা দীগ নামক স্থানে রাজত্ব করিতেন। বোধ হয় ইহাঁর নামেই মদন বিনোদ,—যাহা পঞ্চদশশত সম্বদাব্দে রচিত হয় (দ্রষ্টব্য কোল্‌. ডা. ভূ. পৃ. ১৭। ঐ দা. ভা. ভূ, পৃ. ১১)। সর্‌ উইলিয়ম্‌ মেক্‌নাটন্‌ সাহেব কহেন মদনোপাধ্যায় মদন পারিজাতের কর্ত্তা।

(৫) 'স্মৃতিচন্দ্রিকা' দেবানন্দ ভট্ট কৃত। কোল্‌ব্রুক সাহেব কহেন—'ব্যবহার বিষয়ক উৎকৃষ্ট এই গ্রন্থ অতিশয় মান্য এবং অবগতি হইয়াছে যে তাহা দ্রাবিড় তৈলঙ্গ ও কর্ণাট দেশীয় অন্তরীপ অর্থাৎ ভারতবর্ষের দক্ষিণ প্রদেশ-বাসি হিন্দুদের মধ্যে প্রায় সর্ব্বোপরি প্রামাণ্য। দা. ভা. ভূ. পৃ. ৪।

(৬) এই নিবন্ধন গ্রন্থ অনেক বিষয়াত্মক,- ইহা কাকত্যবংশীয় প্রতাপরুদ্র দেব মহারাজকর্ত্তৃক বিরচিত হওয়া কথিত হইয়াছে। এই রাজবংশ কৃষ্ণানদীর উত্তরপারে স্থাপিত হয়েন, অনন্তর বিজয় দ্বারা তৎ শাসনস্থান বিশাল হইয়া তাহা দক্ষিণ দেশের দ্বিতীয় মহারাজ্য হইল। এই দ্বিতীয় রাজ্যের অন্তর্গত—হয়দরাবাদ, উত্র সরকার, এবং যে দেশে তৈলঙ্গ ভাষা উক্ত তৎসমুদায়। এবং উপরি উক্ত গ্রন্থ (যাহা উক্ত রাজার আদেশানুসারেই লিখিত হইয়া থাকিবে.) তদ্‌রাজ্যে প্রধান স্মৃতি নিবন্ধন রূপে প্রচলিত হইল। দ্রষ্টব্য এস্‌ট্রেঞ্জের হিন্দু. ল. ভূ. পৃ. ১৬ ও ১৭।

(৭) 'ব্যবহারময়ূখ'—নীলকণ্ঠ কৃত দ্বাদশ গ্রন্থের বা গ্রন্থখণ্ডের ষষ্ঠ ভাগ। ঐ দ্বাদশ গ্রন্থই বিশেষ নাম পূর্ব্বক ময়ূখাখ্যাত। এবং তৎ সমুদয় সমষ্টিরূপে ভগবদ্ভাস্কর নামে নামিত। ব্যবহার ভিন্ন অন্য একাদশ ময়ূখ আচার ও প্রায়শ্চিত্তাদি বিষয়ক।

(৮) 'হেমাদ্রি'—হেমাদ্রিভট্ট কাশীকরের বিরচিত। এই গ্রন্থ অনেক নিবন্ধন গ্রন্থ হইতে প্রাচীন, অনেক বিষয়বিষয়ক অনেক গ্রন্থে উল্লিখিত এবং অনেক দেশে আদৃত।

(৯) স্মৃতি শাস্ত্রের এই অংশেই প্রায় অনেক মতবৈপরীত্য ও বৈলক্ষণ্য দ্রষ্টব্য।

এতদ্দেশে প্রচলিত দায়বিষয়ক স্মৃতিনিবন্ধন রচিয়াছেন তাঁহারা সকলেই জীমূতবাহনের* অনুগামি হইয়াছেন, সকলেই স্বমতের প্রামাণিকতা ও পোষকতা নিমিত্ত তাঁহার মত স্মরণ করিয়াছেন, এবং অনেকে তাঁহার বাক্য অবিকল রূপে তুলিয়াছেন। দায়ভাগের সঙ্গে বঙ্গদেশে বিশেষে মান্য—দায়তত্ত্ব ও ব্যবহার তত্ত্ব†, শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারকৃত সুবোধিনী নাম্নী দায়ভাগটীকা, ও দায়ক্রমসংগ্রহ। দায়তত্ত্ব রঘুনন্দনের স্মৃতিতত্ত্বের একভাগ, যাহা দায়বিষয়ক। এই গ্রন্থ আকারে ক্ষুদ্র হইয়াও অধিক উপকারি, তাহা প্রায় সর্ব্ব বিষয়ে জীমূত-বাহনের মতানুমত, এবং তদপেক্ষা সংক্ষিপ্ত বাক্যে প্রকাশিত, কেবল কোন২ বিষয়ে রঘুনন্দন দায়ভাগ হইতে ভিন্ন মত প্রকাশ করিয়াছেন। এবং কোন২ স্থলে দায়ভাগের ত্রুটি পূরণ করিয়াছেন। দায়ক্রমসংগ্রহ শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের মূল গ্রন্থ, এই গ্রন্থ দায়বিষয়ক শাস্ত্রের সুসংগ্রহ, এবং ইহার মত সকলই প্রায় ঐ গ্রন্থকর্ত্তার দায়ভাগ-টীকার মতানুমত‡।

রামনাথ বিদ্যাবাচস্পতির কৃত দায়রহস্য বা স্মৃতি রত্নাবলি বাঙ্গলার কোন২ জিলায় অধিক প্রামাণ্য হইয়াছিল। কিন্তু কোন২ গুরুতর বিষয়ে তাঁহার মত জীমূতবাহন ও রঘুনন্দনের মত হইতে ভিন্ন, এবং এতাবতা কোন২ আবশ্যক বিষয়ে তাঁহাদের ব্যবস্থাপিত মতের প্রতি সন্দেহ জনক হওয়াতে ঐ গ্রন্থ দায়ভাগাদির বিরুদ্ধে চলেনা। শ্রীকর ভট্টাচার্য্যের দায়নির্ণয়াদি বঙ্গদেশে ব্যবহার্য্য আর যে দুই এক খানি দায়গ্রন্থ আছে, তাহা দায়ভাগ ও দায়তত্ত্বানুরূপে লিখিত ও সকল বিষয়েই প্রায় তত্তন্মতানুমত।

---

* কথিত আছে যে জীমূতবাহন শালিবাহন রাজার রাজ্যে অভিষিক্ত ও তৎসিংহাসনে উপবিষ্ট হইয়া রাজত্ব করিয়াছিলেন, বোধ হয় তিনি-ই সেই জীমূতকেতু যিনি সিলর রাজবংশ সম্ভূত ও টগর নামক স্থানে বিরাজমান ছিলেন। সাল্‌সেট নামক স্থানে প্রাপ্ত প্রাচীন অথচ প্রামাণ্য খোদিতলিপিতে তাঁহার নামাঙ্কিত আছে (দ্রষ্টব্য এসিয়াটিক্‌ রিসর্চের ১ বালামের ৩৫৭।৩৫৮ পৃষ্ঠা)। এমত অনুমান হওয়া কারণাধীন বটে যে দায়ভাগ গ্রন্থ উক্ত রাজার সাহায্যে ও আদেশে বিরচিত হইয়া তাহাতে তাঁহার নাম গ্রন্থকর্ত্তৃরূপে ব্যবহৃত হইয়াছে, কেননা ধর্ম্মরত্ন রচিতে যত বিদ্যার ও সময়ের আবশ্যক ও যত পরিশ্রম হইয়া থাকা সম্ভব তত বিদ্যা উপার্জন ও তত সময় ব্যয় ও তত পরিশ্রম স্বীকার রাজ্য লইয়া ব্যস্ত রাজার সাধ্য হওয়া বিবেচনাসিদ্ধ হয় না। পরন্তু গৌড়ীয় পণ্ডিতদিগের অনুভব তেমত নহে, তাহারা জীমূতবাহনকে দায়ভাগের প্রকৃত কর্ত্তা বলিয়াই মানেন।

† রঘুনন্দন নবদ্বীপবাসী ছিলেন,—ইনি সচরাচর স্মার্ত্ত ভট্টাচার্য্য বলিয়া খ্যাত, ইহাঁর স্মৃতিতত্ত্বের আচার ও প্রায়শ্চিত্তকাণ্ড গৌড়ে অত্যন্ত প্রামাণ্য, ইহাঁর মতেই প্রায় সকল ধর্ম্ম কর্ম্ম সম্পন্ন হয়, ইহাঁর স্মৃতি গৌড়ীয় নব্য স্মার্ত্তের সর্ব্বপ্রধান, ইনি তাঁহাদের মনু বলিলে হয়, যাজ্ঞবল্ক্য বলিলেও হয়, যাহা বল তাহাই অসঙ্গত নয়। স্মৃতিতত্ত্ব সম্প্রতি অষ্টাবিংশতি তত্ত্বাত্মক, তন্মধ্যে চতুর্ব্বিংশতি আচার ও প্রায়শ্চিত্ত বিষয়ক, বক্রী তিনখানি অর্থাৎ দায়তত্ত্ব ব্যবহারতত্ত্ব ও দিব্যতত্ত্ব অষ্টাদশ প্রকার ব্যবহারের মধ্যে কএক রূপ ব্যবহার বিষয়ক। সর্‌ উইলিয়ম্‌ জোন্‌স্‌ সাহেব কহেন—" রঘুনন্দনের স্মৃতি নিবন্ধন গুণে ও পারিপাট্যে রোমীয় জস্‌টিনিয়নের সংগ্রহের অনুকল্প "। খ্রিষ্টীয় পনের শত ও ষোল শত সালের মধ্যে রঘুনন্দনের জীবনকাল, কেননা তিনি বাসুদেব সার্ব্বভৌমের ছাত্র ছিলেন এবং আর তিন জন প্রসিদ্ধ ছাত্রের সহিত এক সময়ে পাঠ করিয়াছিলেন,—অর্থাৎ শিরোমণি, কৃষ্ণানন্দ ও চৈতন্যদেব তাহার সমকালীন ছিলেন। ভক্তেরা চৈতন্য দেবের জন্ম দিবস স্মরণ, তৎ কোষ্ঠি যত্নে সংরক্ষণ করাতে তদ্দ্বারা সপ্রমাণ যে ১৪১১ শকাব্দে অর্থাৎ বাঙ্গলা ৮৯১ সালে বা খ্রিষ্টীয় ১৪৮৯ সালে চৈতন্যদেবের জন্ম,—অতএব রঘুনন্দন তৎসমকালীন হওয়াতে তিনি অবশ্যই খ্রিষ্টীয় ষোল শত সালের প্রথমে শোভা পাইয়া থাকিবেন। কোল. দা. ভা. ভূ. পৃ. ১২।

‡ উক্ত গ্রন্থ চতুষ্টয়ে সর্‌ উইলিয়ম্‌ মেকনাটন্‌ সাহেব তিনখানি নব্য গ্রন্থ যোগ করিয়াছেন—অর্থাৎ ব্যবস্থার্ণব, বিবাদার্ণবসেতু, ও বিবাদভঙ্গার্ণব। তন্মধ্যে ব্যবস্থার্ণব অনুবাদিত ও পণ্ডিতগণকর্ত্তৃক ব্যবহৃত হওয়া দৃষ্ট হয় না। বিবাদার্ণবসেতু হলহেড্‌ সাহেব কর্ত্তৃক অনুবাদিত হয় বটে, কিন্তু সর্‌ উইলিয়ম্‌ জোন্‌স্‌ সাহেব কর্ত্তৃক ঐ গ্রন্থ দূষিত হইয়াছে তদনুবাদ ও উক্ত প্রাড্‌বিবাক কর্ত্তৃক অপ্রামাণিক বলিয়া অগ্রাহ্য হইয়াছে। বিবাদভঙ্গার্ণব অনেক বিষয় বিষয়ক নিবন্ধন গ্রন্থ, তদনুবাদ কোলব্রুকের ডাইজেষ্ট বলিয়া খ্যাত। এই গ্রন্থে প্রায় তাবৎ ঋষির বচন এবং নানা প্রদেশীয় নিবন্ধন গ্রন্থের মত ধৃত ও বাক্য ব্যাখ্যাত হওয়াতে ইহা শুদ্ধ বঙ্গদেশে প্রচলিত নহে, কিন্তু তাবৎ প্রদেশেও চলনীয় এবং চলিতও বটে।—যথা সর্‌ টামস্‌ এস্‌ট্রেঞ্জ্‌ সাহেব ও কোল্‌ব্রুক্‌ সাহেব প্রভৃতি কর্ত্তৃক উক্ত গ্রন্থ কথিত রূপে ব্যবহৃত হওয়া দৃষ্ট হইতেছে, এবং নানা প্রদেশীয় পণ্ডিতেরাও স্ব২ দেশীয় ব্যবস্থার প্রমাণে বিবাদভঙ্গার্ণবের মত তুলিয়াছেন। তাহা—এস্‌ট্রেঞ্জ্‌ সাহেবের গ্রন্থের দ্বিতীয় বালাম্‌ এবং উক্ত মেকনাটন্‌ সাহেবের গ্রন্থেরও ঐ বালাম দৃষ্টে প্রকাশ পাইবে।

দায়ভাগের কতিপয় টীকা আছে,—তন্মধ্যে শ্রীনাথ আচার্য্য চূড়ামণির টীকা প্রাচীনতমা, ইহার অনেক ব্যাখ্যা শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারকর্ত্তৃক ধৃত হইয়া সংশোধিত বা খণ্ডিত হইলেও ইহা দায়ভাগের উত্তম ব্যাখ্যা বলিয়া সকলের স্বীকৃতা ও সম্মানিতা, এবং শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের টীকার প্রাকট্যের ও প্রাবল্যের পূর্ব্বে ইহা অতি প্রামাণিক রূপে ব্যবস্থাদির প্রমাণে ধৃতা ও ব্যবহৃতা হইত,—এক্ষণেও ইহা প্রমাণ বলিয়া ব্যবহৃতা হয়, কেবল ইহার যেং অংশ শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের মতের বিরুদ্ধ সেইং ভাগ প্রমাণ বলিয়া চলে না। অনন্তর অচ্যুত চক্রবর্ত্তী এক টীকা লিখেন (ইনি শ্রাদ্ধবিবেকের টীকাও লিখিয়াছেন)। অচ্যুত নিজ টীকার অনেক স্থলে চূড়ামণির উল্লেখ করিয়াছেন এবং নিজেও চূড়ামণির সহিত মহেশ্বরের টীকাতে উল্লিখিত হইয়াছেন। আমাদের বিবেচনা করিলে এই টীকায় জীমূতবাহনের বাক্য সকল উত্তম রূপে ব্যাখ্যাত। মহেশ্বরের টীকা চূড়ামণি ও অচ্যুতের টীকার পর এবং শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের টীকার কিছু পূর্ব্বে, অথবা প্রায় তৎ সমকালীন। দায়ভাগ ব্যাখ্যাতে ও তদ্ভাবার্থবর্ণনে মহেশ্বর ও শ্রীকৃষ্ণ ঐকামত নহেন, কিন্তু তন্মধ্যে কেহ কাহারো টীকা দেখিয়াছেন এমত বোধ হয় না। শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের যে টীকা সে দায়ভাগের সকল টীকার উপর টীকা, তাহা অত্যন্ত আদৃত ও বিখ্যাত, এই টীকাকর্ত্তা সূক্ষ্মদর্শী নৈয়ায়িক ছিলেন, অত্যন্ত দক্ষতাপূর্ব্বক গ্রন্থের ভাব ব্যাখ্যা ও গ্রন্থকর্ত্তার বিচারের উপর বিচার করিয়াছেন। সর্ব্বত্রই প্রায় গ্রন্থকর্ত্তার মত স্থাপিত করিয়াগিয়াছেন কেবল কোন কোন বিষয়ে মতান্তর বা সংশোধন করিয়াছেন। এই টীকা দেশময় মান্য। ইহার প্রকাশে দায়ভাগের আরং টীকার ব্যবহার প্রায় নাই, এবং ইহা জীমূতবাহন ও রঘুনন্দনের দায়গ্রন্থের পরেই প্রামাণ্য। এতদ্ভিন্ন আর যে কয়েকখানি দায়ভাগটীকা তন্মধ্যে একখানি রঘুনন্দনের বলিয়া নামিত; কিন্তু এই রঘুনন্দন সেই মহামহোপাধ্যায় স্মৃতিতত্ত্বকর্ত্তা স্মার্ত্ত ভট্টাচার্য্য না হইবেন, কেননা তাদৃশ অকর্ম্মণ্য টীকা লিখা তাঁহার লেখনীর কর্ম্ম হওয়া সম্ভব্য নহে, তবে যদি পাঠদশায় লিখিয়া থাকেন তাহা বলা যায় না। দায়রহস্যকর্ত্তা রামনাথ বিদ্যাবাচস্পতিও এক খানি দায়ভাগটীকা লিখিয়াছেন।

কাশীরামকর্ত্তৃক দায়তত্ত্বের এক টীকা লিখিতা হইয়াছে, এই টীকা ভাবার্থে শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের কৃত দায়ভাগটীকার সহিত প্রায় মিলে, এবং দায়তত্ত্বার্থের সুবোধিনী বটে।

বর্ণিত গ্রন্থশ্রেণি পঞ্চকের একং শ্রেণিস্থ গ্রন্থ একং দেশে আদৃত ও ব্যবহৃত* হইলেও এমত বিবেচ্য ও বাচ্য নহে যে তন্মধ্যে এক গ্রন্থশ্রেণি কেবল এক প্রদেশে মাত্র ব্যবহার্য্য, ও কখনো দেশান্তরে চলে না। যদিও প্রত্যেক প্রদেশের মনোনীত গ্রন্থশ্রেণি তথায় অন্যাপেক্ষা মান্য বটে, তথাপি তথায় সাধারণ বা অবিরুদ্ধ বিষয়ে অন্য প্রদেশীয় নিবন্ধন গ্রন্থের মতও মান্য, তবে তাহা দেশীয় গ্রন্থাপেক্ষা

* মর্লি সাহেব নিজ ভূমিকার শেষ ভাগে দ্রাবিড় প্রদেশকে —দ্রাবিড়, কর্ণাটক, অন্ধ্র—এই তিন ভাগে বিভক্ত করিয়াছেন, এবং দায়শাস্ত্রের মত-বিভিন্নতানুসারে বিভিন্নীভূত প্রত্যেক প্রদেশে যেং গ্রন্থ বিশেষে আদৃত ও ব্যবহৃত তাহার-ও নির্দ্দেশ লিখিয়াছেন, তদ্যথা—

১ গৌড়ীয় অর্থাৎ বঙ্গ প্রদেশে —সর্ব্বত্র (তাহার) দায়ভাগ, শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার ও শ্রীনাথ আচার্য্য চূড়ামণি কৃত দায়ভাগটীকা, স্মৃতিতত্ত্ব (তাহার) দায়তত্ত্ব, বিবাদার্ণবসেতু, বিবাদসারার্ণব, বিবাদভঙ্গার্ণব।

২ মিথিলা প্রদেশে মিতাক্ষরা, বিবাদরত্নাকর, বিবাদচিন্তামণি, ব্যবহারচিন্তামণি, দ্বৈতপরিশিষ্ট, বিবাদচন্দ্র, স্মৃতিসার সমুচ্চয়, ও মদনপারিজাত।

৩ কাশীপ্রদেশে মিতাক্ষরা, বীরমিত্রোদয়, মাধবীয়, বিবাদতাণ্ডব, নির্ণয়সিন্ধু।

৪ মহারাষ্ট্র প্রদেশে —মিতাক্ষরা, ময়ূখ, নির্ণয়সিন্ধু, হেমাদ্রি, স্মৃতিকৌস্তুভ, ও মাধবীয়।

৫ দ্রাবিড় প্রদেশের—

(অ) দ্রাবিড় ভাগে —মিতাক্ষরা, মাধবীয়, সরস্বতীবিলাস ও বরদারাজ্য।

(ই) কর্ণাটক ভাগে — মিতাক্ষরা, মাধবীয়, ও সরস্বতীবিলাস।

(উ) অন্ধ্র ভাগে —মিতাক্ষরা, মাধবীয়, স্মৃতিচন্দ্রিকা ও সরস্বতীবিলাস।

এস্থলে দ্রষ্টব্য এই যে উপরি উক্ত গ্রন্থশ্রেণি পঞ্চকের একং শ্রেণিতে উক্ত সাহেব আর দুই একখানি গ্রন্থ যোগ করিয়াছেন,—কিন্তু এই অতিরিক্ত কতিপয় মধ্যে নির্ণয়সিন্ধু ভিন্ন অন্য গ্রন্থ তাদৃশ বিশেষ রূপে ভিন্ন প্রদেশে পণ্ডিত-

ঘ্যানকল্প গণ্য,—এই বিশেষ। অপিচ কোন দেশের আদৃত গ্রন্থে কোনবিষয়ক ব্যবস্থা না থাকিলে অন্য দেশীয় গ্রন্থস্থ তদ্বিষয়ক ব্যবস্থা স্বদেশীয় গ্রন্থোক্তির ন্যায় মান্য*।

দত্তক বিষয়ক গ্রন্থ কতিপয় মধ্যে বৈজয়ন্তী ও প্রতীতাক্ষরার প্রণেতা নন্দ পণ্ডিতের কৃত দত্তক মীমাংসা এবং স্মৃতিচন্দ্রিকার প্রণেতা দেবানন্দ ভট্ট (বা কুবের) কৃত দত্তকচন্দ্রিকা সর্ব্বাপেক্ষা মান্য। ঐ গ্রন্থদ্বয় ভারতবর্ষের সর্ব্বপ্রদেশে প্রায় তুল্য রূপে প্রামাণ্য। দত্তক বিষয়ক শাস্ত্রে তাদৃক্ মত-ভেদ নাই;—তথাপি জ্ঞাতব্য এই যে যেস্থলে দত্তক মীমাংসার ও দত্তকচন্দ্রিকার মতে অনৈক্য সে স্থলে দত্তকচন্দ্রিকার মত বাঙ্গলা ও দক্ষিণ প্রদেশে বিশেষে আদৃত, ও দত্তকমীমাংসার মত মিথিলা ও কাশী অঞ্চলে মুখ্যরূপে ব্যবহৃত। এতদ্ভিন্ন বিদ্যারণ্যস্বামিকৃত দত্তকমীমাংসা, গঙ্গদেববাজপেয়িপ্রণীত দত্তকচন্দ্রিকা, ব্যাসাচার্য্যের দত্তকদীপক, নাগজী ভট্টের দত্তককৌস্তুভ, এবং কৃষ্ণমিশ্রের দত্তকভাষাণ দত্তকবিষয়ক সাধারণ গ্রন্থ বটে, পরন্তু প্রচলিত নয়,—তদনুসারে ব্যবস্থা দত্ত হওয়া প্রায় দৃষ্ট হয় না। শ্রীনাথ ভট্ট কৃত দত্তনির্ণয় নামক আর একখানি দত্তক গ্রন্থ আছে, বেল্লাকিয়র সাহেবকর্ত্তৃক ঐ গ্রন্থ অনুবাদিত হয়, কিন্তু সে গ্রন্থ প্রচলিত ও সে অনুবাদ মুদ্রিত ও প্রকটিত হয় নাই (দ্রষ্টব্য—কন্ হি.ল. ভূ. পৃ. ১৩)।

গবর্ণমেণ্টের সংস্কৃত বিদ্যালয়ের স্মৃত্যধ্যাপক পণ্ডিতবর ভরতচন্দ্র শিরোমণিকর্ত্তৃক দত্তকমীমাংসার ও দত্তকচন্দ্রিকার এক উত্তম টীকা লিখিতা এবং সম্প্রতি মুদ্রাঙ্কিতা হইয়াছে।

উল্লিখিত গ্রন্থ সমূহাতিরেকে আরো অনেক নিবন্ধন ও টীকা গ্রন্থ থাকা জানা যাইতেছে, যথা—মিথিলায় বিখ্যাত শ্রীকরাচার্য্যের দায়শাস্ত্রীয় গ্রন্থ ও তৎ সুত শ্রীনাথাচার্য্যের আচার্য্যচন্দ্রিকা। ভবদেব ভট্টের অথবা বলবলভিভুজঙ্গের ব্যবহারকলাদি। হলায়ুধের‡ কৃত ব্রাহ্মণসর্ব্বস্ব, ন্যায়সর্ব্বস্ব ও পণ্ডিতসর্ব্বস্ব প্রভৃতি; দর্শনবিষারদ উদয়নাচার্য্যের কৃত গ্রন্থ সকল; লক্ষ্মীধরকৃত কল্পতরু; নরসিংহ কৃত গোবিন্দার্ণব; সবাঙ্গীর আদেশে বিচরিত পরসুরামপ্রতাপ; নাগজীভট্টকৃত ব্যবহারস্বীকার; মদনসিংহকৃত মদনরত্ন;

গণ কর্ত্তৃক আদৃত ও ব্যবহৃত হওয়া দৃষ্ট হয় না. এবং কোলব্রুক্ ও মেক্নটেন সাহেব কর্ত্তৃক তদ্রূপে উল্লিখিত হয় নাই। নির্ণয়সিন্ধু কমলাকর ভট্ট কাশীকর কৃত. এই গ্রন্থ ২৪৩ বৎসর পুর্ব্বে লিখিত হয়. ইহা প্রধানতঃ আচার ও প্রায়শ্চিত্ত বিষয়ক. ইহাতে স্থলে২ ব্যবহার বিষয়ক কথাও আছে; ইহা মহারাষ্ট্র দেশে বিশেষে প্রচলিত কাশীপ্রদেশেও মহাদৃত।

* যথা এস্ট্রেঞ্জ সাহেবের লিখিত দায়শাস্ত্রীয় গ্রন্থ প্রধানতঃ দক্ষিণ দেশের নিমিত্ত হইলেও তাহাতে সাধারণ বিষয়ে, অথবা তদ্দেশীয় গ্রন্থে অলিখিত (অথচ অনিষিদ্ধ) বিষয়ে বঙ্গদেশীয় প্রধান২ গ্রন্থের প্রমাণ ধৃত ও দর্শিত হইয়াছে. —এতদ্দ্বয়ের প্রথম কল্পে বঙ্গদেশীয় গ্রন্থপ্রমাণ উক্ত দেশীয় গ্রন্থকল্প রূপে অর্থাৎ তৎ পোষক রূপে মান্য। দ্বিতীয় কল্পে বঙ্গদেশীয় গ্রন্থপ্রমাণ নির্ব্বিবাদে তদ্দেশীয় প্রমাণের তুল্য রূপ মান্য,—যেহেতু তাহাতে যেং বিষয়ক বিধানের অভাব ছিল ইহা তদ্বিধানের বিধায়ক হওয়াতে সেইং অভাব পুরণপূর্ব্বক তত্তদ্দেশীয় কার্য্য সাধক হইল। অপিচ সর্ উইলিয়ম্ মেক্নাটন্ সাহেবের পুস্তকের দ্বিতীয় বালাম দৃষ্টে প্রকাশ পাইবে, যে কোন বিশেষ দেশীয় মকদ্দমাতে কৃত প্রশ্নের উত্তরে পণ্ডিতেরা সাধারণ বা অবিরুদ্ধ বিষয়ে অভেদে যে কোন প্রদেশীয় গ্রন্থের পংক্তি প্রমাণ বলিয়া ধরিয়া দিয়াছেন। এবং কোন দেশীয় অভিযোগে প্রস্তাবিত প্রশ্নের উত্তর বা তদুত্তরের প্রমাণ তদ্দেশীয় গ্রন্থে না থাকিলে ভিন্ন দেশীয় গ্রন্থের প্রমাণ প্রদর্শন করিয়াছেন।

† সদরল্যাণ্ড্ সাহেব দত্তক মীমাংসার উপর নিজ লিখিত বিবেচনার শেষভাগে কহিয়াছেন, সকল বিষয় ধরিলে অভিধেয় প্রতি বিশেষ মনোযোগ ও ক্ষমতা প্রকাশ পূর্ব্বক এই গ্রন্থ রচিত বটে এবং ইহার যে রূপ প্রতিষ্ঠা বোধ হয় ইহাও তদুপযুক্ত।

দত্তক চন্দ্রিকা সংক্ষেপে লিখিত ক্ষুদ্র গ্রন্থ বটে, কিন্তু ইহা দত্তক বিষয়ের প্রায় তাবদ্বিধান বিধায়ক। কথিত আছে যে ইহা নন্দপণ্ডিতের ঐ পরিশ্রমসম্পন্ন গ্রন্থের মূল। বঙ্গদেশে এক প্রবাদ আছে যে দত্তকচন্দ্রিকা নবদ্বীপাধিপতির গুরু রঘুমণি বিদ্যাভূষণকর্ত্তৃক বিরচিত হইয়া আরোপিত রূপে তাহাতে দেবানন্দ ভট্টের নাম ব্যবহৃত হয়। এই রূপ প্রবাদের এক কারণ এই যে উক্ত গ্রন্থের শেষ শ্লোকের প্রথম ও তৃতীয় চরণের আদ্য এবং দ্বিতীয় ও চতুর্থ চরণের শেষ বর্ণ আনুপূর্ব্বিক ক্রমে মিলাইলে 'রঘুমণি' হয়, যথা "রম্যোযাচন্দ্রিকা দত্ত পক্ষতের্দ্দর্শিকা লঘু। মনোরমাসন্নিবেশৈরঞ্জিণাং ধর্ম্মতারণিঃ"।

‡ হলায়ুধ বিখ্যাত রাজা লক্ষ্মণসেনের গুরু এবং অভিধানকর্ত্তা ধনঞ্জয়ের পুত্র ছিলেন। ইঁহার ভ্রাতারা প্রায়শ্চিত্ত বিষয়ক গ্রন্থ লিখিয়াছেন (কোল্ ডা. ভূ. পৃ. ১৭)। হলায়ুধ আদিস্থুর রাজার আনীত পঞ্চব্রাহ্মণের মধ্যে ভট্ট নারায়ণের সন্তান, তদুভয়ের মধ্যে ১৪ পুরুষ ব্যবহিত মাত্র। এই ভট্টনারায়ণ বেণীসংহার নাটককর্ত্তা। দ্রষ্টব্য বাবুপ্রসন্নকুমার ঠাকুরের বেণীসংহার ভূমিকা।

গাগা ভট্ট কাশীকরকৃত দ্যোত; বিশ্বরূপ রামক গোগ ভট্ট কাশীকর কৃত দিনকর-উদ্যোত, ও পৃথ্বীচন্দ্রদ। এতন্মধ্যে অনেক গ্রন্থ অধুনা প্রচলিত নহে, কিন্তু প্রচলিত নিবন্ধন ও টীকাচয়ের মধ্যে অনেক গ্রন্থে তত্তন্মতাদি ধৃত বা উল্লিখিত আছে। জীতেন্দ্রিয়ের মত দায়ভাগ ও মিতাক্ষরার স্থলে২ উল্লিখিত হইয়াছে। এতদ্ভিন্ন গৈচন্দ্র, গ্রহেশ্বর, ধারেশ্বর*। বলরূপ, হরিহর, মুরারিমিশ্র প্রভৃতির গ্রন্থের মত ও বাক্য বিবাদভঙ্গার্ণবাদির স্থলে২ উল্লিখিত হওয়া দৃষ্ট হয়।

ভারতবর্ষ ইংরাজ রাজ্যের শাসনাধীন হওন অবধি সংস্কৃতে তিনখানি নিবন্ধন গ্রন্থ প্রস্তুত হইয়াছে, তাহার প্রথম বিবাদার্ণবসেতু†, যাহা ওয়ারিন্ হেষ্টিংস্ সাহেবের অনুজ্ঞাক্রমে বিরচিত। ১৭৭৩ সালের ১৮ মার্চ তারিখে অর্থাৎ বাঙ্গলায় সদরদেওয়ানী আদালত সংস্থাপনকালে উক্ত গ্রন্থ রচনার প্রস্তাবনা হয়। তৎপর বৎসরের হল্‌হেড্ সাহেব ঐ গ্রন্থের অনুবাদ প্রকাশ করেন, এই অনুবাদের নাম—"এ কোড্ অব্ জেন্তু ল"। সর্ উইলিয়ম্ জোন্‌স্ সাহেব হিন্দুর ধর্ম্মশাস্ত্র সংরক্ষণ ও ব্যবহারে ব্যবহার করণ নিমিত্ত এক খান উত্তম নিবন্ধনগ্রন্থ সংগ্রহার্থ ভারতবর্ষের প্রধান গবর্ণমেণ্টে্ বা রাজসভায় যে লিখন লিখেন তাহাতে নিজ দর্শিত কারণে‡ উক্ত গ্রন্থকে অনুপযোগি কহেন, ও তদনুবাদকে অপ্রামাণ্য বলিয়া এককালে অগ্রাহ্য করেন। ঐ চিঠিতে তিনি যে প্রকার মত প্রকাশ করিয়াছেন তাহা তন্মহাত্মা বিচারকর্ত্তার উপযুক্ত মতই বটে। তল্লিখনের চুম্বক যথা—"বাদি প্রতিবাদিগণ যে ধর্ম্মশাস্ত্রকে চিরকাল আপনাদের ব্যবহারিক ও বৈষয়িক বিধান জ্ঞানে মান্য করিয়া আসিতেছে তদনুসারে তাহাদের অভিযোগ নিষ্পত্তি করিলে তাহাদের প্রতি যেমত ন্যায় করা হয় তেমত আর কিছুতে হয় না, এবং গ্রেট্ ব্রিটনীয় রাজশাসনাধীন হিন্দু ও মুসল্‌মান প্রজাদিগকে আইনে বিধান করণদ্বারা এমত অভয়দিলে সর্ব্বাপেক্ষা বিজ্ঞতার কার্য্য করা হইবে—যে তাহারা যে ধর্ম্মশাস্ত্রকে পবিত্র জ্ঞান করে ও যাহার অতিক্রমকে অত্যন্ত দৌরাত্ম্য বোধ করে তদতিক্রমে আইনজারি হইবে না,—যে আইন তাহারা জানে না, এবং যাহার ব্যবহারকে তাহারা বলপ্রয়োগ ও দুঃসহ বোধ করে§। এতদ্দেশীয় অর্থি প্রত্যর্থির প্রতি বিচারের এই রূপ নিয়মই কর্ত্তব্য দৃষ্ট

* কথিত হইয়াছে যে রাজা ভোজই ধারেশ্বর। দ্রষ্টব্য—কোল্ দা. ভা. ভূ. পৃ. ১১।

† এই গ্রন্থ কতিপয় পণ্ডিত কর্ত্তৃক সংগৃহীত হয়, তন্মধ্যে বিবাদভঙ্গার্ণবকর্ত্তা জগন্নাথ তর্কপঞ্চাননও একজন ছিলেন।

‡ উক্ত বিজ্ঞবর বিচারপতি বিবাদার্ণবসেতু প্রতি ইঙ্গিত পূর্ব্বক কহিয়াছেন যথা—"এতদ্দ্বারা কঠিনতা সহজ হইল না. আবশ্যকতা গেল না. এবং ধর্ম্মশাস্ত্র বিষয়ক এক বাহুল্যতর গ্রন্থ বিশেষতঃ তদীয় ব্যবহার বিষয়ক গ্রন্থ প্রস্তুতির অনাবশ্যকতাও হইল না। শেষোক্ত গ্রন্থ অর্থাৎ বিবাদার্ণবসেতুতে জস্‌টিনিয়নের সংগৃহীত রোমীয় ব্যবহারশাস্ত্র নিবন্ধন গ্রন্থের ন্যায় নানা প্রামাণিক গ্রন্থকর্ত্তাদের নামোল্লেখপূর্ব্বক তত্তদ্বচন বা পংক্তি ধৃত হইয়াছে. এবং ব্যাখ্যার আবশ্যকতা স্থলে প্রামাণিক টীকানুসারে ব্যাখ্যা করাও হইয়াছে বটে, কিন্তু ঐ গ্রন্থে আবশ্যকাপেক্ষা অনাবশ্যক বিষয় বাহুল্যরূপে লিখিত হইয়াছে, এবং যদ্যপি দায়াধিকারাধ্যায় যথোচিত বিস্তৃত রূপে লিখিত, তথাপি আর২ ব্যবহার বিষয় সঙ্ক্ষিপ্ত ও অপ্রগাঢ় রূপে বিবেচিত ও লিখিত হইয়াছে। পরন্তু মূল গ্রন্থ যেমত হউক, তাহার অনুবাদ কোন মতে প্রামাণিক নহে; প্রকৃত প্রস্তাবে তাহা অনুবাদই বলা যাইতে পারে না, কেননা যদিও হল্‌হেড্ সাহেব নিজ কর্ত্তব্যতা যথোচিত রূপে সম্পন্ন করিয়া থাকেন, তথাপি যে ব্যক্তি তাঁহাকে সংস্কৃত হইতে পারসিতে অনুবাদ করিয়া দিয়াছে, সে অনেক অশাস্ত্রীয় এবং অসংলগ্ন কথা তাহাতে পুরিয়া দিয়াছে।।—কোল্‌ব্রুক্ সাহেব সর্ উইলিয়ম্ জোন্‌স্ সাহেবের উক্ত বিবেচনা ডাইজেষ্টের ভূমিকাতে তুলিয়া তৎসম্বন্ধে কোন মত নিজ লিখিত গ্রন্থে অথবা বিবেচনাদিতে প্রকাশ না করাতে বোধ হয় তাঁহার মত-ও ঐরূপ।

§ নিজকৃত মনুসংহিতানুবাদের ভূমিকার শেষে উক্ত মহাত্মা আরো লিখিয়াছেন যে—'মনুর প্রতি ও মানবধর্ম্মশাস্ত্রের প্রতি ইউরোপীয়দের যেমত বিবেচনা কেন হউক না কিন্তু ইহা স্মরণ রাখিতে হইবে যে, যেসকল জাতীয়েরা ইউরোপীয়দের রাজ্যকার্য্যের ও সামুদ্রিক বাণিজ্যের অত্যন্ত উপযোগি, বিশেষতঃ বিবিধ হিন্দু জাতীয় লক্ষ২ প্রজাসমূহ যাহাদের পরিশ্রমে ব্রিটন্‌দেশের শ্রীবৃদ্ধি সমৃদ্ধি হয়, তাহারা ঐ শাস্ত্রকে ব্রহ্মবাণী বলিয়া অত্যন্ত ভক্তি করে, ও প্রত্যুপকারে তাহারা কেবল এইমাত্র চাহে যে তাহাদের জীবন ও ভবন রক্ষা পায়, বৈষয়িক বিরোধে যথার্থ বিচার হয়, স্বকীয় সনাতন ধর্ম্মাচরণে উৎসাহ পায়, এবং যে ধর্ম্মশাস্ত্রকে তাহারা পবিত্র জ্ঞানে মানিতে উপদৃষ্ট হইয়াছে ও যাহাই কেবল তাহারা বুঝিতে পারে তাহারা তদনুসারে ফলভোগি হয়"।

হইতেছে, পরন্তু এই নিয়মানুসারে কার্য্য চলা কঠিন, কেননা হিন্দু ও মুসলমানদের ধর্ম্মশাস্ত্রের অধিকাংশ সংস্কৃত ও আরবী এই দুই সুকঠিন ভাষারূপ কুটীরে বদ্ধ,—যে তাবা ইউরোপীয় অত্যাল্প লোক শিখিবে, যদি আমরা এতদ্দেশীয় স্মার্ত্তদিগের দত্তমতানুসারেই কেবল বিচার করি, তবে তাহাতে প্রতারিত হইয়াছি কি না এ সন্দেহ কখনো যায় না। যদিও ঐ জনবর্গের প্রতি অবিশেষে দোষারোপ করা কর্ত্তব্য হয়, না, তথাপি আমি যেপর্য্যন্ত দেখিয়াছি, জানিয়াছি ও শুনিয়াছি তাহাতে যথার্থতই বলিতে পারি যে, যেমকদ্দমাতে প্রাড়্বিবাকদিগকে প্রতারণা করার এতদ্দেশীয় স্মার্ত্তদের অত্যল্প কারণ থাকে, তাহাতেও শুদ্ধ ঐ স্মার্ত্তদের দত্তমতানুসারে বিচার নিষ্পত্তি হইলে আমি সচ্ছন্দমনে সে নিষ্পত্তিতে সম্মতি দিতে পারি না। এবং আমরা যত সতর্ক কেন হইনা আমারদিগকে ঠকান তাঁহাদের কঠিন নয়, কেননা কোন দুর্জ্ঞেয় বচন কোন গ্রন্থে এক রূপে ব্যাখ্যাত ও বিশেষ মত খণ্ডনার্থে ধৃত হইয়া থাকিলেও তাঁহারা সেই বচন সেই গ্রন্থ হইতে ভিন্নার্থে ধরিয়া প্রমাণ বলিয়া চালাইতে পারেন। ইংলণ্ড হইতে যাত্রা করণের পূর্ব্বেই এই দোষ পরিহারের উপায় আমার মনে উদয় হইয়াছিল, তথায় পারলিয়ামেন্ট(নায়ক)সভার সভ্যগণের এবং ওয়েস্ট মিনিস্টর হল (নামক) আদালতের প্রাড়্বিবাকদের মধ্যে কোন২ বন্ধুকে ইহা জানাইয়াছিলাম, সেই কথা এক্ষণে এই লিখনে যথাসম্ভব সঙ্ক্ষেপে প্রকাশ করিতেছি,—যদি জস্টিনিয়নের ঐ অমূল্য ও সম্পূর্ণ স্মৃতি সংগ্রহানুসারে এতদ্দেশীয় সুপণ্ডিত স্মার্ত্তদের সংগৃহীত একখানি স্মৃতিনিবন্ধন হয়, আর ঐ গ্রন্থ অবিকল রূপে ইংরাজিতে অনুবাদিত হইয়া তদনুবাদের প্রতিলিপি সদরদেওয়ানী আদালতের ও সুপ্রীমকোর্টের আফিসে থাকে তবে আবশ্যকমতে বিচারের আদর্শ জ্ঞানে তাহা দৃষ্টিকরা যাইতে পারে, তাহা হইলে নিদানে শাস্ত্রীয় বিধানসকল এবং উপস্থিত অভিযোগে প্রযুজ্য যে বিধান তাহা জানিতে পারা অসাধ্য হয় না, এবং বোধ হয় পণ্ডিতেরা ও মৌলবীরা কখনো আমারদিগকে ধোকা দিতে পারিবেন না, যেহেতু তখন ধোকা দিলে তাহা সহজেই প্রকাশ পাইবে। যেমত জস্টিনিয়ন্ গ্রীক্ ও রোমীয় প্রজাদিগকে যথাযোগ্য বিচার করণের চির-ভরসা দিয়াছিলেন তেমনি ব্রিটিস্ গবর্ণমেন্ট্ ভারতবর্ষীয় প্রজাদিগকে উচিত রূপ বিচার করণের চির-ভরসা দিলে এই গবর্ণমেন্টের উপযুক্ত কার্য্যই করা হইবে। পরন্তু জস্টিনিয়নের সংগ্রহ অপেক্ষা আমাদের সংগ্রহে অনেক অল্প শ্রম লাগিবে, এবং অত্যাল্প কালেই তাহা তদপেক্ষা অধিক যথাযথ রূপে প্রস্তুত হইতে পারিবে, যেহেতু আমরা যে সংগ্রহ করিব তাহা কেবল ধর্ম্মশাস্ত্রের ব্যবহারকাণ্ড বিষয়ক,—যাহা পরস্পর আচরণে অত্যন্ত আবশ্যক, এবং যসারে সুপ্রীমকোর্ট কর্ত্তৃক এতদ্দেশীয় লোকদের পরস্পর বিবাদ নিষ্পত্তি হওনের নিয়ম আইন-কর্ত্তারা করিয়াছেন"। যে লিখনের সঙ্ক্ষেপ উক্ত হইল তাহা ১৭৮৮ সালের ১৯ মার্চ তারিখে লিখিত হয়। সেই দিবসেই তাৎকালিক গবর্ণর জেনেরাল মার্কুইস্ করন্‌ওয়ালিস্ সাহেব কৌন্‌সিলের মেম্বরদিগের সম্মতিতে উক্ত প্রস্তাব এমত বাক্যে স্বীকার করিলেন যাহা তৎ প্রস্তাবকারির মানবর্দ্ধক অথচ অত্যন্ত ঔদার্য্য প্রকাশক। তদ্‌যথা—"যেহেতু আপনকার প্রস্তাবের অভিপ্রায় এই যে যথোচিত রূপে বিচার নিষ্পত্তি হয়, অতএব ইহা মনুষ্যত্ববিশিষ্টের মনোযোগযোগ্য এবং আমাদের বিশেষে অবধানার্হ,—কেননা তাহা কোম্পানির বহু সংখ্যক প্রজার শান্তি রক্ষা ও সুখবর্দ্ধন নিমিত্ত অভিপ্রেত"।

উক্ত প্রস্তাবের ফলে বিবাদসারার্ণব ও বিবাদভঙ্গার্ণব নামে দুইখান সংস্কৃত গ্রন্থ প্রস্তুত হয়; এই গ্রন্থদ্বয়ের প্রথমখানি মিথিলা দেশীয় স্মার্ত্ত সর্ব্বোরু ত্রিবেদিকর্ত্তৃক লিখিত, দ্বিতীয়খানি ত্রিবেণীনিবাসি জগন্নাথ তর্কপঞ্চাননকর্ত্তৃক সংগৃহীত। কিন্তু উভয় গ্রন্থই সর্ উইলিয়ম্ জোনস্ সাহেবের আদেশ ও উপদেশানুসারে প্রস্তুত হয়। উক্ত সাহেব বিবাদভঙ্গার্ণবের অনুবাদে স্বয়ং নিযুক্ত হইয়াছিলেন, কিন্তু কাল তাঁহাকে অকালে সমন সদনে গমন করাইয়া আকাঙ্ক্ষিগণকে তাদৃশ পণ্ডিতবর হইতে সে উপকার প্রাপ্তির আশায় নিরাশ করিল। পরন্তু তাৎকালিক গবর্ণর জেনেরল্ সর্ জান সোর সাহেব যাঁহাকে তৎপরে তদ্‌গ্রন্থানুবাদ সমাপনে*

* সমাপন পদ ব্যবহারের তাৎপর্য্য এই যে বিবাদভঙ্গার্ণবানুবাদে যে সকল মনুবচন তাহা সর্ উইলিয়ম জোনস সাহেবের কৃত মনুসংহিতানুবাদ হইতে নীত, এবং বিবাদার্ণবসেতু পরীক্ষা কালীন তিনি আর যে সকল ঋষি-বচন অনুবাদ করিয়াছিলেন তাহাও উক্তানুবাদে গৃহীত হইয়াছে।

নিযুক্ত করেন, বোধ হয় তিনি সংস্কৃত ভাষাভ্যাসে ও ধর্ম্মশাস্ত্রাধ্যয়নে অধিকতর শ্রম করিয়াছিলেন। এবং তদপেক্ষা অদ্যাপি কেহ ধর্ম্মশাস্ত্রীয় সংস্কৃত গ্রন্থানুবাদ অধিক শুদ্ধ ও সম্পূর্ণরূপে করিতে পারেন নাই, তদপেক্ষা কেহ উত্তমতর ব্যবস্থাও দিতে পারেন নাই। বিবাদভঙ্গার্ণবের অনুবাদ সামান্যতঃ কোল্‌ব্রুকের ডাইজেষ্ট বলিয়া খ্যাত। সর্ উইলিয়ম্ জোন্‌স্ সাহেব ব্যবহারকাণ্ডের যে কয়েক প্রকরণবিষয়ক নিবন্ধন প্রস্তুতির প্রস্তাব করিয়াছিলেন বিবাদভঙ্গার্ণবে তৎসমুদায় সম্পূর্ণরূপে লিখিত হইয়াছে। এই গ্রন্থকর্ত্তা তাৎকালিক প্রসিদ্ধ পণ্ডিত ও কৌশল-নিপুন নৈয়ায়িকদিগের মধ্যে প্রধান একজন ছিলেন। বিরোধ সমন্বয় করণ ও যে উক্তি আপাততঃ অসঙ্গত তাহার সুসঙ্গতি প্রদর্শন দূরে থাকুক, তিনি নানা ছলে আপনার ন্যায়-বিচক্ষণতা বুদ্ধি-কৌশল ও দক্ষতা দেখাইতে গ্রন্থখানি এরূপে লিখিয়াছেন যে, যে ব্যক্তি পুর্ব্বে ধর্ম্মশাস্ত্রীয় কোন প্রামাণিক গ্রন্থ অধ্যয়ন করে নাই সে তৎপাঠে প্রায় ভ্রান্ত হইতে পারে,—কেননা সে এক২ বিষয়ে বিপরীত২ মত দেখিতে পাইযা ব্যবস্থা স্থির করিতে অস্থির হইবে, এবং প্রথমে যে মত দেখিতে পায় তাহাই যদি (ঐ গ্রন্থের স্থানান্তরে কি মত লিখিত হইয়াছে তাহা জানিয়া) তদ্বিষয়ক ব্যবস্থা বলিয়া ব্যবহার করে তবে ভ্রমে পতিত হইতে পারে,—যেহেতু এমন-ও হইতে পারে যে উক্ত মত কেবল কৌশলসম্পন্ন ফলে ভ্রমাত্মক ও ভ্রান্তিজনক, এবং তদ্‌গ্রন্থেরই স্থানান্তরে যথার্থ ব্যবস্থা লিখিত আছে, অতএব শুদ্ধ বিবাদভঙ্গার্ণব পাঠে বিবাদ নিষ্পত্তির শক্তি হওয়া দুরূহ,—কেননা কোন প্রামাণিক গ্রন্থে সংস্থাপিত ব্যবস্থা না জানিলে বিবাদভঙ্গার্ণবে লিখিত এক বিষয়ক এক দেশীয় নানা মতের কোন্ মত শাস্ত্রসিদ্ধ ও কোন্ মত শাস্ত্রবিরুদ্ধ তৎ সিদ্ধান্ত হইতে পারে না। দৃষ্ট হইতেছে যে উক্ত গ্রন্থ-কর্ত্তা 'বিবাদভঙ্গার্ণব' গ্রন্থ করিবেন এমত সঙ্কল্প করিয়াও ন্যায়শাস্ত্রের অনুমানিক খণ্ডে অত্যন্ত মনোনিবেশ জন্য কেবল আনুমানিক বিবাদে একাগ্রচিত্ত হইয়া ভঙ্গ কথাটি বিস্মৃতি পূর্ব্বক স্মৃতি লিখাতে গ্রন্থখানি বিবাদ বিষয়ে প্রতিজ্ঞা রক্ষা ও ভঙ্গ বিষয়ে প্রতিজ্ঞা ভঙ্গ জন্য সুতরাং বিবাদার্ণব হইয়াছে। এই সকল কারণে ধর্ম্মশাস্ত্রীয় গ্রন্থাদি-লেখক ইউরোপীয়রা বিবাদভঙ্গার্ণবের নানা নিন্দা করিয়াছেন*। কিন্তু তথাপি অর্ণব রত্নাকর। অতএব বিবাদভঙ্গার্ণবের প্রতি মর্লি সাহেব যে মত প্রকাশ করিয়াছেন তন্মতই মনোরম ও মম্মত সম্মত। তিনি কহেন—'বিবাদভঙ্গার্ণবের বিজ্ঞবর অনুবাদক ঐ গ্রন্থের নিন্দা করিলেও স্বীকার করিতে হইবে যে তাহাতে বিশেষতঃ তাঁহার ঋণাদানাদি ব্যবহার কাণ্ডে বিস্তর অনুসন্ধান প্রাপ্য, এবং যে ব্যক্তি পরিশ্রম স্বীকার করিয়া ঐ গ্রন্থকর্ত্তার লিখনের ভাব ও রচনাদির বিন্যাস বিলক্ষণ রূপে জানিবে ঐ গ্রন্থ তাহার অত্যন্ত উপকারি ও উপযোগি হইবে।

*বিবাদভঙ্গার্ণবের প্রতি কোলব্রুক্ সাহেবের প্রকাশিত মত যথা,—"সংগ্রহকারক পণ্ডিতের কৃত বিন্যাসের বিরুদ্ধে ডাইজেষ্টের ভূমিকাতে ইঙ্গিতে নিজ মত লিখিয়াছি,—উক্ত সংগ্রহের প্রতি আমার ঐ মত আরো দৃঢ় হইয়াছে। গ্রন্থকর্ত্তা ভিন্ন২ প্রদেশীয় স্মার্ত্তদের প্রকাশিত বিভিন্ন মতসকল একত্র বিচার ও বিতর্ক করাতে এবং তন্মধ্যে কোন্২ মত এক প্রদেশে প্রচলিত তাহা বিশেষ করিয়া স্পষ্টতঃ না বলাতে, প্রত্যুতঃ তদুক্ত মত সকল ফলতঃ প্রবল কি না অথবা তন্মধ্যে কোন্ মত এক্ষণে চলিত ও কোন্ অচলিত তাহা নিশ্চয় করিয়া না বলাতে উক্ত গ্রন্থখানিকে যাঁহারা ধর্ম্মশাস্ত্রজ্ঞ তাঁহাদের অত্যল্প উপযোগি এবং যাঁহারা তাহাতে অনভিজ্ঞ তাঁহাদের (বিশেষতঃ ইংরাজি অনুবাদদ্বারা যে ইংরাজ পাঠকদিগের ব্যবহার নিমিত্ত ঐগ্রন্থ প্রস্তুত হয় তাঁহাদের) নিতান্ত অনুপযোগি করিয়াছেন"। দা, ভা, ভূ, পৃ, ২, ৩।

* সর্ টামস্ এস্‌ট্রেঞ্জ সাহেব কহেন—"রোমীয় ডাইজেষ্ট (অর্থাৎ নিবন্ধন) গ্রন্থের ন্যায় বিবাদভঙ্গার্ণবে প্রামাণিক সংস্কৃত গ্রন্থ সমূহের বচনাদি তত্তদ্ গ্রন্থকর্ত্তার নামোল্লেখ পূর্ব্বক ধৃত হইয়াছে, এবং সংগ্রহ কর্ত্তা পূর্ব্ব২ টীকানুসারে ঐ সকলের অনেক ব্যাখ্যা লিখিয়াছেন। বিবাদভঙ্গার্ণবের রচনা ও প্রকরণাদির বিন্যাস যে বিজ্ঞের মনোরম নয়, এবং তদ্ব্যাখ্যাতে যে অনেক অকর্ম্মণ্য বিতর্কাদি আছে, ও ভিন্ন২ প্রদেশীয় পরস্পর বিপরীত২ মত সমূহ যে। যথাযোগ্য বিশেষ বর্ণনা বিনা ধৃত হইয়াছে তাহা ঐ বিজ্ঞবর অনুবাদকর্ত্তার প্রামাণিক উক্তিতেই ব্যক্ত। যে নিমিত্তে ঐ গ্রন্থ প্রস্তুত হয়, উহা যে তদুপযোগি হয় নাই তাহাও তৎকর্ত্তৃক স্বীকৃত হইয়াছে।—'উকিলের পক্ষে অত্যুত্তম, জজের পক্ষে অত্যধম'—বিবাদভঙ্গার্ণবের প্রতি এই যে উক্তি প্রসিদ্ধ তাহা অযথার্থ নয়। পরন্তু জগন্নাথের সংগ্রহ আমাদিগের আদালতে বিশেষতঃ দক্ষিণ প্রদেশীয় আদালত সকলে উপকারি রূপে ব্যবহৃত হওন বিষয়ে যে প্রকার মত কেন ব্যক্ত হউক না ঐ গ্রন্থ ধর্ম্ম শাস্ত্রীয় ব্যবহার কাণ্ডের আকর স্বরূপ, তাহাতে যে বিষয় লইয়া বিচার ও বিবেচনা হইয়াছে তাহাই উজ্জ্বল রূপে প্রকাশ পাইয়াছে"। এস্‌ট্রেঞ্জের হিন্দু ল, ভূ, পৃ, ১১—১২।

বিবাদভঙ্গার্ণবে ভিন্ন২ প্রদেশ-প্রচলিত গ্রন্থের বচনাদি তত্তাবার্থ এবং মত প্রভৃতি লিখিত হওয়াতে ঐ গ্রন্থ আবশ্যক মতে আর২ দেশীয় শাস্ত্র-প্রমাণ রূপেও ব্যবহৃত হয়*, ব্যবহার্য্য-ও বটে।

---

সর্ ফ্রানসিস্ মেক্‌নাটন্ সাহেব কহেন—"সর্ উইলিয়ম্ জোন্স্ সাহেব যে কল্পনা করিয়াছিলেন, তাহা অত্যুত্তম বটে, পরন্তু তৎ সম্পাদনের ভার জগন্নাথের উপর পড়িল। তিনি বিরোধের সমন্বয় ও অসংলগ্নকে সংলগ্ন করিবেন এ আশা দূরে থাকুক আমরা তাঁহার ধূর্ত্ততাপূর্ব্বক বিচারকৌশলে বারম্বার ভ্রান্ত হই, এবং তাঁহার কারণ প্রদর্শনপূর্ব্বক বিচারেও উপকার প্রাপ্ত নই। তিনি সর্ব্বদা আপনার ন্যায়নৈপুণ্য জানাইতে যে চেষ্টা করিয়াছেন ও তিনি যে নিতণ্ডা কৌশলানুরাগ প্রকাশ করিয়াছেন, তাহা না করিলে তদ্‌গ্রন্থ পাঠকদের এত আক্ষেপের বিষয় হইত না। কন্. হি. ল. ভূ. পৃ. ৮।

শেষোক্ত মতদ্বয়ের যাথার্থ্যাযাথার্থ্য বিবেচনা তাদৃক্ আবশ্যক নয়, কেননা ইঁহাদের যিনি যা হা লিখিয়াছেন, তাহা অনুবাদকর্ত্তা কোল্‌ব্রুক্ সাহেবের দৃষ্টান্তে, অতএব বিজ্ঞবর অনুবাদকর্ত্তার কৃত বিবেচনাই বিবেচ্য;—তিনি উপরি প্রকটিত যে কএক কারণে বিবাদভঙ্গার্ণবকে ধর্ম্মশাস্ত্রজ্ঞদের অল্প উপকারি কহিয়াছেন তাহা মনোরম বোধ হইতেছে না, যেহেতু যাঁহারা ভিন্ন২ প্রদেশে প্রচলিত ধর্ম্মশাস্ত্রের মতজ্ঞ তাঁহারা গ্রন্থকর্ত্তার নামোল্লেখ পূর্ব্বক ধৃত কোন মত দেখিলেই স্মরণ করিতে অথবা জানিতে পারেন যে তিনি ও তন্মত কোন্ প্রদেশীয়, এবং সে মত তদ্দেশে এক্ষণে চলিত কি অচলিত তাহা জানাও তাঁহাদের পক্ষে কঠিন নহে। অপিচ উক্তরূপ ব্যক্তিরা বিবাদভঙ্গার্ণবস্থ ঐ সমস্ত মতাদি জ্ঞাত হইয়া তন্মধ্যে যাহা যে প্রদেশে প্রচলিত তাহা তৎ প্রদেশীয় অভিযোগে প্রয়োগ করাও তাঁহাদের দুষ্কর নয়, প্রত্যুত প্রায় তাবৎ প্রাচীন ও নব্য গ্রন্থস্থ বচনাদি বিবাদভঙ্গার্ণবে প্রাপ্য, আর তদ্বচনাদির এত ব্যাখ্যা ও তৎপ্রতি এত বিবেচনা ও তৎ সম্বন্ধে এত অনুসন্ধান করা হইয়াছে যে তাহার অর্দ্ধেক অন্য কোন গ্রন্থে নাই,—বহু গ্রন্থপাঠজ বহুদর্শিতা ঐ এক গ্রন্থ পাঠেই হয়। এতাবতা যাঁহারা ধর্ম্মশাস্ত্রজ্ঞ বিবাদভঙ্গার্ণব যে তাঁহাদের অত্যন্ত উপকারি অত্র সন্দেহ নাস্তি। উক্ত গ্রন্থের তাদৃশ উপকারিতার জাজ্বল্যমান প্রমাণ সর্ টামস্ এস্‌ট্রেঞ্জ্ সাহেব ও সর্ উইলিয়ম্ মেক্‌নাটন্ সাহেব,—কেননা তাঁহাদের লিখিত গ্রন্থের অনেক স্থলে বিবাদভঙ্গার্ণব উল্লিখিত ও প্রমাণ রূপে ধৃত হইয়াছে, অনেক ব্যবস্থা-ও ঐ গ্রন্থ-প্রমাণে ব্যবস্থাপিত হইয়াছে। বিজ্ঞবর অনুবাদকর্ত্তাও অনেক মত ও ব্যবস্থা বিবাদভঙ্গার্ণব-প্রমাণে লিখিয়াছেন। কেবল (যথা পূর্ব্বেই কথিত হইয়াছে) ধর্ম্মশাস্ত্রে অনভিজ্ঞ ব্যক্তিদের এই গ্রন্থ দৃষ্টে উপকার প্রাপ্ত হওয়া সুকঠিন, ফলতঃ তাঁহাদের পক্ষে ইহা ভ্রান্তি জননাশঙ্কা রহিত নয়।

* পরন্তু কোলব্রুক্ সাহেব সর্ টামস্ এস্‌ট্রেঞ্জ্ সাহেবকে যে চিঠী লিখিয়াছেন তাহাতে কহেন—"যে স্থলে তিনি (অর্থাৎ বিবাদভঙ্গার্ণবকর্ত্তা) স্বকীয় মত ব্যক্ত করিয়াছেন, অথবা সংগ্রহকর্ত্তার কর্ত্তব্যতার অতিক্রম করিয়াছেন, সেস্থলে আমরা তাঁহাকে তাদৃশ মান্য করিনা,—যেহেতু তাঁহার মতসমূহ সচরাচর বঙ্গদেশে প্রচলিত শাস্ত্রগ্রন্থ হইতে নীত, কতক বা স্বকপোল কল্পিত, তাহা ভারতবর্ষের দক্ষিণ দেশের প্রামাণিক ও প্রচলিত গ্রন্থচয়ের মত হইতে অনেক বিষয়ে বিভিন্ন। খেদের বিষয় এই যে দক্ষিণ দেশীয় পণ্ডিতেরা (তাঁহাদের প্রতি) কৃত প্রশ্নের উত্তরে দত্ত ব্যবস্থায় বিবাদভঙ্গার্ণবকে নিজ নিজ ইচ্ছোপযোগি মত দানের উপায় জ্ঞানে তাহা সেই রূপে ব্যবহার করিয়াছেন। এবঞ্চ জগন্নাথের গ্রন্থ অতি প্রামাণিক মিতাক্ষরার ও স্মৃতিচন্দ্রিকার ও মাধবীয়ের উপর মান্য হওয়াও খেদের বিষয় বটে"। পণ্ডিতবর সাহেবের প্রতি যথা সম্মানপুরঃসর বাচ্য এই যে জগন্নাথের যে২ মত কোন প্রামাণিক গ্রন্থমূলক বা তন্মতানুমত নয় কিন্তু স্বকপোল কল্পিত, তাহা যদি মিতাক্ষরাদিতে তত্তদ্বিপরীত মত প্রকাশিত থাকিতেও পণ্ডিতেরা ব্যবহার করিয়া থাকেন তবে তাঁহাদের তদ্ব্যবস্থার প্রতি আপত্তি কর্ত্তব্য বটে; কিন্তু স্বদেশে বিশেষে প্রচলিত গ্রন্থ সমূহে কোন বিশেষ বিষয়ক মত প্রাপ্ত না হইয়া অথবা বিবাদভঙ্গার্ণবে কোন ব্যবস্থা উত্তম রূপে লিখিত অথচ স্বদেশে প্রচলিত গ্রন্থ চয়ের অবিরুদ্ধ দেখিয়া যদি তাঁহারা তাহা ব্যবহার করিয়া থাকেন, তবে তাহা বিজ্ঞবর সাহেবের খেদের বিষয় হইতে পারে না; কেননা তিনি নিজে (এস্‌ট্রেঞ্জ্ সাহেবের গ্রন্থের দ্বিতীয় বালামে প্রকটিত পণ্ডিতদিগের দত্ত মতের উপর) স্বলিখিত বিবেচনাচয়ের অনেক বিবেচনায় ঐ রূপে বিবাদভঙ্গার্ণবের তাদৃশ মত প্রমাণ রূপে প্রদর্শন করিয়াছেন। সর্ উইলিয়ম্ মেক্‌নাটন্ সাহেব নিজ লিখিত হিন্দু-ল-র প্রথম বালামের এক স্থলে বিবাদভঙ্গার্ণবকে বঙ্গদেশে মাননীয় বিবেচনা করিয়াও অনেক স্থলে সাধারণ ব্যবস্থা ঐ বিবাদভঙ্গার্ণব প্রমাণে লিখিয়াছেন। তদ্‌গ্রন্থের দ্বিতীয় বালাম খুলিলে প্রকাশ পাইবে যে পণ্ডিতেরা আর২ দেশীয় মকদ্দমাতেও বিবাদভঙ্গার্ণব-প্রমাণে ব্যবস্থা দিয়াছেন, এবং তাদৃশ ব্যবস্থাচয়কে উক্ত বিজ্ঞবর সাহেব যথার্থ ও যথাযথ জ্ঞানে মনোনীত করিয়া অনুবাদ ও মুদ্রাঙ্কন করিয়াছেন। সে যাহা হউক বিবাদভঙ্গার্ণবকর্ত্তা যে স্থলে অন্যান্য প্রদেশে প্রচলিত গ্রন্থের পংক্তি তুলিয়া তদ্দেশীয় মতের অবিরুদ্ধ ভাবার্থ নিষ্কর্ষ করিয়াছেন, অথবা তিনি যে স্থলে কোন বিশেষ প্রদেশীয় মত ব্যাখ্যা করিয়াছেন ও তাহা তৎ প্রদেশীয় মতানুমত বটে, অথবা তিনি যে স্থলে কোন প্রদেশ-প্রচলিত গ্রন্থচয়ে অলিখিত অথচ অপ্রতিবিদ্ধ মত লিখিয়াছেন, তাহা তদ্দেশীয় শাস্ত্র-প্রমাণ বলিয়া পণ্ডিতকর্ত্তৃক ব্যবহৃত হওনের বাধা কি আছে, ও না হওনের-ই বা কারণ কি?—এমত না হইলে সর্ টামস্ এস্‌ট্রেঞ্জ্ সাহেব (যাঁহার গ্রন্থ প্রধানতঃ দক্ষিণ দেশের উপযোগি করণাশয়ে বিরচিত, তিনি) নিজ গ্রন্থের প্রায় প্রত্যেক পৃষ্ঠায় বিবাদভঙ্গার্ণব গ্রন্থের বাক্য প্রমাণ রূপে উল্লেখ করিতেন না। উক্ত সর্ উইলিয়ম্ মেক্‌নাটন্ সাহেব-ও নিজ গ্রন্থস্থ ঋণাদানাদি প্রকরণ (যাহা সাধারণ ও সর্ব্ব প্রদেশের উপযোগি রূপে লিখিত, তাহাও) বিবাদভঙ্গার্ণব গ্রন্থ প্রমাণেই প্রায় লিখিতেন না।

আর কএকখান সংস্কৃত স্মৃতি গ্রন্থ-ও ইংরাজিতে অনুবাদিত হইয়াছে,—তন্মধ্যে জীমূতবাহনকৃত দায়ভাগ ও বিজ্ঞানেশ্বরকৃত মিতাক্ষরা সর্ব্বপ্রধান। এই গ্রন্থদ্বয় কোলব্রুক সাহেব কর্ত্তৃক অনুবাদিত হয়, বোধ হয় তদপেক্ষা অধিক শুদ্ধ ও সম্পূর্ণ রূপে কোন সংস্কৃত গ্রন্থ অনুবাদিত হয় নাই, অনুবাদক সাহেব মূল গ্রন্থের বিবিধ টীকাদির বিশেষ২ ভাগ অনুবাদ করিয়া তদ্ভাবার্থ উত্তম রূপে প্রকাশপূর্ব্বক উক্ত গ্রন্থদ্বয়ের অনুবাদকে অত্যন্ত উপকারি করিয়াছেন, তদনুবাদের প্রত্যেক পৃষ্ঠায় তাঁহার স্মৃতিজ্ঞতা ও বিজ্ঞতা প্রকাশ পাইতেছে, অত্যন্ত মনোনিবেশ পূর্ব্বক পরিশ্রম করণের-ও প্রমাণ পাওয়া যাইতেছে। উক্ত গ্রন্থদ্বয়ের অনুবাদ অধ্যয়নে কাশী ও গৌড় প্রদেশের দায় শাস্ত্রজ্ঞান বিলক্ষণ রূপে উপার্জ্জিত হইতে পারে, কেননা তাহাতে ঐ প্রদেশদ্বয়ের তাবন্মতই প্রায় সঙ্কলিত, এবং যেং কারণে তত্তন্মত সংস্থাপিত তাহাও প্রদর্শিত হইয়াছে। ওরিয়ান্ সাহেব কর্ত্তৃক-ও মিতাক্ষরার দায় প্রকরণ অনুবাদিত হইয়াছে, এবং বঙ্গের সদরদেওয়ানী আদালতের জজ (ও বঙ্গের রিপোর্ট লেখক) ব্রোটন্ সাহেব কর্ত্তৃক ব্যবহার ময়ূখ অনুবাদিত হইয়াছে,—ইনি স্মৃতি শাস্ত্রীয় আর২ গ্রন্থের বাক্য উল্লেখে যে সকল ব্যাখ্যা লিখিয়াছেন তাহাতে তদনুবাদ উক্ত প্রদেশীয় দায়শাস্ত্র জ্ঞানের বিশেষ উপযোগি হইয়াছে। উইঞ্চ সাহেবকর্ত্তৃক দায়ক্রম-সংগ্রহ অনুবাদিত হইয়াছে, এই গ্রন্থে যে সকল ঋষিবচন আছে, তাহার সর্ উইলিয়ম্ জোন্স্ সাহেব ও হেন্‌রি কোল্‌ব্রুক্ সাহেব যে অনুবাদ করিয়াছিলেন তাহা গ্রহণ করিয়া উইঞ্চ্ সাহেব বিস্তুতার কর্ম্ম করিয়াছেন। মনু সংহিতার অনুবাদ সর্ উইলিয়ম্ জোন্স্ সাহেব ও সর্ গ্রেব্স হটন্ সাহেব কর্ত্তৃক ইংরাজি ভাষায় ও মোসিওঁর লোয়াজিয়র দেলংসাম্প্স্ সাহেব কর্ত্তৃক ফরাসি ভাষায় কৃত হইয়াছে। তন্মধ্যে সর্ উইলিয়ম্ জোন্স্ সাহেবের অনুবাদ শ্রেষ্ঠ বলিয়া খ্যাত, এই অনুবাদ এবং হটন্ ও দেলংসাম্প্স্ সাহেবের অনুবাদ মধ্যে তাদৃক প্রভেদ নাই, কোন গুরুতর বিষয়ে বিভিন্নতাও নাই। মনুসংহিতার প্রথমাবধি তৃতীয়াধ্যায় পর্য্যন্ত কেচিৎ হিন্দু-কর্ত্তৃক অনুবাদিত ও কয়েকখান চটি রূপে মুদ্রিত হয়,—তাহাতে সংস্কৃত বচন সকল দেবনাগর অক্ষরে তাহার প্রতিশাব্দিক অনুবাদ বঙ্গাক্ষরে ও ভাষায় এবং সর্ উইলিয়ম্ জোন্স্ সাহেবের ইংরাজি অনুবাদ ও তৎসংশোধন পূর্ব্বক অনুবাদান্তর প্রকটিত। দত্তকমীমাংসার ও দত্তকচন্দ্রিকার অনুবাদ সদরল্যাণ্ড্ সাহেব কর্ত্তৃক কৃত হইয়াছে। ইনি নিজ মাতুল পণ্ডিতবর কোলব্রুক্ সাহেবের ধারানুসারে মূল গ্রন্থের অনুবাদে আবশ্যক টীকানুবাদ যোগ করিয়া স্বকীয়ানুবাদকে অত্যন্ত উপযোগি করিয়াছেন। দত্তকচন্দ্রিকার অনুবাদ ফরাসি ভাষাতেও হইয়াছে, তদনুবাদ-কর্ত্তা ওরিয়ান্ সাহেব। সম্প্রতি ডাক্তর রোয়র সাহেব ও কোন্ সলি এফ্ মন্ট্রিও সাহেব কর্ত্তৃক যাজ্ঞবল্ক্য সংহিতার ব্যবহার কাণ্ড অনুবাদিত ও মুদ্রাঙ্কিত হইয়াছে। এই অনুবাদের নাম "হিন্দু-ল এণ্ড্ জুডিকেচোর" ইহাতে অনেক সপ্রমাণ সুব্যাখ্যা থাকাতে এ গ্রন্থখানিও প্রকৃষ্ট রূপে মূলের অর্থবোধক।

উপরি উক্ত অনুবাদব্যতিরেকে স্মৃতির ব্যবহারকাণ্ড বিষয়ক কএকখানি নিবন্ধন-গ্রন্থও ইংরাজিতে লিখিত হইয়াছে। তন্মধ্যে 'কন্‌সিডারেসনস্ অন্ দি হিন্দু ল', 'এলিমেন্ট্স্ অব্ হিন্দু ল', ও 'প্রিন্‌সিপল্স্ অব্ হিন্দু ল' নামক তিনি খানি গ্রন্থ প্রধান।

'কন্‌সিডরেসন্স্ অন্ দি হিন্দু ল'—সর্ ফ্রান্সিস্ মেক্‌নাটন্ সাহেবকর্ত্তৃক লিখিত হয়। এই গ্রন্থে যে সকল ব্যবস্থা অছে তাহা কোন গ্রন্থমূলক বা তদুল্লেখ পূর্ব্বক প্রায় নহে, কিন্তু প্রায় নিষ্পন্ন মকদ্দমা সমূহে ব্যবস্থাপিত বিধান-মূলক। ঐ সকল মকদ্দমা প্রায় পণ্ডিতদিগের ব্যবস্থানুসারেই নিষ্পন্ন, (যে পণ্ডিতেরা উক্ত গ্রন্থকর্ত্তা কর্ত্তৃক অত্যন্ত নিন্দিত)। ইনি যে সকল ব্যবস্থা ও বিধান লিপিবদ্ধ করিয়াছেন তত্তৎ কারণও বিস্তৃত রূপে লিখিয়াছেন এবং তৎ পোষকতায় নিষ্পন্ন মকদ্দমাতের বর্ণনা সুদীর্ঘ রূপে পুনঃ পুনঃ লিখিয়াছেন। তাঁহার লিখিত দত্তক প্রকরণ সর্ব্বাপেক্ষা দীর্ঘ, তাহা ১২২ পৃষ্ঠায় সমাপ্ত, কিন্তু তাহার ৪২ পৃষ্ঠা সর্ টামস্ এস্‌ট্রেঞ্জ্ সাহেবের কৃত এক নিষ্পত্তির প্রতি বিবেচনা ও দোষানুসন্ধান প্রভৃতিতে পূর্ণ। উক্ত গ্রন্থের সপ্তমাধ্যায় ঋণাদানাদি ব্যবহার বিষয়ক, কিন্তু তাহাতে

বিবাদভঙ্গার্ণবস্থ বচন সমূহের (কোলব্রুক সাহেবের কৃত) অনুবাদ ভিন্ন অন্য কিছু নাই। অষ্টম ও নবম অধ্যায়ের অধিকাংশ মিতাক্ষরার অনুবাদ। উক্ত গ্রন্থের এডেণ্ডা (অর্থাৎ অতিরিক্ত ভাগ) এবং আপেণ্ডিক্স কেবল দত্তক বিষয়ক। তাঁহার লিখার দ্বারা প্রকাশ যে তিনি কিছুমাত্র সংস্কৃত জানিতেন না, এবং যে সকল (সংস্কৃত) স্মৃতি গ্রন্থ ইংরাজিতে অনুবাদিত হয় নাই তাহাতে কি আছে না আছে তাহা-ও জানিতেন না। যাহা হউক, কোন ব্যক্তি সংস্কৃত ভাষা জ্ঞান বিনা এক বৎসরের মধ্যে স্মৃতি লিখিলে তাহা যেমত হওয়া সম্ভব উক্ত গ্রন্থ তদপেক্ষা অনেক উত্তম হইয়াছে* ।

সর্ টামস্ এস্‌ট্রেঞ্জ্ সাহেব†মাদ্‌রাসের সুপ্রীম কোর্টের প্রধান জজ থাকন সময়ে 'এলিমেন্ট্‌স অব্ হিন্দু ল' (নামক) গ্রন্থ লিখেন। যদিও তিনি সংস্কৃত জানিতেন না তথাপি তদ্ গ্রন্থস্থ প্রত্যেক ব্যবস্থাই প্রায় যথাযথ ও প্রমানিক প্রমাণ মূলক, ঐ সকল প্রমাণ প্রতি পৃষ্ঠার নিম্নে সাঙ্কেতিক বর্ণে উল্লিখিত হইয়াছে। কেবল কোন২ স্থানে ভিন্ন২ দেশীয় মত বৈলক্ষণ্য বিশেষ করিয়া লিখিতে ভ্রম হইয়াছে অথবা একদেশীয় মত দেশান্তরীয় মতের সহিত গোল মাল হইয়াছে। তিনি দক্ষিণের দুই প্রদেশীয় (অর্থাৎ ঐ বিজ্ঞবর সাহেব যে অঞ্চলে বিচার নিষ্পত্তি করিয়াছিলেন তদঞ্চলীয়) ব্যবস্থাদি যেমত সম্পূর্ণ ও বিশিষ্ট রূপে লিখিয়াছেন তেমত আর২ প্রদেশীয় ব্যবস্থাদি লিখেন নাই। এতাবতা আর২ দেশের আদালত হইতে সুবে বঙ্গে ও মাদ্‌রাসের আদালতে তদ্ গ্রন্থ অধিক ব্যবহার্য্য, উপকারিও বটে, উক্ত গ্রন্থের দ্বিতীয় বালম পণ্ডিতদিগের দত্ত ব্যবস্থাময়; গ্রন্থ-কর্ত্তা এই বালামে ঐ সকল ব্যবস্থার নিম্নে কোল্‌ব্রুক, সদরল্যাণ্ড্ ও এলিস্ সাহেবের বা তন্মধ্যে কাহারো তত্তদ্বিষয়ক বিবেচনা তৎপোষকতায় প্রকটিত করিয়া তাহার নাম 'রেস্‌পন্‌সা প্রুডেন্টম্' অর্থাৎ পণ্ডিতের উত্তর রাখিয়াছেন,—ঐ সকল যথার্থত পণ্ডিতেরই উত্তর বটে; অপিচ তিনি নিজ লিখনের উত্তরে কোল্‌ব্রুক সাহেবের দত্ত মত সকল প্রথম বালামে প্রকাশ করাতে গ্রন্থ খানি আরো অধিক উপকারি হইয়াছে। এবং প্রত্যেক কঠিন বা সন্দিগ্ধ বিষয়ে কোল্‌ব্রুকের মত গ্রহণে ও প্রদর্শনে যথার্থতই বিজ্ঞের কর্ম্ম করা হইয়াছে।

মেস্তর (পরে, সর্) উইলিয়ম্ মেকনাটন্ সাহেব কর্ত্তৃক 'প্রিন্‌সিপল্‌স্ এণ্ড্ প্রেসিডেন্ট্‌স্ অব্ হিন্দু ল' নামক গ্রন্থ রচিত ও সংগৃহীত হয়;—কি হিন্দুস্থানীয় কি ইউরোপীয়দের এপর্য্যন্ত লিখিত নিবন্ধন-গ্রন্থ চয়ের মধ্যে এই গ্রন্থ সর্ব্বাপেক্ষা পরিষ্কার ও পরিপাটি। উক্ত গ্রন্থের প্রথম বালামে ধনির অধিকার বা স্বামিত্ব, দায়াধিকার, স্ত্রী-ধন, বিভাগ, বিবাহ, দত্তকতা, অপ্রাপ্তব্যবহারতা, দাসত্ব, ও ঋণদাণাদি ব্যবহার প্রকরণীয় ব্যবস্থা, ও মিতাক্ষরার আংশিক অনুবাদ আছে, এবং দ্বিতীয় বালাম পণ্ডিতদিগের দত্ত ও ভিন্ন২ আদালতে গ্রাহ্য হওয়া অথচ উক্ত গ্রন্থকর্ত্তার পরীক্ষিত ও মনোনীত মত সমূহে পূর্ণ। এই বালাম অত্যুপযোগি হইয়াছে;—ইহা আরো অধিক উপকারি হইতে পারিত যদি সর্ টামস্ এস্‌ট্রেঞ্জ্ সাহেবের গ্রন্থে প্রকটিত কোল্‌ব্রুক সাহেবের প্রশুদ্ধ ও প্রামাণিক মতগুলি ইহাতেও সঙ্কলিত হইত। এবং এস্‌ট্রেঞ্জ্ সাহেব নিজ গ্রন্থস্থ ব্যবস্থা সকলের পোষকতায় যেমত প্রামাণিক প্রমাণ সমূহের উল্লেখ করিয়াছেন সেই রূপ মেক্‌নাটন্ সাহেব-ও যদি আদ্যোপান্ত করিতেন তবে তাঁহার প্রথম বালাম আরো উত্তম ও প্রামাণিক হইতা।

---

* মর্লি সাহেব কহেন—"খেদের বিষয় এই যে উক্ত গ্রন্থের আদ্যোপান্ত ঐ গ্রন্থকর্ত্তার সাতিশয় অহঙ্কারোক্তিতে এবং যে কিছু তাঁহার মতের মত নয় তাহারই প্রতি বৈরোক্তিতে পরিপূর্ণ।

† মর্লি সাহেব কহেন—"সম্প্রতি প্রিবি কৌন্‌সিলের কৃত এক বিচার-নিষ্পত্তিতে লিখিত হইয়াছে যে ইউরোপীয়দের লিখিত ধর্ম্মশাস্ত্রীয় গ্রন্থচয় মধ্যে সর্ উইলিয়ম্ মেক্‌নাটন্ সাহেবের গ্রন্থ অতি গুরুতর প্রমাণ, এবং তদ্‌গ্রন্থে হিন্দু ধর্ম্মশাস্ত্রীয় যে সকল ব্যবস্থা লিখিত আছে তাহা কলিকাতার সুপ্রীমকোর্টে সিদ্ধান্ত বলিয়া ব্যবহৃত, ও জজদিগের নিকট পণ্ডিতের ব্যবস্থাপেক্ষা অধিক মান্য। (কিন্তু দ্রষ্টব্য—পৃ. ৩০৪ও৩০৭) পরন্তু "ইউরোপীয়দের লিখিত হিন্দু ধর্ম্মশাস্ত্রীয় গ্রন্থ" এই পদকতিপয়ের অর্থ যদি ইউরোপীয়দিগের রচিত বা সংগৃহীত গ্রন্থ মাত্র হয়, তবে মেক্‌নাটন্ সাহেবের গ্রন্থের প্রায় সমুদায় যেমত কথিত হইয়াছে তেমতই বটে, কিন্তু উক্ত পদ কতিপয়ে যদি ইউরোপীয়দের কৃত অনুবাদ ও লিখিত মতাদিও বুঝায় তবে পণ্ডিতবর কোল্‌ব্রুক্ সাহেবের লেখনী হইতে যাহা নির্গত তাহা অধিক মান্য হওয়া উচিত, বিশেষতঃ দায়ভাগের ও মিতক্ষরার তৎকৃতানুবাদ (যেহেতু দায়ভাগ বঙ্গদেশীয় মত সংস্থাপক, এবং এত-

শ্রীরামপুরের পূর্ব্ব জজ ডেন্‌মার্ক দেশীয় এল্‌বরলিং সাহেব এক খানি গ্রন্থ লিখিয়াছেন, তাহা 'এল্‌বর্‌লিংস্‌ অন্‌ ইন্‌হেরিটেন্‌স্‌' (অর্থাৎ এল্‌বরলিঙ্গের দায়াধিকার) নামে খ্যাত, পরন্তু তাহা হিন্দু মুসলমান ও ইংরাজদের আইনানুসারে দায়াধিকার, দান, উইল, বিক্রয় ও বন্ধকাদি বিষয়ক। তাহাতে আমাদের ধর্ম্মশাস্ত্র বিষয়ক যাহা লিখিত হইয়াছে তাহা অত্যল্প, তাহাতে সকল কার্য্য চলে না এবং তাহার উপর সম্যক্‌ ভরসাও করা যাইতে পরে না। ঐ পুস্তকে লিখিত ব্যবস্থা সকলের প্রমাণে যদিও গ্রন্থ-প্রমাণ ও নজীর প্রদর্শন করিয়া গ্রন্থকর্ত্তা বিজ্ঞতার কর্ম্ম করিয়াছেন তথাপি তাদৃশ কার্য্যেও স্থলে২ ভ্রম নিবারণ করিতে পারেন নাই। অবগতি হইতেছে যে উক্ত গ্রন্থকর্ত্তাও কিছু মাত্র সংস্কৃত জানিতেন না, এবং (যথা সর্‌ উইয়ম্‌ জোন্‌স সাহেব কহিয়াছেন) ধর্ম্ম শাস্ত্রের অধিকাংশ কঠিন সংস্কৃত ভাষা কুটীরে বদ্ধ থাকাতে তিনি যাহা লিখিয়াছেন তাঁহা হইতে তদপেক্ষা অধিক আশা করা যাইতে পারেনা।।

বঙ্গের গবর্ণরের আদেশক্রমে ইস্‌টীল সাহেব কর্ত্তৃক 'হিন্দু জাতীয়ের ধর্ম্মশাস্ত্রের ও আচারের চুম্বক' নামক এক গ্রন্থ লিখিত হইয়াছে, এই গ্রন্থ পরিপাট্যাভাবে ব্যবহারে সুগম নয়। পরন্তু তাহাতে অনেক অনুসন্ধান প্রাপ্য, ও তাহা অনেক উপকারি। উক্ত গ্রন্থ—'ধর্ম্মশাস্ত্র, জতি ও আচার'—এই তিন অধ্যায়ে বিভক্ত, তন্মধ্যে শেষদ্বয় বিশেষে উপকারি,—কেননা তাহাতে যাহা২ লিখিত আছে, তাহা আর কোন ইংরাজি গ্রন্থে নাই।

কোল্‌ব্রুক্‌ সাহেবের লিখিত 'ট্রিটিস্‌ অন্‌ অব্‌লিগেসন্‌ এণ্ড্‌ কন্ট্র্যাক্‌ট্‌স্‌' নামক গ্রন্থ আমাদের ধর্ম্ম শাস্ত্রীয় গ্রন্থ বলিয়া পরিগণিত হইতে পারে না, যেহেতু তাহা সর্ব্বসাধারণের ঋণাদানাদি বিষয়ক, পরন্তু তিনি তাহার আদ্যোপান্ত হিন্দুদের ঋণাদির নিয়ম বা শাস্ত্র অবলম্বনে লিখাতে তদ্ব্যবস্থা হিন্দুদের বিবাদেও প্রযুজ্য ও প্রামাণ্য। উক্ত সাহেব উক্ত বিষয়ে যেকিছু সংগ্রহ করিয়াছেন ও লিখিয়াছেন তাহা অত্যন্ত কার্য্যকারক। খেদের বিষয় এই যে তদ্‌গ্রন্থের প্রথম খণ্ড মাত্র মুদ্রিত হইয়াছে, খণ্ডান্তর এবং তিনি যে ভূমিকা ও আভাস লিখিতে স্বীকার করিয়াছিলেন তাহা মুদ্রিত না হওয়াতে গ্রন্থখানি অসম্পূর্ণ রহিয়াছে।

রাজা রামমোহন রায় যে এক খানি চটি পুস্তক লিখিয়াছেন, তাহা অধিকার ও স্বামিত্বাদি বিষয়ক, এবং ইংরাজি অনুবাদ সহিত বচনাদি প্রমাণে পরিপূর্ণ। ঐ মহাত্মা পণ্ডিতবর ধর্ম্মশাস্ত্রীয় আর২ প্রকরণ বিষয়েও ঐ রূপ লিখিলে তৎসমষ্টি একখানি উত্তম নিবন্ধন গ্রন্থ হইত।

শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার ঠাকুরের গৌড়ীয় দায়াবলী অত্যন্ত বুদ্ধি বিচক্ষণতাসম্পন্ন; চিত্ররেখার ন্যায় এক ক্ষুদ্রপটে পুং ও স্ত্রী ধনের তাবৎ দায়াধিকার ক্রম প্রদর্শন ও বিশেষ২ উপযোগি ব্যাখ্যা সঙ্কলন হওয়াতে ঐ পট-খানিকে নিবন্ধনের নিবন্ধন অথবা সংগ্রহ সমুহের সার বলাযাইতে পারে। কিন্তু তাহা বুঝা ও তদ্দ্বারা ব্যবস্থা স্থির করা বুদ্ধি অপেক্ষা করে।

---

দেশীয় আর২ নিবন্ধনগ্রন্থের আদর্শ; মিতাক্ষরা কাশী হইতে ভারতবর্ষের দক্ষিণ অন্তরীপ পর্য্যন্ত সকল প্রদেশে মান্য ও তত্তৎপ্রদেশীয় মতাত্মক গ্রন্থচয়ের আদর্শ)। এবং সদরল্যাণ্ড্‌ সাহেবের অনুবাদিত দত্তকচন্দ্রিকা ও দত্তক-মীমাংসা দত্তক বিষয়ে মতাপ্রামানিক। উক্ত মেক্‌নাটন্‌ সাহেবের কৃত মিতাক্ষরার আংশিক অনুবাদ, ও দায়ক্রম সংগ্রহের ও ব্যবহারময়ূখের অনুবাদও অগ্রগণ্য প্রমাণ, তৎপরেই মান্য কোল্‌ব্রুক্‌ সাহেবের মত সকল। সর্‌ টামস্‌ এস্‌ট্রেঞ্জ্‌ সাহেব কহেন "মূলগ্রন্থাদি পাঠ ও আর২ উপায় দ্বারা কোল্‌ব্রুক্‌ সাহেবের উপার্জ্জিত ঐ শাস্ত্র বিদ্যা কি ইউরোপ কি আসিয়া উভয় দেশেই পরিকীর্ত্তিতা"। উক্ত পণ্ডিতবর সাহেবের লিখিত মত সমূহের এক মত উল্লেখ পূর্ব্বক (এখানকার) সদর দেওয়ানী আদালতের পূর্ব্ব জজ মেস্তর সেক্‌স্‌পিয়র সাহেব মেক্‌নাটন্‌ সাহেবের প্রতি ইঙ্গিতপূর্ব্বক কহিয়াছেন—"এক্ষণে আমি বিবেচনা করি যে মেস্তর হেনরি কোল্‌ব্রুক্‌ সাহেবের মত হিন্দুর ধর্ম্মশাস্ত্র বিষয়ে ইউরোপীয় গ্রন্থকর্ত্তাদের মধ্যে সর্ব্বোপরি প্রামানিক; পরন্তু যদি বোধ করাযায় যে অন্য ব্যক্তিরাও তত্তুল্য উত্তম রূপে অধীত হইয়াছে, তথাপি শাস্ত্রজ্ঞান এবং এতকাল এই আদালতের জজ থাকাতে অনুশীলনজাত অনুভব এই দুই গুণে কেহই কোলব্রুক্‌ সাহেবের প্রতিযোগী হইতে পারেনা। সর্‌ ফ্রান্সিস্‌ মেক্‌নাটন্‌ সাহেব কহিয়াছেন—"উইল দ্বারা বিষয় বিলি করিতে হিন্দুদের ক্ষমতা থাকন বিষয়ে আমি কোল্‌ব্রুক্‌ সাহেবের মত দেখিয়াছি, এবং এমত ব্যক্তি নাই যাহার মত কোলব্রুকের মতাপেক্ষা অধিক মান্য হইতে পারে"। কোল্‌ব্রুক্‌ সাহেব কর্ত্তৃক যে কিছু লিখিত তাহা বিশেষ মনোযোগপূর্ব্বক দৃষ্ট করা হইয়াছে, ঐ সকল অত্যন্ত শুদ্ধ ও গাম্ভীর্য্যসম্পন্ন, তিনি যে সকল-সংস্কৃত পুস্তক পাঠকরার উল্লেখ করিয়াছেন বোধ হয় তত গ্রন্থাধ্যয়ন ভিন্ন তাদৃশ বিদ্যা ও বহুদর্শিতা হওয়া কঠিন,—ঐ সকল গ্রন্থ সংখ্যায় এত অধিক যে অত্যল্প পণ্ডিতে তত দেখিয়াছেন।

কিন্তু এত গ্রন্থ থাকিতেও আমাদের বিবাদ ও ব্যবহার নিষ্পত্তি সর্ব্বদা যথাশাস্ত্র হইতে পারিতেছেনা,—তাহার প্রধান কারণ এই যে প্রাড্‌বিবাকেরা এবং অভিযোগে নিযুক্ত ব্যক্তিরা প্রায় সংস্কৃতজ্ঞ নহেন, তন্মধ্যে যাঁহারা ইংরাজি জানেন তাঁহারা উপরি উক্ত ইংরাজি অনুবাদ ও নিবন্ধন ব্যবহার করিতে পারেন বটে, কেহ২ করিয়াও থাকেন, কিন্তু উক্ত সম্প্রদায়ে ইংরাজি ভাষাজ্ঞ অতি অল্প, তাহাতে অনভিজ্ঞই অনেক, ইঁহাদের বিজ্ঞান ও ব্যবহারার্থ দেশীয় ভাষায় অদ্যাপি কোন উপযুক্ত গ্রন্থপ্রস্তুতিদ্বারা বিচারের সদুপায় করা হয় নাই*। সুতরাং ইঁহাদের সকলকেই প্রায় পণ্ডিতদিগের হস্তে পতিত হইতে হয়। যদিও পণ্ডিত পদবাচ্য ব্যক্তিদের অনেকে পণ্ডিতের গুণবিশিষ্ট শিষ্ট বটেন, তথাপি কতিপয়ের দোষে তদ্বর্গের এমত দুর্নাম যে এক্ষণকার প্রাড্‌বিবাকেরাও যদি সর্ উইলিয়ম্ জোন্স্ সাহেবের মত কহেন ("যে মকদ্দমাতে প্রাড্‌বিবাকদিগকে প্রতারণা করিতে স্মার্ত্তদের অত্যল্প কারণ থাকে তাহাতেও শুদ্ধ ঐ স্মার্ত্তদের দত্ত মতানুসারে আমরা স্বচ্ছন্দ মনে বিচার নিষ্পত্তি করিতে পারিনা, এবং আমরা যত কেন সতর্ক হইনা, আমারদিগকে ঠকান তাঁহাদের কঠিন নয়, কেননা কোন দুর্জ্ঞেয় বচন কোন গ্রন্থে এক রূপে ব্যাখ্যাত ও বিশেষ মত খণ্ডনার্থ ধৃত হইয়া থাকিলেও তাঁহারা সে বচন সেই গ্রন্থ হইতে ভিন্নার্থে ধরিয়া চালাইতে পারেন") তবে তৎ কথনে তাঁহারদিগকে দোষি করা যাইতে পারেনা। অভিযোগে নিযুক্ত ব্যক্তিরা শাস্ত্রজ্ঞ না হওন জন্য অনেক মকদ্দমাতে এমত ঘটিয়াছে যে সদর আদালতে আপীল না হওয়া পর্য্যন্ত শাস্ত্র বিষয়ক কোন আপত্তি বিশেষ রূপে উত্থিত হয় নাই, পরে সদরে ইংরাজি পুস্তক দৃষ্টে শাস্ত্র মূলক আপত্তি প্রবল রূপে উত্থিত হইলে মকদ্দমা নন্‌সুট হইল অথবা পুনর্ব্বিচারের নিমিত্তে পুনঃপ্রেরিত হইল, এদিগে বাদি প্রতিবাদি মকদ্দমার বিচার না হইতেই দুই আদালতের ব্যয়ে অভিভূত হইয়া পড়িল। এতাবতা ইংরাজি অনুবাদ ও নিবন্ধন দ্বারা যে উক্ত দোষের পরিহার ও বিচারের সাহায্য সে অল্পাংশে মাত্র, যেহেতু ঐ ইংরাজি পুস্তক কতিপয় কেবল ইংরাজিতে নিপুন ব্যক্তিদের নিমিত্ত যাঁহাদের সংখ্যা তাহাতে অনভিজ্ঞ ব্যক্তিদের সহিত তুল্য করিলে নিতান্ত অল্প। অতএব ধর্ম্মশাস্ত্রীয় উত্তম নিবন্ধন বা সংগ্রহ শুদ্ধ ইংরাজিতে হইলে তাহা উক্ত দোষের পরিহারের নিমিত্তে যথেষ্ট নয়, পরন্তু ইংরাজির সহিত দেশীয় ভাষায় তাদৃশ গ্রন্থ প্রস্তুত হইলে কার্য্য সিদ্ধ হইবার এবং অভিযোগে নিযুক্ত ব্যক্তি প্রভৃতির আকাঙ্ক্ষা পূর্ত্তির সম্ভাবনা বটে। খেদের বিষয় এই যে তাদৃশ পুস্তক প্রস্তুতির চেষ্টা অদ্যাপি কেহই করিলেন না। গবর্ণমেন্ট আইন করিয়াছেন বটে যে হিন্দুদের দায়াধিকারাদি বিষয়ক বিবাদ তাহাদের ধর্ম্মশাস্ত্রানুসারে নিষ্পন্ন হইবে, কিন্তু অসংস্কৃতজ্ঞ ভৃত্য ও প্রজাবর্গের ঐ শাস্ত্র জানিবার উপায় সম্পাদন দ্বারা যথাশাস্ত্র বিচার হওনের অথবা শাস্ত্র বিরুদ্ধ বিচার নিবারণের উপায় করিয়াদেন নাই। উক্ত দোষ সদর দেওয়ানী আদালতীয় বিচারবিচক্ষণ কোন পূর্ব্ব মহামতি বিচারপতির হৃদয়ঙ্গম হওয়াতে তিনি এতদ্দেশীয় ভাষায় ধর্ম্মশাস্ত্রীয় ব্যবহার কাণ্ডের এক খানি নিবন্ধন গ্রন্থ প্রস্তুতির আকাঙ্ক্ষিত হইয়া প্রথমতঃ সর্ উইলিয়ম্ মেক্‌নাটন্ সাহেবের প্রস্তুত গ্রন্থের বাঙ্গলা এবং উর্দু ভাষায় অনুবাদ করিতে অনুজ্ঞা করেন। পরন্তু উক্ত গ্রন্থানুবাদ উক্ত দোষের পরিহার ও ব্যবহার ব্যাপার নির্ব্বাহ নিমিত্ত যথেষ্ট হইবে কি না তন্নিরাকরণ কারণ তাহার আদ্যোপান্ত পরী-

* বঙ্গভাষায় এপর্য্যন্ত ধর্ম্মশাস্ত্রীয় পুস্তক চারি খানি বই লিখিত হয় নাই, কিন্তু ঐ কএক খানই সর্ব্বপ্রকারে ক্ষুদ্র, অনেক বিষয়ক ব্যবস্থার অভাব এবং অত্যল্প উপযোগিতা জন্য তাহা প্রকাশ পাইতে পাইতেই অদৃশ্য হইয়াছে, কখনো ব্যবহারে ব্যবহৃত হয় নাই। ঐ পুস্তক চতুষ্টয়ের একের নাম ব্যবহার রত্নমালা।—এই পুস্তক খানি লক্ষ্মীনারায়ণ ন্যায়ালঙ্কার কর্ত্তৃক প্রশ্নোত্তরচ্ছলে লিখিত ও মধ্যে২ তাহাতে সংস্কৃত বচন উদ্ধৃত হইয়াছে। এই গ্রন্থে দায়ভাগকর্ত্তার মতানুসারে সঙ্ক্ষেপে দায়াধিকার লিখিত এবং দত্তক বিষয়ক কতিপয় বিধানও সঙ্কলিত হইয়াছে। দ্বিতীয় খানি রামজীবন তর্কালঙ্কারের সংগৃহীত ও তাহা দায়ভাগস্থ ব্যবস্থামাত্রের সংগ্রহ। ১৮২৭ সালের ২২ ফেব্রুওরি দিবসে বাঙ্গলার গবর্ণমেন্ট ডাইরেক্টরদিগকে যে পত্রলিখেন তাহাতে উক্ত দুই পুস্তক রচনাদি বিষয়ে সাহায্য দত্ত হওনের উল্লেখ হয়। তৃতীয় খানি বকোরা নিবাসি গঙ্গাকিশোর ভট্টাচার্য্যের লিখিত, ইহাতে দায়াধিকার অশৌচ ও প্রায়শ্চিত্ত এই তিন প্রকরণ স্থূল রূপে সঙ্ক্ষেপে লিখিত আছে। চতুর্থ খানি সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র, কতিপয় ক্ষুদ্রপত্রাত্মক;—এই চটি পুস্তক খানি লক্ষ প্রতিষ্ঠ নৈয়ায়িক অভয়াচরণ তর্কপঞ্চানন কর্ত্তৃক লিখিত হয়, ইহাতে দায়ভাগের ব্যবস্থা গুলি মাত্র প্রাপ্য।

ক্ষিত হইলে দৃষ্ট হয় যে তৎপুস্তকে অনেক বিষয়ক ব্যবস্থাদি যোগ ও কএক ব্যবস্থা সংশোধন হইলে তাহা ব্যবহার বিষয়ে সম্পূর্ণ ও সংশুদ্ধ হইত। পরে দায়ভাগ ও মিতাক্ষরার এবং দত্তকচন্দ্রিকা ও দত্তকমীমাংসার অনুবাদ কল্পনায় বিবেচনা হইল যে তাহাতে যে পরিশ্রম ও ব্যয় হওয়া সম্ভব তাহা তদনুরূপ উপকারি হওয়া সম্ভবা নহে কেননা তাহার অধিকাংশ পরমত খণ্ডন ও স্বমত সংস্থাপনার্থ বিচারে পরিপুর্ণ, এবং ঐ গ্রন্থ কয়েকের কোথায় কি আছে তাহা আমূলতঃ অভ্যাস না করিলে ও স্মরণ না থাকিলে প্রথম দৃষ্টিতে ব্যবস্থাস্থির করা দুরূহ,যেহেতু তাহার এক স্থলে বিচারমুখে কোন ব্যবস্থা সংস্থাপিত হওয়া প্রকাশ পাইবে, কিন্তু স্থলান্তরে তাহা খণ্ডিত হইয়া সিদ্ধান্তরূপে ব্যবস্থান্তর ব্যবস্থাপিত হওয়া দৃষ্ট হইবে। অতএব তত্তদ্ গ্রন্থের আদ্যোপান্ত স্মরণ কারণ যাঁহাদের অভ্যাসের সময় নাই অথবা অধ্যবসায় নাই,ও যাঁহারা কেবল প্রথম দৃষ্টিতে প্রাপ্ত ব্যবস্থাকে অভিযোগের পোষকতায় প্রয়োগ করিতে চাহেন তাঁহাদের পক্ষে উক্ত গ্রন্থ চতুষ্টয়ের অনুবাদ সর্ব্বদা সর্ব্বথা উপকারি হইতে পারেনা। অপিচ অধুনা প্রাড্বিবাকেরা বিচার্য্য বিষয়ের যথাশাস্ত্র ব্যবস্থা নির্ণয়ে পুনর্ব্বার ক্লেশ স্বীকার ও সময় ব্যয় নাকরিয়া পূর্ব্ব পূর্ব্ব বিচারপতিদের কৃত নিষ্পত্তির অনুগামি হওয়াই ভাল বোধ করেন, এবং তাহাতেই অধিক রত। এতাবতা পূর্ব্ব২ প্রাড্বিবাকের নিষ্পত্তিতে স্থাপিত যে সকল বিধান এবং পণ্ডিতদিগের যে সমস্ত ব্যবস্থা গ্রাহ্য হইয়া তদনুসারে ঐ সকল নিষ্পত্তি নিষ্পন্ন তাহাই অধুনা ব্যবহার কাণ্ডের ব্যবহারিক ভাগ। অতএব এক্ষণে ধর্ম্মশাস্ত্রীয় গ্রন্থে ব্যবস্থাপিত ব্যবস্থা গুলি মাত্র প্রমাণসহ সংগ্রহ করিলে তাহা ব্যবহারের নিমিত্তে প্রচুর নয়, কিন্তু প্রচলিত শাস্ত্রীয় গ্রন্থ সকলে এবং অখণ্ডিত বা চূড়ান্ত নিষ্পত্তিপত্রসমূহে ব্যবস্থাপিত ব্যবস্থাচয় ও তৎপোষক নজীর সমূহাত্মক গ্রন্থ হইলে তাহা যথেষ্ট রূপে কার্য্যকারক বটে;—পরন্তু এই রূপ একখানি পুস্তক শুদ্ধ দেশীয় ভাষায় নয়, কিন্তু ইংরাজিতেও হওয়া আবশ্যক বোধ হইতেছে, যেহেতু এই সমস্ত একখানি ইংরাজি পুস্তকে প্রাপ্য নয়, এবং যে পুস্তক সমুহে এই সমুদায় প্রাপ্য তাহা সংগ্রহ করাও সহজ নয়, কেননা তন্মধ্যে কোন২ গ্রন্থ অত্যন্ত দুষ্প্রাপ্য, ও (কদাচিৎ বিক্রয়ার্থ উপস্থিত হইলেও অনেক গ্রাহক যুটাতে তাহা অত্যন্ত) দুর্ম্মূল্য; পরন্তু যাঁহাদের ঐ সকল পুস্তক আছে তাঁহারাও অনেক পুস্তক না ঘাঁটিলে যাহা চাহেন তাহা বাহির করিতে প্রায় পারেন না। আমার যে অবকাশ ও যোগ্যতা তাহা তাদৃশ গ্রন্থ প্রস্তুতির নিমিত্তে প্রচুর নয়। কিন্তু যেহেতু অধিক যোগ্যতাপন্ন ও বহুদর্শী কেহ তাদৃশ কঠিন কার্য্যে প্রবৃত্ত হইলেন না, এবং মফস্সলীয় ও রাজধানীস্থ অভিযোগে নিযুক্ত ব্যক্তি প্রভৃতির তাদৃশ গ্রন্থাভাব জন্য অসুগমতা ঘুচিল না, আকাঙ্ক্ষাও মিটিল না, সুতরাং তদভাব ও আকাঙ্ক্ষা দূর করণবাঞ্ছায় পরিশ্রম আরম্ভ করিলাম,—যে পরিশ্রমের প্রমাণ এই ব্যবস্থা-দর্পণ, ইহা আমার কএক বৎসর যাবৎ ধর্ম্মশাস্ত্র দৃষ্টির ফল স্বরূপ। আরম্ভ কালে এই রূপ বোধ হইয়াছিল যে কেবল ব্যবস্থাগুলি প্রমাণ ও নজীর সম্বলিত বাঙ্গলা ও ইংরাজি ভাষায় লিখিলেই যথেষ্ট হইবে, কিন্তু অনন্তর বিবেচনা হইল যে যদি ঐ সমস্ত ব্যবস্থা ও তাহা যে সকল বচনাদিমূলক তাহার অনুবাদ মাত্র দেওয়া যায় আর অবিকল সংস্কৃতটি প্রকটিত না হয় তবে যাঁহারা ধূর্ত্ত শিরোমণি স্মার্ত্ত তাঁহাদের সে ব্যবসায় বিলক্ষণ চলিবে। এবঞ্চ বহুবর্ষ ব্যাপিয়া ব্যবহার দৃষ্টি হেতু আরো বিবেচনা হইল যে বঙ্গদেশের নিমিত্তে পৃথক্ এক পুস্তক এবং আর২ প্রদেশের নিমিত্তে আর এক পুস্তক লিখাই শ্রেয়,—যেহেতু বঙ্গদেশীয় এবং অন্যান্য দেশীয় মতচয়ের মধ্যে যে প্রভেদ তাহা আদ্যোপান্ত বিশেষ করিয়া-রাওয়া সহজ নয়;—সর উইলিয়ম্ মেক্নাটন্ সাহেব তদ্বিষয়ে অধিক সাবধান থাকিয়াও স্থানে২ সেই প্রভেদ করিতে ভুলিয়া একদেশীয় মত-বিশেষের সহিত দেশান্তরীয় মতের গোলমাল ও অভেদ করিয়া ফেলিয়াছেন। পরন্তু যদি ঐ সকল মতভেদের প্রভেদ আদ্যোপান্ত রাখাও যায় তথাপি ব্যবহারসময়ে পাঠকের ভ্রমে পতিত হওয়া অসম্ভব নয়*। অপিচ হিন্দুদের নিবসিত কএক প্রদেশের ভাষা বিভিন্ন হওয়াতে বঙ্গদেশ সম্বন্ধীয় ব্যবস্থা ও ন-

---

* কোলব্রুক্ সাহেব কহেন—"সাধারণ সংগ্রহে বিবিধ প্রমাণ ও ভিন্ন২ প্রদেশের বিভিন্ন মতচয় ধৃত এবং অনেক গ্রন্থ-

জীর প্রভৃতি বঙ্গভাষায় এবং আর২ দেশ সম্বন্ধীয় ঐ সকল তত্তদ্দেশীয় ভাষায় নিদানে উর্দুভাষায় অনুবাদ করণাবশ্যক, কিন্তু এক পুস্তকে বাঙ্গলা এবং উর্দুভাষায় তৎ সমুদায় অনুবাদ করিলে পুস্তক প্রকাণ্ড হইয়া পাঠকের ক্রয়ের ও ব্যবহারের অসুগমতা হইবে,এবং যাহার যে অংশ আবশ্যক নাই তাহার নিমিত্তেও তাহাকে অনর্থ অর্থব্যয় করিতে হইবে। এই সমস্ত বিবেচনায় দুই পুস্তক করিতে হইল,—বর্ত্তমান পুস্তক বঙ্গদেশের নিমিত্তে। এই পুস্তকে—দায়ভাগ, দায়তত্ত্ব,দায়ক্রমসংগ্রহ, শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের দায়ভাগটীকা, দত্তকমীমাংসা, দত্তকচন্দ্রিকা ও বিবাদভঙ্গার্ণব প্রভৃতি গ্রন্থে এবং (এতদ্দেশীয়) নিষ্পত্তিপত্র বা নজীর সমূহে ব্যবস্থাপিত ব্যবস্থা চয় যথাক্রমে বিন্যস্ত, ও তদ্ব্যবস্থা ব্যবস্থাপনের কোন কারণ থাকিলে তাহা তন্নিম্নে সঙ্কলিত, তদনন্তর ঐ ব্যবস্থা যে প্রমাণ-মূলক তাহা ধৃত হইল,এবং এতন্মধ্যে কোন কথার অর্থ লিখন আবশ্যক হইলে ঐ কথার পরে পারেনথিসিস্* নামক ( ) এই চিহ্নে কোন অক্ষর বেষ্টিত রাখিয়া তদব্যবহিত বা ব্যবহিত পারাগ্রাফের প্রথমে পারেনথিসিস্ চিহ্নে সেই বর্ণ বেষ্টন পূর্ব্বক উক্ত কথার অর্থ প্রামাণিক টীকাদি হইতে উদ্ধৃত অথবা যুক্তিযুক্ত রূপে ব্যাখ্যাত†, এবং তদর্থ হইতে নিষ্কৃষ্ট ব্যবস্থা থাকিলে তাহাও তন্নিম্নে সঙ্কলিত হইল। অপিচ উক্ত ব্যবস্থাচয় ও প্রমাণ প্রভৃতি যে সংস্কৃত ও ইংরাজি গ্রন্থের যে অধ্যায়ে প্রকরণে ও পৃষ্ঠায় প্রাপ্য তাহা পৃষ্ঠার শেষে কসির নীচে অর্থাৎ নোটে সাঙ্কেতিক বর্ণে দর্শিত হইল। এবং যে ব্যবস্থাদি সম্বন্ধীয় যে নোট তদুভয়ের পার্শ্বে *, †, ‡, §, ¶, এই কএক চিহ্নের কোন চিহ্ন রাখিয়া তৎপরস্পর সম্বন্ধ দর্শিত হইল,—মূলে কোন কথার পার্শ্বে উপরি দর্শিত কোন চিহ্ন দৃষ্ট হইলে কসির নীচে সেই চিহ্নে চিহ্নিত নোট দৃষ্টে সবিশেষ বিজ্ঞাপ্তি হইবে। এবঞ্চ গ্রন্থকর্ত্তাদের ও অন্যান্য ব্যক্তিদের যে বিবেচনা প্রভৃতি অত্যন্ত কর্ম্মণ্য বিবেচিত তাহা কখনো পৃষ্ঠার মধ্যে কখনো বা পৃষ্ঠার শেষে (কসির নিম্ন) নোটে প্রকটিত হইল, নোটে আরো অনেক অনুসন্ধান সংঙ্কলিত হইয়াছে। প্রত্যেক প্রকরণের এক২ অংশ সম্বন্ধীয় ব্যবস্থা প্রভৃতির সংগ্রহান্তে মেকনাটনের নজীর অর্থাৎ(উক্ত বিষয়ে) পণ্ডিতদিগের দত্ত ও আদালতে গ্রাহ্য হওয়া অথচ উক্ত সাহেবের পরীক্ষিত ও মনোনীত ব্যবস্থা বা মত‡ সঙ্কলিত, তদনন্তর উক্ত ব্যবস্থাদির অনুসারে হওয়া নজীর অর্থাৎ অভিযোগ-নিষ্পত্তিপত্র তৎপোষক রূপে প্রকটিত হইল। এবঞ্চ পাঠকের সময় ব্যয়ের ও ক্লেশের লাঘব নিমিত্ত ব্যবস্থা সকল শতিকার সংখ্যায় চিহ্নিত ও বড় অক্ষরে মুদ্রিত ও তৎপার্শ্বে "ব্যবস্থা" পদ স্থাপিত হইয়া বিশেষ করা থাকিল এতাবতা ব্যবস্থা জানিবার নিমিত্তে তাবৎ পৃষ্ঠা খুজিতে হইবে না পার্শ্ব দৃষ্টিমাত্রেই জানা যাইবে। ব্যবস্থা ভিন্ন আর যে কিছু প্রায় তৎ সমুদায়ের মর্ম্ম জ্ঞানও পৃষ্ঠার পার্শ্ববর্ত্তি শব্দ দৃষ্টে হইবে।

যে সকল রিপোর্ট বহি হইতে নজীর গ্রহণ করা হইল,তাহার অধিকাংশ দুর্ম্মূল্য ও দুষ্প্রাপ্য হওয়াতে শুদ্ধ বাদি প্রতিবাদির নাম ও নিষ্পত্তির তারিখ মাত্র গ্রহণ ও অনুবাদ করা যথেষ্ট বিবেচিত হইল না, কেননা যদি কদাচিৎ ঐ গ্রন্থচয় সমুদায় প্রাপ্যও হয় তথাপি তৎ ক্রয়ে ব্যবস্থা হিন্দুর মূল্যের দশগুণাতীত মূল্য চাই,তাহা হইলেও দেশীয় ভাষায় অনুবাদ না হইলে তাহা ইংরাজিতে অনভিজ্ঞ লোকের উপযোগি নয়। এ নিমিত্ত গৃহীত নিষ্পত্তিপত্র সমূহের প্রায় সমুদায় আবশ্যক ভাগ অনুবাদ সহ প্রকটিত করা গেল।

---

কর্ত্তার ব্যবস্থা একত্রিত, বিবেচিত ও পরীক্ষিত হওয়াতে, কোন্ বিশেষ দেশের কোন্ বিশেষ মত এবং কোন্ বিশেষ কারণশ্রেণিতে তন্মত স্থাপিত তাহা স্থির করিতে পাঠক অস্থির হইবেন। অপিচ ক্রমিক বিপরীত২ মত ও বিচার-নিষ্কৃষ্ট ব্যবস্থা এবং এক রূপ ব্যবস্থা শ্রেণির অব্যবধানে ভিন্ন রূপ ব্যবস্থাবলির বর্ণনা দেখিয়া ব্যাকুল হইবেন।

* দ্রষ্টব্য—মৎপ্রণীত বাঙ্গলা ব্যাকরণের ২৮২ পৃষ্ঠা।

† উক্ত রূপে অর্থ লিখনের তাৎপর্য্য এই যে বিশেষ দেশীয় নিবন্ধ্রা ও টীকাকর্ত্তারা ঐ বিশেষ পদের যে অর্থ লিখিয়াছেন তাহা তদভিন্ন অন্যার্থে তদ্দেশে ব্যবহার্য্য ও গ্রাহ্য নহে, অতএব সেই অর্থ জানা হইলে কেহ ভিন্নার্থ করিয়া প্রতারণা করিতে পারিবে না।

‡ এই সকল ২৮২৯ সাল পর্য্যন্ত হওয়া অভিযোগ সম্বন্ধীয়। তদনন্তর গ্রাহ্য হওয়া ব্যবস্থা সকল-ও সংগ্রহ করার মানস ছিল কিন্তু সদরের আজ্ঞা ও অনুজ্ঞাক্রমে তৎ সমুদায় দগ্ধ হইয়াছে।

এস,ট্রেঞ্জ সাহেবের হিন্দু ল-র দ্বিতীয় বালামে ধৃত পণ্ডিতের উত্তর সমূহ দক্ষিণ দেশীয় মতানুযায়ি হওয়াতে তাহা দ্বিতীয় পুস্তকের নিমিত্তে রাখা গেল।

সুপ্রীমকোর্টে—হিন্দুদের উত্তরাধিকার, দায়াধিকার ও ঋণাদানাদি বিষয়ক অভিযোগ তাহাদের ধর্ম্মশাস্ত্রানুসারে নিষ্পন্ন হয়*, আর২ আদালতে হিন্দুদের উত্তরাধিকার, দায়াধিকার, বিবাহ, জাতি, শাস্ত্রীয়াচার ও ধর্ম্মসমাজ বিষয়ক অভিযোগ তাহাদের ধর্ম্মশাস্ত্রানুসারে বিচরিত হয়†। অতএব এই কএক বিষয়ই ব্যবস্থা দর্পণের অভিধেয়,—অষ্টাদশ প্রকার ব্যবহার‡ সমুদায় নয়। এবং এই সকলের মধ্যে দায়াধিকার প্রকরণ (যদন্তর্গত কুলাচার, জীবিকা, বিভাগ ও বিভাগে অনধিকার-ও বটে,) দত্তকতা, ঋণ, দান ও বিক্রয় বিষয়ক অভিযোগ সচরাচর আদালতে উপস্থিত ও বিচরিত হওয়াতে ঐ কএক বিষয়ক ব্যবস্থাদ সুবিস্তৃত রূপে লিখিত হইল, শেষোক্ত বিবাদত্রয়েব বিচার প্রায় পঞ্চাএৎ বা মধ্যস্থ দ্বারা নিষ্পন্ন হওয়াতে তদ্বিষয়ক ব্যবস্থাদি যথা যোগ্য সংক্ষেপে সঙ্কলিত হইল। অপিচ ব্যবহার্য্য বিষয় বিষয়ক ব্যবস্থাদি জ্ঞাপনই আবশ্যক হওয়াতে উক্ত প্রকরণ কতিপয়ের যে২ বিধান কলিযুগে নিষিদ্ধ,—যথা ঔরস ও দত্তক ভিন্ন অন্য রূপ পুত্রগণের অধিকার, অসবর্ণজাতীয় দার পরিগ্রহ, অসবর্ণজাতীয়া স্ত্রীর গর্ভজাত তনয়ের অধিকার, এবং আর যে২ বিষয়ক বিধান এক্ষণকার আদালতে চলিত নয়,—যথা সাক্ষ্যাদি, তাহা বিশেষে লিখিত হইল না। এই পুস্তক দুই খণ্ডে বিভক্ত,—এক্ষণে তাহার প্রথম খণ্ড প্রকাশিত হইতেছে। দ্বিতীয় খণ্ডের অভিধেয়—বিবাহ, স্ত্রী-ধন, দত্তকতা অনধিকার, ও জাতি প্রভৃতি, তাহা এই খণ্ড হইতে অনেক পাতলা ও অল্পমূল্য হইবে, এবং অনতি বিলম্বে প্রকাশ পাইবে। আমাদের ধর্ম্মশাস্ত্রানুসারে বিচার নিষ্পত্তি নিমিত্ত যে কিছু আবশ্যক ছিল তৎ সমুদায়ই প্রায় এই খণ্ডদ্বয়ে সঙ্কলিত হইল, এতাবতা এতদ্দেশে প্রচলিত ব্যবহার শাস্ত্রীয় গ্রন্থচয়ে ও নজীরের পুস্তকে ও মকদ্দমার রিপোর্ট-বহিতে ব্যষ্টিরূপে যে কিছু দৃষ্টিগোচর তাহা সমষ্টি রূপে এই এক গ্রন্থে সুগোচর তবনীয়।

সূচী পত্রস্থলে ব্যবস্থাদর্পণের সার সংগৃহীত হইয়াছে, তাহাতে এক প্রকরণের এক অংশের ব্যবস্থাচয় পারিপাট্যক্রমে বিন্যস্ত হওনানন্তর তন্মধ্যে যে ব্যবস্থা সম্বন্ধীয় যে নজীর তাহার বাদি প্রতিবাদির নাম ও তারিখ প্রভৃতি তন্নিম্নে উল্লিখিত, তৎপরে তদ্বিষয়ে মেকনাটন্ সাহেবের হিন্দু-ল-র দ্বিতীয় বালামে ধৃত পণ্ডিতদিগের মত ও আদালতে গ্রাহ্য হওয়া অথচ উক্ত সাহেবের পরীক্ষিত ও মনোনীত ব্যবস্থাচয়ের সার ভাগ সঙ্কলিত হইল। পাঠকবর্গ প্রথমে নির্ঘণ্ট দৃষ্টি করতঃ যে প্রকরণে নিজ মন্তব্য কথার ব্যবস্থা প্রাপ্ত হওয়া সম্ভব তাহা প্রাপ্ত্যনন্তর ব্যবস্থাদর্পণ-সারে সেই প্রকরণের

---

* তৃতীয় জার্জ বাদশাহের ২১ সংখ্যক এস্ট্যাটিউট্ অর্থাৎ আইনের ৭০ ধারাতে বিধান হইয়াছে যে দায়াধিকার, উত্তরাধিকার ও ভূমির কর আর দ্রব্যাদির অধিকার বিষয়ে, এবং তাবৎ প্রকার ঋণাদানাদি ব্যবহার বিষয়ে মুসলমানদের মধ্যে মহম্মদীয় শরা ও আচারানুসারে এবং হিন্দুদের মধ্যে হিন্দুর ধর্ম্মশাস্ত্র ও আচারানুসারে বিচার নিষ্পত্তি হইবে।

† ১৭৯৩ সালের ৪ আইনের ১৫ ধারায় (যাহা বারানসী এবং উত্তর পশ্চিম দেশের নিমিত্তে ১৭৯৫ সালের ৮ আইনের ৩ ধারায় এবং ১৮০৩ সালের ৩ আইনের ১৬ ধারায় পুনরুক্ত হইয়াছে) বিধান হইয়াছে যে হিন্দুদের উত্তরাধিকার, দায়াধিকার, বিবাহ, জাতি এবং শাস্ত্রীয়াচার ও ধর্ম্মসমাজ বিষয়ক অভিযোগে জজদিগকে হিন্দুর ধর্ম্ম শাস্ত্রীয় ব্যবস্থা বিচারের বিধান বিবেচনা করিতে হইবে।—যদিও উক্ত আইনের বিধান দৃষ্টে প্রকাশ যে তাহাতে ঋণাদানাদি ধরা হয় নাই, তথাপি অভিযোগ বিশেষে তদ্বিষয়ক বিচারও আবশ্যক হয়, কেননা দায়াধিকার বিষয়ক শাস্ত্রানুসারে বিচার্য্য অভিযোগে এমত-ও ঘটিতে পারে যে ঋণাদানাদি বিধানানুসারে বিচার না করিলে মূল অভিযোগের বিচার হইতে পারে না,—যথা দায়াধিকার বিষয়ক অভিযোগে প্রতিবাদী ক্রয় মূলক অধিকারের আপত্তি করিলে তৎকালে এই কথার বিচার আবশ্যক হইবে যে মূল ধনির বিক্রয় করিতে ক্ষমতা ছিল কি না; এতাবতা আর২ আদালতেও ঋণাদানাদি বিষয়ক বিধান প্রযুজ্য দৃষ্ট হইতেছে।

‡ অষ্টাদশ প্রকার ব্যবহার যথা—"তেষামাদ্যমৃণাদানন্নিক্ষেপোঽস্বামি বিক্রয়ঃ। সম্ভূয়চ সমুত্থানন্দত্তস্যানপকর্ম্মচ॥ বেতনস্যৈবচাদানং সম্বিদশ্চ ব্যতিক্রমঃ। ক্রয় বিক্রয়ানুশয়ো বিবাদঃ স্বামিপালয়োঃ॥ সীমাবিবাদ ধর্ম্মশ্চ পারুষ্যে দণ্ড বাচিকে। স্তেয়ঞ্চ সাহসঞ্চৈব স্ত্রীসংগ্রহণমেবচ॥ স্ত্রীপুংধর্ম্মো বিভাগশ্চ, দ্যূতমাহ্বয় এবচ। পদান্যষ্টাদশৈতানি ব্যবহারস্থিতাবিহ॥ মনু। অ. ৮, শ. ৪, ৫. ৬, ও ৭। অস্যার্থঃ— তন্মধ্যে ১ প্রথম ঋণ গ্রহণ, ২ গচ্ছিত বা বন্ধক. ৩ অস্বামির কৃত বিক্রয়, ৪ বাণিজ্যে অংশিদের সম্বন্ধ, ৫ দত্তাপ্রদানিক, ৬ বেতন বা ভাড়া না দেওন, ৭ স্বীকারের অসম্পাদন. ৮ ক্রয় বিক্রয়ের ব্যতিক্রম, ৯ প্রভু ও ভৃত্যের মধ্যে বিবাদ, ১০ সীমা বিষয়ক বিবাদ, ১১ ও ১২ মারিপিট ও গালি, ১৩ চৌর্য্য, ১৪ সাহস, ১৫ ব্যভিচার, ১৬ স্ত্রী পুরুষের ধর্ম্ম ও বিবাদ, ১৭ দায়ভাগ, ১৮ পাশকাদি বা জীবদ্বারা ক্রীড়া, এই অষ্টাদশ পদ এই সংসারে ব্যবহারের মূল।

নিম্নে অনুসন্ধান করিলে অনুসন্ধেয় কথার ব্যবস্থা ও তাহার নজীর থাকিলে তাহাও অনায়াসে প্রাপ্ত হইতে পারিবেন, অনন্তর যদি ঐ ব্যবস্থাদির কারণ ও প্রমাণ প্রভৃতি বিস্তার দেখা আবশ্যক হয় তাহা ঐ নির্ঘণ্টে নির্ণীত মূল পুস্তকের পৃষ্ঠা দৃষ্টি করিলে সুগোচর হইবে। ইহা হইতে প্রকৃষ্ট রূপে ব্যবস্থাদির সার নিকর্ষণ ও তদ্দৃষ্টির সুগসমতা করণ বুদ্ধি সাধ্য হইল না।

৴০ কুঞ্জবেহারির চারি পুত্র ছিল—রামবল্লভ, ব্রজবল্লভ, জগৎবল্লভ, ও ভক্তবল্লভ। রামবল্লভ তৎপিতা বিদ্যমানে গোলোকমণি নাম্নী স্ত্রী রাখিয়া মরে, এবং ভক্তবল্লভ তৎপিতার মরণানন্তর ভগবতী নামে স্ত্রী রাখিয়া নিস্‌সন্তান মরে। ঢাকার কোর্ট আপীলের জজেরা পণ্ডিতের মত গ্রহণান্তে বিষয় তিন অংশ করিয়া জগৎ-বল্লভের দুই কন্যাকে একাংশ দিলেন (ও সমান ভাগ করিয়া লইতে কহিলেন), একাংশ ব্রজবল্লভের পুত্র শ্যামবল্লভকে দিলেন, এবং অবশিষ্টাংশ ভগবতীকে দিলেন এই হেতুতে যে তাহার শ্বশুরের নিধনকালীন তাহার স্বামী জীবিত ছিল। এবং গোলোকমণিকে অংশ দিলেন না এই হেতুতে যে তাহার শ্বশুরের মরণের পুর্ব্বে তৎস্বামী রামবল্লভ মরিয়াছিল, কিন্তু তাহাকে অন্নাচ্ছাদন পাইবার যোগ্যা বিবেচনা করিলেন। পরে এই নিষ্পত্তি সদর দেওয়ানী আদালতে বহাল থাকিল। রায় শ্যামবল্লভ—বনাম—প্রাণকৃষ্ণ ঘোষ। ৪ জুলাই ১৮২০ সাল। স. দে. আ. রি. বা. ৩, পৃ. ৩৩।

৵০ রামকেশব রায়ের তিন পুত্র—রামকুমার রায়, রামজীবন রায়, ও রামকমল রায়,—তন্মধ্যে রামকুমার পদ্মমণি নাম্নী স্ত্রীকে রাখিয়া নিস্‌সন্তান মরে, এবং তৎপরে রামকেশব অবশিষ্ট দুই পুত্র রাখিয়া লোকান্তর-গত হয়। পণ্ডিতেরা ব্যবস্থা দিলেন যে রামকুমার তৎপিতা রামকেশব রায় বিদ্যমানে মরাতে তাহার (অর্থাৎ রামকুমারের) মরণ তৎপিতৃত্যক্ত বিষয়ে স্বত্বের প্রতি প্রতিবন্ধক। অতএব তাহার মৃত পিতার বিষয়ের কোন অংশ ভাগিনী তাহার পত্নী নয়, কিন্তু ঐ বিষয় হইতে ভরণ পোষণের খরচ পাইতে পারে; এবং তাহার স্বামী জীবদ্দশায় যে বিষয়ের অধিকারী ছিল তাহা যাবজ্জীবন দখলে রাখিতে পারে। সদর দেওয়ানী আদালত উক্ত ব্যবস্থানুসারে পদ্মমণির দাবী ডিস্‌মিস্ করিয়া আদেশ করিলেন যে সে যদি চাহে তবে নিজ ভরণ পোষণের নিমিত্তে উক্ত বিষয়ের দখিলকারগণের নামে নালিশ করিতে পারে। ১৪ ফেব্রুওরি ১৮২৫ সাল। মোসম্মাৎ হেমলতা চৌধুরাণী—বনাম—মোসম্মাৎ পদ্মমণি চৌধুরাণী। স. দে. আ. রি. বা. ৪, পৃ. ১৯।

৶০ মোসম্মাৎ পদ্মমণি চৌধুরাণীর বিরুদ্ধে মোসম্মাৎ হেমলতা চৌধুরাণীর যে আপীল সদর দেওয়ানী আদালতে ১৮২৫ সালের ১৪ ফেব্রুওরি তারিখে নিষ্পন্ন হয়, তাহাতে (অর্থাৎ উপরিউক্ত মোকদ্দমায়) পণ্ডিতেরা রামমণি চৌধুরাণীর সম্বন্ধে যে ব্যবস্থা দেন ঐ ব্যবস্থার বুনিয়াদে রামমণি চৌধুরাণী নালিশ উপস্থিত করে। তদ্ব্যবস্থা এই যে “শঙ্করীদাসী বিদ্যমানে যদি তৎপুত্র রামজীবন কিম্বা রামকমল মরে তবে ঐ শঙ্করী মৃত পুত্রের ভাগহারিণী হইবে, যদি রামজীবন ও রামকমল উভয়েই তাহাদের মাতার পুর্ব্বে মরে তবে ঐ মাতা তদুভয়েরি ধনাধিকারিণী হইবে; যদি মাতা পুর্ব্বে ও তৎপুত্রদ্বয় পরে মরে, এবং যদি তাহাদের মরণ-কালে তাহাদের ভগিনী রামমণির পুত্রেরা জীবিত থাকে তবে তাহারা ধনাধিকারি হইবে, এবং তাহাদের মৃত্যুর পর রামমণি পুত্রের উত্তরাধিকারিণীরূপে ধনাধিকারিণী হইবে”।

সদর আদালত বিবেচনা করিলেন যে পূর্ব্ব মোকদ্দমায় পণ্ডিতদিগের দত্ত যে ব্যবস্থার উল্লেখ বাদিনী করিয়াছে তদ্দ্বারাই বাদিনীর দাবী চলিতে পারে না, যেহেতু তাহার মাতার মরণকালীন তাহার এক পুত্রও জীবিত ছিল না, এবং তদ্ভ্রাতৃদ্বয় অর্থাৎ রামজীবন ও রামকমল তাহাদের মাতার পুর্ব্বে মরিয়াছিল। রামমণি চৌধুরাণী—বনাম—হেমলতা চৌধুরাণী। ৬ জানুওরি ১৮৩৫ সাল। স. দে. আ. রি. বা. ৬, পৃ. ৩।

I০ গোবিন্দচন্দ্র কার্‌ফর্‌মার বিরুদ্ধে ঈশ্বরচন্দ্র কার্‌ফর্‌মার মোকদ্দমা (সু. কো. মেক্. কন্. হি. ল. পৃ. ৭৪), ধনমণির বিরুদ্ধে মণিমোহন বসুর আপীল (১৭ নবেম্বর ১৮৫৩ সাল, স. দে. আ. রি. পৃ. ৯১০), এবং পিতৃদৌহিত্রের অধিকারে লিখিত মোকদ্দমা কতিপয়ও দ্রষ্টব্য।

৩ সংখ্যক ব্যবস্থার নজীর

৴০ অদ্বৈতচন্দ্র মণ্ডল প্রভৃতি দরখাস্তকারিদের মোকদ্দমায় সদর আদালত এই মত প্রকাশ করিয়াছেন যে বঙ্গদেশ-প্রচলিত দায়শাস্ত্রে উত্তরাধিকারির জন্ম (অর্থাৎ জীবন) ও গর্ভস্থাবস্থা তুল্য, কেবল গর্ভস্থের ভূমিষ্ঠ হওনের অপেক্ষা থাকে; যেহেতু তাহা পুত্র হইলে অধিকারী হয়, কন্যা হইলে হয় না। ১৭ আগষ্ট ১৮৪৩ সাল, সেবেষ্টর সাহেবের রিপোর্ট, বা. ২, মোকদ্দমা নং ১৩১। মর্লীর ডাইজেষ্ট বা. ১, পৃ. ৩২৭।

অনুমতি প্রাপ্তাপত্নী এবং তদ্গ্রাহীতব্য দত্তক-বিষয়ক যে কতিপয় মোকদ্দমা দত্তক-প্রকরণে ধৃত হইল তাহাও দ্রষ্টব্য।

*Case bearing on the vyavasthá No. 2.*

I. Kunja Behárí had four sons—Rám Ballabh, Braja Ballabh, Jagat Ballabh, and Bhakta Ballabh.—Rám Ballabh, *during the lifetime of his father*, died leaving a widow named Golok Mani, and Bhakta Ballabh died childless *after his father's death*, leaving a widow named Bhagavatí. The Dacca Court of Appeal, after taking the opinion of the Hindu Law Officers, awarded one third to the two daughters of Jagat Ballabh (to be shared between them equally,) another third to Shám Ballabh, son of Braja Ballabh, and the remaining third to the widow Bhagavatí, *(because her husband had survived his father)*, and declared Golok Mani entitled *(not to a share*, but) to food and raiment only, *because her husband Rám Ballabh had died before his father*. This award was affirmed by the Sudder Dewanny Adawlut.—Ráy Shyám Ballabh *versus* Prán Krishna Ghose. 4th July 1820. S. D. A. R. Vol. III. p. 33.

II. Rám Keshab Ráy had three sons—Rám Kumár Ráy, Rám Jíban Ráy, and Rám Kamal Ráy, of whom Rám Kumár died without issue, leaving a widow Musst. Padu Mani. After this Rám Keshab died, leaving his two remaining sons. The Pandits declared that the right of Rám Kumár Ráy to the property left by his father Rám Keshab Ráy was barred by his having died *during his father's life*; his widow therefore was not entitled to any share of the property of her deceased husband's father: she however was entitled to receive maintenance therefrom, and to take by inheritance, during her life, any property of which her husband had possession during his life. The Sudder Court accordingly dismissed Padu Mani's claim, and declared that the option of suing the holders of the estate for maintenance was left to her. Musst. Hemlatá Choudhuráni Appellant *versus* Musst. Padu Mani Choudhuráni Respondent.—14th February 1825. S. D. A. R. Vol. IV. p. 19.

III. Rám Mani Choudhuráni instituted a suit, and grounded her claim on that portion of the *Vyavasthá* of the Sudder Pandit in a former appeal (preferred on the part of Musst. Hemlatá Choudhuráni *versus* Musst. Padu Mani Choudhuráni, and decided on the 14th February, 1825, i. e. in the above case) which referred to her, and which was as follows; —If either Rám Jíban or Rám Kamal died during the life-time of Shankarí Dási, their mother, she would take the share of the deceased; if they both died before her, she would take the property of both. If the mother died first, and then the two brothers, the sons of (their sister) Musst. Rám Mani, *if they survived them*, would take their property, and *after* their death, Rám Mani would succeed thereto as *their* heir.

The Sudder Court determined that the claim of the plaintiff was barred by the *Vyavasthá* given in the former case and quoted by her, because she had not a son *alive* at the time of her mother's death, and because her brothers Rám Kamal and Rám Jíban had died *before* their mother.—Rám Mani Choudhuráni *versus* Hemlatá Choudhuráni. 6th January 1835. S. D. A. R. Vol. VI. p. 3.

IV. Íshwar Chandra Kárfarmá *versus* Gobinda Chandra Kárfarmá. S. C. Cons. H. L. p. 74. See Manimohan Bose *versus* Dhanmani. 17th November 1853. S. D. A. R. p. 910. See also the cases quoted in the succession of father's daughter's son.

*Case bearing on the vyavasthá No. 3.*

I. In the case of Adwoita Chánd Mandol and others, petitioners, the opinion of the Sudder Court (present Tucker, Reid, and Barlow, Judges) was, that the act of birth or of conception of an heir in the womb was one and the same thing in the eye of the Bengal law, only that the birth of the infant must be awaited; because, if the issue be a daughter, she would have no title; if a son, he would inherit. 17th August 1843. 2. Sev. Cases, 131. Morley's Digest, Vol. I. p. 327.

See the cases which respect the widow authorised to adopt, and the boy to be adopted by her; and which are quoted in the part treating of adoption.

ব্যবস্থা

**৫। উপরম (বা নিধন) পদ মরণমাত্রের বোধক নয়, কিন্তু পতিত (ঊ) প্রব্রজিতত্বাদিরও বোধক, যেহেতু পাতিত্যাদিও (এ) মৃত্যুর ন্যায় স্বত্ব বিনাশের কারণ। দা. ভা. স্ব. পৃ. ২৪।**

**৫। নচোপরম মাত্রমেব বিবক্ষিতং কিন্তু পতিত (ঊ) প্রব্রজিতত্বাদ্যুপলক্ষয়তি (এ) স্বত্ব-বিনাশ হেতুতাসাম্যাৎ। দা. ভা. স্ব. পৃ. ২৪।**

(ঊ) এস্থলে পতিত পদ—ব্রহ্মহত্যাদি করিয়া প্রায়শ্চিত্ত করে নাই এবং করিতে চাহেনা এমত ব্যক্তির বোধক, যেহেতু শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের † এবং স্মার্ত্ত ভট্টাচার্য্যের ‡ মত এই যে পতিত অকৃত-প্রায়শ্চিত্ত এবং প্রায়শ্চিত্ত-বিমুখ হইলে তাহার স্বত্ব নাশ হয়।

(ঊ) অত্র পতিতঃ—ব্রহ্মহত্যাদিকৃত্বা অকৃতপ্রায়শ্চিত্তঃ প্রায়শ্চিত্ত বিমুখশ্চ *"যস্মাৎ প্রায়শ্চিত্ত প্রাগভাবাভাব সহকৃতং পাতিত্যং স্বত্বনাশহেতুঃ, পাতিত্যেন স্বত্বনাশঃ প্রায়শ্চিত্ত বৈমুখ্যে ইতি শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারস্য † রঘুনন্দন ভট্টাচার্য্যস্য চ ‡ মতং।

(এ) এস্থলে আদি পদে উপরতস্পৃহত্ব ও বান প্রস্থাবস্থা ধর্ত্তব্য এই দায়ভাগটীকা।

(এ) অত্র আদি-না বান প্রস্থত্বোপরতস্পৃহত্বপরিগ্রহ ইতি দায়ভাগটীকা।

উপরতস্পৃহত্ব—স্পৃহা ত্যাগের পর "আমার ধন (আর) নয়" এই উক্তিতে ধনকে উপেক্ষা করিলে উপেক্ষাতে স্বত্বনাশ হয়, তৎপরে স্পৃহা জন্মিলেও আর স্বত্ব হয় না। উপরত স্পৃহত্ব জ্ঞান তদুক্তিতেই হয় এই জগন্নাথ তর্কপঞ্চাননাদৃত স্মার্ত্তের মত প্রামাণিক ¶। বি. দা. ভা. দী. র. ১।

উপরতস্পৃহত্বং—স্পৃহা বিচ্ছেদানন্তরং "মম ধনং নাস্তু" ইত্যনেন ধনমুপেক্ষতে। তদাতু উপেক্ষয়া স্বত্বনাশঃ তদুত্তরঞ্চ স্পৃহাজননেঽপি ন পুনঃস্বত্বং। উপরতস্পৃহত্বজ্ঞানং তদ্বচনেনৈব ভবতীতি জগন্নাথ তর্কপঞ্চাননাদৃতস্মার্ত্তমতং সাধীয়ঃ ¶। বি. দা. ভা. দী. র. ১।

ব্যবস্থা

**৬। দ্বাদশ বৎসর গতে উদ্দেশরহিত ব্যক্তি মৃত কল্পিত হওয়াতে তদ্ধনে তদুত্তরাধিকারির স্বত্ব হয় §।**

**৬। দ্বাদশবর্ষাদূর্দ্ধং উদ্দেশরহিতস্য মরণ কল্পনাৎ তদ্ধনে তদুত্তরাধিকারিণঃ স্বত্বং §।**

প্রমাণ

গতব্যক্তির বার বৎসর পর্য্যন্ত বার্ত্তা শ্রুত না হইলে পুত্র ও বান্ধবেরা তাহার প্রেতাবধারণ করিবে। যম।

গতস্য ন ভবেৎ বার্ত্তা যাবদ্দ্বাদশ বার্ষিকী। প্রেতাবধারণং তস্য কর্ত্তব্যং সুতবান্ধবৈঃ §। যমঃ।

* বি. দা. ভা. দী. র. ৩।—কোল. ডা. বা. ৩, পৃ. ৩১৫। † দা. ভা. টী. স্ব. পৃ. ২৫। ‡ দা. ত. স্ব. পৃ. ৩। ¶ দা. ত. স্ব. পৃ. ৩। দা. ভা. টী. স্ব. ২৫। কোল. ডা. বা. ২, পৃ. ৫২৫।

§ অনুদ্দিষ্ট ব্যক্তিদের মরণকালাবধারণ বিষয়ে ঋষি ও নিবন্ধসকলের এক মত নয়—যথা নির্ণয় সিন্ধুতে প্রকাশ "সেই রূপ প্রোষিত (অনুদ্দিষ্ট) ব্যক্তির যদি দ্বাদশবৎসর কাল অতীত হয় তবে ত্রয়োদশ বৎসর প্রবৃত্ত হইলে তাহার প্রেত কর্ম্ম সকল করাইবে (বৃদ্ধমনু)। দ্বাদশ বৎসর পর্য্যন্ত যাহার বার্ত্তা শুনিতে না পাওয়া যায়, কুশ পুত্তলক দাহদ্বারা তাহার মৃত্যুর অবধারণ হইবেক (বৃহস্পতি)॥ প্রোষিত পিতার যদি নিশ্চয় কিম্বা বার্ত্তা পাওয়া না যায় তবে (পুত্র) পঞ্চদশ বৎসরান্তে তাঁহার প্রতিরূপ করিয়া তৎসংস্কার যথাবিধি করিবে। এবং তদবধি সকল প্রেত কর্ম্ম করিবে (ভবিষ্যপুরাণ)॥ মদন রত্নে উক্ত হইয়াছে যে পিতা ভিন্ন অন্য ব্যক্তির আগমন প্রতীক্ষা দ্বাদশ বৎসর পর্য্যন্ত। কিন্তু গৃহ্য কারিকাতে লিখিত এই যে—অনুদ্দিষ্ট পূর্ব্ববয়স্ক (অর্থাৎ ৫০ বৎসরের অনূর্দ্ধ বয়স্ক ব্যক্তির প্রেত ক্রিয়া বিংশতি বৎসরাতীতে, মধ্যম (অর্থাৎ ৭৫ বৎসরের অনূর্দ্ধ) বয়স্কের পঞ্চদশ বৎসর অতীত হইলে, এবং উত্তর অর্থাৎ ৭৫ বৎসরের ঊর্দ্ধ বয়স্কের প্রেতক্রিয়া দ্বাদশ-বৎসরাতীতে বিহিত হইয়াছে।

§ উদ্দেশরহিতানাং মরণাবধারণ-কাল নির্ণয়ে ঋষীণাং নিবন্ধৃণাঞ্চ ঐকমত্যং নাস্তি, যথা নির্ণয়সিন্ধৌ—"প্রোষিতস্য তথা কালো, গতশ্চেদ্দ্বাদশাব্দিকঃ। প্রাপ্তে ত্রয়োদশে বর্ষে, প্রেত কর্ম্মাণি কারয়েৎ (বৃদ্ধ মনুঃ)॥ যস্য ন শ্রূয়তে বার্ত্তা যাবদ্দ্বাদশবৎসরাৎ। কুশ পুত্তক দাহেন তস্যস্যাদবধারণা (বৃহস্পতিঃ)॥ পিতরি প্রোষিতে যস্য ন বার্ত্তা নৈব চাগমঃ। ঊর্দ্ধং পঞ্চদশাৎ বর্ষাৎ, কৃত্বা তৎ প্রতিরূপকং॥ কুর্য্যাৎ তস্যতু সংস্কারং, যথোক্তবিধিনা ততঃ। তদা প্রভৃত্যেব সর্ব্বাণি, প্রেত কর্ম্মাণি কারয়েৎ (ভবিষ্য)॥ দ্বাদশাব্দ প্রতীক্ষা পিতৃ ভিন্ন বিষয়েতি মদনরত্নে উক্তং। গৃহ্যকারিকায়ান্তু—তস্য পূর্ব্ববয়স্কস্য, বিংশত্যা ঊর্দ্ধতঃ ক্রিয়া। ঊর্দ্ধং পঞ্চদশাদ্বাত মধ্যমে বয়সিস্মৃতা॥ দ্বাদশাব্দং পরাদূর্দ্ধং উত্তরে বয়সি স্মৃতা

**5 Death merely (i. e. physical death) is not meant: it (also) alludes to degradation (u), the state of a travelling devotee, and the like (e), because of the analogy of the (circumstance which causes) extinction of right. *Dáya-bhága.* See Colerooke's translation, Ch. I. para. 31.** Vyavasthá.

(*u*) *Degradtion* occurs when one has slain a *bráhman* or committed some other atrocious crime, and has not performed penance, and even refuses to submit to it *; for *Srikrishna Tarkálankára* † and *Raghunandana* ‡ are of opinion that the fallen sinner forfeits his right when he has not done penance, and is averse to doing it.

[e] The state of a hermit, as well as the extinction of wordly affections is here comprehended under the term "*and the like.*" *Srkrishna's* commentary on *Dáyabhága.* See Coleb. Da'. bha'. p 14.

After withdrawing his affection (*from things of this world,*) if he abdicate his estate in this form, "*let this be no longer mine,*" then indeed his right is divested by abdication: and afterwards, even though temporal inclinations revive, the right is not renewed. The resignation can only be known from the declaration of the party. Thus *Raghunandana,* as *Jagannátha Tarkapanchánana* remarks, is justified. ¶

**6 A person's being absent and not heard of for twelve years entitles his heirs to inherit his property: this rule is founded on the presumption of his death.§** Vyavasthá.

If no tidings of a person gone abroad be received for twelve years, his son and kinsmen should account him to be certainly dead.§ *Jama* or *Yáma* Authority

* See Coleb. Dig. Vol. III. p. 315. † commentary on *Dáyabhága.* p. 3. ‡ *Dáyatatwa.* p. 3.

¶ Cob. Dig. Vol. II. p. 525. See *Dáyatatwa,* p. 3. *and Srikrishna's* comment on *Dáyabhága,* p. 25.

§ In fixing the date of the death of missing persons, the holy sages (*Rishis*) and compilers are not of one opinion, as is manifest from the texts quoted in *Nirnaya-Sindhu.* " So if the time of twelve years of a person's absence have gone by, they shall cause his death-rites to be solemnised at the commencement of the thirteenth year (*Vriddha Manu*). If no tidings be had of a person for twelve years, such person shall be treated as one dead, by the burning of his effigy made of *Kusha* grass (*Vrihaspati*). If any one's father be absent, and neither a letter nor any news of him be received, then at the end of 15 years, his effigy shall be formed and burnt in the manner prescribed by the law; from which date all his obsequies shall be performed (*Bhabishya Purána*). It is said in *Madana-Ratna* that (the rule of) waiting for twelve years applies to all missing persons, except a father. But (it is written) in *Grihyakáriká*—"It is said that the obsequies of a missing person in the first period of life (i. e. under 50 years of age) should be performed after the lapse of 20 years, of one of middle age (under 75,) after fifteen years, and of a person in the last period of life (above 75 years) after twelve years " (from the day of his or her disappearance.)

বিভাগে অধিকার জনন কাল

পাতিত্য, নিস্পৃহত্ব অথবা মরণ-হেতু স্বত্ব নাশের সময় বিভাগের এক কাল, ও পিতার স্বত্ব থাকিতেও বিভাগে তাঁহার ইচ্ছা হয় যে সময়ে সেই অপর কাল *। দা. ভা. স্ব. পৃ. ৩১।

পতিতত্ব নিস্পৃহত্বোপরমৈঃ স্বত্বাপগম ইত্যেকঃ কালোঽপরশ্চ সতি স্বত্বে তদিচ্ছাত ইতি কালদ্বয়মেব যুক্তং *। দা. স্ব. পৃ. ৩১।

পিতৃধন বিভাগের কালদ্বয় এই রূপ উক্ত হইয়াছে।

এবন্তাবৎ পিতৃধন-বিভাগস্য কাল-দ্বয়মপ্যুক্তং।

পিতামহ সম্বন্ধীয় ধন বিভাগের কাল ও এই। বিশেষ এই যে তাহাতে পিতার ইচ্ছা মাতার (ও বিমাতার) রজোনিবৃত্তি অপেক্ষা করে †। দা. ক্র. সং. বিভা. পৃ. ৪২। এই সকলের বিস্তার বিভাগ প্রকরণে দৃষ্ট হইবে।

পৈতামহধনেতু মাতৃ-রজোনিবৃত্তিসহকৃতা পিতুরিচ্ছা ইতি বিশেষঃ †। দা. ক্র. সং. বিভা. প. ৪২। এতদ্বিস্তারস্ত বিভাগপ্রকরণে দ্রষ্টব্যঃ।

ফলতঃ উক্তকালদ্বয়ে পুত্রাদির বিভাগে অধিকার হয় মাত্র, ইহা স্মার্ত্ত ভট্টাচার্য্য স্পষ্টই কহিয়াছেন, যথা—"মরণ পাতিত্য ও গৃহস্থাশ্রমত্যাগ-হেতু স্বত্ব ধ্বংস হইলে, এবং উপরতস্পৃহত্ব ও স্বত্ব সত্ত্বেও স্বধনেচ্ছা রহিত হইলে পুত্রাদিগের বিভাগে অধিকার জন্মে ‡, দা. ত. স্ব. পৃ. ৩।

বস্তুতস্তৎকালদ্বয়ে পুত্রাদীনাং বিভাগাধিকারো জায়তে, তদ্ব্যক্তীকৃতং স্মার্ত্তভট্টাচার্য্যেণ, যথা—"মরণ পাতিত্যগার্হস্থেতরাশ্রমগমনৈঃস্বত্বধ্বংসে উপরতস্পৃহে সত্যপি স্বত্বে স্বগত ধনেচ্ছা রহিতেচ পুত্রাণাং বিভাগাধিকারঃ" ‡। দা. ত. স্ব. পৃ. ৩।

কিন্তু বঙ্গদেশাদৃত নব্য নিবন্ধৃ স্মার্ত্ত ভট্টাচার্য্য ৯ সংখ্যক ব্যবস্থা প্রমাণে ধৃত যম বচনানুসারে তিথিতত্ত্বে অনুদ্দিষ্টের মরণাবধারণ করাতে এতদ্দেশে উদ্দেশ রহিত ব্যক্তির বয়ঃক্রম ও সম্বন্ধ বিবেচনা বিনা দ্বাদশবৎসরানন্তরেই মরণাবধারণ করা ব্যবহার দেখা যাইতেছে।

কিন্তু এতদ্দেশাদৃত নব্যনিবন্ধৃ রঘুনন্দন ভট্টাচার্য্যেণ ৯ সংখ্যক ব্যবস্থাপ্রমাণে ধৃত যমবচনানুসারেণ তিথিতত্ত্বে অনুদ্দিষ্টস্য মরণাবধারণস্য কৃতত্বাৎ এতদ্দেশে দ্বাদশবৎসরানন্তরং উদ্দেশরহিতস্য বয়ো বিশেষাদিবিবেচনামন্তরেণৈব মরণাবধারণব্যবহারো দৃশ্যতে।

সর্ টামস্ ষ্ট্রেঞ্জ্ সাহেব (এবং তদনুরূপে সর উইলিয়ম্ মেকনাটন সাহেব) নির্ণয় সিন্ধুতে গ্রন্থকারিকাহইতে যে অংশ উদ্ধৃত হইয়াছে তন্মাত্রকে নির্ণয় সিন্ধুকর্ত্তার মত বলিয়া অনুবাদ করিয়াছেন (মেক্. হি. ল. বা. ২, মকদ্দমা ১৩)। কিন্তু বস্তুতঃ তাহা নহে—নির্ণয় সিন্ধু কর্ত্তা নিজ মত বলিয়া কিছু প্রকাশ করেন নাই, তিনি কেবল উপরিধৃত পংক্তিকতিয় তুলিয়া ঋষি ও নিবন্ধৃ কতিপয়ের মত প্রকাশ করিয়াছেন।

উক্ত দুই সাহেব আরো কহিয়াছেন—"কাহারো২ মতে পঞ্চাশৎ বৎসরের ঊর্দ্ধ বয়স্ক অনুদ্দিষ্ট ব্যক্তির প্রতীক্ষা দ্বাদশ-বৎসর পর্য্যন্ত, এবং পঞ্চাশবৎসরের অনূর্দ্ধ বয়স্ক ব্যক্তি সকলের প্রত্যাগমন প্রতীক্ষা ২৪ চতুর্বিংশতি বৎসর পর্য্যন্ত। (মেক্. হি. ল. বা, ২, মকদ্দমা ১৩) কিন্তু এমত কাহারো মত দৃষ্ট হয় না যে কোন বয়স্ক অনুদ্দিষ্ট ব্যক্তির প্রত্যাগমন প্রতীক্ষা ২৪ বৎসর পর্য্যন্ত করিতে হইবে।

* কোল. দা. ভা. চ্যা. ১, পৃ. ২০, পারা ৪৪। † দা. ভা. স্ব. পৃ. ৩১, বিভা. পৃ. ৩৩। কোল্. দা. ভা. চ্যা. ১, পারা. ৪৫; চ্যা. ২, পারা. ১। উইঙ্ক. দা. ক্র. সং. চ্যা. ৪, পৃ. ২১, পারা. ১। ‡ কোল্. দা. ভা. চ্যা. ১, নোট ৩৩।

**There are only two periods of partition rightly declared : one, when the right ceases by the owner's degradation for his sins, disregard of temporal matters, or actual death ; the other, by the choice of the father, while his right still subsists.—Coleb. Dá. bhá. Ch. I, p. 20, para. 44.**

When right to partition arises.

It is thus established that two periods exist for the partition of father's property.

The same periods also exist for the partition of a paternal grandfather's property, only with this difference that the choice of the father should be dependent on the cessation of the mother's (and step mother's) catamenia. † This will be fully explained in the Chapter treating of partition. q v.

In truth, the sons at (each of) these two periods become entitled to partition, as is expressly laid down by *Raghunandana*—"If the right of property be annulled by death or by degradation, or by the quitting of the condition of a householder, the sons are entitled to partition ; and so they are even though the right of property remain, if the father be devoid of wish to keep property which pertains to him ‡ *Dáyatatwa* p. 3.

But *Raghunandana*, a modern compiler respected in Bengal, having in his *Tithitatwa* fixed the date of the death of missing persons according to the text of *Jama* or *Yama* quoted under *Vyavastha´* No. 6, it has been the practice of the Hindus of this country to account and treat missing persons as dead immediately on the expiry of twelve years from the date of their last trustworthy tidings, without any question of age or relationship.

Sir Thomas Strange has quoted (and he is followed by Sir William Macnaghten) from *Nirnaya-Sindhu* merely what is therein given from *Grijhyakáriká*, and has stated that to be the opinion of the author of *Nirnaya-Sindhu*. This however is not the case : the author of *Nirnaya-Sindhu* has expressed no opinion of his own ; he has merely quoted the different opinions of the sages and compilers, as is manifest from the quotation above given in totidem verbis.

The same learned English writers say : "according to some authorities, the term of twelve years applies to missing persons whose age exceeds fifty years; for all under that age, the term allowed for re-appearance is twenty four years." But I find no authority which prescribes twenty four years for the re-appearance of a missing person of any age.

† Vide W. Dá. Cra. Sang. Ch. IV, p. 91, para. 1. Coleb. Dá. bhá. Ch. 1. para. 45, Ch. II. para. 1.

‡ See Coleb. Dá. bhá Ch I. Note 33.

৬ সংখ্যক ব্যবস্থার

মজীর

/০ ব্রজরাম সাহুর পাঁচ পুত্র—হরিকৃষ্ণ সাহু, জয়কৃষ্ণ সাহু, মনোহর দাস সাহু, রমাকান্ত সাহু, ও রামকান্ত সাহু। বাঙ্গলা ১১৯৭ সালে জয়কৃষ্ণ জশোহরে যাত্রা করিয়া তদবধি উদ্দেশ রহিত হয়। ১২০০ সালে ব্রজরামের মৃত্যু হয়। তদনন্তর জয়কৃষ্ণের স্ত্রী তৎপতির ভ্রাতাগণের সহিত একত্র থাকনকালীন উপার্জ্জিত বিষয়ের প্রাপ্যাংশের নিমিত্তে নালিশ করে। জিলার জজ্ এমত প্রমাণ পাইয়া যে জয়কৃষ্ণের উদ্দেশরহিত হওয়ার দিবস হইতে দ্বাদশ বৎসরের পর তাহার শ্রাদ্ধ হইয়াছে এবং তাহার পিতা ১২০০ সালে মরিয়াছে, বাদিনীর দাবী তৎস্বামির শ্রাদ্ধের পুর্ব্বে শ্বশুরের মৃত্যু হওয়া হেতুতে ডিক্রী করিলেন। কিন্তু ঢাকার কোর্ট-আপীলের জজেরা ঐ ডিক্রী এই হেতুবাদে রদ করিলেন যে জয়কৃষ্ণ তৎপিতা ব্রজরামবিদ্যমানে উদ্দেশরহিত হওয়াতে ব্রজরামের অর্জ্জিত বিষয়ে জয়কৃষ্ণের পত্নীর ও দৌহিত্রের কোন স্বত্ব নাই। এই ফয়সলার উপর সদর দেওয়ানী আদালতে খাসআপীল রুজু হইলে তাহা সদরীয় পণ্ডিতদিগের ব্যবস্থানুসারে মঞ্জুর হয়—তদ্ব্যবস্থাতে লিখিত এই যে "যদি কোন ব্যক্তি তৎপিতাবিদ্যমানে উদ্দেশরহিত হয়, তবে হিন্দুধর্ম্মশাস্ত্রমতে দ্বাদশ বৎসর পর্য্যন্ত তাহার প্রত্যাগমনের অপেক্ষা করিতে হইবে। উদ্দেশরহিত হওনের তিন কি চারি বৎসর পরে অনুদ্দিষ্টের পিতার মৃত্যু হইলে তৎক্ষণেই তৎপত্নী পতির প্রাপ্য পিতৃধনাংশে অধিকারিণী হইবে না (যেহেতু শ্বশুরের ধনে পুত্রবধূ অধিকারিণী হয় এমত বিধি কোন গ্রন্থেই নাই,) কিন্তু দ্বাদশ বৎসর গতে যদি তৎপতির উদ্দেশ না পাওয়া যায়, এবং যদি পুত্র পৌত্র প্রপৌত্র না থাকে, তবে সে শ্বশুরের ধনে পতির অংশ দাওয়া করিতে পারে।

পরন্তু বিচারকালে আদালত ব্রজরামের কৃত বিভাগপত্র এবং আর২ দস্তাবেজ মোলাহেজা করিয়া তদ্দৃষ্টে ব্যবস্থা দানজন্য পুনর্ব্বার পণ্ডিতগণের নিকট মোকদ্দমা প্রেরণ করিলেন। পণ্ডিতেরা ঐ সকল দলিল দেখিয়া কহিলেন উক্ত বিভাগপত্রে জয়কৃষ্ণের স্ত্রী ও দৌহিত্রের ভরণপোষণার্থে যে টাকা নির্দ্ধারিত হইয়াছে তদ্ব্যতীত তাহাদের অন্য কোন স্বত্ব নাই, যেহেতু স্বোপার্জ্জিত বিষয়ে ধনস্বামির ইচ্ছাই মিয়ামিকা, এবং অপ্রাপ্তব্যবহার অথবা বিকলচিত্ত হওন বিনা ধনস্বামী স্বার্জ্জিত ধনের যে বিভাগ করে তাহা অন্যথা হইতে পারে না। পরে এই ব্যবস্থানুসারে আদালত কোর্টআপীলের ফয়সলা বহাল রাখিলেন *। মসম্মাৎ অয়াবতী (মৃতা)—বনাম—রাজকৃষ্ণ সাহু প্রভৃতি। ২৫ এপ্রেল ১৮২০ সাল। স. দে. আ. রি. বা. ৩. পৃ. ২৮।

৶০ বলরাম বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে রামনারায়ণ বন্দ্যোপাধ্যায়ের মোকদ্দমাতে সুপ্রীম কোর্টের জজেরা উদ্দেশরহিত ব্যক্তির গমনদিবস হইতে দ্বাদশ বৎসরান্তে তাহার মরণাবধারণ মত স্মরণও গ্রহণ করিয়াছেন। এবং সদর দেওয়ানী আদালতের দ্বিতীয় পণ্ডিত ও কলিকাতার কোর্টআপীলের পণ্ডিত, ও কালেজের প্রধান পণ্ডিত এবং অন্য এক জন পণ্ডিত ব্যবস্থা দিয়াছেন যে "যদি কোন ব্যক্তি দ্বাদশ বৎসর অনুপস্থিত থাকে, এবং তৎকাল মধ্যে তাহার উদ্দেশ না পাওয়া যায়, তবে সে নিশ্চিত মরিয়াছে জ্ঞান করিতে হইবে; এবং বার বৎসরের পর সে যদি ফিরিয়াও আইসে তথাপি জীবিত ব্যক্তির যে সকল অধিকার তাহা তাহার থাকিবে না" †। সুপ্রীম কোর্টের জজ্ সর এড্ওয়ার্ড হাইড্ ইষ্ট্ সাহেবের নোটে লিখিত ৮৫ নং মোকদ্দমা।

* যদিও এই মোকদ্দমার নিষ্পত্তি ধনির কৃত বিধানানুসারে হইয়াছে, তথাপি জানা কর্ত্তব্য হিন্দু ধর্ম্মশাস্ত্রের বিধি এই যে কোন ব্যক্তি অনুদ্দিষ্ট হওনের দিবস হইতে বার বৎসর গত না হইলে তাহাকে মৃত বিবেচনা করা যাইবেক না। এই মোকদ্দমাতে যদি সাধারণ শৃঙ্খলানুযায়ি অধিকারের প্রতিবন্ধক দলিল না থাকিত তবে উদ্দেশরহিত জয়কৃষ্ণের মৃত্যু কল্পনা করা যাইতে পারণের পূর্ব্বে তৎপিতার মৃত্যু হওয়াতে, সে (অর্থাৎ বাদিনীর স্বামী জয়কৃষ্ণ) অবশ্যই পিতৃধনাধিকারী এবং তদ্দ্বারা তৎপত্নী অধিকারিণী বিবেচিত হইত।

† ইহার বিস্তার অনধিকারি-প্রকরণে দৃষ্ট হইবে।

*Cases.*

Bearing on the Vyavastha' No. 6.

I. Braja Rám Sáhú had five sons—Hari Krishna Sáhú, Joy Krishna Sáhú, Manohar Dás Sáhú Ramá Kánta Sáhú, and Rám Kánta Sáhú—Joy Krishna went to Jessore in 1197 B. S. and no tidings were ever heard of him afterwards. Braja Rám died in 1200 B. S. and after his death, Joy Krishna's wife sued for her husband's share in all the property acquired while her husband and his brothers were united. The Zillah Judge seeing that the funeral obsequies of Joy Krishna took place after a lapse of twelve years from the date of his disappearance; and that his father Braja Rám died in 1200 B. S. decreed the plaintiff's claim on the ground of her father-in-law having died *before* her husband's funeral obsequies were performed. The Provincial Court of Dacca reversed this decree on the ground of Joy Krishna being missing during the life-time of his father, and consequently his wife and grand son (daughter's son) having no claim to the property acquired by Braja Rám. A special appeal from this decision was admitted by the Sudder Court in consequence of their Pandits delivering a *Vyavastha'* stating—that if a man is missing during the life-time of his father, the Hindu-law allows twelve years for his re-appearance; that if three or four years after his disappearance his father dies, his wife is not immediately entitled to share in the property of his father, (the wife of the son not being mentioned in any of the treaties on inharitence as heir to the property of her father-in-law); but after a lapse of twelve years, if no tidings be heard of her husband, (and if there be no son, grand son, or and great grand son), she may claim her husband's share of his father's property.

But at the time of trying the case, the Court having perused a deed of partition entered into by Braja Rám, and also other documents, referred the case to their Pandits for their opinion; and the Pandits on seeing these papers, declared that in the present case, the wife and grand son of Joy Krishna had no right to any thing, but the sum fixed in the said deed for their maintenance, the will of the owner being all that is nacessary in cases of self acquired property, and that a division made of such property by the owner, who is not a minor, and is of sound mind, cannot be disturbed. The Court accordingly affirmed the decision of the Provincial Court.* Musst. Ayábati' (since deceased) *versus* Ráj Krishna Sáhhú and others, 25th April, 1820. S. D A. R. Vol. III. p. 28.

II. In the case of Rám Náráyan Bandyopádhyáy (Banerjea) *versus*. Bala Rám Bandyopádhyáy the doctrine of presuming the death of an absent person unheard of, after a lapse of twelve years (from the day of his departure) has been recognized and accepted by the Judges of the Supreme Court; and it has been declared by the second Pandit of the Sudder Dewany Adawlut, the Pandit of the Provincial Court of Calcutta, the head Pandit of the College, and another Pundit "that he who has absented himself for the period of twelve years, and of whom no intelligence has been recieved during that time, must be considered as certainly dead; and should he even return after that time, he had forfeited the rights of the living†.—East's notes, case 85. Morley's Dig. Vol. II. p. 152.

---

* Although the decision in the case turned on a matter of fact, rather than on a point of Hindu-law, yet it may be observed as a rule of the Hindu-law, that a missing person shall not be considered dead until the period of twelve years shall have elapsed from the date of his disappearance. In the present case as the father of the plaintiff's husband died before his son's death could be presumed, his son, that is the plaintiff's husband, must have been considered entitled to inherit, and through him the plaintiff, had there been no special agreement to obstruct the ordinary course of successions.

† The particulars of this are given in the section treating of exclusion from inheritance.

## তৃতীয়-পরিচ্ছেদঃ।

### পুত্র-পৌত্র-প্রপৌত্রাধিকার-ক্রমঃ।

ব্যবস্থা। ৭। মরণ পাতিত্য আশ্রমান্তর গমন এবং উপেক্ষাতে ধনির স্বত্ব ধ্বংস হইলে(৫), তদ্ধনে— পুত্রের অধিকার (অ)*।

৭। মরণ পাতিত্যাশ্রমান্তর গমনোপেক্ষাভির্ধনি-স্বত্বাপগমে (৫), তদ্ধনে— পুত্রস্যাধিকারঃ (অ)*।

প্রমাণ তনয় থাকিলে অর্থ তদ্‌গামী হয়। বৌধায়নঃ †।

সৎস্বঙ্গজেষু তদ্‌গামীহ্যর্থোভবতীতি বৌধায়নঃ †।

(অ) কলিযুগে পুত্রশব্দে কেবল ঔরস ও দত্তক পুত্র গ্রাহ্য। ‡

(অ) অধুনা পুত্রপদেন কেবলমৌরস-দত্তকয়োগ্রহণং ‡।

এতাবতা ঔরস জন্মিবার পূর্ব্বে দত্তক গৃহীত হইলে সে দত্তক ঔরস পুত্রের সহিত বিষয়ভাগী হইবে।— তদ্ভাগের পরিমাণ এবং দত্তক-বিষয়ক আরং বিবরণ দত্তক প্রকরণে দ্রষ্টব্য।

তেন ঔরস জন্মনঃপ্রাক্‌ পরিগৃহীত দত্তকস্য ঔরসেন সহাংশিত্বং।—তদংশ পরিমাণং দত্তকবিষয়কান্যান্য বিবরণঞ্চ দত্তকপ্রকরণে দ্রষ্টব্যং।

উরস্‌ (অর্থাৎ স্ব-বীর্জ) হইতে পত্নীর গর্ব্ভেজাত যে সে ঔরস, যথা মনু—"যথা—শাস্ত্র বিবাহিতা স্ত্রীর গর্ব্ভে স্বকীয় বীর্জে যাহাকে উৎপন্ন করে তাহাকেই ঔরস ও শ্রেষ্ট পুত্র জানিবে" (অ. ৯. ব. ১৮৬)। ঔরস দুই প্রকার—সবর্ণা পত্নীর গর্ব্ভেজাত ও অসবর্ণার গর্ব্ভেজাত। কিন্তু কলিতে অসবর্ণা-বিবাহ নিষেধে অসবর্ণাজাত পুত্রের অধিকার-ও প্রতিষিদ্ধ হওয়াতে ঔরস পদে এক্ষণে সবর্ণাজ-ই ধরিতে হইবে। অতএব স্মার্ত্ত ভট্টাচার্য্য কলিতে চলিত ঔরসের বোধক যে বৌধায়ন—বচন তাহাই উদ্বাহতত্ত্বে ধরিয়াছেন, যথা "স্ববীর্য্যে পত্নীর গর্ব্ভেজাত যে পুত্র তাহাকে ঔরস জানিবে" (বি. দা. ভা-দ্বী. র. ৪)। মাতা ভর্ত্তার অনুজ্ঞাক্রমে অথবা পিতা অথবা পিতা মাতা উভয়ে সজাতীয়কে যে পুত্র দান করেন সে ঐ (সজাতীয়) ব্যক্তির দত্তক পুত্র (মিতাক্ষরা)। ইহার বিস্তার দত্তক-প্রকরণে লিখিত হইল।

উরসো জাতঃ ঔরসঃ, সচ পত্নীজঃ, যথা মনুঃ— "স্বে ক্ষেত্রে সংস্কৃতায়াং স্বয়মুৎপাদযেত্তুযং। তমৌরসং বিজানীয়াৎ পুত্রং প্রথম কল্পিতং (অ. ৯. ব. ১৮৬)। ঔরসঃ দ্বিধিধঃ—সবর্ণাজো হসবর্ণাজশ্চ, কিন্ত্বিদানীং ঔরসপদেন সবর্ণাজস্যৈব গ্রহণং কলাবসবর্ণাবিবাহ প্রতিষেধেন তজ্জাতস্য দায়াধিকারনিষিদ্ধত্বাৎ। এতদভিপ্রেত্য রঘুনন্দন ভট্টাচার্য্যেরপি কলিপ্রচলিত ঔরসবোধকং বৌধায়ন বচনং উদ্বাহতত্ত্বেধৃতং, তদ্‌যথা—"সবর্ণায়াং সংস্কৃতায়াং স্বয়মুৎপাদিতমৌরসং বিদ্যাৎ" (বি. দা. ভা. দ্বী. র. ৪)। মাত্রা ভর্ত্রনুজ্ঞয়া পিত্রা বোভাভ্যাং বা সবর্ণায় যস্মৈ দীয়তে স তস্য দত্তকঃ (মিতাক্ষরা)। এতদ্বিস্তারস্তু দত্তক প্রকরণে লিখিতঃ।

* দা. ভা. অপু. পৃ. ১৭২, ১৮০। দা. ত. স্ব. পৃ. ২। দা. ক্র. সং পৃ. ১। বি. দা. ভা. দ্বী. র. ১। কোল্‌. ডা. বুক্‌. ৫, চ্যা ১, ব. ৩, (বা. ২, পৃ. ৫২০, ৫২১)। কোল্‌. দা. ভা. চ্যা. ১১, সেক্‌. ১ পারা. ৩১, ৩২। উ. দা. ক্র. সং. চ্যা. ১. পৃ. ১। মেক্‌. হি. ল. চ্যা. ২, পৃ. ১৭। কন্‌. হি. ল. পৃ. ১।

† দা. ত. স্ব পৃ. ২। দা. ভা. স্ত্রী. পৃ. ১০০। বি. দা. ভা. দ্বী. র. ১। কোল্‌. দা. ভা. চ্যা. ৪, সেক্‌. ২, পারা ২১। কোল্‌ ডা. বুক্‌, ৫, চ্যা ১, ব. ৩ বা. ২, পৃ. ৫২০।

‡ কলিভিন্ন অন্য যুগে দ্বাদশপ্রকার পুত্র ছিল, তাহা যাজ্ঞবল্ক্যকর্ত্তৃক বর্ণিত হইয়াছে, যথা—"ধর্ম্ম পত্নীরগর্ব্ভে (স্ববীর্জে) জাত যেসে—১ ঔরস; ২ পুত্রিকা-পুত্র তাহার তুল্য। স্ত্রীর গর্ব্ভে সগোত্রের কিম্বা অন্যের বীর্জে জাত পুত্র—৩ ক্ষেত্রজ; (স্ত্রী ভর্ত্তার) গৃহে গুপ্ত রূপে উৎপন্ন করে যে পুত্র সে—৪ গূঢ়জ কথিত হইয়াছে। অবিবাহিতার গর্ব্ভজ পুত্র—৫ কানীন, সে মাতামহের পুত্র। অক্ষত বা ক্ষতযোনিতে (দুইবার বিবাহিতা) স্ত্রীর গর্ব্ভজাত পুত্র—৬ পৌনর্ভব। পিতা বা মাতা কর্ত্তৃক যে দত্ত হয় সে—৭ দত্তক পুত্র॥

‡ কলীতর যুগে দ্বাদশবিধাঃ পুত্রা আসন্‌, তদ্বর্ণিতং যাজ্ঞবল্ক্যেন, যথা—"১ ঔরসো ধর্ম্মপত্নীজঃ, তৎসমঃ—২ পুত্রিকাসুতঃ। ৩ ক্ষেত্রজঃ ক্ষেত্রজাতস্ত, সগোত্রেণেতরেণ বা॥ গৃহে প্রচ্ছন্ন উৎপন্নো,—৪ গূঢ়জস্তু সুতঃস্মৃতঃ। ৫ কানীনঃ কন্যাকাজাতো, মাতামহ সুতো মতঃ॥ অক্ষতয়াং ক্ষতয়াং বা জাতঃ—৬ পৌনর্ভবস্তথা। দদ্যান্মাতা পিতা বা যং, স পুত্রো—৭ দত্তকো ভবেৎ॥

## SECTION III.

### *SUCCESSION OF THE SON, (AND IN THE MALE LINE OF) THE GRANDSON AND THE GREAT GRANDSON.*

**7. When a person's right of property ceases by death, by degradation, by the quitting of the condition of a house-holder, or by voluntary abandonment:—** Vyavasthá

**The right devolves on the son (a)*.**

Male issue (in the male line) being left, the estate must go to them. † *Boudha'yana.* Authority.

(a) By the term "son," in the present age, is meant only the *Ourasa* and *Dattaka* (sons).‡

So, if there be a *Dattaka* son, adopted before the birth of the *Ourasa* son, the former will inherit with the latter. The extent of the *Dattaka's* share in such case, and the other particulars regarding him, will be found in the part treating of adoption.

*Ourasa* is the issue of the (*uras* breast i. e.) body, and born of a (*patni*) wife legally married. Thus *Manu*:—"Him, whom a man begets on his own wife legally married, let him know to be the *Ourasa* son: first in rank." (Ch. 9, v. 166). *Ourasa*, however, is of two kinds—I. Born of a wife of *equal class*, and, II. Born of a wife of unequal class. But in the *Kali* age the marriage with a damsel of unequal class having been prohibited, (see the following note), and consequently the son born of such a wife not being entitled to inherit, by the term "*Ourasa*" we must now understand only the son begotten by the man himself on his legally married wife of *equal class*. Raghunandana, it is clear, has quoted in his *Udba'hatatwa*, only *Voudha'yana's* text.—"A son who was begotten by a man on his weded wife of *equal class*, let him know to be *Ourasa* (son)"—because he found it expressive of the son who is now considered *Ourasa*. He who is given (in adoption) by his mother with her husband's consent, or by his father, or by both, to a person of the same class, is his *Dattaka* or son given. This will be fully described in the part treating of adoption.

* Coleb. Dá. bhá. Ch. XI. Sect. I. para. 31, 32; Dá. T. p. 2; D. Cr. sang. Ch. I. p. I; Coleb. Dig. B. V, Ch. I. Text 3. (Vol. II. p. 520, 521); Macn. H. L. Vol. I, Ch. II. p. 17; Cons. H. L. p. 1.

† Dá. T. p. 2; Dá. bhá. Ch. IV. Sect. 2. para. 21; Coleb Dig. B. V. Ch. I. Text 3. (vol. II. p. 520.)

‡ In *jugas* (*yugas*) or ages other than the *Kali*, there were 12 kinds of sons, as described by *Jágynavalkya*:— 1 An *Ourasa* son is one born of a *dharma* wife (R. & M. See wife's succession); equal to him is—2 the *puttrika'-puttra* (See daughter's succession). 3 *The son of the (soil* or*) wife,* is one begotten on her by a man sprung from the same original stock (with the husband), or by another duly authorized by the husband. A son brought forth in private, in the (husband's) house, is called—4 *the son of hidden origin.* 5. A *Ka'nina* son is one born of an unmarried woman: (he is) considered the son of the maternal grandfather; 6 *A son of the twice married* is one born of a woman (by a second marriage) whether she be (at the time of that marriage) a maid or not. 7 *A son by gift* is one who is made a gift of either by his father or his mother (R. & M.)

পিতা মাতা কর্ত্তৃক যে বিক্রীত হয় সে—৮ ক্রীত পুত্র, কেহ স্বয়ং যাহাকে পুত্র করে সে (তাহার)—৯ কৃত পুত্র। আপনাকে (পুত্ররূপে) সমর্পণ করে যে সে—১০ স্বয়ংদত্ত পুত্র; গর্ব্ভেবিন্ন পুত্র—১১ সহোঢ়জ॥ (মাতা পিতা কর্ত্তৃক) পরিত্যক্ত হইয়া গৃহীত হয় যে সে (তদগ্রহীতার)—১২ অপবিদ্ধ পুত্র। ইহাদের মধ্যে প্রথম তদভাবে তৎপর এই ক্রমে পিণ্ডদাতা এবং অংশহর্ত্তা। আমার কথিত এই যে পুত্র-বিধি, সে সবর্ণে২ (ভিন্ন জাতিতে নয়)। মিতাক্ষরা। বি. দা. ভা. দী. র. ৪।

৮ ক্রীত-শ্চ তাভ্যাং বিক্রীতঃ; ৯ কৃত্রিমঃ স্যাৎ স্বয়ং-কৃতঃ। দত্তাত্মা তু [illegible] স্বয়ং-দত্তো, গর্ব্ভে বিন্নঃ ১১ সহোঢ়জঃ॥ উৎসৃষ্টো গৃহ্যতে যস্তু, সো ১২ হ্যপবিদ্ধো ভবেৎ সুতঃ। পিণ্ডদোংশহরশ্চৈষাং পূর্ব্বাভাবে পরঃ পরঃ॥ সজাতীয়েষ্বয়ং প্রোক্তস্তনয়েষু ময়া বিধিঃ। মিতা. ক্ষরা। বি. দা. ভা. দী. র. ৪।

এতন্মধ্যে কোনং পুত্রের বর্ণনা অন্যে স্পষ্টতর রূপে করিয়াছেন, যথা—

এষাং মধ্যে কেষাঞ্চিৎ বর্ণনমন্যৈঃ সুস্পষ্টীকৃতং, যথা—

(৪) যাহার গৃহে (ভার্য্যারগর্ব্ভে) গোপনে পুত্র উৎপন্ন হয়, এবং জানা যায় না যে সে কাহা হইতে হইল। [কিন্তু এমত জ্ঞান হয় যে সে সজাতীয় পুরুষ হইতে উৎপন্ন, তবে] সে পুত্রকে গূঢ়োৎপন্ন বলা যায় [মনুঃ অ. ৯, ব. ১৭০]।

(৪) উৎপদ্যতে গৃহে যস্য, ন বিজ্ঞায়েত কস্য সঃ। স গৃহে গূঢ় উৎপন্নস্তস্য স্যাৎ যস্য তল্পজঃ। মনুঃ অ. ৯. ব. ১৭০।

[৬] কোন স্ত্রী পতি কর্ত্তৃক পরিত্যক্তা, বা বিধবা হইয়া আপন ইচ্ছাতে অন্যকে বিবাহ করত পুত্র প্রসব করিলে ঐ পুত্রকে উৎপাদকের পৌনর্ভব পুত্র বলা যায় [মনুঃ অ. ৯, ব. ১৭৫]। ক্লীব কিম্বা পতিত পতিকে পরিত্যাগ করিয়া কোন স্ত্রী অন্য পতি গ্রহণ করিলে তাহার গর্ব্ভে জন্মে যে পুত্র সে পৌনর্ভব, এবং সে উৎপাদকের পুত্র [কাত্যায়ন। বি. দা. ভা. দী. র. ৪]। ঐ স্ত্রী যদি অক্ষতযোনি অবস্থাতে অন্যতে গতা হয়, তবে ঐ পৌনর্ভব পুরুষের সহিত তাহার বিবাহ সংস্কার হইতে পারে, কিম্বা কৌমার পতিকে ত্যাগ করিয়া আবার তাহার নিকট ফিরিয়া আইসে, তবে ঐ কৌমারের সঙ্গে পুনর্ব্বার বিবাহ হইতে পারে [মনুঃ অ. ৯, ব. ১৭৬]। পতি অনুদ্দিষ্ট, মৃত, প্রব্রজিত, ক্লীব, কিম্বা পতিত হইলে এই পাঁচের যে কোন আপদে নারীদিগকে অন্য পতি গ্রহণ করিতে বিধি আছে [নারদ]। পুনর্ভূ তিন প্রকার—যে অক্ষতযোনি কন্যা বিবাহ মাত্রে দূষিতা তাহাকে প্রথমা পুনর্ভূ বলা যায়, পুনর্ব্বার তাহার বিবাহ সংস্কার হইতে পারে। যে স্ত্রী কৌমার পতিকে ত্যাগ করিয়া পুরুষান্তরকে অবলম্বন করে, এবং পুনর্ব্বার পতির গৃহে ফিরিয়া আইসে, তাহাকে দ্বিতীয়া পুনর্ভূ বলা যায়। দেবরাভাবে যে স্ত্রী সবর্ণ সপিণ্ডকে বান্ধব কর্ত্তৃক প্রদত্তা হয়, সে তৃতীয়া পুনর্ভূ।

[৬] যা পত্যা বা পরিত্যক্তা, বিধবা স্বেচ্ছয়াথ বা। উৎপাদয়েৎ পুনর্ভূত্বা, স পৌনর্ভব উচ্যতে [মনুঃ অ. ৯, ব. ১৭৫]। ক্লীবং বিহায় পতিতং, যা পুনর্লভতে পতিং। তস্যাং পৌনর্ভবোজাতো, ব্যক্ত উৎপাদকস্য সঃ [কাত্যায়নঃ। বি দা, ভা. দী. র. ৪]। সাচেদক্ষতযোনিঃস্যাদ্গতপ্রত্যাগতাপি বা। পৌনর্ভবেণ ভর্ত্রা সা, পুনঃসংস্কারমর্হতি [মনুঃ অ. ৯, ব. ১৭৬]। নষ্টে মৃতে প্রব্রজিতে, ক্লীবে চ পতিতে পতৌ। পঞ্চস্বাপৎসু নারীণাং পতিরন্যো বিধীয়তে [নারদঃ]। পুনর্ভূস্ত্রিবিধা—কন্যৈবাক্ষতযোনির্যা, পাণিগ্রহণদূষিতা। পুনর্ভূঃ প্রথমা প্রোক্তা, পুনঃসংস্কারমর্হতি॥ কৌমারং পতিমুৎসৃজ্য, যাত্বন্যং পুরুষংশ্রিতা। পুনঃপত্যুর্গৃহং যাযাৎ, সা দ্বিতীয়া প্রকীর্ত্তিতা॥ অসৎসু দেবরেষু স্ত্রী বান্ধবৈর্যা প্রদীয়তে। সবর্ণায় সপিণ্ডায়, সা তৃতীয়া প্রকীর্ত্তিতা [নারদঃ। মিতাক্ষরা]

(৯) পুত্রাকাঙ্ক্ষী ব্যক্তি ধনক্ষেত্রাদির লোভ দেখাইয়া স্বয়ং যাহাকে পুত্র করে, সে তাহার কৃত্রিম পুত্র। কৃত্রিম ব্যক্তি মাতৃপিতৃবিহীন হওয়া চাই, নতুবা সে তাহাদের অধীন। [মিতাক্ষরা]।

(৯) কৃত্রিমস্তু পুত্রঃ স্বয়ং পুত্রার্থিনা ধনক্ষেত্র প্রদর্শনাদি লোভেনৈব পুত্রীকৃতো, মাতাপিতৃ বিহীনস্তৎসদ্ভাবে তৎপরতন্ত্রত্বাৎ [মিতাক্ষরা]।

(১০) মাতৃ পিতৃ বিহীন কিম্বা তৎকর্ত্তৃক অকারণে পরিত্যক্ত হইয়া যে আপনাকে সমর্পণ করে সে স্বয়ংদত্ত পুত্র [মনু. অ. ৯. ব. ১৭৭]।

(১০) মাতাপিতৃবিহীনো যস্ত্যক্তো বা স্যাদকারণাৎ। আত্মানং স্পর্শয়েৎ যস্মৈ স্বয়ন্দত্তস্তু সঃস্মৃতঃ [মনুঃ অ. ৯. ব, ১৭৭]।

(১১) জ্ঞাত বা অজ্ঞাত গর্ব্ভাবস্থাতে যে বিবাহিতা হয় ঐ গর্ব্ভেজাত যে পুত্র সে সেই বিবাহকর্ত্তার এবং তাহাকে সহোঢ়জ বলা যায় [মনু. অ. ৯. ব. ১৭৩, বি. দা. ভা. দী. র. ৪]।

(১১) যা গর্ব্ভিণী সংস্ক্রিয়তে জ্ঞাতাজ্ঞাতাপি বা সতী। বোঢুঃ স গর্ব্ভো ভবতি, সহোঢ় ইতি চোচ্যতে [মনুঃ অ, ৯. ব. ১৭৩। বি. দা. ভা. দী. র. ৪]।

(১২) মাতা ও পিতা কর্ত্তৃক অথবা তদুভয়ের কাহারো কর্ত্তৃক পরিত্যক্ত [হইয়া অন্যকর্ত্তৃক] গৃহীত হইলে তাহাকে অপবিদ্ধ পুত্র বলা যায় [মনুঃ অ. ৯. ব. ১৭১। বি. দা. ভা. দী. র. ৪]।

(১২) মাতাপিতৃভ্যামুৎসৃষ্টং, তয়োরন্যতরেণবা। যং পুত্রং পরিগৃহ্নীয়াদপবিদ্ধ স উচ্যতে [মনুঃ অ. ৯. ব. ১৭১। বি. দা. ভা. দী. র. ৪]।

8 *A son by purchase* is one sold by his parents (R. & M.); 9 *A son made* is one (born of other parents, and) adopted by a man for himself. But he who gives himself as a son to another is—10 *a self-given* son. A child accepted, while yet in the womb of the bride, is—11 *a son received with a bride.* He, who is taken upon being forsaken by his own parents, is—12 *a deserted son.* On failure of the first of these sons, the next in order that there may be shall present the oblation-cake and take the heritage. This law has been propounded by me in respect of sons equal in class (with their adoptive fathers). See Coleb. Dig. B. V. Texts 200, 249, 258, 267, 272, 283, 286, 289 (Vol. III., p. 160, 210, 224, 235, 241, 273, 275. 276, 278, 279) *Mita'kshara'* Ch. I. Sect. 11. ppra. 1.

By others, some of these sons are more fully described, as :—

(4) In whose mansion soever a male child shall be brought forth by a married woman, if the real father cannot be discovered, (but if it be probable that he was of an equal class,) that child belongs to him of whose wife it is born. *Manu.* Ch. IX. V. 170.

(6) He, whom a widow or a woman forsaken by her lord produces by contracting marriage for the second time, is called the son of a twice married woman. *Manu.* Ch. IX. V. 175. The son begotten on a woman, who deserting a husband impotent or degraded for his sins, takes a second lord, is a son by a twice married woman. *Ka'tya'yana.* Vide Dig. B. V, Text 269. If she while yet a virgin cohabit with another man, she may marry that man for the second time, or if leaving her husband before he has attained the age of puberty, and cohabiting with another man, return to the husband, she must again perform the nuptial ceremony with the young husband. *Manu* Ch. IX. V. 176. If the husband be missing, dead, become an ascetic, be impotent, or be degraded for his sins, in the event of (any of) these calamities occuring, it is lawful for a woman to take another husband. *Na'rada.* Of women, twice married, there are three descriptions :—of the first description is she, who though blemished by a repetition of the marriage rites, remains a virgin : she may re-marry. Of the second description is she, who leaving her husband before he has attained the age of puberty, cohabits with another man. and again returns to her husband. Of the third description is she, who being a widow is, for want of brothers of her husband, given in marriage by the kinsmen to a *sapinda* of the same class. *Na'rada.* Vide *Mita'kshara'*.

(9) *The son made (kritrima)* is one whom the man, desirous of male issues, himself adopts after enticing him by the show of money and land : the son so adopted must be without (his real) parents ; for if they be living he is subject to their control. *Mita kshara'*.

(10) He who has lost his patents, or been abandoned (by them), without a just cause, and offers himself to a man (as his son) is called the son self-given. *Manu.* ch IX, p. 177.

(11) If a pregnant (young) woman marry, whether her pregnancy be known or unknown, the child in her womb belongs to the bridegroom, and is called a son born of a pregnant bride. *Manu.* Ch. IX. V. 173.

(12) A boy whom a man receives (as his son) after he has been deserted (without a just cause) by his parents, or by either of them (if one be dead,) is called a son rejected. *Manu.* Ch. IX. V. 171.

"শূদ্রের দাসী-পুত্র হইলেও, ঐ শূদ্রের ইচ্ছামতে অংশ-হর হইবে, পিতা মরিলে ভ্রাতারা তাহাকে স্বভাগের অর্দ্ধ পরিমিত ভাগ দিবে, ভ্রাতা, পত্নী, দুহিতা ও দৌহিত্র না থাকিলে যাবতীয় ধন গ্রহণ করিবে—এই যাজ্ঞবল্ক্যবচনবলে শূদ্রেরই কেবল তাদৃশ আচার অন্য বর্ণের নয়" ইহা শুদ্ধি তত্ত্বে লিখিয়া যদ্যপি স্মার্ত্ত ভট্টাচার্য্য শূদ্রের দাসীপুত্রের অধিকার স্বীকার করিয়াছেন, তথাপি এতদ্দেশে অধম শূদ্রের-ই কেবল তাদৃশ ব্যবহার দৃষ্ট হওয়াতে উক্ত বচন তাহাদের উপরই খাটে।—দাসদাসী কতপ্রকার তদ্বর্ণা পশ্চাদ্ হইবে।

যদ্যপি রঘুনন্দন ভট্টাচার্য্যৈঃ—"জাতোঽপিদাস্যাং শূদ্রেণ, কামতোঽংশ-হরো ভবেৎ। মৃতে পিতরি কুর্য্যুস্তং ভ্রাতরস্ত্বর্দ্ধভাগিকং। অভ্রাতৃকো হরেৎ সর্ব্বং, দুহিতৄণাং সুতাদৃতে—ইতি যাজ্ঞবল্ক্য বচনাচ্ছূদ্রাণামেব তথাবিধাচারো নান্যেষাং বর্ণানাং" ইতি লিখনাৎ শূদ্র-দাসী-পুত্রস্যাধিকারঃ শুদ্ধিতত্ত্বে স্বীকৃতঃ, তথাপি এতদ্দেশে অধমশূদ্রাণামেব তাদৃশ ব্যবহার দর্শনাৎ বচনমিদং তদ্বিষয়কমেব।—দাসদাস্যৌ পশ্চাদ্বর্ণয়িতব্যে। *

---

ঔরসাদি দ্বাদশ প্রকার পুত্রের মধ্যে ঔরস ও দত্তক ভিন্ন অন্য প্রকার পুত্র (করা) কলিতে নিষিদ্ধ হইয়াছে, যথা আদিত্য পুরাণে—"দত্তক ও ঔরস ভিন্ন অন্য প্রকার পুত্র গ্রাহ্য নয়, তথা অসবর্ণা কন্যার সহিত ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্যের বিবাহ," ইত্যাদি কথনপূর্ব্বক বলিয়াছেন এই সকল কর্ম্ম লোকরক্ষার্থে কলির আদিতে মহাত্মা সুধীরা ব্যবস্থাপূর্ব্বক রহিত করিয়াছেন। সাধুদিগের যে নিয়ম সে-ও বেদবৎ মান্য। সাধু—দোষরহিত। উদ্বাহতত্ত্ব। বি. দা. ভা. দী. র. ৩, ৪।

ঔরসাদীনাং দ্বাদশ বিধ পুত্রাণাং মধ্যে ঔরস দত্তেতরে পুত্রাঃ কলৌ নিষিদ্ধাঃ, যথা আদিত্য পুরাণং—"দত্তৌরসেতরেষান্তু পুত্রত্বেন পরিগ্রহঃ। কন্যানামসবর্ণানাং বিবাহশ্চ দ্বিজাতিভিঃ" ইত্যাদীন্যভিধায়, এতানি লোক গুপ্ত্যর্থং কলেরাদৌমহাত্মভির্নিবর্ত্তিতানি কর্ম্মাণি, ব্যবস্থাপূর্ব্বকং বুধৈঃ। সময়শ্চাপি সাধূনাং প্রমাণং বেদবদ্ভবেৎ। সাধুঃ—দোষরহিতঃ। উদ্বাহ তত্ত্ব। বি. দা. ভা. দী. র. ৩, ৪।

এই সকল কর্ম্মবেদমূলক, কিন্তু এসকলের নিষেধ সাধুদিগের নিয়মমূলক। তথাচ সাধুদিগের নিয়ম বেদতুল্য কথিত হওয়াতে অন্যাশঙ্কা তাহা প্রমাণ্য করিয়া জানান হইয়াছে। অতএব এক্ষণেও সাধুদিগের নিয়মানুসারে তদ্রূপ আচার অশাস্ত্রীয় নয়। তাহা মনু কহিয়াছেন—"বেদ-বেত্তা নিত্য রাগ-দ্বেষ-শূন্য ধার্ম্মিকদিগের অনুষ্ঠিত এবং মনেতে অভ্যনুজ্ঞাত অর্থাৎ মঙ্গলের কারণ রূপে স্বীকৃত, যে ধর্ম্ম তাহা জান। বেদ, স্মৃতি, শিষ্টের আচার, ও আত্ম-তুষ্টি এই চতুর্বিধ ধর্ম্মের সাক্ষাৎ প্রমাণ কহিয়াছেন। অ, ২, ব. ১, ১২।

এতানি কর্ম্মাণি বেদমূলকান্যেব, তেষাং নিষেধস্তু সাধুসময়মূলকঃ। সাধুসময়স্য বেদতুল্যত্ব প্রতিপাদনেনান্যেভ্য প্রাধান্যমাবেদিতং। অত ইদানীমপি সাধুসময়েন তদাচারে দোষ বিরহ ইতি গম্যতে, যথা মনুঃ—"বিদ্বদ্ভিঃ সেবিতঃ সদ্ভির্নিত্যমদ্বেষরাগিভিঃ। হৃদয়েনাভ্যনুজ্ঞাতো যোধর্ম্মস্তন্নিবোধত। বেদঃ স্মৃতিঃ সদাচারঃ স্বস্যচ প্রিয়মাত্মনঃ। এত চ্চতুর্ব্বিধম্প্রাহুঃ, সাক্ষাদ্ধর্ম্মস্য লক্ষণং। অ. ২, ব. ১, ১২।

অপিচ যদি গুরুপরম্পরাগত অথচ বেদাবিরুদ্ধ কোন ব্যবহার প্রচলিত থাকে, তাহাওশাস্ত্রীয়, তাহা মনু কহিয়াছেন-ধর্ম্মবিৎ রাজা (ব্রাহ্মণাদি) জাতির নিয়ত বেদাবিরুদ্ধ ধর্ম্ম অর্থাৎ আচার, (বেদাবিরুদ্ধ নিয়ত ব্যবহৃত) দেশাচার, এবং (কুলে ক্রমাগত) কুলধর্ম্ম ও (বণিক্ প্রভৃতির) শ্রেণী-ধর্ম্ম জানিয়া তত্তদ্ধর্ম্ম ব্যবস্থাপন করিবেন"। অ. ৮. ব. ৪১।

অপিচ যদি কুচিদ্ গুরুপরম্পরাগতঃ আম্নায়াবিরুদ্ধশ্চ আচারঃ প্রচলতি সোপি শাস্ত্রীয়ঃ, তদাহ মনুঃ—"জাতি জানপদান্ ধর্ম্মান্, শ্রেণীধর্ম্মাংশ্চ ধর্ম্মবিৎ। সমীক্ষ্য কুলধর্ম্মাংশ্চ স্বধর্ম্মংপ্রতি পাদয়েৎ। অ. ৮, ব. ৪১।

দেশাদির নিয়মানুযায়ি কর্ম্ম-ও শ্রুতি ও স্মৃতিবিহিত ধর্ম্মের অবিরুদ্ধ হইলে কর্ত্তব্য কথিত হইয়াছে—যথা যাজ্ঞবল্ক্যঃ (শ্রুতি স্মৃতির অবিরোধি) নিয়মানুযায়ি যে কর্ম্ম তাহা যত্নে পালনীয়, এবং রাজকর্ত্তৃক নিজধর্ম্মের অবিরোধে কৃত যে নিয়ম তাহাও যত্নে পালনীয়। ১৮৮।

দেশাদি সময়নিষ্পন্ন ধর্ম্মস্যাপি শ্রৌত স্মার্ত্ত ধর্ম্মানুপমর্দ্দেন প্রামাণ্যং, যথা যাজ্ঞবল্ক্যঃ-"নিজ ধর্ম্মাবিরোধেন যস্তু-সাময়িকো ভবেৎ। সোপি যত্নেন সংরক্ষ্যো ধর্ম্মোরাজ কৃতশ্চ যঃ। ১৮৮।

দেশের, জাতির, সমাজের এবং গ্রামের যে ধর্ম্ম বা আচার, ভৃগু কহিয়াছেন তদনুসারেই দায়ের ভাগ কল্পিত হইবে। কাত্যায়নঃ। দা. ত. পৃ. ৭।

দেশস্য জাতেঃ সঙ্ঘস্য ধর্ম্মোগ্রামস্য যো ভৃগুঃ। উদিতঃ স্যাৎ স তেনৈব দায়ভাগং প্রকল্পয়েৎ॥ ভৃগুরাহেতি শেষঃ। কাত্যায়নঃ। দা. ত. পৃ. ৭।

শূদ্রের অসজাতীয়া বিবাহ মনুকর্ত্তৃকই নিষিদ্ধ হইয়াছে, যথা, "শূদ্রের সমান জাতীয়া ভার্য্যাই বিহিতা, অন্যজাতীয়া বিহিতা নয়, সজাতীয়াতে যদি শত পুত্র-ও জন্মে তাহারা সমানাংশ ভাগি হইবে। অ. ৯. ব. ১৫৭।

শূদ্রস্য অসজাতীয়াবিবাহো মনুনৈব নিষিদ্ধঃ, যথা "শূদ্রস্য তু সবর্ণৈব নান্যাভার্য্যা বিধীয়তে। তস্যাঞ্জাতাঃ সমাংশাঃ স্যুর্যদি পুত্রশতং ভবেৎ। অ. ৯. ব. ১৫৭।

*Raghunandana* in his *Shudhi-tatwa* quotes the following texts of *Jágnyavalkya*:—" Even a son begotten by a *Shúdra* on a female slave* may take a share by the father's choice, but if the father be dead, the brethren should make him partaker of the moiety of a share: and one who has no brothers may inherit the whole property, in default of a daughter's son." He then adds the comment—" The rule laid down in the above text of *Jágnyavalkya* is observed only among the *Shúdras*, not by the other casts; and he thus admits the heritable right of the son so begotten." Such practice however being confined in fact to the very inferior tribes of *Shúdras*, the text (of *Jágnyavalkya*) can be considered to apply to *them* only.

Among these twelve descriptions of sons, any other, than the *ourasa* and *dattaka*, are forbidden in the *Kali*-age: thus the *A'ditya purána*, after citing—" The filiation of any but the *dattaka* and *ourasa* is not admitted: and also the marriage of regenerate men (i. e. *Bráhman*, *Kshetriya*, and *Boishya)* with girls of unequal class"—and other parts of the law, proceeds—" these practices have been abrogated by the high-minded sages, with an intent of securing mankind from evil. The ordinances of *Sádhus* are of equal authority with the *Vedas*.—*Sádhus*, i. e. men free from all defects. See the *Udváhatatwa*. See also Coleb. Dig. Vol. III, pp. 141, 142, 271, 272, 288.

These practices are enjoined by the *Vedas*, but they are forbidden or abrogated by the authority of *Sádhus*. That authority is admitted to be equal to the *Vedas*, and is therefore superior to all other authorities. It follows that if, by the authority of *Sádhus*, such observance and practice be again sanctioned, their legality will be restored. Thus *Manu*: " Know the system of duties, which is revered and observed by such as are learned in the *Vedas*, virtuous, and ever exempt from hatred and inordinate affection, and which is impressed on the heart (as the means of beatitude). The Scripture, the Codes of Law, the practice (approved) of the good, and the satisfaction of the conscience: the wise have openly declared virtue to be of these four descriptions." Ch. II., V. 2 & 12.

Further, a custom continuously observed for several generations, and not repugnant to the *Vedas*, has the force of law; as *Manu*:—" A king who knows the revealed law, must enquire into the particular laws of tribes, the laws (or usages) of districts, the rules of the classes (of traders, and the like), the customs of certain families, and shall establish their peculiar laws, (if they be not repugnant to the *Vedas*.)" Ch. VIII., v. 41.

So, the usage of a country, &c., established by agreement of the people must also be observed, provided such usage be not opposed to the *Vedas* and the codes of law. Thus *Jágnyavalkya*:—" The usage or practice which has its origin in the general agreement of the people should be carefully observed, as well as that which is established by the king; provided such usage be not opposed to one's own *dhamra*" (v. 188).

*Bhrigu* (says): whatever be the custom of a country, tribe, or nation, body of people, or village, let that be followed, and let the partition of heritage be made in conformity therewith. *Kátyáyana*.

The marriage of a *Shúdra* with a woman of another cast has been prohibited by *Manu* himself:—"For a *Shúdra* is ordained a wife of his own class, and no other: and if a hundred sons be born of her, they shall have equal shares." Ch. IX., v. 157.

* The description of the different kinds of slaves, male and female, is given hereafter.

কলিতে প্রচলনার্থ যে পরাশরের সংহিতা তাহাতে দত্তক ২৭ কৃত্রিমেরও পুত্রত্ব পরিগ্রহ, এবং দ্বাদশ প্রকার পুত্রের মধ্যে ঔরস দত্তক ও কৃত্রিম পুত্রের দায়াধিকার স্বীকৃত হইয়াছে। তথাপি মিথিলা দেশেই কৃত্রিম পুত্র প্রচলিত, গৌড়ে কৃত্রিম প্রথা নাই।

কলৌ প্রচলনায় পরাশর সংহিতায়াং দত্তক বৎ কৃত্রিমস্যচ পুত্রত্বং স্বীকৃতং, এবঞ্চ দ্বাদশবিধ পুত্রাণাং মধ্যে ঔরস দত্তক কৃত্রিমকাণামেব দায়াধিকার উক্তঃ। তথাচ মিথিলায়ামেব কৃত্রিম পুত্রঃ প্রচলিতঃ গৌড়েতু কৃত্রিম-প্রথা নাস্তি।

ব্যবস্থা

৮। অনেক পুত্র থাকিলে তৎ সকলের তুল্যাধিকার *।

৮। পুত্রাণাং বহুত্বে সর্ব্বেষাং তুল্যোঽধিকারঃ *।

প্রমাণ

পিতার ও মাতার উর্দ্ধ গমন হইলে (অা) ভ্রাতারা মিলিত হইয়া সমান রূপে (ই) * পৈতৃক ধন বিভাগ করিয়া লইবে, পিতা মাতা বিদ্যমানে পুত্রেরা (তদ্ধনে) স্বামি নয়। মনু. অ. ৯, ব. ১০৪।

ঊর্দ্ধং (অা) পিতুশ্চ মাতুশ্চ সমেত্য ভ্রাতরঃ সমং (ই) *। ভজেরন্ পৈতৃকং ঋকথং অনীশাস্তেহি জীবতোঃ। মনুঃ অ. ৯, ব. ১০৪।

(অা) উর্দ্ধ গমন হইলে—অর্থাৎ স্বত্বধ্বংস হইলে। শ্রীকৃষ্ণ, দা. ভা. টী. স্ব. পৃ. ১৭।

(অা) উর্দ্ধ—স্বত্বোপরমানন্তরং। শ্রীকৃষ্ণ, দা. ভা. টী. স্ব. পৃ. ১৭।

ব্যবস্থা

৯ (ই) এস্থলে সমানরূপে বলাতে ভ্রাতাদের সমানই অধিকার, বিংশতি ভাগের ভাগ প্রভৃতি উদ্ধার করিয়া যে স্নেহেতে অন্য ভ্রাতা কর্ত্তৃক জ্যেষ্ঠাদিকে দত্ত হয় সে জ্যেষ্ঠাদির মান রক্ষার্থে,—কিন্তু তাহা গুণবান্ জ্যেষ্ঠেরসঙ্গে সম্পর্ক রাখে। পরন্তু কলি কালে কনিষ্ঠ সকলের জ্যেষ্ঠের প্রতি সাতিশয় ভক্তি না থাকাতে অথবা বিংশোদ্ধার পাইবার যোগ্য জ্যেষ্ঠ না-থাকাতে সংসারে সমান ভাগই দৃষ্ট হইতেছে ‡। শূদ্রাদিগের মধ্যে কখনো বিংশোদ্ধারাদি পাওয়ার নিয়ম নাই §। ইহার বিস্তার বিভাগ প্রকরণে দ্রষ্টব্য।

According to *Ratnákara* the phrase "persevering in religious observances" signifies abiding under the strictest rule prescribed to widows (who chose to survive their husbands). This interpretation is considered just and accurate by the author of *Vivádabhangárnava.*—See Coleb. Dig. Vol. III., p. 463.

All these are specified in detail by Jímútaváhana in the following passage: "On failure of the heirs down to the son's grand son, the wife, being inferior in pretensions to sons and the rest, because she performs acts spiritually beneficial to her husband from the date of her widowhood (and not like them from the moment of their birth) succeeds to the estate in their default. Thus Vyása says: 'After the death of her husband, let a virtuous woman observe the duty of continence, and let her daily, after the purification of the bath, present, from the joined palms of her hand, water mixed with *til* (sesamum) to the manes of her husband. Let her day by day perform with devotion the worship of the Gods, and the adoration of Vishnu, practising constant abstemiousness. She should give alms to the chief of the venerable for increase of holiness, and keep the various fasts which are commanded by sacred ordinances. A woman who is assiduous in the performance of duties conveys her husband, though abiding in another world, and herself (to a region of bliss).' Since by these and other passages it is declared, that the wife rescues her husband from hell; and since a woman, doing improper acts through indigence, causes her husband to fall (to a region of horror;) for they share the fruits of virtue and vice; therefore the property devolving on her is for the benefit of the former owner: and the wife's succession is consequently proper." Coleb. Dá. bhá. Ch. XI. Sect. 1. paras. 43, 44.

The author of Vivádadhangáranva puts this question "Since a woman has not yet performed the duties of widowhood and the like, how can she have a title to inheritance immediately after

ভজার্ণবকর্ত্তা এই পূর্ব্বপক্ষ করিয়া আপনি-ই উত্তর দিতেছেন যে বিধবা নিয়মপালনোন্মুখী হইলে-ই তাহার ধনাধিকার হয়। অনন্তর দৈবাৎ মতিভ্রম হইলে তৎপূর্ণাধিকারিতার নাশ হয়। "যৌবনস্থা বিধবানারী কর্কশা হয়। অতএব তাহারদিগকে আয়ুঃক্ষপণার্থে স্ত্রী-ধনটা দেয়"। এই হারীত বচনে যৌবনস্থা পদে ব্যভিচার-সম্ভাবনা বুঝায়, কেবল যৌবনাবস্থাই লক্ষিত নয়, কেননা কোন২ যুবতী বিখ্যাত ধর্ম্মিণী হওয়াতে তাহার অধিকারে কাহারো আপত্তি নাই। কর্কশা পদে বিধবা-নিয়ম*বর্জ্জিতা বলা হইয়াছে। বি. দা. ভা. দ্বী. র. ৮।

পূর্ব্বপক্ষয়িত্বা স্বয়মেবোত্তরংদত্তং, তদ্ যথা, "বিধবা নিয়মসাংমুখ্যেনৈব ধনাধিকারিত্বং, অনন্তরঞ্চ দৈবাদ্ মতিভ্রমে পূর্ণাধিকারিতা নশ্যত্যেব।"বিধবা যৌবনস্থা, নারী ভবতি কর্কশা। আয়ুষঃ ক্ষপণার্থন্তু, দাতব্যং স্ত্রীধনং সদা"। ইতি হারীতবচনে যৌবনস্থা ইত্যনেন ব্যভিচারসম্ভাবনৈব দ্যোত্যতে নতু যৌবনবয়োমাত্রং দৃষ্টং যুবত্যাঅপি কস্যাশ্চিৎ প্রসিদ্ধসুশীলায়া অধিকারস্য সর্ব্বসিদ্ধত্বাৎ। কর্কশা ইত্যনেন বিধবানিয়মবর্জ্জনং* দ্যোতিতং। বি. দা. ভা. দ্বী. র. ৮।

* বিধবা-নিয়মো যথা—

পবিত্র পুষ্প মূল ফল ভক্ষণে ইচ্ছাতঃ দেহকে ক্ষীণ করিবে, পতি মরিলে অন্য পুরুষের নামও করিবে না। যাবজ্জীবন ক্ষমাশীলা সংযতা ব্রহ্মচর্য্যাবলম্বিনী এবং সাধ্বীদিগের যে অনুপম ধর্ম্ম তদনুষ্ঠায়িনী হইয়া কালযাপন করিবে। সহস্র২ ব্রাহ্মণ বাল্যকাল হইতে ব্রহ্মচর্য্যানুষ্ঠান করত বংশ রক্ষার্থে সন্তান উৎপন্ন না করিয়াও স্বর্গ গমন করিয়াছেন। ভর্ত্তা মরিলে ব্রহ্মচর্য্যানুষ্ঠায়িনী যে সাধ্বী স্ত্রী সে অপুত্রা হইলেও ঐ ব্রহ্মচারিদের ন্যায় স্বর্গারোহণ করে। যে স্ত্রী পুত্র লোভে ভর্ত্তাকে অতিক্রম করে (অর্থাৎ ব্যভিচারিণী হয়,) সে ইহ লোকে নিন্দিতা এবং পতি লোক হইতে হীনা হয়। মনুঃ অ. ৫।

কামন্তু ক্ষপয়েৎ দেহং, পুষ্পমূলফলৈঃ শুভৈঃ। নতু নামাপি গৃহ্নীয়াৎ, পত্যৌ প্রেতে পরস্য তু। আসীতামরণাৎ ক্ষান্তা, নিয়তা ব্রহ্মচারিণী। যোধর্ম্ম এক পত্নীনাং, কাঙ্ক্ষন্তী তমনুত্তমং। অনেকানি সহস্রাণি, কৌমার ব্রহ্মচারিণাং। দিবং গতানি বিপ্রাণামকৃত্বা কুলসন্ততিং॥ মৃতে ভর্ত্তরি সাধ্বী স্ত্রী, ব্রহ্মচর্য্যে ব্যবস্থিতা। স্বর্গং গচ্ছত্যপুত্রাপি, যথাতে ব্রহ্মচারিণঃ॥ অপত্য লোভাৎ যাতু স্ত্রী, ভর্ত্তারমতিবর্ত্ততে। সেহ নিন্দামবাপ্নোতি, পতিলোকাচ্চ হীয়তে॥ মনু. অ. ৫।

বিধবা নারী এক পতিকা স্ত্রীর যে ধর্ম্ম তদনুষ্ঠায়িনী হইয়া ব্রহ্মচর্য্যাবলম্বনপূর্ব্বক যাবজ্জীবন সংযতভাবে থাকিবে। শ্রুতিতে কিম্বা শাস্ত্রে স্ত্রীদিগের প্রব্রজ্যা বিহিত হয় নাই। সবর্ণ পতির সঙ্গে ব্রতানুষ্ঠানই তাহাদের স্বধর্ম্ম। যেমত অষ্টাশীতি সহস্র ঊর্দ্ধরেতা ব্রাহ্মণ মুনিরা (কুলে) সন্তান উৎপন্ন না করিয়াও স্বর্গগমন করিয়াছেন, তদ্রূপ অপুত্রা বিধবা কন্যা ব্রহ্মচর্য্যাবলম্বিনী হইলে স্বর্গপ্রাপ্তা হয়, ইহা স্বায়ম্ভুব (মনু) কহিয়াছেন। যম।

যাবজ্জীবং যদাসীত, নিয়তা ব্রহ্মচারিণী। যো ধর্ম্ম একপত্নীনাং,তদ্ধর্ম্মমনুকাঙ্ক্ষতী॥ ক্রিয়াং শ্রুতৌ বা শাস্ত্রে বা, প্রব্রজ্যা ন বিধীয়তে। ব্রতং হি তস্যাঃ স্বোধর্ম্মঃ, সবর্ণাদিতি ধারণা॥ অষ্টাশীতি সহস্রাণি, মুনীনামূর্দ্ধরেতসাং। দিবং গতানি বিপ্রাণামকৃত্বা কুলসন্ততিং॥ তথৈব কন্যা ব্যাবৃত্ত্যা ব্রহ্মচর্য্যে ব্যবস্থিতা। অপুত্রা প্রাপ্নুয়াৎ স্বর্গং, সেতি স্বায়ম্ভুবোঽব্রবীৎ॥ যমঃ।

পতি মরিলে স্ত্রী ব্রহ্মচর্য্যাবলম্বন অথবা তদনুমরণ করিবে। বিষ্ণু।

মৃতে ভর্ত্তরি ব্রহ্মচর্য্যং তদন্বারোহণং বা। বিষ্ণুঃ।

পতির জীবনান্তে তৎশয়নগৃহ পরিত্যাগিনী, জিহ্বা হস্ত এবং পাদেন্দ্রিয়কে বশকারিণী, সদাচারাবলম্বিনী দিবাভাগে কান্ত জন্যে বিলাপিনী পত্নী ব্রত উপবাস ও নিয়ম দ্বারা ভর্ত্তৃলোক জয় করে এবং পুনরায় পতিলোক প্রাপ্ত হয়। এমত কথিত আছে—যে পতিব্রতা নারী পতি মরিলে বিধবানিয়মে থাকে, সে সকল পাপ হইতে মুক্তা হইয়া পতিলোক প্রাপ্তা হয়। হারীত।

ভর্ত্তুঃ শয়নগৃহবর্জ্জং জিতজিহ্বা হস্ত পাদেন্দ্রিয়া সাচারবতী দিবা ভর্ত্তারমনুশোচন্তী ব্রতোপবাসনিয়মৈঃ কান্তায়ুষোঽন্তে পতিলোকং জয়তি, ভূয়ঃ পতিলোকমাপ্নোতি, এবং হ্যাহ। পতিব্রতাতু যা নারী, মিতাং যাতি পত্যৌ মৃতে। সাহিত্বা সর্ব্বপাপানি, পতিলোকমবাপ্নুয়াৎ। হারীতঃ।

শরীরের অর্দ্ধাংশ এবং পুণ্যাপুণ্য ফলের সমভাগিনী কথিতা যে স্ত্রী সে অনুগামিনী হউক বা জীবদ্দশায় থাকুক সাধ্বী হইলে স্বামির উপকারিণী। ব্রত উপবাস ও ব্রহ্মচর্য্য অনুষ্ঠায়িনী নিত্য নিয়মজন্য ক্লেশসহিষ্ণু এবং দানশীলা বিধবা অপুত্রা হইলেও স্বর্গগামিনী হয়। বৃহস্পতি।

শরীরার্দ্ধং স্মৃতা জায়া, পুণ্যাপুণ্যফলে সমা। অন্বারূঢ়া জীবতি বা, সাধ্বী ভর্ত্তুর্হিতায় সা॥ ব্রতোপবাসনিরতা, ব্রহ্মচর্য্যে ব্যবস্থিতা। দমদানরতা নিত্যমপুত্রাপি দিবং ব্রজেত্॥ বৃহস্পতিঃ।

বিধবা নারী একাহার করিবে কোন ক্রমে দুইবার খাইবে না। সে পালঙ্কে শয়ন করিলে পতিকে পতিত করে। বিধবা স্ত্রী আর কখন গন্ধদ্রব্য উপভোগ করিবে না এবং কুশ তিলও জল দ্বারা প্রত্যহ ভর্ত্তার তর্পণ করিবে। বৈশাখ কার্ত্তিক ও মাঘ মাসে বিশেষ নিয়মানুষ্ঠান করিবে। এবং স্নান দান ও তীর্থ যাত্রা ও বারম্বার বিষ্ণুর নাম গ্রহণ করিবে। স্মৃতি।

একাহারঃ সদা কার্য্যঃ, ন দ্বিতীয়ঃ কথঞ্চন। পর্য্যঙ্কশায়িনী নারী বিধবা পাতয়েৎ পতিং॥ গন্ধদ্রব্যস্য সম্ভোগো, নৈব কার্য্যস্তয়াপুনঃ। তর্পণং প্রত্যহং কার্য্যং, ভর্ত্তুঃ কুশতিলোদকৈঃ। বৈশাখে কার্ত্তিকে মাঘে, বিশেষ নিয়মং চরেৎ॥ স্নানং দানং তীর্থযাত্রাং, বিষ্ণোর্নাম গ্রহং মুহুঃ॥ স্মৃতিঃ।

স্বামী অনেক দোষে দুষ্ট হইলেও তাহার মৃত্যুর পরে যে সাধ্বী স্ত্রী সদাচারা এবং গুরু শুশ্রূষণে নিযুক্তা থাকে ও ব্রহ্মচর্য্যাবলম্বন করে সে ধর্ম্মে অরুন্ধতীর সমান, এবং স্বর্গগামিনী হয়। কাত্যায়ন। বিবাদ ভঙ্গার্ণবে মৃতভর্ত্তৃকা ধর্ম্ম দ্রষ্টব্য।

অনেক দোষদুষ্টেঽপি, মৃতে ভর্ত্তরি যা সদা। সাধ্বাচারৈব তিষ্ঠেত,গুরুশুশ্রূষণেরতা॥ মৃতে ভর্ত্তরি সাধ্বী স্ত্রী, ব্রহ্মচর্য্যে ব্যবস্থিতা। সারুন্ধতী সমাচারা, স্বর্গলোকে মহীয়তে। কাত্যায়নঃ। বিবাদ সঙ্গার্ণবে মৃতভর্ত্তৃকাধর্ম্মো দ্রষ্টব্যঃ॥

the death of her husband?" and himself answers it, thus: "She has an immediate tit'e because she is disposed to perform those duties; but afterwards if her propensities happen to change, she forfeits the right which she had fully possessed." In *Hárita's* text ('A woman widowed and young is untractable; but separate property must always be given to women, that they pass their destined life,') young is mentioned as indicating the possibility of adultery. By youth that age is not strictly meant, for, a woman, though young, who is known to be well-disposed, has the right of inheritance by universal consent. By the term 'untractable' is suggested the neglect of the duties of widowhood.* See Coleb. Dig. B. V. Text 409 (Vol. III. p. 479.)

* The duties of widows are prescribed as follows :—

"Let her emaciate her body, by living voluntarily on pure flowers, roots, and fruits; but let her not, when her lord is deceased, even pronounce the name of another man. Let her continue till death forgiving all injuries, performing harsh duties, avoiding every sensual pleasure, and practising the incomparable rules of virtue, which have been followed by such women as were devoted to one only husband. Many thousands of Bráhmanas having avoided sensuality from their early youth, and having left no issue in their families, have ascended (neverthless) to heaven. And like those abstemious men, a virtuous wife ascends to heaven, though she have no child, if, after the decease of her lord, she devote herself to pious austerity. But a widow who, from a wish to bear children, slights her (deceased) husband (by marrying again,) brings disgrace on herself here below, and shall be excluded from the seat of her lord." Manu. Ch. V.

"Let her continue, as long as she lives, performing austere duties, avoiding every sensual pleasure, and cheerfully practising those rules of virtue which have been followed by such women as were devoted to one (only husband). Neither in the *Vedas*, nor in the sacred code, is religious seclusion allowed to a woman: her own duties, practised with a husband of equal class, are indeed her religious rites: this is the settled rule. Eighty-eight thousand holy sages of the sacerdotal class, superior to sensual appetites, and having left no male issue, have ascended (nevertheless) to heaven. Like them, a damsel, becoming a widow, and devoting herself to pious austerity, shall attain heaven though she have no son: this, Manu, sprung from the Self-existent, has declared. Yama.

"After the death of her husband, a wife must practice austerities, or ascend (the pile) after him." Vishnu.

"Leaving her husband's favourite abode, keeping her tongue, hands, feet, and (other) organs in subjection, strict in her conduct, all day mourning her husband, with harsh duties, devotion, and fasts to the end of her life, a widow victoriously gains her husband's abode, and repeatedly acquires the same mansion with her lord, as is thus declared: That faithful woman who practises harsh duties after the death of her lord, cancels all her sins, and acquires the same mansion with her lord." Háríta.

"A wife is considered as half the body of her husband, equally sharing the fruit of pure and impure acts: whether she ascend (the pile) after him or survive for the benefit of her husband, she is a faithful wife. Strict in austerities and rigid devotion, firm in avoiding sensuality, and ever patient and liberal, a widow attains heaven, even though she have no son." Vrihaspati.

"Only one meal each day should ever be made (by a widow,) not a second repast by any means; and a widowed woman, sleeping on a bedstead, would cause her husband to fall (from a region of joy). She must not again use perfumed substances: but daily make offerings for her husband, with *kusa*-grass, *til*, and water. In the months of *Voishákha*, *Kártika*, and *Mágha*, let her observe special fasts, perform ablutions, make gifts, travel to places of pilgrimage, and repeatedly utter the name of Vishnu." Smriti.

"Though her husband die guilty of many crimes, if she remain ever firm in virtuous condnct, obsequiously, honouring her spiritual parents, and devoting herself to pious austerity after the death of her husband, that faithful widow is exalted to heaven, as equal in virtue to Arundhati." Kátyáyana. See Coleb. Dig. Vol. II. p. 460—465.

(ক) ভর্ত্তার কৃৎস্ন অংশ পত্নী লইবে ইহার ভাব এই যে ভর্ত্তার নিজ অংশে যত তৎসমুদায় লইবে, স্বকীয় কৃৎস্ন অংশ লইবে না। দা. ভা. অপু. পৃ. ১৬৮।

(ক) ভর্ত্তার কৃৎস্ন অংশ—অর্থাৎ যাবতীয় অংশ পত্নী লইবে, জীবনোচিত লইবেনা। দা. ত. অপু. পৃ. ৫২, ৫৩।

মিথিলাদি দেশমান্য নিবন্ধাদিগের মতে পতি অবিভক্ত কিম্বা সংসৃষ্ট হইলে পত্নী অধিকারিণী নয়। কিন্তু জীমূতবাহন বৃহন্মনুবচন ব্যাখ্যানান্তে বিচারপূর্ব্বক উপরোক্ত মত খণ্ডন করিয়া এই নিষ্কর্ষ করিয়াছেন "অতএব বিভক্ত হউক বা সংসৃষ্ট অপুত্র ভর্ত্তার যাবতীয় ধনে পত্নীর অধিকার এই যে জিতেন্দ্রিয় মত তাহা মান্য"। দা. ভা. অপু. পৃ. ১৮৪। স্মার্ত্ত ভট্টাচার্য্য প্রভৃতিও এই মতাবলম্বি।

(ক) ভর্ত্তুঃ কৃৎস্নমংশং পত্নী লভেত, নতু স্বাংশকৃৎস্নমিত্যর্থঃ। দা. ভা. অপু. পৃ. ১৬৮।

(ক) ভর্ত্তুঃ কৃৎস্নমংশং—যাবদংশং হরেত, নতু বর্ত্তন জীবনোচিতমিতি। দা. ত. অপু. পৃ. ৫২. ৫৩।

মিথিলাদিপ্রদেশাদৃতনিবন্ধণাং মতে ভর্ত্তর্য্যবিভক্তে সংসৃষ্টে বা পত্নী নাধিকারিণী, জীমূতবাহনস্তু বৃহন্মনুবচনব্যাখ্যাবসরে তন্মতং খণ্ডয়িত্বা বিচারান্তে নিষ্কর্ষমেব উক্তবান্ "অতোবিভক্তাদ্যানপেক্ষৈযেব অপুত্রস্য ভর্ত্তুঃ কৃৎস্নে ধনে পত্ন্যধিকারো জিতেন্দ্রিয়োক্ত আদরণীয় ইতি *। দা. ভা. অপু. পৃ. ১৮৪ এতন্মতাবলম্বিনএব স্মার্ত্ত ভট্টাচার্য্যাদয়ঃ।

১৪ সংখ্যক ব্যবস্থার

**নজীর**

/০ কৃষ্ণদেব রায়ের পুত্র দিগম্বর রায় আপন জ্যেষ্ঠ ভ্রাতা কাশীনাথ রায়ের পুত্রগণের নামে সাধারণ বিষয়ে তাহার যে অংশ তন্নিমিত্তে নালিশ করে। উভয় পক্ষ হইতে আরজি জওয়াব জওয়াবলজওয়াব ও রদ্দজওয়াব দাখিল হওয়ার পর, কৃষ্ণদেব রায়ের অন্য পুত্র রাজচন্দ্র রায়ের স্ত্রী গৌরমণি পৈতৃক সাধারণ বিষয়ে নিজ পতির যোগ্যাংশ পাওনের নিমিত্তে দাওয়া উপস্থিত করে। বিচার হইল যে কৃষ্ণদেব রায়ের পৈতৃক বিষয় তিন ভাগে বিভক্ত হয়, তন্মধ্যে গৌরমণি স্বীয় পতি রাজচন্দ্র রায়ের উত্তরাধিকারিণীরূপে একাংশ পায়, কাশীনাথের উত্তরাধিকারিরা একাংশ, এবং রেস্পণ্ডেণ্ট দিগম্বর রায় একাংশ পায়। কাশীপ্রসাদ রায় প্রভৃতি—বনাম—দিগম্বর রায়। ২৮ মে ১৮১৭ সাল। স. দে. আ. রি. বা. ২, পৃ. ২৩৭।

৵০ কৃপানন্দ ও ব্রজানন্দ নামক দুই পুত্র রাখিয়া বৃন্দাবনচন্দ্র নামক এক ব্যক্তি লোকান্তর গত হয়েন। পরে ব্রজানন্দ দোকৌড়ি নাম্নী স্ত্রী ও গোবিন্দচন্দ্র নামক এক পুত্র, এবং এক কন্যা রাখিয়া মরে। অনন্তর ঐ পুত্র ও কন্যা তাহারদের মাতা বর্ত্তমানে মরে। কৃপানন্দ বাদিনীর পতি মহানন্দ গোস্বামি এবং গোলোকচন্দ্র গোস্বামি এই দুই পুত্র রাখিয়া মরেন, এবং এই দুই ব্যক্তি বিদ্যমানে তৎ পিতৃব্য ব্রজানন্দের পত্নী দোকৌড়ির মৃত্যু হয়। ব্রজানন্দের পত্নীর মৃত্যুর পর মহানন্দ ও গোলোক দুই ভ্রাতায় এজমালিতে পৈতামহ বিষয়াধিকারি ও ভোগি হয়েন।

সদর দেওয়ানী আদালতের পণ্ডিতের নিকট জিজ্ঞাসা হওয়াতে তিনি ব্যবস্থা দিলেন যে—"ব্রজানন্দের মরণে তাহার ধন তৎপুত্র গোবিন্দচন্দ্রকে অর্শে, গোবিন্দচন্দ্র পুত্র-পৌত্র-প্রপৌত্র পত্নী দুহিতা দৌহিত্র ও পিতৃ হীন হইয়া মরাতে তাহার যোগ্যাংশ তন্মাতা দোকৌড়িকে অর্শে। উক্তাবস্থায় ঐ বিষয় দোকৌড়িকে হস্তান্তর করিতে ক্ষমতা ছিল না, (যেহেতু) তাহা তন্মরণান্তে তৎস্বামির দায়াদকে (অর্থাৎ মহানন্দ ও গোলোকচন্দ্রকে) অর্শে, এবং মহানন্দের পত্নী হেমলতা দেবী (মৃত) পতির ধনাধিকারিণী"। পণ্ডিতের এই ব্যবস্থায় এমত প্রকাশ হওয়াতে যে ব্রজানন্দের পত্নী দোকৌড়ির মরণান্তে ব্রজানন্দের অংশে বাদিনীর পতি ও তদ্ভ্রাতা (গোলোকচন্দ্র) একত্রে অধিকারি, (সদর) আদালত উক্ত ব্যবস্থানুসারে বাদিনী হেমলতাকে তৎপতির উত্তরাধিকারিণী জ্ঞানে তাহার দাবী ডিক্রী করিলেন। হেমলতা দেবী বনাম—গোলোকচন্দ্র গোস্বামী। ১ জুলাই ১৮৪২ সাল। স. দে. আ. রি. বা. ৭, পৃ. ১০৮।

৶০ লালবেহারী (ধর) এক স্ত্রী অর্থাৎ প্রতিবাদীনীকে এবং চৈতন্যচরণ নামক এক পুত্রকে রাখিয়া লোকান্তর গত হয়। পরে ঐ পুত্র আপন স্ত্রীকে (অর্থাৎ বাদী যাহার স্থানে পাট্টা পাইয়াছে এবং যাহার স্বত্ত্বিষয়ক এই মকদ্দমা সেই আসল বাদিনীকে) রাখিয়া মরে। প্রতিবাদিনী আপত্তি করে যে লালবেহারীধর মরণকালীন বাচনিক উইল করিয়া যায়। এই উইল এক সাক্ষিদ্বারা প্রমাণ হয়, উপস্থিত আর দুই সাক্ষি এই হেতুতে অগ্রাহ্য হয় যে উক্ত উইলে তাহারদিগকে ধন দত্ত হইয়াছে এই এজহারে তাহারাও দাওয়া করে। প্রত্যুত্তরে এমত সকল কথা প্রমাণ হইল যাহা উইলের বিরুদ্ধ, এবং যাহা ঐ উইলের পর ও লালবেহারির মৃত্যুর পূর্ব্বে তৎকর্ত্তৃক কথিত হয়।

---

* দ্রষ্টব্য—বি. দা. ভা. টী. র. ৮।

(k) The phrase 'obtain entire share' means that the wife shall obtain her husband's entire share, not that she shall obtain her own entire share. Coleb. Dá. bhá. Ch. XI. Sect. I. para. 8.

(k) " Entire share"— that is, the whole share of her husband, and not a portion adequate to her maintenance. Dá. T. p. 58.

The doctrine of other schools than that of Bengal is, that the widow is not entitled to succeed if her late husband was undivided or having been separated (from his co-heirs) had become reunited. But Jímútaváhana, after commenting on the text of *Vrihat Manu*, and refuting the arguments on which the doctrine of the other Schools is founded, lays down, as established law, the result of his discussion, thus: "Therefore, the doctrine of Jitendriya, who affirms the right of the widow to inherit the whole property of her husband leaving no male issue, should, without attention to the circumstance of his being separated from his co-heirs or reunited with them, for no such distinction is specified), be respected."* Coleb. Dá. bhá. Ch. XI. Sect. I para. 46. Such is also the opinion of Raghunandana and other compilers of law of the Bengal School, who are in fact followers of Jímútaváhana.

*Cases* bearing on the Vyavasthá No. 14

I. Digambar Ráy, son of Krishna Deb Ráy, sued the sons of his eldest brother Káshí Náth Ráy for his share in the joint estate. After the pleadings had been filed by the parties, a claim was set up by Musst. Gourmani, widow of Rajchandra Ráy, another son of Krishna Deb Ráy, for her husband's share of the undivided ancestral estate. Determined that the ancestral estate of Krishna Deb Dáy should be divided into three shares, whereof Musst. Gourmani in right of her succession to Rajchandra Ráy, the heirs of Káshínáth, and the respondent Digambar Ráy, should each receive one share. Káshíprasád Ráy and others—*versus*—Digambar Ráy. 28th May 1817, S. D. A. Rep. vol. II. p. 237.

II. Brindábanchandra left two sons—Kripánanda and Brajánanda. The latter died leaving a widow, named Dokourí, and two minor children—a son (named Gobinda Chandra) and a daughter, both of whom died before their mother, Kripananda died leaving two sons—Mahánunda Gosáín, husband of the Plaintiff, and the Defendant Golock Chandra, both of whom survived the widow of their uncle Brajananda. After the death of the widow of Brajánanda, the brothers Mahánanda and Goluck Chandra held joint possession of the ancestral estate.

The Pundit of the Sudder Dewanny Adawlut being referred to, replied " that on the death of Brajánanda his estate devolved on his son Gobinda Chundra, that on the death of the latter, without son, son's son, and son's son's son, wife, daughter, daughter's son, and father, his share of the property would fall in to his mother Dokourí;—that under the circumstances stated, Dokourí had no power to alienate the property, which, after her death, would go to her husband's heirs (Mahánanda and Golock Chundra), and that Hemlatá Debá the widow of Mahánanda succeeded to her husband's estate." Under this *Vyavasthá* the court gave judgment in favour of the plaintiff (Hemlatá) as heiress to her husband, who was shown by the Pundit's exposition of the law, to have been joint heir with his brother (Golak Chundra) of Brajánanda's share of the ancestral property on the death of his widow Dokaurí. Hemlatá Debí *versus* Goluck Chandra Gosáín. 1st July 1842. S. D. A. Rep. Vol. VII. p. 108.

III. Lál Behárí Dhar died leaving a widow, the defendant, and a son, ChoitanChuaran Dhar. The son died, childless, leaving his widow the lessor of the plaintiff i. e. the real plaintiff whose title is the subject of the suit. The defendants set up a verbal last will of Lál Beharí Dhar, which is proved by one witness: two other witnesses tendered are rejected, because they claim to be legatees under the alleged will. In reply, declarations inconsistent with, and subsequent to, the date of the will by Lál Beharí Dhar just before his decease, are proved.

* See—Coleb. Dig. vol. III. p. 485.

১১,১২, ও ১৪ এপ্রেল তারিখে এজলাস কামেসে এই মকদ্দমার তজবীজ হয়, পরে নিম্নলিখিত প্রশ্নানুসারে পণ্ডিতদিগের ব্যবস্থা গ্রহণ নিমিত্তে বিচার স্থগিত থাকে।

প্রশ্ন—যজ্ঞদত্ত নামক এক বিবাহিত হিন্দু দেবদত্ত নামক এক পুত্র রাখিয়া মরিলে ঐ পুত্র তদ্বিষয়াধিকারী হয়, দুই বৎসর পরে সে এক স্ত্রী রাখিয়া নিস্‌সন্তান মরে, এমত অবস্থায় (মৃত) দেবদত্তের স্ত্রী নিজ পতির সমস্ত বিষয়াধিকারিণী কি যজ্ঞদত্তের স্ত্রীও তাহার কোন অংশ ভাগিনী?

পণ্ডিতদিগের মধ্যে গোবর্দ্ধন কমল শর্ম্মা ব্যবস্থা দিলেন যে প্রতিবাদিনী অর্থাৎ আসল বাদিনীর শাশুড়ী বিষয়াধিকারিণী। কিন্তু আদালত এই ব্যবস্থা অগ্রাহ্য করিয়া, রামচরণ শর্ম্মার ব্যবস্থানুসারে আসল বাদিনীর পক্ষে ডিক্রী করিলেন। শেষোক্ত পণ্ডিত বৃহস্পতির সপ্ত বচন এবং তদনন্তর দায়ভাগে লিখিত জীমূতবাহনের ব্যবস্থা (ব্য. পৃ. ৩০) ও যাজ্ঞবল্ক্যবচন এবং বিষ্ণুবচন কতিপয়ের কিয়দংশ (ব্য. পৃ. ২৮), এবং কুল্লূক ভট্টের মনু-টীকা প্রমাণস্বরূপ তুলিয়া স্বীয়মত প্রকাশপূর্ব্বক কহেন "রঘুনাথ সার্ব্বভৌমের ব্যবস্থার্ণব, রঘুনন্দন স্মার্ত্তভট্টাচার্য্যকৃতদায়তত্ত্ব, চণ্ডেশ্বর কৃত বিবাদরত্নাকর, বাচস্পতি মিশ্রকৃত বিবাদচিন্তামণি, কুল্লূক ভট্টের মনু-টীকা, ভট্টারক পরমহংসের মিতাক্ষরা, এবং অন্যান্য প্রচলিত গ্রন্থানুসারে আমি আত্মমত প্রকাশ করিলাম"। রাধামণি দাসী—বনাম—দুর্গাদাসী। চেম্বরস্ নোট্‌স—১১, ১২, ও ১৪ এপ্রেল, ১১ জুলাই, ও ১৮ নবেম্বর ১৭৯৩। মণ্ট্রিও সাহেবের সংগৃহীত হিন্দুশাস্ত্রঘটিত মকদ্দমাৎ, পৃ. ৩৯৩।

।০ কোন অবীরা স্বামির যোগ্যাংশ পাইবার নিমিত্তে তদ্ভ্রাতাগণের নামে নালিশ করে, তাহাতে তাহারা আপত্তি করে যে তাহাদের ভ্রাতা মৃত্যুর পূর্ব্বে আপন স্থাবর সম্পত্তি তাহাদিগকে দান করিয়াছে; বাদিনী কেবল জীবনোচিত পাইবার যোগ্যা। আদালত নিযুক্ত পণ্ডিতগণের মত গ্রহণ জন্যে এই প্রশ্ন করিলেন যে—"(প্রতিবাদী) রেস্‌পণ্ডেণ্টেরা (স্বত্বত্যাগপত্র নামক) যে দলীল উপস্থিত করে তাহা যদি বাদিনীর স্বামী যে পীড়াতে কালপ্রাপ্ত হইয়াছে সেই সঙ্কট পীড়ায় পীড়িতাবস্থায় মৃত্যুর চারি দিবস পূর্ব্বে লিখিয়া দিয়া থাকে এমত দলীল শাস্ত্রসিদ্ধ কি না?" পণ্ডিতেরা উত্তর করিলেন "সঙ্কটরূপে পীড়িতাবস্থায় স্থাবর কিম্বা জঙ্গম বিষয় দান করিলেই যে তাহা অসিদ্ধ এমত নহে কিন্তু দান-করনিয়া ব্যক্তির যদি তৎকালীন মনঃস্থৈর্য্য থাকে, তবে সে দান সিদ্ধ, নতুবা অসিদ্ধ"। পরন্তু এমত প্রমাণ না হওয়াতে যে দানকালে দানকর্ত্তা সুস্থিরচিত্ত ছিল, উক্ত স্বত্বত্যাগপত্র অগ্রাহ্য, ও বাদিনী নিজ স্বামির বিষয়াধিকারিণী বিবেচিতা হইয়া তৎপক্ষে এই হুকুমে ডিক্রী হইল যে তাহার মরণান্তেঐ বিষয় তৎস্বামির দায়াদকে অর্শিবে। রাধামণি দেবী—বনাম—শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্র। ২৭ সেপ্টেম্বর ১৮০৪ সাল। স. দে. আ. রি. বা. ১, পৃ. ৮৫।

।/০ শ্রীমতী তনুমণি বিধবার ও অন্য এক জনের বিরুদ্ধে রাজকিশোর সেটের মকদ্দমায় সুপ্রীমকোর্ট প্রথমতঃ ভ্রমবশতঃ বঙ্গদেশীয় অবিভক্ত মৃতভ্রাতার পত্নীকে কেবল জীবনোচিত দেওয়াইবার মত করেন, কিন্তু শেষে এই হুকুমে ডিক্রী দেন যে সে (পত্নী) পতির অংশ ভোগে অধিকারিণী। মণ্ট্রিওর সংগৃহীত হিন্দুশাস্ত্রঘটিত মকদ্দমাৎ, পৃ. ৪১৩।

এবং নিম্নলিখিত মকদ্দমা কতিপয়-ও দ্রষ্টব্য—

রাধাচরণ রায়—বনাম—কৃষ্ণচন্দ্র রায়। ২৫ ফিব্রুওয়ারি ১৮০১ সাল। স. দে. আ. রি. বা. ১, পৃ. ৩৩।

ব্রজবল্লভ ভূঞা—বনাম—মোসম্মাৎ বনিতাদেয়ী। ১৪ আগষ্ট ১৮০১ সাল। স. দে. আ. রি. বা. ১, পৃ. ৪৪।

নীলকান্ত রায়—বনাম—মণিচৌধুরাণী, ২৫ জুন ১৮০২। স. দে. আ. রি. বা. ১, পৃ. ৫৮।

শ্রীনাথ শর্ম্মা—বনাম—রাধাকান্ত। ২৪ নবেম্বর ১৭৯৬ সাল। স. দে. আ. রি. বা. ১, পৃ. ১৫।

১৫ সংখ্যক ব্যবস্থার নজীর

গৌরহরি ও তাহার জ্যেষ্ঠ ভ্রাতা (অর্থাৎ) প্রতিবাদী পিতৃ স্থাবর ধনাধিকারি হইয়া মাতা ও ভগিনীর সহিত একত্র বাস করিত। পরে গৌরহরি নিসসন্তান মরিলে তাহার স্ত্রী (অর্থাৎ বাদী যাহার স্থানে পাট্টা পাইয়াছে সেই আসল বাদিনী) কলিকাতাস্থ অবিভক্ত বাটী ও ভূমির অর্দ্ধাংশের নিমিত্তে এই মোকদ্দমা উপস্থিত করে। আসল বাদিনী আপন শাশুড়ীকে সাক্ষি মানিলে, সে ক্রস্ সওয়ালের জওয়াবে সাক্ষ্য দিল যে তাহার ঐ পুত্রবধূ তৎপতির মরণান্তর ব্যভিচারিণী হয়, এবং অনেক দিবস হইল পতিগৃহ ও পতিকুলের আশ্রয় ত্যাগ করিয়াছে। মকদ্দমার সময়ে ঐ বধূ আপন পিতা ও ভ্রাতার গৃহে বাস করিতেছিল।

সুপ্রীম কোর্টের প্রধান জজ শ্রীযুক্ত চেম্বরস্ সাহেব, ও অন্যান্য জজেরা—শ্রীযুক্ত হাইড্ সাহেব, জোনস্ সাহেব ও ডক্কিন সাহেব এই বিবেচনা করিয়া যে আসল বাদিনী ব্যভিচারিণী হওয়াতে পতির ধনে স্বত্ব ঘুচাইয়াছে, মকদ্দমা নন্‌সুট্ করিলেন। রাধামণি বিধবা—বনাম—নীলমণি দাস। সু. কো. মণ্ট্রিওর হিন্দুশাস্ত্রঘটিত মকদ্দমাৎ. পৃ. ৩১৪. ৩১৫।

এবং নিম্নলিখিত মকদ্দমাও দ্রষ্টব্য—

গোলোকচন্দ্র চক্রবর্ত্তী—বনাম—রাজরাণী ও জয়গোপাল চৌধুরী। ২৭ জানওয়ারি ১৮১৬ সাল। স. দে. আ. রি. বা. ২, পৃ. ১৬৭।

This action was tried on the 11th, 12th, and 14th April, before a full court, and was then adjourned in order to obtain the opinions of Pandits upon the following case :

*Jagnya Datta*, a married Hindu, dies, leaving a married son, named *Deva Datta*. The son takes possession of the property. After two years, the son dies, leaving a widow, but no issue. Is the widow of *Jagnya Datta* entitled to any part of it ?

Of the Pandits, Gobardhan Kamal Sarmá declared the defendant, i. e. the mother of plaintiff's husband, entitled to the property. The court, however, rejecting his *Vyavasthá*, gave judgment for lessor of the plaintiff upon the *Vyavasthá* of Ramcharan Sarmá, who having quoted for authority i. e *Bachanas* or verses of *Vrihaspati*, and the subsequent passage of *Jimútaváhana's* Dáyabhága (*Vya.* p. 31), and *Jágnyavalkya* and part of the verses of *Vishnu* (*Vya.* p. 29), and *Kullúka Bhatta's* comments on *Manu*, delivered his opinion, saying "according to the *Vyavastárnava* by Raghunáth Sárvabhouma, and according to the *Dáyatatwa* of Rughunundána Smárta Bhattáchárjya, and according to the *Vivádaratnákara* by Chandeshwara, and according to the *Vivádachintámani* by Váchaspati Misra, and according to the comment on Manu by Kullúka Bhatta, and according to the *Mitákshará* by Bhattáraka Paramahansa, and other authorities in use, I have given my opinion." S. C. Chamber notes, April 11, 12, 14, July 11, and Nov. 18, 1794. Montriou's Cases of the Hindu law. p. 353.

V. A childless widow sued her husband's brothers for her husband's share ; and they pleaded their deceased brother made over his landed property to them, before he died ; and that the plaintiff was only entitled to maintenance. The court required an opinion from their Pandits, whether, supposing the husband of the claimant to have executed the conveyance (termed *Satwa tyága patra*) set up by respondents, during severe illness whereof he died four days after, it was good in law ? The pundits replied that " severe illness did not prevent the validity of a gift of property movable or immovable ; if the person executing it were of sound mind at the time, the gift was valid : if he were not of sound mind at the time, it would not avail." The deed was rejected on failure of proof of this point, and judgment passed in favour of the widow, as heir to her husband's estate, revertible at her demise to the husband's next heirs. 27th September 1834. Rádhámani Debá *versus* Shím Chandra and Rudra Chandra—S. D. A. Rep. vol. I. p. 85.

V. In the case of Rajkishore Set *versus* Srímatí Tanumani Raur and another, the Supreme Court at first made a mistake in attempting to restrict the widow of an undivided brother (in Bengal) to maintenance : but ultimately declared her entitled to enjoyment of her husband's share. Montriou's Cases of the Hindu law. p. 413.

RádháCharn Ráy *versus* Krishna Chandra Roy—25th February 1801. S. D. A. Rep. vol. I. p. 33

Rájbalhab Bhuyán *versus* Musst. Banitá Deí—14th August 1801. S. D. A. Rep. vol. I. p. 44

Níl Kánta Ráy *versus* Mani Choudharání—25th June 1802. S. D. A. Rep. vol. I. p. 58.

Srí Nath Sármá *versus* Rádhá Kánta—24th November 1796. S. D. A. Rep. vol. I. p.

Gour Hari Dás and his elder brother, the defendant, inherited land from their father, and were, with their mother and sisters, an undivided family. Gour Hari died without issue : his widow, the lessor of the plaintiff, brought this action for an undivided half share of the family houses and land, which were in Calcutta. The mother, being called by the lessor of the plaintiff, proved, on cross examination, that the latter had, after her husband's death, been incontinent, and long since voluntarily quitted the house and protection of her husband's family. She was, at the time of the action, living with her own father and brothers.

The court (present, Chambers, C. J. Hyde, Jones, and Dunkin, Js.) being of opinion, that the lessor of the plaintiff had, under Hindu law, forfeited, by her incontinence, her right to her husband's estate, nonsuited her. Rádhámani Raur *versus* Nílmani Dás.—S. C. Montriou's Cases of the Hindu law p. 314,315

See also the case of Gokulchandra Chakrabattí *versus* Ráj Rání and Joygopául Choudhúri —S. D. A. R. vol. II. p. 167.

### ভিন্ন২ আদালতে দত্ত ও গ্রাহ্য হওয়া এবং সর্ উইলিয়ম্ মেক্নাটন্ সাহেবের পরীক্ষিত ও মনোনীত ব্যবস্থা—

প্রশ্ন। কোন অপুত্র ব্রাহ্মণ জননী ও পত্নী রাখিয়া মরে। হিন্দু-দায়-শাস্ত্রানুসারে মৃত ব্যক্তির স্থাবর অস্থাবর ধনে জীবিত ব্যক্তিদ্বয়ের মধ্যে কাহার অধিকার? জননী ও পত্নী একান্নে থাকিলে দায়াদিকারের নিয়ম কি, পৃথক্ থাকিলেই বা কি প্রকার?

পত্নী থাকিতে মাতা অধিকারিণী নয়।

উত্তর। পুত্র পৌত্র প্রপৌত্রহীন ব্যক্তি মরিলে, তাহার মাতা তৎপত্নী সঙ্গে একান্নে থাকিলেও পত্নী-ই (পতির) ধনাধিকারিণী, এই নিয়ম। পত্নী থাকিতে জননী কোনক্রমে ধনাধিকারিণী হইতে পারেন না। এই যথা-শাস্ত্র ব্যবস্থা। জিলা চট্টগ্রাম। ২২ মে ১৮২৭ সাল। মেক্. হি. ল. বা. ২. চ্যা. ১, সেক্.২, মকদ্দমা ১, (পৃ. ১৮)।

প্রশ্ন। কোন ব্যক্তি পত্নী ও এক সহোদর রাখিয়া লোকান্তর গত হয়। দায়শাস্ত্রানুসারে মৃত ব্যক্তির ধনে পত্নী অধিকারিণী, অথবা ঐ পত্নীকে প্রতিপালন করিলে ভ্রাতা অধিকারী হইতে পারে?

বঙ্গদেশে পত্নী সত্বে ভ্রাতা অধিকারী নয়।

উত্তর। বঙ্গদেশীয় দায় শাস্ত্রমতে প্রপৌত্র পর্য্যন্ত উত্তরাধিকারির অভাবে পত্নী যাবজ্জীবন পতির স্থাবরাস্থাবর ধনোপভোগে অধিকারিণী, পত্নী থাকিতে ভ্রাতাকে উত্তরাধিকারী হইতে অধিকার নাই। প্রমাণ বৃহস্পতি; বৃহন্মনু, যাজ্ঞবল্ক্য; বিষ্ণু (ব্য. ২৮,৩০, ৩৪ পৃষ্ঠায় দ্রষ্টব্য)। এই ব্যবস্থা দায়ভাগাদি মতানুমতা। ঢাকা কোর্ট-আপীল। ১৯ আগষ্ট ১৮১৯। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ১, সেক. মকদ্দমা. ২, ২ (পৃ. ১৮)।

প্রশ্ন ১। এক ব্যক্তি পিতা, ভ্রাতা, স্ত্রী, কন্যা ও দৌহিত্র রাখিয়া মরে; এমত অবস্থায়, মৃত ব্যক্তির অর্জ্জিত ধনে এই কএক ব্যক্তির কে কি অংশ পাইবে?

মৃত ব্যক্তির পিতা, ভ্রাতা, পত্নী, দুহিতা ও দৌহিত্র দায়াদ থাকিলে সাধারণ ধন যে প্রকারে বিভাজ্য ও যাহার প্রাপ্য তাহা।

উত্তর ১। মৃত ব্যক্তি যদি পিতৃধনের অনুপঘাতে উপার্জ্জন করিয়া স্ত্রী, দুহিতা, দৌহিত্র, পিতা, ও ভ্রাতা রাখিয়া মরিয়া গিয়া থাকে, তবে তাহার উপার্জ্জিত ধন চারি ভাগে বিভক্ত হইয়া দুই অংশ পিতাকে অর্শিবে এবং অবশিষ্ট দুই অংশ স্ত্রী পাইবে। কাত্যায়ন কহেন—"পুত্রার্জ্জিত ধনের দুইভাগ কিম্বা অর্দ্ধেক পিতা গ্রহণ করেন। অপুত্র মৃত ব্যক্তির অব্যভিচারিণী ও গুরুকুলবাসিনী পত্নী ক্ষান্তা হইয়া মরণ পর্য্যন্ত (পতিধন) ভোগ করিবে। তাহার স্বত্বনাশানন্তর (তৎপতির) দায়াদেরা পাইবে"। যদি ঐ ধন পিতৃদ্রব্যের উপঘাতে উপার্জ্জন করা হইয়া থাকে, এবং অর্জ্জক উক্ত কএক ব্যক্তিকে রাখিয়া মরিয়া থাকে, তবে পুত্রার্জ্জিতধনের অর্দ্ধেক, পিতার এবং (অবশিষ্ট তিন ভাগ হইয়া) দুই ভাগ অর্জ্জকের পত্নীর ও এক ভাগ ভ্রাতার প্রাপ্য।

প্রশ্ন ২। এক ব্যক্তি দুই ভ্রাতার সহিত অবিভক্তাবস্থায় পিতৃ ধনের উপঘাতে অনুপঘাতে বা স্থাবরাস্থাবর ধন উপার্জ্জন করে, এবং পিতার সম্মতিক্রমে পৈতৃক ও স্বার্জ্জিত সম্পত্তি ভ্রাতাগণের মধ্যে বিভাগ করিয়া দেয় ও লয়। ঐ বিভাগ রীতিমত হয়, এবং ভ্রাতারা পরস্পর তদ্বিষয়ক দস্তাবেজ লিখিয়া দেয়। উক্ত ব্যক্তি পিতা বিদ্যমানে মরে, অনন্তর তৎপিতা লোকান্তর প্রাপ্ত হয়। এমত অবস্থায় ঐ মৃত ব্যক্তির ধন তৎপত্নী কন্যা ও দৌহিত্রই কেবল পাইবে অথবা তাহার জীবিত ভ্রাতারাও কোন অংশ পাইবে?

উত্তর ২। উক্ত রূপ অবস্থায় পত্নীই কেবল পতিধনাধিকারিণী।

প্রশ্ন ৩। উপরি উক্ত ব্যক্তি ও তদ্ভ্রাতারা যদি পিতার সম্মতি বিনা পৈতৃক ও স্বস্ব অর্জ্জিত ধন বিভাগ করিয়া থাকে, এবং ঐ বিভাগ যদি রীতিমত বিভাগ পত্র লিখিত পঠিত হওন দ্বারা হইয়া থাকে, এবং সেই বিভাগ পত্র অসিদ্ধ বলিয়া পিতা যদি আপত্তি করিয়া থাকেন, এবং যদি ঐ ব্যক্তি পিতার অগ্রে (ও পিতা তাহার পরে) মরিয়া থাকে, তবে এমত অবস্থায় পূর্ব্বোক্ত পত্নী, কন্যা, দৌহিত্র, ও ভ্রাতাদের মধ্যে কাহাকে মৃত ব্যক্তির ধন অর্শে?

*Legal opinions delivered in, and admitted by, the several courts of judicature, and examined and approved of by Sir William Macnaghten.*

Question. A childless *Bráhman* dies, leaving his mother and a widow him surviving. According to the law of inheritance, to which of these survivors does his property real and personal belong? What is the rule of succession, in case of the mother and widow's living together in a joint state, and what is the rule if they are divided?

A widow succeed her husband's prop to the exclusion of mother.

Reply. On failure of a son, grandson, and great-grandson, the widow has the proprietory right to her husband's estate; and this is the rule, whether the mother lives jointly or separately. She cannot in any case have a right to the succession while there is her son's widow. This opinion is conformable to law. Zillah Chittagong, May 22nd 1817. Macn. H. L. vol. II. Ch. I Sect. 2, case I (p. 18.)

Q. A person dies, leaving a widow and a brother of the whole blood. According to law, does his property appertain to his widow, or should it devolve on the brother, he furnishing the widow of his deceased brother with maintenance?

In Bengal, a wi excludes a brotl

R. On failure of heirs down to the great-grandson, the widow, according to the law of Bengal, is entitled to enjoy her husband's property during her life, whether consisting of lands or other property, and the brother has no right of succession while she survives.

Authorities:—*Vrihaspati, Vrihet manu, Jagnyavalkya,* and *Vishnu* (Vya. p. 28, 30, 34). This is delivered according to the doctrine of the *Dayabhaga, &c.* Dacca Court of Appeal, August 19th 1819. vol. II. Ch. I. Sect. 2, case 2 (p. 19)

Q. 1. A person died leaving his father, brother, widow, daughter, and daughter's son; in this case, in what proportions will these persons respectively be entitled to share the property which the deceased acquired?

Distribution of property, the clair being a father, bro widow, daughter, daughter's son

R. 1. Supposing the deceased to have acquired the property without the use of his father's funds, and to have left his widow, daughter, daughter's son, father, and brother him surviving, his acquisitions should be made into four shares, two of which go to the father, and the remaining two to the widow. Kátyáyana says: "A father takes either a double share, or a moiety, of his son's acquisitions of wealth. Let the childless widow, preserving unsullied the bed of her lord, and abiding with her venerable protect or, enjoy with moderation the property until her death. After her, let the heirs take it." If the acquisition was made with the aid of the paternal property, and the acquirer be survived by the individuals abovementioned, the father would take a moiety of the goods acquired by his son, the acquirer's widow two shares, and his brother one share.

Q. 2. A person living in a state of union with his two brothers, acquired some property movable and immóvable, with or without the use of the patrimony, and with the sanction of his father divided his own acquisitions and the paternal estate with his brothers. The partition was formally entered into, and documents were drawn out by each of the brothers. The brothers alluded to, died before his father; and then the father died. In this case, will the brother's daughter and daughter's son, take his property exclusively, or will his surviving brothers be entitled to any part of it?

R. 2. Under the circumstances stated, the widow is alone entitled to succeed her husband

Q. 3. Supposing the brother alluded to, without the consent of his father, to have joined with his brothers in making a division of the patrimony and their respective acquisitions, to have made the division by executing formal deeds of partition, and to have died before his father, who made objections to the validity of those deeds; in this case, to which of those individuals, being his widow, daughter, daughter's son, and brothers (the father being dead,) will his property go?

পিতার মরণকালীন এক পুত্র মরিলে তৎ পত্নী ও ভ্রাতার মধ্যে যেমত অবস্থায় বিভাগ হইতে পারে তাহা।

উত্তর ৩। উক্তাবস্থায়, (মৃত ব্যক্তির অধিকৃত) ধনের যে পরিমাণ পৈতৃক সাব্যস্ত হয় তাহাতে ভ্রাতারা অধিকারি ; এবং যে ধন এমত প্রমাণ হয় যে মৃত ব্যক্তি পৈতৃক ধনের উপঘাতে উপার্জ্জন করিয়াছে, প্রথমে তাহার অর্দ্ধেক ভ্রাতারা পিতৃ স্বত্ব বলিয়া পাইবে, অনন্তর অবশিষ্ট ধনের দুই অংশ (মৃত ব্যক্তির) পত্নী পাইবে, এবং ভ্রাতাদের প্রত্যেকে একাংশ পাইবে। আর যদি পিতৃ দ্রব্যের কোন উপঘাত বিনা মৃত ব্যক্তি ধন উপার্জ্জন করিয়া থাকে তবে তৎপিতার মরণে ভ্রাতারা পিতৃযোগ্যাংশ বলিয়া ঐ ধনের অর্দ্ধেক লইবে, এবং অবশিষ্ট ধনের অর্দ্ধেক পত্নী পাইবে,।

প্রশ্ন ৪। ধনির পত্নী বাঁচিয়া থাকিতে তৎকন্যা উত্তরাধিকারিণী সূত্রে পিতৃ ধনের নিমিত্তে পিতৃব্যের নামে নালিশ করিতে পারে কি না ?

পত্নী থাকিতে কন্যা দাওয়া করিতে পারে না।

উত্তর ৪। মাতা জীবদ্দশায় থাকিতে কন্যা উত্তরাধিকারিণী সূত্রে পিতৃ ধনের নিমিত্তে পিতৃব্যের নামে নালিশ করিতে পারে না।

প্রশ্ন ৫। কোন মৃত ব্যক্তির পত্নী স্বামির ধনের নিমিত্তে দেবরগণের নামে নালিশ করিয়া, পরে পতি-ধনে তাহার নিজ স্বত্ব এবং পতির কন্যার ও দৌহিত্রের (ভাবি) স্বত্ব ও ত্যাগ করিয়া দেবরদিগকে এক পরিত্যাগ-পত্র লিখিয়া দেয়, এমত অবস্থায় ঐ কন্যা তাহার মাতা ও পিতৃব্যগণের নামে সাধারণ বিষয়ে পিতৃ যোগ্যাংশের নমিত্তে নালিশ করিতে পারে কি না ?

কিন্তু কন্যার স্বত্ব ধ্বংস হয় এমত কর্ম্ম যদি মাতা করেণ তবে কন্যা দাওয়াদার হইতে পারে।

উত্তর ৫। যদি উক্ত পত্নী পতির যোগ্যাংশ পাওনের নিমিত্তে দেবরগণের নামে নালিশ করিয়া পরে কন্যার ও দৌহিত্রের স্বত্ব ধ্বংস করিবার মানসে পরিত্যাগপত্র লিখিয়া দিয়া থাকে, তবে তাহার নিমিত্তে কন্যাকে মাতা ও পিতৃব্যগণের নামে নালিশ করিতে অধিকার আছে। দায়াদ থাকিলে স্ত্রীধন বিনা অন্য কোন ধন হস্তান্তর করিতে পত্নীকে শাস্ত্রে নিষেধ আছে।

এরূপ হস্তান্তর করণে ক্রমাগত জীবিকা নষ্ট হয় (তাহা অসম্মত, যথা মনু) "যাহারা জাত, যাহারা অদ্যাপি অজাত, এবং যাহারা গর্ভে আছে, সকলেই জীবিকা আকাঙ্ক্ষা করে ; (অতএব) জীবিকা লোপকরা গর্হিত কর্ম্ম॥" জিলা হুগলী. ৮ জুলাই ১৮১৫ সাল। মেক্. হি ল. বা. ২, সেক্. ২, মকদ্দমা ৭. (পৃ. ২৩, ২৪, ২৫,২৬। বিভাগ প্রকরণ দ্রষ্ট্য।

প্রশ্ন। একব্যক্তির দুই পুত্র ছিল। তিনি আপন তাবৎ সকর ও নিষ্কর ভূমি এবং বাটীর লওয়াজিমা দুই পুত্রকে সমান ভাগ করিয়া দিলেন, আপনার নিমিত্তে কিছু রাখিলেন না ; কিন্তু তৎকালে এই শর্ত্ত থাকে যে তিনি যত দিন বাঁচিবেন পর্য্যায় ক্রমে ছয় মাস জ্যেষ্ঠ পুত্রের ও ছয় মাস কনিষ্ঠ পুত্রের সংসারে থাকিয়া প্রতিপালিত হইবেন। বিভাগকালে ঐ ব্যক্তির নগদ টাকা ছিল না ; কিন্তু তৎপরে জ্যেষ্ঠ পুত্র কিছু নগদ টাকা উপার্জ্জন করে, ঐ টাকা লইয়া কনিষ্ঠ পুত্র বাণিজ্য করে, কিন্তু তৎকালে সে ও কোন বিষয় উপার্জ্জন করে নাই। জ্যেষ্ঠ পুত্র এক পত্নী ও কন্যা রাখিয়া মরে; তৎপরে তৎপিতা কনিষ্ঠ পুত্রকে এবং জ্যেষ্ঠ পুত্রের পত্নী ও দুহিতাকে রাখিয়া মরেন। ঐ জ্যেষ্ঠ পুত্র বিভাগে যে অংশ প্রাপ্ত হইয়াছিল তাহাতে তন্মরণান্তে তৎপত্নী অধিকারিণী হইল ; কিন্তু কনিষ্ট মরিলে তাহার পত্নী ঐ জ্যেষ্ঠ পুত্রের পত্নীকে তৎপতির অংশ হইতে বেদখল করিয়াছিল। এমত অবস্থায় ঐ জ্যেষ্ঠ পুত্রের পত্নী কি অংশ পাইতে যোগ্যা ?

যেমতঅবস্থায় মৃত ভ্রাতৃদ্বয়ের পত্নী সমভাগিনী, তাহা।

উত্তর। ইক্ত দুই ভ্রাতা পিতৃকৃত বিভাগে ধন পাইয়া, জ্যেষ্ঠ যদি কিছু ধন উপার্জ্জন করত পিতা বর্ত্তমানে পত্নী রাখিয়া মরিয়াথাকে, তবে বিভাগে সে যে কিছু পাইয়াছিল তৎসমুদয় তৎপত্নীর প্রাপ্য ; এবং যে কিছু উপার্জ্জন করিয়াছিল তাহা চারি ভাগে বিভক্ত হইয়া দুই ভাগ তৎপত্নীর প্রাপ্য, এবং অন্য দুই ভাগে কনিষ্ঠ ভ্রাতার পত্নীর অধিকার। জিলা হুগলি, মেক্. হি. ল. বা. ২, চ্যা. ১, সেক্. ২, মকদ্দমা ১৩, (পৃ. ৩১, ৩২)। বিভাগ-প্রকরণদ্রষ্টব্য।

R. 3. Under the circumstances stated, the brothers are entitled to that portion of the property which may be ascertained to be the ancestral estate; and of any property which may be proved to be the deceased's personal acquisitions made with the use of the father's funds, the brothers first take one moiety by right of their deceased father, and out of the remaining half, the acquirer's widow will take two shares, and the other brothers one each. If the property have been acquired exclusively by the deceased brother without any detriment to the patrimony, then, on the death of the father, the brothers must have a moiety of the acquisitions as their father's share, and the acquirer's widow the residue.

Distribution between widow and her husband's brothers, the husband having died in the lifetime of his father.

Q. 4. Is a daughter, during her mother's lifetime, competent to sue her uncle for her father's property, by virtue of her right of succession?

R. 4. A daughter is not competent to bring an action against her paternal uncle, founded on her right of inheritance to her father's property, while her mother exists.

A daughter can not claim succession while her mother lives.

Q. 5. A widow brought an action, claiming her late husband's property, against his brothers, and afterwards executed a release, by relinquishing not only her own right and title, but that of the deceased's daughter and daughter's son, in favor of the brothers. In this case, is the daughter at liberty to bring an action against her mother and uncles for the share of the joint property which belonged to her deceased father?

R. 5. Supposing the widow to have sued her husband's brothers for his legal share, and to have entered into a release, with an intention to defeat the right of her daughter and daughter's son, the daughter is competent to sue her mother and uncles to annul the transaction. It is prohibited by law to the widow to make an alienation of any property, excepting her own peculiar property, while the heirs exist

Unless the mother do some act tending to defeat her right.

By such an alienation the hereditary means of maintenance would be destroyed: "They who are born, and who are yet unbegotten, and they who are actually in the womb, all require the means of support; and dissipation of their hereditary maintenance is censured." Zillah Hooghly, July 8th 1815. Macn. H. L. vol. II. sect. 2, case 7 (p. 23—26.)

Q. A person, who had two sons, divided his whole property, consisting of assessed and rent-free lands and household goods, between them in equal portions, reserving nothing for himself; and at the same time it was conditioned, that for the remainder of his life he should reside for six months in the house of the elder son, and be supported by him, and for the other six months in that of the younger son, alternately. At the time when the partition was made, the father had no ready money, but, subsequently, some money was acquired by the elder son, with which a mercantile concern was carried on by the younger son, who had then acquired no property. The elder son died, leaving a widow and daughter; afterwards the father died before his younger son, and his elder son's widow and daughter. At the death of the elder son, his widow came into the possession of her husband's share which he received at the partition; but on the death of the younger son, his widow ousted the widow of the elder son from her husband's share. In this case, to what proportion is the widow of the elder son entitled?

R. Of the two brothers who received the property at the partition made by the father, supposing the elder to have acquired some property, and to have died before his father and widow, in this case, his widow is entitled to the whole of that which her husband took on the partition, and her husband's acquisitions should be made into four parts, to two of which she is entitled, and the widow of the younger son has a right to the remainder. Zillah Hooghly. Macn. H. L. vol. II. sect. 2. case 13. (p. 31, 32).

Case in which the widows of two brothers inherit equal shares of property.

প্রশ্ন। এক ব্যক্তি এক স্ত্রী ও বৈমাত্রেয় ভ্রাতা রাখিয়া মরে। তাহার মরণান্তর তৎস্ত্রী ব্যভিচারিণী হয়। এবং ভিন্নজাতীয় উপপতির ঔরসে তাহার একটী সন্তানও জন্মে, কিন্তু ঐ ভ্রাতা শাস্ত্রবিরুদ্ধ কোন কর্ম্ম করে না; এমত অবস্থায় ঐ স্ত্রী ও ভ্রাতার মধ্যে কে ঐ মৃত ব্যক্তির ধনে অধিকারী? যদি ঐ স্ত্রী স্বামির জীবন-কালেই পরপুরুষগামিনী হইয়াথাকে এবং সেই দোষে পরিবার হইতে বহিষ্কৃতা ও অপবাদযুক্তা হইয়াথাকে, তবে এমত স্ত্রী বিধবা হইলে স্বামির ধনে তাহার কোন স্বত্ব আছে কি না?

ব্যভিচারিণী বিধবার পতিধনে অধিকার নিবৃত্তি।

উত্তর। প্রচলিত মত এই যে পুত্র-পৌত্র-প্রপৌত্র-হীন কোন ব্যক্তি মরিলে তাহার ধার্ম্মিকা স্ত্রী ধনাধিকারিণী; কিন্তু সে যদি স্বামী মরিলে ব্যভিচারিণী হয়, তবে তদ্ধনাধিকারে তাহার অধিকার থাকে না। অতএব এমতাবস্থায় ঐ বিধবাকে উক্ত বৈমাত্রেয় ভাই দূর করিয়া দিবে। স্বামির জীবনকালেই ব্যভিচারিণী হয় যে স্ত্রী তাহারো এই দশা। ইহার প্রমাণ দায়ভাগে ও আরং গ্রন্থে ধৃত বৃহস্পতি, কাত্যায়ন, বৃহন্মনু, ও নারদ বচন (ব্য. পৃ. ৩০, ৩২, ৩৪, দ্রষ্টব্য)। জিলা হুগলি। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ১, সেক্. ২, মকদ্দমা ৩, (পৃ. ১৯)।

প্রশ্ন। দুই ভ্রাতার মধ্যে এক জন কএক পুত্র রাখিয়া মরে এবং ঐ পুত্রেরা (এই মকদ্দমা কালীন) জীবিত থাকে। অন্য ভ্রাতা এক পুত্র রাখিয়া মরে। অনন্তর শেষোক্ত পুত্র এক স্ত্রী রাখিয়া মরে, ও সে বিধবা ব্যভিচারিণী হয়। এমত অবস্থায় ঐ বিধবা তৎস্বামির ধনে স্বত্ববতী কি না? যদি সে স্বত্ববতী না হয়, তবে ঐ ধন কাহাকে অর্শে?

ব্যভিচারিণীকে তৎপতির গৃহ হইতে দূর করিয়া দেওয়া যাইতে পারে।

উত্তর। যদি এমত প্রমাণ হয় যে ঐ বিধবা ব্যভিচারিণী হইয়াছে তবে তৎস্বামির ধনে তাহার কোন স্বত্ব নাই, এবং স্বামির গৃহ হইতে তাহাকে বহিষ্কৃত করিয়া দেওয়া উচিত হয়। তৎস্বামির ধন তৎপিতৃব্য পর্য্যন্ত উত্তরাধিকারির অভাবে পিতৃব্য-পুত্রকে অর্শে। এই ব্যবস্থা দায়ভাগাদিমতানুমতা। জিলা ২৪ পরগণা। ১৮ জুলাই ১৮১১ সাল। মেক. হি. ল. বা. ২, সেক্. ২, মকদ্দমা ৪, পৃ. ২১।

ব্যবস্থা।

১৬। পতির উত্তরাধিকারিণীরূপে পত্নী কেবল সেই ধনে অধিকারিণী যাহা তৎপতি অধিকার করিয়াছিল অথবা যাহা তাহাকে অর্শিয়াছিল, কিন্তু পতি বাঁচিয়া থাকিলে যদ্ধনে অধিকারী হইত পত্নী তদ্ধনাধিকারিণী নয়।

১৬। যত্র ধনে পত্যুঃ স্বত্বং তন্মরণে তদেব পত্ন্যধিকর্ত্তুমর্হতি, নতু পত্যুর্ভবিষ্যৎ স্বত্বসম্বন্ধং ধনমিতি।

১৬ সংখ্যক ব্যবস্থার নজীর

কোন হিন্দু চারি পুত্র রাখিয়া মরে। তন্মধ্যে প্রথম ও দ্বিতীয় পুত্র স্ব২ পত্নী রাখিয়া নিসসন্তান মরে, তৃতীয় স্ত্রী-পুত্র-হীন মরে; চতুর্থ দত্তকরূপে অন্যকে দত্ত হওয়াতে জনকের ধনে নিসস্বত্ব হয়। প্রথম ও দ্বিতীয় ভ্রাতার পত্নীরা সাধারণ বিষয়ে স্ব২ পতির যে যোগ্যাংশ তাহা এবং পতির ভ্রাতার অংশ দাওয়া করে; কিন্তু তাহারা ঐ২ অংশের স্বতন্ত্র দখলের দাবী ১৬ বৎসর পর্য্যন্ত না করিয়া বিষয়ের আর ২ অংশের সহিত (তৎ পরিবারীয়) অন্য এক ভাগির অধ্যক্ষতাধীনে থাকিতে দিয়া ব্যয় নির্ব্বাহার্থে (কেবল) কতক ভূমি লইয়াছিল। বিচার হইল যে যেহেতু (বাদিনি) আপিলান্টেরা অধ্যক্ষ ভাগির সহিত পৃথক্ হয় নাই কিম্বা স্ব২ পতির ধন পরিত্যাগ করিতে স্বীকার করে নাই, অতএব দাবী চালান স্থগিত রাখাতে সাধারণ ধনে তাহাদের যে অংশ তাহা ষোল বৎসর পর্য্যন্ত জ্ঞাতির দখলে থাকিলেও লোপ হয় না। কিন্তু উক্ত বিধবারা স্ব২ পতির অংশেই কেবল অধিকারিণী, দেবরের যোগ্যাংশে নয়; যেহেতু সে তাহাদের পতির পর মরিয়াছে; এতাবতা তাহার অংশ তাহার যথাশাস্ত্র দায়াদগণকে অর্শে। রাণী ভবানী দেবী ও রাণী মহামায়া দেবী আপিলান্ট—বনাম—রাণী সূর্য্যমণি দেবী। ১২ মে ১৮০৬, সাল। স. দে. আ. রি. বা. ১, পৃ. ১৩৫।

Q. A person died, leaving a widow and a brother of the half blood. Subsequently to his death, the widow violated the hitherto unsullied bed of her husband, and had a child by a paramour of another class, while the brother's conduct was consistent with his religion : in this case, which of the two is entitled to succeed to the property of the deceased? Supposing the widow during the lifetime of her husband to have cohabited with a stranger, and to have therefore been expelled from the family, and to have lost her reputation, has such widow any right to inherit her husband's property?

An unchaste widow forfeits all right to her husband's property.

R. It is the general doctrine, that the virtuous widow of a man who dies leaving no heir down to the great grandson, succeeds; but that if she, on the death of her lord, be faithless to his bed, she has no right of succession : consequently the widow in such case would be excluded by her husband's half brother. So in the case of her having acted unchastely while her husband was living. The authorities for this opinion laid down in the *Dáyabhága* and other books of law are VRIHASPATI ; KÁTYÁYANA ; VRIHAT MANU ; & NÁRADA. (See Vyav. p. 31, 33, 35). Zillah Hooghly. Macn. H. L. vol. II. sect. 2, case 3. (p. 19, 20).

Q. There were two brothers, of whom one died, leaving son's who are still alive, and the other died leaving a son, who also died, leaving a widow him surviving. The widow had become a prostitute, and had violated her husband's bed. In this case, is she entitled to inherit her husband's estate, and if not, on whom does his property devolve?

And may be expelled from his house.

R. If it be proved that the widow in fact did not keep her husband's bed unsullied she has no title to his property, and ought to be expelled from his house. His estate, in default of heirs down to the uncle, should devolve on his uncle's sons. This opinion is in conformity to the authority contained in the *Dáyabhága*, *&c.* Zillah 24 Pergunnahs. July 18th. 1811, Macn. H. L. vol. II. sect. 2, case. 4 (p. 21).

Vyavasthá.

16 The widow as heir to her husband takes such property as he possessed or was entitled to when he died; but she does not represent her husband in respect of succession to an estate which would have devolved upon her husband had he outlived its owner.

*Case* bearing on the vyavasthá No. 16.

A Hindoo died leaving four sons : the first and second of whom died childless, leaving their widows ; the third died leaving neither a widow nor an issue ; and the fourth lost his title to inheritance by being adopted into another family. The widows of the first and second brothers claimed their husbands' share together with that of their husbands' brother in the joint estate ; though they did not demand separate possession of the same during sixteen years, but allowed them to remain with other parts of the estate, under the general control and management of another of the sharers (a member of the family) and received provision in land for their expenses. Held that as the appellants did not separate themselves from the managing sharer or consent to relinquish the share of their husbands, the circumstance of their (appellants') having suffered the claim to remain unagitated does not involve forfeiture of their share in the joint estate, though it is held by their kinsman for sixteen years : the widows however are entitled to succeed to the shares of their husbands respectively, and not to the share of their husbands' brother ; because he survived their husbands, and consequently his share devolved on his legal heirs. Rání Bhavání Debí and Rání Mahámáyá Debí, Appellants, *versus* Rání Súrjamaní Debí. 12th May 1806. S. D. A. Rep. vol. I. page 135.

আদালতে দত্ত ও গ্রাহ্য হওয়া এবং স্‌র্‌ উলিয়ম্‌ মেকনাটন্‌ সাহেবের মনোনীত ব্যবস্থা।।

প্রশ্ন। ভূম্যধিকারি (ভ্রাতৃ) ত্রযের মধ্যে দুই জন এক এক স্ত্রী রাখিয়া মরে, এবং তৃতীয় দুই পুত্র রাখিয়া মরে। অনন্তর উক্ত দুই বিধবা, এবং (শেষে মৃত ভ্রাতার উক্ত) দুই পুত্র মিলিত রূপে পৈতৃক স্থাবর বিষয়াধিকারি হয়। অনন্তর জ্যেষ্ঠ ভ্রাতার স্ত্রী মরে, তৎপরে তৃতীয় ভ্রাতার জ্যেষ্ঠ পুত্র এক স্ত্রী ও ভ্রাতা রাখিয়া মরে, তাহার পর ঐ ভ্রাতা অবিবাহিত মরে; অবশেষে দ্বিতীয় ভ্রাতার স্ত্রীও মরে। এক্ষণে কেবল তৃতীয় ভ্রাতার পুত্রের পত্নী, এবং তৎ স্বামির পঞ্চম পুরুষীয় এক জ্ঞাতি বর্ত্তমান। এমত অবস্থায় শাস্ত্রানুসারে এই দুই ব্যক্তির মধ্যে কে স্থাবর ধনাধিকারী?

উত্তর। উক্তরূপ অবস্থায়, সপিণ্ডের ধনে উক্ত বিধবার অধিকার নাই।

The support of persons who should be maintained is the approved means of attaining heaven. But hell is the man's portion if they suffer. Therefore (let a master of a family) carefully maintain them. MANU declared, that a mother and a father in their old age, a virtuous wife, and an infant son, must be maintained even by the commission of a hundred offences. By this text of MANU the widow's husband being authorized even to use irregular means for the support of his father, and the rest, these should certainly be supported by the widow. Authority.

RAGHUNANDANA too acknowledges that, for the purpose of raising her husband to a region of bliss, a wife may give away property left by him, and devolving on her by the failure of male issue. Hence it is understood that she ought not to give away his property for other purpose. *Va'chaspati Bhattacha'rjya* has delivered the same exposition. BHAVADEVA also concurs nearly in the same opinion. Coleb. Dig. vol. III. p. 464.

**28. If the reversioners supply or agree to supply the widow with maintenance, and money for performance of such acts as are indispensable, she can not alienate her husband's property without their consent: If she do, such alienation is invalid.** Vyavasthá.

"স্ত্রীরা পতির দায়ের উপভোগরূপ ফল ভোগিনী (স্ত্রীরা কোন ক্রমে পতির দায়রূপ ধন অপচয় করিবেনা)" এই মহাভারতের বচনে, এবং "যাবজ্জীবন ক্ষান্তা হইয়া ভোগ করিবে, (তাহার পর দায়াদেরা পাইবে)" এই কাত্যায়ন বচনেও কেবল ভোগমাত্র ফল ইহা কথিত হইয়া পরস্বত্বোৎপাদক যে দানাদি তাহা নিবারণপুর্ব্বক ভোগ মাত্র উপদেশ হওয়াতে—

"স্ত্রীণাং স্বপতিদায়স্তু উপভোগ ফলঃ স্মৃতঃ (নাপহারং স্ত্রিয়ঃ কুর্য্যুঃ পতি দায়াৎ কথঞ্চন।)" ইতি মহাভারত বচনেন, "ভুঞ্জীতামরণাৎ ক্ষান্তা (দায়াদা উর্দ্ধমাপ্নুয়ুঃ)" ইতি কাত্যায়ন বচনেনচ, ভোগমাত্র ফলকত্ব কথনেন পরস্বত্বোৎপাদনাদি রূপ ফল ব্যাবর্ত্তনাৎ ভোগমাত্রোপদেশাচ্চ—

ব্যবস্থা

২৯ পতির উপকারার্থ দান ও ভোগ ভিন্ন যে তদ্ধনের দানাদি তাহা অবশ্য অসিদ্ধ এই তাৎপর্য্য। বি. দা. ভা. দ্বী. র. ৮।

২৯ পত্যুরুপকারার্থ দানেতর ভোগেতর যথেষ্ট বিনিযোগাসিদ্ধিরেব পর্য্যবসীয়তে বি. দা. ভা. দ্বী. র. ৮।

পতি হীনা পত্নী যথেষ্ট ভোজন শয়নাদি ব্যবহারে নিবৃত্তা ও সংযতা হইয়া ব্রতে নিযুক্তা হইবে, যেহেতু পতির ধনস্বরূপ যে সে আপনাকে পতির প্রয়োজন (উপকার) নিমিত্তই জানিবে ইহা কথিত আছে। অপিচ পতির অন্য ধনও পতির উপকারি কর্ম্ম বিনা ব্যয় নিষেধ হেতু, সে পতিধন রক্ষণরূপ ব্রতে নিযুক্তা হইবেক। ইহাও তাহার এক ব্রত যে পতির ধন দেবতার ধনের ন্যায় ব্যবহার বিষয়ে ব্যয় করিবে না। তথাপি দৈবাৎ পত্নীকৃত যে দানাদি তাহা অবশ্য সিদ্ধ। পরন্তু উত্তরাধিকারিরা রাজাকে জানাইলে রাজা তাহার বিহিত দণ্ড করিবেন কিন্তু গ্রহীতার দণ্ড করিবেন না যেহেতু গ্রহীতার দণ্ড হইবে শাস্ত্রে এমত লিখিত নাই। এই নব্য মত সিদ্ধ ব্যবস্থা। (বি. দা. ভা. দ্বী. র. ৮) এই ব্যবস্থা নব্যমত সিদ্ধ নয় কিন্তু নব্যচ্ছলে বিবাদভঙ্গার্ণবকার্ত্তার দত্ত নব্যা ব্যবস্থা, যেহেতু পতি সঙ্ক্রান্ত ধন পতির অনুপকারে পত্নী দৈবাৎ দানাদি করিলে তাহা সিদ্ধ হইবে ইহা কোন নব্য পণ্ডিতে কহেন নাই, প্রত্যুত নব্য পণ্ডিতদিগের মতানুসারে বিচারকর্ত্তারা তদ্রূপ দানাদি অসিদ্ধ করিয়াছেন, যথা পরে প্রকটিত বিচার পত্র কতিপয়ে প্রকাশ।

তথাহি মৃতপতিকা পত্নী যথেষ্ট ভোজন শয়নাদি ব্যবহারান্নিবৃত্য সংযতৈব ব্রতে তিষ্ঠেৎ পতিধন স্বরূপস্য আত্মনঃ পতিমাত্র প্রযোজনত্বেনোপন্যাসাৎ। তথা পত্যুর্দ্ধনান্তরস্যাপি পত্যুরুপকারকত্বং বিনা বিনিয়োগাভাবাৎ তত্তৎ পালনরূপব্রতে তিষ্ঠেৎ, ইদমপি তস্যা ব্রতমেব যৎ পতিধনং দেবধনবৎ ব্যবহারার্থং নার্পযতীতি। তথাপি দৈবাৎ পত্ন্যা কৃতং দানাদিকং সিধ্যত্যেব। পরন্তু দায়াদৈ র্জ্ঞাপিতো রাজা তাংযথা বিহিতং দণ্ডয়েৎ নতু গ্রহীতারং তত্র শাস্ত্রাভাবাদিতি নব্য মত সিদ্ধা ব্যবস্থা। (বি. দা. ভা. দ্বী. র. ৮)। জগন্নাথ তর্কপঞ্চাননেন নব্যচ্ছলেনৈব নব্যৈষা ব্যবস্থোক্তা, যতঃ কেনাপি নব্যেন দৈবাৎ পতিসঙ্ক্রান্তধনস্য তদুপযোগংবিনা পত্ন্যা কৃতং দানাদিকং সিদ্ধমিতি নোক্তং, প্রত্যুত নব্যানাং মতানুসারেণ প্রাড়বিবাকৈঃ তাদৃগ্‌দানাদিকমসিদ্ধমিতি ব্যবস্থাপিতং তজ্জ্ঞাতব্যং পশ্চাৎ প্রকটিত বিচারপত্রেষু।

পতিরধন দান করা অকর্ত্তব্য হইলেও পত্নীধন দণ্ডের উপযুক্ত দোষ করিলে রাজাকে পতির ধন দণ্ড দিতে পারে কি না? এই প্রশ্নের উত্তর এই যে—দণ্ড শুদ্ধির হেতু, তাহা অবশ্য দেয়, যেহেতু দানাদির যে নিষেধ সে কেবল অবৈধ বিষয়ে। এবং প্রায়শ্চিত্ত ব্রতাদিকরণে অশক্ত হইলে ধেনুদানাদি তাহার কর্ত্তব্য, স্বর্গার্থে দানাদিও কর্ত্তব্য। বি. দা. ভা. দ্বী. র. ৮।

নন্বু যদি পত্ন্যা দানং ন কর্ত্তব্যং তদাধন দান গর্হপাপে কৃতে দণ্ডার্থং ধনং রাজ্ঞে দেয়ং ন বা ইতিচেৎ—দণ্ডস্য শুদ্ধিহেতুত্বেনাবশ্যং দেয়তা, নিষেধশ্চ বৈধেতরত্র। এবংপ্রায়শ্চিত্ত ব্রতাদ্যশক্তৌ ধেনু দানাদিকমপি কর্ত্তব্যং এবং স্বর্গার্থং দানাদিকমপি কর্ত্তব্যমিতি জগন্নাথতর্কপঞ্চাননঃ। বি. দা. ভা. দ্বী. র. ৮।

ব্যবস্থা

৩০ সর্ব্বস্ব বিক্রয় ব্যতিরেকে যদি জীবনধারণ ঋণশোধনাদি অবশ্য কর্ত্তব্য কার্য্য সম্পন্ন না হয় তবে তাহাও শাস্ত্রানুমত, কিন্তু পারলৌকিক কাম্য ক্রিয়ার্থে কিয়দংশ মাত্রদানাদি সম্মত, সর্ব্বস্ব দানাদি সম্মত নয়।

৩০ সর্ব্বস্ব বিক্রয়ণমন্তরেণ বর্ত্তন ঋণশোধনাদ্যবশ্য কর্ত্তব্য ক্রিয়ায়া অনিষ্পত্তৌ সর্ব্বস্ব বিক্রয়ণমপ্যনুমতং, ঔর্দ্ধদেহিক কাম্য ক্রিয়ার্থন্তু কিঞ্চিদেব দানাদিকং সম্মতং নতু সর্ব্বস্বদানাদিকং।

"To women, the heritage of their husbands is pronounced applicable to use; (let not women on any account make waste of their husbands' property:)" this text of the *Mahábhárata*, and the following of KÁTYÁYANA: "The widow shall enjoy her husband's property, restraining herself until death, (after her, let the heirs take it,)" declaring frugal enjoyment to be the only fruit derived by the widow from her husband's property, forbid the transfer of such property to another; whence—

29. It fully appears that the widow's disposal of her husband's property at pleasure, otherwise than by the simple use of it, or by donation for the benefit of her lord, is invalid. Coleb. Dig. Vol. III. p. 465. Vyavasthá

"A widow should live in (the practice of) austerities with extinguished passions, refraining from pleasurable food, and bed, and other gratifications which she may desire, because she ought to devote herself, being as it were the property of her husband, to his sole service. In like manner she must not dispose of other property of her lord, unless for his benefit; she ought to observe the rigid duty of carefully preserving it. This also is a duty strictly incumbent on her not to appropriate the wealth of her lord to civil purposes, any more than consecrated property. Yet if she inadvertently make a gift or other alienation it is valid (though blameable): however, the king, informed by the heirs, should duly punish her, not the accepter of that donation; for no law authorizes his punishment. Such is the rule of decision established by modern opinions". This in truth is a new doctrine, and seems to have been introduced by JAGANNÁTHA himself under the pretended sanction of the modern Pandits: it is no where declared by them that a gift or other alienation, though inadvertently made by the widow of her husband's property for any purpose other than to benefit her departed husband is valid. On the contrary, the courts have invariably, in conformity with the opinion of the modern Pandits, declared such alienation to be totally invalid, as will be apparent from the precedents presently quoted.

If nothing ought to be given by a wife, may she, or may she not, give money to the king by way of fine when she has committed a sin deserving pecuniary punishment? She must necessarily pay the fine by way of atonement: the prohibition relates to gifts (and payments) other than such as are positively ordained. In like manner, if unable to undergo abstinence or other penance, she must give a milky cow or the like, and gifts, &c. must be made for the sake of attaining the region of bliss.—JAGANNÁTHA. See Coleb. Dig. Vol. III. p. 466.

30. Should it happen that a widow is unable to maintain herself, or to discharge the debts of her husband, or to perform those acts which are indispensable, unless she sell the whole of the property inherited by her, she is allowed to do so by disposing of the whole: but in order to enable her to perform such religious and other acts as, although beneficial, are optional, she may dispose of only a moderate portion of the inheritance. Vyavasthá

ব্যবস্থা

৩১ পত্নী যদি শাস্ত্র-বিরুদ্ধ দানাদি করে তবে পতির উত্তরাধিকারিরা প্রতিবন্ধক হইতে পারে, পরন্তু মুখ্য উত্তরাধিকারিগণেরই প্রতিবন্ধক হওনে অধিকার আছে গৌণগণের নাই।

৩১ পত্নীকৃত শাস্ত্র-বিরুদ্ধ দানাদিকে তদ্ভর্ত্তৃদায়াদাঃ প্রতিবন্ধকা ভবিতুমর্হন্তি, পরন্তু মুখ্য দায়াদানামেব প্রতিবন্ধকত্বে হ্যধিকারঃ নতু গৌণানাং।

ব্যবস্থা

৩২ বর্ত্তমান দায়াদগণের সম্মতিক্রমে পত্নী পতিসঙ্ক্রান্ত ধন দানাদি করিতে পারে।

৩২ বিদ্যমান দায়াদসম্মত্যা পত্নী ভর্ত্তৃসঙ্ক্রান্তধনস্য দানাদিকং কর্ত্তুমর্হতি।

ব্যবস্থা

৩৩ উত্তরাধিকারিরা সম্মতি দিলেও ধনস্বামির অনুপকারে সমস্ত ধনের দানাদি কর্ত্তব্য নয়, যেহেতু ধনির শ্রাদ্ধাদি নিমিত্তে কিয়দংশ অবশ্য রক্ষণীয়।

৩৩ দায়াদানাং সম্মত্যাপি ধনস্বাম্যনুপযোগে সমস্ত ধনস্য দানাদিকং ন ন্যায্যং। ধনিনঃ শ্রাদ্ধাদি নিমিত্তং কিয়দংশস্য অবশ্যং রক্ষণীয়ত্বাৎ।

ব্যবস্থা

৩৪ ধনস্বামির উপকারার্থে পত্নী অর্থানুরূপ দানাদি করিলে তাহা উত্তরাধিকারিদের সম্মতি বিনাও সিদ্ধ।

৩৪ ধনস্বাম্যুপযোগে পত্ন্যা কৃতং অর্থানুরূপং দানাদিকং দায়াদানাং সম্মতিং বিনাপি সিদ্ধং।

অতএব উত্তরাধিকারিদের সম্মতি বিনা পত্নী পতির উপকারার্থেও সর্ব্বস্ব দানাদি করিতে পারে না।

অতএব পত্নী উত্তরাধিকারিণাং সম্মতিমন্তরেণ পত্যুরুপকারার্থমপি সর্ব্বস্ব দানাদিকং কর্ত্তুং নার্হতি।

ব্যবস্থা

৩৫ পত্নী যেমন পতির স্থাবর ধন অপহার করিবে না তদ্রূপ অস্থাবর ধনও অপহার করিবে না, যেহেতু উভয় রূপ ধনেই অবিশেষে পতির উপকার হইতে পারে, এবং এতদ্দেশ প্রচলিত দায়ভাগাদি গ্রন্থে স্ত্রীর অধিকৃত সঙ্ক্রান্ত স্থাবর অস্থাবর ধনে বিশেষ নাই।

৩৫ পত্নী যথা পত্যুঃ স্থাবর দায়াদপহারং ন কুর্ব্বীত তথাস্থাবরাদপি, তয়োরবিশেষেণৈব ভর্ত্তুঃপারলৌকিকোপকারকত্বাৎ, বঙ্গদেশ প্রচলিত দায়ভাগাদি শাস্ত্রে তয়োর্বিশেষ কথনাভাবাচ্চ।

ব্যবস্থা

৩৬ ধনস্বামির অনুপকারে যে দানাদি তাহা উত্তরাধিকারির সম্মতি বিনা অসিদ্ধ।

৩৬ ধনস্বাম্যনুপযোগে পত্ন্যাকৃতং দানাদিকং দায়াদানাং সম্মতিং বিনা ন সিদ্ধং।

ব্যবস্থা

৩৭ পত্নী পতি সঙ্ক্রান্তধন অভিযোগদ্বারা উদ্ধার করিয়া লইলেও তাহাতে তাহার পূর্ব্বাপেক্ষা অধিক ক্ষমতা জন্মিবে না।

৩৭ অভিযোগেন পত্ন্যা পতি শঙ্ক্রান্তধনে উদ্ধৃতে হ্যপি ন তত্র তস্যাঃ পূর্ব্বাধিকা ক্ষমতা।

ব্যবস্থা

৩৮ পত্নী যেমন পতি সঙ্ক্রান্ত ধন দানাদি করিবে না তেমনি তদ্ধনোপঘাতে উপার্জ্জিত সমস্ত ধনও দানাদি করিতে পারিবে না।

৩৮ পত্নী যথা পতি সঙ্ক্রান্ত ধনস্য দানাদিকং নকুর্ব্বীত তথা তদ্ধনোপঘাতেনোপার্জ্জিত সমস্ত ধনস্য দানাদিকং কর্ত্তুং নার্হতি।

ব্যবস্থা

৩৯ পত্নীকৃত সঙ্ক্রান্ত ধনের দানাদি অসিদ্ধ হইলে ঐ ধন পুনর্ব্বার পত্নীর দখলে থাকিবে—যদি সে এমত কর্ম্ম না করিয়া থাকে যাহাতে স্বত্ব লোপ হয়।

৩৯ পত্নীকৃতে পতিধনস্য দানাদাবসিদ্ধে তদ্ধনং পত্ন্যেবাধিকারোতি—যদি তয়া স্বত্ব-বিনাশকং কর্ম্ম ন কৃতং।

ব্যবস্থা

৪০ উত্তরাধিকারিকে বঞ্চনা করা উদ্দেশ করিয়া পত্নী যে কোন রূপে পতি ধন হস্তান্তর কেন করুক না তাহা অসিদ্ধ।

৪০ উত্তরাধিকারিণাং বঞ্চনামুদ্দিশ্য যেন কেনাপি রূপেণ পত্ন্যা কৃতং পতিধনস্য হস্তান্তরকরণমসিদ্ধম্।

31. The husband's heirs, to whom the inheritance reverts after the expiry of the widow's life estate, are entitled to interfere and prevent any wrongful alienation by her. This however is confined to the immediate heirs, and does not extend to those next in succession or contingent. Vyavasthá

32. With the consent of the then next heirs, the widow may alienate the property she inherited from her husband. Vyavasthá

33. For the widow to dispose of the whole of her husband's property even with the consent of the heirs, unless it be to confer benefit on the husband in the other world, is an irreligious act, it being above all things, requisite that enough be retained to ensure performance of the *Sráddha*, &c. of the husband. Vyavasthá

34. If a gift or other alienation by a widow be for the benefit of her deceased lord, and be at the same time of a reasonable portion of the entire estate, such act is undoubtedly valid, notwithstanding her husband's heirs did not consent thereto. Vyavasthá

It follows that she cannot alienate the whole of her husband's property without the consent of her heirs, though it be for the benefit of her husband.

35. Inasmuch as by means of each portion of the estate, whether real or personal, movable or immovable, benefits are procurable for the dead, and as, further, the *Dáyabhága* and other authorities of the Bengal school recognize no distinction between the two descriptions of property inherited by a woman, the widow is equally prohibitted from waste or improper expenditure of either. Vyavasthá

36. Every alienation by a widow, not being for the husband's benefit, and not sanctioned by the heirs, is invalid and of no legal effect. Vyavasthá

37. The fact of a widow's having recovered her husband's property by litigation gives her no additional power over it. Vyavasthá

38. A widow cannot alienate, by gift, &c. the property devolved on her from her husband, nor all of her own acquisitions made by means of such property. Vyavasthá

39. In case of an alienation by the widow being declared totally void, she may resume possession of the property alienated, provided she has not committed any act involving forfeiture of right to inheritance. Vyavasthá

40. Any alienation made by a widow of her husband's property with the object of defrauding his next heirs is invalid. Vyavasthá

ভিন্ন ২ আদালতে দত্ত ও গ্রাহ্য হওয়া, এবং সর উইলিয়ম্ মেক্‌নাটন্ সাহেবের পরীক্ষিত ও মনোনীত, ব্যবস্থা।

প্রশ্ন ১। কোন অপুত্র (মৃত) ব্যক্তির পত্নী পত্নীত্ব-সূত্রে পতির ভূম্যাদি ধনাধিকারিণী হইয়া পতির আর ২ উত্তরাধিকারি থাকিতে ঐ ধন দান বিক্রয় করিতে পারে কি না; যদি সে ঐ ধন কোন রূপে হস্তান্তর করে তবে তাহা শাস্ত্রীয় ও সিদ্ধ কি না?

পতির পারলৌকিক উপকার এবং আপনার ভরণ পোষণ নিমিত্তে পত্নী পতি সঙ্ক্রান্ত ধনের কিয়দংশ হস্তান্তর করিতে পারে।

উত্তর ১। অপুত্রা বিধবা পতির শ্রাদ্ধাদি সমাপন নিমিত্তে স্থাবরাস্থাবর উভয় রূপ ধনেরই কিয়দংশ দিতে পারে; এবং আপন জীবিকার অভাব হইলে ভরণ পোষণ নির্ব্বাহ হয় এমত পরিমিত বিষয় বেচিতে পারে, এই ২ কর্ম্ম ভিন্ন সে যে দান বিক্রয়াদি করে তাহা অকিঞ্চিৎ ও অসিদ্ধ বিবেচনা করিতে হইবে।

প্রশ্ন ২। দৌহিত্রের সম্মতি বিনা বিধবা সঙ্ক্রান্ত ধনের কিঞ্চিৎ বিক্রয় করিতে যোগ্যা কি না? এবং যদি তদ্বিষয় যথার্থতঃ বিক্রয় করিয়াই থাকে তবে ঐ বিক্রয় সিদ্ধ কি না?

কিন্তু পতির উত্তরাধিকারী যদি প্রতিপালন করিতে স্বীকার করে তবে ঐ পত্নী স্বীয় ভরণ পোষণার্থে সঙ্ক্রান্ত ধন বিক্রয় করিতে পারে না।

উত্তর ২। যদি দৌহিত্র তাহার ভরণ পোষণ যোগায়, তবে ঐ বিধবা তাহার অনুমতি বিনা বিক্রয় করিতে পারে না, এবং যদি সে যথার্থতঃ বিষয় বিক্রয় করিয়াও থাকে তাহা অসিদ্ধ; কিন্তু ঐ দৌহিত্র যদি তাহাকে প্রতিপালন করিতে অস্বীকার করে তবে ভরণ পোষণ নির্ব্বাহ নিমিত্তে যে পরিমিত বিক্রয় আবশ্যক তাহা ঐ দৌহিত্রের সম্মতি ব্যতিরেকেও বিক্রয় করিতে পারে, এবং সেই বিক্রয়কে শাস্ত্রীয় ও সিদ্ধ বিবেচনা করিতে হইবে। জিলা রাজশাহী, মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৮, মকদ্দমা ৪. (পৃ. ২১১)।

প্রশ্ন। কোন ভূম্যধিকারী এক স্ত্রী, ও এক শিশু পুত্র ও পৌত্র রাখিয়া মরে। পরে ঐ বিধবা অপ্রাপ্ত ব্যবহার পুত্র পৌত্রের প্রতিপালন এবং দেয় রাজস্বের পরিশোধ নিমিত্তে স্বামির স্থাবর বিষয় বিক্রয় করে। এমত অবস্থায় ঐ বিক্রয় শাস্ত্রীয় কি না?

পরিবার প্রতিপালনের নিমিত্তে আবশ্যক হইলে পত্নী যদি স্থাবর বিষয় বিক্রয় করে তাহা বৈধ।

উত্তর। পতির মরণান্তে পত্নী যদি অপ্রাপ্ত ব্যবহার পুত্র পৌত্রের প্রতিপালন নিমিত্তে এবং রাজার প্রাপ্য রাজস্ব পরিশোধ নিমিত্তে স্বামির ভূমি বিক্রয় করে, তবে ঐ বিক্রয়কে বৈধ ও সিদ্ধ বিবেচনা করিতে হইবে, কারণ শিশুর ভরণ পোষণ সংস্থান এবং রাজস্ব পরিশোধ করা আবশ্যক কর্ম্ম। এই ব্যবস্থা দায়ভাগাদি গ্রন্থ সম্মত। জিলা ২৪ পরগনা। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ১১, মকদ্দমা ২, (পৃ. ২৯৩)।

প্রশ্ন। কোন ব্যক্তির পাঁচ পুত্র ছিল, তন্মধ্যে দুই জন তাঁহার পূর্ব্বে মরে, অন্য তিন তাহার মরণান্তে তাহার ত্যক্ত বিষয়ে সমান রূপে ভাগি হয়। এই তিনের মধ্যে এক জন এক স্ত্রী ও অবিবাহিতা কন্যা রাখিয়া মরিলে, ঐ স্ত্রী তদ্ধনাধিকারিণী হইয়া কন্যার বিবাহ দেয়, এবং পতির ভূমির কিয়দংশ দুহিতা ও জামাতাকে দান করে; কিছু কাল পরে অবশিষ্ট বিষয়ও তাহারদিগকে দেয়। এমত অবস্থায় ঐ ২ দান শাস্ত্রীয় কি না? যদি দুহিতাকে যে দান করা হইয়াছে তাহাই কেবল বৈধ ও সিদ্ধ হয়, এবং কন্যার মৃত্যুর পর যদি ঐ কন্যার স্বামী ও পিতামহের দৌহিত্র জীবিত থাকে, তবে তন্মধ্যে কে ধনাধিকারী হইবে? ঐ কন্যা যদি পতি থাকিতেও বিষয়ের কিয়দংশ দান করিয়া থাকে, তবে এমত অবস্থায় ঐ দান সর্ব্বাঙ্গশুদ্ধ ও সিদ্ধ কি না?

পতি মরিলে পত্নী তাহার যে ধনে অধিকারিণী হয় তাহার সমুদয় হস্তান্তর করিতে পারে না, এবং তৎকন্যা অধিকারিণী হইয়া মরিলে ঐ ধন তাহার স্বামী পাইবে না, কিন্তু পিতামহের পৌত্রকে অর্শিবে।

উত্তর। অনেক প্রামাণিক স্মৃতিগ্রন্থে লিখিত আছে যে পত্নী পতিসঙ্ক্রান্ত স্থাবর ধনের সমস্ত দান করিতে যোগ্যা নয়, বিশেষ অবস্থায় মাত্র তাহার কিঞ্চিৎ দান করিতে পারে। বর্ত্তমান মকদ্দমায় পত্নী স্বামি হইতে প্রাপ্ত স্থাবর ধন সমস্তই দুইবারে দান করাতে সে দান অকিঞ্চিৎ ও অসিদ্ধ। পত্নীর মরণান্তে তাহার অধিকৃত পতিসঙ্ক্রান্ত ধন তাহার কন্যাকে অর্শিত, এবং ঐ কন্যা যে সঙ্ক্রান্ত ধন মাতা হইতে প্রাপ্তা হয় তাহা তাহার পিতামহের দৌহিত্রের (অর্থাৎ পিসতুত ভাইয়ের) পাওয়া উচিত, যেহেতু ঐ ধনে তাহার স্বামীর কোন স্বত্ব নাই। ঐ কন্যা যদি উক্ত ধনের কিঞ্চিদ্মাত্র দান করিয়া থাকে তবে সে দান শাস্ত্রীয় বিবেচিত হইতে পারে। এই ব্যবস্থা দায়ভাগানুমতা। জিলা রাজশাহী, ২১ মে ১৮১৩ সাল। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৩, মকদ্দমা ৩, (পৃ. ১২৩)।

*Legal opinions delivered in, and admitted by, the several Courts of Judicature, and examined and approved of by Sir William Macnaghten.*

Q. 1. A childless widow had obtained her husband's estate, consisting of land and other property, by right of inheritance. Is she competent to give or sell the property, while there are her husband's other heirs living; and if she make any alienation, is it legal and valid?

R. 1. The widow, destitute of male issue, may give a part of her husband's property of both descriptions, movable and immovable, for the completion of her husband's exequial rites; and when she is in want of subsistence for herself, she may sell such portion as may provide her with maintenance: excepting under these circumstances, any alienation by her, whether by gift, sale, or otherwise, must be considered null and void.

A widow may alienate a portion of her late husband's property for his spiritual welfare, or for her own subsistence.

Q. 2. Is the widow, without the sanction of her daughter's son, entitled to sell a small portion of the property? and supposing her to have actually made such sale, should it be upheld?

R. 2. If the daughter's son supply her with maintenance, she cannot alienate without his consent, and if she had actually sold the property, the sale is null; but in a case where the daughter's son declines to support her, she may sell such portion as may be necessary to her maintenance, without his consent, and the sale should be considered legal and valid. Zillah Rajshahye. Macn. H. L. Vol. II. Ch. 8. Case 4. (Page 211.)

But not for her own subsistence if the next heir agree to support her.

Q. A landed proprietor died, leaving a widow, a minor son, and a son's son. Subsequently to his death, the widow sold her husband's immovable property for the support of her minor son and son's son, and for the purpose of discharging the arrears of revenue due from the estate. Under such case is the sale legal?

R. Should a woman, on her husband's demise, sell his landed property for the purpose of maintaining her minor son and grandson, and liquidating the arrears due to Government, the sale must be considered good and valid, for it is necessary to provide food and raiment to the minors, and to discharge the revenue of Government. This is conformable to the *Dáyabhága* and other authorities. Zillah 24-Purgunnahs. Macn. H. L. Vol. II. Ch. 11. Case 2 (Page 293).

Sale by a widow of landed property is good, if necessary for the support of the family.

Q. A person had five sons, two of whom died before him. Subsequently to his death, his surviving three sons equally shared the property left by him. One of the sons died, leaving a widow and a maiden daughter: the widow having succeeded him, disposed of the daughter in marriage, and bestowed a part of her husband's landed estate on the daughter and son-in-law, and some time after she gave the remaining property to them. Under these circumstances, are the gifts legal? If the gifts in favor of the daughter only are good and valid, and on the death of the daughter her husband and her paternal grandfather's daughter's son be living, which of these survivors will succeed her? Should the daughter have disposed of a portion of the property by gift, though her husband was living, in this case, is the gift complete and binding, or otherwise?

R. It is recorded in various legal authorities, that a widow is incompetent to make a gift of her husband's whole immovable estate which devolved on her by inheritance, although she may, under certain circumstances, give a small portion of it. In this case, the widow disposed of her husband's entire landed estate by two gifts, consequently the donation is null and void. On the death of the widow the succession should have devolved on her daughter, on whose death the property which she inherited from her mother should go to her paternal grandfather's daughter's son, her husband having no right to inherit it. If the daughter have disposed of a small portion only of the estate by gift, it may be considered legal. This is conformable to the *Dáyabhága*. Zillah Rajeshahye, May 21st, 1813. Macn. H. L. Vol. II. Ch. 3. Case 3. (Page 123).

A widow cannot dispose of the whole estate which had devolved on her at her husband's death: and on the death of her daughter who succeeded her, it will go to her paternal grandfather's daughter's son, to the exclusion of her husband.

প্রশ্ন। কোন শূদ্র কিছু ভূমি এবং এক স্ত্রী, কন্যা ও দৌহিত্র রাখিয়া মরিলে, ঐ ভূমির কিয়দংশ অপর এক ব্যক্তি বলপূর্ব্বক লয়; ধনস্বামির দৌহিত্র মাতামহীর অনুমতি ক্রমে ঐ হৃত বিষয় দখলের নালিশ করে। এমত অবস্থায় উক্ত বিষয় ঐ দৌহিত্রকে অর্শিবে কি না? যদি ধনস্বামির কন্যা ও দৌহিত্র থাকিতেও তাহাদের অজ্ঞাতসারে ও বিনা অনুমতিতে পত্নী যদি পতির ভূমি সম্পত্তির কোন অংশ বিক্রয় করিয়াথাকে, এবং তাহার ক্রেতা হইতে সপূর্ণ মুল্য না পাইয়াথাকে, তবে ঐ বিক্রয় সিদ্ধি কি না?

পতি মরিলে তাহার যে ধনে পত্নী অধিকারিণী হয় বিশেষ কার্য্যনিমিত্ত ব্যতিরেকে তাহার কোন অংশ উত্তরাধিকারির সম্মতি বিনা বিক্রয় করিলে তাহা অসিদ্ধ।

উত্তর। যদি ধনস্বামির স্থাবর বিষয়ের কিয়দংশ অন্যে বলপূর্ব্বক লইয়াথাকে, এবং তাহার (অর্থাৎ ধনস্বামির) পত্নীর অনুমতিক্রমে তদ্দৌহিত্র তদ্রূপ গ্রহীতার হস্তহইতে ঐ বস্তু দখলের নিমিত্তে নালিশ করিয়া থাকে, তবে দৌহিত্র মৃতধনির দায়াদ হওয়াতে সে ঐ অভিযোগীয় বিষয় পাইবার যোগ্য। পতির শ্রাদ্ধাদি কিম্বা তদ্রূপ আবশ্যক কার্য্য নির্ব্বাহ নিমিত্ত ব্যতিরিক্ত পত্নী সম্ভ্রান্ত ধন দান বিক্রয় কিম্বা অন্যপ্রকারে হস্তান্তর করিতে পারেনা। ক্রেতার সহিত যে মুল্য স্থির হইয়াথাকে সে যদি তৎ সমুদয় না দিয়াথাকে তবে ঐ বিক্রয় অবশ্য অসিদ্ধ হইবে।

প্রমাণ—

বৃহস্পতিঃ—"পর ব্যক্তিরা তিনপুরুষ পর্য্যন্ত অধিকার করিলে অধিকৃত বিষয়ে তাহাদের নিঃসন্দেহে স্বত্ব জন্মে, কিন্তু সপিণ্ড জ্ঞাতিরা অধিকার করিয়া লইলে তাহাদের স্বত্ব জন্মে না। গৃহ, ক্ষেত্র, এবং হাট বাজার গঞ্জ প্রভৃতি (তৎ স্বামির) মিত্র দৌহিত্র ভাগিনেয় আদি ও জ্ঞাতি অধিকার করিয়া লইলে তাহাতে (যথার্থ স্বামির) স্বত্ব যাইবেনা, জামাতা, বেদবেত্তা ব্রাহ্মণ, রাজা কিম্বা রাজমন্ত্রী অতিদীর্ঘকাল ভোগ করিলেও তাহাতে তাহাদের স্বত্ব হইবে না।

দায়ভাগাদিগ্রন্থেধৃত মহাভারতের দানধর্ম্ম প্রকরণের বচন। এবং কাত্যাবন বচন। ব্য. দ. পৃ. ৫৮,৫৪, দ্রষ্টব্য।

বৃহস্পতিঃ—"যাহা অল্পমুল্যে, অথবা উন্মত্ত বা মত্ত কর্ত্তৃক, অথবা ভয়প্রযুক্ত, অথবা অস্বামিকর্ত্তৃক, কিম্বা জড়কর্ত্তৃক বিক্রীত হইয়াছে তাহা ক্রেতা অবশ্য ফিরিয়া দিবে, নতুবা তাহা হইতে তাহা বলে লওয়া যাইবে। শহর ঢাকা, ৩ ফেব্রুওরি ১৮১৭ সাল। মেক্. হি. ল. বা.২, চ্যা. ১১, মকদ্দমা ৯. (পৃ. ২৯৮, ২৯৯, ৩০০)।

প্রশ্ন। তিন ভ্রাতায় একত্রে কোন ভূমি সম্পত্তি অধিকার করিতেছিল, পরে এক ভ্রাতা এক স্ত্রী রাখিয়া নিসসন্তান মরিলে ঐ বিধবা তদ্ভাগাধিকারিণী হয়। অনন্তর জীবিত ভ্রাতাদ্বয় মৃত ভ্রাতার অংশশুদ্ধ কোন অপরব্যক্তিকে বিক্রয়করে, তাহাতে ঐ বিধবা নিজ স্বামির অংশের নিমিত্তে নালিশ করিলে তাহার দাবী ডিক্রী হইয়া তাহাকে দাবীকৃত বিষয়ে দখল দেওয়ান হয়। পরে ঐ বিধবা মৃত স্বামির ভ্রাতাদ্বয়ের পুত্র পৌত্র থাকিতেও অভিযোগদ্বারা উপার্জ্জিত পতিধন সমস্তই পতির ভ্রাতার এক পৌত্রকে দানকরে। এমত অবস্থায় ঐ দান সিদ্ধ কি না?

পত্নী অভিযোগ দ্বারা পতির অংশ উদ্ধার করিয়া লইলে তাহাতে পুর্ব্বাপেক্ষা তাহার অধিক ক্ষমতা জন্মিবে না।

উত্তর। উপরি উক্ত অবস্থায়, পতির ভ্রাতৃপুত্র ও ভ্রাতৃপৌত্র অনেক থাকিতে তন্মধ্যে একেকে পত্নী পতির সমস্ত ধন দান করিতে পারেনা, করিলে তদ্রূপ দানকে অবশ্য আশাস্ত্রীয় বিবেচনা করিতে হইবে, তাহা নিম্ন লিখিত ঋষিরা * স্পষ্টরূপে কহিয়াছেন। কাত্যায়ন—"পত্নী যাবজ্জীবন ক্ষান্তা হইয়া পতিধন ভোগকরিবে, তাহারপর দায়াদেরা পাইবে। (ব্য. দ. পৃ. ৫৪ দ্রষ্টব্য)। "পত্নী অব্যভিচারিণী হইয়া স্বামির অংশ গ্রহণ করুক, কিন্তু সে তাহা দান বিক্রয় করিতে অথবা বন্ধকদিতে স্বাধীনা হইবার চেষ্টাকরিতে পারে না"।

"এমত অবস্থাতেও যদি বিভাগ হইয়া থাকে, (তথাপি) বিধবা স্থাবর বিষয়াধিকারিণী নয়"। মেক্. হি. ল. বা. ২, চ্যা.৮, মকদ্দমা ৪৯. পৃ.২৫৪।

প্রশ্ন ১। কোন হিন্দু জমীদার এক স্ত্রী রাখিয়া নিসসন্তাম মরে; পরে ঐ বিধবা পতির মরণান্তে তাহার যে স্থাবর অস্থাবর বিষয় প্রাপ্ত হইয়া ছিল এবং তাহাহইতে হইয়াছিল ও হইতে পারে যে উপস্বত্ব এবং আপনি যে ধন উপার্জ্জন করিয়াছিল তৎ সমুদয়ের আপন মৃত্যুর একদিবস পুর্ব্বে (কিন্তু) সুস্থির চিত্তে একব্যক্তি পরকে উইল বা শরতী দানপত্র লিখিয়া দেয়, (এবং তাহা রীতিমত দস্তখত ও তস্দিক হয়)। এমত অবস্থায় ঐ উইল বা শরতী দানপত্র দ্বারা কোন্ বিষয়ের দান সিদ্ধ হইবে?

---

"নিম্ন লিখিত ঋষিরা" ইহা লিখিত হইয়াছে কিন্তু কেবল কাত্যায়নের নামবই প্রকাশিত হয় নাই, এবং শেষ দই বচন যে কাহার তাহাও আদর্শে প্রকাশ নাই। এবং ঋষি পদের বহুবচনে আর কোন্ ঋষি উদ্দেশ্য ছিলেন তাহাও প্রকাশ নাই, বোধ হয় ইহা ভ্রমের কর্ম্ম।

**Q. A Shúdra died possessed of some landed property, leaving a widow, a daughter, and a daughter's son. A part of the property had been usurped by a stranger; and the daughter's son of the proprietor, with the sanction of his grandmother, instituted a suit to recover possession of the portion usurped. In this case, will the property in question go to the daughter's son or not? Supposing the original proprietor's widow, notwithstanding she had a daughter and daughter's son living, to have disposed of a portion of her husband's landed estate by sale, without their consent or knowledge, and not to have received the full value of the property from the purchaser; in this case, is the sale to be considered valid and binding, or otherwise?**

...le by a widow without the consent of the next heirs of a part of the property devolved on her from her husband is invalid, except under special circumstances.

R. If a part of the deceased proprietor's immovable property have been forcibly seized by a stranger, and his (the proprietor's) daughter's son have instituted a suit to recover the property from the hands of the usurper, with the consent of the proprietor's widow, the daughter's son is entitled to the property in dispute, by reason of his being next heir to the deceased. Either a gift or sale, or any other alienation of the immovable property which had devolved on the widow, unless for the completion of her husband's exequial rites, or the like necessary observances, is illegal. Whatsoever sum may have been settled as the value of the property sold, if the whole amount had not been paid by the vendor, the sale must be held invalid.

*Authorities.*

Vrihaspati :—" A possession by strangers for three generations gives, no doubt, an absolute title not a possession by kinsmen within the degree of *Sapindas*. The property of a house, arable land, a market, or other immovables, which are possessed by a friend, or a near kinsman in the male or female line, who is not the proprietor, shall not be lost to the rightful owner, nor shall the husbands of daughters, nor learned priests, nor the king, nor his ministers, acquire a title even by a very long and quiet possession."

The text of *Ma'ha'bha'rata* in the chapter entitled *Da'nadharma*, and of KA'TYAYA'NA laid down in the *Da'yabha'ga* and other works. See V. D. p. 55.

VRIHASPATI :—" What has been sold, at a low price, by a man inebriated or insane, or through fear, or by one not his own master, or by an idiot, shall be given back, or may be taken forcibly from the buyer." City Dacca, February 3d, 1817. Macn. H. L. vol. II, Ch. 11. case 9. (pp. 298, 299, 300).

Q. There were three brothers who held some landed property in coparcenery, one of whom died childless, leaving a widow, who succeeded to the share of her husband. Subsequently, the surviving brothers sold their entire estate, including the share to which the deceased is entitled, to a stranger. The widow applied to a court of justice for her husband's portion: a decree was passed in her favour, and she was put in possession of the property claimed. She then, notwithstanding that her husband's two brothers' sons and grandsons in the male line were alive, made a gift of the whole of her husband's property, which she recovered by litigation, to one of her husband's brother's grandsons. In this case, has the gift validity or otherwise?

The fact of a widow's having recovered her husband's share by litigation, gives her no additional power over it.

R. Under the circumstances above stated, the widow was incompetent to give away her husband's whole property to one of his brothers' grandsons, while there were his other nephews and their sons existing, and the gift must be considered illegal, as expressly declared by the following sages*. KA'TYA'YANA: " Let her enjoy with moderation the property until her death. After her, let the heirs take it." ( See V. D. p. 55.) " Let the widow preserving unsullied the bed of her lord, take his share; but she may not seek independency while she lives, to give, pledge, or sell it."

" Even in this case, if a partition should have been made, the widow is not entitled to the immovable property." Macn. H. L. Vol. II. Ch. 8. case 46 (Page 254).

Q. 1. A Hindoo *Zemindar* dies childless, leaving a widow; who one day previous to her death, in full possession of her faculties, executed a will, or conditional deed of gift (duly signed and attested), of all the property, real and personal, with the profits accruing therefrom, to which she had succeeded on the death of her husband, together with the profits which had accrued therefrom, and all the property acquired by herself, in favour of a stranger. In this case, what property will pass by such will, or conditional deed of gift?

* There is an omission in this place. After the use of the expression " the following sages," the name of KA'TA'YANA only is put before his text; and it is not shown who else is or are meant by the plural term " Sages ;" nor is the author of the two following texts indicated.

কোন বিধবা পতি হইতে প্রাপ্ত সঙ্ক্রান্ত ধন দান বা উইল দ্বারা হস্তান্তর করিতে পারে না, এবং ঐ ধন দ্বারা যে ধন উপার্জ্জন করিয়া থাকে তাহাও হস্তান্তর করিতে পারে না।

উত্তর ১। যদিও ঐ বিধবা সুস্থিরচিত্তে থাকা কালীন উক্ত দস্তাবেজ রীতিমত দস্তখত ও তস্দিক্ করিয়া লিখিয়া দিয়া থাকে তথাপি পতির উত্তরাধিকারিদের অনুমতি বিনা অথবা সে যাহাদের অধীনা তাহাদের অনুমতি বিনা তাহার মৃত্যুর পর গ্রহীতা দখল পাইবে এমন শর্ত্তে শরতী দান করিতে সে যোগ্যা নয়, এবং যে ভূমি কিম্বা অন্য বিষয় তৎপতি রাখিয়া মরিলে সে অধিকার করিয়া থাকে, তাহা উইল দ্বারা দান করিতে ঐ বিধবার ক্ষমতা নাই, এবং ঐ সঙ্ক্রান্ত ভূমি ও তদুপস্বত্ব দ্বারা যে ধন সে ( বিধবা ) আপনি উপার্জ্জন করিয়া থাকে তাহারো উইল্ করিতে সে পারে না। এতাবতা তিন প্রকার ধনই ( অর্থাৎ পত্নীর অধিকৃত সঙ্ক্রান্ত ভূমি ও অস্থাবর বিষয়, এবং ঐ অধিকৃত সঙ্ক্রান্ত বিষয় দ্বারা তাহার স্বোপার্জ্জিত ধন, ও তাহার লাভ) দান কিম্বা উইল্দ্বারা হস্তান্তর অবৈধ হওয়াতে তাহার কোন অংশ গ্রহীতাকে অর্শে না। কিন্তু অধিকৃত সঙ্ক্রান্ত ধনের ও তদুপস্বত্বের উপঘাত বিনা যে ধন সে বিধবা আপনি উপার্জ্জন করিয়াছে তাহা তাহার স্ত্রীধন, এবং ( ভর্ত্তৃদত্ত স্থাবর ধন ব্যতিরেকে ) ঐ রূপ স্ত্রীধন সে ইচ্ছানুসারে উইল্ কিম্বা দানদ্বারা হস্তান্তর করিতে পারে; এতাবতা ( স্বামির দত্ত স্থাবর সম্পত্তি ব্যতিরেকে অন্য ) স্ত্রীধন উইল্ কিম্বা শরতী দানপত্র দ্বারা অপরকে দত্ত হইতে পারে। এই ব্যবস্থা দায়ভাগ, ও শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের দায়ভাগ-টীকা, ও দায়রহস্য, ও কাত্যায়ন সংহিতা, ও মনুসংহিতা, এবং উড়িষ্যা দেশে চলিত আর ২ গ্রন্থানুমতা।

কিন্তু ভর্ত্তৃদত্ত স্থাবর ব্যতিরেকে অন্য স্ত্রীধন স্বেচ্ছানুসারে দানাদি করিতে পারে।

প্রমাণ—

১ দায়ভাগ, দায়তত্ত্ব, এবং আর ২ গ্রন্থে ধৃত কাত্যায়ন-বচন। ব্য· দ· পৃ· ৫৪ দ্রষ্টব্য।

২ গ্রামবাসির, জ্ঞাতির, প্রতিবাসির, ও দায়াদের অনুমতি, এবং স্বর্ণ ও জল-দান, এই ছয় প্রকারে ভূমি হস্তান্তর হয়। এই বচন কাহার ইহা নির্দ্দিষ্ট হয় না, কিন্তু দায়তত্ত্বাদি গ্রন্থে ধৃত হইয়াছে।

৩ ভর্ত্তা মরিলে অপুত্রা নারীর পতি-পক্ষই প্রভু। এবং দানাদি অর্থ রক্ষা ও ভরণ পোষণ বিষয়ে তাহারাই কর্ত্তা॥ দায়ভাগাদি গ্রন্থধৃত নারদ-বচন।

৪ কিন্তু যদি পতিকুল ক্ষয় পায়, নির্ম্মনুষ্য বা নিরাশ্রয় হয়, এবং ভর্ত্তার সপিণ্ড (জ্ঞাতি) না থাকে, তবে ঐ বিধবার পিতৃপক্ষ রক্ষক। দায়ভাগাদি গ্রন্থেধৃত নারদ-বচন।

৫ পতি পুত্রাভাবে পত্নী দানাদি বিষয়ে পতিকুলের অধীনা। দায়ভাগ।

৬ ধনদানবিষয়ে পত্নী যদি পতিপক্ষের অধীনা তবে স্পষ্ট বোধ হইতেছে যে তাহাদের অনুমতি ক্রমে নিজ পিতৃ পক্ষেও দান কারিতে পারে। শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের দায়ভাগ-টীকা।

৭ স্ত্রীরা পতির দায়ের উপভোগ রূপ ফলভোগিনী। তাহারা কোন ক্রমে পতির দায়রূপ ধনের অপহার করিবে না॥ এস্থলে অপহার পদে এই বুঝায় যে বিধবারদিগকে স্বেচ্ছামতে পতির ধন দান বিক্রয়াদি করিতে ক্ষমতা নাই। দায়রহস্যে ধৃত মহাভারতীয় বচন।

৮ অধীন ব্যক্তিকর্ত্তৃক ভূমি গৃহ ও দাসের যে দান আধান বা বিক্রয় তাহা অসিদ্ধ ও অকর্ম্মণ্য। কাত্যায়ন।

৯ শিল্প কর্ম্মদ্বারা যে ধন লাভ হয়, প্রীতিপূর্ব্বক (পতিকুল ভিন্ন) অন্যে যে ধন দেয়, তাহাতে পতির প্রভুত্ব আছে, তদ্ভিন্ন ধন স্ত্রীধন কথিত হইয়াছে। বিবাহিতা কিম্বা অবিবাহিতা কন্যা পতির বা পিতার গৃহে পতি বা পিতা মাতা হইতে যে ধন প্রাপ্ত হয় তাহাকে সৌদায়িক ধন কহে। সৌদায়িক ধন স্থাবর হইলেও ইচ্ছানুসারে তাহা দান বিক্রয় করিতে স্ত্রীদিগকে সর্ব্বদা স্বাধীনত্ব আছে ইহা কথিত হইয়াছে। দায়ভাগ ও দায়ক্রমসংগ্রহ প্রভৃতি গ্রন্থে ধৃত কাত্যায়ন বচন।

১০ পতি প্রীতিপূর্ব্বক পত্নীকে যাহা দান করে, তাহা পতি মরিলেও সে যথা-ইচ্ছা ব্যবহার অথবা দান করিতে পারে, কেবল ঐ ধন স্থাবর হইলে সেরূপ করিতে পারে না। দায়ভাগে ধৃত নারদ বচন।

১১ স্থাবর ধন স্বামির দত্ত হইলে তাহা দানাদি করিতে পত্নীকে অধিকার নাই। দায়ভাগ।

১২ পরস্বত্বোৎ পাদন রূপ যে কর্ম্ম তাহাই দান।

> A widow cannot alienate, by gift or will, property devolved on her from her husband, nor her own acquisitions made by means of such property.

R. 1. · Although the instrument in question may have been duly signed and attested, and executed by the widow while in the full possession of her faculties, still she was not competent, without the consent of her husband's heirs, and those on whom she was dependant, to make a conditional gift, stipulating for the possession of the donee after her death, nor was she at liberty to make a will affecting the landed and other property left by her husband, into the possession of which she came on his death, nor affecting the profits of it, nor affecting her own acquisitions made by means of the landed property to which she had succeeded, or by means of its profits. As, therefore, the gift or disposition by will of all three descriptions of property above-named, (viz. landed property devolved on her from her husband, personal property, and her acquisitions made by means of the inherited estate, and its profits,) is illegal, no part of that property goes to the donee: but whatever the widow may have acquired by means, other than those of the inherited property and its profits, is her own *Stridhan*, or peculiar property, and she is at liberty, (except in the case of immovable property given to her by her husband,) to dispose of such *Stridhan* by will or gift, as she pleases; and, therefore, the *Stridhan* of the widow, (except immovable property given to her by her husband,) can pass to the stranger under the will or conditional deed of gift. This opinion is given in conformity to the *Dáyabhága*, *Srikrishna Tarkálankára's* commentary on the *Dáyabhága*, *Dáyatatwa*, *Dáyarahasya*, KA'TYA'YANA, MANU, and other authorities current in Orissa.

> But she may dispose of her own peculiar property as she pleases, except such part of it as consists of im- movable property given to her by her husband.

*Authorities.*

1st. Text of KA'TYA'YNA, cited in the *Dáyabhága*, *Dáyatatwa*, and other authorities. See V. D. p. 55.

2d. " Land passes by six formalities: by consent of townsmen, of kinsmen, of neighbours, and of heirs, and by gift of gold, and of water." Text of unknown origin, cited in the *Dáyatatwa*, and other authorities.

3d. " When the husband is deceased, his kin are the guardians of his childless widow. In the disposal of the property, and care of herself, as well as in her maintenance, they have full power." Text of NARADA, cited in the *Da'yabha'ga*, and other authorities.

4th. " But if the husband's family be extinct, or contain no male, or be helpless, the kin of her own father are the guardians of the widow, if there be no relations of her husband within the degree of *Sapinda*." Text of NA'RADA, cited in the *Dayabhaga* and other authorities.

5th. " In the disposal of property, by gift or otherwise, she is subject to the control of her husband's family, after his decease, and in default of sons." JI'MU'TAVA'HANA in the *Dáyabhaga*.

6th. " As the dependance of women in making gifts is on their husbands' relations, it is evident that she may sometimes make gifts with their consent to her father's family." Commentary of SRI'KRISHNA TARKA'LANKA RA.

7th. " For women, the heritage of their husbands is pronounced applicable to use. Let not women on any account make waste of their husbands' wealth." Here the term waste indicates that they are not at liberty to dispose of the property as they please, by gift, sale, or other means." Text of the *Mahábhárata*, cited in the *Da'yarahasya*.

8th. " A gift, pledge, or sale of lands, houses, or slaves, by a dependant person, is invalid or inefficient." KA'TYA'YANA.

9th. " The wealth which is earned by mechanical arts, or which is received through affection from any other (than the kindred), is always subject to her husband's dominion. The rest is pronounced to be the woman's property. That which is received by a married woman, or by a maiden, in the house of her husband, or of her father, from her husband, or from her parents, is termed the gift of affectionate kindred. The power of women over the gifts of their affectionate kindred is ever celebrated, both in respect of dominion and of sale, according to their pleasure, even in the case of immovables." Texts of KA'TYA'YANA cited in the *Da'yabha'ga*, *Da'yacramasangraha*, and other authorities.

10th. " What has been given by an affectionate husband to his wife, she may consume as she pleases, when he is dead, or may give it away, excepting immovable property." Text of NA'RADA cited in the *Da'yabha'ga*.

11th. " But in the case of immovables bestowed on her by her husband, a woman has no power of alienation by gift or the like." JIMU'TAVA'HANA in the *Da'yabha'ga*.

12th. Gift consists in the effect of raising another's property.

স্ত্রীধন স্ত্রীর স্বামির উত্তরাধিকারিকে অর্শিবেনা, কিন্তু ঐ স্ত্রীর ভ্রাতা কিম্বা ভ্রাতৃপুত্রকে অর্শিবে।

প্রশ্ন ২। যদি ঐ রূপ দানাদি অসিদ্ধ ও অকিঞ্চিৎ বিবেচিত হয়, এবং ঐ বিধবার পিতার ও পিতামহের সন্তানেরা জীবিত থাকে, তবে ঐ স্ত্রীধন কাহাকে অর্শিবে? ঐ স্ত্রীধন ঐ সকল ব্যক্তিকে অর্শিবে, কি বিধবার পতির ভাতৃপুত্র কিম্বা অন্য উত্তরাধিকারিকে অর্শিবে? উড়িস্যা দেশের শাস্ত্রানুসারে এই প্রশ্নের উত্তর দিতে হইবে।

উত্তর ২। উপরি উক্ত দলীল এতাবতা অশাস্ত্রীয় ও অসিদ্ধ প্রমাণিত হইলে, যদি উক্ত বিধবার পিতার ও পিতামহের সন্তান জীবিত থাকে, এবং অবিবাহিতা বা বাগ্‌দত্তা অথবা বিবাহিতা কন্যা, কিম্বা পুত্র, দৌহিত্র, পৌত্র, সপত্নীপুত্র, সপত্নীপৌত্র, কিম্বা পতি কিম্বা মাতা কিম্বা পিতা, কিম্বা দেবর, কিম্বা দেবরপুত্র, কিম্বা পতির জ্যেষ্ঠভ্রাতার পুত্র, কিম্বা আপনার ভগিনীপুত্র, কিম্বা পতির ভগিনীপুত্র নাথাকে, তবে ঐ স্ত্রীধন সম্বন্ধের নৈকট্যানুসারে ঐ স্ত্রীর ভ্রাতাকে কিম্বা ভ্রাতৃপুত্রকে অর্শিবে, স্বামির ভ্রাতৃপুত্র কিম্বা অন্য উত্তরাধিকারিকে অর্শিবেনা, এই ব্যবস্থা দায়ভাগ, দায়ক্রমসংগ্রহ, দায়তত্ত্ব, এবং উড়িস্যাদেশে প্রচলিত আর২ গ্রন্থমতানুমতা।

প্রমাণ—

১ ভগিনীর শুল্ক ভ্রাতাকে অর্শে, তদভাবে মাতাকে, তদভাবে পিতাকে অর্শে।

২" মাসী, মামি, পিতৃব্যের স্ত্রী, পিসী, শাশুড়ী, ও জ্যেষ্ঠভ্রাতার পত্নী, ইহারা মাতৃতুল্যা কথিতা। উহাদের যদি ঔরস (বা সপত্নী) পুত্র অথবা দৌহিত্র, কিম্বা ইহাদের পুত্র না থাকে, তবে ভগিনীপুত্র প্রভৃতি উক্ত স্ত্রীদের ধন লইবে" দায়ভাগ, দায়ক্রমসংগ্রহ, দায়তত্ত্ব, এবং আর২ গ্রন্থেধৃত বৃহস্পতি-বচন। কন্দর্প সিংহ আপিলাণ্ট—বনাম—মোহনলাল খাঁ রেস্পণ্ডেণ্ট। সদরদেওয়ানী আদালত, ১২ জুলাই ১৮১৫ সাল। মেক্‌. হি. ল. বা. ২, চ্যা. ৮, মকদ্দমা ৪৯, পৃ. ২৫৮, ২৫৯, ২৬০, ২৬১, ২৬২)।

প্রশ্ন। কোন ব্রাহ্মণ নগদ টাকা ও স্বর্ণরৌপ্য অলঙ্কার প্রভৃতি অস্থাবর বিষয় এবং একপত্নী ও কন্যা রাখিয়া মরে। অনন্তর সেই পত্নী উক্ত সমস্ত বিষয় জামাতাকে দান করে। এমত অবস্থায় উক্ত বিষয় ঐ বিধবার দানার্হ কি না, এবং তদ্দানোপলক্ষে ঐ বিষয় গ্রহীতাকে অর্শে কি না?

পত্নী জামাতাকে অস্থাবর বস্তু দান করিলে তাহা কন্যা থাকিতেও বৈধ।

উত্তর। পত্নীমাত্রের অভাবে কন্যা অধিকারিণী হইতে পারে; অতএব বিধবা জামাতাকে যে দান করিয়াছে তাহা শাস্ত্রীয়, এবং ঐদানোপলক্ষে গ্রহীতা ঐ বিষয় পাইতে পারে *।

প্রমাণ—

দায়ভাগ ধৃত ব্যাসবচন, যথা—"দুহিতার পতিকে যাহা দত্তহয় তাহা পতিবাঁচিয়া থাকিতে ও মরিয়া গেলেও ঐ দুহিতার। তাহার পর তাহার অপত্যকে অর্শে"। ঢাকানগর, ২৯ মে, ১৮১৮ সাল। মেক্‌. হি. ল. বা. ২, চ্যা. ৮. মকদ্দমা ৯ (পৃ. ২১৬, ২১৭)।

বাঙ্গলার সদর দেওয়ানী আদালত ও সুপ্রীমকোর্ট এবং ইংলণ্ডীয় প্রিবিকৌন্সিল আদালত কর্তৃক হিন্দু দায়শাস্ত্রানুসারে নিষ্পন্ন মকদ্দমাৎ।

১৯৩২০ সংখ্যক ব্যবস্থার নজীর

কোন জমীদারের মৃত্যু হইলে তাহার ত্যক্ত বিভব তৎপত্নীকে অর্শে, পরে ঐ বিধবা যুগল কিশোর নামক এক ব্যক্তিকে দানপত্র লিখিয়া দেয়। যুগল কিশোর ঐ বিধবার দান পত্রের বুনিয়াদে অথচ তাহার উত্তরাধিকারী এজহারে উক্ত বিষয়ের দাবী উপস্থিত করে। বিচার হইল যে হিন্দুদায়শাস্ত্রানুসারে পতির ত্যক্ত তালুকের পত্নীকৃত দান কর্ম্মণ্য নহে, যেহেতু পত্নী (সঙ্ক্রান্ত) ধনাধিকারিণী হইলে তাহা তাহাকে হস্তান্তর করিতে ক্ষমতা নাই (তাহা তাহার মৃত্যুর পর পতির দায়াদকে অর্শিবে)। পরন্তু যেহেতু বাদী মৃত জমীদারের জ্ঞাতি, এবং এমত প্রমাণ হইল যে সেই তাহার যথাশাস্ত্র উত্তরাধিকারী, অতএব এই হেতুতে তাহারই হক নির্ণীত হইল পরন্তু এই ডিক্রীর পূর্ব্বে তাহার মৃত্যু হওয়াতে তদুত্তরাধিকারি কন্যা ডিক্রী পাইল। মহোদা ও বৃন্দাবন—বনাম—কল্যাণী প্রভৃতি। ১৪ মার্চ ১৮০৩ সাল। স. দে. আ. রি. বা. ১, পৃ. ৬২।

এই মকদ্দমায় যে ব্যবস্থা দত্ত হয় তাহা এই যে "পত্নী মৃত পতির সমস্ত ধন দান করিলে তাহা অসিদ্ধ, কিন্তু যদি পতির পারলৌকিক উপকারার্থ তদ্ধনের পরিমিত অংশ দান করে তবে তেমত দান সিদ্ধ হইতে পারে।

* এই ব্যবস্থা শুদ্ধ নয়, কারণ বিধবা সমস্ত সঙ্ক্রান্ত ধন জামাতাকে দান করিতে পারে এমত শাস্ত্র নাই, যে বচন প্রমাণে এমত ব্যবস্থা দত্ত হইয়াছে তাহা স্ত্রীধন বিষয়ক, সঙ্ক্রান্ত ধনে খাটে না।

Q. 2. In the event of such disposition being declared illegal and void, to whom will the widow's *Stri'dhan* go, supposing there to be descendants of her father or grandfather living; will it go to them, or to the nephews or other heirs of her husband? An answer is required to be delivered to this question according to the law of Orissa.

R. 2. The instrument in question having been thus proved to be illegal and void, supposing there to be descendants of the father or grandfather of the woman living, and she have no unmarried daughter, or affianced daughter, nor married daughter, nor son, nor daughter's son, nor son's son, nor son's grandson, nor stepson, nor stepson's son, nor stepson's grandson, nor husband, nor mother, nor father, nor husband's younger brother, nor son of her husband's younger brother, nor son of her husband's elder brother, nor son of her sister, nor son of her husband's sister, the *Stri dhan* will go to her brothers, or her brother's sons, with reference to their propinquity, and not to the nephew or other heirs of her husband. This opinion is delivered in conformity to the *Dáyabha'ga*, *Da'yakramasangraha*, *Da'yatatwa*, and other authorities current in Orissa.

The *Stridhan* will be inherited by the woman's brother or brother's son, to the exclusion of her husband's heirs.

*Authorities.*

"The sister's fee belongs to the uterine brothers. After them it goes to the mother, and next to the father."

"The mother's sister, the maternal uncle's wife, the father's sister, the mother-in-law, and the wife of an elder brother, are pronounced similar to mothers. If they leave no issue of their bodies, nor son (of a rival wife), nor daughter's son, nor son of those persons, the sister's son and the rest shall take their property." Text of VRIHASPATI, cited in the *Da'yabha'ga*, *Da'yakramasangraha*, *Da yatatwa*, and other authorities. Sudder Dewanny Adawlut, July 12th, 1815. Kandrapa Singh, Appellant, *versus* Mohanlál Khán, respondent. Macn. H. L. vol. II, Case 49. (Pages 259—262.)

Q. A *Bra'hman* being in possession of some movable property consisting of cash, jewels, gold, silver, and other effects, died, leaving a widow and a daughter. The widow bestowed all her husband's property of the above description on her daughter's husband. In this case, was the property a fit subject to be disposed of by the widow, and will it go to the donee in virtue of gift?

R. In default only of the widow, the daughter can inherit; consequently the gift made by the widow to her daughter's husband is good, and the donee is entitled to receive the property in virtue of the disposition in his favour.*

A gift of personal property inherited by the widow to her daughter's husband, is good, though the daughter be living.

*Authorities.*

The text of VYA'SA, cited in the *Da'yabha'ga*:—"What is presented to the husband of a daughter, goes to the woman, whether her husband live or die; and, after her death, descends to her offspring.*" City Dacca, May 29th, 1818. Macn. H. L. Vol. II. Ch. 8. case 9. (pp. 216, 217).

*Cases decided by the Sudder Dewanny Adawlut and the Supreme Court of Judicature in Bengal, and the Privy Council, according to the Hindu Law of inheritance.*

Jugal Kishor, under a deed of gift executed in his favour by the widow of a Zemindar, and also as her heir, claimed the estate, which on the Zemindar's death had devolved to the widow. Adjudged that by the Hindu law the gift made by the widow of the *Ta'lúk* left by her husband could not avail, a widow having no power to alienate the estate which she inherited from her husband, and (which at her death must devolve on her husband's heirs). But the plaintiff, a collateral relative of the husband, having shown that he was the heir at law, judgment passed, on this ground, in his favour; or rather in favour of his daughters, his heirs; he having died before the suit was decided.—*Mahodá* and Brindában *versus* Kalyání and two others, 14th March 1803. S. D. A. Rep. Vol. I. p. 62.

*Case* bearing on the Vyavasthás Nos. 19 and 20.

The *Vya'vastha'* delivered in the case was "A gift, by a widow, of the whole estate of her husband, is invalid: but that a gift of a moderate portion of his property, made by the widow, with a view to his spiritual benefit, may be valid."

---

* The above *Vyavasthá* is not consistent with the Hindu law, as no text provides that the widow can make a gift of the whole of her property inherited: the text on the authority of which the *Vyavasthá* was delivered refers to a woman's peculiar property (*Stridhan*). See Coleb. Dá. bhá. Ch. IV. Sec. 1, para. 17.

১৯ ও ২০ সংখ্যক ব্যবস্থার
নজীর

৶০ কোন মৃত ব্যক্তির বিষয় তাহার জ্ঞাতিরা উত্তরাধিকারিরূপে দাওয়াকরে, প্রতি বাদী এজ্‌হার করে যে সে মৃতব্যক্তির পত্নীকর্ত্তৃক যথাশাস্ত্র দত্তক গৃহীত হইয়াছে এবং তৎ পত্নী হইতে ঐ বিষয় দান প্রাপ্ত হইয়াছে। বিচার হইল যে মৃতের পত্নীর দান পত্রের বুনিয়াদে প্রতিবাদী বিষয়াধিকারী নয়, যেহেতু পত্নী পতির ত্যক্ত বিষয় অন্যকে দানাদি করিতে পারে না, কিন্তু যেহেতু এমত প্রমাণ হইল যে প্রতিবাদী মৃত ব্যক্তির দত্তক পুত্র, এবং যথাশাস্ত্র উত্তরাধিকারী, অতএব বাদিগণের দাবী ডিস্‌মিস্‌। নন্দকুমার প্রভৃতি—বনাম—রাজেন্দ্রনারায়ন। ২ ডিসেম্বর ১৮০৮ সাল, স. দে. আ. রি. বা. ১, পৃ. ২৬১।

২১ সংখ্যক ব্যবস্থার
নজীর

মৃত গোবিন্দ প্রসাদ লাহিড়ীর পত্নী কৃষ্ণমণি দেবী সাধারণ স্থাবর অস্থাবর বিষয়ের চারি অংশের একাংশ পাইবার নিমিত্তে শাশুড়ী উমা দেবী ও পতির তিন ভ্রাতার নামে এই নালিশ উপস্থিত করে। প্রতি বাদিরা (আপীলে) আপত্তি করে যে দাবী কৃত অংশে বাদিনীর কোন স্বত্ব নাই যেহেতু সে পতিকুল পরিত্যাগ করিয়া পিতৃগৃহে বাস করিতেছে। এবং তাহার পতি ১২৩৬ সালে পিতৃ গৃহ ত্যাগ করিয়া শ্বশুরালয়ে বাস করাতে ঐ সময় হইতে মকদ্দমার বুনিয়াদ উপস্থিত হওয়া গণ্য করা উচিত; অপিচ ১২৩৮ সালের ১ ভাদ্রে তাহার মৃত্যু হওয়া যে কথিত হইয়াছে তাহা হইয়া থাকিলেও ঐ তারিখ হইতে নালিশের তারিখ পর্য্যন্ত ১২ বৎসরের অধিক কাল অতীত হওয়াতে তমাদি প্রযুক্ত এ নালিশ অগ্রাহ্য।

সদর দেওয়ানীর জজেরা শ্রীযুক্ত রীড্‌, ডিক্‌, ও জ্যাকসন সাহেব বিবেচনা করিলেন, যথা—“এ মকদ্দমাতে এই ২ কথার বিচার আবশ্যক—প্রথমতঃ তমাদি প্রযুক্ত এ মকদ্দমা অগ্রাহ্য কি না? এই নালিশ ১৮৪৩ সালের ১৪ আগষ্ট মোতাবেক ১২৫০ সালের ৩০ শ্রাবণ তারিখে উপস্থিত হয়। বাদিনী কহে তাহার স্বামী ১৮৩১ সালে ২০ আগষ্ট অথবা ১২৩৮ সালের ৫ ভাদ্র তারিখে মরে। কিন্তু প্রতিবাদিরা তৎস্বামির মৃত্যুর তারিখ যে ১ ভাদ্র মোতাবেক ১৬ আগষ্ট জাহের করে তাহা ধরিলেও ১২ বৎসর অতীত হইবার দুই দিবস বক্রী আছে। প্রতিবাদিরা অপর ওজর করে যে এই নালিশের আরম্ভ আর্জি দাখিলের তারিখ (১৮৪৩ সালের ১৪ আগষ্ট) হইতে গণ্য নহে, কিন্তু দাবীকৃত বিষয় জিলা মৈমন সিংহে ও রাজ সাহীতে থাকা প্রযুক্ত যে তারীখে সদর দেওয়ানী আদালতের অনুমত্যনুসারে মৈমন সিংহের প্রধান সদর আমীনের সেরেশ্‌তায় বিচারার্থ সমর্পিত হয় ঐ তারিখ হইতে নালিশের আরম্ভ গণনা করিতে হইবে, আদালত এই আপত্তি অগ্রাহ্য করিয়া হুকুম দিলেন যে (এই মকদ্দমাতে তমাদী খাটে না, অতএব) গ্রাহ্য করণে বাধা নাই।

দ্বিতীয়তঃ—বাদিনীর পতিকুলে বাস না করিয়া পিতৃকুলে বাস করা এই দাবী উপস্থিতির প্রতি প্রতিবন্ধক কি না? হরসুন্দরী দাসী প্রভৃতির বিরুদ্ধে কাশীনাথ বসাকের আপীলে প্রিবি কৌন্‌সল হইতে যে বিচার হইয়াছে (মার্টন সাহেবের রিপোর্টের ৮৫ পৃষ্ঠা দ্রষ্টব্য) তাহা সদর আদালতের বিবেচনায় বাদিনীর দাবী উপস্থিত করিতে অধিকার থাকা বিষয় চূড়ান্ত মীমাংসা। উমা দেবী প্রভৃতি আপিলান্ট—বনাম—কৃষ্ণমণি দেবী রেস্পণ্ডেন্ট. ২৯ জুলাই ১৮৪৬ সাল, স. দে. আ. রি. বা. ৭, পৃ. ২৭০,—৭২।

২৫ ও ২৭ সংখ্যক ব্যবস্থার
নজীর

সুপ্রীম কোর্টের প্রধান জজ শ্রীযুক্ত ইষ্ট সাহেবের বিচার—কলিকাতার অন্তর্গত আড়কুলিতে পাঁচ কাঠা পনেরো ছটাক ভূমি সমেত বসত বাটীর দখল বেদখল বিষষক এই নালিশ। উক্ত বাটী সমেত ভূমি নীলমণি দের অধিকৃত পৈতৃক বিষয়, অনুমান উনিশ কি বিশ বৎসর হইল উক্ত নীলমণির মৃত্যু হয়, এবং তৎপরিবারের এক ব্যক্তির সাক্ষ্যে বিদিত হইল যে মৃত্যুর দুই কিম্বা তিন বৎসর পুর্ব্বাবধি নীলমণি ক্ষিপ্ত ও কর্ম্মাক্ষম হইয়া থাকাতে তৎ পীড়িতাবস্থায় তাহার ও তৎপরিবারের প্রতিপালন নিমিত্তে তৎ পত্নীকে তাবৎ অস্থাবর সম্পত্তি বিক্রয় করিতে হইয়াছিল। অভয়া নাম্নী উক্ত পত্নীকে ও দুইটী শিশু পুত্রকে আর একটী অবিবাহিতা কন্যাকে রাখিয়া নীলমণি দে মরে। ঐ পুত্রদ্বয় এই মকদ্দমার প্রতিবাদী। মরণ কালীন নীলমণি ইহাদের জীবন ধারণ নিমিত্তে দাবীকৃত বিষয়, ও সাড়ে পাঁচ কাঠা পরিমিত আর এক খণ্ড ক্ষুদ্র ভূমি ভিন্ন আর কিছু রাখিয়া যায়না। শেষোক্ত ভূমি নীলমণির ক্ষিপ্ত হওয়ার অল্পকাল পূর্ব্বে তৎকর্ত্তৃক ক্রীত হয়।

বাদির পাট্টাদাতা অর্থাৎ আসল বাদী এক কবালার বুনিয়াদে দাবী উপস্থিত করে, ঐ কবালা, ১২০৩ সালের ১৫ অগ্রহায়ন তারিখে অর্থাৎ প্রায় বিশ বৎসর পূর্ব্বে ২১৮ টাকা পণ বহাতে উক্ত বিধবা কর্ত্তৃক বস্তুতঃ দত্ত, কিন্তু জাহেরা তাহার ও তৎ জ্যেষ্ঠ পুত্রের নামে লিখিত হয়। ঐ বস্তু তৎকালীন উপযুক্ত মুল্যে বিক্রয় হওন না হওন বিষয়ে আপত্তি হয় নাই, ঐ ক্রয় বিক্রয়ও অকৃত্রিম ও প্রকাশ্য রূপে হইয়াছিল। কিন্তু ইহাও স্বীকৃত হইয়াছে যে তৎকালে উক্ত দুই পুত্রের জ্যেষ্ঠ দুর্গাপ্রসাদ কেবল সাত কিম্বা আট বৎসর বয়স্ক ছিল।

II Claim to the estate of a deceased proprietor by his kindred as heirs was dismissed, on proof that the defendant, who affirmed that he was legally adopted by, and received the estate in gift from, the proprietor's widow, was entitled to it *not under the deed of gift from the widow, since she could not alienate the estate left by her husband,* but as her husband's adopted son and legal heir. Nanda Cumár and another *versus* Rájendra Náráyan. 2nd December 1808. S. D. A. Rep. Vol. I. p. 261.

*Case* bearing on the vyavastha' Nos. 19 and 20.

Krishna Mani, Debí, widow of Gobinda Prasa'd Láhurí deceased, instituted this suit to recover from Musst. Uma' Debí, the mother, and the three brothers of her husband, one fourth of the family property real and personal. The defendants pleaded in appeal that the plaintiff had no claim to share at all, because she had left her husband's family and had resided in her father's house; and because the cognizance of the claim was barred by the rule of limitation, which should be reckoned from the year 1236, when her husband, quitting his paternal dwelling, had gone to reside in his father-in-law's house, and that, even supposing his death to have occurred, as asserted, on the first Bhadoon (Bhádra) 1238, a period of more than 12 years had elapsed from that date to the institution of the suit.

*Case* bearing on the vyavastha' No. 21

By the Court,—Messrs. Reid, Dick, and Jackson. The points for consideration are as follows:

1st. Is the cognizance of the suit barred by the rule of limitation? The suit was instituted on the 14th August 1843, or 30th Sawun (Srában) 1250. The plaintiff asserts that her husband died on the 20th August 1831, or 5th Bhadoon 1238. Even assuming that the date of his death was, as asserted by the defendants, the 1st Bhadoon, or 16th August, the period of 12 years had not expired by two days. The Court reject the plea of the defendants that the commencement of the action must be reckoned, not from the day on which the petition of plaint was filed (14th August 1843,) but from that on which, after due permission obtained from the Sudder Dewany Adawlut for the trial of the suit in Zillah Mymensingh, part of the property being situate in Rajshahye, it was placed for trial on the file of the principal Sudder Ameen of Mymensingh; and rule that the cognizance of the suit is not barred.

2nd. Is the plaintiff debarred from suing by the fact of her having chosen to reside in the family of her father instead of in that of her husband? On this point the decision of the Privy Council in the case of Káshinath Basa'k *versus* Hara Sundari' Dási and another, (see page 85, Morton's Reports,) is, in the opinion of the Court, quite decisive as to the right of the plaintiff to sue. Uma' Debí and others, appellants *versus* Krishna Mani Debí, Respondent. 29th July 1846, S. D. A. R. Vol. VII. pp. 270—272.

East, C. J.—This was an action of ejectment for some premises, containing altogether five *Ka'ta's* and fifteen *Chhata'ks*, with a dwelling-house at A'rkuli in Calcutta, of which Nilmaní De, who died between nineteen and twenty years ago, was the patrimonial owner. It appears by the evidence of one of the family that Nílmani, for the last two or three years of his life, had been insane and incapable of work, and that his wife was obliged to dispose of all his personal property in support of him and his family during his malady. At his death he left his widow Abhayá and three infant children, two sons, and an unmarried daughter. Those sons are the present defendants. At his death there was nothing left for the subsistence of his family but the property in question, and another small piece of ground, containing five *Kátás* and a half, which he had purchased a short time before his derangement.

*Case* bearing on the vyavastha's Nos. 25 and 27

The present lessor of the plaintiff claims under a deed of purchase, in reality from the widow, but nominally from her and her eldest son, both being parties to the deed, dated 15th *Agraha'yan* 1203 B. S. nearly twenty years ago, for the price of Rs. 218. It is not disputed that the price was fair at the time; and it appears to have been an open and avowed transaction; but it was also admitted that, at that time, *Durga'prasa'd*, the eldest of the two infant sons, and who was a nominal party to the deed, was only seven or eight years of age.

অতএব উক্ত বিষয় বিক্রয়ে ঐ বিধবার যদি কোন অধিকার হইয়া থাকে, তাহা আপনার ও আপন সন্তানের পালন ও জীবন ধারণের আবশ্যকতায় হইয়াছিল। এই বিষয় প্রথমতঃ ও প্রধানতঃ বিচার্য্য বিবেচনা হইয়া পণ্ডিতদিগের স্থানে এতদ্বিষয়ে নিম্ন লিখিত ব্যবস্থা গৃহীত হয়।

পণ্ডিতদিগের প্রতি প্রশ্ন—১ যে কোন রূপ অভাবে কোন শিশু পুত্রের মাতা হিন্দু বিধবা ঐ পুত্রগণের বিষয় অপরকে বিক্রয় করিতে পারে কি না? উত্তর—সন্তানের জীবন রক্ষার্থে সে পরিবারীয় আর২ ব্যক্তির সহিত পরামর্শ না করিয়াও উক্ত বিষয় বিক্রয় করিতে পারে। প্রশ্ন ২।—কি প্রমাণে? উত্তর—দায়তত্ত্ব, দায়ভাগ ও বিবাদ চিন্তামণি। প্রশ্ন—৩। যদি ধনস্বামির পত্নী ও ভ্রাতা ও শিশু সন্তান থাকে, তবে বিভক্ত বা অবিভক্তাবস্থায় কে পরিবারাধ্যক্ষ হইবে? উত্তর—যদি পরিবার বিভক্ত না হইয়া থাকে, তবে ঐ শিশুগণের পিতৃব্য অধ্যক্ষতা করিবে, যদি বিভক্ত হইয়া থাকে তবে ঐ বিধবাই অধ্যক্ষা; কিন্তু অত্যন্ত আবশ্যক বিষয়ে পতির জ্ঞাতি কুটুম্বের সহিত পরামর্শ করিবে। প্রশ্ন ৪—যদি সে জ্ঞাতি কুটুম্বদিগের সহিত পরামর্শ না করিয়া বিষয় বিক্রয় করিয়া থাকে, তবে ঐ বিক্রয় সিদ্ধ কি না? উত্তর৪—জ্ঞাতি কুটুম্বের সহিত পরামর্শ করা তাহার আবশ্যক; কিন্তু যদি তাহারা অস্বীকার করে তবে উক্ত কার্য্য সাধননিমিত্তে যৎ পরিমিত বিক্রয় আবশ্যক তাহা তাহাদের অনুমতি বিনাও বিক্রয় করিতে পারে। কিন্তু অত্যন্ত আবশ্যক কার্য্যে সে তাহাদের সম্মতি ব্যতিরেকে তাহা বিক্রয় করিতে পারে। সন্তান পালন, কন্যার বিবাহ, এবং (পতির) শ্রাদ্ধ এই সকল অত্যন্ত আবশ্যক কার্য্য। প্রশ্ন ৫—যদি পরিবারের সাহায্যে প্রতিপালনের উপায় থাকে তবে বিধবা সে বিষয় বিক্রয় করিতে পারে কি না? উত্তর ৫—যদি তাহাদের সাহায্য পায় তবে পারে না।

অনন্তর আমি ইহা শ্রুত হইয়া যে এইরূপ আপত্তিঘটিত মকদ্দমা মফস্‌সল আপিল আদালতে দায়ের আছে এবং মফস্‌সলের জজ মেস্তর ওয়াট্‌সন সাহেব উক্ত বিষয়ে মফস্‌সল পণ্ডিতদিগের মত গ্রহণাদেশ করিয়াছেন, আমারদিগের পণ্ডিত গণের ঐ সকল ব্যবস্থার অতিরেকে আর ২ পণ্ডিতের কিমত তাহা জানিবার নিমিত্তে মকদ্দমা মুলতবি রাখিতে ইচ্ছা করিলাম। অনন্তর অবগত হইয়াছি যে এই আদালতের শেষ টহরম্‌বন্দে ঐ ব্যবস্থা লওয়া হইয়াছে, এবংঐ ব্যবস্থা সকল আমারদিগের পণ্ডিতগণের দত্ত ব্যবস্থানুমত; এবং তদনুসারে কোর্ট আপীল আবশ্যক কার্য্যে বিক্রয় করিতে বিধবার থাকার রায় দিয়াছেন।

ফলতঃ বোধ হইতেছে বিধবাকে এমত ক্ষমতা দত্ত হওয়ার মূল আবশ্যকতা ও হিত চিন্তা, বিশেষতঃ এমত দেশে যেখানে দীন দরিদ্রের (প্রাণ ধারণ) নিমিত্তে সাধারণকর্ত্তৃক কোন জীবিকা সংস্থাপিত হয় নাই। বিধবার যদি এমত ক্ষমতা না থাকিত তবে ঐ শিশুর বিষয় রক্ষার নিমিত্তে তাহার প্রাণ রক্ষা হইতে পারিতনা।

অতএব কেবল এই বিষয় স্থির করিতে বক্রী আছে যে ঐ ক্ষমতা যে আবশ্যকতা-মূলক, সে আবশ্যকতা এমকদ্দমাতে যথার্থতঃ ঘটিয়াছিল কি না।

এবিষয়ে শিশুর মৃত পিতার কোন কুটুম্ব বাদির পক্ষে প্রমাণ দিলেক যে ঐ মৃত ব্যক্তি মৃত্যুর দুই কিম্বা তিন বৎসর পূর্ব্বে উন্মত্ত হইয়াছিল, তদবস্থায় তাহার ও পরিবার প্রতিপালনার্থে তাহার সকল অস্থাবর বস্তু বেচিতে তৎ পত্নীবাধিত হইয়াছিল; নীলমণির মরণকালে উক্ত ভূমি ভিন্ন আর কোন বিষয় ছিল না। যদি উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইত তবে সালিয়ানা কাঠা প্রতি কেবল ছয় টাকা উপার্জ্জন হইত, কিন্তু পরিবারই তাহাতে বসতি করিতেছিল; তাহাদের ভরণ পোষণের উপজীবিকা আর কিছুই ছিল না; বিক্রয়ের পূর্ব্বে ঐ বিধবা পরিবারের প্রধান জগন্নাথের পরামর্শ লয়, এবং ঐ জগন্নাথ কবালায় সাক্ষী হয়। উক্ত বিক্রয়ের আট মাস পূর্ব্বে ঐ বিধবা আপন কন্যার বিবাহ দেয়।

প্রতি বাদিরা ইহা প্রমাণ করিল যে স্বামির মৃত্যুর পর তৎপূর্ব্ব বিবাহিতা জ্যেষ্ঠা কন্যার বাটীতে ঐ বিধবা যাইত, এবং (সেখানে) কখন ২ খাদ্য সামগ্রী পাইত, ঐ বিধবা সে খানে ঘন২ যাইত কিন্তু রাত্রিতে কখনো সে খানে থাকিত না; শিশু পুত্রদ্বয়ের জ্যেষ্ঠ তৎপিতা বায়ু রোগগ্রস্ত হওয়ার পর এবং তদ্‌মৃত্যুর দুই বৎসর পূর্ব্বাবধি জ্যেষ্ঠা ভগিনীর বাটীতে ছিল এবং পিতার মৃত্যুর পরও সেখানে থাকিত, এবং কনিষ্ঠ পুত্রও পিতার মৃত্যুর এক মাস পরে ভগিনীর বাটীতে গিয়া রহিল কিন্তু উভয় পুত্রই সময়ে২ মাতার নিকট আসিয়া থাকিত। এবং ঐ বিধবা অন্য এক কুটুম্বের স্থানে কখন এক টাকা কখন বা আধ টাকা পাইত, কিন্তু তাহারা সকলেই অতি দুঃখে কাল যাপন করিত, এবং কেবল এই প্রমাণে উপরি উক্ত সাক্ষির সাক্ষ্যের উপর দোষারোপ করিল। কিন্তু প্রতিবাদিরা যে প্রমাণদিলেক তাহাতে বাদী আবশ্যকতা থাকার যেএজাহার করিয়াছিল তাহা বাতিল না হইয়া বরং দৃঢ় হইল।

The right, therefore, if any, of the widow to dispose of this property arose, and was put upon the ground of necessity, for the support and subsistence of herself and her children. This formed the first and principal point which was made, and on which the opinion of the *Pandits* was taken as follows :—

Question to Pandits. 1. Can a Hindu widow, having infant sons, sell the property of those sons to a stranger under any circumstances of want ? *Answer.* She may, to preserve the children from want, and that without consulting the rest of the family. Q. 2. By what authority ? A. 2. The *Da´yatatwa*, the *Da´yabha´ga*, and the *Vivàda Chinta´mani*. Q. 3. If there be a widow and brother of the father's side, and infant children, who is to manage for the family, whether divided or undivided ? A. 3. If the family were undivided, the uncle of the children has the management. If divided, the widow has it ; but in cases of emergency she will consult the relations of her husband. Q. 4. Suppose she sold the property without consulting those relations, would the sale be binding ? A. 4. It is necessary for her to consult the relations ; but if they refuse, then she may sell without their consent, as much as is necessary for the purpose. But she can, in cases of emergency, sell without. Those cases of emergency are, the subsistence of a child, the portion of a daughter, and a *sráddha*. Q. 5. If the widow have the means of subsistence from the support of the family, can she then sell the property ? A. 5. Not so, if she have support.

In addition to these opinions of our own *Pandits*, we desired this case to stand over, in order to learn what the opinion of other *Pandits* might be, as I had been informed that the same question was then actually pending before the Mofussil court of appeal, and that Mr. Watson, the Judge, had desired the opinion of the Mofussil *Pandits* to be taken upon the points : and I have been since informed, that, in the course of our last vacation, those opinions having been taken, were in conformity to the opinion of our own *Pandits* ; and that judgment was given accordingly by the court of appeal in favour of the widow's right to sell in cases of necessity.

In truth, it seems that such a power is founded in necessity and good sense, in a country where there is no public provision for the poor ; for otherwise it might happen that a child's life might be sacrificed for preserving his property.

The only question, therefore, which remains, is, whether the necessity, from which the power arises, did in fact exist in this case.

As to this, a relation of the deceased father proved, on the part of the plaintiff, that the father was insane for two or three years before his death ; that his wife was obliged to dispose of all his personal property during such his insanity, for the support of himself and family ; that there was nothing left at his death but the real property ; that if the ground had been let it would only have brought in six rupees per *kátá* a year, but that it was occupied by the family themselves ; that they had nothing else to subsist on, or to clothe themselves with ; that before the sale she did consult Jagannáth, the head of the family, who was a subscribing witness to the deed of sale ; and that eight months after the ground had been sold the widow married off the daughter.

The only way that this evidence was met on the part of the defendants was, by proving that, after the husband's death, the widow, who had an elder daughter married in the father's life time used to go to her house, and had victuals occasionally given her, and this frequently, but she never staid the night ; that the elder of the infant sons, who had staid at the married sister's for two years previous to the father's death, after he became insane, continued to reside there afterwards ; and that the younger son, about a month after the father's death, also went to reside at his sister's ; but both the sons were occasionally at their mother's. That the mother herself used sometimes to receive a rupee, sometimes half a rupee, from another of the relations ; and that they were all in great distress. This evidence rather tended to confirm than to impeach the case of necessity made by the plaintiff.

সকল স্থলেই ধর্ম্ম শাস্ত্রের বা আইনের সঙ্গত অর্থ করিতে হইবে এমত যে তদ্দ্বারা ঐ আইন যে অভিপ্রায়ে কৃত হইয়াছে তাহা সিদ্ধ হয়। অতএব শিশুর বিষয় বিক্রয় করিতে ক্ষমতাদানের নিমিত্তে তৎক্ষণেই পরিবারের জীবিকার অত্যন্ত অভাব হওয়ার আবশ্যক নাই; এবং কুটুম্ব ও বন্ধু বান্ধবের সদয়দানে তৎকালে প্রাণধারণ হওয়া ঐ ক্ষমতা রহিত করার প্রতি যথেষ্ট কারণ নয়, কেননা কুটুম্বাদি যে সে সময়ে ঐ সাহায্য করা রহিত করিতে পারে। ভূমি বিক্রয় সহসা করা হইতে পারে না; যদি ভবিষ্যতে পরিবারের কোন নিশ্চিত উপায় নাথাকে, এবং যথার্থতঃ যদি অবস্থার উপযুক্ত জীবিকা না থাকে, এবং পরিবার হইতে যদি উপযুক্ত জীবিকা নিয়মিত না হইয়া থাকে, কিন্তু কেবল কখন কোনসাহায্য হইয়া থাকে, (এবং বিধবার ও তৎ সন্তানের এই দশাই ছিল)—তবে তাহাই প্রকৃত আবশ্যকতা এবং তাহাতে বিক্রয় কর্ত্তব্য।

উক্ত হেতুসকলে আমরা বিবেচনা করি যে বাদির পাট্টাদাতা অর্থাৎ (যাহার হকিয়ৎ বিষয়ক এই মকদ্দমা হেই) আসল বাদী যে ক্রয় করিয়াছে তাহা অবৈধ নয়, এবং তৎ পক্ষে ডিক্রী হওয়া উচিত *। এই বাদী ঐ ক্রয় উপলক্ষে প্রায় উনিশ বৎসর পর্য্যন্ত দখলিকার ছিল, পরে তদ্বিরুদ্ধে হওয়া ইজেকটমেণ্টের হুকুম জারিতে বেদখল হইয়াছে। হুকুম হইল যে বাদির পক্ষে ডিক্রী হয়। বিশ্বনাথ দত্ত নাম—দুর্গাপ্রসাদ রায় ও শিবচন্দ্র রায়। ৪ জুলাই ১৮১৫ সাল, সু. কো. সর্. এড্ওয়ার্ড্ হাইড্ ইষ্ট সাহেবের নোট. ন. ৩৪।

২৭ ও ৩০ সংখ্যক ব্যবস্থার নজীর

/০ বাদিরা বয়ান করে যে তাহারা সুভদ্রার স্বামি জীবনকৃষ্ণ বাবুর বিরুদ্ধে ৫৭৫৯৯।।/৯ টাকার ডিক্রী হাসিল করে; এবং তাহার মৃত্যুর পর তৎ পত্নী ১২৪৯ সালের ১৭ আষাঢ় তারিখে ঐ ঋণের পরিবর্ত্তে এক কেতা কবালা লিখিয়া দিয়া স্বামির কতক বিষয় বিক্রয় করে; কিন্তু প্রতিবাদিরা ইহা বলিয় যে জীবনকৃষ্ণ তাহাদিগকে বেনামি দলীল লিখিয়াদিয়াছে ইহারদিগকে (অর্থাৎ বাদিগণকে) দখল দেয় না, অতএব ইহারা দখল এবং ওয়াসিলাতের প্রার্থনা করে।

আপীলে আপিলাণ্টের পক্ষে অনেক আপত্তি হয়, তন্মধ্যে—তৃতীয় এই যে, বাদিরা যে বিক্রয়ের বুনিয়াদে দাওয়া করে তাহা হিন্দু ধর্ম্মশাস্ত্রানুসারে অবৈধ, কেননা যে বিধবা তাহারদিগের হস্তে বিক্রয় করিয়াছে তাহাকে সঙ্ক্রান্তধন হস্তান্তর করিতে ক্ষমতা নাই। চতুর্থ এই যে বিরোধীয় দুই বস্তু বিক্রেতার দখলে ছিল না অতএব তাহার বিক্রয় বৈধ নয়। পঞ্চম এই যে যে ডিক্রীর দেনায় বিষয় বিক্রীত হইয়াছে তাহা সাজশী এতাবতা ঐ বিক্রয়ও সাজশী হওয়াতে তাহা অসিদ্ধ। ষষ্ঠ এই যে আপিলাণ্টদিগকে যে বিক্রয় ও দান করা হইয়াছে তাহা অকৃত্রিম ও যথার্থ, অতএব গ্রাহ্য। রেস্পাণ্ডেণ্টেরা কহে যে উক্ত বিধবা নিজ স্বামির ঋণ পরিশোধার্থে বিক্রয় করিয়াছে অতএব ঐ বিক্রয় সম্পূর্ণরূপে শাস্ত্রসিদ্ধ। অপিচ উভয় পক্ষ হিন্দু হওয়াতে, কোন বস্তু দখলে না থাকিলেও তদ্বিক্রয় শাস্ত্রানুসারে সিদ্ধ। আর উক্ত বিষয়ে কোন সাজশ্ নাই, (কারণ) বাদিরা উক্ত বিধবার মৃত স্বামির উপর ডিক্রী হাসিল করে, এবং ঐ ব্যক্তি আপীল করিয়া মরার পর তাহার পত্নী আপীলে দস্তবরদারী দিয়া, মকদ্দমা বরাবর চলিলে আরো দেনা বাড়িতে পারে অতএব তাহা না হয় এই নিমিত্তে বিষয় বিক্রয় করিয়াছে। এবং আপিলাণ্টদিগের যে দান ও বিক্রয় কথিত তাহা কৃত্রিম ও প্রতারণামূলক, মহাজনের দেনা উড়াইবার নিমিত্তে হইয়াছে, অতএব প্রধান সদর আমীন ন্যায্য রূপেই তাহা অসিদ্ধ করিয়াছেন।

তৃতীয় আপত্তি বিষয়ে সদর আদালতের নিযুক্ত পণ্ডিতের নিকট এই প্রশ্ন করা গেল "যে হিন্দু বিধবারা পতি হইতে প্রাপ্ত সংক্রান্ত ভূমির সমুদয় পতির ঋণ শোধনার্থে তাহার দায়াদগণের অনুমতি বিনা দান বিক্রয় করিতে পারে কি না?"

ইহার উত্তরে পণ্ডিত ব্যবস্থা দিলেন যে "পতির ত্যক্ত বিষয়াধিকারিণী বিধবা তৎ পতির ঋণ শোধনার্থে ঐ বিষয় সমুদয় হস্তান্তর করিতে পারে, যেহেতু স্বামির বিষয়াধিকারিণী হইলে তাহাকে অবশ্যই পতির ঋণ পরিশোধ করিতে হইবে।"

এই ব্যবস্থার প্রমাণে উক্ত পণ্ডিত জগন্নাথ তর্কপঞ্চাননের বিবাদভঙ্গার্ণবে ধৃত নারদ মুনির বচন (যাহা কোল্ব্রুক্ সাহেবের ডাইজেষ্ট নামক তর্জমার ১ বালমের ৩১৫।৩১৬ পৃষ্ঠায় দ্রষ্টব্য) উল্লেখ করিয়াছেন, তদ্বচনার্থ যথা—"পত্নী যদি পতির বিষয় প্রাপ্ত হইয়া থাকে তবে সে অবশ্যই পতির ঋণ পরিশোধ করিবেক।" অপিচ "যে অপুত্রা পত্নী পতির বিষয় রক্ষণাবেক্ষণ স্বীকার করিয়াছে সে যদি পতির ঋণ শোধের ভার না লইয়াও থাকে তথাপি সে পতির ঋণ পরিশোধ করিবে যেহেতু সে তাহার বিষয়াধিকারিণী †।"

* এই মকদ্দমায় অভয়ানামী বিধবা তৎশিশু পুত্রগণের অভিভাবিকা বা ওসী স্বরূপা। তথাচ এমকদ্দমা এস্থলে নজীর রূপে ধরার কারণ এই যে বিচারপত্রে কতিপয় অবস্থা দর্শিত হইয়াছে যাহাতে কোন বিধবা, শিশু পুত্রের অভিভাবিকা অথবা পতির সঙ্ক্রান্ত ধনাধিকারিণী হউক, পতির ত্যক্ত বিষয় বিক্রয়াদি করিতে পারে।

† ইহা নারদ বচনানুবাদ কথিত হইয়াছে, কিন্তু তাহা নহে, বস্তুতঃ ইহা তদ্বচনের নিম্নে জগন্নাথ তর্কপঞ্চাননের ব্যাখ্যা। কোল্. ডা. বা. ১, পৃ. ৩১৫, ৩১৬ দ্রষ্টব্য।

In all cases the law must have a reasonable construction to forward the object of it. It cannot, therefore, be necessary, to authorise sale of the infant's property, that the family should be in absolute and urgent want of the necessaries of life at the very moment ; or sufficient to take away the power, that they are subsisting at the time upon the charitable donations of their friends and relations, who may at any moment withdraw their help from them. Land is not to be sold at a moment's warning : but if the family have no certain resource for the future and no actual means of providing for themselves the decent necessaries of life according to their condition, and no regular competent allowance from the family, but only mere casual charity, which was the state and condition of this family, this constitutes a reasonable necessity to warrant the sale of the property*.

On these grounds we think that the purchase was well made, and that there should be judgment for the lessor of the plaintiff, who had been in possession under the purchase-deed for nearly nineteen years before he was lately ousted by a judgment in ejectment snapped against him. Judgment for the plaintiff. Bishwa Nath Datta *versus* Durgá Prasád De and Shib Chandra De. 4th July, 1815. East's Notes, No. 34.

*Case* bearing on the vyavastha s Nos. 27 and 30.

I. ' Plaintiffs declare that they succeeded in getting a decree against Subhaddra's husband Jívan Krishna Ba'bu, for Rupees 57,599-7-9, that after his demise, she, in lie of that debt, executed a bill of sale on the 17th Asha r 1249, and sold certain estates of her husband, which defendants, on the pretext of *bena'mi* deeds alleged to have been executed by Ji'ban Krishna in their favor, withhold from plaintiffs. Plaintiffs pray therefore for possession and wasilat.

In appeal, several pleas were urged for appellants, of which the third is, that the sale to them, on which plaintiffs claim, is illegal according to Hindu law ; the widow, who sold to them, having no power to alienate property inherited from her husband. Fourth, the sale, with respect to the two properties in question, is illegal, because the seller was not in possession. Fifth, the decree, for the amount of which the estates were sold, was collusive, and consequently the sale, and therefore it is invalid. Sixth, the sale and gift of appellants were bona fide real transactions, and not fictitious, and therefore should be upheld.

On the part of respondents it was argued that the sale having been made to pay her husband's debts, by the widow, was perfectiy legal. The parties are Hindus, and, according to the *Sha'stra*, a sale even without possession is valid. There was no collusion. The plaintiffs had obtained a decree against the widow's husband, which he appealed and died. The widow then withdrew the appeals and sold the estate to avoid heavier liabilities from continuing to contest the demand. And that the sale and gift of appellants have been clearly fictitious and fraudulent to evade demands, and therefore were properly, declared invalid by the principal sudder ameen.

On the third plea, the following question was put to the pundit of the Court : 'Have Hindut widows the power to alienate the whole of the landed property inherited from their husbands, for paymen of their husbands' debts, without the consent of the next heirs to the said property, relatives of the husband ?

To which the pundit answered : 'A Hindu woman, who has inherited the property left by her husband, may alienate the whole of it to pay his debts, because, so inheriting her husband's property, she is bound to pay his debts.'

The *pandit* refers for his authority to Na'rada Muni, as stated in the digest of Jaganna'th, and to be found in Colebrooke's translation, (pp. 315 and 316, volume I.) 'If the assets of the husband have been received by the wife, she must pay the debts.' And again : 'and so must a debt be paid by a childless widow, who has accepted the care of the assets, even though she have not accepted the burden of the debts, for she is successor to the estate.' †

* The widow in this case was in the position of a guardian to her infant sons. The case however is quoted here because the judgment describes circumstances under which a widow, whether as guardian of her son, or heir to her husband, is justified in disposing of the property descended to her son or herself.

† This however is not the translation of the text of Na'rada Muni but of Jaganna'th's comment thereon. See Coleb. Dig. vol. I. p. 315. 316.

জগন্নাথের বিবাদভঙ্গার্ণবে বিক্রয় অসিদ্ধ বিষয়ে যে সকল বিধি লিখিত আছে তদনুসারে, বিশেষতঃ তাহাতে (কোল্. ডা. বা. ২, পৃ. ৩১৭, ৩১৮ পৃষ্ঠাতে) ধৃত নারদের ২ বচন অনুসারে চতুর্থ ওজর নিতান্ত অগ্রাহ্য, তদ্বচনার্থ যথা—"বিক্রেয় বস্তু উপযুক্ত মুল্যে বিক্রীত হইয়া ক্রেতাকে সমর্পিত না হইলে, বিক্রীতের অসম্প্রদান ও বিবাদপদ বলাযায়।" অপিচ, "বিক্রেতা যদি বিক্রেয় বস্তু যথার্থ মুল্যে বিক্রয় করিয়া ক্রেতাকে সমর্পণ না করে, তবে ঐবস্তু স্থাবর হইলে তাহার ক্ষতি অর্থাৎ শস্যাদি না হওন জন্য যে ক্ষতি তাহা এবং অস্থির হইলে তদ্ব্যবহারের ফল কিম্বা তাহাতে হইয়া থাকে যে লভ্য তাহা ঐ বিক্রেতাকে দিয়া দেওয়াইতে হইবে।" ইহাতে বিক্রীত বস্তুর অসমর্পণ জন্য দণ্ড হওয়া বিধান স্পষ্ট দৃষ্ট হইতেছে কিন্তু তজ্জন্য বিক্রয় অসিদ্ধির কথা একটীও লিখা নাই।

পঞ্চম ওজর আপিলাণ্টেরা করিতে পারে না, যেহেতু তাহারা দায়াদ না হওয়াতে ঐ বিধবা যাহা করে তাহার ন্যায্যান্যায্যের বিষয়ে আপত্তি করিতে তাহাদের অধিকার নাই।

অতএব সদর আদালত রেস্পাণ্ডেণ্টদিগের দাবী যথার্থ এবং আপিলাণ্টদিগের (এক্তাহারি) দান ও বিক্রয় কৃত্রিম বিবেচনাপুর্ব্বক সম্পূর্ণ খরচার সহিত আপিল ডিস্‌মিস্ করিয়া নিম্ন আদালতের ফয়সলা বহাল রাখিলেন। মোসম্মাৎ উমা চৌধুরাণী ও গোপীনাথ রায় আপিলাণ্ট—বনাম—মোসম্মাৎ ইন্দ্রমণি চৌধুরাণী। সদর দেওয়ানী আদালত, ১৫ জুলাই ১৮৪৭ সাল।

৮০ রাণী অন্নপূর্ণা কাদলিয়া পরগণা প্রভৃতিতে তাঁহার যে স্বত্বাধিকার ছিল তাহার অর্দ্ধেক বাদির নিকট বিক্রয় করিয়া, তাহাকে দখল দেন; কিন্তু তদনন্তর ঐ রাণী এক দত্তক পুত্র গ্রহণ করাতে তাহার ওসী নিযুক্ত হয়, পরে বাদির নাম কালেক্টরী সেরেশ্‌তায় দাখিল না হওয়া কারণে উক্ত ওসীরা আদালতের হুকুমক্রমে বাদির ক্রীত বিষয়ে দখল পায়। অতএব বাদী দখলের নিমিত্তে রাণী অন্নপূর্ণার ও তাঁহার দত্তক পুত্রের নামে এবং ঐ দত্তকের ওসীগণেরও নামে এই নালিশ করে, আর ওয়াসিলাতের নিমিত্তে কুর্জ্জন সাহেব ইজারাদারের নামে নালিশ করে।

উক্ত দত্তক পুত্র এবং তাহার ওসীরা জওয়াবে আপত্তি করে যে উক্তরাণীকে বিষয় হস্তান্তর করিতে ক্ষমতা ছিল না।

উক্ত রাণী বিক্রয় স্বীকার করিয়া কহিলেন যে যে সকল শরতে বিক্রয় করা হইয়াছিল তাহার তামিল হয় নাই, এবং ক্রেতা মূল্য দেয় নাই।

কুর্জ্জন সাহেব (ইজারাদার) আপত্তি করিলেন যে অন্য রাইয়ত অপেক্ষা তিনি ওয়াসিলাৎ বিষয়ে অধিক দায়ী নহেন, এবং এই মকদ্দমা উপস্থিত হওয়ার পুর্ব্বে নিকোলাই সাহেব দাবীকৃত বিষয়ের কিয়দংশ ডিক্রীজারীতে খরিদ করিয়াছেন, একথা আর্জ্জিতেই প্রকাশ, তথাপি তিনি প্রতিবাদি মধ্যে পরিগণিত হয়েন নাই, এমত দোষে এমকদ্দমা টিকিতে পারে না।

প্রধান সদর আমীন তাবৎ প্রতিবাদির উপর বাদির পক্ষে মকদ্দমা ডিক্রী করেন, এবং নিকোলাই সাহেব যে অংশ খরিদ করিয়াছিলেন তাহা দাবী হইতে বাদ দেন। এই হুকুমে নারাজ হইয়া উভয় পক্ষ ভিন্ন ২ আপীল করে।

মকদ্দমা চলিতে বাধাবিষয়ে রেস্পাণ্ডেণ্ট এই ইশু করে যে "দত্তক আপিলাণ্ট বাদির দাবী অস্বীকার করে, কিন্তু যে পর্য্যন্ত ঐ দত্তকের দত্তকপুত্রত্ব সাব্যস্ত না হয়, তাবৎ তাহার ঐ আপত্তি শুনা যাইতে পারে না।

আপিলাণ্টের প্রথম ইশু এই যে—"খরিদ প্রমাণে দখল পাওয়ার এবং দত্তকতা রদের প্রার্থনা থাকাতে মকদ্দমা ভিন্ন ২ দাবী বিষয়ক।"

বাবু রমাপ্রসাদ রায় আপিলাণ্টের পক্ষে কহিলেন—"দত্তক সিদ্ধ কি না এই ওজর করিতে মৃত রাজার আর ২ উত্তরাধিকারিকে অধিকার আছে বাদিকে নাই। বাদী এরূপ আপত্তি করাতে, উপরি উক্ত ফয়সলায় আদালতের প্রকাশিত মতের বিরুদ্ধে কর্ম্ম করিয়াছে, অতএব এমকদ্দমা নন্‌সুট্ হওয়া উচিত।

তদুত্তরে ওয়ালর সাহেব কহিলেন—"বাদী যদি এমত কোন আপত্তি করিয়া থাকে যাহা আদালতকে অনাবশ্যক বোধ হয়, তাহাতে মকদ্দমা নন্‌সুট হইতে পারে না।"

এবিষয়ে আদালতের রায় এই যে এমকদ্দমা বাধার যোগ্য নয় দত্তকতা রদের এক শরতী প্রার্থনা করা বেজাবেতা হয় নাই।

বিচার—বাদির নিকট বিষয় বিক্রয় হওয়া রাণী স্বীকার করেন, দত্তক পুত্রও তাহা অস্বীকার করে না। বিষয় হস্তান্তর করিতে রাণীর ক্ষমতা বিষয়ে মাত্র আপত্তি হইয়াছে। এ আদালতের এমত অনেক নজীর আছে যাহাতে বিধান হইয়াছে যে হিন্দু বিধবা মৃত পতির ঋণ পরিশোধ ও শ্রাদ্ধ ইত্যাদিতেই কেবল বিষয় বিক্রয়

The fourth plea is utterly untenable under the Hindu law, as is evident from the whole tenor of the law on rescission of sale, laid down in the Digest of JAGANNA'TH, especially the two texts of NA'RADA cited therein (pp. 317 and 318, volume II. Colebrooke's translation,) 'When a vendible thing, sold for a just price, is not delivered to the purchaser, this is called non-delivery of a thing sold, a title of judicial procedure.' And again: 'He then, who having sold vendible property for a just price, delivers it not to the buyer, shall be compelled, if it be immovable, to pay for any subsequent damage, as the loss of a crop or the like; and, if movable, for the use and profits of it.' Here are express penalties for non-delivery, but not a word about invalidity on that account.

The fifth plea is one which cannot be adduced by appellants, as they are not heirs, and cannot call in question the propriety and honesty of the acts of the widow.

The Court therefore, deeming the claim of the respondents valid, and the sale and gift of appellant fictitious, dismiss the appeal with full costs, and affirm the decision of the lower Court. Musst. Uma' Choudhura'ni' and Gopí Na'th Ra'y, appellants, *versus* Musst. Indr Maani Choudhuráni'. Sudder Dewanny Adawlut, 15th July 1847.

II. Rání Anna Púrná sold to the plaintiff half her interest in Pergunnah Kadleah, &c. She put him in possession, but subsequently adopting a son, Harish Chandra, (defendant,) and guardians being appointed, the latter were put in possession of his purchased property by an order of the (civil) court, in consequence of his (plaintiff's) name not having been registered in the collector's office. The plaintiff therefore sues the ra'ní, her adopted son, and his guardians, for possession, and Mr. Courjon, an *ijárddár*, for mesne profits.

The guardians and the adopted son, in answer, pleaded that the rání had no power to alienate.

The rání admitted the sale, but asserted that it was made under conditions which have not been fulfilled, and that the consideration money was not paid.

Mr. Courjon contended that he was not liable for mesne profits any more than any other ryot; that a portion of the property sued for had been bought at a sale in execution by Mr. Nicholai, prior to the suit, which fact was apparent from the plaint. Nevertheless, he has not been included among the defendants, which is a defect fatal to the suit.

The principal Sudder Ameen gave a decree in favour of plaintiff against all the defendants, excluding however therefrom the share purchased by Mr. Nicholai.

The issue proposed by respondent in bar is, that the adopted son, appellant, cannot be heard in denial of plaintiff's claim so long as his adoption is not proved.

The first issue proposed by the appellant is, that the suit is multifarious in consequence of its being for possession on proof of purchase, and to have an adoption set aside.

Baboo Rama' Prasa'd Ráy for the appellant.—The question of the validity of the adoption was for other heirs of the deceased *ra'ja'* to contest, not for the plaintiff. Plaintiff by introducing this question proceeded contrary to the opinion expressed in the decision above quoted. The case should therefore be nonsuited as multifarious.

Mr. Waller, in answer.—It does not at all follow that the plaintiff should be nonsuited, because he may have introduced a prayer which the Court may hold to be unnecessary.

The Court on this point are of opinion that the suit is unobjectionable, and that the conditional prayer to declare the adoption invalid was not irregularly introduced.

*Judgment.*—The fact of the sale to plaintiff is admitted by the ra'ní, and not denied by her adopted son. Her right to alienate is, however, contested. There are numerous precedents of this Court ruling that a Hindu widow can only alienate property in liquidation of her late husband's debts, his *sráddha*, &c.

করিতে পারে। এ মকদ্দমাতে যে বিষয়ের তদন্ত আবশ্যক তাহা এই যে হিন্দুশাস্ত্র যে২ কর্ম্মে বিষয় বিক্রয় করিতে পত্নীকে অনুমতি দেন তাহার কোন কার্য্য নিমিত্ত বাদির নিকট বিষয় বিক্রয় করা হইয়া ছিল কি না, এবং উক্ত রূপ কার্য্য মুল্যের টাকা ব্যয় হওনবিষয়ে বাদী যে প্রমাণ দর্শাইয়াছে তাহাতে ডিক্রী বাহাল থাকিতে পারে কি না। বাদিকে যে কবালা দেওয়া হইয়াছে তাহাতে লিখিত আছে যে ঐ বিক্রয় এমত কতিপয় কার্য্য নিমিত্ত হইয়াছে যাহা পৈতৃক বিষয় হস্তান্তর করণের ন্যায্য কারণ বলিয়া শাস্ত্রে পরিগণিত (বা. দ. পৃ. ৫৮, ৬০,)। ঐ বিক্রয় প্রধানতঃ ৺ রাজা রাম কৃষ্ণের ঋণপরিশোধনিমিত্তে হয়। প্রশংসিত রাজা মৃত্যুকালে ঋণী থাকার কোন লিখিত প্রমাণ নাই; কিন্তু তাঁহার পরলোক প্রাপ্তির তারিখ হইতে বিক্রয়ের পূর্ব্ব তারিখ পর্য্যন্ত দীর্ঘকাল অর্থাৎ ১৮ বৎসর গত হইয়াছে, তাহাতে রেস্পাণ্ডেণ্টের উকীলদের উক্তি যে —রাণী পতিরদত্ত খত সকল রিনিউ করিয়াছেন ইহা—সম্পূর্ণরূপে সম্ভব, এবং কতক এমত হওয়ারও যাচনিক প্রমাণ পাওয়াগিয়াছে; অপিচ এমত অবস্থা সকল দর্শিত হইয়াছে যদ্দ্বারা অনুভব হইতে পারে যে ঐ সকল ঋণের নিমিত্তে রাণী বড় কষ্ট পাইয়াছিলেন। ঐ ঋণসকল শোধ গিয়াছে, এবং ইহা অত্যন্ত সম্ভব যে এই বিক্রয়ের মুল্য পাইয়া রাণী ঐ সকল ঋণ শোধ দিয়াছেন। এ বিষয়ে বাদী যে প্রমাণ দিয়াছে তদপেক্ষ উত্তমপ্রমাণ তাহা হইতে আশা করিলে আদালতের মতে অন্যায় করা হইবে। পক্ষান্তরে সপ্রমাণ কোন বিশেষ ওজর হয় নাই যে রাণী আপনি ঋণ করিয়াছিলেন, ও তিনি স্বেচ্ছাকৃত অপব্যয়াপরাধে অপরাধিনী, এবং এমত কোন প্রমাণও দর্শিত হয় নাই যে রাণী যে টাকা পাইয়াছিলেন তাহা তাহেরা যে নিমিত্তে এ মকদ্দমাসক্রান্ত বিষয় বিক্রয় করিয়াছেন তদ্ভিন্ন অন্য কর্ম্মে ব্যয় করিয়াছিলেন, কেবল বিক্রয় অসিদ্ধির মাত্র প্রমাণ দেয়। উক্ত সকল বিষয়ের প্রমাণ দর্শিত হইলে বিক্রয় অসিদ্ধ হইত কি না তাহার বিচার করা আমাদের আবশ্যক নাই।

অতএব নিকোলাই সাহেব যে অংশ পুর্ব্বে ক্রয় করেন নাই সেই অংশ যে প্রধান সদর আমীন বাদির পক্ষে ডিক্রী করিয়াছেন আমারদিগের মতে তাহাতে হস্তক্ষেপ করিবার কোন কারণ নাই। আমরা হরিশ্চন্দ্রের ৮২ নং আপীল খরচা সমেত ডিস্‌মিস্ করিলাম। এবং প্রধান সদর আমীনের ডিক্রীর উপর (ওয়াসিলাৎ বিষয়ে) যে ৮৩ নং আপীল হইয়াছে তাহা তরমিম করিয়া হার হারি রূপে খরচা জিম্মা করিলাম। সদর-দেওয়ানী আদালত, ১৩ এপ্রেল ১৮৫২ সাল। বাবু হরিশ্চন্দ্র রায় (প্রতিবাদী) আপিলাণ্ট—বনাম—নন্দলাল দত্ত, তাহার মরণান্তর গোবিন্দচন্দ্র দত্ত (বাদী) রেস্পণ্ডেণ্ট। রাণী অন্নপূর্ণা প্রভৃতি (প্রতিবাদি) আপিলাণ্ট—বনাম—নন্দলাল দত্ত, তাহার মৃত্যুর পর গোবিন্দ চন্দ্র দত্ত (বাদী) রেস্পণ্ডেণ্ট।

১০ ৺মহারাজা বিশ্বনাথ রায় নিজ পত্নী রাণী কৃষ্ণমণিকে উইলের দ্বারা আপন তাবদ্বিষয়ের অধিকারিণী ও অধ্যক্ষা করিয়া এবং দত্তক লইতে ক্ষমতা দিয়া লোকান্তর গত হয়েন। অনন্তর উক্ত রাণী পতির বন্ধক দেওয়া বিষয়ের উপর বয়বাত জারী নিবারণ নিমিত্তে এক কটকবালা লিখিয়া দেন। সদর দেওয়ানী আদালতের পণ্ডিতেরা কহিলেন যে আবশ্যক কার্য্য নির্ব্বাহ নিমিত্তে ঐ শরতী বিক্রয় করা হইয়াছে এমত প্রমাণ হইলে তাহা সিদ্ধ হইবে। উক্ত আদালতের অধিকাংশ জজেরা স্বীকার করিলেন যে প্রথম বন্ধকের বুনিয়াদে বয়বাৎ জারির নির্দ্ধারিত কাল আসন্ন হইলে এমত সঙ্কট হইয়াছিল যে তাহাতে উক্তরূপ উপায় কর্ত্তব্য ছিল, যেহেতু তাহা উক্ত রাণীর গ্রহীতব্য দত্তক পুত্রের বিষয় রক্ষার সর্ব্বাপেক্ষা সদুপায় ছিল, যদিস্ত তদুপায়ে অবশেষে বিষয় রক্ষা পায় নাই তথাপি তৎকালে রক্ষা হইয়াছিল এবং ক্ষতি না হওয়ার তদ্বিরও মধ্য ব্যবহিত কালে করা যাইতে পারিত। এই সকল এবং অন্যান্য হেতুতে উক্ত বিক্রয় সিদ্ধ বিবেচিত হইয়া, ক্রেতার পক্ষে বিক্রীত বিষয়ের ডিক্রী হইল। রাণী কৃষ্ণ মণি আপিলাণ্ট—বনাম—রাজা উমন্ত সিংহ ও রাজা জানকী রাম সিংহ রেস্পণ্ডেণ্ট। ২৪ জুন ১৮২৩ সাল, স. দে. আ. রি. বা ৩, পৃ. ২২৮।

১০ মৃত ভৈরবচন্দ্রের পত্নী সূর্য্যমণি হেমচাঁদকে এক লা-দাবী অর্থাৎ স্বত্বত্যাগপত্র লিখিয়া দেয়, এবং তাহাতে এমত স্বীকার করিয়া যে তাহার পতি হেমচাঁদের যে টাকা ধারিত তৎপরিশোধে আপন বিষয় তাহাকে দিয়া গিয়াছে ঐ কথিত এস্তেকালকে দৃঢ় করে। মৃত ধনস্বামির (অর্থাৎ ভৈরব চন্দ্রের) মাতা তারামণি আপনার নিমিত্তে এবং ঐ মৃতের কন্যা রাইমণির পক্ষে উক্ত বিধবার জীবনকালেই বিষয় দখলের দাবী উপস্থিত করে এই হেতুবাদে যে ঐ ঋণ ও এস্তেকাল দুই মিথ্যা। প্রবিন্স্যাল কোর্ট জিলার ডিক্রী রদ করিয়া তারামণিকে দাবীকৃত ভুমি দখলের হুকুম দেন। সদর দেওয়ানী আদালত ইহা বিবেচনা করিয়া যে উক্ত কোর্টের ফয়সলা না তামাদ, এবং তারামণিকে দখল দেওনের যে হুকুম সে ভ্রমমূলক যেহেতু (মৃত) ভৈরব চন্দ্রের স্ত্রী ও কন্যা থাকিতে মাতা উত্তরাধিকারিণী নয়, আপীল মঞ্জুর করিলেন। রাইমণি দরখাস্ত করাতে তাহাকে তারামণির শরীক রেস্পাণ্ডেণ্ট করা হইল।

The question in this case is, whether the sale to plaintiff was for any of the purposes authorized by Hindu law, and whether the proof of the appropriation to those purposes, adduced by the plaintiff is sufficient to sustain the decree. The bill of sale to the plaintiff sets forth that it was effected for certain purposes, which are such as are recognised as legitimate causes for alienation of ancestral property by the Hindu law. The chief purpose is liquidation of debts of the late rájá Ra'm Krishna. There is no documentary evidence of the ra'ja' having been indebted at the time of his death ; but so long a time had elapsed since his death before this sale, i. e. eighteen years, that it is quite possible, as contended for by respondent's pleaders, that the ra'ní may have renewed her husband's bonds, and there is oral evidence that this was the case to a certain extent ; and there are circumstances shown, from which a fair inference may be drawn that she was in great difficulties on account of these debts. The debts were paid, and the presumption is, that they were paid from the funds raised by this sale. It would be unreasonable, in the opinion of the Court, to expect from the plaintiff better proof than he has given on this point. We find no distinct averment on the other side, certainly no proof other than negative, that the debts were incurred by the ra'ni' herself, that she had been guilty of wilful extravagance, and none that she appropriated the money she received in a way other than that for which she ostensibly sold the disputed property. It is not necessary for us to decide whether such proof, if tendered, would have invalidated the sale.

We therefore are of opinion that there is no ground to interfere with the decree of the principal Sudder Ameen, restoring the plaintiff to the possession of that part of his purchase which had not been previously sold to Mr. Nicholai. We dismiss the appeal of Hurris Chnder, No. 82, with costs. We amend the principal Sudder Ameen's decree in case No. 83, charging costs rateably. 13th April 1852. S. D. A. Ba'bu Harish Chandra Ra'y, (defendant,) appellant, *versus* Nanda La'l Datta, and after his death Gobinda Chandra Datta (plaintiff,) respondent. And Ra'ní Anna Púrna' and another (defendants,) appellants, *versus* Gobinda Chandra Datta (plaintiff,) respondent.

III. Ra'ni' Krishna Mani had been left, by the will of her husband Maha'ra'ja' Bishwa Na'th Ra y, sole possessor and manager of all his property, and invested with authority to adopt a son. This lady executed a conditional sale in order to prevent the foreclosure of a mortgage made by her husband. The *Pandits* of the Sudder Dewanny Adawlut declared that the conditional sale would be legal supposing a sufficient case of necessity to have been made out. The majority of the Court, admitting that, when the period fixed for foreclosure of the original mortgage drew nigh, there did exist a sufficient case of distress to justify recourse to the above measure, whereby the interest of the son about to be adopted by the widow would doubtless be best consulted: and although the measure had not the effect of saving the estate ultimately from alienation, yet it put off the evil day, and steps might have been taken in the interval to avert the loss altogether. For these and other reasons, the sale was held valid, and the property sold was decreed to the purchaser. Ra'ni', Krishna Mani, appellant, *versus* Ra'ja' Udwunta Singh and Ra'ja' Ja'naki' Ra'm Singh, respondents. 24th June 1823. S. D. R. Vol. III. p. 228.

IV. Súrja Mani, widow of Bhoirab Chandra, executed a deed of relinquishment to Hem Cha'nd, acknowledging and confirming an alleged transfer by her husband to Hem Chánd in payment of his debt. Claim being preferred by Tára' Mani, mother of the deceased proprietor (Bhoirab Chandra) on behalf of herself and Ra'i Mani, daughter of the deceased, to possession of the estate during the lifetime of the widow, on the ground of the debt and transfer being false. The provincial court reversed the zillah decree, and adjudged possession of the lands claimed to Musst. Ta'ra' Mani. The Sudder Court admitted the appeal on consideration of the insufficiency of the proceedings of the Provincial Court, and the erroneous adjudication of possession to Ta'ra' Mani, who obviously was not the legal heir of Bhoirab Chandra, his wife and daughter surviving. Rái Mani was, on petition, admitted as joint respondent with Tára' Mani.

সদর আদালত নিযুক্ত পণ্ডিতগণকে ব্যবস্থা জিজ্ঞাসা করাতে তাঁহারা এই মর্ম্মে ব্যবস্থা দিলেন যে " যদি কোন ভূম্যধিকারী এক স্ত্রী, পিতামহী, বিমাতা, মাতা, অবিবাহিতা কন্যা, ও প্রপিতামহপৌত্র রাখিয়া মরে, তবে তৎপত্নীই সমস্ত ধন অধিকার করিবে, কিন্তু প্রচুরকারণ অথবা উপরি উক্ত ব্যক্তিগণের সম্মতি বিনা দান কিম্বা বিক্রয়দ্বারা ঐ বিষয় হস্তান্তর করিতে পারিবে না। পত্নী মৃত পতির ঋণ পরিশোধ নিমিত্তে তাহার স্থাবরাস্থাবর ( সকল) বিষয় বিক্রয় করিতে পারে যদি ঋণের পরিমাণ বিষয়ের মূল্যের সমান বা অধিক হয়, কিন্তু যদি বিষয়ের মূল্য ঋণের পরিমাণের অধিক হয়, তবে যে পরিমিত বিষয় বিক্রয় করিলে ঋণ শোধ যায় তৎপরিমিত মাত্র বিক্রয় করিতে বিধবাকে ক্ষমতা আছে। স্বীকৃত এমত বিক্রয় সিদ্ধির নিমিত্তে দলীল কিম্বা সাক্ষ্য দ্বারা ঐ ঋণ অবশ্য প্রমাণ করিতে হইবে, পত্নী এমত বয়ান করিলেও যে তৎস্বামী ঐ ঋণ স্বীকার করিয়াছিল, অথবা সে (পত্নী) নিজে ঐ ঋণকে যথার্থ বলিয়া স্বীকার করিলেও তাহা গ্রাহ্য নয়। বর্ত্তমান মকদ্দমাতে বিধবা মৃত পতির যথার্থ ঋণ পরিশোধে তাহার বিষয় হস্তান্তর করিয়াছে, এবং উত্তমর্ণ এই বিক্রয়োপলক্ষে দখল পাইয়াছে, অতএব ঋণ শোধের দ্বারা বিক্রয় রদ করিতে মৃতের অন্য উত্তরাধিকারিগণের অধিকার নাই, কিন্তু যদি আদালতের তজবীজে এমত প্রমাণ হয় যে ঋণের সংখ্যা হইতে বিষয়ের মূল্য অধিক, তবে আদালত যেমত যথার্থ বোধ করেন সেই মত বিচার করিতে পারেন। অবিভক্ত পরিবারের মধ্যে কোন ব্যক্তি যদি নিজ ( অসাধারণ ) কার্য্যের নিমিত্তে ঋণ করে তবে সে ঋণের দাওয়া কেবল সেই ঋণির উপর অথবা তাহার উত্তরাধিকারির উপর হইতে পারে, পরিবারীয় অন্য ব্যক্তির উপর হইতে পারে না। যদ্যপি কেবল উক্ত লাদাবী-নামাদ্বারা বিরোধীয় ভূমিতে আপিলান্টের স্বত্ব বর্ত্তিতে পারে না, তথাপি সূর্য্যমণির স্বামী সাধারণ বিষয়ের নিজ যোগ্যাংশ তাহাকে মৌখিক দান করিয়াছে দলীলে লিখিত এই বয়ান যদি প্রমাণদ্বারা সাব্যস্ত হয় তবে হেমচাঁদ ঐ ভূমি পাইবার যোগ্য এবং এ অবস্থায় যদি এমত বোধ হয় যে ঋণের সংখ্যা অপেক্ষা তৎ পরিশোধে দত্ত ভূমির মূল্য অধিক, তথাপি ( গ্রহীতা ) হেমচাঁদের স্বত্ব ধ্বংস হইবে না।"

যে সকল প্রমাণ পাওয়া গিয়াছিল তৎ প্রতি সদর আদালতের জজ হারিংটন সাহেব ও ইষ্টওয়ার্ট সাহেব প্রণিধানপূর্ব্বক বিচার করিলেন যে যে ঋণের বুনিয়াদে লা-দাবী লিখিয়া দেওয়া হইয়াছে তাহা যে ভৈরব চন্দ্র লইয়াছে এবং তৎপরিশোধে জীবদ্দশায় বিষয় হস্তান্তর করিয়াছে এতদুভয়েরই প্রচুর প্রমাণ নাই অতএব প্রবিন্স্যাল কোর্টের ডিক্রীর যে অংশ তারামণিকে দখল দেওয়ানবিষয়ক তাহা তরমিম্ হইয়া নাতক ডিক্রী হইল যে সূর্য্যামণির লিখিয়া দেওয়া লা-দাবীর দ্বারা তাহার মৃত্যুর পর অন্য উত্তরাধিকারির ( অর্থাৎ তৎপতির দায়াদের ) স্বত্ব নষ্ট হইবে না। হেমচাঁদ মজুমদার—বনাম—তারামণি প্রভৃতি। ১৮ ডিসেম্বর ১৮১১ সাল। স. দে. আ. রি. বা. ১, পৃ. ৩৫৭।

২৯ সংখ্যক ব্যবস্থার নজীর

/০ গঙ্গানারায়ণ সরকারের বিরুদ্ধে কৃষ্ণ গোবিন্দ সেনের মকদ্দমায় সুপ্রীমকোর্ট এই নিকৃষ্ট মত প্রকাশ করেন যে মৃতপতি সংক্রান্ত ধনাধিকারিণী উজ্জ্বলমণির ঐ ধনে যে স্বত্ব তাহা কোন প্রকারে এমত দানাদি করিতে তাহার অধিকার নাই যাহা তাহার নিজজীবনান্তে স্থিরতর থাকিতে পারে। প্রতি বাদী ইহা দেখিতে পাইয়া যে উজ্জ্বলমণি হইতে যে দান প্রাপ্ত হইয়াছে তাহা ফলদায়ক হইবেক না, বিবাদে বিরত হইল। এবং মকদ্দমা বাদির পক্ষে ডিক্রী হইল। সু. কো. মেক্. কন্. হি. ল. পৃ. ১৯।

৵০ রাম কৃষ্ণ দত্তের বিরুদ্ধে রামানন্দ মুখোপাধ্যায়ের মকদ্দমায় সুপ্রিমকোর্টের (তাৎকালিক) সকল জজে স্বীকার করিয়াছেন যে বিধবা পুরণী দাসী মৃত পতি হইতে প্রাপ্ত সংক্রান্ত ধনের যে দান করিয়াছে তাহা ( তৎপতির পারলৌকিক উপকারার্থে না হওয়া স্পষ্ট দৃষ্ট হওয়াতে) তাহার জীবন পর্য্যন্ত গ্রাহ্য ; যদি পুরণী দাসীর মৃত্যুর পর ( তৎপতি ) রয়ান সাহার দায়াদেরা ( গ্রহীতা ) রামানন্দ মুখোপাধ্যায়ের বিরুদ্ধে নালিশ করে সে মকদ্দমা ভিন্ন প্রকার হইবে। আমি ( সর্ ফ্রান্সিস মেকনাটন্ সাহেব ) বিবেচনা করি না যে তাহাদের বিরুদ্ধে সে ( রামনন্দ ) কোন ওজর করিতে পারিবে। সু. কো. মেক্. কন্. হি. ল. পৃ. ১৯, ২০। *

**বিবেচনা**—এই বিচার হিন্দু শাস্ত্রীয় মতের সহিত মিলে না। উপরি উক্ত মকদ্দমার পর বলরামবন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে গঙ্গানারায়ণ বন্দ্যোপাধ্যায়ের মকদ্দমা জের তজবীজে থাকা কালীন সুপ্রীম্ কোর্টের জজ সর্ ফ্রানসিস্ মেকনাটন সাহেব ঐ আদালতের প্রধান জজকে যে কাগজ সমর্পণ করেন তাহাতে তৎ পুত্র সর্ উইলিয়ম্ মেকনাটন্ সাহেবের যে মত লিখিত হয় ( তাহা নিম্ন লিখিত বিচারপত্রে সদর দেওয়ানী আদালত কর্ত্তৃক আদৃত হইয়াছে, এবং ) তাহাতে উক্ত বিষয়ক শাস্ত্রের যে মর্ম্ম তাহা যথার্থরূপেই বর্ণিত হইয়াছে, তদ্‌যথা। "যদি কোন হিন্দু বিধবা চিরকালের নিমিত্তে পতির স্থাবর বিষয় বিক্রয় করে, তবে বিক্রয় করিতে উক্ত বধবার ক্ষমতা না থাকাতে ক্রেতা তদ্বিষয়ক দলীলের দ্বারা কোন কায়দা পাইবে না, কিন্তু উক্ত বিষয়ে বিধবার যে স্বত্ব ছিল ঐ ক্রয়োপলক্ষে ক্রেতা তাহাও পাইবার যোগ্য নয়। এইমতের মূল এই যে অস্বীকৃত

In answer to a reference by the Court, the Hindu law officers gave a *Vyavastha* to the following effect:—" If a proprietor of a landed estate die leaving a grandmother, mother, stepmother, wife, unmarried daughter, and son of his father's uncle, his wife succeeds to the sole possession of the estate, but she cannot, without sufficient cause, or the consent of the above mentioned relations, transfer the property by gift or sale. The widow may transfer the real and personal estate of her deceased husband in discharge of his debts, if the amount of the debt exceed or equal the value of the estate; but if the value of the estate exceed the amount of the debt, the widow is only entitled to sell such part as may suffice to cover the debt. In order to render such sale by the widow valid, the debt must be proved by documentary evidence, or the testimony of witnesses, the declaration of the widow herself, whether she state that the debt was acknowledged by her husband, or merely herself acknowledges the justice of the debt, not being admissible. If in the present case, the widow have transferred her deceased husband's estate in payment of his just debts, and the creditor under such sale obtained possession of the estate, the other heirs of the deceased are not entitled to set aside the sale by payment of the debt; but if, on judicial investigation, it be proved that the value of the estate exceeed the amount of the debt, the court may pass such decision as they judge equitable. Debts incurred by any member of a family living jointly on account of any private concern, are exclusively demandable from that person and his heirs, and not from the other members of the family. Lastly, *although* the *la-da'vi* in question was not in itself sufficient to convey to the appellant the proprietary right in the lands, yet if it were established by evidence, (as stated in the documents in question,) that the husband of Súrja Mani had verbally made over his share of the joint estate to Hem Chánd in payment of his debt, then Hem Chánd is entitled to the lands in question, and his right thereto would not be precluded, although it should appear that the value of the lands in question exceeded the amount of the debt, in payment of which they were so transferred".

On consideration of the evidence taken, the Court (present Harington and Stuart, Judges) were of opinion that there was no sufficient proof either of Bhoirab Chandra having incurred the debt (on which the deed of relinquishment *(la-da'vi)* was grounded; or of his having in his lifetime made over the lands to the appellant Hem Chánd. A final decree was therefore passed, amending the decree of the Provincial Court as far as it went to give possession to Tárá Mani, and providing that after the death of Súrja Mani the deed of relinquihsment executed by her should not operate to preclude the right of the other surviving heir or heirs.—Hem Chánd Majumdár *versus* Tárá Mani and another. 18 December 1811, S. D. A. Rep. Vol. I. p. 359.

In the case of Krishna Gobinda Sen and another *versus* Gangá Naráyán Sarkár, the Supreme Court declared a decided opinion that Ujjal Mani (who had inherited property from her late husband) had no right to make any grant of her interest in the estate, which could enure beyond her own life. The defendant finding that the grant (he had) from Ujjal Mani would not avail him, declined further contest, and verdict was given for the plaintiff. Macn. Cons. H. L. p. 19.

In the case of Rámánanda Mukhopádhyáy *versus* Rám Krishna Datta, it was admitted by all the (then) Judges of the Supreme Court, that the grant which was made by the widow Púraní Dásí of the property she inherited from her husband, (and which it clearly appeared was not made for the benefit of her hnsband's soul) is good for her life; and that if, after the death of Púraní Dásí, the heirs, of her husband Nayán Sháh shall proceed against Rámánanda Mukhopádhyáy (the donee,) the case will be very different. I do not foresee that he can have any defence as against them. Macn. Cons. H. L. pp. 19, 20.

Remark.—This decision cannot, it is submitted, be reconciled with the principles of the Hindu law. The opinion of Sir William Macnaghten, respected by the Sudder Court in the following decision, and contained in the paper which his father, Sir Francis Macnaghten, a Judge of the Supreme Court, delivered to the chief justice of that Court during the consideration of a subsequent case, (Gangá Náráyan Banerjea, *versus* Balarám Banerjea) well explains the actual state of the law upon this subject. The opinion is as follows:—" If a widow make a sale in perpetuity of her husband's landed property, by a deed to that effect, the purchaser, as she had no right to make the sale, will not be benefitted by it, nor will he be entitled, in virtue of it, to the interest which the widow has in the estate. This is founded upon the

যে বিক্রয় তাহা আমূলতঃ অকিঞ্চিৎ ও অসিদ্ধ। অদ্য যে সকল পণ্ডিতের মত জিজ্ঞাসা করিলাম তাঁহারা একমত হইয়া কহিলেন যে স্বামির (ত্যক্ত) বিষয়ের কোনি অংশে বিধবার অসঙ্কুচিত স্বত্বাধিকার নাই, কেবল অবিশেষে তৎসমুদয়ের উপভোগে সাধারণ এক অধিকার আছে মাত্র। অতএব নিষ্কর্ষ এই যে, সে (বিধবা) সমুদয় বিষয় চিরকালের নিমিত্তে হস্তান্তর করিতে পারে না, কিন্তু যে দলীল দ্বারা সে বিষয় হস্তান্তর করে তাহা বিক্রয় সম্বন্ধে আমূলতঃ অসিদ্ধ, অথবা তাহাতে সে বিধবার যেরূপ অধিকার তাহাও তদ্দ্বারা হস্তান্তর হইতে পারে না, ঐ স্বত্ব (হস্তান্তর হওয়ার যোগ্য নয় একথা না ধরিলে ও তাহা) নির্ব্যূঢ় স্বত্ব হইতে সম্পূর্ণ রূপে ভিন্ন রূপ।" ইষ্টসাহেবের নোট্, নং ৮৫, মর্লির ডাইজেষ্ট, বা. ২, পৃ. ১৫৫, ১৫৬।

বোধ হয় উক্ত পুরণী দাসীর মকদ্দমায় জজেরা এই বিবেচনা করিয়াছিলেন যে বিধবাকে যাবজ্জীবন ভোগ করিতে অধিকার আছে অতএব তৎকর্ত্তৃক দানাদি (অন্যায় ও অশাস্ত্রীয় হইলে ও) কেবল তাহারই ক্ষতি করিয়া বহাল রাখিতে পারেন, এবং তদনুসারে ঐ বিধবার ভোগের হানিপূর্ব্বক তাহার মরণ পর্য্যন্ত ঐ দানাদি বহাল রাখিয়াছিলেন; কিন্তু যখন ঐ বিধবা এক জিম্বাদারের ন্যায়, আর যখন শাস্ত্রানুমত দানাদি ভিন্ন অন্য-দানাদি অত্যল্প কালের নিমিত্তেও করিতে তাহার ক্ষমতা নাই, তখন তৎকর্ত্তৃক যে অবৈধ দানাদি তাহা সম্যক্ অসিদ্ধ এবং কোনমতে তাহার জীবন পর্য্যন্তও স্থির তর থাকিতে পারে না। কোন আদালত হিন্দু শাস্ত্রানু-সারে বিচার করিতে বসিয়া এমত দানাদি তরমিম্ সুরতেও বহাল রাখিতে পারেন না। খেদের বিষয় এই যে—"স্ত্রীরা কোন ক্রমে পতির দায় রূপ ধনের অপহার করিবে না"—এই সর্ব্বাদৃত মহাভারতীয় বচনের বিপরীতে বিজ্ঞ জজেরা বিচার করিয়াছেন। গ্রহীতা যদি ঐ বিধবার জীবন কালে প্রাপ্ত বিষয়ের অস্থাবর ভাগ গাপ করিয়া বা উড়াইয়া দিয়া বিধবা মরিলেই দেওলিয়া হইয়া বইসে তবে পতির দায়াদেরা ঐ হৃত অংশ কাহার স্থানে পাইবে। অতএব আমরা ন্যায্যরূপেই বলিতে পারি যে উপরিউক্ত অশুদ্ধ ফয়সলাতে পতির ধন ঐ দায়াদ-গণের অনিষ্টে নষ্ট করিতে পাকতঃ অনুমতি দেওয়া হইয়াছে, যাহাদের শাসনাধীন কেবল ঐ বিধবা নয় কিন্তু তদধিকৃত বিষয়ও বটে, যথা নারদ কহেন —"ভর্ত্তা মরিলে অপুত্রা নারীর পতি-পক্ষই প্রভু। এবং দানাদি অর্থ রক্ষা ও ভরণ পোষণ বিষয়ে তাহারাই কর্ত্তা"। দ্রষ্টব্য— দা. ভা. পৃ. ১৯৩, ১৯৪। দা. ক্র. সং, পৃ. ৩।

১৯, ২০, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৯, ও ৪০ সংখ্যক ব্যবস্থার নজীর

আর্জির বয়ান এই যে বাদির পিতৃব্য রামশঙ্কর চৌধুরী আপন পত্নী কুমারী দেবী এবং নাবালগ পুত্র ভবানীশঙ্করকে রাখিয়া মরে। অনন্তর বাদির পিতা গোবিন্দচন্দ্র চৌধুরী বাদিকে উত্তরাধিকারি রাখিয়া মরে। তৎ পরে ভবানীশঙ্কর শৈশবকালে কালপ্রাপ্ত হয়। কুমারী দেবী বাদি এবং অন্যান্যের উপর এক ডিক্রী হাসিল করিয়া ঐ ডিক্রীরবলে নিজ পতি রামশঙ্করের বিষয় অধিকার করে; বাদী মৃত ব্যক্তির দায়াদ রূপে ঐ বিষয় পাইবার যোগ্য; কুমারী হিন্দু বিধবা হওয়াতে ভরণ পোষণ মাত্র পাইবার যোগ্যা, ঐ বিষয় দান কিম্বা বিক্রয় করিতে তাহার ক্ষমতা নাই। প্রতিবাদী কালীকান্ত লাহিড়ী কুমারী দেবীর বিষয়াধ্যক্ষ এবং বাদির শত্রু; উক্ত দেবী লাহিড়ী মজকুরের সহিত সাজস্ করিয়া ফেরেবের দ্বারা উত্তরাধিকার হইতে বাদিকে বঞ্চিত করিতে চেষ্টা করিতেছে, ইত্যাদি।

চিত্রবাসি প্রভৃতির রেস্পণ্ডেণ্টের বিরুদ্ধে গোবিন্দচন্দ্র দাসের মকদ্দমাতে ১৮৩৩ সালের ১৪ মার্চ্চ তারিখে মুরশিদাবাদের কোর্টের এজলাস কামেলে যে নিষ্পত্তি হয় তদ্দৃষ্টে, এবং তাহাতে ঢাকার কোর্টের পণ্ডিতের যে ব্যবস্থা উল্লিখিত হইয়াছে তদ্দৃষ্টে প্রধান সদর আমীন বিচার করিলেন যে বিধবা কেবল যাবজ্জীবন উপভো-গিনী; তৎপতির দায়াদ যদি উপযুক্তরূপে প্রমাণ করে যে ঐ বিধবা সম্ক্রান্ত ধনের অপহার কিম্বা কুব্যবহার করিয়াছে তবে ঐ বিধবা তদ্বিষয় হইতে বেদখল হইতে পারে। কুমারী দেবী ও কালীকান্ত লাহিড়ী পরস্পর সাজস্ করার বিষয়ে কিম্বা তাহার সকারণ আশঙ্কা বিষয়ে প্রধান সদর আমীন কহেন যে বাঙ্গলা ১২৫০ সালের ১৩ পৌষের লিখিত ১১১ টাকারকাত্ ধানবিলার খাজানা বিষয়ক কালেকটরি চালানের নকলে এবং ঐ তারিখে বাদী কালেকটর সাহেবের সমীপে যে দরখাস্ত গুজরায় তাহাতে, প্রকাশ যে কুমারী দেবীর বাকী-দারীরূপ দোষে হওনীয় নিলাম হইতে উক্ত বিষয় রক্ষার্থে বাদী ঐ টাকা দাখিল করিয়াছে, এবং ১২৫১ সালের ৯ বৈশাখে বাদী পত্তনি তালুক ধানবিলার নিলাম রক্ষার্থে যে দরখাস্ত দেয় তাহার নকল দৃষ্টে, ও ১২৪৩ সালের ১৮ বৈশাখে খানাবাড়ী বিক্রয়ের যে এশ্‌তেহার হয় তদ্দৃষ্টে, এবং তিনজন সাক্ষির সাক্ষ্যে, প্রকাশ যে কুমারী দেবী আপন কুটুম্বদিগকে পত্তনি ও মৌরূসী পাট্টা দিয়াছে, এবং মতলব করিয়া ধানবিলার খাজানা বাকী পাড়িয়াছে ও বাদী টাকাদিয়া ঐ বিষয় রক্ষা করিয়াছে; অপিচ কুমারী অধিক ঋণগ্রস্ত হইয়াছে, এবং এই সকল অন্যায় দেনার জন্য কালীকান্ত লাহিড়ীর ডিক্রীর ওসিলায় শরতী বিক্রয় করা তাহার আবশ্যক হইয়াছিল। ইহা কিরূপে হইতে পারে যে কুমারী খরচার ও ফিসের সামান্য দেনা দুই শত টাকা দিতে পারেনাই এবং তাহার নিমিত্তে খানা বাড়ীর অর্দ্ধেক বিক্রয় হইয়াছে।

principle of the sale being without ownership, which renders it void *ab initio*. The *Pandits* whom I have to-day consulted agree in saying that a Hindu widow has no unlimited proprietory right over any part of her husband's property, but merely a general usufructuary right over the whole indiscriminately. It is clear therefore that she cannot convey the whole in perpetuity, but the deed by which she conveys it is void *ab initio* as to the sale, nor can it convey the interest which she possesses, which (independently of its not being transferrible) is an interest of a totally different nature from that of proprietory right. East's Notes, No. 85, Morley's Digest, vol. II. pp. 155, 156.

It seems that the judges in the above case of Púraní Dási considered that inasmuch as the widow's right of enjoyment is for her life, they could not but give her grant, (though in the face of it improper and illegal,) an effect as against herself, and accordingly they held it to operate as a grant for her own life. But seeing that she is herself in the position of a trustee, and has no power whatever to alienate *even for the smallest particle of time*, a grant or transfer by the widow (saving those authorised by the *Shástra)* must be *ab initio* wholly void, and can by no means stand good even for her life. No court deciding according to the Hindu law, can give even modified operation or power to any such transfer. It is to be regretted that the learned Judges did not adjudge conformably to the spirit of the text *Mahábhárata* respected by all Hindu lawyers :—"Let not women on any account make waste of their husband's property." If the grantee during the widow's life make away with the movable portion of the property and become a bankrupt just after the death of the widow, from whom shall the reversioners recover that portion of their heritage ? Thus we are justified in saying that the above quoted decision indirectly permits waste of the husband's property, to the prejudice of his heirs, who have full control both over the estate and the widow. Thus NARADA says : " When the husband is deceased, his kin are the guardians of his childless widow. In the disposal and care of the property, as well as in her maintenance, they have full power." See Coleb. Dá. bá. Ch. XI. Sect. I. para. 64. W. Dá. Kra. Sang. p. 6.

***Case***
bearing on the vyavastha's Nos. 19, 20, 22, 23, 24, 25, 26, 27, 29, & 40.

The plaint sets forth, that Rám Shankar Choudhurí, uncle of the plaintiff, died leaving his wife, Kumárí Debí, and son, Bhavání Shankar, a minor; and then the plaintiff's father, Gobinda Chandra Choudhurí died, leaving him his heir. Subsequently, Bhavání Shankar, died an infant ; that Kumárí Debí obtained a decree against the plaintiff and others; and, under this decree, she holds her husband, Rám Shankar's estate, which, as his legal heir, plaintiff is entitled to; that Kumárí, as a Hindu widow, has no power to sell or to make over in gift the estate, she being entitled to maintenance only; that she, in collusion with Kálí Kánta Láhurí, defendant, (who is her manager and an enemy of plaintiff,) fraudulently endeavours to deprive the plaintiff of his inheritance; and so forth.

The Principal Sudder Ameen, in his decision, held, in reference to a full bench decision of the Moorshedabad provincial court, (Gobinda Prasád Dás *versus* Chitbáshí, &c., respondents,) of 14th March 1833, and a *vyavasthá* of the Pandit of the Dacca court, therein referred to, that a widow has only a personal life tenure; and that her possession can be set aside, on adequate proof of waste or misconduct, by the next heir. As to the collusion between Kumárí Debí and Kálí Kánta Láhurí, or a reasonable fear of it, the Principal Sudder Ameen said that it appeared, from the copy of the collector's *cha'la'n* on account of Dhánbilá, of 13th Poos 1250 B. S., for 111 rupees, and copy of plaintiff's petition to the collector of the same date, that plaintiff paid that sum to save the estate from sale for Kumárí Debí's default; and that also from copy of a petition of the plaintiff, of 9th Boishákh 1251, to stop the sale of the putnee talook of Dhánbilá, and the advertisement of the *Kha'na'ba'ri'* of 18th Kártik 1243, and the evidence of three witnesses, it appeared that Kumárí Debí had been permanently giving putnee pottahs to her relatives, and threw Dhánbilá wilfully into default, and the plaintiff had to pay to save the property; that she also involved herself heavily in debt, and that it was in consequence of these improper embarrassments that the conditional sale, under a decree, to Kálí Kánta Láhurí became necessary. How could she not have paid the inconsiderable amount of 200 rupees for costs and fees, for which amount half the *Kha'na'ba'ri'* was sold ?

এই সকল কারণে প্রধান সদর আমীনের হৃদ্‌বোধ হয়, যে বাদী দাবীকৃত বিষয়ের দখল পাইবার যোগ্য, কেননা কুমারী দেবী অপহার ও অনিষ্ট করিয়াছে, এবং পতি-কুল পরিত্যাগ করিয়াছে, (অতএব) সে ব্যক্তি হইতে কেবল ভরণ পোষণ পাইবার যোগ্যা।

বিচার—কোন হিন্দু ধনস্বামির মরণান্তে উত্তরাধিকারিণী রূপে তদ্বিষয়াধিকারিণী বিধবার তৎ সঙ্ক্রান্ত স্থাবর ধনে যাবজ্জীবন যে স্বত্ব তাহা (এই মকদ্দমার) আপিলান্ট ডিক্রীজারীতে খরিদ করে।

মিসিলে এমত প্রমাণ নাই যে যে ঋণের নিমিত্তে বিক্রয় ঘটিয়াছে তাহা ঐ বিধবার নিজ ব্যতীত অন্য ঋণ ছিল, অথবা তাহার আবশ্যক ভরণ পোষণ নিমিত্ত ঐ ঋণ করা হইয়াছিল। অতএব এমকদ্দমার আসল বিচার্য্য কথা এই যে বঙ্গদেশীয় হিন্দু বিধবাকে পতির ত্যক্ত বিষয়ে যাবজ্জীবন এমত ক্ষমতা আছে কি না যে ভরণ পোষণার্থ কিম্বা পতির প্রতি কর্ত্তব্যকর্ম্ম (যথা তাহার পারলৌকিক উপকার, কিম্বা ঋণশোধ) বিনা যথেষ্ট বিনিয়োগে অথবা তাহার নিজ ঋণের ডিক্রী জারীতে তাহা হস্তান্তর হইতে পারে।

এ বিষয়ে যে ২ প্রমাণ আছে তাহা আপিলান্টের দাবীর বিরুদ্ধে স্পষ্ট ও চূড়ান্ত। সর উইলিয়ম্ মেকনাটন সাহেব (তাহার হিন্দু. ল-র ১৯ও২০ পৃষ্ঠাতে) আপনার এই মত প্রকাশ করিয়াছেন যে বিধবাকে কোন (কাহারো) ব্যবহারের নিমিত্তে জিম্মাদার বই গণ্য করাযাইতে পারে না; এতদ্ভিন্ন উক্ত মেকনাটন সাহেব সুপ্রীম্ কোর্টের জজদিগকে যে নোট্ লিখিয়া দিয়াছেন (মর্লির ডাইজেষ্ট ২ বালামের দ্বিতীয় ভাগের ১৫৪ও১৫৫ পৃষ্ঠায় দ্রষ্টব্য) তাহাতে তিনি বিবেচনা করিয়াছেন যে—" স্বামির (ত্যক্ত) বিষয়ের কোন-অংশে বিধবার অসঙ্কুচিত স্বত্বাধিকারনাই, কেবল অবিশেষে তৎসমুদয়ের উপভোগে সাধারণ এক অধিকার আছে মাত্র। অতএব নিষ্কর্ষ এই যে, সে সমুদয় বিষয় চিরকালের নিমিত্তে হস্তান্তর করিতে পারে না; কিন্তু যে দলীলের দ্বারা সে বিষয় হস্তান্তর করে তাহা বিক্রয় সম্বন্ধে অসিদ্ধ; অথবা ঐ বিষয়ে তাহার যে রূপ অধিকার তাহাও তদ্দ্বারা হস্তান্তর হইতে পারেনা, তাহার ঐ অধিকার (হস্তান্তর হইতে পারে না একথা না, ধরিলেও) তাহা নির্ব্যূঢ় স্বত্ব হইতে সম্পূর্ণ রূপে ভিন্ন রূপ। ১৮১৯ সালের ১১ আগষ্টে লিখিত সর্ এড্ওয়ার্ড-হাড্ইস্ট সাহেবের বহু পরিশ্রমসম্পন্ন বিচারপত্রে (মর্লি সাহেবের উক্ত ডাইজেষ্টের ১৯ হইতে ২১৯ পৃষ্ঠায় দ্রষ্টব্য) পতি সঙ্ক্রান্ত ধন পত্নীকে অর্শিলে ঐ ধনে পত্নীর যে অধিকার তদ্বিষয়ক সমুদয় শাস্ত্রের পর্য্যালোচনা হইয়াছে। বিধবার যাবজ্জীবন যে অধিকার তাহা হস্তান্তর হইতে পারে কি না—এবিষয়ে যদিও উক্ত বিচার কর্ত্তার উক্ত বিচার মধ্যে বিশেষ বিবেচনা করিবার আবশ্যক হয় নাই, তথাপি তিনি স্পষ্ট জানাইতেছেন যে পত্নী কেবল আত্মভোগ ও ব্যবহারার্থে পতিসঙ্ক্রান্ত ধন পায়। 'এল্‌বরলিংস্ ট্রিটিস্ অন্ ইনহেরিটেন্স্ ইত্যাদি' (অর্থাৎ এল্‌বরলিং সাহেব প্রণীত দায় ইত্যাদি বিষয়ি) নামক গ্রন্থ মধ্যে উক্ত সাহেব উক্ত বিষয়ের সকল মোরাতেবের উপর দায়ভাগ ও দায়ক্রমসংগ্রহের যে মত, এবং যে সকল বিচার হইয়াছে, তাহা সাবধানে সংগ্রহ করিয়াছেন, উক্ত সাহেব ঐ সকলের এই তাৎপর্য্য লিখেন যে 'সামান্যতঃ বিধবা বিষয় দান বিক্রয় করিতে কিম্বা বন্ধক দিতে পারেনা, কিন্তু যদি অবশ্য কর্ত্তব্য কর্ম্মে শাস্ত্রীয় হউক বা সাংসারিক কিম্বা নিজ জীবন ধারণ নিমিত্তে বিক্রয় করে বা বন্ধক দেয় তবে তাহা সিদ্ধ হইবে; এবং যদি স্বামির পারলৌকিক উপকারের নিমিত্তে বিষয় দান কিম্বা বিক্রয় করা হয় কিম্বা বন্ধক দেওয়া যায় তবে তাহা সিদ্ধ, কেননা উত্তরাধিকারী যে ধন পায় সে আপন লাভের নিমিত্তে নয় কিন্তু পূর্ব্বস্বামির উপকার নিমিত্তে। তাহার ঋণ শোধ দেওয়া নীতি ও শাস্ত্র সম্মত কার্য্য, ইত্যাদি;' অনন্তর এ মকদ্দমার বিচার্য্য বিষয় সম্বন্ধে স্পষ্ট কহিতে-ছেন—'যেহেতু পত্নীকে কেবল বিশেষ কার্য্য নিমিত্ত অর্থাৎ তাহার নিজ জীবন ধারণ এবং তৎ স্বামির পার-লৌকিক উপকার নিমিত্ত যাবজ্জীবন অধিকার দেওয়া হইয়াছে অতএব ঐ বিষয়ে তাহার যে ব্যবহারাধিকার* তাহাও সে নিজ জীবনান্ত পর্য্যন্ত হস্তান্তর করিতে পারে না, যেহেতু ঐ বিষয়ে তাহার যে স্বত্ব তাহা নিতান্ত রূপে তাহার নিজের সহিত সম্বন্ধ রাখে।' তিনি নোটেতে এই আদালতের পণ্ডিত দিগের দত্ত ঐ ব্যবস্থার উল্লেখ করেন যাহা পূর্ব্বলিত সর এড্ওয়ার্ড হইড্ ইষ্ট সাহেবের বিচারে উল্লিখিত হইয়াছে, ঐ ব্যবস্থার মর্ম্ম এই যে শাস্ত্রসম্মত নয় এমত কারণে পত্নী পতির ধন দানকরিলে তাহা তাহারই অনিষ্টে সিদ্ধহইতে পারে, কিন্তু তৎ স্বামির উত্তরাধিকারি দের অনিষ্টে সিদ্ধ নয়। বর্ত্তমান মকদ্দমায় বিধবা আপন যাবজ্জীবন-ভোগা-ধিকার হস্তান্তর করাতে তদ্বিরুদ্ধে দাবীদার হইয়াছে যে ব্যক্তি সে তাহার দেবরপুত্র, এবং তাহার মৃত্যুর পরেই তৎ পতির দায়াদ। এইসকল হেতুতে আমাদের মত এই যে আদালতের নিলামে আপিলান্ট যে ক্রয় করিয়াছে

* সর্ টামস্ এসট্রেঞ্জ সাহেবও (তাঁহার হিন্দু ল-র ১বালামেয় ২৪৩পৃষ্ঠায়) পত্নীর অধিকৃত পতিসঙ্ক্রান্ত বিষয় সম্বন্ধে এবং তাহাহইতে সঞ্চিত হয় যে ধন তৎসম্বন্ধেও কহেন" বিধবার কর্ত্তব্য যে আপনাকে (বিলাতীয় আইন মতে) যাবজ্জীবন দখিলকার হইতে কিছু অধিক বোধ করে মাত্র, এবং এইরূপে অধিকৃত বিষয়ের উত্তরাধিকারির নিমিত্তে আপনাকে তাহার জিম্মাদার জানে যেহেতু (যথা পূর্ব্বেই লিখিত হইয়াছে) সে আপনার আবশ্যক ভরণ পোষণ অথবা মতের উপকার নিমিত্ত ভিন্ন ঐ বিষয় অনধীনকরূপে যথেষ্ট বিনিযোগে হস্তান্তর করিতে প্রতিষিদ্ধা"।

The Principal Sudder Ameen was, upon these grounds, satisfied that the plaintiff was entitled to be placed in possession of the properties sued for. There having been waste and injury by Kumárí Debí, and she having ceased to live with her husband's family, she was declared to be entitled only to maintenance from the plaintiff.

*Judgment.*—The appellant now before us, is the purchaser, at a sale in execution of a decree against a Hindu widow, of her life interest in landed property belonging to her husband's estate, which devolved to her in succession upon his death.

There is no proof on the record, that the debt for which the sale took place was other than a personal debt of the widow, or that that debt was, in any way, incurred for the purposes of her necessary maintenance. The essential point for decision, therefore, is whether a Hindu widow in Bengal possesses such a life interest in the estate left by her husband, as is capable of transfer by her own assignment, or by seizure for her debts, independently of the necessities of her maintenance, or of the performance of any duty in regard to her husband, as of acts designed for his spiritual benefit, or of the payment of his debt.

The authorities appear, upon this point, to be distinct and conclusive against the claim of the appellant. Sir W. Macnaghten, (Hindu Law, pp. 19, 20,) states his opinion that a widow 'can be considered in no other light *than as a holder in trust for certain uses;*' and again, in a note furnished by him to the judges of the Supreme Court (see Morley's Digest, volume II. part 2, pp. 154, 155,) he has observed:—A widow 'has no unlimited proprietary right over any part of her husband's property, but merely *a general usufructuary* right over the whole indiscriminately.' It is clear, therefore, that she cannot convey the whole in perpetuity; but the deed by which she conveys it is void *ab initio* as to the sale; *nor can it convey the interest which she possesses*, which *(independently of its not being transferable)* is an interest of a totally different nature from that of proprietary right. There is also an elaborate review, in a judgment of Sir E. H. East, of 11th August 1819, (Morley's Digest as above, pp. 198 to 219,) of the whole law in regard to the rights of widows over estates devolving to them from their husband. In this, though he had not occasion to refer specially to the question of whether a widow's life interest is, or is not, capable of transfer, he yet distinctly implies that a husband's property passes to his widow only for her personal use and enjoyment. In Elberling's Treatise on Inheritance, &c., the text of the *Dáyabhága* and *Dáyakrama Sangraha*, and the decisions on all parts of the subject have been carefully collated. He states their result, as follows:—' Generally, the widow cannot make gifts, or sell, or mortgage the property; but when a sale or mortgage becomes necessary for any indispensable duty, religious or secular, or for her maintenance, it is valid; and whenever gifts are made, or the property is sold or mortgaged, *for the spiritual benefit of her husband*, it is valid, because the heir takes the wealth for that purpose, and not for his own benefit. The payment of his debts is a moral as well as a legal duty, &c.;' and, expressly to the present point:—'As the life interest is only given her for a special purpose, viz. for her maintenance and for the spiritual benefit of her husband, she *cannot even transfer the use * or the possession of such property during her lifetime: her right is absolutely personal.*' He refers, in a note, to an opinion given by the law officers of this Court in the case to which Sir E. H. East's judgment, before mentioned, referred, to the effect, that gifts by a widow for other than an allowable cause might be valid as *against herself*, but not as against her husband's heirs. In the present suit, the party reclaiming against the transfer of the widow's life interest, is her nephew,—the next heir, upon her demise, to her husband. We are of opinion, upon these grounds,

* Sir T. Strange says also, (vol. I. p. 246.) with respect not only to what she may have inherited from her husband, but to its accumulated savings also, her (a widow's) duty is to regard 'herself as little more than tenant for life, and trustee for the next heir of property so possessed; being (as already intimated) restricted from aliening it by her sole independent act, unless for necessary subsistence, or purposes beneficial to the deceased.'

ডজন্যায়। তাহার এমত কোন স্বত্ব হয় নাই যে এ মকদ্দমাতে যে দাবী হইয়াছে তাহার বিরুদ্ধে তাহা বহাল রাখা যাইতে পারে, এতাবতা আমরা খরচা সমেত আপীল ডিস্‌মিস্ করিলাম। উক্ত বিধবা অপচয় ও বন্ধক করার কথা লিখিত হইয়াছে, এবং তদনুসারে প্রধান সদরআমীন আপন ডিক্রীতে বিচার করিয়াছেন যে বাদী ( বিধবার ) অব্যবহিত পরে দায়াদ হওয়াতে এ মকদ্দমায় আপিলান্ট যে বিষয় দখল করিয়াছে বাদী তাহার দখল পাইবে, এবং বিধবাকে কেবল উপযুক্ত ভরণ পোষণ দিয়া তৎপতির যে সকল বিষয় তাহাকে অর্শিয়াছে তাহাও ঐ বাদী লইবে। উক্ত বিধবা প্রথমে এই আদালতে আপীল করিয়াছিল, কিন্তু পরে তাহার বিনা তদ্বীরে ঐ আপীল নম্বর খারিজ হইয়া গিয়াছে। অতএব ঐ ডিক্রীর যে পর্য্যন্ত তাহার বিরুদ্ধে হইয়াছে তাহাতে আমরা হস্তক্ষেপ করিতে পারিলা। কালীকান্ত লাহিড়ী আপিলান্ট—বনাম—গোলোকচন্দ্র চৌধুরী রেস্পণ্ডেন্ট, ৩০ আক্টোবর ১৮৪৯, স. দে. আ. রি. পৃ. ৪০৫—৪১০।

২৯ ও ৪০ সংখ্যক ব্যবস্থার

নজীর

নালিশের বয়ান এই যে বিরোধীয় তালুক বাদির খুড়ার ছিল, তাহার পত্নী ঐ তালুক প্রতিবাদি মঙ্গলমণি ও নীলমণি দেবীর স্বামির নিকট বিক্রয় করে, ঐ বিক্রয় অশাস্ত্রীয় হওয়াতে বাদী তাহা রদের ও দখলের প্রার্থনা করে। জওয়াবে লিখিত হয় যে বাদির পিতা মোহনকান্ত রায়ের সহিত সাজস্ করিয়া ভ্রাতার পত্নীকে বিষয় হইতে বঞ্চিত করে, তৎকালে প্রতিবাদিনীর পতি উক্ত বিধবাকে প্রতিপালন এবং তাহার মকদ্দমার সাহায্য করে; অবশেষে ঐবিধবা দাবীকৃত বিষয়ে ডিক্রী পায়; তদনন্তর তাহাদের দেনা শোধের নিমিত্তে প্রথমে বিষয়ের দশ আনা বিক্রয় করে, পরে অবশিষ্ট ছয় আনা ও বেচে; এবং পণের উদ্বৃত্ত টাকা দিয়া আর এক বিষয় ক্রয়করে, অতএব পণের টাকা বিষয় উদ্ধারে এবং তাহার নিজপ্রতিপালন ও আর ২ শাস্ত্রীয় কার্য্যে ব্যয় হওয়াতে উক্ত বিক্রয়দ্বয় সম্পূর্ণরূপে সিদ্ধ।

প্রধান সদর আমীন এইমকদ্দমায় ব্যবস্থা তলব করিয়া তদনুসারে বিচার করিলেন যে উক্ত বিক্রয়দ্বয় অশাস্ত্রীয়, অতএব অবশ্য রদ হইবে; এবং যেহেতু উক্তবিধবা বিষয় বিক্রয় করাতে ইহা প্রকাশ. যে সে তদুত্তরাধিকারিদের ক্ষতি করিতে প্রস্তুত, অতএব তাহাকে দখল দেওয়াইলে রক্ষা নাই। এতাবতা উক্ত বিচারকর্ত্তা সদর আদালতে খাস আপীলে মঞ্জুর হওয়া এক মকদ্দমার * উল্লেখ করিয়া হুকুম দিলেন যে বাদী উত্তরাধিকারিসূত্রে এই সরতে দখল পায় যে উক্তবিধবাকে তাহার মরণ পর্য্যন্ত বিষয়ের মুনফা দিবে।

আপীলে কোন নূতন কথা লিখিত বা প্রকাশিত হইল না, এবং যেহেতু উক্ত বিক্রয় স্পষ্ট অশাস্ত্রীয় ও প্রধান সদর আমিনের বিচার যথার্থ ও ন্যায্য, অতএব সদর আদালতের জজ শ্রীযুক্ত ডিক সাহেব সমুদয় খরচা সমেত আপীল ডিস্‌মিস্ করিয়া উক্ত ফয়সলা বহাল রাখিলেন। কুঞ্জমোহন রায়ের মাতা মঙ্গলমণি (প্রতিবাদিনী) আপিলান্ট—বনাম—কুড়ানচন্দ্র দাসের ওসী রামদুর্লভ দাস ( বাদী ) রেস্পণ্ডেন্ট। সদর দেয়ানী আদালত। ১২ সেতম্বর ১৮৪৮ সাল।

২২ ও ৩৯ সংখ্যক ব্যবস্থার

নজীর

কোন অপুত্র মৃত ব্যক্তির পত্নী পতির স্থাবর ধন বিক্রয় করে, এবং কবালাতে বিক্রয়ের কারণ কেবল এই লিখে যে বিষয় রক্ষণাবেক্ষণে সে অযোগ্যা। আদালত ঐ বিক্রয় এই হেতুতে রদ করিলেন যে বিক্রয় হওয়ার যে কারন (বিধবা কর্ত্তৃক) লিখিত হইয়াছে, হিন্দুস্মৃতিশাস্ত্রানুসারে কেবল তাহাতে বিক্রয় সিদ্ধ নয়। পরন্তু যেহেতু জিলা আদালতে ১৮০৬ সালে মকদ্দমা উপস্থিত হওনকালীন উক্তবিধবা কাশীতে গমন করে, এবং তদবধি তাহার বার্ত্তা পাওয়া যায় নাই, অতএব হুকুম হইল যে সে যে পর্য্যন্ত না আইসে তাবৎ কাল এই মকদ্দমা সক্রান্ত ভূমি তৎ স্বামির ভ্রাতাদের নিকট জিম্মা থাকে, পরে যদি সে ফিরিয়া আইসে এবং যাহাতে-জাতি পাত এবং স্বত্বলোপ হয় এমত কর্ম্ম নাকরিয়া থাকে, তবে তৎপতির ভ্রাতারা ( অর্থাৎ আপিলান্টেরা ) তাহাকে তৎক্ষণাৎ দখল দিবে। গোকুলচন্দ্র চক্রবর্ত্তী—বনাম—মোসম্মাৎ রাজরাণী ও জয়গোপাল চৌধুরী। ২৭ জানুওরি ১৮১৬ সাল, স. দে. আ. রি. বা. ২, পৃ. ১৬৭।

উপরিউক্ত মকদ্দমাতে যে ব্যবস্থা দত্ত হয় তাহা এই যে—“পতির শ্রাদ্ধ এবং আপনার ভরণপোষণ ভিন্ন অন্য নিমিত্তে বিধবা স্বামির ভূমি তাহার উত্তরাধিকারিদের সম্মতি বিনা অপরের হস্তে বিক্রয় করিতে পারে না, কেননা সে তাহাদের শাসনাধীনা, এবং সে মরিলে ঐ বিষয় তাহারদিগকেই অর্শিবে।”

২৬ ২৯ ও ৩৪ সংখ্যক ব্যবস্থার

নজীর

গঙ্গাগোবিন্দ বন্দ্যোপাধ্যায়ের মৃত ভ্রাতার পত্নী পতির বিষয়ের ৭ আনা বিক্রয় ও ৯ আনা দান করিয়াছিল গঙ্গাগোবিন্দ ঐ বিষয় দখল পাইবার নিমিত্তে নালিশ করে। জিলার জজ পণ্ডিতের দত্ত ব্যবস্থা পাঠে জানিতে পারিয়া যে উক্ত বিধবা মৃত পতির বিষয়ের সাত আনা যে বিক্রয় করিয়াছে তাহা সিদ্ধ, কিন্তু নয় আনা যে দান করিয়াছে তাহা অশাস্ত্রীয়, এই নয় আনা দখলের ডিক্রী করিয়া প্রতিবাদি রামচন্দ্রকে তাহা ত্যাগ করিতে হুকুম দিলেন। এই ডিক্রী প্রবিন্সয়াল কোর্টে বহাল থাকে। সদর দেওয়ানী আদালত বিচার করিলেন

* ২৩ নবেম্বর ১৮৪২ সাল—দেবামণি দেবী, দরখাস্ত কারিণী।

that no interest passed to the appellant upon his purchase at a court sale, which can be confirmed to him, in opposition to the claim made in this suit, and we accordingly dismiss the appeal with costs. There were allegations of waste and fraud on the part of the widow, in reference to which the Principal Sudder Ameen, in his decree, has adjudged that the plaintiff, the next heir, shall obtain possession of the property held by the appellant before us, as well as other properties which had passed to the widow from the husband, providing only a suitable maintenance for her. The widow also at first appealed to this Court, but subsequently allowed the appeal to be struck off on default. We have not therefore to notice the decree as it affects her. Kálí Kánta Láhurí, Appellant, *versus* Golak Chandra Choudhurí Respondent, 30th October 1849. S. D. A. R. pp. 405-410.

*Case* bearing on the vyavasthás Nos. 29 & 40.

The declaration in this suit is, that the táluk in question belonged to plaintiff's uncle, whose widow sold it to defendants, Mangal Manni and Níl Mani Debí's husband, which sales were illegal; and therefore plaintiff claims to annul them, and obtain possession. The pleas in defence are, that the plaintiff's father, in collusion with one Mohan Kánta Rây, deprived the widow of his brother of the estate in question, when defendant's husband assisted her to sue, and supported her; that she eventually gained a decree for the property; and then to repay them, sold first 10 annas, and then 6 annas; and with the surplus of the purchase money, bought another property. The purchase money having therefore been expended in recovery of the estate, and for personal support and other legal objects, the sales are perfectly valid.

The principal Sudder Ameen decided, on *vyavastha's* called for in the case, that the sales were illegal, and must be annulled; and as the widow had shown her readiness to injure the eventual heirs of the estate by selling it, there was no safety in putting her into possession. He therefore ordered that plaintiff, as next heir, be put into possession, on condition of duly paying over to the widow during her lifetime all the net profits from the estate; citing as a precedent a case confirmed in special appeal by the Sudder Court.*

In appeal, nothing new has been set forth or elicited; and as the sale was clearly illegal, and the decision of the Principal Sudder Ameen is just and equitable, it is affirmed, and appeal dismissed with full costs. Sudder Dewanny Adawlut, 12th Septenber 1848. Mangal Mani, mother of Kunja Mohan Rây, (defendant,) appellant, *versus* Rám Dullab Dás, guardian of Kurán Chandra Dás, (plaintiff,) respondent.

*Case* bearing on the vyavastha's Nos. 29 & 39.

The widow of a childless Hindu sold the immovable estate of her husband, assigning in the deed as the only reason for selling it her incompetency to the management thereof. The sale was reversed, because such sale merely for reasons recorded by the widow is invalid under the Hindu Law; and as it appeared that no tidings had been heard of the widow since the institution of the suit in the Zillah Court in 1806, at which time she repaired to Benares, it was ordered that the contested lands be placed in deposit with the brothers of the widow's husband, until she be forthcoming; that in the event of her being forthcoming, provided she may not have committed any act involving expulsion from her tribe and exclusion from inheritance, the brothers (appellants) give her immediate possession. Gokul Chandra Chakrabarttí *versus* Musst Ráj Rání and Joy Gopál Choudhurí, 27th January 1816. S. D. A. Rep. vol. II. p. 167.

The *vyavastha* delivered in this case was—" A woman cannot sell her husband's immovable estate to a stranger, expect for the completion of the husband's funeral rites or her own maintenance, unless with the sanction of her husband's heirs, to whose control she is subject, and on whom on her demise the succession will devolve."

*Case* bearing on the vyavastha's Nos. 26, 29 & 34.

Gangá Gobinda Banerjea sued to recover possession of his deceased brother's estate, 7 annas of which were sold, and 9 annas were made over in gift by the deceased's widow. The Zillah Judge finding from the *Vyavastha* submitted by the *Pandit*, that the sale made by the widow of a 7 anna share of her late husband's estate was valid, but that the gift of the 9 anna share was illegal, passed a

* 23rd November 1842—Debá Mani Debí, petitioner.

যে অপুত্র মৃত হিন্দুর পত্নী পতির বিষয়ের কিয়দংশ (অর্থাৎ এক আনা হইতে তিন আনা পর্য্যন্ত) পতির পারলৌকিক উপকার নিমিত্তে দান করিতে পারে; কিন্তু যেহেতু বর্ত্তমান মকদ্দমায় আদালতকে এমত বোধ হইতেছে না যে পতির পারলৌকিক উপকার কামনায় দান করা হইয়াছে, অতএব গ্রহীতার দাবী অগ্রাহ্য এবং নিম্ন আদালতদ্বয়ের ফয়সলা বহাল।

উক্ত মকদ্দমায় যে ব্যবস্থা দত্ত হয় তাহার সার ভাগ এই যে—“মৃতপতির ধনে তৎপত্নী অধিকারিণী হইলে পতিকৃত ঋণের পরিশোধ, আপনার জীবন ধারণ ও পরিবারপালন, এবং পতির শ্রাদ্ধাদি সমাপন নিমিত্তে পতিধনের যে পরিমিত বিক্রয় আবশ্যক তাহাই বিক্রয় করিতে ক্ষমতা রাখে (তদধিক বিক্রয় করিতে পারে না)। এবং পতির পারলৌকিক উপকারার্থে অর্থাছুরূপ দান করিতে পারে। এবং এই সকল কর্ম্ম (অর্থাৎ ঋণ শোধ, ও শ্রাদ্ধাদি) যদি সমস্ত বিষয় বিক্রয় না করিলে সম্পন্ন না হয়, তবে তজ্জন্য সমুদয় বিক্রয় করিতেও তাহার ক্ষমতা আছে। কিন্তু আপনার যেমত ইচ্ছা হয় তদনুসারে (অর্থাৎ উক্ত কর্ম্মভিন্ন অন্য কর্ম্মে) বিষয়ের কিয়দংশও (দান বা) বিক্রয় করিতে ঐ বিধবাকে ক্ষমতা নাই। রামচন্দ্র শর্ম্মা—বনাম—গঙ্গাগোবিন্দ বন্দোপাধ্যায়। ১ ফেব্রুওরি ১৮২৬,স. দে. আ. রি. বা. ৪, পৃ. ১১৭।

২৯ও৩১সংখ্যকব্যবস্থার

নজীর

কৃষ্ণকান্ত সেনের পুত্রসন্তান না থাকাতে তিনি এক দানপত্র লিখিলেন এবং তদ্দ্বারা আপন জ্যেষ্ঠা পত্নী উজ্জ্বলমণিকে স্বোপার্জ্জিত সমুদয় বিষয় এই শর্ত্তে দান করিলেন যে যদি পুত্র না জন্মে তবে ঐ বিষয় উজ্জ্বলমণির, কিন্তু যদি পুত্র হয় তবে বিষয় সেই পুত্রকেই অর্শিবে। পরে উজ্জ্বলমণির গর্ভে এক পুত্র জন্মিয়া পিতা বিদ্যমানে মরিল, ঐ পুত্র জন্মিবা মাত্রে উক্ত বিষয়ে তাহার অধিকার স্বীকৃত হইল, এবং তাহার মরণে শাস্ত্রানুসারে তৎপিতাকে পুনর্ব্বার বিষয় গিয়া অর্শিল। এবং ইহার মরণে উজ্জ্বলমণি বিষয়াধিকারিণী হইয়া তরফ রসুলপুর (অর্থাৎ সমুদয় বিষয়ের কিয়দংশ) বিক্রয় করাতে উক্ত কৃষ্ণকান্ত সেনের সহোদর ঐ বিক্রয় রদের নিমিত্তে নালিশ করিল। আদালতের এমত বিবেচনা হওয়াতে যে প্রতিবাদির ওজর—যে তরফ রসুলপুর কৃষ্ণকান্ত সেনের শ্রাদ্ধের ব্যয় নির্ব্বাহ এবং তাহার ঋণ পরিশোধ নিমিত্তে বিক্রয় হইয়াছিল—কিছুমাত্র প্রমাণ হইল না, প্রত্যুত প্রমাণের দ্বারা তদ্বিপরীত নিশ্চিত হইল। এবং কবলাতে বিক্রয়ের যে কারণ লিখিত আছে সে কেবল উক্ত তালুকের রাজস্ব আদায়ের অসংস্থান মাত্র, অতএব আদালত বিক্রয় রদ করিয়া আদেশ করিলেন যে বাদী (আপিলাণ্ট) ভ্রাতার উত্তরাধিকারীরূপে উক্ত বিষয় অধিকার করিতে যোগ্য। কৃষ্ণগোবিন্দ সেন—বনাম—সালুডি মোহন ঠাকুর। ৩০ আগষ্ট ১৮১৯ সাল, স. দে. আ. রি. বা. ২. পৃ. ২০৯।

৩১, ২৯, ও ৪০ সংখ্যক ব্যবস্থার

নজীর

মৃত লালা দয়ালচাঁদ বাবুর পত্নী বোলাকী বিবি পতির ত্যক্ত বিষয়ের কতক বিক্রয় করে ও কতক বন্দোবস্ত করে, বাদিরা আপনারদিগকে (মৃত লালার) দায়াদ এবং ঐ বিক্রয় ও বন্দোবস্তকে আপনাদের স্বত্বের হানি জনক করার দিয়া তাহা রদের এবং বোলাকী বিবির কৃত উইল অসিদ্ধ করণের নিমিত্তে, বোলাকী বিবিকে উপযুক্ত ভরণপোষণ দেওনের আদেশ ও স্থাবরাস্থাবর বিষয়ের দখল পাইবার প্রার্থনায় এই নালিশ উপস্থিত করে।

বিচার—শ্রীযুক্তআবরক্রম্বি ডিক সাহেব ও জান্ ভন্যার সাহেব বিচার করিলেন যে—প্রথমে যে কথার তর্ক হয় তাহা এই যে (অধিকারিণী) বিধবা মৃত পতির পৈতৃক বিষয় হস্তান্তর করিলে তাহার জীবনকালেই তৎপতির দায়াদরা ঐ এন্তেকাল্ অসিদ্ধ করণার্থে, এবং তন্নিমিত্তে তাহাকে বেদখল করিয়া আপনারা দখল পাইবার নিমিত্তে নালিশ করিলে সে নালিশ গ্রাহ্য হইতে পারে কি না? বাদানুবাদের শেষে আমরা আপন মত প্রকাশ করিয়াছি যে এরূপ নালিশ চলিতে পারিবে, আমারদিগের ঐ মত এই ২ হেতুমূলক যে উভয় পক্ষের উকীলেরা যে দুই নজীরের উল্লেখ করিয়াছেন অর্থাৎ ১৮১৬ সালে শ্রীযুক্ত কার্ সাহেবেরকৃত ফয়সলা * ও ১৮৪৮ সালে শ্রীযুক্ত ডিক্ সাহেবের কৃত ফয়সলা*, এবং তাহার যে ব্যাখ্যা করিয়াছেন তাহা এবিষয়ে পরস্পর মিলে। শ্রীযুক্ত কার্ সাহেব বিধবার কৃত বিক্রয়াদি রদ করিয়া (কাশী হইতে) তাহার ফিরিয়া আইলা পর্য্যন্ত উত্তরাধিকারিকে বিষয় দখল দেওয়ান হইয়াছে। শ্রীযুক্ত ডিক্সাহেব জিলা আদালতের ফয়সলা বহাল রাখিয়াছেন যদ্দ্বারা বিধবাকৃত বিক্রয় অসিদ্ধ উক্ত হইয়া বিষয় বন্দোবস্তের এখতিয়ার উত্তরাধিকারিগণকে দেওয়ান হইয়াছে এবং বিধবা উপস্বত্ব পাইবার আজ্ঞা পাইয়াছে। বিধবা অপহার করিলে যে তাহার নিমিত্তে নালিশ চলিতে পারে, ইহা নির্ব্বিবাদ, কেননা শাস্ত্র উত্তরাধিকারিগণকে বিধবার অপহার নিবারণ করিতে স্পষ্টই ক্ষমতা দিতেছেন, আমরা বর্ত্তমান মকদ্দমাকে ঐ কালেবের বিবেচনা করি। যে সকল কুব্যবহার (এমকদ্দমায়) কথিত হইয়াছে তাহা অত্যন্ত অনিষ্টকর, ক্রেতারা বুঝিয়া থাকিবে যে তাহাদের ঐ বিক্রয় বিধবার জীবন পর্য্যন্ত, এবং বিধবার কৃত যে ২ কর্ম্মের প্রতি আপত্তি করা হইয়াছে, তন্মধ্যে এক কর্ম্ম এমত যে তাহা যথাশাস্ত্র উত্তরাধিকারির সম্পূর্ণরূপে স্বত্বনাশক। বিশেষ২ নিষেধাত্মক রিয়াসীনা হইয়া হিন্দু

* এই পুস্তকের ৯০ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

decree awarding to the plaintiff possession of the 9 anna portion, which defendant Rám Chandra was directed to relinquish. This decree was affirmed by the Provincial Court. The Sudder Court held that the widow of a Hindu, who died without issue, has the power of making a gift of a portion (from one to three sixteenths) of her late husband's property for his spiritual benefit; but such not appearing to the Court to have been the object of the gift in the present instance, the claim of the donee was disallowed and the lower court's judgment was affirmed.

The principal part of the *vyavasthá* given in this case is—"A widow having succeeded to the property of her deceased husband has the power of alienating by sale so much of such property (and no more) as may be necessary for the payment of debts contracted by him, for her own subsistence, for the support of her husband's family, and for the performance of his exequial rites. She may likewise make a gift proportioned to the extent of her late husband's property for the benefit of his soul. And if these objects (viz. payment of debts, expenses of *Sráddha*, &c,) cannot be effected without the sale of all the property, she has the power of disposing of the whole of it. But she is not permitted to alienate by (gift or) sale the whole or even a part of the property solely at the suggestion of her own will or pleasure.—Rám Chandra Sarmá *versus* Gangá Gobinda Banerjea,—1st February 1826, S. D. A. Rep. vol. IV. p. 117.

Krisna Kánta Sen having no son, executed a deed, whereby he granted to his senior widow Ujjal Mani the whole of his acquired property, in the event of no son being born; but in the event of a son being born, the property was to go to him. A son was born by her, but died before his father. The property in question was then declared to be vested in the son immediately on his birth; and on his death, reverted to his father as his heir according to *SháKstra*. On the death of the father, it devolved on Ujjal Mani who sold Taraf Rasúlpur (part of the property). Krisna Gobinda Sen, brother of the said Krisna Kánta Sen deceased sued for reversal of the sale. As the Court saw that the defendant's plea—that Taraf Rasúlpur was sold to defray the expenses of the *Sráddha* of Krisna Kánta Sen, and pay his debts,—was not at all established; that the contrary was proved by the evidence; and that the cause of the sale assigned in the deed was the inability of the widow to pay the publick revenue assessed thereon; they therefore reversed the sale, and declared the plaintiff, appellant, entitled to succeed to the property in right of inheritance from his brother.—Krisna Gobinda Sen *versus* Ládli Mohan Thákur, 30th August 1819, S. D. A. Rep. vol. II. p. 309.

**Case** bearing on the vyavasthá's Nos. 31, 29, & 40.

The plaintiffs, alleging themselves to be the next heirs, sued to set aside certain sales and settlements made by Bolákí Bibi, widow of the late Lálá Doyál Chánd Bábu, as prejudicial to their rights, as also to declare a will, made by the said Bibi, null and void, and to have the estates, movable and immovable, placed in their possession, a suitable allowance for maintenance being awarded to the Bibi.

*Judgment.*—Messrs. A. Dick and J. Dunbar.—The question which was first argued was—whether an action instituted by reversionary heirs against a widow in her lifetime, to invalidate alienations by her of her husband's ancestral property, and to dispossess her in consquence, and to obtain possession themselves, will lie? At the close of the argument, we intimated our opinion that such an action will lie: that opinion was founded on the following grounds. We observe that both the precedents, cited by the pleaders on both sides, and commented upon, that of 1816, decided by Mr. Ker,* and that of 1848, by Mr. Dick*, concur in this point. Mr. Ker declared invalid the alienation by the widow, and gave possession to the heirs until the widow should reappear. Mr. Dick confirmed the decision of the lower court, which declared the alienation invalid, and entrusted the management of the property to the heirs, reserving the usufruct to the widow. There can be no question that an action for waste will lie, because the Sháastra expressly authorises the heirs to restrain the widow from waste, and we consider this an action of a similar nature, and the misconduct alleged likely to be far more injurious, as the purchasers must be aware that they hold their purchases only so long as the widow survives, and one of the acts complained of goes so far as to extinguish the rights of the legal heirs entirely.

* See page 91, of this book.

বিধবা মৃত পতির ধনাধিকারিণী হয়। তাহাকে ঐ ধন হস্তান্তর করিতে নিষেধ আছে। ঐ ধনে তাহার জীবন পর্য্যন্ত যে অধিকার তাহাও হস্তান্তরের যোগ্য নয়। সঙ্ক্ষেপতঃ, তাহাকে কোন ব্যবহারের নিমিত্তে জিম্মাদার বই গণ্য করা যাইতে পারে না। মেক্‌নাটনের হিন্দু-ল-র ১৯ পৃষ্ঠা দ্রষ্টব্য। যদি বিষয় হস্তান্তর করণাপরাধ তাহার প্রমাণ হয় তবে সে বিশ্বাসঘাতকত্বাপরাধে অপরাধিনী, এবং তাহাকে আর বিশ্বাস করা যাইতে পারে না। যদ্যপি ইহা সত্য যে এমত বিশ্বাসঘাতিকার বিশেষ প্রতিকারবিধান শাস্ত্রে স্পষ্টরূপে হয় নাই, তথাপি আদালতের বিশেষ কর্ত্তব্য এই যে শাস্ত্রে বা আইনে যে ২ রূপ অপকারের প্রতিকারবিধানাভাব তাঁহারা শাস্ত্রের বা আইনের অভিপ্রায়ানুসারে ঐ অভাবদূর করেন অর্থাৎ তত্তদপকারের প্রতিকার করেন। এক্ষণে বিশ্বাসঘাতকতার প্রতিকার এই যে যে ব্যক্তি বিশ্বাসঘাতকতা করিয়াছে তাহার হস্তে সেই বিষয় না রাখা।

ওথাচ, যে ২ কার্য্যার্থে তাহাতে বিষয় অর্পিত হইয়াছিল তাহা পারত পক্ষে রহিত করা উচিত হয় না, এবং যে ২ কারণে বিবেচিত হইয়াছে যে পত্নীই (মৃত পতির) বিষয়াধ্যক্ষা হইবে তাহারো আদর করা উচিত। অতএব যথার্থ বিচার নিষ্পাদনের প্রকৃত উপায় এই যে বিধবার বিষয়াধ্যক্ষতা নিবারণ করিয়া, বিষয়ের উপস্বত্ব হইতে তাহাকে এমত বৃত্তি (বা জীবিকা) দেওয়া যে তদ্দ্বারা বিধবাপত্নীকে যে সকল কার্য্য করিতে শাস্ত্রে আদেশ করেন তাহা সে নির্ব্বাহ করিতে সমর্থা হয়, এবং তাহার মান সম্ভ্রম বজায় থাকে, কোনরূপ অভাব না হয় সে পতি কুলে কলঙ্ক করিতে, কিম্বা দুশ্চারিণী হইতে কোন ছল না পায়। এমত্ত করিলে শাস্ত্রে বিধবার যে রূপ অধিকার উল্লিখিত হইয়াছে তাহাই বজায় থাকিল ও দত্ত হইল, কেবল সে শাস্ত্রের বিধানাতিক্রমে যে কর্ম্ম করিয়াছিল তাহা পুনর্ব্বার করিতে তাহাকে নিবারণ করা হইল, অথচ দায়াদগণের যে স্বত্ব তাহা কোন হানি ব্যতিরেকে বজায় থাকিল, এবং তাহার দিগকে বিক্রয় অসিদ্ধ করণের নিমিত্তে আর অনেক বৎসরের ওয়াসিলাৎ সমেত দখল পাওনের নিমিত্তে বহুব্যয় ও ক্লেশসাধ্য মকদ্দমা করিতে হইলনা। বিধবার জীবন কালে মকদ্দমা শুনিতে নাপারা বিষয়ে যে সকল আপত্তি ছিল, উক্তহেতুবাদ তৎসমুদায়ের যথেষ্টরূপ উত্তর। এমত আপত্তি করা হইয়াছে যে দায়াদরা বিধবার পরম শত্রু, তাহারদিগকে দখল দেওয়ার বিবেচনা করা অন্য কেহ থাকিতে কর্ত্তব্য হয় না, তাহাদের স্বত্ব ঐ বিধবার স্বত্বের বিরুদ্ধ, অতএব তাহারদিগকে দখল দিলে বিধবাকে অসংখ্য মকদ্দমা উপস্থিত করিতে হইবে। কিন্তু উপযুক্তরূপে ঐ বিষয় রক্ষা হইলে ঐ দায়াদগণের যত লাভ এত কাহারো নয়, অতএব অত্যন্ত সম্ভব যে তাহারা রক্ষাই করিবে। বিধবার স্বত্বের প্রতি মনোযোগ করিতে আদালত যেমন বাধিত তেমনি তৎ পতির দায়াদগণের স্বত্বের প্রতি ও বটে, এবং যেহেতু ঐ দায়াদরা বিষয়ের উপস্বত্ব অথবা আদালত যে পরিমিত ডিক্রীকরেন তাহা যে পর্য্যন্ত ঐ বিধবাকে দিবে, কিম্বা নির্দ্ধারিত সময়ে আদালতে আমানত করিবে সে পর্য্যন্তই কেবল তাহারা বিষয় দখল করিবে, অতএব তাহাতে বিধবার কোনহানি হইতে পারিবে না, এবং তাহাকে কোন মকদ্দমা করিতে হইবে না।

বিচারিত হইয়াছে যে হিন্দু শাস্ত্রানুসারে এমত সকল অবস্থায় যাহারদিগকে বিধবার শাসন ও অধ্যক্ষতা করিতে হয়, সুপ্রীম কোর্ট তাহাদের প্রতিনিধিস্বরূপ, অতএব এই আদালতকে সম্ভ্রান্ত সকল ব্যক্তিরই হিত বিষয়ে হস্তক্ষেপ করিতে যথা যোগ্য ক্ষমতা আছে। মর্লিসাহেবের ডাইজেষ্টের ১ বালাম ২৮১ পৃষ্ঠা দ্রষ্টব্য।

এই মকদ্দমা গ্রাহ্য কিনা এই আপত্তি নিষ্পত্তির পর, মসম্মাৎ বোলাকীর কৃত যে ২ কর্ম্মের উপর আপত্তি করা হইয়াছে, তাহা করিতে তাহার ক্ষমতা থাকনবিষয়ক সে যে অনুমতি [illegible] উপস্থিত করিয়াছে তাহা প্রকৃত ও যথার্থ কি না তাহার বিচার করা আবশ্যক। ঐ সকল কর্ম্ম যথা—১২১৪ সালে এক বাগান বিক্রয়, ১২২৯ ও ১২৫১ সালে কম জমাতে মৌরসী ও মকররী পাট্টা দেওয়া, এবং অবশেষে সমদয় বিষয়াধিকার এক কালে হস্তান্তর করা।

অপ্রকাশ নাই যে এ মকদ্দমার বাদি প্রতিবাদি যে বংশ সম্ভূত তদ্বংশীয়েরা পশ্চিম দেশ হইতে আসিয়া বাস করিয়াছে এবং প্রথমে মিথিলা দেশপ্রচলিত শাস্ত্রাধীন ছিল। অতএব ঐ বংশ চিরকালের নিমিত্তে বঙ্গ দেশে বাস করাতে ইহা স্বীকার করিয়া ও যে বঙ্গ দেশচলিত শাস্ত্রানুসারে বিষয়ের দানাদি হইতে পারে ইহা অত্যন্ত সম্ভব বোধ করিতে হইবে যে মিথিলাচলিত শাস্ত্রবিরোধে বিষয় হস্তান্তরবিষক যে উক্ত দলীল তাহা লিখিত পঠিত হইলে পর দয়াল চাঁদ অবশ্য তাহা রেজিষ্টরি করিয়া দিত অথবা দয়ালেরস্ত্রীরা ও মাতা ঐ দলীলানুসারে কর্ম্ম করণ কালীন, তাহার সত্যতার দৃঢ় প্রমাণ যে রেজিষ্টরী, তাহা অবশ্য করাইয়া লইত।

উপরি লিখিত হেতু সকলে উক্ত অনুমতিপত্র নামঞ্জুর করিতে আমাদের কোন দ্বিধা নাই। বোলাকী বিবি যে মকররী বন্দোবস্ত করিয়াছে, তাহা হিন্দু বিধবার ক্ষমতাতীত কর্ম্ম, এবং শেষে উইলের দ্বারা সমস্ত বিষয় যে হস্তান্তর করিয়াছে তাহা উত্তরাধিকারি গণের অনিষ্টকর, এবং তাহা এককালে তাহাদের এমত স্বত্বলোপক কর্ম্ম, যে বিধবা যে রূপ অপহার বা অপচয় করিলে হিন্দু শাস্ত্র তাহাকে তাহার দায়ি কহিতেছেন, ও তাহাকে

A Hindu widow succeeds to her husband's property, on certain prohibitory and restrictive conditions. She is prohibited from alienating. Her life interest in it is not transferable. In brief, she can be considered in no other light than as a holder in trust for certain uses. See Macnaghten's Principles of Hindu Law, page 19. If she be convicted of alienation, she is guilty of a breach of trust, and no further confidence can be placed in her. It is true, there is no specific remedy expressly provided in the Hindu law for such breach of trust. In cases in which the law has not provided a remedy for an evil, it is the peculiar duty of courts of equity to supply the omission, in accordance with the spirit of that law. Now the proper remedy for a breach of trust is the removal of the trust from the party violating it.

The uses however on account of which the trust was given, should be preserved, if possible; and the reasons for which the widow was selected to administer the trust, should be respected. The natural course, then, for equity and justice to proceed upon, is to remove the widow from the management of the property, and to allow her such a maintenance from the proceeds of the property, as shall enable her to perform all the uses enjoined her, as widow, and as much as shall uphold her respectability and rank in life, secure her from want of every kind, and leave her no pretence to disgrace her husband's family, or to pursue immoral courses. Such a procedure secures to the widow all that the law declares her right and gives her, and merely prevents her from repeating her disregard of the injunctions of that law. It, at the same time, secures to the reversionary heirs their right uninjured and unimpaired, without subjecting them to expensive and vexatious litigation, to invalidate sales and obtain possession with perhaps years of mesne profits, which of itself is a sufficient answer to all arguments against hearing a suit in the lifetime of the widow. It has been argued that the reversionary heirs are the last persons who should be selected to hold possession of the property, as they are the natural enemies of the widow; that their interests are directly opposed to hers, and that such a course would entail innumerable suits on the widow. They are, however, the parties most deeply interested in the due preservation of the property, and consequently most likely to preserve it. The courts are bound to care for their rights as well as for those of the widow, and as they will hold possession only so long as they pay out of the property the whole or such portion of the usufruct as the court may decree, and which may be required to be deposited at given times into court, the widow cannot be injured, or obliged to institute any suits.

It has been held that the Supreme Court represents those that by the Hindu law are to control and superintend widows in such cases. This Court therefore is the proper authority to interfere for the good of all concerned. See Morley, Volume I. page 281.

Having disposed of the question of the admissibility of the action, we have now to decide upon the genuineness and authenticity of the *anumatipatra* put forwerd by Musst. Bolákí, as justifying the acts complained of by the plaintiffs. These acts being the sale of a garden in 1224 B. S., the grant of lands under hereditary *mukarrari pattás* at inadequate *jamás* on two different occasions, in 1229 and 1251, and lastly the entire and absolute transfer of the proprietary right in the estate.

It is known that the family to which the parties belong came from the west, and were originally guided by the Mithilá law. Admitting the property may be disposed of under the law current in Bengal, when such a family have permanently fixed their residence there, it is but reasonable to believe that Doyálchánd would either have taken the precaution to have had a deed, involving a disposition of his property at variance with the Mithilá rules, registered at the time of execution, or that the widows and the mother should have had this strong evidence of authenticity assured to them, when they began to act upon the deed.

Upon the grounds above detailed, we have no hesitation in rejecting the *anumatipatra*. Viewing the grant of the *mukarrari* tenures, as acts not within the scope of a Hindu widow's authority, and regarding the late transfer of the whole of the estate by Musst. Bolákí's will to others, as an act so prejudicial to the heirs, and indeed so utterly subversive of their rights, as to go far beyond any

তেমত করিতে নিবারণ করিবার আদেশ করিতেছেন তাহা হইতে তাহা অনেক ছাড়াইয়া গিয়াছে, অতএব মোসম্মাৎ বোলাকীর বিষয়াধাক্ষতা অতঃপর রহিত করা আমাদের কর্ত্তব্য কর্ম্ম। কিন্তু ইহাও আমরা এমত সাবধানপূর্ব্বক করিতেছি যে মোসম্মাৎ বোলাকী মরণপর্য্যন্ত প্রকৃতপ্রস্তাবে যে ফল পাইবার যোগ্যা তাহা সে হারাইবে না।

মোসম্মাৎ বোলাকীর কৃত (৯৩ নং) আপিলে আমরা প্রধান সদর আমীনের ফয়সলা এইরূপ তরমিম্ করিয়া বহাল রাখিলাম যথা—আমরা আদেশ করিতেছি যে বাদিরা বসত বাটীভিন্ন আর সমস্ত ভূমি ও সম্পত্তির দখল পায়, বসত বাটী উক্ত বিধবার মরণ পর্য্যন্ত তাহার দখলে থাকিবে। মোসম্মাৎ বোলাকী যত কাল বাঁচিবে ততকাল পর্য্যন্ত বাদিরা ঐ না না বিষয়ের উপস্বত্ব ঐ বিধবাকে দিবার নিমিত্তে জিলা আদালতে প্রতি বৎসর চারি বারে আমানত করিবে। তাহারা যদি আমানতের কিস্তির তারিখ হইতে তিন মাসের মধ্যে ঐই শরত তামিল নাকরে, তবে জিলা আদালত ঐ বিষয় সরবরাহ কারের কিম্বা রিসিবরের হস্তে অর্পণ করিবার নিমিত্তে রিপোর্ট করিবেন। খোশবাগ্ নামক লাখেরাজ বাগানবিষয়ে মদন বাবুর কৃত ৯২ নং আপীলেও আমরা নিম্ন আদালতের ফয়সলা বহাল রাখিলাম। ঐ বাগান বাঙ্গালা ১২১৪ সালে বিক্রীত হয় এবং বাধাব্যতিরেকে প্রমাণ হইয়াছে যে মৃত ধন স্বামির কৃত ঋণ বিষয়ক ডিক্রীর টাকা পরিশোধার্থে ঐ বিক্রয় ঘটিয়াছে, এমত বিক্রয় শাস্ত্রানুসারে সিদ্ধ, এবং যেহেতু বাদিরা বহুকাল পর্য্যন্ত চুপ করিয়া থাকা প্রযুক্তই ক্রেতারা উক্ত ডিক্রীর টাকা পরিশোধার্থে ঐ বিক্রয় হওয়ার সম্পূর্ণ প্রমাণ দর্শাইতে সক্ষম হয় নাই, অতএব ক্রেতাদিগকে হু-বহু-প্রমাণ দিতে বাধিত না করিয়াও বিক্রয় সিদ্ধ বোধ করা উচিত। সদর দেওয়ানী আদালত ২৪ জুলাই ১৮৫৪ সাল—মকদ্দমা নং ৯২, নন্দলাল বাবু ও মদন লাল বাবু (বাদি) আপিলান্ট—বনাম—বোলাকী বিবি (প্রতিবাদিনী) রেস্পণ্ডেণ্ট। ও মকদ্দমা নং ৯৩, বোলাকী বিবি আপীলান্ট—বনাম—নন্দলাল বাবু প্রভৃতি রেস্পণ্ডেণ্ট।

৩১ সংখ্যক ব্যবস্থার নজীর

হিরালাল মল্লিক করুণাময়ী নাম্নী পত্নীকে এবং চারি কন্যাকে অর্থাৎ নবকুমারীকে, এবং রঘুমণি, অপূর্ণা, ও কৃষ্ণমণি প্রতিবাদিনীত্রয়কে রাখিয়া উইল না করিয়া মরে।

হিরালালের মৃত্যু কালে রঘুমণি পুত্রহীনা বিধবা হইয়াছিল, জয়মণি তদনন্তর বিবাহিতা হইয়া বাদি হরিদাস দত্ত ও শিশু প্রতিবাদি শিঙ্গীচরণ এই দুই পুত্র প্রসব করে,—অপূর্ণাও বিবাহিতা হইয়া দুই কন্যা প্রসব করে (তন্মধ্যে এক জন্মিয়া অল্প কাল পরেই মরে, অন্যা বিবাহের অল্প কাল পরে এক পুত্র রাখিয়া মরে, ঐ পুত্র অদ্যাপি জীবিত আছে)। কৃষ্ণমণির বিবাহ ২৪ বৎসর হইল হইয়াছে কিন্তু এ পর্য্যন্ত তাহার কোন সন্তান হয় নাই। চতুর্থ কন্যা নবকুমারী পিতার মৃত্যুর পর বিবাহিতা হইয়াছিল, কিন্তু বহুকাল হইল প্রসবকালে প্রাণত্যাগ করিয়াছে।

হিরালালের মরণান্তে তৎ পত্নী তাহার প্রতিনিধিরূপে বিষয় বিভব অধিকার করিয়া যাবজ্জীবন দখলে রাখে;—পত্নীর মরণান্তেই কন্যাগণের মধ্যে বিবাদ উপস্থিত হইল এবং তাহারা সকলেই পরস্পর একুইটীতে (অর্থাৎ হকিয়ত্ বিষয়ক জাবেতা) নালিশ করিল। এই সকল মকদ্দমা শ্রবণ ও বিচারের নিমিত্তে প্রস্তুত হওনকালে সকল পক্ষের সম্মতি অনুসারে এই মর্ম্মে নিষ্পত্তির হুকুম হইল যে—"রঘুমণি তাহার সকল দাওয়া পরিত্যাগ করিবে। এবং তাহার নালিশ ডিস্‌মিস্ হইলে পর, ৬২০০০ টাকা পাইবে, ও পরিবারের বসত বাটীর মধ্যে ভাড়া নাদিয়া বাস করিবে। পরন্ত রঘুমণি, অপূর্ণা ও জয়মণি ইহারা গৃহ-বিগ্রহের পূজা পালা করিয়া করিবে। অপূর্ণা ও জয়মণি এই দুই কন্যা কেবল তাহার মাতার মরণ কালীন পুত্রবতী ও সম্ভাবিত পুত্রবতী থাকাতে অবশিষ্ট বিষয় ইহাদের মধ্যে বিভক্ত হইবে।

অনন্তর দায়াদ হরিদাস দত্ত নালিশ উপস্থিত করিল, ঐ নালিশি বিলের (অর্থাৎ আর্জির) বয়ান এই যে প্রতিবাদিরা পরস্পর সাজস করিয়া, উত্তরাধিকারিকে ফাকি দিবার নিমিত্তে ফ্রেব করিয়াছে, এবং আদালতকে মোগালতা দিয়াছে। রঘুমণি অপুত্রা বিধবা, তাহার কিছুতে অধিকার নাই, আর জয়মণির ও অপূর্ণার কেবল যাবজ্জীবন ভোগাধিকার মাত্র, প্রার্থনা এই যে তাহারদিগকে বাধা দেওয় যায় যে তাহারা আপন মতলব সিদ্ধ করিতে এবং আর হস্তান্তর ও অপচয় করিতে নাপারে। এই বিলের উপর ডিমরর হয়, অর্থাৎ আপত্তি উপস্থিত হয় যে বাদিকে এমত নালিশ করিতে ক্ষমতা নাই।

acts which could be brought under the definition of mere waste, for which the Shástra distinctly declares that Hindu widows are to be held responsible and restrained, we think it our duty to deprive Musst. Bolákí of the future management of the property. In doing this, however, we are careful that she shall lose none of those substantial advantages, to which during her life-time she is entitled.

In the appeal of Musst. Bolákí, (case No. 93,) we confirm the decision of the principal sudder ameen, with the following modifications. We direct that the plaintiffs be placed in possession of all the landed and other property, with exception of the family-mansions, which will continue in the possession of the widow during life. They will pay the whole of the net profits, arising from the several properties, into the zillah court, quarterly, for the benefit of Musst. Bolákí, during her life-time. In the event of their failing to fulfil this condition, for a period exceeding three months after any payment becomes due, the zillah court will report the circumstance, with a viewing to having the property placed in the hands of a sarbarákár or receiver. In the appeal of Maddun Bábu, (case No. 92,) regarding the rent free garden called Khushbágh, we also confirm the decision of the lower court. The garden was sold in 1214 B. S., and there is *prima facie* evidence of its having been sold, to provide the means of paying a debt due by the deceased proprietor, under a decree of court. Such a sale is valid under the Hindu law; and as the plaintiffs, by their long silence, have prevented the purchasers from producing satisfactory evidence to prove that the sale was made in order to satisfy the decree referred to, the latter are entitled to the benefit of the presumption in their favor, of its validity, without being required to give actual proof. Sudder Dewanny Adawlut, 24th July 1854, case No 92, Nanda Lál Bábu and Madan Lál Bábu, (plaintiffs,) appellants, *versus* Bolákí Bibi, (defendant,) respondent, and case No 93, Bolákí Bibi, appellant, *versus* Nanda Lál Bábu and others, respondents.

*Case* bearing on the vyavasthá's No. 31.

Hirá Lál Mallik died intestate, leaving one widow Karuná Moyí, and four daughters, namely, Naba Kumárí, and the three defendants Raghu Mani, Apúrná, and KrishnaMani.

At the time of Hirá Lál's death, Rughu Mani was a childless widow, Joy Mani subsequently married, and produced two sons, Hari Dás Datta the complainant, and the defendant Singí Churn, an infant of tender years, Apúrná also married, and had two daughters (one of whom died shortly after birth, and the other married and soon afterwards died, leaving a son still alive.) Krishna Mani had been married 24 years, but had had no child during that period. The fourth daughter Naba Kumárí married after her father's death, but died long since in childbirth.

On Hirá Lál's death his widow took possession of his estate and property as his representative, and held the same during her lifetime:—immediately after her death disputes commenced among the daughters, all of whom instituted equity suits against one another. When these suits were ripe for hearing, a decretal order was passed by consent, substantially to the effect that Raghu Mani should waive all her claims, and, on dismissal of her bill, should receive Rs. 62000, and live rent free in the family dwelling house; that the worship of the idols should be enjoyed by Raghu Mani, Apúrná, and Joy Mani by turns; that the residue of the estate should be divided between Apúrná and Joy Mani, as the only daughters having issue, or capable of having issue at the time of their mother's death.

The said Hari Dás Datta, who is a reversionary heir to the estate, filed a bill, which alleged collusion between the defendants, and charged that their acts were in fraud of the reversioners' interests and a surprise on the court; that RaghuMani as a childless widow was entitled to nothing; and that Joy Mani and Apúrná had but a life estate. It was prayed that they might be restrained from carrying on their plans or committing further alienation or waste. A demurrer is filed to the above bill.

কোর্টের প্রধান জজ শ্রীযুক্ত পীল সাহেব যে বিচার করিলেন তাহার সার ভাগ, যথা—"হিন্দু নারী উত্তরাধিকারিণীরূপে সক্রান্ত ধনাধিকারিণী হইলে তাহার সে অধিকার কিপ্রকার, এবং তাহার অব্যবধান পরে ঐ ধনে যাহার স্বত্বসম্বন্ধ আছে তাহারইবা অধিকার কিপ্রকার, প্রধানতঃ এই কথার উপর এই আপত্তি উপস্থিত। বর্ত্তমান অধিকারির পরে শেষোক্ত ব্যক্তির যে স্বত্ব তাহা তাহাতে বর্ত্তেনাই, তাহার সে স্বত্ব শরতী মাত্র। উত্তরাধিকারিণী নারীকে শাস্ত্রের বিধানদ্বারা বিষয় অর্শানতে সে তাহা প্রাপ্ত হয়, পূর্ব্ব স্বামির দান বা ক্রিয়া দ্বারা পায়না। বিশেষ নিমিত্ত ভিন্ন ঐ বিষয় হস্তান্তর করিতে তাহার ক্ষমতা নাই, তাহার যে অক্ষমতা সে সাধারণ, (কিন্তু) ক্ষমতা বিশেষ কার্য্যে মাত্র,। সর উইলিয়ম্ মেকনাটন সাহেব এই অধিকারকে জিম্মাদারী অধিকার বলিয়াছেন, তিনি ঐ পদ দ্বয়কে তৎ প্রকৃত পারিভাষিক অর্থে ব্যবহার না করিয়া থাকিবেন। তিনি কহেন "সে (অর্থাৎ বিধবা) অন্যের নিমিত্তে জিম্মাদার, এমত যে যদি সে অপহার করে, তবে (তৎ পতির দায়ে) যাহাদের ভবিষ্যৎ স্বত্ব সম্বন্ধ আছে নিস্সন্দেহে তাহারা এমত ক্ষমতা রাখে যে তেমত করণে তাহাকে নিবারণ করিতে পারে"। প্রিবিকৌন্সিলে লার্ড জিফর্ড সাহেব আপন বিচারে কতিপয় পণ্ডিতের যে মত (যাহার উল্লেখ পরে হইবে) প্রকাশ করিয়াছেন তাহার সহিত উক্ত মত মিলে। মৃতের ত্যক্ত বিষয়ে যে ব্যক্তির ভবিষ্যৎ স্বত্ব সম্বন্ধ আছে সে বর্ত্তমান কালে আপনাতে স্বত্ব না বর্ত্তান প্রযুক্ত যদি নালিশ করিতে নাপারে, তবে কেহই নালিশ করিতে পারিবে না, এবং তাহার ফল এই হইবে যে অপহার করিতে পারেনা যে হিন্দু বিধবা, এবং অপহার করিতে গেলে যাহাকে যে কোনরূপে বাধা দেওয়া যাইতে পারে, সে ঐ সক্রান্ত ধন সম্বন্ধে আপন কর্ত্তব্য ব্যবহারের ব্যভিচার করিবে, আপনার ক্ষমতার বহির্ভূত কর্ম্ম করিবে, এবং শাস্ত্রে তাহার ব্যবহারের যে সীমাবদ্ধ হইয়াছে উত্তরাধিকারির অনিষ্টে তাহার অতিক্রম করিবে, এবং ঐ উত্তরাধিকারী পত্নীর অব্যবহিত পরে সম্ভাবিত স্বত্ববান্ হইয়াও নিরুপায় হইয়া ঐ কৃত অনিষ্ট দৃষ্টি করিতে থাকিবে। ইহা হইলে—"প্রত্যেক অনিষ্টেরই প্রতীকার আদালতে হয়" এই যে প্রসিদ্ধ কথা তাহার মত কিছু হইলনা। এবং যে বাধা আদালতে স্থিরতর ও জারি থাকিলনা সে বাধার উল্লেখই বা কেমত বৃথা জল্পনা হইল।

হর সুন্দরী দাসী ও কমলমণি দাসীর বিরুদ্ধে কাশীনাথ বসাক ও রমানাথ বসাকের মকদ্দমায় (ক্লার্ক্ সাহেবের রিপোর্টের ৯১ পৃষ্ঠা দ্রষ্টব্য) প্রিবি কৌনসিলের জজ লার্ড জিফর্ড সাহেব আপনার বিচারপত্রে কতিপয় পণ্ডিতের মত প্রকাশ করিয়াছেন যথা—"হিন্দু উত্তরাধিকারিণীকে বিষয় দানাদি করিতে যে রূপ ক্ষমতা আছে সে তাহার অতিক্রম করিলে তাহাকে নিবারণ করা যাইতে পারে"। ধর্ম্মশাস্ত্র লেখক সকলেরই এই মত; এবং ইহা স্ত্রীলোক সম্বন্ধে দায় শাস্ত্রীয় সাধারণ যে ব্যবস্থা তাহার সহিত সম্পূর্ণরূপে মিলে, এবং সর্ব্বথা বিচারসঙ্গত, কেননা শাস্ত্রে যাহার দান বিক্রয়াদি করিবার ক্ষমতা সীমাবদ্ধ হইয়াছে এবং দায়াদগণের প্রতি যাহার কর্ত্তব্য এই যে আদম বিষয়কে রক্ষা করে, সে যদি নিজ কর্ত্তব্যাতিক্রমে দানাদি করে তবে তাহা নিবারণ করণের ক্ষমতাকোথাও থাকা উচিত ও ন্যায্য। কিন্তু ঐ নিবারণের ক্ষমতা কোন্ কার্য্যের যদি আদালতে তাহার ফল না হয়। অতএব এই মকদ্দমা যে সাধারণ হেতুতে ডিমররের যোগ্য নয় ইহা স্থির করা আদালতকে কঠিন বোধ হইল না। এক্ষণে বিবেচনা করিতে বক্রী এই যে নালিশী আর্জিতে অপহারের অথবা অপহার গণ্য ব্যবহারের সম্পূর্ণ এজহার আছে কিনা। অনিষ্ট অপেক্ষা যে প্রতীকার অধিক হওয়া উচিত নয় অত্র সন্দেহো নাস্তি

বর্ত্তমান দায়াধিকারির বিরুদ্ধে সম্ভাবিত উত্তরাধিকারী নালিশ করিলে ঐ নালিশকরনিয়াকে অবশ্য এমত দেখাইতে হইবে যে বিষয় নষ্ট হওনোন্মুখ, যদ্দ্বারা আদালত সকারণ অনুভব করিতে পারেন যে বর্ত্তমান অধিকারী যে কর্ম্ম করিতে উদ্যত, তাহা নিবারণের হুকুম যদি না দেওয়া যায় তবে তৎ পরে যে দায়াদদিগের অধিকার হইবার সম্ভাবনা তাহাদের অনিষ্ট হইবে। শাস্ত্রসম্মত নয় এমত কোন দান বা বিক্রয়াদি হইয়াছে কিম্বা হয় হয় হইয়াছে এমত দেখাইতে পারিলেই যে যথেষ্ট হইল তাহা নহে। (কেননা) অধিকারিণী নারীর এত অধিক স্ত্রীধন থাকিতে পারে, যদ্দ্বারা এজহারি ক্ষতির দশগুণ পুরণ হইতে পারে, এবং ক্ষতির অত্যল্প আশঙ্কাও না হইতে পারে, অথবা হস্তান্তর হওয়া বস্তুর বিশেষ মুল্যও নাহইতে পারে।

এই বিলের দ্বারা যে আপত্তি উপস্থিত হইয়াছে তাহা আমি কোন মতেই সম্ভব বোধ করিনা, বিলের একাংশে এমত বয়ান আছে যে তাহাতে সাজসের অসম্ভাবনা প্রকাশ পাইতেছে;—ঐ বয়ান এই যে বিল ফাইল হওয়ার পূর্ব্বে বিরোধ ছিল। বাদী যে হিসাব চাহে তাহা সে পাইবার যোগ্য নয়। অপর পক্ষ যে মকদ্দমা করিয়াছে, বা তাহারা (পরস্পর) যে প্রকার ব্যবহার করিয়াছে, অথবা সম্মতিতে যে ডিক্রী হইয়াছে, কিম্বা ঐ ডিক্রী ন্যায্য কি না, অথবা উক্ত মকদ্দমাতে বাদি প্রতিবাদি কর্ত্তৃক আদালত প্রতারিত হইয়াছেন কিনা (এই সকল হস্তান্তর-করণ-মানসের প্রমাণ না হইলে) এই সকলের সহিত (এ মকদ্দমায়) বাদির কোন

The essential part of the judgment passed by the Court (present Peel, C. J.) is as follows. The objection is mainly based on the nature of the estate of the Hindu female, when heiress, and on that of the next in succession. The latter is not a vested estate in remainder. It is a contingent interest. The heiress takes as the term implies by devolution of the property on her by act of law, and not by gift or act of a prior owner: she has no power to alienate the estate except for certain purposes: her disability is general, her ability exceptionable. Sir William Macnaghten has described it as a trust estate, probably not meaning to use the phrase in a strictly technical sense: he says she is a "holder in trust for others, so much so that they who have the reversionary interest have clearly a right to restrain her if she commit waste" This accords with the opinion of certain of the pandits stated by Lord Gifford in his judgment in the Privy Council hereafter referred to. If the heir in succession could not sue merely because he had not a vested estate in remainder, no one else could sue, and it would follow that a Hindu widow, who cannot commit waste, who is restrainable *quodam modo* if she do, might proceed to violate her duty to the estate, to exceed her powers, to pass the limits imposed on her by the law, to the injury of the next in succession, who must remain a passive and remediless spectator of the wrong done, while having the nearest interest though not a certain one of succession. This would be little consistent with the maxim of a legal remedy for every wrong. How idle would it be to talk of a restraint which the law would not enforce!

In the case of Káshí Náth Basák and Ramá Náth Basák *versus* Hara Sundarí Dásí and Kamal Mani Dásí, (Clarke's Reports, p. 91,) Lord Gifford in his judgment mentions an opinion of certain pandits, that the female Hindu heir may be restrained from abusing her power of disposition. This opinion is supported by the authority of all the text writers: it is most consistent with the general principles of the Hindu law as to females; and also perfectly consistent with reason; for surely there ought in reason to exist somewhere the power of preventing an alienation against her duty by one whose power of alienation is limited by the law, and who owes a duty to those in succession to preserve the corpus of the estate. Yet of what value would be a power of prevention, to which no court of justice would give effect? The Court therefore has no difficulty in coming to a decision that the suit is not demurrable on the general ground. It remains to be considered whether the bill states a sufficient case of waste, or misdealing analogous to waste. No doubt the remedy should not extend beyond the mischief.

A bill filed by the presumptive heir in succession against the immediate owner who has succeeded by inheritance, must shew a case approaching to spoliation, must enable the Court to see that there is probable ground for apprehending that, unless an injunction be granted to restrain some threatened or impending act, ultimate loss to the heirs who may come into possession by succession will ensue. It is not enough to make out that some gift has been made or some disposition taken place, or that such is about to be made or to take place, which the law would not support. The estate of the female owner, her own personal estate, might be large, and adequate to repay ten times over the alleged spoliation, and there might not be the remotest prospect of loss; and the thing alienated might have no specific peculiar value.

The case made by this bill is one which does not appear to me to be at all a probable one: indeed there is one part of its statement apparently inconsistent with the case of collusion; a statement, namely of the existence of disputes prior to the filing of the bill. The account which the plaintiff asks, he is clearly not entitled to: they have nothing to do with the suits of the parties, or their mode of dealing with them, nor with the consent decrees: nor whether they are proper decrees; nor whether the Court was deceived or imposed upon by the parties to the suit, except as these matters may be evidence of the animus of the alienation. They have no title to complain of Raghu Mani's being

এলাকা নাই। রঘুমণিকে বাটীর মধ্যে পরিবারের সামিলে থাকার ও বাটীর মধ্যে তাহাকে যাবজ্জীবন বিনা ভাড়ায় থাকিতে অধিকার দেয়ার বিরুদ্ধে আদাশ করিতে বাদির অধিকার নাই। ঐ রূপ হস্তান্তর করণে বিষয় নষ্ট হয় না, নষ্ট হইবার আকারও নাই। উক্ত রূপ অধিকার যদি অন্যায় রূপে দেওয়া হইয়া থাকে, তবে যাহাদের ভবিষ্যৎ স্বত্ব সম্বন্ধ আছে তাহাদের সম্বন্ধে তাহা বলবৎ থাকিবেনা। দেব সেবার পালা বিলির বিষয়ে বাদী যে আপত্তি করিয়াছে তাহাও একমকদ্দমাতে করিতে তাহার অধিকার নাই। ঐ পালা বিলি ন্যায্য বা অন্যায় হউক তাহার আপত্তি এই মকদ্দমাতে করিবার কোন কারণ নাই। অপহার ও অপহারগণ্য অপচয় হেতুতেই কেবল এ মকদ্দমা গ্রাহ্য হইতে পারে। প্রতিবাদিনীদের মধ্যে কাহারো আপনার পৃথক্ ধন ছিল কি না তাহা প্রকাশ পাইতেছে না। যদিও তাহাদের মাতার ধন স্ত্রীধন বটে তথাপি যে স্ত্রীধন উত্তরাধিকারিণী স্ত্রীলোককে অর্শে তাহা সে হস্তান্তর করিতে গেলে তাহাকে বাধা দেয়া যাইতে পারে, তাহাতে ঐ অধিকারিণীর নির্ব্যূঢ় স্বত্ব হইয়াছে এমত বিবেচনা করা হইতে পারে না। বিলে লিখিত হইয়াছে যে টাকা নষ্ট হইবে, এবং ফেরেব ও প্রতারণা করার কথাও লিখিত হইয়াছে,—যেখানে প্রতারণা হইতে লাগিল সেখানে আশঙ্কার বিলক্ষণ কারণ আছে। এই সকল পর্য্যালোচনায় বোধ হইতেছে যে ডিমরর অগ্রাহ্য করা কর্ত্তব্য, মকদ্দমার শুনানি পর্য্যন্ত খরচা বারকরা বাকী থাকিল তৎকালীন আদালত আরো উত্তম রূপে বিবেচনা করিতে পারিবেন যে উক্ত কর্ম্ম সকল অপহাররূপে গণ্য কি পরিণাম দর্শিতাপূর্ব্বক এমত মকদ্দমার রফার নিমত্তে করা হইয়াছে যাহা চালাইতে হইলে বিষয় নষ্ট হইত। সুপ্রীমকোর্ট ২৭মে, ১৮৫১ সাল, হরিদাস দত্ত—বনাম রঘুমণি দাসী প্রভৃতি। টেলর ও বেল সাহেবের রিপোর্ট. বা. ২, খণ্ড ৫।

১৮১১ সালের ১৮ ডিসেম্বর সদর আদালত কর্তৃক নিষ্পন্ন তারামণি প্রভৃতির বিরুদ্ধে হেমচাঁদ মজুমদারের মকদ্দমা যাহা এই পুস্তকের ৮৩ ও ৮৪ পৃষ্ঠায় ধৃত হইয়াছে তাহা দ্রষ্টব্য।

সংখ্যক ব্যবস্থার নজীর

সুপ্রীম্ কোর্ট পূর্ব্বে বিচার করিয়াছিলেন যে বিধবার স্বত্ব অস্থাবর বিষয়ে নির্ব্যূঢ়, স্থাবর বিষয়ে যাবজ্জীবন মাত্র,—কিন্তু তৎ পরে বিবেচনা হইয়াছে যে এমত বিশেষ করার কোন কারণ বা প্রমাণ নাই, স্থাবর অস্থাবর উভয়রূপ ধনেই বিধবার স্বত্ব যাবজ্জীবন অর্থাৎ অনির্ব্যূঢ়। মেক্. কন্. হি. ল. পৃ. ১১।

১৭৯৯ সালে কিশোরী দাসীর বিরুদ্ধে দয়ালচাঁদ আড্ডির মকদ্দমায় বোধ হইতেছে সুপ্রীম্ কোর্ট এমত বিবেচনা করিয়াছেন যে পতির অস্থাবর ধনে পত্নীর যে স্বত্ব সে যাবজ্জীবন বই নয় অর্থাৎ নির্ব্যূঢ় নয়, আমি জানিতে পারিলাম না যে প্রথমে কি কারণে আদালত এমত আদেশ করিয়াছিলেন যে পত্নী ও মাতা সক্রান্ত অস্থাবর ধনে নির্ব্যূঢ় রূপে স্বত্ববতী, এবং স্থাবর ধনে যাবজ্জীবন উপভোগিনী মাত্র। ঐ, পৃ. ২০।

উক্ত বৎসরে হিন্দুনারীর অধিকৃত (সক্রান্ত) স্থাবর অস্থাবর ধনের মধ্যে আদালত কোন প্রভেদ করেন নাই। উক্ত সময়ের পরে (পুনর্ব্বার) উভয়রূপ ধনের মধ্যে উক্ত প্রকার প্রভেদ হইতে লাগিল, এবং বিচার হইল যে উত্তরাধিকারিণী বলিয়া পতির ধন দাওয়া করেন যে পত্নীরা, এবং বিভাগে ধনপ্রাপ্তা হয়েন যে মাতারা, তাঁহারা (ঐ রূপ) অস্থাবর ধনে নির্ব্যূঢ় স্বত্ববতী, এবং স্থাবর ধন যাবজ্জীবন উপভোগিনী মাত্র। উক্তরূপে ধন-প্রাপ্তা পত্নীদের ও মাতাদের তহ্বনে যে একইরূপ স্বত্বাধিকার ইহা সর্ব্বদাই বিবেচিত হইয়াছে। হরসুন্দরী দাসীর বিরুদ্ধে কাশীনাথ বসাক ও রমানাথ বসাকের মকদ্দমার তজবীজ-সানীতে, আদালতের এই মত হয় যে পতির মরণে পত্নী তহ্বন প্রাপ্তা হইলে কি স্থাবর কি অস্থাবর উভয় রূপ ধনেরই সে যাবজ্জীবন উপভোগিনী, ইহার অধিক অধিকার তাহাতে তাহার নাই। এই মত ১৮১৮ সালে প্রকাশ হয়। (পূর্ব্বেই বলিয়াছি যে) আদালত কেমন করিয়া পত্নী কিম্বা মতার অধিকৃত (সক্রান্ত) স্থাবরাস্থাবর ধনের মধ্যে এরূপ প্রভেদ কিরূপে করিলেন তাহার কিছুই জানিতে পারিলাম না। শাস্ত্রে সুস্পষ্ট দৃষ্ট হয় না যে এই রূপ প্রভেদ করা ন্যায্য। ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে যে উভয় রূপ ধনেই এইরূপ ব্যক্তিদিগকে জীবনান্ত পর্য্যন্ত ভোগাধিকার মাত্র দিলে অন্যের সম্বন্ধে যথার্থ করা হইবে এবং তাহাদের পক্ষে আরো হিত করা হইবে। মেক্. কন্. হি. ল. প ৩৬।

আমার নিতান্ত বাঞ্ছা যে হরসুন্দরী দাসীর বিরুদ্ধে কাশীনাথ বসাক ও রমানাথ বসাকের মকদ্দমায় (আদালত) শাস্ত্রের যে নিশ্চিত মর্ম্মগ্রহ করিয়াছিলেন, দৃঢ়তাপূর্ব্বক বরাবর তদনুকারী হয়েন। (তাহাতে) জজদিগের অদ্বৈধভাবে হৃদ্বোধ হইয়াছিল যে বিধবার প্রাপ্ত স্থাবরাস্থাবর ধনাধিকারের মধ্যে যে প্রভেদ সে অমূলক। মেক্. কন্. হি. ল. পৃ. ২৩। উক্ত পুস্তকের ৩২ পৃষ্ঠা, এবং হরসুন্দরী দাসী প্রভৃতির বিরুদ্ধে কাশীনাথ বসাক প্রভৃতির মকদ্দমায় প্রিবি কৌন্সিলে যে বিচার হয় (তাহা পরে প্রকটিত হইল) তাহাও দ্রষ্টব্য।

an inmate of the family-house, nor of any grant to her of a right of residence therein for her life. That alienation is not wasteful and has no resemblance to it. If the right is ill conferred, it will not avail against those in succession. Neither have they any grounds of complaint in this suit of the arrangements as to the turn of worship: whether they are proper or improper in themselves, they do not furnish ground for a suit which can be maintained only upon the ground of waste or spoliation in the nature of it. It does not appear whether any of the parties defendants have any separate estate of their own: though their mother's property was Strídhan, yet Strídhan devolving by heirship is subject to restraints on alienation by the female heir, and cannot be viewed as the absolute property of the heir. It is alleged that the money will be lost, and fraud and deception are alleged; and where deceptive means are employed there is the more ground for alarm. On the whole then we think that the proper course is to overrule the demurrer; costs to be reserved until the hearing, when the Court will be better able to judge, whether these proposed dealings are wasteful, or a prudent step in the way of a compromise of a claim to litigate which might be ruinous to the estate. S. C. 27th May 1851. Hari Dás Datta *versus* Raghu Mani Dásí and others. Bell and Taylor's Reports, vol II. part 5.

See the case of Tárá Mani and others *versus* Hem Chánd Majumdár, decided by the Sudder Court on the 18th December 1811, and quoted at pages 83 and 85 of this book.

*Cases* bearing on the vyavasthá No. 35.

It was formerly held by the Supreme Court that the widow took movable property absolutely, and immovable property for life only; but it has since been thought, that there is not any ground for such a distinction, and that the widow takes but a life-estate in movable as well as in immovable property. Macn. Cons. H. L. p. 11.

In the year 1799, the Court seems to have thought, in the case of Doyál Chánd A'ddí *versus* Kishorí Dásí, that a woman (widow) is not to take more than an estate for life in the movable property of her husband; and I am not able to discover why it first began to declare the widow and mother entitled to an absolute property in the movable, and a life interest only in the immovable estate. Ibid. p. 20.

In the above year the Court did not make any distinction between movable and immovable property in the hands of a Hindu woman. After that period, a distinction again originated: and widows claiming as heirs of their husbands, and mothers taking upon partition, were held to be entitled to movable estate absolutely, and to immovable for life only. Widows and mothers so taking respectively, have always been considered to stand upon the same footing in point of interest—and in the case of Káshí Nath Basák and Ramá Náth Basák against Hara Sundarí Dásí, it was the opinion of the Court, upon a bill of review, that a widow taking by the death of her husband was not entitled to more than an estate for life in either movable or immovable property. This was in the year 1818. How the Court came to distinguish between movable and immovable property, with reference to the rights of widows or of mothers, I am not, as I have before intimated, at all informed. The Hindu law is not sufficiently explicit upon the subject, to justify such a distinction; and it must be admitted, that giving these parties a life interest only, in each species of estate, will be more just as it relates to others, and more beneficial as it relates to themselves. Macn. Cons. H. L. p. 36.

I cannot but wish that the law, as it was certainly understood to exist, in the case of Kásí Náth Basák and Ramá Náth Bysák against Hara Sundarí Dásí may be adhered to. The Judges were satisfied that a distinction between movable and immovable property in the hands of a widow was groundless.—Macn. Cons. H. L. p. 23. Ibid. p. 32. Vide Privy Council decision in the case of Káshí Náth Basák & another *versus* Hara Sundarí Dásí & another.

কালীচাঁদ দত্ত—বনাম—জান্ মুর প্রভৃতি। ২০ মার্চ ১৮৩৭ সাল।

৩২ ও ৩৩ সংখ্যক ব্যবস্থার নজীর

১০ সুপ্রীম কোর্টের প্রধান জজ শ্রীযুক্ত রায়ন্ সাহেব বিচার করিলেন, যথা—এই মকদ্দমায় বিচার্য্য এইযে দায়াদেরা (অর্থাৎ পত্নীর যাবজ্জীবন ভোগান্তে যাহারা বিষয়াধিকারি, তাঁহারা) স্বং ভবিতব্য অধিকার পুর্ব্বেই মৃত ধনস্বামির পত্নীকে চিরকালের নিমিত্তে ছাড়িয়াদিলে পত্নী বিষয় হস্তান্তর করিতে পারে কি না। পত্নী নিজ জীবন পর্য্যন্ত পতিধনের দানাদি করিলে তাহা এ আদালতকর্ত্তৃক সিদ্ধ বিবেচিত হইয়াছে (ব্য. দ. পৃ. ৮৪)। বিধবা রামপ্রিয়া দাসীর পুর্ব্বেই তৎ পতির দায়াদেরা মরে, এবং স্বং ভবিতব্য স্বত্ব ঐ বিধবাকে ছাড়িয়া দিয়া যায়, এক্ষণে বিচার্য্য এই যে যে দলীলদ্বারা তাহারা ঐ স্বত্ব হস্তান্তর করে তাহা রদ করিতে তৎপুত্রগণকে ক্ষমতাআছে কি না—অর্থাৎ তাহাদের পিতৃব্যপত্নী ঐ বিধবা মরিলে পর পিতৃব্যের মুখ্য দায়াদ যে তাহাদের পিতারা তদনধীন রূপে কোন স্বত্ব ঐ পুত্রগণকে বর্ত্তে কি না। আমরা বিবেচনা করি ঐ পুত্রদের যে অধিকার তাহা তত্তৎ পুর্ব্বপুরুষের দ্বারা, অতএব স্বস্বপিতৃ কৃত কর্ম্মকে তাহারা মানিতে বাধিত। এই সকল কারণে আমরা বিবেচনা করি যে স্বত্ব সিদ্ধ, এবং প্রতিবাদির অধিকার বহালির হুকুম দেওয়া কর্ত্তব্য। অন্য দুই জজ শ্রীযুক্ত গ্রান্ট ও মালকিন সাহেবও এইমতে মত দিলেন। ফুলটন্ সাহেবের রিপোর্ট, বা. ১ পৃ. ৭৩।

৵০ মোসম্মাৎ ভবানীমণি (আপিলান্ট) মৃত কুণ্ডর নারায়ণের পত্নী সুগন্ধা দলীল লিখিয়াদিয়াছে বলিয়া ঐ দলীলের বুনিয়াদে মৃতের জমীদারীর দাওয়া করে। পণ্ডিতদিগকে ব্যবস্থা জিজ্ঞাসিত হওয়াতে তাঁহারা উত্তর দিলেন—"সুগন্ধা নিজ পতির বর্ত্তমান উত্তরাধিকারিগণের (অর্থাৎ পতির পিতা যদুরামের সন্তানগণের) সম্মতি বিনা যদি উক্ত দলীল দিয়াও থাকে, তথাপি যদুরামের দায়াদরূপে কুণ্ডর নারায়ণের প্রাপ্ত উক্তজমীদারীতে ঐ উত্তরাধিকারিগণের যে স্বত্ব তল্লোপে উক্ত দলীল বলবৎ হইবে না, অথবা তাহা আপিলান্টের স্বত্বস্থাপক হইবে না"। হিন্দু শাস্ত্রীয় উক্ত ব্যবস্থা দৃষ্টে এমত বোধ হওয়াতে যে আপিলান্ট যে দলীলের বুনিয়াদে দাওয়া উপস্থিত করে তাহা যথার্থতঃ লিখিয়া দেওয়া হইলেও তাহা তৎপক্ষে শাস্ত্রমতে বলবৎ হইবে না, সদর দেওয়ানী আদালতের জজ শ্রীযুক্ত জে, এইচ, হ্যারিংটন সাহেব আপিলান্টের বিরুদ্ধে হওয়া নিম্ন আদালতের দুই ডিক্রী বহাল রাখিলেন। মোসম্মাৎ ভবানী মণি আপিলান্ট—বনাম—মোসম্মাৎ সুলক্ষণা। স. দে. আ. রি বা. ১, পৃ. ৩২২।

৶০ ১৮১২ সালের ৩১ আগষ্ট তারিখে নিষ্পন্ন, এবং সদর আদালতের রিপোর্টের দ্বিতীয়বালামের ৩২ পৃষ্ঠায় প্রকটিত রাণী শিরোমণির বিরুদ্ধে মোহন লাল খাঁর মকদ্দমাও দ্রষ্টব্য।

ব্যবস্থা

৪১ ভর্ত্তার পারলৌকিক উপকারার্থ পতির পিতৃব্যাদিকে অর্থানুরূপ দান করিবে *।

প্রমাণ

তাহা বৃহস্পতি কহিয়াছেন—পতির পিতৃব্য (র), গুরু ও দৌহিত্র (ল), ভাগিনেয় (স) ও মাতুল গণকে (অ), এবং বৃদ্ধ ও অনাথ ও অতিথি (উ), ও (পরিবারীয়) স্ত্রী গণকে (এ), কব্য ও পূর্ত্ত দ্বারা (ই)† পূজা করিবে *।

(র) পিতৃব্য পদে—স্বামিরসপিণ্ড বোধ্য *।

(ল) দৌহিত্র—ভর্ত্তার দুহিতার সন্তান *।

(স) ভাগিনেয়—স্বামির ভগিনীর সন্তান *।

(অ) মাতুল পদে,—জীমূতবাহন স্বামির মাতৃকুল ব্যাখ্যা করেন। দা. ভা. পৃ. ১৯৩। জগন্নাথ তর্কপঞ্চাননও তাহাই কহেন। বি. দা. ভা দ্বী. র. ৮।

৪১ ভর্ত্তুরৌর্দ্ধদেহিকক্রিয়ার্থং অর্থানুরূপং ভর্ত্তৃপিতৃব্যাদিভ্যো দদ্যাৎ *

তদাহ বৃহস্পতিঃ—পিতৃব্য (র) গুরু দৌহিত্রান্ (ল), ভর্ত্তুঃ স্বস্রীয় (স) মাতুলান্ (অ)। পূজয়েৎ কব্যপূর্ত্তাভ্যাং (ই)†, বৃদ্ধানাথাতিথীন্ (উ) স্ত্রিয়ঃ (এ) *॥

(র) পিতৃব্য পদং—ভর্ত্তুঃসপিণ্ডপরং *।

(ল) দৌহিত্র পদং—ভর্ত্তুর্দুহিতৃসন্তানপরং *।

(স) স্বস্রীয় পদং—ভর্ত্তুঃস্বসৃসন্তানপরং *।

(অ) মাতুল পদং—ভর্ত্তুর্মাতৃকুলপরমিতি জীমূতবাহনঃ। দা. ভা. অপু. পৃ. ১৯৩ এবমেব জগন্নাথ তর্কপঞ্চাননঃ। বি. দা. ভা. দ্বী. র. ৮।

---

*দা. ভা. অপু. পৃ. ১৯৩। দা. ক্র. স. দা. পৃ. ৩। বি. দা. ভা. দ্বী. র. ৮। কোল. দা. ভা. চ্যা. ১১, সেক্ ১ পারা. ৩৩। উ. দা. ক্র. স. পৃ. ৫৩৩। কোল্. ভা. বা. ৩, পৃ. ৪৫৮—৪৬২।—এবং মেক. হি. ল. বা, ১, চ্যা. ২, পৃ. ১৯। এল. ইন্. পৃ, ৭৪, সেক্. ১৩৩ দ্রষ্টব্য।

† পিতৃব্যাদিকে মরিলে কব্য দ্বারা অর্থাৎ শ্রাদ্ধদ্বারা, এবং (পূ—ধাতুর অর্থ পালন ও পূরণ হওয়াতে) জীবিত থাকিতে পূর্ত্ত অর্থাৎ অন্নাদি দ্বারা পূজা করিবে ইহা কথিতহইয়াছে।

কব্য পূর্ত্তাভ্যামিতি বৃহস্পতি বচনেন, মরণে, কব্যেন শ্রাদ্ধেন; জীবনে, পূর্ত্তেন পালনেন অন্নাদিনা—পৃ. পালন পূরণয়োরিতি ধাত্বনুসারাদিত্যাহুঃ। কেচিত্তু কব্যে—

*Káli Chánd Dutta versus John Moore and others. 20th March* 1837.

Cases bearing on the vyavasthás Nos. 32 & 36.

I. Ryan C. J. delivered Judgment:—The whole question turns upon a Hindu widow's right to convey, the reversioners having previously conveyed to her in fee. That a grant made by a widow for her own life is good has been decided in this Court (V. D. p. 85.) The widow Rámpriyá Dásí has survived her husband's immediate heirs or reversioners. In this case, the immediate reversioners conveyed to the widow, and the question is, whether the sons of these reversioners can set this conveyance aside; that is to say, whether the sons on the death of the widow (their aunt) have a reversionary interest independent of their fathers, the immediate reversioners, or not. We think they claim through their ancestors and must be respectively bound by their acts. On these grounds we think the title valid, and there must be a verdict for the defendant. Grant and Malkin, Judges, concur. Fulton, vol. I. p. 73

II. Musst. Bhavání Mani (appellant) under a written engagement, alleged to have been executed by Sugandhá, widow of Kunwar Náráyan, claimed the Zemendaree left by him. The pandits in answer to the question proposed to them, said: 'supposing Sugandhá to have executed the engagement, without the assent of the heirs (by descent from her husband's father Jadu Rám) *then living*, it will not avail against the right of these heirs to the Zemindaree, which decended from Jadu Rám to Kunwar Náráyan; nor will it establish any title in the appellant'. It appearing from the above exposition of the Hindu law, that even allowing the engagement on which the appellant rested her claim to be authentic, it could not legally avail in favour of the appellant; the court of SudderDewanny Adawlut (present J. H. Harington) affirmed the decrees passed against the appellant. Musst. Bhavání Mani *versus* Musst. Sulakhyaná. S. D. A. Rep. vol. 1. p. 322.

See the case of Mohan Lál Khán *versus* Rání Sheromani, decided by the Sudder Court on the 31st August 1812, and printed at page 32. S. D. A. Rep. vol. II.

Vyavasthá

## 41. Let her give to the paternal uncles and other relations of her husband presents in proportion to the estate, for the benefit of his departed soul*.

Authority.

VRIHASPATI directs it, saying: "With *Kavya* and *púrta* (i)†, let her honor the paternal uncles (r) of her husband, his spiritual parents, and daughter's sons (l), the children of sisters (s), maternal uncles (a), and also old (*briddha*) and unprotected persons (u), guests, and females of the (family) (e)"*.

(r). The term "paternal uncle" intends any *sapinda* of her husband*.
(l). "Daughter's sons" mean the decendants of her husband's daughter*
(s). By "children of sister" is meant the progeny of her husband's sister's son*.
(a). "Maternal uncles"—signify her husband's mother's family. JI'MU'TAVA'HNA.
See Coleb. Dá. bhá. ch. XI. Sect. 1. para 63. Such is also the interpretation of JAGANNA'THA TARAKAPANCHA'NANA. See Coleb. Dig. Vol. III. p. 462.

* Coleb. Dá. bhá. Ch. XI. Sect. 1. para. 63. W. Da. Kra. Sang. pp. 5, 6. Coleb. Dig. vol. III. pp. 458—462. See Macn. H. L. vol. I. p. 19. Elb. In. p. 74, Sect. 165.

† With *kavya*, that is, with a *sràddha* after death; and with *púrta*, that is, with maintenance during life:—conformably to the literal sense of the verb *pri*, cherish and fill. But some lawyers expound the same

(অ) শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার কহেন, মাতুল পদে ভর্ত্তার মাতুলকে বুঝায়। দা. ক্র. স. পৃ. ৩।

(ই) মৃতের উদ্দেশে যাহা দেওয়া যায় তাহা কব্য। পূর্ত্ত —অন্নপানাদি। দা. ভা. টী. পৃ. ১৬৭।

(উ) বৃদ্ধ পদে পণ্ডিতও বুঝায়, যথা অমরকোষে কহেন "বৃদ্ধ ও বুদ্ধ শব্দে পণ্ডিতও বোধ্য।

(এ) স্ত্রীগণ—অর্থাৎ ভর্ত্তার পুত্রবধূ প্রভৃতি *।

ভর্ত্তার ভাগিনেয়ীরা অনাথা হইলে উপরি লিখিত বচনোক্ত অনাথমধ্যে গণ্যা,* সনাথা হইলে নিজ ২ নাথকর্ত্তৃকই প্রতিপালনীয়া। বি. দা. ভা. দ্বী. র. ৮।

তথাচ সঙ্গতি থাকিলেই পতিধনব্যয়ে এসকল কর্ম্ম কর্ত্তব্য, নতুবা কেবল বাক্যে; আপনার জীবন ধারণের ব্যাঘাত করিয়া পতির পিতৃব্যাদিকে প্রতিপালন অবশ্য কর্ত্তব্য নয়। (কিন্তু) বৃদ্ধ শ্বশুর শাশুড়ীকে অতি কষ্ট স্বীকার করিয়াও অন্ন বস্ত্র দিতে হইবে। যেহেতু মনু কহিয়াছেন "শত অকার্য্য করিয়াও বৃদ্ধ মাতা পিতা ও সাধ্বী ভার্য্যা ও শিশু পুত্রকে প্রতিপালন করিতে হইবে। অতএব উক্তবচনে মাতা পিতা প্রভৃতির পোষণার্থে ভর্ত্তার অকার্য্য করাও মনুর অনুমত হওয়াতে, পত্নীরও তাহা কর্ত্তব্য। বি. দা. দ্বী. র. ৮।

(অ) মাতুল পদং—ভর্ত্তৃমাতুলপরমিতি শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারঃ। দা. ক্র. স. পৃ. ৩।

(ই) কব্যং —মৃতোদ্দেশেন ত্যক্তং। পূর্ত্তং —অন্নপানাদি। দা. ভা. টী. পৃ. ১৬৭।

উ) বৃদ্ধ পদং—পণ্ডিতপরমপি,—বৃদ্ধবুদ্ধৌ পণ্ডিতেপীত্যমরকোষাৎ।

(এ) স্ত্রিয়ঃ—ভর্ত্তৃস্নুষাপ্রভৃতয়ঃ *।

ভর্ত্তৃভাগিন্যা অনাথত্বে, অনাথপদেনৈব সংগ্রহঃ*, সনাথত্বে তেনৈব পোষণং। বি. দা. ভা. দ্বী. র. ৮।

তথাচ সতিসম্ভবে পতিধনব্যয়েন এতৎ সর্ব্ব কর্ম্ম করণং, অন্যথা বাক্যেনৈব; নতু স্বজীবন-বাধনং কৃত্বা ভর্ত্তৃপিতৃব্যাদি পোষণমবশ্যং কর্ত্তব্যং; নবা তদর্থং শাস্ত্রাননুমত কর্ম্ম কুর্য্যাৎ। পরন্তু বৃদ্ধ শ্বশ্রূশ্বশুরৌ অতি ব্যামোহেনাপি পোষণীয়ৌ—বৃদ্ধৌচ মাতাপিতরৌ, সাধ্বী ভার্য্যা সুতঃ শিশুঃ। অপ্যকার্য্য শতং কৃত্বা ভর্ত্তব্যা মনুরব্রবীদিতিমনুবচনেন মাতা পিত্রাদিপোষণার্থং ভর্ত্তুরকার্য্য করণস্যাপ্যনুমতেঃ। বি. দা. ভা. দ্বী. র. ৮।

কেহ২ কহেন কব্যে অর্থাৎ পৈতৃক কর্ম্মে এবং পূর্ত্তে অর্থাৎ দৈব কর্ম্মে পিতৃব্যাদির পূজা অর্থাৎ সম্মান কর্ত্তব্য। অন্যেরা কহেন কব্য-পূর্ত্ত দ্বারা পূজা করিবে ইহা বলাতে পূজামাত্র কথিত হইয়াছে, অতএব ইহাতে (ক্রমিক) প্রতি) পালন পাওয়া যায়না, কিন্তু কখন ২ অন্নবস্ত্রাদি দান বোধ হইতেছে। এই যথার্থ, যেহেতু আধুনিক ব্যবহারানুসারে মুনিরা গ্রন্থ রচনা করেন নাই। বি. দা. দ্বী. র. ৮।

পৈতৃকে কর্ম্মণি, পূর্ত্তে—দৈবে কর্ম্মণিচ ভর্ত্তৃপিতৃব্যাদেরেব পূজা ইত্যাহুঃ। অন্যেতু, পূজয়েৎ কব্য পূর্ত্তাভ্যামিত্যনেন পূজা মাত্রং অভিহিতং, তেন কদাচিৎভোজন বস্ত্রাদিকং লভ্যতে, নতু পোষণমিত্যাহুঃ। যুজ্যতেচৈতৎ, নহ্যাধুনিক ব্যবহারানুসারেণ মুনয়োগ্রন্থান্ রচয়ন্তি। বি. দা. ভা. দ্বী র. ৮।

* এস্থলে কোন২ পণ্ডিতেরা বলেন এতদ্দেশীয় ব্যবহারে আরো বাড়িয়াছে, প্রাজ্ঞও তাহা অন্যথা করিতে পারেন না—কতক গুলি মহাবংশোদ্ভব ব্রাহ্মণ আছেন তাঁহাদিগকে কন্যাদিলে সবংশে মানবৃদ্ধি, যাহারা দান না করে তাহাদের মানহানি হয়। ঐ কুলীন মহাশয়েরা অনেকের কন্যা বিবাহ করেন, কিন্তু তাহারদিগকে ও তৎসন্ততিগণকে প্রতিপালন করেন না। এতাদৃশ ব্যবহার প্রচলিত থাকিতে যদিভর্ত্তা মহা কুলোদ্ভবকে কন্যা দান করিয়া মৃত হয় এবং সে কন্যা সাধ্বী হইলেও যদি তদ্ভর্ত্তা তাহাকে প্রতিপালন নাকরে, কেননা পূর্ব্ব পুরুষমাহাত্ম্যানুসারে তাহার, শ্বশুর তৎপত্নীর গ্রাসাচ্ছাদনাদি এবং সন্তাবনা সত্ত্বে উত্তর কালে ভরণপোষণের নিমিত্তে ভূম্যাদিও দেয় ইহা বহু ব্যবহারসিদ্ধহেতু নিয়মই হইয়াছে। অতএব সঙ্গতি থাকিলে ঐ কন্যার প্রতিপালন তাহার মাতা (অর্থাৎ ধনির স্ত্রী) করিবে, নতুবা নাথ থাকিতেও সে অনাথার ন্যায় কোথা কিরূপে জীবন ধারণকরিবে। শ্বশুরের কন্যার প্রতিও ধনির স্ত্রীর এই রূপ ব্যবহার করা উচিত। যেহেতু তৎশ্বশুর কুলীনে কন্যাসম্প্রদান করাতে তদ্ভর্ত্তার মান বৃদ্ধি হইয়াছে, সঙ্গতি থাকিলে কন্যার কন্যাকেও প্রতি-

* অত্র কেচিৎএতদ্দেশীয় ব্যবহারস্ত্বধিকোয়মতি র্ভবিতুং প্রাজ্ঞোঽপি নালং।—কেচিন্মহা প্রসূতা ব্রাহ্মণাঃ সন্তি, তেভ্যঃ কন্যাং সম্প্রদদতাং বংশেন সহ মানবৃদ্ধি র্ভবতি, অদানেচ মানহানিঃ। তেচ বহুভ্যঃ কন্যাঃ স্বীকুর্ব্বন্তি, ন তাঃ তৎ সন্ততীর্বা পুষ্ণন্তি। এতাদৃশ ব্যবহারে প্রসিদ্ধে, যদি ভর্ত্তা মহাবংশ প্রসূতায় কন্যাং দত্ত্বা মৃতঃ। সা চ কন্যা সাধ্ব্যপি ভর্ত্রা ন পোষ্যতে, যতস্তৎপূর্ব্বপুরুষ-মাহাত্ম্যেনৈব তৎপত্নী-গ্রাসাচ্ছাদনাদিকং সতি সম্ভবে উত্তর কালীন ভরণার্থং ভূম্যাদিকঞ্চ তং শ্বশুরো দদাতীতি বহু ব্যবহারসিদ্ধত্বাৎ নিয়ম এব। অতস্তস্যা দুহিতুঃ পোষণং সতিসম্ভবে মাত্রা কর্ত্তব্যম্ অনাথা নাথবত্যপি অনাথাইব দুহিতা কুত্র ভুঞ্জীত। এবং শ্বশুরদুহিতুরপি অয়মেব ব্যবহার উচিতঃ—শ্বশুরস্য তাদৃশ কর্ম্মণা তদ্ভর্ত্তৃ মানবৃদ্ধেঃ। দুহিতুর্দুহিতুশ্চ পোষণং সতিসম্ভবে আবশ্যকং তস্যাঅপি তাদৃশত্বাৎ, মহাবংশপ্রসূতানাং মহাবংশ প্রসূতায় কন্যাদানস্যাবশ্যকত্বাদিতি শ্রীমন্মহা

*(a)* " Maternal uncles"—that is, the maternal uncles of her husband. Srí´krishna Tarka´-laka´ra. See W. Da´. Kra. Sang. p. 6.

(*i*) *Kavya* signifies whatever is presented to the manes, or for the benefit, of the deceased ; *Púrta* means food, drink, &c. Srikrishna's comment on *Dáyabhága*.

*(u)* The term " *old*" implies also learned men, for both the words *briddha* and *buddha* in the Dictionary of Amara are exhibited among the synonyma of " learned."

(*e*) "The females of the family"—that is, the widows of her husband's son and the rest.*

The daughters of her husband's sisters, if destitute of protectors, are included under the terms " unprotected persons," otherwise they are to be supported by their lords. P. 460.

All this however should, if possible, be done at the charge of her husband's estate ; otherwise (if the funds be inadequate) it must be in words only. It is not necessary that she should deprive herself of the means of subsistence to support the uncles and other relatives of her husband ; nor should she for that purpose, do what is unauthorised by the law. But her husband's father and mother, being old, must be maintained, even though the utmost distress ensue ; for *Manu* declared that a mother and father, in their old age, a virtuous wife, and an infant son, must be maintained even by the commission of a hundred offences ; by this text of *Manu* the widow's husband being authorised even to use irregular means for the support of his mother and the rest, it is incumbent on the widow to support his parents. Coleb. Dig. vol. III. p. 460.

phrase ' honor the paternal uncles of her husband and the rest, at( *kavya)* the rites sacred to the progenitors, and at (*púrta*) the rites sacred to the gods.' Others deduce from the expression ' honor with *kavya*, and *púrta*' that pious offerings are alone directed ; hence occasional presents of food and apparel and the like are suggested, not a settled maintenance : and this is reasonable ; (for) sages have not (by anticipation) composed books in conformity with the present practice. Coleb. Dig. Vol. III. p. 462,461.

* On this some remark, the practice of this country goes farther; but, however intelligent he may be, a man cannot contemplate every possible case. Some *Bráhmanas* spring from a dignified race ; those who give daughters in marriage to them are exalted with their own lineage; if they do not dispose of their daughters to such persons, reverence is withdrawn : these *Bràhmanas* accept damsels in marriage from many families, but neither maintain those wives nor their offspring. Such being the notorious practice if her (the widow's) husband have died after giving a daughter in marriage to a man sprung from a noble family, and that daughter, though virtuous, be not supported by her own husband, (for, according to general practice, he is only bound to support his wife, if his father-in-law, with the generosity of his ancestors, allot food and apparel to that wife, and, means permitting, give land or the like for her future maintenance ;) that daughter must, if possible, be supported by her mother: else, how shall she subsist like an unprotected person, although she have a protector ? This very practice is also proper in respect of the daughter of her father-in-law ; for the dignity of her husband was raised by such act of her father-in-law (bestowing his daughter on a man of noble birth). The grand-daughter in the female line must, if possible, be likewise maintained ; for she also is such as is a daughter : and persons of noble birth must give their female children in marriage to men born of noble families. This

ব্যবস্থা ৪২ এইসকল ব্যক্তিপ্রভৃতিকে দান করিবে, ইহারা থাকিতে নিজ পিতৃকুলে দান করিবে না †—যেহেতু তেমত করিলে পিতৃব্যাদিকে দাননির্দ্দেশক বচন ব্যর্থ হয় * ।

৪২ তদেবমাদিভ্যো দদ্যাৎ, নপুনরেতেষু সৎস্বেব স্বপিতৃকুলেভ্যঃ†—পিতৃব্যাদি বচনানর্থক্যাৎ * ।

ব্যবস্থা ৪৩ পরন্তুস্বামিরপিতৃব্যাদির অনুমতিক্রমে নিজ পিতৃমাতৃকুলেও † দান করিবে* ।

৪৩ তদনুমত্যা স্বপিতৃমাতৃকুলেভ্যোঽপি দদ্যাৎ*।

প্রমাণ যথা নারদ কহেন—ভর্ত্তামরিলে অপুত্রানারীর পতিপক্ষই রক্ষক। এবং বিনিযোগে (ক), অর্থ রক্ষাতে, ভরণপোষণেও তাহারা কর্ত্তা। কিন্তু যদি পতিকুল ক্ষয় পায়, নির্ম্মনুষ্য বা নিরাশ্রয় হয়, এবং ভর্ত্তার সপিণ্ড জ্ঞাতি নাথাকে, তবে ঐ বিধবার পিতৃপক্ষ তাহার রক্ষক।

তদাহ নারদঃ—মৃতেভর্ত্তর্য্যপুত্রায়াঃ পতিপক্ষঃ প্রভুঃস্ত্রিয়াঃ। বিনিয়োগেঽর্থরক্ষাসু ভরণেচ স ঈশ্বরঃ (ক)॥ পরিক্ষীণে পতিকুলে, নির্ম্মনুষ্যে নিরাশ্রয়ে। তৎসপিণ্ডেষু চাসৎসু, পিতৃপক্ষঃ প্রভুঃস্ত্রিয়াঃ * ।

পালন করা আবশ্যক, যেহেতু সেও তদ্রূপ। এবং যেহেতু সৎকুলজাতকে কন্যা দান মহাবংশীয়দিগের আবশ্যক। শ্রীমন্মহা রাজবল্লাল সেন কল্পিত মহাজনস্বীকৃত মানমূলক এই ব্যবহার। যদিও ইহা শাস্ত্রে নাই তথাপি ব্যবহার আছে বলিয়া (এস্থলে) লিখাগেল। ইহা শ্রীযুক্তদের বিবেচনীয়। অতএব, "স্ত্রী"পদে উপরি বর্ণিত স্ত্রীদিগকেও বুঝিতে হইবে, নতুবা এতাদৃশ বহুবিবাহ রীতি নিবারণ কর্ত্তব্য। বি দা. ভা. র. ৮।

রাজ বল্লাল সেনোপকল্পিত মানমূলকোয়ং মহাজনপরিগৃহীতঃ পন্থাঃ। শাস্ত্রেঽদৃষ্টোঽপি ব্যবহার জ্ঞাপনার্থং লিখিতো বিবেচনীয়স্তু শ্রীমদ্ভিরতস্তাঅপি, "স্ত্রিয়ঃ" ইত্যনেন গ্রাহ্যাঃ, অথবা এতাদৃশী বহুবিবাহরীতি নিবর্ত্তনীয়া ইত্যাহুঃ। বি. দা. ভা. স্ত্রী. র. ৮।

*দা. ভা. অপু. পৃ. ১২৩। দা. ক্র. সং. পৃ. ৩, ৪। কোল্. দা. ভা. চ্যা. ১১, সেক্. ১, পারা. ৬৩, ৬৪। উ. দা. ক্র. সং. পৃ. ৬। বি. দা. ভা. স্ত্রী. র. ৮। এল্. ইন. পৃ. ৭৩—৭৫,।

† জীমূতবাহন প্রভৃতি "তাহাদের অনুমতিক্রমে" ইত্যাদি লিখাতে তাঁহাদের মত এই বোধ হইতেছে যে বৃহস্পতির বর্ণিত পিতৃব্যাদি ব্যক্তিগণের অনুমতি বিনা বিধবা নিজ পিতৃকুলে অথবা অন্য ব্যক্তিকে ভর্ত্তারপারলৌকিক উপকারার্থে অর্থানুরূপ দানও করিতে পারিবে না। কিন্তু পতির পারলৌকিক উপকারার্থে অর্থানুরূপ যে দান তাহা কোন ঋষি ও নিবন্ধ কর্ত্তৃক অপহার কথিত না হওয়াতে নব্য পণ্ডিতেরা ঐ দানকে অসিদ্ধ বিবেচনা করেন নাই। এবং তাঁহাদের ব্যবস্থানুসারে প্রাড্‌বিবাকেরা উক্তরূপ দানকে স্থিরতর রাখিয়াছেন। তথাচ বৃহস্পতি ও জীমূতবাহন প্রভৃতির কথিত পিতৃব্যাদিকে যে উক্তরূপ দান তাহাই মুখ্য কল্প ও প্রশস্ত করিয়া মানিতে হইবে—যেহেতু তাহাতে অধিক উপকার।

† জীমূত বাহনাদীনাং "তদনুমত্যা" ইত্যাদি লিখনেনৈতদবগম্যতে, যৎপিতৃব্যাদীনামনুমতিং বিনা স্বপিতৃকুলেভ্যো অন্যেভ্যশ্চ ভর্ত্তুঃপারলৌকিকোপকারার্থমপি অর্থানুরূপং দাতুং ন শক্নোতি। নব্যপণ্ডিতাস্তু ভর্ত্তুঃ, পারলৌকিকোপকারার্থং অন্যেভ্যো যদর্থানুরূপং দানং তদপিসিদ্ধত্বেনানুমন্যন্তেস্ম—কেনাপি ঋষিণা নিবন্ধ্রা চ তদপহারত্বেনাকথিতত্বাৎ। নব্যানাং ব্যবস্থানুসারেণ প্রাড্‌বিবাকাশ্চ তদ্দানং সিদ্ধমিতি স্বীকৃতবন্তঃ। তথাচ বৃহস্পতিনা জীমূতবাহনাদিভিশ্চ পরিগণিতেভ্যো পিতৃব্যাদিভ্যো যৎ পত্যুঃ পারলৌকিকোপকরাভিসন্ধি পূর্ব্বকং অর্থানুরূপং দানং তদেব মুখ্যত্বেন প্রাশস্ত্যেনাচাবশ্যং মন্তব্যং—তস্যাধিকতরোপকারত্বাৎ।

‡ উক্ত নারদ বচনের দ্বিতীয়ার্দ্ধের প্রথমভাগে 'বিনিয়োগেঽর্থরক্ষাসু' এবং 'বিনিয়োগাত্মরক্ষাসু' অর্থাৎ 'বিনিয়োগে ও অর্থরক্ষাতে' এবং 'বিনিয়োগে ও আত্ম রক্ষাতে' এইদুই রূপ পাঠ আছে। কোলব্রুক সাহেব আপন ডাইজেস্টর দ্বিতীয় বালামের ৪ বুকের ১ চ্যাপটরে (৩৮৪ পৃষ্ঠায়) দ্বিতীয় পাঠের অনুবাদ করত নীচে টীকাতে প্রথমপাঠের অনুবাদ করিয়া কহিতেছেন 'ভিন্ন ২ পাঠ আছে. তাহা ৫ বুকের ৮ চ্যাপটেরে (অর্থাৎ অপুত্র ধনাধিকারে) দ্রষ্টব্য। কিন্তু সেখানে তাহা দৃষ্টহয়না। কেবল উক্ত বচনস্থ দুই এক পদের বিবাদ ভঙ্গার্ণবকর্ত্তা যে অর্থ করিয়াছেন তাহারই অনুবাদ আছে. এবং সমগ্র বচনের অনুবাদ দেখিতে উক্ত ৩৮৪ পৃষ্ঠায় বরাত দেওয়া হইয়াছে। উক্ত বচনের পর জীমূতবাহন যে মত ব্যক্ত করিয়াছেন তাহা বিবাদ ভঙ্গার্ণবে ধৃত হইয়াছে কিন্তু ডাইজেস্টে কেন অনুবাদিত হয়নাই জানাযাইতেছে না। উক্ত বিজ্ঞসাহেব দায়ভাগের অনুবাদেও উক্ত বচনের দ্বিতীয় পাঠ ধরিয়াছেন। উইন্স সাহেব দায়ক্রম সংগ্রহের অনুবাদে কোলব্রুকের ঐ বচনানুবাদ অবিকল তুলিয়াছেন। অথচ আশ্চর্য্য এই যে তাহার পার্শ্বে যে সংস্কৃত

**42. To these and to the rest, let her give presents, and not to the family of her own father, while such persons are forthcoming †: for the specific mention of paternal uncles and the rest would be superfluous.*** Vyavastha´

**43. With their consent, however, she may bestow gifts on the kindred of her own father and mother.*** Vyavasthá

Authority. Thus NA´RADA says: "When the husband is deceased, his kin are the guardians of his childless widow. In the disposal (k) and preservation of property, as well as in her maintenance, they are her *I´shwara*, lord. But if the husband's family be extinct, or contain no male, or be helpless, the kin of the widow's father are her guardians, if there be no relations of her husband within the degree of a *sapinda*." 13,28, 29.

practice, founded on the rank established by the mighty prince BALLA´LA SENA, has been adopted by great personages. Though not found on codes of law, it is noticed (in this place) to explain the (subsisting) practice. It should be examined by the auspicious (learned). Hence, either these women must be comprehended under the term "females of the family," or else the usage of contracting numerous marriages must be discontinued. Coleb. Dig. Vol. III. pp. 460, 461.

* Coleb. Dá. bhá. Ch. XI. Sect. 1. paras. 63 & 64. W. Dá. Sang, p. 6. Coleb. Dig. Vol. III. pp. 458—461. Elb. In. pp. 73—75.

† From the above, it seems to be the opinion of JI´MU´TAVA´HANA and others that the widow could not, without the consent of those mentioned in the above text of VRIHASPATI, make a gift to any of her father's family or to any other person, though it were but in due proportion to the entire estate, and for the husband's spiritual benefit. But modern lawyers have considered a gift made by the widow of a small portion of her husband's estate, for the benefit of his soul, to any (meritorious) person, though it be without consent of her husband's family, valid, on the ground that none of the sages or compilers has declared such gifts to come within the scope and intent of the term "waste" or "unlawful." The judges also, in conformity with the *vyavasthás* of those lawyers, have upheld gifts of the class above described. The persons specified by VRIHASPATI and JI´MU´TAVA´HANA must, however, be held to be such as are preferable objects of gift for the spiritual benefit of the husband, inasmuch as gifts made to such are productive of increased benefit.

‡ There are two readings of the first part of the second hemistich of the above *vachana*: I. '*Viniyogertha rakshyásu*' in the disposal and preservation of property, and II. '*Viniyogátma rakshyásu*' in the disposal (of property) and care of herself. Colebrooke, at page 384, chapter I., Book IV. of his Digest, has, in the translation of the above *vachana*, adopted the second reading, and added in a note subjoined: "the preservation of wealth: a various reading, in Book V., Chap. VIII." But in the place referred to, he says nothing about the various readings. He only gives there the translation of JAGANNA´TH's comment on some words of the *vachana*, referring for its translation to Book IV., Chap. I, and omitting (why, does not appear) a translation of JI´MU´TAVA´HANA's opinion as to the meaning of the *vachana*, which opinion is quoted in *Vivádabhangárnava*. The same learned writer, in his translation of the *Dáyabhága*, has adhered to the second reading; and Mr. Wynch, in his translation of the *Dáyakrama-sangraha*, has simply quoted Colebrooke's translation, though, singularly enough, in his edition of the Sanscrit version, Mr. Wynch has adopted the first reading. I adopt the first reading, not only because

ব্যবস্থা

৪৪ (ক) বিনিযোগে—অর্থাৎ দানাদিবিষয়ে পতি পুত্রাভাবে সে পতিকুলের অধীনা। দা. ভা. অপু. পৃ. ১৯৪।

অপরে কহেন নারদ বচনে—বিনিযোগে দান বিষয়ে ভর্ত্তার জ্ঞাতিরা কর্ত্তা, তাঁহারা যাহাকে দিতে কহিবেন তাহাকে দিবে এবং যাহা দিতে কহিবেন তাহাই দিবে। বি. দা. ভা. দী র. ৮।

পরন্তু নারদ বচনে ঈশ্বর অর্থাৎ কর্ত্তাপদ উক্ত হওয়াতে দানবিষয়ে স্ত্রীরা পতিপক্ষের অধীনা উক্ত হইয়াছে। তথাপি নব্যদিগের অভিমত এমত নহে, যেহেতু বিশেষ বচন না থাকাতে স্বামিকৃতদান যে সিদ্ধ তাহা অগ্রাহ্য। অপিচ পতিপুত্রহীন স্ত্রীরা পতি পক্ষের অধীনা এই যে বাক্য ইহাতে এমত বুঝায় না যে স্ত্রীকৃত দান অসিদ্ধ যেহেতু উক্ত বাক্যের তাৎপর্য্য এই যে পতি পক্ষের বশে না থাকিলে অপুত্রা বিধবার প্রত্যবায় হয়। বি. দা. ভা. দী. র. ৮।

এতদ্বিরুদ্ধে বক্তব্য এই যে—স্মার্ত্ত ভট্টাচার্য্য কিম্বা অন্য কোন নব্য নিবন্ধা ও টীকাকর্ত্তা বিবাদভঙ্গার্ণবকর্ত্তার কথিত নব্যমত প্রকাশ করেন নাই স্বীকারও করেন নাই। প্রত্যুত তাঁহারা সকলেই উপরি উক্ত মতের বিপরীত মত দিয়াছেন বিবাদভঙ্গার্ণবে উল্লিখিত নব্যমতে পত্নীকৃত (শাস্ত্রবিরুদ্ধ) দানকে স্বামিকৃত দানসিদ্ধি অগ্রাহ্য এই ব্যপদেশে সিদ্ধ বলা হইয়াছে, কিন্তু স্বয়ং বিবাদভঙ্গার্ণবকর্ত্তা বিবাদচিন্তামণির মত স্মরণানন্তর ঐ দানকে অস্বামিকৃত ও অনধিকারিকৃত হেতুবাদে অসিদ্ধ করিয়াছেন, তদ্যথা "বিবাদচিন্তামণি কহেন "(বিশেষ) বচন হেতু যেমত পতিদত্ত স্থাবর ধনের দানাদিতে পত্নীর অধিকার নাই, তেমতি পতির স্থাবর ধন দানাদি করিতেও তাহার অধিকার নাই"। তথাচ অনধিকার ও অধীনতা কথন হেতু দান অসিদ্ধ এই নিষ্কর্ষ, যেহেতু তাহা অনধিকারি ও অস্বাধীন ব্যক্তির কৃত। অতএব উক্ত নারদ বচনে (পতি পক্ষ) ঈশ্বর অর্থাৎ কর্ত্তা কথিত হওয়াতে দানবিষয়ে সে পতিপক্ষের অধীনাই উক্ত"। এতাবতা বিবাদ ভঙ্গার্ণবকর্ত্তা আপনার উল্লিখিত নব্যমত আপনিও খণ্ডন করিয়াছেন। অস্বামি কর্ত্তৃক যাহা দত্ত বা বিক্রীত হয় তাহা মনু কর্ত্তৃক অদত্ত বা অবিক্রীত কথিত হইয়াছে এবং নারদ ও কাত্যায়ন আদেশ করিয়াছেনযে অস্বামিকৃতবিক্রয়

৪৪ (ক) বিনিযোগে—দানাদৌ পতিপুত্রাভাবে ভর্ত্তৃকুলপরতন্ত্রতা তস্যা ইতি। দা. ভা. অপু. পৃ. ১০৩।

অপরেতু নারদবচনে—বিনিয়োগে দানে ভর্ত্তৃকুলং প্রভু যস্মৈদাতুং কথয়তি তস্মৈদদ্যাৎ, যদ্দাতুং কথয়তি তদ্দদ্যাদিতি। বি. দা. ভা. দী. র. ৮।

পরন্তু নারদ-বচনে ঈশ্বর পদানুসন্ধানাৎ বিনিয়োগে দানে স্ত্রিয়াঃ পতিপক্ষ পারতন্ত্র্যমেবোক্তং নৈতদভিমতং নব্যানাং, যতো বিশেষ বচনাভাবে স্বামিকৃতস্য দানস্য সিদ্ধিরগ্রাহ্যা। যচ্চ স্ত্রীণামপতিপুত্রাণাং পতিপক্ষ-পারতন্ত্র্যমুক্তং, ন তেন তস্যা দানাসিদ্ধিরবসীয়তে—পতিপক্ষবশগাভাবে প্রত্যবায় এব তাৎপর্য্যাদিতি। বি. দা. ভা. দী. র ৮।

এতদ্বিরুদ্ধে বক্তব্যমিদং—রঘুনন্দন ভট্টাচার্য্যেণ অন্যেনাপি নব্যনিবন্ধ্রা টীকাকর্ত্তৃণাম্বা কেনাপিচ বিবাদভঙ্গার্ণবকৃৎ কথিতোভিনব মতংন প্রকটিতং স্বীকৃতম্বা, প্রত্যুত তেষাংসর্ব্বেষামেব মতং তদ্বিপরীতমেব লিখিতমস্তি বিবাদভঙ্গার্ণবোক্তনব্যানাং মতে পত্নীকৃতং শাস্ত্র বিরুদ্ধং দানং স্বামিকৃতস্য দানস্য সিদ্ধির গ্রাহ্যা ইতি ব্যপদেশেন সিদ্ধমেব স্বীকৃতং, তদ্বিবাদভঙ্গার্ণবকৃতৈব বিবাদ চিন্তামণি মতানুস্মরণানন্তরং অনধিকারিকৃতত্বাৎ অস্বতন্ত্রকৃতত্বাচ্চ অসিদ্ধমেবোক্তং তদ্যথা"অত্রবিবাদ চিন্তামণিঃ—'যথাপতিদত্তেস্থাবরে বচনাৎ দানাদৌ স্ত্রীণামনধিকারস্তথা পত্যুস্থাবরেপীত্যাহ'। তথাচানধিকার কথনাৎ অস্বাতন্ত্র্যকথনাচ্চ দানস্যাসিদ্ধিরেব পর্য্যবসীয়তে অনধিকারিকৃতত্বাৎ অস্বতন্ত্রকৃতত্বাচ্চ। অতএবোপর্য্যুক্ত নারদবচনে ঈশ্বরপদানুসন্ধানাৎবিনিয়োগেদানে পতিপক্ষপারতন্ত্র্যমেবোক্তমিত্যেবং" এতাবতা বিবাদভঙ্গার্ণবকৃতল্লিখিতং নব্যমতং তেনাপি খণ্ডিতং। অস্বামিনাতু যদ্দত্তং বিক্রীতম্বা তদকৃতমেবেতি মনুনাভিহিতং,নারদকাত্যায়নাভ্যামপি অস্বামিকৃত বিক্রয়ং দানমাধানঞ্চ নিবর্ত্তয়েদিত্যাদিষ্টং যথা—'অস্বামিনাকৃতোযস্তু.দায়ো বিক্রয় এব বা। অকৃতঃ সতুবিজ্ঞেয়ো. ব্যবহারে যথাস্থিতিঃ'। মনুঃ। 'অস্বামিবিক্রয়ং দত্তমাধিঞ্চ বিনিবর্ত্তয়েৎ'। নারদকাত্যায়নৌ (মিতাক্ষরা-বিবাদচিন্তামণী-

দায়ক্রমসংগ্রহ ছাপা করিয়াছেন তাহাতে প্রথম পাঠ ধরিয়াছেন। আমি উক্ত বচনের প্রথম পাঠ ধরিলাম—তাহার এক কারণ এই যে কোলব্রুকের ডাইজেস্টের আদর্শ বিবাদভঙ্গার্ণবে, এবং মুদ্রিত দায়ভাগ ও দায়ক্রম সংগ্রহে, বিশেষতঃ গবর্ণমেণ্ট সংস্কৃত কালেজের বর্ত্তমান স্মৃত্যধ্যাপক যে দায়ভাগ মুদ্রিত করিয়াছেন, ও যাহা প্রকৃতরূপ শুদ্ধ করিবার নিমিত্তে তিনি পরিশ্রম ও সময় ব্যয় করিতে ত্রুটি করেন নাই, (এবং উক্ত বিষয়ে তাঁহার অসাধারণ যোগ্যতা অবশ্যই স্বীকার করিতে হইবে) তাহাতে উক্ত পাঠ ধৃত হইয়াছে। অন্য কারণ এই যে প্রথম পাঠে শাস্ত্রের যে তাৎপর্য্য তাহা প্রকাশ পাইতেছে।

44. (k) "**In the disposal of property,**" i. e. in gift or other alienation, she is subject to the control of her husband's kin, after his decease, and in default of sons. Vyavasthá

Others expound the (above) precept of NA'RADA as signifying, that the (nearest kinsman in the) family of her husband has authority in the disposal of property, that is, in donation. She may give a present to that person on whom the kinsman of her husband bids her confer one; she may bestow that which he bids her give away. *Viva'dabhanga'rnava.* See—Coleb. Dig. vol. III. p. 462.

The term "*I'shwara*" being used in the text of NA'RADA, a woman is pronounced subject to the control of (the nearest kinsman on) her husband's side, in respect of gift, which is an alienation. Modern lawyers do not concede to this opinion; for the validity of a gift made by the owner should not be impugned while no special text pronounces it void. As for the declared subjection of women to the control (of the nearest kinsman,) when deprived of husband and son, it does not thence appear that the gift made by her is void; for the implied object (of the text) is only to show sin in not subjecting herself to the control of (kinsman on) the husband's side. *Viva'dabhanga'rnava.* See Coleb. Dig. vol. III. p. 464.

Against the opinion here given, it may suffice to say, that neither RAGHUNANDANA, nor any one of the other modern compilers and commentators, has expressed or confirmed the doctrine alluded to by the author of *Viva'dabhanga'rnava*: on the contrary, all of them have pronounced opinions totally at variance with such a doctrine. The modern lawyers are said to have declared that gifts and alienations by a widow (not sanctioned by law), are considered valid upon the grouud that *a transfer made by an owner cannot be impugned;* but the author of *Viva'dabhanga'rnava,* after quoting the text of *Viva'dachinta'mani,* has pronounced all such alienations to be void on the ground of *being made by one who is not owner, nor competent to make such alienations*: thus,—"It is said in the *Vivádachintámani*: 'As women are declared by positive texts to be incapable of giving away or otherwise aliening immovable property bestowed on them by their husbands; so are they incapable of aliening the landed property of their lords.' It appears from this incapacity and dependance, that the donation is void, being made by a person who is not the owner, nor competent to do so Accordingly a woman is pronounced subject to the control of the kinsman of her husband in respect of gifts, i. e. alienation, as is apparent from the term *I'shwara*, lord, in the text of NA'RADA." Thus the new doctrine broached by the said author is rebutted even by himself. MANU declares the alienation of property by one who is not the owner to be as not made, i. e. altogether void; and NA'RADA and KA'TY'A'YANA direct the judge to stay it as an invalid act,—thus: "A gift or sale as not made by one who is not the owner, must, by a settled rule, be considered, in judicial proceedings, made." (MANU. Ch. VIII. v. 199). "Let the judge declare void a sale, gift, or pledge unauthorised by the owner." NA'RADA, and KA'TYA'YANA (*See (Mita'kshara'* and *Vivádachintámani)*. The (modern)

I find it in some parts of *Viva'dabhanga'rnava,* the original of Colebrook's Digest, and in all the editions of *Da'yabha'ga* and *Da'yakramasangraha,* especially the copy of *Da'yabha'ga* edited by the present professor of the Hindu law in the Government Sanscrit College, who, I know, has spared neither time nor pains to restore the text, and whose superior competency for the task can not but be acknowledged, but also because the first reading expresses what is generally held to be the true intent of the law.

রাজ কর্ত্তৃক নিবর্ত্তিত হইবে, যথা 'অস্বামি কর্ত্তৃক দত্ত বা বিক্রীত হয় যাহা তাহা ব্যবহারে অদত্ত বা অবিক্রীত জ্ঞান করিতে হইবে'। মনু। 'অস্বামিকৃত বিক্রয় দান ও আধান রাজকর্ত্তৃক নিবর্ত্তিত হইবে'। নারদ ও কাত্যায়ন—(মিতাক্ষরা ও বিবাদচিন্তামণি দ্রষ্টব্য)। নব্য পণ্ডিতেরা সকলেই প্রায় কথিত নব্যমতের বিপরীত মত দিয়াছেন, এবং তাঁহাদের ব্যবস্থানুসারে প্রাড়বিবাকেরা শাস্ত্রে কথিত নিমিত্ত ভিন্ন পতিপক্ষের সম্মতি বিনা পত্নীকৃত দানাদি অসিদ্ধ করিয়াছেন। কথিত নব্যমতে মতদাতা পণ্ডিতের সংখ্যা অত্যল্প, এবং তাঁহাদের সে মতও বিচারকর্ত্তারা অগ্রাহ্য করিয়াছেন। অপিচ যখন জীমূত বাহন প্রভৃতি— 'জীবন ধারণে অসমর্থা হইলে বন্ধক দেওয়া, তাহাতেও না চলিলে বিক্রয় করাও অনুমত বটে, যেহেতু কারণে বিশেষ নাই, এবং ভর্ত্তার পারলৌকিক উপকারার্থে দানাদিও অনুমত হইয়াছে। দানাদি বিষয়ে পতিপুত্রাভাবে সে পতিপক্ষেরঅধীনা'—ইহা কহিয়া যেং কার্য্যে যে ব্যক্তির অনুমতিক্রমে পত্নী পতির ধন দানাদি করিতে পারে তাহার নির্দ্দেশ করিয়াছেন। এবং—'স্ত্রীরা কোনক্রমে পতির দায়রূপ ধন অপহার করিবে না। যে রূপ ব্যয়ে ধনির উপকার নাই তাহাই অপহার,' ইহা কহিয়া অন্য কর্ম্মে পতিধনের দানাদি নিষেধ করিয়াছেন। এবং বিবাদভঙ্গার্ণবকর্ত্তা যখন মহাভারতীয় ও কাত্যায়নীয় বচনের তাৎপর্য্যাকর্ষণ করিয়া কহিয়াছেন 'পতির উপকারার্থে দান ও ভোগ ভিন্ন তদ্ধনের যে যথেচ্ছা দানাদি তাহা অবশ্য অসিদ্ধ এই তাৎপর্য্য' (ব্য. দ. পৃ. ৬২ দ্রষ্টব্য) তখন তাহাতে অন্যের কৌশল চলে না।

দ্রষ্টব্যে))। নব্য পণ্ডিতানাং প্রায়ঃ সর্ব্বৈরেব উক্ত নব্যমত বিরুদ্ধমতং প্রদত্তং, তদনুসারেণচ প্রাড়বিবাকৈঃ পতিপক্ষ সম্মতিম্বিনা বিধবাকর্ত্তৃকং শাস্ত্রবিরুদ্ধং দানাদিকং প্রতি ষিদ্ধং। যেচ তদভিনবমতাবলম্বিনস্তেপ্যল্প সংখ্যকাঃ, তেষাং তন্মতমপি প্রাড়বিবাকৈঃ পরিত্যক্তং। অপিচ জীমূতবাহনপ্রভৃতিভির্যদা —'বর্ত্তনাশক্তৌ আধানমপ্যনুমতং তত্রাপ্যশক্তৌ বিক্রয়ণমপি— ন্যায়স্যাবিশেষাৎ। ভর্ত্তুরৌর্দ্ধদেহিক ক্রিয়ার্থং অর্থানুরূপং ভর্ত্তৃপিতৃব্যাদিভ্যো দদ্যাৎ। বিনিয়োগে দানাদৌ পতিপুত্রাভাবে ভর্ত্তৃকুল পরতন্ত্রতাতস্যা' ইত্যাদি কথনাৎ যেষুকার্য্যেষু যেষামনুমত্যাচ মৃতভর্ত্তৃকা পতিধনদানাদিকং কর্ত্তুমর্হতি তদ্বিশিষ্য ব্যবস্থাপিতং। এবঞ্চ 'নাপহারং স্ত্রিয়ঃ কুর্য্যুঃ পতি দায়াৎ কথঞ্চন' ইতি বিশেষ বচন স্মরণাৎ, 'অপহারশ্চ ধনস্বাম্যনুপয়োগে ভবতীতি' কথনাচ্চ যদা ইতরেষু কার্য্যেষু পতিপক্ষ সম্মতিম্বিনা দানাদিকং প্রতিষিদ্ধং। বিবাদভঙ্গার্ণবকৃতাপি যদা মহাভারতীয় বচন কাত্যায়নীযবচনযোস্তাৎপর্য্যমাকৃষ্যোক্তং 'পত্যুরুপকারার্থ দানেতর ভোগেতর যথেষ্ট বিনিয়োগাসিদ্ধিরেব পর্য্যবসীয়ত ইতি'। (ব্য. দ. পৃ. ৬২, দ্রষ্টব্যা) তদা এতেষুস্তুতরাম্ভিন্নরেষাং কৌশলং নিরস্তং।

হিন্দু বিধবার অস্বামিত্ববাদি দেশীয় পণ্ডিতেরাই কেবল নহেন কিন্তু বিদেশীয়দের মধ্যে যাঁহারা হিন্দু দায়শাস্ত্র বিষয়ক পুস্তকলিখিয়াছেন তাঁহারাও বিধবার অস্বামিত্বস্বীকার করিয়াছেন, যথা—বলরাম বন্দোপাধ্যায়ের বিরুদ্ধে গঙ্গানারায়ণ বন্দোপাধ্যায়ের মকদ্দমা জেরতজবীজ থাকা কালীন সুপ্রীম কোর্টের জজ সর্ফ্রান্সিস্ মেকনাটন সাহেব ঐ আদালতের প্রধান জজকে যে কাগজ সমর্পণ করেন তাহাতে তাঁহার পুত্র সর্উইলিয়ম্ মেক্নাটন্ সাহেব এই মত প্রকাশ করিয়াছেন যে স্ত্রীর কৃত-সংক্রান্ত ধনের দানাদি অস্বামিকৃত কারণে আমূলতঃ অসিদ্ধ। উক্ত মত সমগ্র রূপে এই পুস্তকের ৮৪ ও ৮৬ পৃষ্ঠায় প্রকটিত হইয়াছে, তাহা দ্রষ্টব্য। (বিবাদভঙ্গার্ণব কর্ত্তা) জগন্নাথের উক্তরূপ বিরুদ্ধ মতের বিরুদ্ধে কোল্ব্রুক্ সাহেব উত্তম লিখিয়াছেন, তাহা হরসুন্দরী দাসী ও কমল মণি দাসীর বিরুদ্ধে কাশীনাথ বসাক প্রভৃতির মকদ্দমায় ইষ্ট সাহেবের বিচারপত্রে ধৃত হইয়াছে। [illegible] বিচারপত্র এই পুস্তকে প্রকটিত হইল। এল্বরলিং সাহেব পত্নীর অধিকার বিষয়ক শাস্ত্রের যে তৎপর্য্য লিখিয়াছেন তাহা বিলক্ষণ কারণাধীন, তদযথা "সে (অর্থাৎ বিধবা) স্ত্রী—জাতীয়া ও সাংসারিক বিষয়ে অবিজ্ঞা হওয়াতে তদ্দ্বারা মৃতধনস্বামির উপকার না হইয়া বরং বিষয় নষ্ট হইতে পারে। এই সকল রক্ষার নিমিত্তে শাস্ত্রে বিধান করিতেছেন—যে প্রথমতঃ বিধবা মৃতস্বামির বিষয় উপভোগ মাত্র করিবে; দ্বিতীয়তঃ তৎস্বামির দায়াদেরা তাহার রক্ষক হইবে; তৃতীয়তঃ তাহার মৃত্যুর পর তৎস্বামির অত্যন্ত নিকট সম্পর্কীয় ব্যক্তি তদ্ধনাধিকারী হইবে। তাহাকে দুই নিয়মে বিষয় ভোগ করিতে দেওয়া হয়, প্রথম এই যে সে সাধ্বী থাকিবে; দ্বিতীয় এই যে সে বিষয়ের অপহার করিবেনা। সামান্যতঃ বিধবা বিষয় দান বিক্রয় করিতে কিম্বা বন্ধক দিতে পারেনা, কেননা তাহার মৃত্যুর পর ঐ বিষয় তাহার পতির উত্তরাধিকারিকে অর্শিবে। কিন্তু যদি অবশ্য কর্ত্তব্য কর্ম্মে, তাহা শাস্ত্রীয় হউক বা সাংসারিক, কিম্বা নিজ জীবনধারণ নিমিত্তে বিক্রয় করে বা বন্ধক দেয় তবে তাহা সিদ্ধ হইবে, কর্ত্তব্য কর্ম্ম অবশ্যই করিতে হইবে, আর ঐ বিষয় হইতে সে ভরণপোষণ পাইবার অধিকারিণী; এবং যদি স্বামির পারলৌকিক উপকার নিমিত্তে বিষয় দান বা বিক্রয় করা হয় কিম্বা বন্ধক দেওয়া যায় তবে তাহা সিদ্ধ, কেননা উত্তরাধিকারী যে ধন পায় তাহা লাভের নিমিত্তে নয়, কিন্তু পূর্ব্বস্বামির উপকার নিমিত্তে। মৃতের ও তৎপূর্ব্বপুরুষের পারলৌকিক উপকার স্ত্রী শ্রাদ্ধাদি করিলেই যে হয় এমত নহে, কিন্তু জ্ঞাতিকুটুম্ব শ্রাদ্ধাদি করিলেও হয়, যেহেতু ঐ মত তাহার ভাগ। অতএব ভর্ত্তার ঔর্দ্ধদেহিক ক্রিয়ার্থে তৎ পিতৃব্যাদিকে অর্থানুরূপ দান করিতে শাস্ত্র তাহাকে আদেশ করিতেছেন।

pandits have, almost unanimously, been opposed to the new doctrine; and in conformity with their *vyávasthás* the courts of justice have declared gifts, &c. made by widows (unauthorised by the *Shástra*) to be invalid. A very few pandits have given their assent to the contrary doctrine; but they have not been in any degree followed. Further, JI'MU'TAVA'HANA and the others, by laying down: 'If unable to subsist otherwise, she is authorised to mortgage the property; or, if still unable, she may also sell it; for, the same reason is equally applicable. In like manner, even a gift or other alienation is permitted for performance of acts beneficial to the husband in the next word In the disposal of property by gift or otherwise, she is subject to the control of her husband's family, after his decease and in default of sons," designates the causes for which, and persons with whose permission, she may alienc her husband's property. And then by laying down: " Let not women on any account make waste of their husband's property. By 'waste' here is intended expenditure not useful or beneficial to the (late) owner of the property," they prohibit the disposal of the husband's property for any other purpose whatever. The author of *Viva'dabhanga'rnava* basing his agreement on the texts of *Maha'bha'rata* and KA'TYA'YANA, thus concludes: " Whence it fully appears, that her disposal of if at pleasure, otherwise than by the simple use of it, or by donation for the benefit of her lord, is invalid." (see V. D. P. 63). It is surely therefore beyond the ingenuity of the modern lawyers to controvert a doctrine so conclusively laid down.

The ownership or absolute power of Hindu women, (in the inherited property,) is denied not only by the natives learned in the Hindu law, but also by those foreigners who have studied that law and written treatises thereon. Sir William Macnaghten, in his opinion contained in the paper delivered by his father Sir Francis Macnaghten, a judge of the Supreme Court, to the chief justice of that Court, has declared the gift or other alienation made by a woman (of the property she inherited) to be void *ab initio*, on the principle of the same being made *without ownership*. This opinion has been quoted in full at pages 85 and 87 of this book. A similar doctrine of *Ja'ganna'tha* has been well combatted by Colebrooke. See East's judgment in the case of Káshí Náth Basák and another *versus* Hara Sundarí Dásí and Kamalmani Dásí, quoted in this book. Elberling, in his Treatise on Inheritance, has drawn up a very good summary of the texts which respect the widow's succession, thus:—" Her sex as well as her worldly inexperience exposes the property to destruction without benefit to the deceased. To protect these different interests the law provides: 1st. That the widow shall only have the use of the property; 2ndly. that her husband's kindred shall be her guardians; and 3rdly. that the next of kin to the husband shall take his property after her death. The enjoyment of the property is given her upon two conditions; 1.—that she remains chaste; and 2.—that she does not make waste. Generally, she cannot make gifts, or sell or mortgage the property, because after her death the property is to go to the next heir of her husband; but when a sale or mortgage becomes necessary for any indispensable duty, religious or secular, or for her maintenance, it is valid, because duties must be performed, and she has a right to her maintenance from the property; and whenever gifts are made, the property is sold or mortgaged, for the spiritual benefit of her husband, it is valid, because the heir takes the wealth for that purpose, and not for his own benefit. As the spiritual benefit of the deceased and his ancestors is promoted not only by the funeral oblations made by her, but also by the rites performed by his relatives in which he becomes a partaker, she is directed to make presents to the paternal uncles and other relatives of the deceased in proportion to her wealth for the sake of his funeral rites. The payment of his debts is a moral as well as a legal duty; and the marriage of an unmarried daughter is a moral duty, which after his death, devolves upon his wife; whatever is done necessarily for these purposes is consequently valid. The validity of a gift, a mortgage, or a sale, must therefore

ভর্ত্তার ঋণপরিশোধ নীতি ও ব্যবহারশাস্ত্র সম্মত কার্য্য। অনূঢ়া কন্যার বিবাহ দেওয়াও লোকতঃ ধর্ম্মতঃ কর্ত্তব্য কর্ম্ম; তাহা পতির মরণান্তে পত্নীকে অর্শে, এইসকল কার্য্যে আবশ্যকরূপে যাহা করাযায় তাহা সিদ্ধ। পত্নী যে দান বিক্রয় করে বা বন্ধক দেয় তাহা অবস্থা ও কার্য্যবিশেষে সিদ্ধা সিদ্ধ বিবেচনা করিতে হইবে। দামাদি বিষয়ে পত্নী পতিপক্ষের অধীনা। বিধবার সম্বন্ধে শাস্ত্রের সাধারণ নিয়ম এই যে সে পতিরধন অপহার করিবে না—অপহার পদে এমত ব্যয় বোধ্য যাহাতে ধনস্বামির উপকার নাই। পত্নী নিজ পিতৃপক্ষে যাহাদেয় তাহা যদি ভিক্ষা রূপে দত্ত না হয় তবে তাহাতে এমত কোন উপকার নাই, অতএব এমতদানপতিপক্ষের অনুমতি বিনা করা হইলে তাহা অসিদ্ধ। যদিও বিধবাকে পতিকুলে বাস করিতে হয়, তথাপি যেহেতু ব্যভিচারিণী হইলে অথবা অপহার করিলেই কেবল তাহার স্বত্ব লোপহয়, অতএব ব্যভিচারাভিলাষবিনা পিতৃকুলে বাস করিলে তৎপতিধনোপভোগরূপ স্বত্বের লোপ হইতে পারে না। পৃ. ৭৩, ৭৪ ও ৭৫।

তথাচ ভর্ত্তাজীবিত থাকিয়া যেরূপে যাহার ভরণপোষণাদি যে কর্ম্মই বা করিতেন মৃত ভর্ত্তৃকাও সেই রূপে তাহার পালন ও সেই ২ কর্ম্ম শক্ত্যনুসারে করিবে। ইহা অনাথ পদদ্বারা পাওয়া যাইতেছে।

ভর্ত্তা যাহাকে যাহা দিতে প্রতিশ্রুত হইয়াছিলেন, তন্মরণে পত্নীর তাহাকে তাহা অবশ্য দেয়—যেহেতু তাহাও ঋণ।

তাহা হারীত কহিয়াছেন—"যে বস্তু বাক্যে প্রতিশ্রুত, কিন্তু কার্য্যে দত্ত হয় নাই, তাহাইহলোকে ও পরলোকে ঋণই॥ (কেহ) স্বীকার করিয়া নাদিলে, ও দিয়া পুনর্হরণ করিলে বিবিধ নরকগামী হয় এবং তির্য্যগ্‌যোনিতে জন্মে"।

যাহা ২ ভর্ত্তা ইহলোকে অত্যন্ত ভালবাসিতেন, এবং যাহা ২ পাইতে সম্যক্ চেষ্টা করিতেন, সেই ২ বস্তু পতির প্রীতি কামনায় ধার্ম্মিককেদেয়। দায়তত্ত্বাদিধৃত স্মৃতি।

অন্যে অধিকারি হইলে মৃতধনস্বামির প্রতি তাহারো এইরূপ কর্ত্তব্য। বি. দা. ভা. দ্বী. র. ৮।

তথাচ ভর্ত্তা জীবন্ যথা যস্য পোষণাদিকং যদ্বা কর্ম্ম করোতি মৃতভর্ত্তৃকাঽপি স্বশক্ত্যনুসারেণ তথৈব তস্য পোষণম্ তত্তৎ কর্ম্মচ কুর্ব্বীত। এতদনাথ পদস্বরসেন লভ্যতে।

ভর্ত্তা যস্মৈ যদ্দাতুং প্রতিশ্রুতং, তন্মরণে পত্ন্যা তস্মৈ তদবশ্যং দেয়ং—তস্যাঽপি ঋণত্বাৎ।

তদাহ হারীতঃ—"বাচা যচ্চ প্রতিজ্ঞাতং, কর্ম্মণা নোপপাদিতং। তদ্ধনমৃণসংযুক্তং ইহলোকে পরত্রচ॥ প্রতিশ্রুত্যা প্রদানেন, দত্তস্যো চ্ছেদনেনচ। বিবিধান্ নরকান্ যাতি, তির্য্যগ্‌যোনৌচ জায়তে"॥

যদ্ যদ্ ইষ্টতমং লোকে, যদ্ যত্ পত্যুঃ সমীহিতং। তত্তত্তদ্গুণবতেদেয়ং, পতিপ্রীণনকাম্যয়া। দায়তত্ত্বাদি ধৃত স্মৃতিঃ।

এবমন্যস্যাধিকারেঽপীতি। বি. দা. ভা. দ্বী. র. ৮।

আদালতে দত্ত ও গ্রাহ্য হওয়া, এবং সর্ উইলিয়ম্ মেক্‌নাটন্ সাহেবের
পরীক্ষিত ও মনোনীত ব্যবস্থা।

প্রশ্ন। এক ব্রাহ্মণ ভ্রাতাদের হইতে পৃথক হইয়া বাসকালীন একত্রিশ বিঘা এগার কাঠা নিষ্কর ভূমি উপার্জ্জন করে, এবং তাহার পুত্র ছয়ষট্টিবিঘা সাতকাঠা ভূমি দান প্রাপ্ত হয়, এই ভূমিও উক্ত (ব্রাহ্মণ) পুত্রের উত্তরাধিকারীরূপে প্রাপ্ত হয়। এই সকল ভূমি কিছু কাল ভোগকরিয়া ঐ ব্রাহ্মণ একস্ত্রী রাখিয়া মরিলে সে তদধিকারিণী হইল। পরে ঐ বিধবা স্বামির ভ্রাতৃপুত্র থাকিতে স্বামির ভূমির কিয়দংশ আপন ভ্রাতাকে দানকরিলেক। ঐ দানপত্রে লিখিত হয় যে ঐ ভূমি তৎস্বামির পারলৌকিক উপকারার্থে দত্ত হয়। এমত অবস্থায় ঐ দান সিদ্ধ কি না?

উত্তর। কি পরিমিত ভূমি দান করা হইয়াছে তাহা প্রশ্ন পাঠে বোধহয় না; কিন্তু স্বামির পারলৌকিক উপকারার্থে বিষয়ের অল্প ভাগদান মাত্র সিদ্ধ; কারণ, যদ্যপি দায়ভাগাদিগ্রন্থে লিখিত আছে যে অপুত্র মৃত ব্যক্তির পত্নী পতিরধন যাবজ্জীবন ভোগমাত্র করিবে, তথাপি সে স্বামির উপকারার্থে তদ্বিষয়ের অল্পভাগ দান করিতে পারে, এবং তাহা দত্ত হইলে ঐ দান শাস্ত্রীয় বলিয়া স্থির তর থাকিবে। জিলা দিনাজপুর, ১৫ এপ্রেল ১৮২০ সাল। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৮, মকদ্দমা ৩৭, (পৃ. ২৪৪, ২৪৫)।

প্রশ্ন। ধনস্বামির মরণান্তে তৎ পত্নী তৎ সমুদয় বিষয় কন্যা থাকিতে ঐ কন্যার দুই পুত্রকে দান করিলেক। এমত অবস্থায় ঐ দান শাস্ত্রীয় ও সিদ্ধ কি না?

উত্তর। স্বামির মরণে তদুত্তরাধিকারিণী বিধবা দায়শাস্ত্রানুসারে যে বিষয় প্রাপ্তা হইয়াছে তাহা যদি কন্যা সত্ত্বে তাহার স্পষ্ট সম্মতি বিনা দুই দৌহিত্রকে দিয়াথাকে, তবে ঐ দান অশাস্ত্রীয়, যেহেতু স্থাপিত নিয়ম এই যে বিধবা ক্ষান্তা হইয়া যাবজ্জীবন পতির ধন ভোগমাত্র করিবে। এই ব্যবস্থা দায়ভাগ ও আর ২ দায়গ্রন্থের মতানুমতা। জিলা নদিয়া, ৮ মার্চ ১৮২৩ সাল, মেক্. হি. ল. চ্যা. ১, সেক্. ৩, মকদ্দমা ৮ (প. ৪৮)।

be determined by its peculiar circumstances. In the disposal of property by gift or otherwise, the widow is subject to the control of her husband's family, and the only general rule laid down by the law is: "Let not a wife make waste of her husband's property;" and by 'waste' is meant expences unproductive of benefit to the owner of the property. Gifts to her own family do not of course produce any such benefit, unless they should come within the general nature of alms, and are therefore invalid if made without the consent of her husband's kindred. A widow is to reside in her husband's family, yet as she forfeits her right to the property only by not remaining chaste, or by making waste, the mere residing with her own family cannot cause a forfeiture of her right to the enjoyment of the property, if it is not done for unchaste purposes." pp. 73—75.

She whose husband is deceased should support, in proportion to her ability, the same persons, and do the same acts, in the same manner in which her husband, when living, supported those persons, and did those acts. But it is not absolutely necessary that she should fulfil the same voluntary offices which her husband did, such as supporting *Bráhmanas* resident in the same town and the like. This is deduced from the term "unprotected persons." Coleb. Dig. Vol. III. p. 461.

Whatever the husband had promised to give to a person, the same, after his death, should be given by the widow to the same person, as that also is a debt (of her husband).

So says HA'RI'TA: "A promise made in words, but not performed in deed, is a debt (of conscience) both in this world and the next. He who gives not what he has promised, and he who takes what he has given, sinks to various regions of torment, and springs again to birth from the womb of some brute animal."

Whatever (was) most desirable in the world, whatever was eagerly sought for by her husband, that should be given to some meritorious man, by the widow, anxious to gratify her husband. *Smriti* cited in *Dáyatatwa*, &c.

The inference is the same when any other succeeds (to the estate of the deceased). See Coleb. Dig. Vol. III. p. 461.

*Legal opinions delivered in, and admitted by, Courts of Judicature, and examined and approved of by Sir William Macnaghten.*

Q. A person of the Brahminical class, having separated himself from his brothers, while living apart from them, acquired thirty-one bighás and eleven káthás of rent-free land, and by succession to his son, he became proprietor of sixty-three bighás and seven káthás of the same description of landed property which the son had obtained by gift. Having enjoyed these estates for some time, he died, leaving a widow, who succeeded him; and she, while her husband's brother's sons were living, made a gift of a portion of the landed estate to her own brother. She mentioned in the deed of gift, that the land was bestowed for the spiritual benefit of her late husband. In this case, is the gift legal?

R. It does not appear from the question what quantity of the land was given; but the gift of a small part only of the estate, for the spiritual welfare of her deceased husband, is legal; because, although it is laid down in the *Dayábhága* and other books of law, that the widow of a deceased man who left no male issue, may only enjoy his property until her death, she is entitled to make a gift of a small part of it for the benefit of her husband, which, if she do, the gift should be upheld as legal. Zillah Dinagepore, April 15th, 1820. Macn. H. L. Vol. II. Ch. 8, Case 37, pp. 244, 245.

Q. On the death of the original proprietor, his widow made a gift of his entire property to her two grandsons, while their mother, that is the daughter, was living. In this case, is the gift binding and good?

R. Supposing the widow, during the life-time of her daughter, to have made a gift of the whole property of her husband which devolved on her at his death by law of inheritance, without the express consent of her daughter, to her two grandsons, the gift is illegal, as it is a settled rule that the widow has only the right to enjoy her husband's property with moderation until her death. This is consonant to the doctrines cited in the *Dayábhága* and other law tracts. Zillah Nuddea, 8th March 1826. Macn. H. L. Vol. II. Ch. 1, Section. 3, Case 8, p. 18.

২২, ৪১, ও ৬৩, সংখ্যক ব্যবস্থা ঘটিত।

নজীর

কোন বিধবা পত্নীত্ব নিমিত্ত স্বত্বে হউক অথবা দত্তক পুত্রের উত্তরাধিকারিণী রূপে হউক বিষয়াধিকারিণী হইয়া এক সম্ভাবিতপুত্রা দুহিতা থাকিতে এবং দৌহিত্রান্তর জন্মিবার সম্ভাবনা থাকিতে অন্য কন্যার পুত্রকে বিষয় দান করিতে অধিকারিণী নয়, এতাবতা উক্তদান অসিদ্ধ বিবেচিত হইয়া আজ্ঞা হইল যে উক্ত বিধবার মৃত্যুর পর, তাহার দুই কন্যা (যদুভয়েই তৎকালে পুত্রবতী ছিল) যথাশাস্ত্র উত্তরাধিকারিণীরূপে ঐ বিষয়ের সম-ভাগিনী। মোসম্মাৎ বিজয়াদেবী—বনাম—মোসম্মাৎ অন্নপূর্ণা দেবী। ২৬ সেপ্টেম্বর ১৮০৬ সাল। স. দে. আ. রি. বা. ১, পৃ. ১৬২।

৪১, ৪২, ৪৩, ও ৪৪, সংখ্যক ব্যবস্থার।

নজীর

রাণী শিরোমণি আপন জমীদারী পরগণা মেদিনীপুর প্রভৃতি আনন্দলাল খাঁ হইতে পুনঃপ্রাপ্তির নিমিত্তে তাহার নামে নালিশ করেন। নালিশী আর্জির বয়ান এই যে প্রতিবাদী তাঁহার (অর্থাৎ বাদিনীর) চাকর ছিল, তিনি যে মোক্তারনামা লিখিয়াদিতে অভিপ্রায় করিয়াছিলেন প্রতিবাদী সেই মোক্তার নামা বলিয়া প্রতারণাপূর্ব্বক হেবানামা লিখাইয়া লয়, এবং এইরূপ ফেরিবিতে প্রাপ্ত হেবানামার সূত্রে তাঁহার জমীদারী প্রতিবাদী আপন নামে কালেক্টরিতে খারিজ করিয়া লইয়া এবং রাজস্ব আদায়ের একরার দিয়া কালেক্টরি হইতে দখল পায়।

প্রতিবাদী জওয়াবে বয়ান করে যে (বাদিনী) রাণী উক্ত হেবানামার সকল মজমুন সম্পূর্ণরূপে জ্ঞাত হইয়া তাহা সহী করিয়া দিয়াছেন। এবং তাহা বারম্বার কালেক্টর সাহেবের নিকট স্বীকার করিয়াছেন, তাহাতে কালেক্টর তাহাকে (অর্থাৎ প্রতিবাদিকে) দখল দিয়াছেন; এক্ষণে বাদিনী নিকটস্থ জনগণের চতুরতায় ভুলিয়া এই দাবী উপস্থিত করিয়াছেন। উক্ত হেবানামার মর্ম্ম এই যে রাণী আপন জমীদারী ও খানগী আসবাব কিছুমাত্র না রাখিয়া ও নিজ ভরণ পোষণের উপায় না করিয়া (তৎসমুদয়) প্রতিবাদিকে দিলেন। উক্ত দলীল ১৮০০ সালের ৩০ জুন তারিখে লিখিত হইয়া ঐ সনের ৩১ জুলাই তারিখে জিলাকোর্টে রেজিষ্টরি করা হয়। উক্ত রাণীর স্বামী (রাজা) অজিত সিংহ ১৭৫৬ সালে মরণে বিরোধীয় জমীদারী রাণীকে অর্শে। ১৮০০ সালে উক্ত দলীল লিখিত হওন কালীন রাণীর স্থাবর বিষয় অক্ষম জমীদারের বিষয়রূপে কোর্ট অব্‌ওয়ার্ডসের অধ্যক্ষতাধীন থাকে। প্রবিন্স্যাল কোর্টের প্রধান জজ নিযুক্ত পণ্ডিতকে ব্যবস্থা জিজ্ঞাসা করিলে তিনি ব্যবস্থা দিলেন যে "পতির মরণে রাণী শিরোমণিকে অর্শিয়াছে যে সংক্রান্ত ধন তাহা যদি তিনি পতির জীবিত উত্তরাধিকারির সম্মতি বিনা দান করিয়া থাকেন, তবে এমত দান অসিদ্ধ"। এই ব্যবস্থা দত্ত হওয়ার পর মৃত রাজার মাতুলপুত্র রাধাবল্লভ ভূঁইয়ার ও রাধা গোবিন্দ ভূঁইয়ার ও কুচিলের স্বাক্ষরিত এক লা-দাবী অর্থাৎ স্বত্ব-ত্যাগ-পত্র আপিলাণ্ট আনন্দলাল দাখিল করে। এই দলীলের মর্ম্ম এই যে তল্লেখক ব্যক্তিরা হেবানামা লিখিত হওন কালীন তাহাতে সম্মতি দিয়াছে এবং এক্ষণেও বিরোধীয় বিষয়ে তাহাদের যে দাবী তৎ সমুদয় পরিত্যাগ করিলেক। অজিত সিংহের উত্তরাধিকারি সম্মত হওয়ার আর কোন প্রমাণ আপিলাণ্ট উপস্থিত করে নাই। প্রবিন্স্যাল কোর্টের প্রধান জজ এই হেতুবাদে যে রাণী যে দানপত্র লিখিয়াছেন তাহা (অজিত সিংহের তৎকালীন জীবিত সকল দায়াদের সম্মতিতে লিখিত না হওয়াতে) অসিদ্ধ ও অকর্ম্মণ্য মকদ্দমা ডিক্রী করিয়া এই নিষ্পত্তি করিলেন যে রাণীর লাভের নিমিত্তে বিষয় কোর্ট অব্‌ ওয়ার্ডসের অধীন থাকিবে, আর রাণীর নালিশের তারিখ হইতে প্রতিবাদী বিষয়ের মুনফার দায়ীহইবে। প্রবিন্স্যাল কোর্টে মকদ্দমা দায়ের থাকা কালীন আনন্দলাল খাঁর মৃত্যু হয়, অনন্তর তাহার ভ্রাতা মোহনলাল খাঁ তাহার উত্তরাধিকারী হইয়া উক্ত ডিক্রীর অসম্মতিতে সদর দেওয়ানী আদালতে আপীল করে। আপিলাণ্ট স্বীকার করে যে হেবানামা লিখিত হওন কালীন রাজাঅজিত সিংহেরজ্যেষ্ঠ মাতুলের পাঁচ পুত্রছিল। এক্ষণে (অপর) চারিজন আপনারদিগকে রাজা অজিত সিংহের জ্ঞাতি ও উত্তরাধিকারি করার দিয়া দাবিদার হইল, অর্থাৎ শ্যামানন্দ মহাপাত্র ও গজরাজ মহাপাত্র আপনারদিগকে রাজা অজিত সিংহের অত্যতি বৃদ্ধ প্রপিতামহ লক্ষণ সিংহের সন্তান করার দিয়া এবং রূপচরণ মহাপাত্র ও রামচরণ মহাপাত্র আপনারদিগকে উক্ত লক্ষণ সিংহের ভ্রাতার সন্তান করার দিয়া জিলা আদালতে এই প্রার্থনায় দরখাস্ত করিয়াছিল যে রাণী শিরোমণি আনন্দলাল খাঁর প্রতারণায় ও ভয় প্রদর্শনে মুগ্ধ হইয়া যথাশাস্ত্রউত্তরাধিকারির অনিষ্টে যে বিষয় দান করিতে উদ্যত হইয়াছেন তাহা করিতে তাঁহাকে নিবারণ করা যায়। রেস্পণ্ডেণ্ট রাজা অজিত সিংহের কুর্সিনামার অন্তর্গত তৎকালীন জীবিত উনত্রিশ জন সগোত্রের এক ফর্দ দাখিল করে। আপিলাণ্ট আপন দাবির প্রমাণে কেবল উপরি উক্ত স্বত্বত্যাগপত্র দাখিল করে। ঐস্বত্ব ত্যাগপত্র লিখনিয়া ব্যক্তিগণের মধ্যে এক জন কহে যে তাহারা কিছুমাত্র জানে না, এবং অপর ব্যক্তিরা কহে তাহারা ঐ দলীলের মজমুন জ্ঞাত নহে, এবং জবরাদস্তির কথাও জানে না।

*Case* having references to the vyavasthás Nos. 22 41 & 63.

A widow, succeeding to the possession of property, whether in right of her husband or adopted son, is not at liberty to give it to the son of her one daughter, or to settle it to one heir, while there was another daughter capable of bearing a son and there was a possibility that a co-heir might be subsequently born. Such gift was pronounced void, and it was determined that, on the decease of the widow, her two daughters (both having male issue at the time) were entitled to equal shares of the estate, as the legal heirs. Musst. Bijoyá Debí *versus* Musst. Annapùrná Debí, 26th september 1806. S. D. A. Rep. Vol. I, p. 162.

*Case* bearing on the vyavasthás Nos. 41. 42. 43. & 44.

Rání Shirnomani sued A´nanda Lál Khán to recover from him the zemindary of purgunnahs Midnapore, &c. setting forth in her plaint, that the defendant who was her servant had imposed upon her a *hebahnamah*, or deed of gift, as a *moktárnámah*, or power of attorney, which she had intended to execute; that under this *hebahnámah*, thus fraudulently obtained, the defendant had caused her (plaintiff's) zemindary to be entered in the public records in his own name, had entered into engagements for the public revenue and received possession from the collector.

The defendant stated, in answer, that the Rání (plaintiff) had executed the *hebahnámah* in question with a full knowledge of its contents, and had repeatedly acknowledged it to the collector, who had in consequence put the defendant in possession; and that she was now induced by the arts of those about her, to set up this claim. The *hebahnámah* purported to make over to the defendant her zemindary and house hold property, without any reservation or provision for her own support. It bore date the 30th of June 1800, and was registered in the Zillah Court on the 31st July following. The zemindary in dispute had devolved to the Rání on the death of her husband, Ajit Singh, which occurred in 1756. In the year 1800, when the above deed had been executed, the landed property of the Ráni was under the superintendence of the Court of Wards, as the estate of a disqualified zemindar. The pandit of the Provincial Court, in answer to a reference made to him by the Senior Judge, delivered a *vyavasthá* declaring " that if Rání Shirnomani had made a gift of the estate, which devolved to her, on the death of her husband, without the consent of the surviving heirs of the husband, such gift was invalid." Subsequent to the delivery of this *vyavasthá* (the apellant) A´nanda Lál filed a *ládáví*, or deed of relinquishment., bearing the signatures of Balabhahra Bhúnyá, Rádhá Gobinda Bhúnyá, and Kuchil, maternal first cousins of the deceased Rájá· This deed purported tat the subscribing parties had, at the time of the execution of the *hebahnámah*, acquiesced in it; that hey now did so and renounced all claim to the estate. No other proof of the consent of the heirs of Ajit Sigh was offered by the appellant. The Senior Judge of the Provincial Court, on the ground that the deedof gift executed by the Rání not having been executed with the consent of all the heirs of Ajit Singh sevivingat the time, was void and of no effect, passed a decree, adjudging that the estate in dispute shold be placed under the custody of the Court of Wards for the benefit of the Rání, that the defendant should account for the net proceeds of the estate from the date of the Rání's plaint. Mohan Lálhaving succeeded to the rights of his brother A´nanda Lál, who demised while the suit was pending before he Provincial Court, preferred an appeal from the above decree to the Sudder Dewanny Adawlut. It was amitted by the appellant, that when the *hebahnámah* was executed, there were living five maternal first cusins of the Rájá Ajit Singh. Four persons now came forward, calling themselves relations and heirs of Rájá Ajit Singh *viz.* Shyámánada Mahápátra and Gájráj who stated themselves to be descended in the dire line from Lakkhyan Singh, the great grandsire of the great grandfather of Ajit Singh; and Rúp Charn Mahápátra and Rámcharan Mahápátra, who stated themselves to be descended from a brother of Lakkhyan and who had presented a petition to the Zillah Judge, praying that Rání Shiroman might be prevente from making a donation of her estate to the injury of the legal heirs, which she was then about to do, influnced by the fraud and intimidation of A´nanda Lál. The respondent gave in a list of twenty-nine perso, included in the genealogical table exhibited by her, as *sagotra*, or paternal kinsmen of Ajit Singh, at stated to be then alive. The only evidence adduced by the appellant in support of his claim was the afosaid *ládávi*. One of the persons executing the *ládáví* positively denied all knowledge of the documentand others pleaded ignorance of its contents and duress.

বর্ত্তমান মকদ্দমাতে এবং আর২ মকদ্দমাতে সদর আদালতের পণ্ডিতেরা (বঙ্গ দেশে সর্ব্বোপরি প্রামাণিক রূপে প্রচলিত) দায়ভাগ গ্রন্থের বিধান ও তাঁহাদের উদ্ধৃত প্রামাণিক বচনাদির অনুসারে যে ব্যবস্থা দিয়াছেন তাহাতে সদর আদালতের নিঃসন্দেহে হৃদ্বোধ হইয়াছে যে পতিপক্ষ (কোন২ স্থলে অব্যবহিত দায়াদ না হইলেও তাহারা) বিধবার যথাশাস্ত্র রক্ষক ও মন্ত্রি হওয়াতে অধিকৃত সম্পত্তি সংক্রান্ত পতিধনের কোন অংশ পত্নী হস্তান্তর করণে পতির মাতুল কুল সম্মতি দিলেও ঐ হস্তান্তর সিদ্ধির নিমিত্তে (কেবল বিশেষ২ কার্য্যার্থ ব্যতীত) পতিপক্ষের সম্মতি আবশ্যক। যেহেতু বর্ত্তমান মকদ্দমায় দৃষ্ট হইতেছে যে আনন্দ লাল খাঁকে রেস্পণ্ডেণ্ট যে দান পত্র লিখিয়া দিয়াছেন তাহা পতিপক্ষের সম্মতি বিনা লিখিত হইয়াছে কেবল এমত নহে, কিন্তু তাহারা প্রতিবন্ধক হইলেও তাহা অমান্য করিয়া লিখিয়া দিয়াছেন, এবং হিন্দু শাস্ত্র যে রূপ দানাদি করিতে বিধবাকে অনুমতি দিতেছেন বর্ত্তমান মকদ্দমায় সেই রূপ অভিসন্ধিতে কোন দান করা হইয়াছে এমত বোধ হইতেছে না, অতএব যে দান পত্রের বুনিয়াদে আপিলাণ্ট জমীদারী দাওয়া করে তাহা আমূলতঃ অসিদ্ধ। এতাবতা আদালত এজাহারি স্বত্বত্যাগ পত্রের সত্যাসত্যের প্রমাণ না লইয়া খরচা সমেত আপীল ডিস্মিস্ করিয়া প্রবিন্স্যাল কোর্টের ডিক্রী বহাল রাখিলেন। ৩১ আগষ্ট ১৮১২ সাল, আনন্দ লাল খাঁর ভ্রাতা ও কাএম মোকাম মোহন লাল খাঁ আপিলাণ্ট—বনাম—রাণীশিরোমণি রেস্পণ্ডেণ্ট। স. দে. আ. রি. বা. ২. পৃ. ৩২।

বর্ত্তমান মকদ্দমায় যে ব্যবস্থা দত্ত হয় তাহার অধিকাংশ যথা—১ বিধবার (অর্থাৎ উক্ত রাণীর) মরণকালীন উক্ত রাজা অজিত সিংহের মাতুল পুত্রেরা, এবং অত্যতি বৃদ্ধ প্রপিতামহ লক্ষ্মণ সিংহের সন্তানেরা আর লক্ষ্মণ সিংহের ভ্রাতার সন্তানেরা জীবত থাকাতে, নিকট জ্ঞাতির অভাবে মাতুলপুত্রেরাই যথাশাস্ত্র অজিত সিংহের উত্তরাধিকারি, ও রাণীর লিখিয়া দেওয়া দানপত্র অসিদ্ধ হইলে অজিত সিংহের ত্যক্ত জমীদারি অধিকার করণে স্বত্ববন্ত। ২ যদিও রেস্পণ্ডেণ্ট (বিধবা) সম্পূর্ণরূপে জ্ঞাত থাকিয়া স্বেচ্ছাপূর্ব্বক ঐ দানপত্র লিখিয়া দিয়া থাকেন, এবং ঐ দানপত্রানুসারে গৃহীতা আনন্দ লাল খাঁ দত্ত বস্তুর দখল পাইয়া থাকে এবং উক্ত রাণীর মৃত্যুর পর তৎ পতির অর্থাৎ উক্ত রাজা অজিত সিংহের ত্যক্ত বিষয়ের অধিকারি ঐ রাজার মাতুল পুত্রেরা যদি আপিলাণ্টের উপস্থিত করা স্বত্বত্যাগপত্র স্বেচ্ছাপূর্ব্বক লিখিয়া দিয়াও থাকে তথাপি দানপত্রে যে দানের উল্লেখ হইয়াছে তাহা অশাস্ত্রীয় এবং অসিদ্ধ, কেননা দৃষ্ট হইতেছে যে (মৃত) রাজার দুই মাতুল পুত্রের সম্মতি লওয়া হয় নাই, ও যে উত্তরাধিকারিরা স্বত্ব ত্যাগপত্র লিখিয়া দিয়াছে তাহাদের সহি ঐ দানপত্রে নাই; শাস্ত্রের বিধানানুসারে মৃত ধনস্বামির শ্রাদ্ধাদি নিমিত্ত তদ্ধনের অর্দ্ধেক (বা পরিমিত অংশ) রাখা হয় নাই, শাস্ত্রে কেবল অর্থানুরূপ দান বিহিত হওয়াতে সকল স্থাবর ধন ও গৃহের লওয়াজিমা দান করা শাস্ত্র ও ব্যবহার বিরুদ্ধ, এবং ঐ দানপত্রে রাজার জ্ঞাতির সম্মতি লিখিত নাই। যাহারা স্বেচ্ছাপূর্ব্বক স্বত্বত্যাগ পত্র লিখিয়া দিয়াছে তাহারা তদতিক্রমে বিধিপূর্ব্বক বিষয় দাওয়া করিতে পারে না, কিন্তু যাহারদিগকে বলপূর্ব্বক ঐ দস্তখত করাণ হইয়াছে তাহারা ঐ দলীল মানিতে বাধিত নহে। ও যেহেতু দানপত্রে লিখিত সমুদয় স্থাবর বিষয়ের ও খানগী লওয়াজিমার দান শাস্ত্র বিরুদ্ধ, অতএব তাহাতে রাজা অজিত সিংহের উত্তরাধিকারির যে সম্মতি তাহা কর্ম্মণ্য নহে।

উক্ত আনন্দ লালের বিরুদ্ধে রূপচরণ মহাপাত্রের মকদ্দমায় পণ্ডিতেরা যে ব্যবস্থা দিয়াছেন তাহাতে স্পষ্ট লিখিত হইয়াছে যে আনন্দ লালকে উক্ত রাণী যে দান করেন তাহাতে যদি পতিপক্ষেরা সম্মতি না দিয়া থাকে তবে তাহা নিতান্ত অকিঞ্চিৎ ও অবৈধ; এরূপে যাহা দত্ত হইয়াছে তাহা যেন দত্ত হয় নাই বিবেচনা করিতে হইবে, এবং দেশাধিপতির উচিত যে অসিদ্ধ দানোপলক্ষে যে দ্রব্য গৃহীত হইয়াছে তাহা ফিরিয়া দেওয়ান।

নং ১১৪। ১১ আগষ্ট ১৮১৯ সাল।

## কাশীনাথ বসাক প্রভৃতি—বনাম—হরসুন্দরী দাসী ও কমলমণি দাসী।

১৪, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৫, ২৬, ২৭, ৩৪, ৩৫, ৪১ ৪৩, ও ৪৪ সংখ্যক ব্যবস্থার এবং বক্ষ্যমাণ কতিপয় ব্যবস্থার।

নজীর

সুপ্রীম কোর্টের প্রধানজজ্ ইষ্ট সাহেবের বিচার—১৮১৪ সালের ৫ ডিসেম্বরে এই মকদ্দমার শুনানি হয় তাহাতে আদালত্ আজ্ঞা করেন যে বিশ্বনাথ বসাক (যাহার ত্যক্ত বিষয়াধিকার নিমিত্ত এই মকদ্দমা উপস্থিত) নিঃসন্তান মরাতে, প্রতিবাদিনী হরসুন্দরী দাসী তৎপত্নীত্ব নিমিত্ত স্বত্বে, হিন্দু শাস্ত্র মতে, সমুদয় স্থাবর ধনে যাবজ্জীবন উপভোগাধিকারিণী, ও সমুদয় অস্থাবরধনে নির্ব্যূঢ় স্বত্ববতী। এবং অস্থাবর ধনের হিসাব করিতে মাষ্টরকে আদেশ করেন। তজ্‌বীজ্ সানিতে এবং মুমূর্ষু ব্যক্তির লিখিয়া দেওয়

The Sudder Court was satisfied from the opinion of their law officers in this and several other cases, from the authorities quoted by them, and the rules laid down in the *Da'yabha'ga* (a work of the first authority in the Bengal system of law,) that the consent of the husband's paternal kindred, as being the legal guardians and advisers of the widow (though not in all cases the nearest heirs,) is necessary (except under certain special circumstances) to the validity of an alienation by the widow (even with the consent of the husband's maternal kindred) of any part of the estate devolving to her, on her husband's death. But it appeared in this case that the deed of gift executed by the respondent in favour of A'nanda Lál Khán, had been not only without the consent of her husband's paternal kindred, but in opposition to their remonstrances; that there was no sufficient motive for any gift such as the Hindu law requires in such cases, and that therefore the deed (of gift) under which the appellant claimed to hold the zemindary was void *ab initio.* Under these circumstances, the Court, without taking evidence respecting the authenticity of the deed of relinquishment exhibited, passed a decree, affirming the decision of the Provincial Court, and dismissing the appeal with costs. 31st August 1812. Mohan Lál Khán, appellant, *versus* Rání Shiromani, respondent. S. D. A. R. vol. II. p. 32.

The greater part of the Vyávasthá delivered in this case is, 1st.—On the death of the widow, the survivors being the sons of the Rajá's mother's brothers, the descendants of Lakkhyan Singh (the great grandsire of the great grandfather of Rajá Ajit Singh), and the descendants of Lakkhyan Singh's brother, the sons of his mother's brothers, will be legal heirs, in default of nearer kinsmen; and if the deed of gift executed by the Rání be invalid, they will be entitled to succeed to the zemindary left by Ajit Singh. 2nd.—Although the respondent (the widow,) with full information and free will, may have signed the deed of gift, and in pursuance of that deed, A'nanda Lál the donee, may have obtained possession of the property given, and although the sons of the maternal uncles of Rajá Ajit Singh (who, after the Rání's death, will be entitled to succeed to the estate of her husband) may have voluntarily executed the deed of relinquishment exhibited by the appellant, still the donation specified in the deed of gift is contrary to law, and is not valid; because the consent of two of the Rajá's maternal uncle's sons does not appear to have been obtained; because the deed of gift does not bear the attestation of those heirs who are alleged to have subscribed the deed of relinquishment; because a moiety (or a portion) is not reserved for the obsequies of the deceased proprietor, as the law requires; because a gift of the whole landed estate and household effects is contrary to legal usage, which authorises only suitable gifts in proportion to the wealth of the party; and because the deed of gift does not contain the permission of the Rajá's paternal kindred, who were then and are still living. They who have voluntarily signed the deed of relinquishment, cannot legally claim in opposition thereto; but they who have been compelled, are not bound by it. 3rd.—As the gift specified in the *hebana'mah* for the whole landed estate and household effects is not legal, the assent of the heirs of Rajá Ajit Singh thereto is of no avail.

In an opinion delivered by the Pandits in the case of Rúpcharn Mahápátra *versus* A'nanda Lál Khán abovementioned, it was expressly stated that, if the Rání's gift to the latter was not sanctioned by her husband's family, it is *utterly null and void;* that what has been so given must be considered as not given; and that the restoration of property held under a void gift should be enforced by the ruling power.

No. CXXIV.—11th August 1819.

***Káshí Náth Basák and another v. Hara Sundarí Dásí and Kamal Mani Dásí.***

Case bearing on the vyavasthás Nos. 14, 19, 20, 21, 22, 23, 25, 26, 27, 34, 35, 41, 43, and 44.

Judgment of East, C. J. —— This cause was heard before the Court on the 5th December 1814, when the Court, amongst other things, decreed that Bishwa Náth Basák (the succession to whose property was in litigation in the suit), having died without issue, the defendant, Hara Sundarí Dásí, as his widow, was, by the Hindu law, entitled to an interest for her life in the whole of his immovable or real estate, and to an absolute interest in the whole of his movable or personal estate, and directing an account of the personal estate. There were subsequent proceedings upon a re-hearing and upon a supplemental bill filed for the purpose of establishing certain testamentary papers, the proof of which

কোন দলীল (অর্থাৎ উইল) প্রমাণার্থে তেতম্মা বিল্ ফাইল্ হওয়াতে, পরে আবার রুবকারি হয়। উক্ত দলীল কিছু মাত্র সপ্রমাণ হইল না; মাষ্টর হিসাব করিয়া ১৮১৫ সালের ৭ নবেম্বরে রিপোর্ট করিলেন যে বিশ্বনাথ বসাকের ২৭৪৭০০ মুদ্রার ছয় টাকা সুদী কোম্পানির কাগজ ও অল্পমূল্য আর২ অস্থাবর বিষয় আছে, তাহাতে ১৮১৬ সালের ৮ এপ্রেল তারিখে ঐ সকল টাকা হরসুন্দরীর নামে ট্রান্সফর করিতে হুকুম হইয়া, এক নাতক ডিক্রীহয়। ১৮১৮ সালের ৯ সেপ্টেম্বরে (আবার) সানি তজবীজের প্রার্থনায় বিল ফাইল-হইল, তাহাতে ১৮১৪ সালের ১৫ ডিসেম্বরে হওয়া ডিক্রীর উপর এই দোষারোপ হয় যে মৃত বিশ্বনাথ বসাকের স্ত্রী হরসুন্দরী শাস্ত্রানুসারে পতির অস্থাবর বিষয়ের সমুদয়ে অথবা কোন অংশে নির্বূঢ় স্বত্ব-বতী নয়, তাহাতে তাহার নিজজীবনান্ত পর্য্যন্ত বই অধিকার নাই, তাহাও এমত বিষয়ে শাস্ত্রোক্ত নিয়ম ও নিষেধ সকলের অধীন। ১৮১৬ সালের ৮ এপ্রেলের ডিক্রীতে আর ২ ভ্রম প্রদর্শিত হয়, যথা, হরসুন্দরী দাসী অবীরা, ও সে পুনর্ব্বার বিবাহ করিতে পারে না, বাদিরা তৎপতি বিশ্বনাথ বসাকের দায়াদ ও প্রতি-নিধি হওয়াতে, হরসুন্দরী মরিলে তাহার তাবৎ বিষয় বিভব তাহাদের প্রাপ্য, (অতএব) আক্কৌ-ট্যান্ট-জেনরেলের বহিতে বিশ্বনাথ বসাকের নামে যে কোম্পানির কাগজ ও নগদ টাকাজমা আছে তাহা সামান্যতঃ হরসুন্দরীর নামে ট্রান্সফর্ করিয়া জমা করিবার হুকুমে ডিক্রী করা উচিত হয় নাই, কিন্তু কেবল জীবনান্ত পর্য্যন্ত তাহার জিম্মাদারিতে অথবা তাহার ব্যবহার ও ভোগের নিমিত্তে শাস্ত্রোক্ত নিয়ম ও নিষেধাধীন করিয়া রাখা উচিত ছিল। অপিচ কোন ডিক্রীতে এমত আদেশ হয় নাই যে হরসুন্দরী দাসী বাদিদের সাহিত একত্র বাস করিবে, তাহাদের রক্ষণাবেক্ষণ ও শাসনাধীনা হইয়া থাকিবে; কেননা তাহারা মৃত বিশ্বনাথ বসাকের ভ্রাতা, এবং শাস্ত্রানুসারে ঐ বিধবার রক্ষণাবেক্ষণ করিতে এবং অভিভাবক হইতে তাহারাই অধিকারি।

শেষোক্ত দোষবিষয়ে পণ্ডিতেরা একমত হইয়া উত্তর করিলেন যে বিধবাকে পতিপক্ষের সহিত একত্র বাস করিতেই যে হইবে এমত নহে। বিধবা যদি পতিকুলে বাস না করিয়া ব্যভিচারাভিলাষ বিনা পিতৃকুলে বাস করে, তবে তাহাতে তাহার স্বত্ব লোপ হইবে না। বর্ত্তমান মকদ্দমায় তৎকালীন পিতৃকুলে বাস করিবার বিশিষ্ট কারণ ছিল;—অর্থাৎ তৎকালে ঐ বিধবা বালিকা ছিল, অতএব নিষিদ্ধ কার্য্য করণার্থে কোন ছল করা হয় নাই।

এই মকদ্দমায় গুরুতর বিচার্য্য কথা এই যে—পতি মরিলে পত্নীকে যে অস্থাবর ধন অর্শে তাহাতে তাহার নির্বূঢ় স্বত্ব আছে কিনা? অতএব বিবেচ্য—

পথমতঃ—নিজ স্থাবরাস্থবর ধনে ঐ স্বামির কি স্বত্ব ছিল।

দ্বিতীয়তঃ—হিন্দুদায়শাস্ত্রীয় গ্রন্থকর্ত্তাদের মতে এবং এতদ্দেশীয় ও বিলাতীয় যে সকল ব্যক্তির কথা প্রামাণিক, তাঁহাদের মতে অপুত্র ব্যক্তির মরণে তাহার ধন তৎপত্নীকে অর্শিলে ঐ ধনে তাহার কি রূপ অধিকার।

তৃতীয়তঃ—এ আদালতে যে ২ নিষ্পত্তি হইয়াছে তাহাতে উক্ত বিষয়ের কিপর্য্যন্ত মীমাংসা হইয়াছে।

দায়ভাগে স্পষ্ট বোধ হইতেছে যে কোন হিন্দু স্বোপার্জ্জিত বিষয় তাহা স্থাবর বা অস্থাবর হউক স্বেচ্ছানুসারে দানাদি করিতে পারে। এবং যদ্যপি পিতা পুত্রের মধ্যে পৈতামহ বিষয় বিভাগে পিতা দুই ভাগ বা দ্বিগুণ পর্য্যন্ত লইতে পারেন, তথাপি দায়ভাগের কোন ২ স্থল পাঠে বোধ হইতেছে—ইহা স্বীকৃত হইয়াছে, যে "পিতাকে পৈতামহ বিষয় দান বিক্রয় অথবা পরিত্যাগ করিতে ক্ষমতা আছে"। ১৮০৭ ও ১৮০৮ সালে এই অদালতে নিমাই চরণ মল্লিকের যে মকদ্দমা হয় তাহাতে শ্রীযুক্ত কল্পটন্ সাহেব লিখিয়াছেন—"বিবেচিত হইয়াছে যে যদ্যপি কোন হিন্দু পুত্রগণের অনুমতি বিনা পৈতৃক বিষয় বৈধরূপে দানাদি করিতে পারে না, তথাপি যদি করে তাহা সিদ্ধ হইবে"।

বর্ত্তমান মকদ্দমায় এ আদালতের পণ্ডিতেরা (পাঁচ জন পণ্ডিতের মতের অনৈক্যে) মত দিয়াছেন যে টাকা কিম্বা অন্য অস্থাবর বস্তুবিধবাকর্ত্তৃক অশাস্ত্রীয়রূপে দত্ত হইলে সে দান অসিদ্ধ, এবং ঐ দত্ত বস্তু (তৎ পতির) দায়াদরাই কেবল ফিরিয়া লইতে পারে এমত নহে, কিন্তু সে বিধবাও লইতে পারে। এই ব্যবস্থা সদরীর পণ্ডিতগণের মতের অনৈক্যে দত্ত হয়, তাঁহারা বিবেচনা করেন যে উক্তরূপ দান ঐ বিধবার অনিষ্টে সিদ্ধ কিন্তু তৎ পরে যাহারা অধিকারি তাহাদের অনিষ্টে নয়।

শ্রীযুক্ত হারিন্টন সাহেব ১৮১২ সালে সদর দেওয়ানী আদালতে ভইয়া ঝার মকদ্দমায় যে বিচার পত্র লিখিয়াছেন, তাহা আমি দেখিয়াছি, তাহাতে উক্ত সাহেব রত্নাকর ও বিবাদচিন্তামণি ত্রিহুতে অত্যন্ত প্রামাণিক রূপে প্রচলিত গ্রন্থ বিবেচনা করণান্তে, ঐ গ্রন্থদ্বয়ের ব্যবস্থা তুলিয়া, নিষ্কর্ষরূপে কহিয়াছেন "অত্যন্ত প্রামাণিক গ্রন্থের এইসকল নিকৃষ্ট বাক্যে স্পষ্ট প্রকাশ যে পতির মরণে পত্নীকে অর্শে যে সমুদায়ধন

failed altogether; and upon the account taken before the Master, the personal estate of Bishwa Náth Basák was, on the 7th November 1815, reported by him to amount to Rs. 274,700, in Company's securities at six per cent, together with some other personal estate of small amount. On which an order was made on the 8th April 1816 for transferring those sums to the account of Hara Sundarí, and a final decree passed. A bill of review has been filed (on the 9th September, 1818), assigning for error in the interlocutory decree of the 5th December 1814, that Hara Sundarí, the widow of Bishwa Náth Basák, is not, by the Hindu law, entitled, as declared by that decree, "to an absolute interest in the whole of his movable or personal estate, or any part thereof, nor to any interest in the same, other than for the term of her natural life, subject to the several powers, restrictions, and qualifications, in and by the Hindu law in such case ordained and provided." Other errors are assigned in the decree of the 8th April 1816; that as Hara Sundarí Dasí is a childless widow of a Hindu, and incapable again of contracting wedlock, and the complainants are the next legal heirs and representatives of her deceased husband, Bishwa Náth Basák, and, as such, entitled to the whole of his estates and property on her decease, the Company's securities and cash, standing in the books of the Accountant-General to the credit of Bishwa Náth Basák, ought not to have been decreed to be transferred generally to her credit, but only in trust for her, or for her use and enjoyment, during her natural life, subject to such powers, restrictions, and qualifications, as are by the Hindu law provided. And also for that it is not ordered by either of the said decrees that Hara Sundarí Dásí should abide or reside with and under the care, protection, and guardianship of the complainants, who, as surviving brothers of Bishwa Náth Basák, are alone entitled, by the Hindu law, to the care, guardianship, and protection, of his widow.

Upon the last ground of error the Pandits have uniformly answered that the widow was not bound to live with her husband's relatives. If a widow, from any other cause than for unchaste purposes, cease to reside in her husband's family, and take up her abode in the family of her parents, her right would not be forfeited. Here there was a good cause at the time; viz. the extreme youth of the wife, and no pretence was made of the prohibited cause.

The great question which has been raised is, whether the widow takes the personal estate devolving on her at the death of her husband, absolutely. I shall consider

1st.—What right the husband had over his real and personal estate.

2ndly.—What interest the widow takes in either by devolution, on his death without male issue, according to the text writers on the Hindu law, and other Hindu authorities, either native or British.

3rdly.—How far the decisions which have taken place in this Court have decided the question.

It seems to be clear, from the *Dáyabhága*, that a Hindu may dispose of his self-acquired property, whether real or personal, as he pleases. And although, in partition of ancestral property between a father and his sons, he is limited to take a double, or two shares; yet in some passages (*of Dáyabhága*) it seems to be admitted that "he is competent to sell, give, or abandon the property." In the case of Nimái Charan Mallik in this Court, in 1807 or 1808, Mr. Compton stated that it was considered, that "though a Hindu could not properly dispose of patrimonial estate without the consent of his sons, yet if he do, the disposition is valid."

The Pandits in this case (in which they differed from five of their brethren), declared that a gift of money or other movable property made by the widow other than such as is allowed by law, is invalid, and may be recovered back, not only by the next heir, but by herself, and in which they differed from the Sudder Pandits, who thought the gift valid as against herself, though not against the next heir.

In the MS. judgment of Mr. Harington upon the case of Bhaiyá Jhá, in 1812, in the Sudder Dewanny Adawlut, which I have seen, after observing that the "*Ratnákara* and the *Chintámani* are works of the highest authority in Tirhoot," he concludes, after stating the passages, "From these passages of most undoubted authority it is evident that the widow has power to consume, or to give, or sell, in her life-time, the movables which may have devolved upon her by the death of the husband, but has no power

তাহার অস্থাবর ভাগ সে (পত্নী) ভোগকরিয়া করাইতে কিম্বা দান ও বিক্রয় করিতে পারে, কিন্তু স্থাবর ভাগে যাবজ্জীবন কান্তা অর্থাৎ অনতিব্যয়িনী হইয়া উপভোগ করণের অতিরিক্ত অধিকার নাই। তাহার জীবনান্ত পর্য্যন্ত তদ্রূপ উপভোগানন্তর ঐ ধন তৎ পতির দায়াদগণকে অর্পিবে"। কিন্তু ভইয়া ঝার (উক্ত) মকদ্দমা জের তজবীজ থাকন কালীন শ্রীযুক্ত কোলব্রুক সাহেব ১৮১২ সালের ২৭ ফেব্রুওরি তারিখে শ্রীযুক্ত হারিণ্টন সাহেবকে উক্ত বিষয়ে যে চিঠী লিখেন তাহাতে কহিয়াছেন "উক্ত যে মত তিনি (হরিণ্টন সাহেব) মিথিলা প্রদেশে প্রচলিত বিবেচনা করিয়াছেন তাহা (উক্ত বিষয়ে) প্রচলিত বঙ্গদেশীয় মত হইতে বিভিন্ন; বঙ্গীয় মতে অস্থাবর বিষয়ও দানাদি করিতে পত্নী বারিতা" উপরি উক্ত মকদ্দমায় শ্রীযুক্ত হরিণ্টন নিজ হস্ত লিখিত বিচার পত্রে লিখিয়াছেন যে "ত্রিহুতে রত্নাকর ও বিবাদচিন্তামণি সর্ব্বাপেক্ষা প্রামাণিক রূপে প্রচলিত" এতদ্দ্বারা বোধ হইতেছে—যে তিনি কোলব্রুক সাহেবের কথিত বিভিন্ন মত বঙ্গদেশে প্রচলিত ইহা স্বীকার করিয়াছেন।

অপিচ প্রকাশ যে উক্ত (সদর) আদালতে কর্ম্মকারি অথবা তৎসম্পর্কীয় ব্যক্তিগণের সাধারণ বিবেচনাই এই যে পুত্রহীন পতির মরণে তদ্ধন পত্নীকে অর্শিলে, বঙ্গীয় মতে স্থাবর অস্থাবর উভয়রূপ উক্তধন দানাদি করণে তাহার ক্ষমতার বিশেষ নাই। উক্ত আদালতের যে নিয়মই এই ইহা সর্ব্বদা বিবেচিত হইয়াছে। উক্ত আদালতের দুই পণ্ডিতও উক্ত মত ব্যক্ত কহিয়াছেন, এবং তাঁহারা আমাদিগের পণ্ডিতগণের সহিত আর ২ সকল বিষয়ে একমত, কেবল বিধবা স্থাবর বা অস্থাবর ধন দান করিলে তাহার অনিষ্টেও তাহা সিদ্ধ থাকিবে না এই মত স্বীকার করেন না। (মধুস্মিখিত কএকজন পণ্ডিত ভিন্ন) এই সকল পণ্ডিতের সাধারণ যে মত, তাহা এই মকদ্দমার সওয়াল জওয়াব কালে এই আদালতের পণ্ডিতেরা যে উত্তর দিয়াছেন তাহাতে দৃষ্ট হইবে*। তাঁহারা দায়ভাগ ও দায়তত্ত্ব প্রমাণে নিজ মত প্রকাশ করেন, ও কহেন যে বঙ্গদেশে উক্ত গ্রন্থদ্বয়ে রত্নাকর ও বিবাদচিন্তামণির মত খণ্ডিত হইয়াছে তথাপি শেষোক্ত গ্রন্থদ্বয়ের যে সকল মত দায়ভাগ দায়তত্ত্বে বিরুদ্ধ কথিত হয় নাই তাহা প্রামাণ্য। পরন্তু কহেন বিচার্য্য বিষয়ে রত্নাকর ও বিবাদ চিন্তামণির মত দায়ভাগ ও দায়তত্ত্বে খণ্ডিত হইয়াছে, এবং এই শেষোক্ত গ্রন্থদ্বয়মতে স্থাবর অস্থাবর উভয় রূপ ধনেই বিধবার কেবল যাবজ্জীবন উপভোগাধিকার, এবং পতির পারলৌকিক উপকারার্থে পরিমিত রূপে দানাদি করিতেও অধিকার আছে, কিন্তু ধর্ম্মার্থে নয় এমত ঐহিক কর্ম্মে ব্যয় করিতে পতিপক্ষের সম্মতি বিনা ক্ষমতা নাই।

যে পাঁচ জন পণ্ডিত অন্য পণ্ডিত সকলের বিরুদ্ধ মত প্রকাশ করিয়াছেন, তাঁহারা রত্নাকর ও বিবাদচিন্তামণি প্রমাণে কহেন যে পতিসম্ভ্রান্ত অস্থাবরধনে পত্নীর নির্ব্যূঢ় স্বত্ব, কিন্তু স্থাবরধনে জীবন পর্য্যন্ত (ভোগাধিকার) বই নয়; এবং এই মত দায়ভাগে ও দায়তত্ত্বে খণ্ডিত হওয়া অস্বীকার করিয়া কহেন যে এই গ্রন্থ দ্বয়ের একেতেও এ বিষয় বিশেষ রূপে লিখিত হয় নাই; এবং আপত্তিপূর্ব্বক কহেন যে শেষোক্ত গ্রন্থদ্বয়ানুসারে বিধবাকৃত দান সিদ্ধ, কেবল তাহাতে দাত্রীর প্রত্যবায় হয় মাত্র।

এতাবতা উক্ত বিষয়ের অনুসন্ধান সীমাবদ্ধ হইল; অর্থাৎ—যে দায়ভাগের শাসনাধীন বঙ্গদেশ বলিয়া সকলে স্বীকার করেন, তন্মতে বিধবা কর্ত্তৃক অস্থাবর বস্তুর ইচ্ছাকৃত দানাদি অসিদ্ধ (তাহা হইলে ঐ বস্তুতে তাহার নির্ব্যূঢ় স্বত্ব বলিয়া উক্তি করা যাইতে পারে না), কিম্বা তাহা দানাদি করিতে শাস্ত্রে তাহার সম্পূর্ণ ক্ষমতা আছে, কেবল ঐহিক কর্ম্মে দানাদি করিলে লোকতঃ ধর্ম্মতঃ প্রত্যবায় মাত্র? স্ত্রীধন ভর্ত্তৃদত্ত স্থাবর হইলে তাহাতে তাহার যাবজ্জীবন উপভোগাধিকার, তন্মরণানন্তর তৎপতির দায়াদকে অর্শে, পিতার উত্তরাধিকারিকে অর্শে না; এবং কন্যাকালে পিতামাতা হইতে প্রাপ্ত যে স্থাবরধন তাহা সে নিঃসন্তান মরিলে ভ্রাতাকে অর্শে, এতদ্ভিন্ন আর সকল স্ত্রীধন সে সামান্যতঃ যথেচ্ছা দানাদি করিতে পারে।

জগন্নাথের বিবাদভঙ্গার্ণবে এই মত লিখিত হইয়াছে "যে যদিও আপন ইচ্ছাধীন কার্য্য নিমিত্তে স্থাবর বিষয় হস্তান্তর করিতে বিধবা প্রতিষিদ্ধা হইয়াছে, তথাপি তৎকৃত দান সিদ্ধ হইতে পারে" (বি· ভা· ভা· র· ২য় কোল· ভা· বা· ৩, পৃ· ৪৫৭—৪৬৬)। এই মতের বিরুদ্ধেই বটে, কোলব্রুক সাহেব উক্ত চিঠীতে এ বিষয়ের উল্লেখ করিয়া কহিতেছেন—"অনুশীলন ও অনুসন্ধানে দৃষ্ট হইতেছে যে পূর্ব্বকার প্রসিদ্ধ গ্রন্থকর্ত্তারা কেহই এই মত স্বীকার করেন নাই, এবং সাধারণেরও বিশ্বাস এই যে কোন গ্রন্থলেখকও ইহা স্বীকার করেন নাই। প্রত্যুত উক্ত মত বঙ্গদেশের ভিতরে ও বাহিরে প্রামাণিকরূপে প্রচলিত সকল গ্রন্থের বিরুদ্ধ"।

---

* উক্ত মত সকল সর ফ্রান্সিস মেকনাটন্ সাহেবের (কন্সিডারেশনস্ অন্ দি হিন্দু ল নামক) গ্রন্থে প্রকটিত হইয়াছে. এবং তাহা বক্ষ্যমাণ প্রিবিকৌন্সিলের বিচারপত্রেও ধৃত হইয়াছে।

over the immovables beyond a moderate and frugal enjoyment of them. After her death, the estate, which she enjoyed frugally during her life time, shall pass to the heirs of her husband." Mr. Colebrooke, in his letter of the 27th of February 1812, addressed to Mr. Harington upon the subject of Bhaiyá Jhá's case, then in judgment, says that this doctrine, which he considered to be that of the Mithilá school, is no doubt at variance with the doctrine of the Bengal school, which controls the widow even in the disposal of personal property." And Mr. Harington, in his MS. judgment in the case before referred to, only states "that the *Ratna´kara* and *Chinta´mani* are unquestionably works of the highest authority in Tirhoot;" thereby seeming to admit of a different doctrine in Bengal, as affirmed by Mr. Colebrooke.

It further appears to be the general understanding of the persons acting in, or connected with, that Court, that the widow takes, in Bengal, the same estate, with the same power of disposition over it, in the personalty as in the realty, devolving to her by the death of her husband without sons; and that this has always been considered to be the rule in that Court. The same opinion was communicated by the two Pandits of that Court, who agreed in all points with our Pandits, except as to the invalidity of a gift of movable or immovable property by the widow, as against herself. The general doctrine of all these Pandits (with the exception I have mentioned) is to be found in the answer given by the Court Pandits upon the argument of this case*. They rest their doctrine upon the authority of the *Da´yabha´ga* and *Da´yatatwa*, as overruling, in Bengal, the authority of the *Ratna´kara* and the *Chinta´mani*, not denying the authority of these last mentioned books when uncontradicted or uncensured by the former; but affirming that the *Ratna´kara* and *Chinta´mani* are contradicted and overruled by the *Da´yabha´ga* and *Da´yatatwa* upon the point in judgment; which latter books, they affirm, give only a life interest to the widow in both the real and personal estate, with the power of disposition as to both for the benefit of her husband's soul, observing moderation, but without authority to dispose of either for worldly purposes, unconnected with religious purposes, without the consent of her deceased husband's kinsmen.

The five Pandits, who were opposed to the others, affirm the authority of the *Ratna´kara* and *Chinta´mani* in giving to the widow an independent authority over the movable part of her husband's estate, though not over the fixed property other than for her life; and they deny that this doctrine is contradicted, or declared inadmissible, by the *Da´yabha´ga* or *Da´yatatwa*, in neither of which latter, they say, is the subject particularly noticed; and they contend that, by these last mentioned authorities, the donation of the property by the widow is valid, though they admit that the donor incurs moral guilt by it.

This narrows the inquiry to this point, *viz.* whether the *Da´yabha´ga* (which is admitted by all to be the ruling authority for Bengal) does invalidate the disposal of personal property by the widow at her pleasure (in which case it could not properly be decreed to her absolutely), or whether she has the absolute right of disposition over it by law, however she may incur religious or moral guilt by such disposition for worldly purposes of her own. She may, in general, dispose of *stri´dhana* as she pleases, except immovable property given her by her husband, in which she has only a life interest, and upon her death it descends to his heirs, and not to her own paternal heirs; and except immovable property, given to her by her own parents in her maiden state, which always goes to her brother if she die without issue. (Dá. bhá. Ch. IV. Sec. III. para. 12).

In Jagannátha's Digest (3 Coleb. Dig. 457—466,) an opinion is advanced, that "though a widow is prohibited from conveying away immovable property by her own voluntary act, and for purposes of her own, yet the donation may be valid." It must have been against this doctrine that Mr. Colebrooke, in the letters referred to touching this subject, states, that "it appears, on inquiry and research, not to have been sanctioned by any previous author of note, nor, as is believed, by any writer whomsoever. It is, on the contrary, in opposition to the whole current of authorities, both in and out of Bengal."

---

* The doctrine aforesaid has been published in Sir Francis Managhten's Considerations on the Hindu Law, and quoted in the following judgment of the Privy Council.

"পত্নী হইতে জঘন্যা যে দুহিতা তাহার কৃত দান যদি সিদ্ধ, তবে পত্নীকৃত দান অসিদ্ধ বিবেচিত হইতে পারে না"। জগন্নাথের এই বিবেচনার বিরুদ্ধে কোলব্রুক সাহেব লিখিতেছেন যে—"কন্যা ও মাতা ও পত্নী এই তিনেরই সঙ্কুচিত স্বত্ববাদি জীমূত বাহনের মতে কন্যা পিতার বিষয়াধিকারিণী ও জননী পুত্রের ধনাধিকারিণী হইলে তাঁহারা তাহা দানাদি করিতে প্রতিষিদ্ধা। মাতার অধিকার বিষয়ক মকদ্দমাতে সদর দেওয়ানী আদালত এই প্রকারই বিচার করিয়াছেন"।

অতএব ঐ সকল মতের পরস্পর অত্যন্ত অসঙ্গতি ও বিরোধ দূরীকরণের এবং পরস্পর সমন্বয় করণের উত্তমতর উপায় এইরূপ বিবেচনা করাই দৃষ্ট হইতেছে যে স্থাবর অস্থাবর উভয় ধনেই স্ত্রীর সমগ্র স্বত্ব বর্ত্তে; কেননা পৈতামহধনে পুরুষ অধিকারী হইলে যেমত স্থাবর অস্থাবর মধ্যে বিশেষ করাহইয়াছে, এবং পতি জীবনকালে পত্নীকে যে স্থাবর ধন দান করে তাহা যেমত পতির দায়াদকে নিরাস করিয়া হস্তান্তর করিতে তাহার ক্ষমতা নাই সেইরূপ পতির উত্তরাধিকারিণী রূপে তাহার প্রাপ্ত স্থাবর ও অস্থাবর ধনের মধ্যে (বঙ্গীয় দায় শাস্ত্রীয়) গ্রন্থ সকলে বিশেষ করা যায় নাই *। কিন্তু এইরূপে প্রাপ্ত বিষয় অপহার করিতে শাস্ত্র তাহাকে প্রতিষেধ করিয়াছেন, এবং শাস্ত্র সম্মত ও শাস্ত্রোক্ত কার্য্যে ভিন্ন ঐ বিষয় অন্যকার্য্যে দানাদি করিতে তদব্যবধান পরবর্ত্তি (তৎ স্বামির) পুং দায়াদের অনুমতি ব্যতিরেকে পারে না। যদিও নীতি ও ধর্ম্মশাস্ত্র তাহাকে আদেশ করিতেছেন যে উক্তরূপ অধিকৃত বিষয় ক্ষান্তা হইয়া উপভোগ করিবে, এবং যে রূপে দেহ যাত্রা নির্ব্বাহ করিতে হইবে তাহার পরামর্শ পতিপক্ষ হইতে গ্রহণ করিবে, তথাপি তৎ পরামর্শ গ্রহণ না করিলে ও তদনুসারে না চলিলে যে শাস্ত্রতঃ অধিকারিণী হইবে এমত নহে।

কারফরমার মকদ্দমা নিষ্পত্তির পূর্ব্বে উক্ত কথার নিষ্পত্তি হইয়াছে এমত কথিত হয় নাই। কারফরমার মকদ্দমা ১৮১২ সালে এই আদালত কর্ত্তৃক নিষ্পন্ন হয়। তৎ পূর্ব্বে পতির স্থাবর ও অস্থাবর ধনের ডিক্রী সাধারণরূপে বিধবাকে দত্ত হইত, দুই প্রকার ধনের মধ্যে কোন বিশেষ করা যাইত না, অথবা ডিক্রীতে দুই প্রকার বিষয়াধিকারের সীমা লিখিত হইত না। প্রথম যে মকদ্দমায় বিধবা স্থাবর বস্তুতে যাবজ্জীবন ভোগাধিকারিণী ও অস্থাবর বস্তুতে নির্ব্যূঢ় স্বত্ববতী বলিয়া ডিক্রী দেওয়া যায় সে ঐ মকদ্দমা। বাদী ঈশ্বর চন্দ্র কারফরমা ও নারায়ণী দাসী হিসাব ও অংশের নিমিত্তে গোবিন্দ চন্দ্র কারফরমা প্রভৃতির বিরুদ্ধে বিল ফাইল করে, এই মকদ্দমায় আদেশ হয় যে মৃত সুরত চন্দ্রের পত্নী রামমণি বিভাগে দুই ভাগ পাইতে যোগ্যা,—এক ভাগ পত্নীত্ব সূত্রে এবং অন্য ভাগ পতির মরণের পর মৃত যে পুত্র তাহার অংশ বলিয়া; এবং উক্ত ডিক্রীর ন্যায় তাহার পক্ষে এইরূপে ডিক্রীহয় যে সে স্থাবর বিষয়ে যাবজ্জীবন ভোগাধিকারিণী, অস্থাবর বিষয়ে নির্ব্যূঢ় স্বত্ববতী। কথিত হইয়াছে যে অনেক বিবেচনা, ও বাদানুবাদের পরে এ আদালতের পণ্ডিতদিগের ব্যবস্থানুসারে ঐ নিষ্পত্তি হয়। ঐ নিষ্পত্তি দৃষ্টে আপাতত বোধহয় যে আদালত স্পষ্টতঃ রত্নাকর ও বিবাদচিন্তামণির মত বঙ্গদেশে খাটাইয়াছেন। কিন্তু ঐ মকদ্দমা শুদ্ধ অধিকারবিষয়ক নাহইয়া বিভাগ বিষয়ক হওয়াতে স্থাবরাস্থাবর ধনের মধ্যে এই প্রভেদ করা হইয়াছে, এবং আমাদের পণ্ডিতগণ যে মত দিয়াছেন তাহা ঐ প্রভেদের পোষক। তাহাতে উক্ত ডিক্রী পত্ন্যধিকার বিষয়ে কোল্‌ব্রুক সাহেবের ও সদর দেওয়ানী আদালতের পণ্ডিতগণের দত্ত মতের অবিরুদ্ধ, অনেক বিবেচনার পর ও চিন্তাপূর্ব্বক অনুসন্ধানের পর স্থির বোধ হইল যে আদালত কারফরমার মকদ্দমা দায়াধিকারবিষয়ক শাস্ত্রানুসারে নিষ্পত্তি করেন নাই, কিন্তু বিভাগবিষয়ক শাস্ত্রানুসারে করিয়াছেন। যে দুই পণ্ডিত উক্ত মকদ্দমাতে ব্যবস্থা দিয়াছিলেন তন্মধ্যে একজন অদ্যাপি নিযুক্ত আছেন; উক্ত বিষয়ে তাঁহাদের প্রতি যে প্রশ্ন করা যায় তাঁহার উত্তর তাহারা এইরূপ দিয়াছেন, যথা—প্রশ্ন ৬। পত্নী পুত্রকৃত পতিধন বিভাগে যে ধন পায় এবং অপুত্র পতির মরণে উত্তরাধিকারিণী রূপে যে ধন পায় এতদুভয়রূপ ধনে পত্নীর একই রূপ স্বত্ব, কি ভিন্নরূপ? তাঁহারা প্রথমে কহিলেন উক্ত উভয়রূপ অধিকারের মধ্যে বিশেষ নাই। কিন্তু তৎক্ষণেই ভ্রম শোধন করিয়া কহিলেন—

উত্তর। এ বিষয়ে ভিন্ন ২ মত আছে। কোন ২ পণ্ডিতের মত এই যে পুত্রকৃত বিভাগে স্ত্রী যে ভাগ পায় তাহা স্ত্রীধন গণ্য, ও তাহাতে তাহার নির্ব্যূঢ় স্বত্ব। দুই প্রকার মত আছে। আমাদের মতই এই যে ঐ ধনকে স্ত্রীধন বিবেচনা করিলেই উত্তম হয়, যেহেতু তাহা পত্নীত্বসূত্রে অধিকৃত ধন নাহইয়া বরং দানপ্রাপ্ত ধনের ন্যায়।

---

* বোধ হইতেছে এ আদালতের পণ্ডিতেরা সপ্তম প্রশ্নের উত্তরে স্থাবর ও অস্থাবর বস্তু অভেদ কহিয়াছেন,—আমিও পত্ন্যধিকৃত স্থাবরাস্থাবর ধনের মধ্যে হিন্দু শাস্ত্রে প্রভেদ দেখিতে পাই না। উক্ত বিষয় বিবেচনা কালে আদালতে পণ্ডিতদিগকে ব্যবস্থা জিজ্ঞাসার পর, অনুসন্ধান দ্বারা উক্ত বিষয় যত উত্তমরূপ জানা যাইতে পারিত তাহা জানিবার নিমিত্তে অনেক পরিশ্রম করিয়াছি, শেষে আমার এই হৃদ্বোধ হইয়াছে যে হিন্দু শাস্ত্রে বিধবার অধিকৃত স্থাবর ও অস্থাবর ধনের মধ্যে কোন বিশেষ করা হয় নাই।

Mr. Colebrooke, in combatting *Jagannátha's* illustration "that the gift by a widow should not be held void, while that made by a daughter, before whom she is a preferable heir, is valid," observes, that "according to JI'MU'TA VA'HANA's doctrine, which extends the restrictions to daughters and mothers, as well as to wives, the daughter is precluded from giving away an estate which comes to her from her father, and the mother, one which comes to her from her sons. It has actually been adjudged by the Sudder Dewanny Adawlut in the case of a mother."

In order, therefore, to avoid gross inconsistencies and contradictions, and yet to reconcile these doctrines with each other, I can find no better way than to consider her as having the entire right of property vested in her, both in the movable and immovable estate; for there is no distinction between them taken in the books in respect of the husband's estate devolving upon her as heir*, as there is in the case of male succession to ancestral property, and as there is, also, in respect of real property given to her by her husband in his life time, which she is declared incapable of alienating from his heirs, as she may alien the personal property so given. But that she is legally prohibited from wasting the property so vested in her, and cannot make away with it except for certain allowable and declared purposes, without the consent of her husbands's next male heir; and further, considering that, even in the use and enjoyment of the property so vested, she is religiously and morally enjoined to use moderation, and to take the advice of her husband's kindred in her manner of living, but is under no legal disability if she do not take or follow such advice.

It is not alleged that there was any decision on the point before the Kárfarmá's case, which was decreed by this Court in November 1812, the form of decrees before that having been to decree to the widow the movable and immovable property of her husband generally, without distinguishing between the two, or stating the quantity of the estate decreed in either: that was the first cause in which the realty was decreed to the widow for life, and the personalty absolutely. The complainants I'shwar Chandra Kárfarmá and Náráyaní Dásí filed their bill for an account and partition against Gobinda Chandra Kárfarmá and others; and in that case Rám Mani who was the widow of Súrat Chandra, was, upon the partition, decreed entitled to two shares, one in her own right as widow and another as heir of her son, who had died after his father; and she was decreed a life estate in the realty, and an absolute in the personalty, as in the present decree. This decision is stated to have been made upon great consideration, after much argument, and in conformity with the opinion of the Court Pandits; and at first sight it appears as if this Court had expressly adopted the doctrine of the *Ratna'kara* and the *Chinta'mani* as applicable directly to Bengal. But the distinction which has been taken, that that was a case of partition, and not of simple succession, supported as that distinction is by the opinion of our own Pandits, which would reconcile that decree with the opinion of Mr. Colebrooke, and with the opinion of the Sudder Dewanny Pandits, upon the doctrine of the widow's succession, has induced me, after much hesitation and anxious investigation, to conclude that the Court decided the Kárfarmá's case upon the ground of partition, and not of simple succession. One of the two Pandits who advised the Court in that case is still in his office; and, to questions put to them upon this point, they have both answered thus:—

6th. Q. Is there any difference in the quantity of interest which a woman takes in property by partition with sons, and that which she takes by the death of her husband without issue?

They first answered; "There is no difference in the interest so taken." But they immediately afterwards corrected themselves, and stated thus:—

A. "There are different opinions on this subject. Some Pandits affirm that property obtained by a woman sharing with her sons is to be considered as *stri'dhana,* separate female property, as her own, over which she has perfect uncontrolled authority. There are opinions both ways. We are of opinion that the most eligible mode would be to consider it *stri'dhana,* it being more in the nature of a gift than what she succeeds to in her own right."

* The Court Pandits indeed, in their answer to the seventh question, seem to put movable and immovable property upon the same footing,—and for my part, so far as a widow is concerned, I have been unable to trace any distinction between them in the Hindu law. I took great pains to come at the best information which was attainable, during the time we were considering this question after having examined the Pandits in court; and I was satisfied at last, that in the case of a widow, there is not any distinction made by the Hindu law, between movable and immovable property in her hands. Macn, Cons. H. L. p. 18.

প্রশ্ন ৭। এই উত্তর স্থাবর অস্থাবর উভয় রূপবিষয়ে সমান রূপে খাটে কি না?

পণ্ডিতেরা প্রথমে উত্তর করিলেন—"ইহা স্থাবরাস্থাবর উভয় রূপ ধনেই সমভাবে খাটে"। কিন্তু পরে তাহাতে এই যোগ করিলেন যে—"পতি পত্নীকে স্থাবর ধন দিলে পত্নী তাহা দানাদি করিতে পারে না"। পত্নী রূপে অথবা মাতৃরূপে কোন স্ত্রী বিভাগে যে ধন প্রাপ্তা হয় তাহা স্ত্রীধনের ন্যায় বিবেচনা করিতে হইবে, এবং ইহা পূর্ব্বেই কথিত হইয়াছে, যে স্ত্রী ধনে সে সম্পূর্ণ স্বত্ববতী হয়, কেবল তাহার স্থাবর ভাগ (পতির জীবনকালে তৎকর্ত্তৃক দত্ত হইলেও), দানাদি করিতে পারে না, তাহা ঐ পত্নীর মৃত্যুর পর পতির উত্তরাধিকারিকে অর্শিবে। অতএব পতির মরণে তাহার যে স্থাবর ধন পত্নীকে অর্শে তাহা দানাদি করিতে অবশ্যই তাহার ক্ষমতা নাই। কারকরমার মকদ্দমাতে এই নিষ্পত্তি হইয়াছে যে পতির ধনবিভাগে পত্নী অথবা মাতৃরূপে স্ত্রী যে ধন প্রাপ্তা হয় তাহা দায়ভাগে স্ত্রীধন বিষয়ে যে বিধান লিখিত হইয়াছে তদনুসারে ব্যবহৃত হইবে.—অর্থাৎ অস্থাবর ধনে নির্ব্যূঢ় স্বত্ববতী, কিন্তু স্থাবর ধনে যাবজ্জীবন উপভোগাধিকারিণী হইবে। এই আদালতে কারফরমার মকদ্দমা নিষ্পত্তি হইবার পূর্ব্বে, অতিঅল্প দিবস হইল সদর দেওয়ানী আদালতে ভইয়া ঝার মকদ্দমা নিষ্পন্ন হয়। এবং (উভয় মকদ্দমাই অস্থাবর ধনে স্ত্রী নির্ব্যূঢ় স্বত্ববতী ও স্থাবর ধনে জীবনপর্য্যন্ত উপভোগাধিকারিণী বলিয়া ডিক্রী হওয়াতে), যে সকল লোক তৎ কালীন এই নিষ্পত্তিদ্বয় শুনিয়াছে তৎ স্মরণে তাহাদের মনে এমত ভ্রম হইতে পারে যে রত্নাকর ও বিবাদচিন্তামণির মত সামান্যতঃ বঙ্গদেশে চলে। কিন্তু এক্ষণে নিশ্চিত হইল যে ভইয়া ঝার মকদ্দমায় হইয়াছে যে নিষ্পত্তি তাহা ত্রিহুত অঞ্চলস্থ ভূমি বিষয়ক যথায় রত্নাকর ও বিবাদ চিন্তামণির মত প্রচলিত; এবং কারফরমার মকদ্দমায় হইয়াছে যে নিষ্পত্তি তাহা বিভাগ বিষয়ক, বিভাগে দায়ভাগের যে মত সে উক্ত গ্রন্থদ্বয়ের মতের সহিত ফলে এক। অতএব দুই বিভিন্ন মকদ্দমাতে হইয়াছে যে ভিন্ন ২ নিষ্পত্তি তাহা অসঙ্গত হইবে না, এবং দুই আদালতের মত ও পরস্পর বিরোধি হইবে না।

তৎ পরে ১৮১৩ সালের ৭ আগষ্টে চূড়ান্তরূপে নিষ্পন্ন গুরুপ্রসাদ বসু প্রভৃতির বিরুদ্ধে শিবচন্দ্র বসুর মকদ্দমাও বিভাগ বিষয়ক* অতএব তাহাতেও উক্ত হেতুবাদ প্রযুজ্য। রামমোহন গুপ্তের বিরুদ্ধে মৃত মদনমোহন গুপ্তের পত্নী শ্রীমতী জগমোহিণী দাসীর মকদ্দমা ১৮১৪ সালের ২৩ জুনে ডিক্রী হয়, এবং জগন্নাথ ঠাকুরের বিরুদ্ধে জুপদ বিধবার মকদ্দমা ১৮১৬ সালের ৭ ফেব্রুওরিতে ডিক্রী হয়; এই দুই মকদ্দমার নিষ্পত্তিতে উক্ত হেতু দর্শান যাইতে পারে না। কিন্তু এই সকল মকদ্দমা কৌন্‌লির বাদানুবাদ বিনা নিষ্পত্তি হয়, কেবল এই বিবেচনায় যে বিচার্য্য কথার নিষ্পত্তি ইতি পূর্ব্বে পরিষ্কার রূপে এই আদালতে হইয়াছে, এক্ষণে বোধ হইতেছে যে কারফরমার মকদ্দমার নিষ্পত্তি অযথা রূপে বুঝাতে এবং ভইয়া ঝার মকদ্দমায় হওয়া নিষ্পত্তি অযথা রূপে স্মরণে তাহার সহিত গোল মালে উক্ত রূপ বিচার হইয়াছে।

এই সমুদয়ের ফল এই যে রত্নাকর ও বিবাদ চিন্তামণির বিধান যদি বঙ্গদেশে উক্ত বিষয়ে না খাটে তবে যে রূপ ডিক্রী হইয়াছে তাহা ভ্রমময়, পরন্তু সদর দেওয়নী আদালতের ও আমারদিগের পণ্ডিতগণ যে সাধারণ ব্যবস্থা দিয়াছেন তাহা কোলব্রুক সাহেবের প্রামাণিক মতেরদ্বারা দৃঢ়ীকৃত হইয়াছে, এবং সদর দেওয়ানী আদালতে নিষ্পন্ন ভইয়া ঝার মকদ্দমায় এবং ত্রিহুত অঞ্চলস্থ আর ২ মকদ্দমায়—ঐ সকল মকদ্দমা ত্রিহুতীয় এই বিশেষ কারণে,—উক্ত গ্রন্থদ্বয়ের মতানুসারে নিষ্পন্ন হওয়াতে, ফলতঃ তদ্দ্বারাও উক্ত ব্যবস্থা দৃঢ়ীকৃত হইয়াছে, ঐ ব্যবস্থাতে বোধ হইতেছে যে বঙ্গদেশ দায়ভাগ শাসনাধীন হওয়াতে এবং উক্ত গ্রন্থদ্বয়ের মত দায়ভাগের বিপরীত হওয়াতে তাহা এতদ্দেশে চলেনা। এবং উপলব্ধি হইতেছে যে দায়ভাগে পত্ন্যধিকৃত ধনের স্থাবরাস্থাবর মধ্যে কোন বিশেষ করেন নাই, কিন্তু সমুদয় ধন কোন কার্য্যার্থে তাহাকে দত্ত হওয়া এবং অন্য কারণে দানাদি করিতে সে প্রতিষিদ্ধা হওয়া জানা যাইতেছে,—অতএব শাস্ত্রানুমত কার্য্যে স্থাবরধনে যাবজ্জীবন উপভোগাধিকারাপেক্ষা অধিক অধিকার তাহার থাকা মানিতে হইবে, এবং আর ২ কার্য্যে অস্থাবর ধনে নির্ব্যূঢ় স্বত্ব হইতে ন্যূন স্বত্ববতী তাহাকে কহিতে হইবে। এমত হইলে যে রূপ ডিক্রী হইয়াছে তাহা টিকিতে পারে না। শেষে কেমত বিশেষ রূপে ডিক্রী লিখা যাইবে তাহা না বলিয়া এক্ষেণে কেবল ডিমরর অগ্রাহ্য করাই যথেষ্ট বিবেচিত হইল।

শেষে যে ডিক্রী হয় তাহা নিম্ন প্রকটিত প্রিবিকৌনসিলের বিচার পত্রে দ্রষ্টব্য।

সর্ এডওয়ার্ড হাইড্ ইষ্ট্ সাহেবের নোট্—এই ডিক্রীর অসম্মতিতে আপীল হয়, এবং ডিক্রী হওয়ার পর অবিলম্বে আদালতে এক দরখাস্ত এই প্রার্থনায় দাখিল হয় যে মাষ্টরের হস্তে যে অস্থাবর ধন আছে এবং টাকার যে সুদ জমিয়াছে তৎ সমুদয় উক্ত বিধবাকে দিতে আদেশ হয়।

তাহাতে অব্যবহিত উত্তরাধিকারি কাশীনাথের পক্ষে এবং কমল মণির পক্ষে আপত্তি করা হইল।

* দ্রষ্টব্য—মেক্. কন্. হি. ল. পৃ. ৬৯।

7th. **Q. Does this answer apply equally to movable and immovable property ?**

They first answered, "It applies equally to both movable and immovable property." But then they added, "Fixed property given by a husband to a wife is not alienable by her." Now if the estate which a woman receives on partition, either as a widow or as a mother, is to be considered as in the nature of *Strídhana*, it has been already shewn that she takes it absolutely, but cannot alien the real estate, though given to her by her husband in his lifetime, but that after her death it shall go to his heirs: *a fortiori*, therefore, she could not alien his real property, which simply devolved upon her at his death. The Kárfarmá's case has decided that the estate, which both a widow and a mother takes in the property of her husband on partition, follows the rule which is expressly given by the *Dáyabhága* as to *Strídhana*, namely, that she takes the personalty absolutely, but the realty only for life. The decision of the Sudder Dewanny Adawlut in Bhaiyá Jhá's case took place very recently, before the decision of this Court in the Kárfarmá's case; and it is not improbable that the recollection of the two decisions (by both of which the personalty was given to the widow absolutely, and the realty for life only) might be blended together, so as to leave an impression upon the minds of those who heard of them at that time that the doctrine of *Ratnákara* and the *Chintámani* was applied generally to Bengal. But when it is now ascertained that the one decision was made in respect of lands in Tirhoot, where those books give the rule; and that the other was made in a case of partition, where the *Dáyabhága* gives the same result, though by a different rule; the variant conclusions in the different cases will not be inconsistent, nor the doctrine of the two courts contradictory.

The next case, that of Shib Chandra Basu (Bose) *versus* Guru Prasád Basu and others, decreed finally on the 7th August 1813, was also a case of partition,* and is therefore capable of receiving the same answer. To the two other cases which here occurred, the one of Srímatí Jagamohiní Dásí widow of Madan Mohan Gupta *versus* Rám Mohan Gupta, decreed on the 23rd June 1814, and the other of Jupada Raur, *versus* Jagan Náth Thákur, decreed on the 7th February 1816, the same answer cannot be given. But those cases passed without argument at the bar, upon a full understanding that the point had been before expressly decided by this Court, upon the misunderstanding, as it now appears, of the Kárfarmá's case, or the misblending and misrecollection of that with Bhaiyá Jhá's case.

The result, then, of the whole is this, that unless the authority of the *Ratnákara* and *Chintámani* are to give the rule on the point in judgment in Bengal, the decree in its present form is erroneous, and it appears, by the general opinion of the Pandits of the Sudder Dewanny Adawlut, and of our own, supported by the authority of Mr. Colebrooke, and in effect by the decisions in the Sudder Dewanny Adawlut, in Bhaiyá Jhá's case, and other cases, where the doctrine of those books has been applied to cases on the specific ground of their arising in Tirhoot, that the same doctrine does not apply to Bengal, being in opposition to the doctrine of the *Dáyabhága*, which is the ruling authority in the province, and it seems that, by the *Dáyabhága*, no distinction is taken between the realty and personalty as to the quantum of the widow's estate, but the whole appears to be given to her absolutely for some purposes, though restricted in her disposition as to others; and therefore she takes more than a life estate in the realty for those allowed purposes, and less than an absolute estate in the personalty for other and different purposes; and if this be so, the decree cannot be supported in its present form. But at present it is sufficient to overrule the demurrer, without specifying the particular form in which the decree may ultimately be drawn up.

The decree passed after this, is to be found in the following judgment of the Privy Council, q. v.

Note by Sir. E. H. East.—There was an appeal against this decree; and, soon after it was pronounced, an application was made to the court to direct the payment over to the widow of the whole of the personal estate in the hands of the Master, together with the accumulation of interest.

This, however, was opposed by the next male heir Káshí Náth Basák and by Kamal Mani.

* See Macn. Cons. H. L., p. 69.

আদালত প্রথমে উভয় পক্ষের মধ্যে ন্যায্য রূপে মিটাইয়া দিতে চেষ্টা করিলেন তাহা বৃথা হওয়াতে, এই আদেশ করিলেন যে যে সুদ জমিয়াছে তাহা বিধবাকে দেওয়া যায়, এই বিবেচনায় যে (মুল ধন যাহা আপীল পর্য্যন্ত আটক রাখা গেল তাহাও যদি আপন দখলে পাইতে অধিকারিণী না হয় তথাপি) তাহার সম্ভ্রম ও সম্পত্তির প্রতি দৃষ্টিকরিয়া যে জীবিকা সংস্থাপন যোগ্য হয় তাহা হইতে ঐ সুদ অধিক হয় নাই। এবং ঐ বিধবার কৌন্‌সিলকে ডিক্রী দস্তখত হওয়ার পর চেম্বরে কোন এক জজের নিকট মুল ধন পাইবার নিমিত্তে আবেদন করিতে এখ্‌তার দিলেন। কিন্তু অবশেষে আপীলের অনুরোধে মুল ধন আটক রাখা হইল। কেবল তাহা হইতে কোন ২ খরচা দেওয়া গেল। সু. কো. ইষ্টস্‌নোটস্‌ নং ১২৪। মর্লির ডাইজেষ্ট্‌ বা.২, পৃ. ১৭৮—২২০।

বিচার—

শ্রীল শ্রীযুক্ত বাদসাহের মহা মান্য প্রিবিকৌন্‌সিল (নামক) সভায় নিষ্পন্ন,
২৪ জুন ১৮২৬ সাল।

কাশীনাথ বসাক ও রমানাথ বসাক ...... ...... ... আপিলাণ্ট
হরসুন্দরী দাসী ও কমলমণি দাসী ... ... .. .. ... রেস্পণ্ডেণ্ট

লার্ড্‌ জিফোর্ড্‌—

১৪. ১৯, ২০. ২১, ৩৮ ও আর ২ ব্যবস্থার নজীর

বাঙ্গালার সুপ্রীম্‌ কোর্টের ডিক্রীর নারাজিতে এই আপীল রুজু হয়। মদন মোহন বসাকের তিন পুত্র —বিশ্বনাথ বসাক, ও (প্রতিবাদি) আপিলাণ্টদ্বয়—কাশীনাথবসাক, ও রমানাথ বসাক। বিশ্বনাথ, পিতার উইল অনুসারে তাঁহার ত্যক্ত স্থাবরাস্থাবর বিষয়ের তৃতীয়াংশাধিকারী হইয়া ছিলেন। তিনি ষোল বৎসর বয়ঃক্রমে অপ্রাপ্ত ব্যবহারাবস্থায়, অপ্রাপ্ত ব্যবহারা (হরসুন্দরী নাম্নী) এক পত্নী রাখিয়া নিসসন্তান মরে। তাঁহার মৃত্যুর পর উক্ত বিধবার অত্যন্ত নিকট বন্ধু উদয়চাঁদ বসাকের দ্বারা পতির বিষয় প্রাপ্তি নিমিত্তে এই মকদ্দমা উপস্থিত হয়।

১৮১৪ সালের ডিসেম্বর মাসে সুপ্রীম্‌ কোর্ট এই মকদ্দমার কাগজ পত্র মোলাহেজায় এই ডিক্রী করিলেন যে "বিশ্বনাথ বসাক মরণকালীন ষোল বৎসর বয়স্ক নাবালগ্‌ থাকাতে, হিন্দু শাস্ত্রানুসারে এমত উইল করিতে তাহার ক্ষমতা ছিল না যে মৃত্যুর পর স্বকীয় বিভব প্রতিবাদিদিগকে দত্ত হইতে পারে। এ মকদ্দমায় প্রতিবাদিদের পক্ষে (অ) চিহ্নিত যে কাগজ উপস্থিত হইয়াছে তাহা বিশ্বনাথ বসাকের উইল নয়।" উক্ত আদালত আরো আদেশ করিলেন যে "উক্ত বিশ্বনাথ বসাক ঔরস সন্তানহীন মরাতে, ও বাদিনী তৎপত্নী হওয়াতে হিন্দু (দায়) শাস্ত্রানুসারে, তাহার (অর্থাৎ বিশ্বনাথের) সমুদয় স্থাবর বিষয়ে যাবজ্জীবন উপভোগাধিকারিণী, ও সমুদয় অস্থাবর বিষয়ে নিরূঢ় স্বত্ববতী"।

আপিলাণ্টেরা তজবীজ সানীর দরখাস্ত দাখিল করিয়া উক্ত ডিক্রী ও ১৮১৬ সালের ৮ এপ্রেলে হওয়া ডিক্রীর উপর দোষারোপ করে। সুপ্রীম কোর্টে পুনর্ব্বার মকদ্দমার শুননি হইয়া এই মকদ্দমার যে ২ কথার বিচার আবশ্যক বোধ হয়, তন্মধ্যে হিন্দু শাস্ত্র ঘটিত যে ২ কথা ছিল তদ্বিষয়ে আদালতের পণ্ডিতগণকে ব্যবস্থা জিজ্ঞাসা করা হইল, এবং তাঁহারা পৃষ্ট প্রশ্নের উত্তর দিলে পর, উক্ত সুপ্রীম কোর্ট ১৮১৯ সালের ১১ আগষ্টে ডিক্রী করিলেন যে "১৮১৪ সালের ৫ ডিসেম্বরের ডিক্রী, ও ১৮১৬ সালের ৮ এপ্রেলের ডিক্রী সংশোধন কর্ত্তব্য, হরসুন্দরী দাসী নিজ পতির স্থাবরাস্থাবর ধনাধিকারিণী, (কিন্তু) অপুত্রমৃত ব্যক্তির পত্নীকে শাস্ত্রে যে রূপে পতির ধন অধিকার ও ব্যবহার ও উপভোগ করিতে আদেশ করিয়াছেন, হরসুন্দরী তদ্রূপ করিবে"।

এই ডিক্রীর উপর শ্রীল শ্রীযুক্ত বাদসাহের হুজর কৌন্‌সিলে আপীল হয়, এই মকদ্দমায় যে তকরার তাহা গুরুতর হওয়াতে, (প্রিবিকৌন্‌সিলের) জজেরা এদেশে উক্ত বিষয়ের যত জানিতে পারিতেন তাহা জানিতে চেষ্টা করিয়াছেন। এবং উক্ত বিষয়ের বাদানুবাদে বাঙ্গলার সুপ্রীমকোর্টে যাহা ২ হইয়াছে তাহার যথার্থ লিপি, এবং এই মকদ্দমায় সুপ্রীম কোর্টের প্রধান জজ যে বিচার করিয়াছেন তাহা ইঁহারা অধুনা প্রাপ্ত হইয়াছেন।

এই ডিক্রীতে আপিলাণ্টদের আরোপিত শেষ দোষ বা আপত্তি এই যে কোন ডিক্রীতে এমত আদেশ হয় নাই যে হরসুন্দরী আপিলাণ্টদের সহিত একত্র বাস করিবে, তাহাদের রক্ষণাবেক্ষণে ও শাসনাধীনা হইয়া থাকিবে। আপিলাণ্টেরা বিশ্বনাথ বসাকের ভ্রাতা হওয়াতে শাস্ত্রানুসারে ঐ বিধবার রক্ষণাবেক্ষণ করিতে এবং অভিভাবক হইতে তাহারাই অধিকারি। দৃষ্ট হইতেছে যে পণ্ডিতেরা একমত হইয়া মত দিয়াছেন যথা—

The Court, after ineffectual endeavours to adjust matters equitably between the parties, made an order for the payment to her of the interest accumulated, which they thought not more than adequate to her just allowance for her rank and fortune (supposing she were not also entitled of right to the actual possession of the principal also, which it was thought as well to retain during the appeal); and also gave liberty to her counsel to apply for the possession of the principal to a judge in chambers after the decree was signed. But ultimately the principal sum was retained on account of the appeal, and certain costs were paid out of it. S. C. East's Notes, No. CXXIV. Morley's Digest, vol. II. pp. 198—220.

JUDGMENT—

At a Meeting of Her Majesty's Most Honorable Privy Council:

24th June 1826.

Káshí Náth Basák & Ramá Náth Basák... ... ... ... ... ... Appellants,

Hara Sundarí Dásí and Camal Mani Dásí ... ... ... ... ... ... Respondents.

LORD GIFFORD—

*Case* bearing on the vyavasthás Nos. 14. 19, 20, 21. 38 &c.

This is an appeal against a decree of the Supreme Court of Judicature in Bengal. Bishwa Náth Basák, who was one of the three sons of Madan Mohan Basák, the appellants (Defendants) Káshí Náth Basák and Ramá Náth Basák being the two other sons, under the will of the father was entitled to one third part of the movable and immovable property, of which he died seized. Bishwa Náth died an infant under the age of sixteen, leaving a widow (Hara Sundarí Dásí) also an infant, but without any issue. After the husband's death, the suit was instituted by Udoy Chánd Basák, the next friend of the widow, seeking to have the property belonging to the husband.

This case came on to be heard in the Supreme Court, in the month of December 1814, and they pronounced the following decree: "That Bishwa Náth Basák being, at the time of his death, an infant under the age of sixteen years, could not by the Hindu law make a will, bequeathing his estate and property to the defendants after his death, and that the paper writing exhibited in this case on behalf of the defendants marked with the letter A, is not the will of the said Bishwa Náth Basák;" and the Court did further declare, that the said Bishwa Náth Basák having died without leaving issue of his body, the complainant, as his widow, is by the Hindu law entitled to an interest for her life in the whole of his immovable or real estate, and to an absolute interest in the whole of his movable or personal estate.

A Bill of revivor was filed by the appellant, and errors were asigned (by them) in this decreed and in the decree of 8th April 1816. The suit came on again to be heard in the Supreme Court, and from the questions involved in this cause, at the hearing, the Pandits of the Court were called in and examined as to certain points arising out of the Hindu law; and, after their examination, the Supreme Court, on the 11th August 1819, decreed "That the several decrees of the 5th December 1814, and 8th April 1816, should be rectified, and that the respondent Hara Sundarí Dásí should be declared entitled to the real and personal estate of her husband, to be possessed, used, and enjoyed by her, as a widow of a Hindu husband dying without issue, in the manner prescribed by the Hindu law.

Upon this decree, an appeal was brought before His Majesty in Council, and from the importance of the case, their Lordships have been desirous to obtain all the information they could procure in this country upon the subject. They have been recently favored with a very correct note of what took place in the Supreme Court at Bengal upon the discussion of the question, and with the judgment pronounced by the Chief Justice on the occasion.

With respect to the last supposed ground of error in this decree, which was assigned by the appellants, viz. that it was not ordered by either of the decrees, that Hara Sundarí Dasí should reside with or under the care, protection, and guardianship of the appellants, who, as the surviving brothers of Bishwa Náth Basák, were alone entitled to have the care, protection, and guardianship of his widow; the Pandits appear to be unanimous in the opinion, "that a Hindu widow is not bound to live with her

"বিধবাকে যে পতিপক্ষের সহিত একত্র বাস করিতেই হইবে এমত নহে"। উক্ত বিষয়ে শাস্ত্রের যে মত তাহা বক্ষ্যমাণ অষ্টম প্রশ্নের উত্তরে প্রকাশ পাইবে; দৃষ্ট হইতেছে যে আর যে ২ পণ্ডিত আহূত হইয়াছিলেন তাঁহারাও বক্ষ্যমাণ উত্তরে প্রকাশিত মতে মত দিয়াছেন অর্থাৎ তাঁহারা তাহাতে আপত্তি করেন নাই। পণ্ডিতদিগকে যে প্রশ্ন করা যায়, তাহা এই যে "যদি কোন বিধবা ন্যায্য কারণ বশতঃ পতিকুলে বাস না করে তবে তাহাতে তাহার পতিধনাধিকারের স্বত্ব লোপ হয় কি না?" উত্তর—"যদি কোন বিধবা ব্যভিচারাভিলাষ বিনা অন্য কারণ বশতঃ পতিকুলে বাস করা ত্যাগ করিয়া পিতৃমাতৃকুলে বাস করে, তাহাতে তাহার স্বত্ব লোপ হইবেক না"। বর্ত্তমান মকদ্দমায় হরসুন্দরী যে ব্যভিচারাভিলাষে পতিকুলের আশ্রয় ত্যাগ করিয়া স্থানান্তরে বাস করিয়াছে এমত ওজর করা হয় নাই—সে স্বামির মৃত্যুকালে কেবল ১২ বৎসর বয়স্কা ছিল, ও তাহার ভ্রাতারা বালক ছিল, অতএব স্বামির মৃত্যুর পর তাহারদিগের আশ্রয় হইতে গিয়া আপাতত মাতার সহিত একত্রে তৎকুলে বাস করা শ্রেয় ও লোকতঃ উত্তম বিবেচনা করিয়াছিল। অতএব পণ্ডিতেরা যে উত্তর দিয়াছেন তাহাতে স্পষ্ট প্রকাশ পাইতেছে যে স্বামির ভ্রাতাদের গৃহ হইতে স্থানান্তরে থাকাতে পতির ধনাধিকারে তাহার স্বত্ব লোপ হয় নাই। এবং মাতার আশ্রয়ে থাকিবার নিমিত্তে তাহাদের নিকট হইতে যাইতে নাদিতে জেদ্ করিবার কোন অধিকার তাহাদের নাই। অতএব আপীলের নিমিত্তে উক্ত ওজর অমূলক দৃষ্ট হইতেছে।

নিম্ন আদালতে এবং এই আদালতে বিবাদচিন্তামণি ও বিবাদরত্নাকর এই অত্যন্ত প্রামাণিক গ্রন্থ দ্বয়, এবং দায়ভাগ ও দায়তত্ত্ব নামক দুই গ্রন্থ প্রমাণরূপে উল্লিখিত হইয়াছে। ভারতবর্ষের যে প্রদেশে এই মকদ্দমা উপস্থিত হয়, তাহা অর্থাৎ বঙ্গদেশ শেষোক্ত গ্রন্থ দ্বয়ের শাসনাধীন। কি উক্ত গ্রন্থ দৃষ্টে কি পণ্ডিতদিগের দত্ত ব্যবস্থা দৃষ্টে বোধ হইতেছে সকলেরই মত এই যে পতির ত্যক্ত স্থাবরাস্থাবর বিষয়ে বিধবার যে পর্য্যন্ত ক্ষমতা কেন হউক না সে উভয় রূপ বিষয়ের দখল পাইতে যোগ্য, এবং পতিপক্ষেরা তাহাকে অনধিকারিণী করিতে পারে না।

পণ্ডিত দিগের দত্ত বক্ষ্যমাণ উত্তর কতিপয়ে উক্ত মত দৃঢ়ীকৃত হইতেছে। তাঁহারদিগকে প্রথমে জিজ্ঞাসা করা হয় যে "অপুত্র মৃত কোন ব্যক্তির পত্নী যদি পতির ধনাধিকারিণী হয়, তবে উক্ত ধনের স্থাবর ভাগে তাহার অধিকার কি প্রকার, অস্থাবর ভাগেই বা কি প্রকার?" তাঁহারা তাহাতে উত্তর করেন, যে—"বঙ্গদেশে প্রচলিত দায়ভাগ ও দায়শাস্ত্রীয় আর ২ গ্রন্থে বিধবাধিকৃত স্থাবরাস্থাবর ধনের মধ্যে কোন বিশেষ নাই, সে উভয়রূপ ধনেরই যাবজ্জীবন উপ ভোগে অধিকারিণী"। অনন্তর জিজ্ঞাসা করা গেল যে—"এই রূপে অধিকারিণী পত্নীর স্থাবর অথবা অস্থাবর ধনে নির্ব্যূঢ় স্বত্ব আছে কি না?" (উত্তর) এরূপ ধনে তাহার নির্ব্যূঢ় স্বত্ব নাই, এবং ঐ ধনে তাহার অধিকার অসঙ্কুচিত নয়, সে আপন ক্ষমতা ক্রমে কিছু করিতে পারে না।" (মেক্. কন্. হি. ল. প. ১৩ দ্রষ্টব্য)। প্রশ্ন "এইরূপ অধিকারিণী বিধবা অস্থাবর ধনাধিকারিণী হইলে তাহা দখল পাইতে তাহার অধিকার আছে কি না?" (উত্তর) এইরূপে অধিকারিণী বিধবা অস্থাবর ধনাধিকারিণী হইলে ঐ ধন দখল পাইতে তাহার অধিকার আছে, কিন্তু তাহা উক্তরূপ শাসনাধীন, ঐ শাসন এই যে সে (বিধবা) শাস্ত্র সম্মত নয় এমত দানাদি করিতে প্রবৃত্ত হইলে তৎ পতিপক্ষ তাহাকে নিবারণ করিবেক।" পঞ্চম প্রশ্ন এই যে—"বিধবার দখল হইতে ঐ বিষয় লইতে পতিপক্ষের কোন অধিকার আছে কি না?" উত্তর "তাহারা তাহাকে ঐ ধন হইতে বেদখল করিতে পারে না, কিন্তু তাহারা ঐ ধন ব্যবহার বিষয়ে শাসন করিতে পারে।" ষষ্ঠ প্রশ্ন এই যে—"পত্নী পুত্রকৃত পতিধন বিভাগে যে ধন পায়, এবং অপুত্র পতির মরণে উত্তরাধিকারিণী রূপে যে ধন পায়, এতদুভয়রূপ ধনে পত্নীর একইরূপ স্বত্ব, কি ভিন্নরূপ?" উত্তর। "এবিষয়ে ভিন্ন ২ মত আছে। কোন ২ পণ্ডিতের মত এই যে পুত্রকৃত বিভাগে স্ত্রী যে ভাগ পায় তাহা স্ত্রীধন গণ্য, ও স্ত্রীধনে তাহার নির্ব্যূঢ় স্বত্ব। দুই প্রকার মতই আছে। আমাদের মত এই যে ঐ ধনকে স্ত্রীধন বিবেচনা করিলেই উত্তম হয়, যেহেতু তাহা পত্নীত্ব স্বত্বে অধিকৃত ধন নাহইয়া বরং দান প্রাপ্তধনের ন্যায়। অনন্তর আর চারি জন পণ্ডিতকে মত জিজ্ঞাসা করাগেলে, তাঁহারা উক্ত আদালতের নিযুক্ত পণ্ডিতের মতে মত দিয়াছেন, কেবল এক বিষয়ে—অর্থাৎ পতির স্থাবরাস্থাবর ধনাধিকারে বিধবার ক্ষমতার শীমাবিষয়ে একমত হয়েন নাই, কিন্তু তাহার দখল পাওয়ার বিষয়ে ভিন্ন মত না হইয়া আর ২ পণ্ডিতের মতে মত দিয়াছেন। অতএব সুপ্রীমকোর্টে যে অস্থাবর ধন আছে এবং প্রধানতঃ যাহার নিমিত্তে এই মকদ্দমা উপস্থিত হইয়াছে তাহা যদি সেখানে নাথাকিয়া ঐ বিধবার হস্তে থাকিত তবে হিন্দু শাস্ত্রানুসারে বোধ হইতেছে যে আপিলাণ্টেরা ঐ ধন বিধবার স্থান হইতে লইতে পারিত না।

husband's relatives." I will read the answer to the eighth question put, which will explain what the Hindu law is upon the subject; and in that, it appears, the other Pandits who were called in agreed, or at least, they expressed no objection to the opinion pronounced. The question put is this, "If a widow, for a just cause, ceases to reside with the family of her husband, does she thereby forfeit her right of succession to her deceased husband's estate?" The answer is; "If a widow, from any cause other than unchaste purposes, ceases to reside with her husband's family, and takes up her abode in the family of her parents, her right would not be forfeited." Now, it was not pretended in the case, that she had removed from the protection of her husband's family for unchaste purposes; she was only of the age of 14 years at the death of her husband; his brothers were young men; and she thought it more prudent and decorous, to retire from their protection and live with her mother and her family, after the husband's death: therefore it appears quite clear, from the answers given by the Pandits, that she did not forfeit the right of succession to her husband's estate, on account of removing from the brothers of her late husband; that they had no right to insist upon her not withdrawing from them, in order to put herself under the protection of her mother; and therefore there appears to be no foundation, to that extent, for the appeal.

Now the authorities cited in the Court below, and before your Lordships, were two books of great authority, the *Viva´da Chinta´mani*, and the *Viva´da Ratna´kara*, with two other books, called the *Da´yabha´ga* and the *Da´yatatwa*, said to be the leading authorities in Bengal, in which part of India this question arose. Whether we refer to them or to the opinion delivered by the Pandits, I say, all of these authorities concur in this proposition, that whatever may be the extent of power and control, over the movable or immovable property of the deceased husband, she is entitled to the possession of both, and cannot be deprived of it by the husband's relations.

I will refer to some of the answers of the Pandits which confirm the proposition. They are first asked: "If a Hindu widow succeed to the property of her husband dying without male issue, what interest does she take in his immovable property, and what interest in his movable property?" They say "According to the *Da´yabha´ga* and other Shâstras prevalent in Bengal, there is no distinction in this instance between movable or immovable property; the widow as a life interest in both." They are asked, "Has a widow so succeeding, an absolute interest in the property of her husband, either moveable or immovable?" Answer: "She has not an absolute interest in such property.—She has not an uncontrolled interest in that property. She can do nothing of her own authority." (See Cons. H. L. p. 13). Q. "Has a widow, so succeeding, a right to the possession of the movable property to which she has so succeeded?" A. "The widow, so succeeding, has a right to the possession of the movable property to which she has succeeded, subject to the control before mentioned." That relates to the control on the part of the relations of the husband, if she attempt to dispose of the property in a manner the Hindu law will not allow. The fifth question is, "Have the relatives of the husband any right to take such property out of her possession?" A. "They cannot dispossess her of that property, but they can control her in the use of it." The sixth question—"Is there any difference in the quantity of interest which a woman takes in property by partition between her sons, and that which she takes by death of her husband without issue?" The answer is "There is no difference in the interest so taken. There are different opinions on this subject; some Pandits affirm, that property otained by a woman sharing with her sons, is to be considered as ***stri´dhan*** (separate female property) or her own, over which she has perfect uncontrolled authority; there are opinions both ways.—We are of opinion, that the most eligible mode would be, to consider it ***stri´dhan***, it being more in the nature of a gift, than what she succeeds to in her own right." There were four other Pandits afterwards examined, and they concur in the opinions of the Pandits of the Court, except as to the extent of the dominion which the widow has over the whole of the movable and immovable property; but they concur with respect to the possession: they do not disagree with the other Pandits on the subject of possession. If therefore that part of the personal property in question which was in the Supreme Court and which principally occasioned the litigation, instead of being there, had been in the hands of the widow, the appellants, as it seems, according to the Hindu Laws

পরন্তু এমত আপত্তি করা হইয়াছে যে, অস্থাবর ধনে যদি বিধবার স্বত্ব সঙ্কুচিত তবে উচিত হয় না যে সে তাহার দখল পায়, কিন্তু তাহা ঐ সকল ব্যক্তির নিমিত্তে সাবধানে রক্ষা করা উচিত হয় যাহারা তাহার মৃত্যুর পর তাহা পাইতে কিম্বা শাস্ত্র সম্মত কার্য্যে ঐ ধনের কিয়দংশ ব্যয় হইলে যাহা অবশিষ্ট থাকে তাহা পাইতে অধিকারি হইতে পারে। এই আপত্তির উত্তর এই বোধ হইতেছে যে হিন্দু (দায়) শাস্ত্র এমত নহে, প্রত্যুত শাস্ত্রের বিধান এই যে মৃত ব্যক্তির পত্নী বিনা-বাধায় তাহার ধনাধিকারিণী হইবে; এবং এমত নজীর দর্শান হয় নাই যে শাস্ত্রানুসারে কখনো তাহার স্বত্বের ব্যাঘাত করা হইয়াছে, কিম্বা কোন আদালতে তাহার অধিকারের বিরুদ্ধে বিরোধ উপস্থিত হইয়াছে। অতএব আমরা বিবেচনা করি যে হিন্দু বিধবা হিন্দু শাস্ত্রানুসারে ঐ ধন সম্পূর্ণ রূপে দখল পাইতে যোগ্যা।

আমার প্রথমোল্লিখিত বিবাদচিন্তামণি ও রত্নাকরের মত যদি বঙ্গদেশে প্রচলিত হইত তবে বিধবার অধিকারের কিপর্য্যন্ত সীমা, এবং অধিকৃত ধনে তাহার কি পর্য্যন্ত ক্ষমতা তন্নির্ণয় অতি কঠিন হইত, উক্ত গ্রন্থদ্বয়মতে এমত ডিক্রী হইত যে অস্থাবর ধনে সে নির্ব্যূঢ় স্বত্ববতী ও স্থাবর ধনে যাবজ্জীবন উপভোগাধিকারিণী; কিন্তু পণ্ডিতেরা কহেন যে রত্নাকর ও বিবাদচিন্তামণির মত দায়ভাগে ও দায়তত্ত্বে খণ্ডিত হইয়াছে, শেষোক্ত গ্রন্থদ্বয়ে স্থাবরাস্থাবর ধনমধ্যে কোন প্রভেদ করা হয় নাই, কিন্তু অনেক (শাস্ত্রীয়) কার্য্যে উভয় রূপ ধনেই স্ত্রী নির্ব্যূঢ় স্বত্ববতীর ন্যায় ক্ষমতাবতী। এক্ষণে প্রথম প্রশ্নের উত্তরের দ্বিতীয় ভাগ পঠিতব্য, তাহা পূর্ব্বেও উল্লিখিত হইয়াছে। তৎ প্রশ্ন যথা—"কোন অপুত্র হিন্দুর মরণে তৎ-পত্নী তদ্বিষয়াধিকারিণী হইলে ঐ বিষয়ের স্থাবর ভাগে তাহার কিপ্রকার অধিকার, অস্থাবর ভাগেই বা কিপ্রকার?" উত্তর—"বঙ্গদেশে প্রচলিত দায়ভাগ ও দায়শাস্ত্রীয় আর২ গ্রন্থানুসারে পত্ন্যধিকৃত স্থাবর ও অস্থাবর ধনের মধ্যে বিশেষ নাই; উভয় রূপ ধনেই বিধবা যাবজ্জীবন উপভোগাধিকারিণী; মৃত স্বামির পারলৌকিক উপকারার্থে পতিপক্ষের সম্মতি বিনাও সে তাহা বন্ধকদিতে, দান, বিক্রয় বা অন্য প্রকারে হস্তান্তর করিতে পারে; কিন্তু সে ক্ষান্তা হইয়া এমত করিবে" (আদালতের পণ্ডিতেরা কহেন ক্ষান্তা শব্দে সচরাচর "অনতিব্যয়িনী বুঝায়"; অন্য পণ্ডিতেরা কহেন "ক্ষান্তা অর্থাৎ ভোজনে ও পরিধানে পরিমিতাচারিণী" ব্য. দ. পৃ. ৫৬ দ্রষ্টব্য), "শাস্ত্র সম্মত নয় এমত ঐহিক কর্ম্মে পতিপক্ষের সম্মতি বিনা পতিধন দানাদি করিতে তাহার কোন ক্ষমতা নাই, যদি করে তবে এমত দানাদি অসিদ্ধ"। শাস্ত্র সম্মত কর্ম্ম যথা—"কন্যাকে যৌতুক দান, দেবপূজার মন্দিরাদি নির্ম্মাণ, পুষ্করিণী খনন ও তদ্রূপ কর্ম্ম শাস্ত্র সম্মত কার্য্যমধ্যেগণ্য"। অনন্তর কহেন—"বিধবা পতিপক্ষে দান করিতে পারে; এবং পতির জ্ঞাতির অনুমতি ক্রমে নিজ পিতৃকুলে দান করিতে পারে"। ইহাতে দৃষ্ট হইতেছে না যে পতিপক্ষে দানের নিমিত্তে অনুমতি গ্রহণ আবশ্যক, তাহার পিতৃপরিবারাপেক্ষা পতির জ্ঞাতিরা দানের মুখ্য পাত্র যেহেতু ঐ বিধবা ইহাদের অব্যবধান শাসনাধীনা, এবং ইহাদের মতে চলিতে সে বাধিতা। অনন্তর পণ্ডিতেরা জিজ্ঞাসিত হইলেন যে—'অশাস্ত্রীয় কর্ম্মে যদি বিধবা পতির স্থাবর বিষয় হস্তান্তর করে তবে তদ্রূপ হস্তান্তরকরণ তাহার অনিষ্টে অথবা তৎপতির দায়াদের অনিষ্টে সিদ্ধ কি না; এবং যদি অশাস্ত্রীয় কর্ম্মে পতির অস্থাবর ধন দানকরে তবে ঐ দান তাহার অথবা তৎপতির দায়াদের অনিষ্টে সিদ্ধ কি না? উত্তর "স্থাবর বিষয়ের এরূপ দান তাহার অনিষ্টে সিদ্ধ নয় তৎপতির উত্তরাধিকারির অনিষ্টেও নয়; অস্থাবর ধনেরও এমত দান অসিদ্ধ। স্বামির ধনরূপে যে অলঙ্কার বিধবাকে অর্শে, তাহা যদি শাস্ত্র সম্মত নয় এমত কার্য্যে দত্ত হইয়া থাকে তবে ঐ বিধবা কিম্বা তৎ পতির উত্তরাধিকারিরা তাহা টাকার ন্যায় ফিরিয়া পাইতে পারে *"। তদনন্তর তাঁহারা জিজ্ঞাসিত হইলেন যে—"বিধবা এরূপে মৃত পতির ধনাধিকারিণী হইলে স্থাবর অস্থাবর ধনে তাহার নির্ব্যূঢ় স্বত্ব বর্ত্তে কি না?" (উত্তর) "এইরূপ ধনে তাহার নির্ব্যূঢ় স্বত্ব নাই, সে আপন ক্ষমতায় কিছু করিতে পারে না"। প্রশ্ন "বিধবা এরূপে অধিকারিণী হইলে অধিকৃত অস্থাবর ধন উপরি উক্ত শাসনাধীনে দখলে রাখিতে তাহার অধিকার আছে কি না?" ইহার উত্তর পূর্ব্বেই কথিত হইয়াছে—পণ্ডিতদিগের মত এই যে তাহা দখলে রাখিতে তাহার অধিকার আছে। অনন্তর প্রশ্ন করা হইল যে—"শাস্ত্র সম্মত নয় এমত কর্ম্মে দান করিতে ক্ষমতাবতী হইবার নিমিত্তে পতিপক্ষের সম্মতি আবশ্যক স্থলে পতিপক্ষের মধ্যে কাহার২ সম্মতি আবশ্যক?" (উত্তর) "যাহারা ঐ বিধবার মৃত্যুর অব্যবধান পরেই অধিকারি"। তৎপরে তাঁহারা কহেন (মদুল্লিখিত) "বিবাদ-চিন্তামণি ও বিবাদরত্নাকর বঙ্গদেশে চলিত নয়, মিথিলায় অর্থাৎ বেহার প্রদেশে প্রচলিত, দায়ভাগে ও দায়তত্ত্বে। ও বঙ্গদেশ চলিত আর ২ প্রামাণিক গ্রন্থে বিবাদরত্নাকর ও বিবাদচিন্তামণির যে ২ মত বিরুদ্ধ

* আমার বোধ হয় টাকা বলাতে তাহাদের প্রাপ্য টাকাই অভিপ্রেত হইয়াছে। স্পষ্ট দৃষ্ট হইতেছে যে পণ্ডিতেরা অলঙ্কারের কথা বলাতে এই অভিপ্রেত হইয়াছে যে যদি শাস্ত্রীয় কারণ ভিন্ন অন্য কারণে বিধবাকর্ত্তৃক কোন দ্রব্য দত্ত হইয়া থাকে এবং তাহা যদি নির্দ্দিষ্ট করা যাইতে পারে তবে দায়াদ গ্রহীতা হইতে তাহা ফিরিয়া লইতে পারে।

It has been argued however, that, if she have only a limited interest in the personalty, she ought not to have the possession, but that it ought to be secured for those who may become entitled to it after her death, or what may remain of it after having disposed of any part of that property, in the way she is authorised to do by the Hindu law. But the answer to this argument appears to be this—that is not the Hindu law, but, on the contrary, the widow of the deceased husband is the person who by the law is entrusted with the possession of that property, without restriction; and no case has been produced to shew, that the right has ever been interfered with, according to the Hindu law, or any attempt to dispute it in any court of judicature. We think therefore, that the Hindu widow, by the Hindu law, is entitled to the absolute possession of the property.

With respect to the extent of the widow's interest, and the right of dominion over it, considerable difficulty might arise, if the authority of the books I have first mentioned, the *Chinta´mani* and the *Ratnákara,* prevailed in Bengal. It would seem, that they would warrant the decree, that she was entitled to an absolute right in the movable property, and a life-interest only in the real estate; but the Pandits say, that the authority of the *Ratnákara* and the *Chinta´mani* is overruled by the *Da´yabha´ga* and *Da´yatatwa,* in which no distinction is made between movable and immovable property, that for many purposes she has an absolute interest in both properties. I will now read the other part of the answer to the first question, and to which I before referred. The question is "If a Hindu widow succeed to the property of her husband dying without male issue, what inerest does she take in his immovable property, and what in his movable property?" The answer is, "According to the *Da´yabha´ga* and other Shástras prevalent in Bengal, there is no distinction in this instance between movable and immovable property;—the widow has a life interest in both, and is entitled to the enjoyment of the same, and to dispose of the same by gift, mortgage, sale, or otherwise, for the benefit of her departed husband's soul, even without the consent of her husband's kinsmen; in so doing, she will observe moderation" (the Court-Pandits explained the word moderation, used by them, to mean generally moderation in expenditure; other Pandits, present, say: moderation in diet and clothing. See V. D. p. 57). The court Pandits proceed—"She has no authority whatsoever to dispose of the property by gift, and so forth, for worldly purposes, unconnected with religious purposes, without the consent of her husband's kinsmen; if she does, such act is invalid. Religious purposes include a portion to a daughter, building temples for religious worship, digging tanks, and the like." And then they say. "She may make gifts and donations to the relations of her deceased husband, and with the consent of her husband's kinmen, to her own family." It does not appear that consent is necessary to make gifts and donations to the relations of her deceased husband; the kinsmen of the husband have the priority, with reference to gifts, before her own family, because the widow is under their immediate control, it being incumbent on her to act as they direct. Then they are asked, "If she convey away his immovable property for other than an allowable cause, is such conveyance valid, against herself or the next heir of her husband; and if she give away his movable property for other than an allowable cause, is such gift valid against herself or the next heir of her husband.?" The answer to that is, "Such gift as to immovable property is not valid against herself, or against the next heir of her husband; the same would be invalid as to movable property. Jewels devolving on a widow as part of her husband's estate and given away without allowable cause, could be recovered by her or her husband's heirs the same as money.*" Then they are asked, "Has a widow, so succeeding, an absolute interst in the property of her husband either moveable or immovable?" A. "She has not an absolute interest in such property.—She has not an uncontrolled interest in that property.—She can do nothing of her own authority." Q. "Has a widow, so succeeding, a right to the possession of the movable property to which she has succeeded, subject to the control before mentioned?" I have already stated the answer. They are of opinion, that she has right to the possession. They are then asked, "Where the consent of the husband's kinsmen is necessary to authorize the widow to make gifts, and so forth, for other than religious purposes, who are those kinsmen whose consent is requisite?" A. "Those who are

* This I presume must have meant money due to them. It is evident, I think, when the Pandits spoke of a jewel, they ment to be understood, that if any thing was given by a widow, without allowable canse, it might, if it could be identified, be recovered by the next heir, from the donee.

উক্ত হয় নাই অথবা দোষ দেওয়া যায় নাই তাহাই এদেশে মান্য; উক্ত পণ্ডিতেরা চিন্তামণি ও রত্নাকরের এবং দায়ভাগ ও দায়তত্ত্বের মধ্যে কল্পিত যে বিশেষ তাহার বুনিয়াদে ব্যবস্থা দিয়া তাহা এই মকদ্দমায় খাটাইয়াছেন।

আর চারিজন পণ্ডিতের মত জিজ্ঞাসা করা হয়; আমার বোধ হইতেছে যে আদালতের পণ্ডিতেরা বিধবার যে প্রকার অধিকার নির্দ্দেশ করিয়াছেন উক্ত চারি পণ্ডিত তদপেক্ষা অধিক স্বীকার করেন, ইঁহাদের মত এই যে আদালতের পণ্ডিতেরা যে কার্য্যে দানাদি করিতে বিধবার ক্ষমতা থাকা কহেন, তদতিরেকে ইঁহারা কহেন যে আর ২ কর্ম্মেও দানাদি করিতে তাহার ক্ষমতা আছে, কেননা তাঁহারা কহেন যে এ প্রকার দানাদি করণে অধর্ম্মাচরণ হইলেও ঐ দানাদি সিদ্ধ হইবে। তাঁহারা (আরো) কহেন যে "আদালতের পণ্ডিতদিগের দত্তমতে আমরা এই বিষয়ে অসম্মত, যে দায়ভাগ ও দায়তত্ত্বানুসারে যদিও উক্তরূপ দানে দাত্রীর প্রত্যবায় হয় তথাপি দান সিদ্ধ। আদালতের পণ্ডিতেরা দায়ভাগকে নিজব্যবস্থার প্রমাণ দর্শাইয়াছেন, অতএব আমাদের মত তাঁহাদের মত হইতে ভিন্ন। উক্ত গ্রন্থ অপেক্ষা প্রাচীন গ্রন্থসকল আছে. যাহাতে উপরি উক্ত বিষয় দান অসিদ্ধ কথিত হইয়াছে; প্রাচীন স্মার্ত্তদের মত এই যে যে ব্যক্তির যে ধনে সম্পূর্ণ স্বামিত্ব নাই অথবা অসঙ্কুচিত স্বত্ব নাই তৎকৃত তদ্ধনদান অসিদ্ধ, ইহাতে স্থাবরাস্থাবর ধনের মধ্যে বিশেষ আছে, ইত্যাদি। আমাদিগের মত এই যে, দায়ভাগের মতানুসারে পতিপক্ষের সম্মতি ক্রমে বিধবা ধর্ম্মকর্ম্মে স্বামির ধন দানাদি করিতে পারে, এবং পতিপক্ষের সম্মতি বিনা ধর্ম্মকর্ম্ম ভিন্ন অন্যকর্ম্মে দানাদি করিতে তাহার ক্ষমতা নাই, কিন্তু তথাপি যদি সে করে তবে ঐ দানাদি সিদ্ধ, যেহেতু ঐ ধনে তাহার স্বত্ব বর্ত্তিয়াছে। বাচস্পতি মিশ্র ও চণ্ডেশ্বর কহেন অপুত্রমৃত ব্যক্তির পত্নী ধনাধিকারিণী হইলে, ঐ ধনের স্থাবর ভাগে তাহার নির্ব্যূঢ় স্বত্ব নাই, কিন্তু অস্থাবর ভাগে আছে। উক্ত গ্রন্থদ্বয়ের মত দায়ভাগে ও দায়তত্ত্বে অগ্রাহ্য কথিত না হওয়াতে তাহা এ প্রদেশে ও প্রামাণ্য বিবেচিত হইয়াছে,; কি দায়ভাগে কি দায়তত্ত্বে উক্ত কথা বিশেষ রূপে লিখিত হয় নাই। বিবাদ চিন্তামণি কর্ত্তা—বাচস্পতি মিশ্র, এবং বিবাদরত্নাকর কর্ত্তা—চণ্ডেশ্বর। পরে রঘুরাম শিরোমণি ও কৃষ্ণচন্দ্র বিদ্যালঙ্কার নামক অন্য দুইপণ্ডিতের মত জিজ্ঞাসা করা হয়, যথা—"কল্য আপনাদিগের শ্রুতিগোচরে আদালতের পণ্ডিতেরা দায় শাস্ত্রীয় ভিন্ন ২ বিষয়ে যে মত দিয়াছেন তাহাতে আপনারা সম্মত কি না? যদি আপনকারদের মত ঐ রূপ হয় তবে বলুন, নতুবা কি ২ বিষয়ে আপনাদের ভিন্নমত তাহা ব্যক্ত করুন? তাঁহারা উত্তর করিলেন "কল্য আদালতের পণ্ডিতেরা যে২ ব্যবস্থা দিয়াছেন এক বিষয় ভিন্ন তৎসমুদয় আমাদের মতের সহিত মিলে, অর্থাৎ—কল্য তাঁহারা কহিয়াছেন যে শাস্ত্র সম্মত নয় এমত কার্য্যে বিধবা কৃত স্থাবরাস্থাবর বিষয়ের দানাদি তাহার নিজের অনিষ্টে অথবা তদব্যবধান পর দায়াদের অনিষ্টে সিদ্ধ নয়; এই মতের সহিত আমাদের মত এই অংশে মিলে যে উক্তরূপ দান তৎস্বামির দায়াদের অনিষ্টে অসিদ্ধ, অপরাংশে মিলে না অর্থাৎ অস্মন্মতে ঐ দান ঐ বিধবার অনিষ্টে সিদ্ধ, সে তাহা পুনর্ব্বার দাওয়া করিতে পারে না, কিন্তু দায়াদরা পারে *

এই সকল ভিন্ন২ মতের তাৎপর্য্য, আমাকে এই বোধ হইতেছে তাঁহাদের সকলেরই মতএই যে হরসুন্দরী দাসী সম্পূর্ণরূপে বিষয় দখল পাইতে পারে। কোন ২ কার্য্যে অর্থাৎ শাস্ত্রীয় কার্য্যে ও কন্যার যৌতুকে, ও পতিপক্ষে স্বামির ধন দানাদি করিতে তাহার স্পষ্ট ক্ষমতা আছে, কিন্তু বক্ষ্যমাণ বিষয়ে তাঁহাদের মতের ঐক্য হয় না—অর্থাৎ আদালতের পণ্ডিতেরা কহেন যদি বিধবা পতিপক্ষের সম্মতি বিনা অশাস্ত্রীয় কার্য্যে পতির ধন দানাদি করে তবে তাহা অসিদ্ধ হইবে, অন্য পণ্ডিতেরা কহেন শাস্ত্র সম্মত নয় এমত কার্য্যে দানাদি করিলে যদিও প্রত্যবায় হয় তথাপি ঐ দানাদি পতির দায়াদের অনিষ্টে সিদ্ধ থাকিবে। আদালতের পণ্ডিতদিগের মতের সহিত উক্ত চারিজন পণ্ডিতের মত উক্ত বিষয়ে মিলে না। শেষোক্ত পণ্ডিত চতুষ্টয় রত্নাকর ও বিবাদচিন্তামণির যে মত দায়ভাগে ও দায়তত্ত্বে খণ্ডিত হয় নাই তৎ প্রমাণে ব্যবস্থা দেন।

এই মকদ্দমাতে বিস্তর বিবেচনা এবং উল্লিখিত প্রমাণ সকল প্রণিধান ও বিদেশীয় আদালতে দক্ষতা পূর্ব্বক যে তর্কবিতর্ক করা হইয়াছে তাহা এবং প্রায় তদ্রূপ যে বাদানুবাদ এ আদালতের কৌন্সিলিরা করিয়াছেন তাহা শ্রবন ও বিবেচনান্তে, আমার বোধ হইতেছে যে বাঙ্গালার সুপ্রিম কোর্ট যে মত করিয়াছেন তাহা ন্যায্য, —অর্থাৎ হরসুন্দরী ও তৎপতির ভ্রাতৃগণের মধ্যে বিরোধীয় বস্তুর দখল বিষয়ক বিবাদে, হরসুন্দরী উক্ত

* উক্ত পণ্ডিতেরা ইহা কহিয়া যে—"উক্তরূপ দান তৎ স্বামির দায়াদের অনিষ্টে অসিদ্ধ, কিন্তু ঐ বিধবার অনিষ্টে সিদ্ধ, সে তাহা পুনর্ব্বার দাওয়া করিতে পারে না, কিন্তু দায়াদেরা পারে"—অতিন্যায্য রূপে আদালতে পণ্ডিতের মতের অসম্মত হইয়াছেন।

next immediately to inherit the property after her decease." Then they say, " The *Viva'da Chinta'mani* and *Viva'da Ratna'kara*" (the authorities to which I have alluded) " are not current in Bengal; they are of authority in Mithilá (Behar); the *Viva'da Ratnákara* and the *Vivâda Chinta'mani* are of authority in this country, where uncontradicted and uncensured by the *Dáyabhága* and *Dáyatatwa* and other treatises current in Bengal." And they rest their opinion upon the supposed difference between the *Chinta'mani* and *and Ratna'kara, Da'yabha'ga* and *Da'yatatwa*, as applicable to this case.

The true meaning of the preceding passage is, "that in default of daughters likely to have male issue, daughters who are barren, or widows destitute of male issue, are incompetent to take the inheritance, because they cannot benefit the deceased owner by offering (through the medium of sons) the funeral oblation at solemn obsequies." Zillah Hooghly, July 1st 1822. Ch. I. Sect. 3, Case 9, (pp. 49, 50).

***Cases***
bearing on the vyavastha´
No. 46.

I. A widow died after suing for her husband's property. The Sudder Court pronounced a decree in favour of her daughter. The *vyavashtá* upon which this decree was founded, was:—"'The daughter was the legal heir, if she have a son, or if there be any probability of her having one. Should she die without producing a son, her husband had no claim to the property which should (then) devolve on her father's heirs.—Ráj Chandra Dás *versus* Musst. Dhan Mani—24th May 1824. S. D. A. Rep. vol. III. pp. 361—363.

II. A person named Shiv Náth died leaving a pregnant widow (named Bhagavatí) and an uterine brother named Gobinda Prasád. Subsequently his widow brought forth a daughter who was named Gangá Máyá. The widow then died leaving the daughter who was married long after her death. Subsequently, Gobinda Prasád (brother of the original proprietor) died leaving a son named Krishna Kishore. A few years after

* To be found at page 29 of the *Vyavasthá-Darpana.* † To be found at pages 55 & 59 of the *Vyavasthá-Darpana.*

‡ This should be "grandsire of a son's son" and not "father of a son". See the above text in the Institutes of MANU.

§ The last stanza of MANU. IX. 139.

বন্ধ্যা। গঙ্গামায়াকে দত্তক লইতে অনুমতি দিয়া কাল প্রাপ্ত হয়। বিচার হইল যে গঙ্গামায়া নিজমাতার মরণান্তে যথাশাস্ত্র ধনাধিকারিণী, কিন্তু তাহার অধিকার তাহার জীবনান্ত পর্য্যন্ত, তাহার মরণোত্তর ঐ ধন তৎপিতার ভ্রাতাকে গিয়া অর্শিবে, তাহার (অর্থাৎ গঙ্গামায়ার) দত্তক পুত্রকে অর্শিবে না। গঙ্গামায়া—বনাম—কৃষ্ণ কিশোর চৌধুরী। ১৭ ডিসেম্বর ১৮২১ সাল। স. দ. আ. রি. বা. ৩, পৃ. ১২৮—১৩২।

যে ব্যবস্থার উপর নির্ভর করিয়া উক্ত নিষ্পত্তি হয় তাহার এই মর্ম্ম যে শিবনাথের মরণে তদ্বিষয়ে তাহার পত্নী ভাগিরথীর অধিকার, ভ্রাতা গোবিন্দ প্রসাদের অধিকার নাই, যেহেতু প্রপৌত্র পর্য্যন্ত উত্তরাধিকারি-হীন ব্যক্তি মরিলে তাহার ধন দায় শাস্ত্রানুসারে তৎপত্নীকে অর্শে, ভাগিরথীর মরণে তদধিকৃত পতি সঙ্ক্রান্ত ধন পতির মরণকালীন যে দুহিতা অবিবাহিতা ছিল তাহাকে অর্শিবে, শিবনাথের ভ্রাতাকে অর্শিবে না, কেননা দায় শাস্ত্রানুসারে কুমারী সম্ভাবিতপুত্রা ও পুত্রবতী এই তিন প্রকার দুহিতার মধ্যে পুত্রাদির অভাবে কুমারী অধিকারিণী। কিন্তু পতির অনুমত্যনুসারে গঙ্গামায়া যে দত্তক গ্রহণ করে, গঙ্গামায়ার অধিকৃত সঙ্ক্রান্ত ধনে ঐ দত্তকের কোন অধিকার নাই, যেহেতু দায়ভাগানুসারে দত্তক পুত্র বন্ধুর ধনে অধিকারী নয়, এবং মনুর যে বচনে দত্তক পুত্র অধিকারি মধ্যে গণিত হইয়াছে, কুল্লুক ভট্টলিখিত মন্বর্থমুক্তাবলি নাম্নী টীকায় এবং আরং গ্রন্থকর্ত্তার তদ্বচন ব্যাখ্যায় বোধ হইতেছে যে দত্তক (তদ্গৃহীতার) স্বগোত্র ধনাধিকারী। অতএব মাতার মরণে গঙ্গামায়া যে পিতৃসঙ্ক্রান্ত ধন প্রাপ্ত হইয়াছিল, এবং যাহাতে সে যাবজ্জীবন উপভোগাধিকারিণী মাত্র ছিল, তাহা তৎপিতার ভ্রাতৃপুত্র কৃষ্ণ কিশোরকে অর্শিবে, কেননা শরীরার্দ্ধ স্মৃতা যে পত্নী সে পুত্রহীনা হওয়াতে পতি ধনাধিকারিণী হইলে তাহার মরণান্তে তদধিকৃত ধন তদ্ভর্ত্তার দায়াদকে অর্শে, অতএব পত্নী হইতে জঘন্য দায়াদ যে দুহিতা তাহাকে ধন অর্শিলে, ঐ ধন অবশ্যই তৎপিতার উত্তরাধিকারিকে অর্শে।

### এবং নিম্নে উল্লিখিত দুই মকদ্দমাও দ্রষ্টব্য—

রায় শ্যাম বল্লভ—বনাম—প্রাণকৃষ্ণ ঘোষ, ১৪ জুলাই ১৮২৫ সাল, স. দে আ. রি. বা. ৩, প্. ৩৩। ব্য. দ. পৃ. ৮।

গদাধর শর্ম্মা ও কালিদাস শর্ম্মা—বনাম—অযোধ্যারাম চৌধুরী, ৩০ আক্টোবর ১৭৯৪ সাল। স. দে. আ. রি. বা. ১, পৃ. ৬।

৪৬, ৫৩ ও ৫৪ সংখ্যক ব্যবস্থার **নজীর**

জগত বল্লভের দুই অবিবাহিতা কন্যা সমান রূপে তদ্ধনাধিকারিণী হয়। অনন্তর ঐ কন্যা দ্বয়ের এক জন বিধবা হইয়া নিসন্তান মরিলে, অন্য কন্যা (ঐ মৃত কন্যার পিতার উত্তরাধিকারিণী রূপে) তদধিকৃত ধনাধিকারিণী হইল, তাহার পিতৃব্যের অধিকার হইল না। রায় শ্যামবল্লভ—বনাম—প্রাণকৃষ্ণ ঘোষ, ২৯ মার্চ ১৮৩০ সাল, স. দে. আ. রি. বা. ৫, পৃ. ২১।

২, ৪৫, ও ৪৬ সংখ্যক ব্যবস্থার **নজীর**

(হিন্দু জাতিয়া) কোন বিধবা পতির উত্তরাধিকারিণী রূপে প্রাপ্ত ভূমি সমানাংশে আপন চারি কন্যাকে দান করিয়া দানপত্র এই নিয়মে লিখিয়া দেয় যে তাহার মরণান্তে কন্যারা তাহা দখল করিবে। তন্মধ্যে, দুই কন্যা মাতা বর্ত্তমানেই মরিলে মৃত কন্যাদ্বয়ের একের কন্যা নিজমাতার প্রাপ্য চারি আনা অংশের নিমিত্তে জীবিতা দুই মাসির নামে নালিষ করে।

সদর দেওয়ানী আদালতের জজ (জে ফিগুল ও এফ সি গোড্) সাহেবরা তাবৎ দলীল দস্তাবেজ বিবেচনান্তে রায় দিলেন যে যে দান পত্র বলে বাদিনী বিষয়ের একাংশ দাওয়া করে তাহা অগ্রাহ্য, এবং যেহেতু তাহার মাতা অপূর্ব্বা নিজ মাতা (উক্ত বিধবা) লক্ষ্মী প্রিয়ার জীবনকালে মরাতে তাহার সত্ত্ব সিদ্ধ হয় নাই, এবং যেহেতু বাদিনী আপন মাতার দ্বারা দাওয়া করিতেছে, অতএব তাহার ঐ অংশে দাওয়া নাই। এতবতা তাহার দাওয়া ডিস্মিস্ হইল। মোসম্মাৎ অভয়া প্রভৃতি বনাম ঈশ্বরচন্দ্র গাঙ্গুলি, ২ এপ্রেল ১৮১৯ সাল। স. দে. আ. রি. বা. ২, পৃ. ২৯০।

this, Gangá Máyá's husband died leaving her a barren childless widow, but permitting her to adopt. Held that Gangá Máyá is the lawful heir on the death of her mother, but she (Gangá Máyá) has only a life interest; that on her death, the estate should revert to the son of her father's brother, to the exclusion of her (Gangá Máyá's) adopted son.—Gangá Máyá *versus* Krishna Kishore Choudhurí, 17th December 1821, S. D. A. Rep. Vol. III. pp. 128—132.

The *vyavasthá* upon which the above decision is founded was to the following effect: On the death of Shib Náth, his property belonged of right to his widow Bhágíratí, and not to his brother Gobindprasád; for the estate of him who dies leaving no other heir, down to a great grandson, devolves, by the law of inheritance, on his widow. On the death of Bhágíratí, the estate she had inherited from her husband, should devolve on her daughter, who was unmarried at the time of her husband's death, and not on the brother of Shib Náth, for, by the law of inheritance, of the three descriptions of daughters, that is, the unmarried daughter, the married daughter, whose husband is living, and of whom there is a probability of a son being born, and the daughter who has borne a son, the first mentioned has the best title to the succession in default of other preferable heirs. But the son adopted by Gangá Máyá, by the consent of her husband, has no title to the estate to which she had succeeded, because, according to *Dáyabhága*, an adopted son has no legal claim to the property of a *Bandhu* or cognate, and according to the interpretation of the text of MANU, which admits adopted sons to the right of succession collaterally, the meaning is succession to the property of persons belonging to the same family as the adopting father, as fully appears from the *Manwartha Muktávali* compiled by *Culluca Bhatta* and other authorities. On the death of Gangá Máyá, therefore, the estate left by her father, to which she had succeeded on the death of her mother, and her right to which was limited to a life-interest, should devolve on Kishen Kishore, the brother's son of her husband, because when an estate devolves on a childless widow, who is held to be half the body of her husband, it reverts at her death to the heirs of her husband. So an estate which had devolved on a daughter, who has a weaker claim, should, *á fortiori*, revert to the heirs of her father.

## See also the following cases:—

Ráy Shám Ballabh *versus* Prán Krishna Ghose—4th July 1825, S. D. A. Rep. vol. III. p. 33. and V. D. p. 9.

Gadá Dhar Sarmá, and Káli Dás Sarmá *versus* Ajodhyá Rám Choudhurí—30th October 1794, S. D. A. Rep. Vol. I. p. 6.

**Cases** bearing on the vyavastha' Nos. 46, 53 & 54.

Two maiden daughters of Jagat Ballabh succeeded in to equal shares to his estate. Of these, one dying a childless widow, the other (as heir to the father of the deceased) took the vacant succession in preference to her father's brother's son. Ráy Shám Ballabh *versus* Prán Krishna Ghose—29th March 1830, S. D. A. Rep. Vol. V. page 21.

**Cases** bearing on the vyavastha' Nos. 2, 45 & 46.

A Hindu widow executed a testamentary deed of gift of the landed property which she inherited from her husband, in favour of her four daughters, granting them equal shares of the property to be entered on by them after her death. The daughter of one of the two daughters, who died during the lifetime of the widow, sued the two surviving daughters for a fourth share of the property in right of her deceased mother.

On consideration of all the documents, the Sudder Court (present J. Fendall, and S. T. Goad) were of opinion that the deed of gift, under which the plaintiff claimed a share of the property, was invalid, and that, as the title of her mother Apúrba to the said property had never been completed, from her having died before her mother Lakkhí Priyá (the said widow), the plaintiff who claimed the property through her mother had consequently no right thereto, and accordingly dismissed the claim.—Musst. Abhoyá and another *versus* I'shwar Chandra Gánguli—2nd April 1819, S. D. A. Rep. Vol. II. p. 290.

## দৌহিত্রের অধিকার।

ব্যবস্থা

**৫৬। অধিকারযোগ্যা দুহিতার অভাবে (য) দৌহিত্রের অধিকার *।**

**৫৬। অধিকারযোগ্যা দুহিত্রভাবে (য) দৌহিত্রস্যাধিকারঃ*।**

(য) "দুহিতার অভাব" এই পদ এস্থলে কুমারী পুত্রবতী ও সম্ভাবিত পুত্রা দুহিতার অভাব জ্ঞাপক, যেহেতু বন্ধ্যা ও পুত্রহীন বিধবা দুহিতা থাকিতেও দৌহিত্রের অধিকার দৃষ্ট হইতেছে। (অতএব তাহারদের থাকা না থাকা তুল্য)। দা. ক্র. সং. পৃ. ৫।

(য) অত্র দুহিত্রভাব পদং কুমারী সম্ভাবিত-পুত্রা পুত্রবতী দুহিত্রভাব পরং, বন্ধ্যা পুত্রহীন বিধবা দুহিতৃ সত্বেহপি দৌহিত্রস্যাধিকার দর্শনাৎ।

প্রমাণ

/০ পুত্রিকা কৃতা বা অকৃতা হউক দুহিতা সবর্ণ পতি হইতে যে পুত্র লাভ করে, তদ্বারা মাতামহ পৌত্রী হয়েন, সেই পুত্র তাহার পিণ্ড দিবে ও ধন লইবে †। মনুঃ অ. ৯, ব. ১৩৬।

/০ অকৃতা বা কৃতা বাপি যং বিন্দেৎ সদৃশাৎ সুতং। পৌত্রী মাতামহস্তেন, দদ্যাৎ পিণ্ডং হরেদ্ধনং †। মনুঃ—অ. ৯, ব. ১৬।

৵০ অপুত্র (র) পিতার (ল) ধন সমস্তই দৌহিত্র লইবে। এবং সেই নিজ পিতা ও মাতামহকে পিণ্ড দান করিবে †। মনু—অ. ৯, ব. ১৩২।

৵০ দৌহিত্রোহ্যখিলং ঋক্থমপুত্রস্য (র) পিতুর্হরেৎ (ল)। সএব দদ্যাৎ দ্বৌপিণ্ডৌ পিত্রে মাতামহায়চ †। মনুঃ—অ. ৯, ব. ১৩২।

(র) অপুত্রপদে দুহিতার পর্য্যন্তের অভাববোধ্য নতুবা "পত্নী দুহিতরশ্চৈব" ইত্যাদি যাজ্ঞবল্ক্য বচনের প্রভৃতির বিরোধ হয়। দা. ক্র. সং. পৃ. ৫।

(র) অপুত্রস্যেতি দুহিতৃ পর্য্যন্তাভাবোপলক্ষণং অন্যথা পত্নী দুহিতরশ্চৈবেত্যাদি যাজ্ঞবল্ক্য প্রভৃতি বিরোধঃ স্যাৎ। দা. ক্র. সং. পৃ. ৫।

(ল) এস্থলে **পিতার ধন** এই পদে মাতার পিতার অর্থাৎ মাতামহের ধন বোধ্য। দা. ক্র. সং. পৃ. ৫।

(ল) **পিতুঃ**— মাতুঃ পিতুরিত্যর্থঃ। দা. ক্র. সং. পৃ. ৫।

৶০ (ধর্ম্ম কর্ম্মে) পৌত্র ও দৌহিত্রের মধ্যে বিশেষ নাই, যেহেতু পৌত্রের পিতা ও দৌহিত্রের মাতা উভয়েই ধনির দেহ হইতে জন্ম প্রাপ্ত হইয়াছে †মনু। অ. ৯ ব. ১৩৩।

৶০ পৌত্র দৌহিত্রয়োর্লোকে বিশেষোনাস্তি ধর্ম্মতঃ। তয়োর্হি মাতাপিতরৌ সম্ভূতৌ তস্য দেহতঃ। মনুঃ †। অ. ৯, ব. ১৩৩।

।০ পুত্রপৌত্র (প্রপৌত্র) না থাকিলে দৌহিত্র ধন পাইবে। পূর্ব্ব পুরুষের পিণ্ডাদি দানে পৌত্র দৌহিত্র সমান ‡। বিষ্ণু।

।০ অপুত্রপৌত্রে সংসারে দৌহিত্রা ধনমাপ্নুয়ুঃ। পূর্ব্বেষান্তু স্বধাকারে পৌত্র-দৌহিত্রকাঃ সমাঃ ‡। বিষ্ণুঃ।

।/০ পত্নী দুহিতা ইত্যাদির অধিকার সূচক যাজ্ঞবল্ক্য বচনে দুহিতৃ পদ বহুবচনে ব্যবহৃত হওয়াতেই অদত্তা ও দত্তা দুহিতা ও দৌহিত্রের নির্দ্দেশ হইয়াছে, এবং ক্রমের ব্যতিক্রম নাই। যেমন "স্বর্গ গত অপুত্র" ইত্যাদি বচনে পুত্রপদ পার্ব্বণ পিণ্ডদানে বিশেষ না থাকায় প্রপৌত্র পর্য্যন্তের বোধক, তেমনি দৌহিত্রও পিণ্ডদাতা হওয়াতে দুহিতৃ পদ দৌহিত্র পর্য্যন্তের সূচক §।

।/০ পত্নী দুহিতরশ্চৈবেত্যাদি যাজ্ঞবল্ক্য-বচনে বহু বচনাত্ত দুহিতৃ পদেন কন্যোঢা দৌহিত্রাণাং নির্দ্দিষ্টত্বাৎ ক্রমবিরোধাভাবাৎ। যথা স্বর্য্যাতস্যহ্যপুত্রস্যেতি পুত্রপদং প্রপৌত্র পর্য্যন্ত পরং পিণ্ড দত্বাবিশেষাৎ, তথা দৌহিত্রস্যাপি পিণ্ডদত্বাৎ তৎপর্য্যন্ত পরং দুহিতৃ পদং §।

বিবেচন

মৈথিলেরা "পত্নী দুহিত. শ্চৈব" ইত্যাদি নানা বচনে বোধ্য অধিকারিদিগের সকলের পশ্চাৎ

মৈথিলাস্তু, পত্নী দুহিতরশ্চৈবেত্যাদি নানা বচন বোধ্যাধিকারিণাম সর্ব্বেষাং পশ্চাৎ দৌহিত্রাধিকার

---

* দা. ক্র. সং. পৃ. ৫। দা. ভা. অপু. পৃ. ১৯৯—২০১। দা ত. অপু. পৃ. ৫৪। বি. দা. মী. র. ৮। উ. দা. ক্র. সং. পৃ. ৯। কোল্. দা. ভা. চ্যা. ১১. সেক্. ২, পারা. ১৭৩১৯. পৃ. ১৮৯৩১৯০। কোল্. ডা. বা. ৩, পৃ. ৪২৮। মেক্. হি. ল. বা. ১, চ্যা. ২, পৃ. ২৩৩২৫। এল্. ইন্. পৃ. ৭৭।

† দা. ভা. অপু. পৃ. ২০০। দা. ক্র. সং. পৃ. ৫। দা. ত. অপু. পৃ. ৫৪।

‡ দা. ভা. অপু. পৃ. ২০১। দা ত, পৃ. ৫৪। বি. দা. ভা. মী. র. ৮। এই বচন বিষ্ণু সংহিতায় দৃষ্ট হয় না। কিন্তু স্মার্ত্ত ভট্টাচার্য্য গোবিন্দ রাজের উদ্ধার প্রমাণে দায়তত্বে তুলিয়াছেন।

§ দা. ভা. অপু. পৃ. ২০৩। দা. ত, অপু. প. ৫৩, ৫৪.। বি. দা. ভা. মী. র. ৮।

### DAUGHTER'S SON'S RIGHT OF SUCCESSION.

Vyavastha'

56. On failure of (the qualified) daughter, *(y)* the succession devolves on the daughter's son.*

*(y)* By the expression "on failure of the daughter" is here meant the failure of the maiden daughter, the daughter who has, and the daughter who is likely to have, a son; since the daughter's son inherits notwithstanding the existence of the daughter who is barren or who is a sonless widow.

Authority.

I. By that male child, whom a daughter, whether *kritá* or *akritá*, shall produce from a husband of equal class, the maternal gandfather becomes grandsire of a son's son: let that son offer the oblation-cake and possess the inheritance.† MANU. Ch. IX. V. 136.

II. "Let the daughter's son take the whole estate of the father *(r)* who leaves no son *(l)*; and let him offer funeral oblations;—one to his own father, the other to his maternal grandfather.† MANU. Ch. IX. V. 132.

*(r)* The term "leaving no son" is here used to signify failure of heirs as far as the daughter; otherwise it contradicts the text of JA'GNYAVALKYA: ("The wife, also the daughters," &c.,) and also the texts of other sages. (See W. Dá. Kra. Sang. p. 10.)

*(l)* "Of father"—that is, of the father of the mother. (See W. Dá. Kra. Sang. p. 10.)

III. Between a son's son and the son of a daughter there is no difference in law; since their father and mother both sprung from the body of the same man.† MANU. Ch. IX. V. 133.

IV. If one die leaving neither son nor grandson, the daughter's son shall inherit the estate; for, by consent o all, the son's son and the daughter's son are alike in respect of the celebration of obsequies.‡ VISHNU.

V. The maiden daughter, married daughter, and daughter's son, are all signified by the plural term "daughters" in JA'GNYAVALKYA's text:—"The wife and the daughters, &c." (See V. D. p. 29.) As the word "son," in the phrase "who departed for heaven leaving no son," intends male issue down to the great grandson, since he is equally a giver of oblations; so does the term "daughters" comprehend the daughter's son, for he also is the giver of oblation-cakes.§

Remark.

The followers of the *Mithilá* school assert, that the daughter's son is entitled to the heritage after the whole of the heirs enumerated in the text—"The wife, also the daughter, &c.," and

* W. Da'. Kra. Sang. p. 9.—Coleb. Da'. bha'. Ch. XI. Sect. 2, paras. 17 & 19. pp. 189 & 190.—Coleb. Dig. Vol. III. p. 498. Macn. H. L. Vol. I. Ch. II. p. 23 & 25. Elb. In. p. 77.

† Coleb. Da'. bha'. p. 190.—W. Da'. Kra. Sang. p. 10.—Da'. T. p. 54.

‡ Coleb. Da'. bha'. p. 191. Da'. T. p. 54.—Coleb. Dig. Vol. III. p. 498. This text is not found in the institutes of *Vishnu*. It is cited by RAGHUNANDANA in *Dáyatatwa* as on the authoritity of GOVINDARA'JA's quotation.

§ Coleb. Da'. bha'. p. 192.—Da'. T. pp. 53 & 54. Coleb. Dig. Vol. III. p. 498.

দৌহিত্রের অধিকার নির্দ্দেশ করেন, তাহা ন্যায্য নয়, যে হেতু রাজাও অধিকারি মধ্যে পরিগণিত হওয়াতে এবং রাজার অভাব কদাপি সম্ভব না হওয়াতে, ফলতঃ দৌহিত্রের অনধিকার হইয়া উঠে, এবং তাহা হইলে দৌহিত্রের অধিকার বাচক বচন সমূহ ব্যর্থ হয়*। অতএব বিশ্বরূপ জিতেন্দ্রিয় ভোজদেব ও গোবিন্দ রাজ নির্দ্দিষ্ট করিয়াছেন যে দুহিতার অভাবে দৌহিত্রের অধিকার এই মত মান্য †।

মাহুঃ, তদসত্, রাজ্ঞোহপ্যধিকারিতয়া পরিগণিতত্বাৎ তদভাবস্য কদাপ্যসম্ভবাৎ, ফলতো দৌহিত্রস্যাধিকার প্রতিপাদক বচনানাং নির্ব্বিষয়ত্বাপত্তেঃ *। তস্মাৎ বিশ্বরূপ জিতেন্দ্রিয় ভোজদেব গোবিন্দ রাজৈর্দুহিত্রভাবে দৌহিত্রস্যাধিকারো নিরূপিত আদরণীয়ঃ †।

ব্যবস্থা

৫৭ অনেক দৌহিত্র থাকিলে সকলে মাতামহধন ভাগ করিয়া লইবে। ঐবিভাগ সমান ও তাহাদের নিজ সংখ্যানুসারে হইবে, মাতৃ সংখ্যানুসারে হইবে না ‡।

৫৭ দৌহিত্রাণাম্ বহুত্বে বিভাগঃ কর্ত্তব্যঃ। বিভাগস্তু সমঃ, সচ তেষাং স্বরূপাপেক্ষয়া, নতু মাত্রনুসারেণ ‡।

উদাহরণ

যথা—যদি ধনির এক কন্যার দুই পুত্র থাকে অন্য কন্যার তিন, তবে সমান পাঁচ ভাগ কর্ত্তব্য। দুই ভাগ করিয়া প্রত্যেক কন্যার পুত্রেরা মাতার অনুসারে এক ভাগ লইয়া তাহা পুনর্ব্বার স্ব২ সংখ্যানুসারে ভাগ করিতে হইবেনা যেহেতু সেরূপ বিভাগের রীতি কেবল পৌত্র গণের মধ্যে কথিত আছে, এবং পৌত্র গণের পরস্পর বিভাগে ও দৌহিত্র গণের পরস্পর বিভাগে যুক্তিও তুল্য নয় বি. দা. দী. র. ৮।

যথা—একস্যা দ্বৌ পুত্রৌ অপরস্যাশ্চ এয়ঃ পুত্রাস্তত্র পঞ্চ ভাগা এব সমানাঃ কর্ত্তব্যাঃ নতু ভাগদ্বয়ং কৃত্বা একৈকং ভাগং পুনর্ব্বিভজেয়ুঃ। তাদৃশরীতেঃ পৌত্র বিভাগ এব বাচনিকত্বাৎ যুক্তিশ্চাপি ন তুল্যা। বি. দা. ভা. দী. র. ৮।

ব্যবস্থা

৫৮ মাতামহের ধন প্রাপ্ত হইয়া দৌহিত্র মরিলে তৎ সংক্রান্তধনে তাহার পুত্রাদি অধিকারী হইবে—যেহেতু তাহা তখন তাহাদের পিতৃধন হইল, ঐ মৃত দৌহিত্রের মাতামহ দায়াদেরা পাইবে না §।

৫৮ অত্র গৃহীত মাতামহদায়স্য দৌহিত্রস্যোপরমে তত্ পুত্রাদিস্তৎ সংক্রান্ত ধনমধিকরোতি—পিতৃধনত্বাৎ, নতু মাতামহস্য দায়াদাঃ §।

ব্যবস্থা

৫৯ দুহিতার দত্তক মাতামহধনে অধিকারী নয়।

৫৯ দুহিতুর্দত্তকো মাতামহধনে নাধিকারী।

প্রমাণ

/০ সংখ ও লিখিত—অপবিদ্ধ, সহোঢ়জ, দত্তক, ক্রীত, শূদ্রাপুত্র, ও স্বয়ং দত্ত এই ছয় (প্রকার) পুত্র বন্ধুদায়াদ নয়। ঔরস, ক্ষেত্রজ, পৌনর্ভব, পুত্রিকা কানীন, ও গূঢ়োৎপন্ন এই ছয় প্রকার পুত্র বন্ধু দায়াদ।

সংখ লিখিতৌ—অপবিদ্ধঃ সহোঢ়ো দত্তঃ ক্রীতঃ শূদ্রাপুত্রঃ উপগতশ্চ স্বয়মিত্যদায়াদাঃ ষড়েব পুত্রাঃ। ঔরস, ক্ষেত্রজঃ, পৌনর্ভবঃ, পুত্রিকাঃ, কানীনো, গূঢ়োৎপন্নশ্চেতি ষট্ বন্ধু দায়াদাঃ।

৵০ যম—তত্ত্বদর্শি মুনিরা দ্বাদশ প্রকার পুত্র কহিয়াছেন।—তন্মধ্যে ছয় বন্ধু ও দায়াদ, ছয় বন্ধু কিন্তু দায়াদ নয়।—প্রথম ঔরস, দ্বিতীয় ক্ষেত্রজ, তৃতীয় পুত্রিকাপুত্র, ইহা ধর্ম্মজ্ঞগণকর্ত্তৃক কথিত হইয়াছে। চতুর্থ পৌনর্ভব, পঞ্চম—কানীন, ও ভর্ত্তৃগৃহে গূঢ়োৎপন্ন

যমঃ—পুত্রাস্তু দ্বাদশ প্রোক্তা মুনিভিস্তত্ত্বদর্শিভিঃ। তেষাং ষড় বন্ধু দায়াদাঃ ষড়দায়াদ বান্ধবাঃ।—স্বয়মুৎপাদিতস্ত্বেকঃ, দ্বিতীয়ঃ ক্ষেত্রজঃস্মৃতঃ। তৃতীয়ঃ পুত্রিকাপুত্র ইতি ধর্ম্মবিদোবিদুঃ। পৌনর্ভবশ্চতুর্থস্তু কানীনশ্চৈব পঞ্চমঃ। গৃহেচ গূঢ়উৎপন্ন ষড়েতে

* দা. ক্র. সং. পৃ. ৫। † দা. ভা. অপু. পৃ. ২০৩।

‡ বি. দা. ভা. দী. র. ৮। কোল্. ডা. বা. ৩. পৃ. ৫০১। মেক্. হি. ল. বা. ১, চ্যা. ২, পৃ. ২৩, ও ২৫।

§ বি. দা. ভা. দী. র. ৮। কোল্. ডা. বা. ৩, পৃ. ৫০২।

several other texts. This is wrong; for since a series of heirs is recounted ending with the king, whose failure never occurs, it must necessarily result, that the daughter's son could not obtain the inheritance at all, and the texts declaratory of his right would then be irrelevant.*

Therefore the succession of the daughter's son, on failure of daughters, as affirmed by VISHWARU'PA, JITENDRIYA, BHOJADEVA, and GOVINDARA'JA, should be respected.†

57. If the daughter's sons be numerous, a distribution must be made: the shares shall be equal and inherited *per capita* and not *per stirpes*.‡ Vyavastha'

For instance.—If there be two sons of one daughter, and three of another, five equal shares must be allotted, they shall not first divide the estate into two parts, and afterwards allot one share to each; for such a mode of distribution is only ordained in partition among the sons of sons: and the reasoning is not equal, for, a son's son, whose own father is dead, receives a share from his uncle; but the daughter's son, whose mother is deceased, does not receive a share from his mother's sister. Coleb. Dig. Vol. III. p. 501. Example.

58. On the death of a daughter's son, who has received the heritage of his maternal grandfather, his own son or other heir takes the estate inherited by him, because it had become the property of their ancestor; and not the heirs of the maternal grandfather.§ Vyavastha'

59. The daughter's *dattaka* son is not entitled to inherit her father's estate. Vyavastha'

I. SANKHA and LICKHITA:—A son rejected (by his father or mother), the son of a pregnant bride, a *dattaka* or a son given (by his maternal parents), a son bought, a son by a *shúdrá*, and a son self-given: these six sons are not heirs (to collaterals). The son begotten in lawful wedlock, the son of a wife begotten (by a kinsman), the son of an appointed daughter, the son by a woman twice married, the son of a young woman unmarried, and a son of concealed birth, are six kinsmen and heirs. Authority.

II. YAMA or JA'MA:—Twelve sons are named by sages, who know the principles of things: among these sons, six are kinsmen and heirs; six not heirs, but kinsmen: The first is declared to be the son begotten by a man himself (in lawful wedlock); the second, a son begotten on his wife (by a kinsman); the third is the son of an appointed daughter: thus have the learned declared the law. The fourth is a son by a twice married woman; the fifth, a son by an unmarried girl; the sixth, a son of concealed birth in the husband's mansion: these six give the oblation-cake, and take

* W. Da'. Kra. Sang. p. 10. † Coleb Da' bha'. p. 193.

‡ Coleb. Dig. vol. III. p. 502. Macn. H. L. vol. I. pp. 23 & 25.

§ Coleb. Dig. vol. III. 502.

এই ছয় পিণ্ডদাতা (ও ধনহারি)। অপবিদ্ধ, সহোঢ়জ, দত্তক, কৃত্রিম, ক্রীত, এবং স্বয়ং উপাগত এই ছয় সঙ্করোৎপন্ন, ইহারা বান্ধব কিন্তু (পিতা ভিন্ন অন্যের) দায়াদ নয়।

পিণ্ডদায়কাঃ। অপবিদ্ধঃ সহোঢ়শ্চ দত্তঃ কৃত্রিম এবচ পঞ্চমঃ কৃত পুত্রশ্চ, ষশ্চোপনয়েৎ স্বয়ং। ইত্যেতে সঙ্করোৎপন্নাঃ ষড়দায়াদ বান্ধবাঃ।

৯. নারদঃ—ঔরস, ক্ষেত্রজ, পুত্রিকা পুত্র, কানীন, সহোঢ়জ, গূঢ়োৎপন্ন, পৌনর্ভব, অপবিদ্ধ, দত্তক, ক্রীত, কৃত, স্বয়ং উপাগত এই দ্বাদশ পুত্র কথিত হইয়াছে। তন্মধ্যে (পূর্ব্ব) ছয় (সগোত্র) বন্ধুর দায়াদ (পর) ছয় দায়াদ নয় কিন্তু বান্ধব। ইহাদের মধ্যে যে পূর্ব্ব সেই জ্যেষ্ঠ, যে উত্তর সে জঘন্য।

৯. নারদঃ—ঔরসঃক্ষেত্রজশ্চৈব, পুত্রিকাপুত্র এবচ। কানীনশ্চ সহোঢ়শ্চ, গূঢ়োৎপন্নস্তথৈবচ॥ পৌনর্ভবো হপবিদ্ধশ্চ, দত্তঃ ক্রীতঃ কৃতস্তথা। স্বয়ঞ্চোপাগতঃ পুত্রা, দ্বাদশৈতে প্রকীর্ত্তিতাঃ॥ তেষাং ষড় বন্ধু-দায়াদাঃ ষড়দায়াদবান্ধবাঃ। পুর্ব্বঃ পুর্ব্বঃ স্মৃতো জ্যেষ্ঠো জঘন্যো যো য উত্তরঃ।

১০ দেবল—ঔরস, পুত্রিকাপুত্র, ক্ষেত্রজ, কানীন গূঢ়োৎপন্ন, অপবিদ্ধ, সহোঢ়জ, পৌনর্ভব, দত্তক, স্বয়ং উপাগত, কৃত্রিম ও ক্রীত পুত্র গণনা করিয়া কহিতেছেন —"আত্মজ, পরজ, লব্ধ এবং ইচ্ছাতে আগত— এই দ্বাদশ পুত্র সন্ততির নিমিত্ত কথিত হইয়াছে, তন্মধ্যে পূর্ব্ব ছয় বন্ধু ও দায়াদ। অপর ছয় কেবল পিতার দায়াদ"।

১০ দেবলঃ—ঔরস, পুত্রিকাপুত্র, ক্ষেত্রজ, কানীন, গূঢ়োৎপন্নাপবিদ্ধ, সহোঢ়জ, পৌনর্ভব, দত্তক, স্বয়মুপাগত, কৃত্রিম ক্রীতানভিধায়,—"এতেদ্বাদশপুত্রাস্তু সন্তত্যর্থমুদাহৃতাঃ। আত্মজাঃ পরজাশ্চৈব লব্ধা যাদৃচ্ছিকাস্তথা। তেষাং ষড় বন্ধুদায়াহদাঃ পুর্ব্বেহন্যেপিতুরেব ষট্"।

যদ্যপি মনুবচনে দত্তক পুর্ব্বষট্‌কের মধ্যে ধৃত হইয়া বন্ধু ও দায়াদ রূপে পরিগণিত হইয়াছে তথাপি সে সগোত্র মাত্রের দায়াদ ইহা কুল্লূক ভট্ট প্রভৃতি ব্যাখ্যা করিয়াছেন।

যদ্যপি মনুবচনে দত্তকঃ পুর্ব্বষট্‌ক মধ্যে ধৃতঃ, বন্ধুত্বেন দায়াদত্বেন চ পরিগণিতস্তথাপি স সগোত্রমাত্রদায়াদ ইতি কুল্লূক ভট্ট প্রভৃতিভির্ব্যাখ্যাতং।

দত্তক চন্দ্রিকাতে যে দত্তক বন্ধু দায়াদ কথিত হইয়াছে সে সগুণ হইলে।

দত্তক চন্দ্রিকায়াং যৎ দত্তকো বন্ধু দায়াদত্বেনোক্তঃ স সগুণোদত্তকঃ।

বিবাদ ভঙ্গার্ণবকর্ত্তাও এইরূপ কহেন। তদ্‌যথা— দত্তক পুত্র বন্ধুর ধনে অধিকারী কি না?—এই পুর্ব্বপক্ষোত্তরে—কোন ২ স্মার্ত্ত কহেন যে মনু ও বৌধায়ন বচনে দত্তক যে বন্ধুর ধনাধিকারী কথিত হইয়াছে, এবং গোতম ও বৃহস্পতি বচনে ও কালিকাপুরাণে যে উৎকৃষ্টপুত্র কথিত হইয়াছে তাহা অতিশয় গুণশালী দত্তক বোধক। জাতিশুদ্ধ ও কর্ম্মশুদ্ধ যে সেই বৃহস্পতি বচনে অতিশয় গুণশালী কথিত, কর্ম্মশুদ্ধ অর্থাৎদান, বেদাধ্যয়ন ও যজন রূপ ধর্ম্ম কর্ম্ম দ্বারা শুদ্ধ ও সর্ব্বপাপবিমুক্ত। "সর্ব্ব গুণ সম্পন্ন যে দত্তক পুত্র সে ভিন্ন গোত্র হইতে গৃহীত হইলেও গৃহীতার ধন প্রাপ্ত হইবে" এই মনু বচনানুবাদে সর্ব্বগুণ শালী দত্তকের অধিকার বোধ হইতেছে। বি. দা. ভা. দ্বী. র. ৪

বিবাদভঙ্গার্ণবকৃদপি এবম্প্রকারমাহ। তদ্‌যথা— দত্তকস্য বন্ধুধনাধিকারিত্বং নবেতি?—অত্র কেচিৎ যৎ দত্তকস্য বন্ধুদায়াধিকারিত্বমুক্তং মনুবৌধায়নাভ্যাং, গোতম বৃহস্পতি কালিকাপুরাণৈশ্চ উৎকৃষ্টত্ব মুক্তং, তত্তু অতিশয় গুণশালিত্ব বোধনাৎ। অতিশয় গুণশালীতু বৃহস্পতিবচনানুসারেণ—জাতিশুদ্ধঃ কর্ম্মশুদ্ধশ্চ। কর্ম্মভিঃ দানাধ্যয়ন যজনৈঃ শুদ্ধঃ সর্ব্বপাপ বিনির্মুক্ত ইত্যর্থঃ। "উপপন্নো গুণৈঃ সর্ব্বৈঃ সুতোযস্য তু দত্রিমঃ। স হরেতৈব তদ্‌রিক্থং সংপ্রাপ্তো প্যন্যগোত্রত"—ইতি মনুবচনেন সর্ব্বগুণশালিনো দত্তকস্য ধন হারিত্ববোধনাৎ। বি. দা. ভা. দ্বী. র. ৪

কিন্তু স্পষ্ট বোধ হইতেছে যে জীমূতবাহন মতে কলিতে তাদৃক্‌সগুণ ব্যক্তি দুর্লভ, কেননা তিনি সগুণ জ্যেষ্ঠের অভাব বলিয়া তাহার উদ্ধারার্হত্ব (পাকতঃ) স্বীকার করেন নাই, এস্থলেও বোধ হইতেছে যে সগুণ দত্তকের অভাব বিবেচনায় কেবল দেবল বচন স্মরণান্তে ন্যায্য রূপে এই ব্যবস্থা করিয়াছেন যে— ঔরসাদি পূর্ব্ব ছয় পুত্র কেবল পিতার দায় গ্রাহি নয় কিন্তু সপিণ্ডাদি বন্ধুরও দায়াদ; অপর ছয় পুত্র কেবল, পিতার দায়াদ সপিণ্ডাদির নয়।

কিন্তু স্পষ্টতয়া বোধোজায়তে যৎজীমুতবাহনমতে কলৌ তাদৃক্ সগুণো দুর্লভ ইতি। যস্মাৎ স সগুণ জ্যেষ্ঠাভাবাৎ তস্যোদ্ধারার্হত্বং পাকতো ন স্বীচকার, অত্রাপি বোধো ভবতি যৎ সগুণ দত্তকাভাবাদেব কেবলং দেবল বচনমনুস্মৃত্য ন্যায্যরূপেণৈবেদং ব্যবস্থাপিতং—যথা, ঔরসাদয়ঃ ষট ন কেবলং পিতৃদায় হরাঃ কিন্তু বন্ধুনামপি সপিণ্ডাদীনাং দায়হরা, অন্যে পরভূতাঃ পিতুরেব পরং দায় হরা ন সপিণ্ডাদীনাং।

heritage. A son rejected (by his father or mother), the son of a pregnant bride, a *son given* by his natural parents, a son made (through adoption), and fifthly a son bought, and lastly he who offers himself of his own accord: these six, being of mixed origin, are kinsmen, but not heirs (except to their own father).

III. NA'RADA:—A son begotten by a man himself in lawful wedlock, a son begotten on his wife by a kinsman, the son of an appointed daughter, the son of an unmarried girl, the son of a pregnant bride, and a son of concealed birth, a son by a twice married woman, a son rejected, a *son given* by his natural parents, a son bought, a son made by adoption, and a son self given, are declared to be twelve sons: among these six are heirs to kinsmen; six not heirs, but kinsmen; their relative rank corresponds with the order in which they are here named.

IV. DEVALA:—(After enumerating the son of the body, the son of an appointed daughter, the son of a wife, the son of an unmarried girl, a son of concealed birth, a son rejected, the son of a pregnant bride, a son by a twice married woman, a *son given* (by his natural parents), a son self-given, a son made (by adoption), and a son bought,) adds:—"These twelve sons are propounded for the purpose of offspring: being sons begotten by a man himself, or procreated by another man, or received (for adoption) or voluntarily given. Among these, the first six are heirs of kinsmen, the other six inherit only from their own father: the rank of sons is distinguished in order as enumerated. Vide Coleb. Dig. Vol. III. pp. 151—155.

True, in the text of MANU, the *Dattaka* has been reckoned as one of the first six sons, who are kinsmen, and heirs; but that text has been interpreted by KULLUKA BHATTA and the rest to mean that the *Dattaka* son is heir only to the kinsmen or relations in the agnatic line.

In the *Dattaka Chandriká*, the adopted son, considered to be the heir to the relatives of his adoptive father, is one who may be endued with good qualities.

The author of *Vivádabhangárnava* says also the same thing. Thus:—"A question here occurs for discussion: Can a son *given* be heir to a kinsman, or not? On this point some lawyers affirm, that the right of the son given to inherit from a kinsman, which is mentioned by MANU and BAUDHA'YANA, and his superior rank, as ordained by GOTAMA, VRIHASPATI, and the *Kálikapurána*, must be considered as relating to a son given, who is endowed with transcendent good qualities; for the expressions used in the text of VRIHASPATI, "pure by class, and irreproachable for their conduct," denote transcendent good qualities: pure signifies "absolved from all guilt,—by acts of religion, by alms, by study of scripture, and by sacrifice, men become pure, or are absolved from all guilt." A text of MANU shows, that a son given, being endued with every virtue, shall take the heritage. Coleb. Dig. Vol. III. p. 270.

But JI'MU'TAVAHA'NA is, it is clear, of opinion that persons endued with such qualities are rare in the present *(kali)* age; for he has in a manner denied the right of primogeniture on the ground of there being no elder brother meriting the same, and here also, it appears, that on consideration of there being no adopted son endued with eminent good qualities, he, after quoting the text of DEVALA, has laid down, and very justly too, that "the true legitimate son and the rest, to the number of six, are not only heirs of their father, but also heirs of kinsmen; that is of *sapindas* and other relations. The others are successors of their (adoptive) father, but not heirs of collateral relations *(sapindas &c.)*" See—Coleb. Dá. bhá. p. 155.

ভিন্নং আদালতে দত্ত ও গ্রাহ্য হওয়া, এবং সর উইলিয়ম মেক্‌নাটন্ সাহেবের পরীক্ষিত ও মনোনীত ব্যবস্থা—

প্রশ্ন। তিন সহোদরে একান্নভুক্ত থাকিয়া অবিভক্ত রূপে পৈতৃক বিষয় ভোগ করিত। তন্মধ্যে জ্যেষ্ঠ এক পত্নী ও দুহিতা রাখিয়া মরিল। মধ্যম এক পুত্র রাখিয়া লোকান্তর গত এবং কনিষ্ঠ এক পত্নী ও পুত্র রাখিয়া কালপ্রাপ্ত হইল। জ্যেষ্ঠ ভ্রাতার মরণে তৎ পত্নী পতির মধ্যম ও কনিষ্ঠ ভ্রাতার সহিত একত্র বাস অথচ নিজ অংশ স্বতন্ত্র রূপে ভোগ করত এক কন্যা ও ঐ কন্যার এক পুত্র রাখিয়া লোকান্তর গতা হইল। অনন্তর ঐ কন্যা পুত্র রাখিয়া মরিল। এমত অবস্থায় ঐ জ্যেষ্ঠ ভ্রাতার অংশ তাহার দৌহিত্রকে অর্শিবে কি ভ্রাতৃপুত্রকে (অর্থাৎ মধ্যম ও কনিষ্ঠ ভ্রাতার পুত্রগণকে) অর্শিবে?

দৌহিত্র থাকিতে ভ্রাতুষ্পুত্রের অধিকার নাই।

উত্তর। উপরি উক্ত অবস্থায়, জ্যেষ্ঠ ভ্রাতার ধনে তাহার দৌহিত্র অধিকারী, তাহার মধ্যম ও কনিষ্ঠ ভ্রাতার পুত্রেরা অধিকারি হইবে না। এই শাস্ত্রানুমত মত। জিলা ত্রিপুরা—২৭ জুন ১৮১৫ সাল। চ্যা. ১, সেক. ৩, মকদ্দমা ১০, পৃ. ৫০।

প্রশ্ন। কোন ব্যক্তি (অবিভক্তাবস্থায়) এক দৌহিত্র, ও ভ্রাতার পত্নী ও পুত্র রাখিয়া মরিলে, ঐ দৌহিত্র থাকিতে এবং সে অপ্রাপ্ত ব্যবহার হইলেও ঐ ভ্রাতৃপত্নী ও ভ্রাতুষ্পুত্র মৃত ধনির ধনভাগি হইতে অধিকারি কি না?

দৌহিত্র থাকিতে ভ্রাতার পত্নীর ও পুত্রের অধিকার নাই।

উত্তর। দুহিতা পর্যন্ত উত্তরাধিকারির অভাবে, উক্ত নাবালগ দৌহিত্রের সহিত ধনির ভ্রাতার পত্নী ও পুত্র একত্র থাকিলেও তাহারদিগকে নিরাশ করিয়া ঐ দৌহিত্রই ধনাধিকারী হইবে। ঐ নাবালগ যে ধনে অধিকারী তাহা যাবৎ সে অপ্রাপ্ত ব্যবহার থাকে তাবৎ তাহার অত্যন্ত নিকট বন্ধু রক্ষণাবেক্ষণ করিবে।

প্রমাণ—"পত্নী ও দুহিতারঃ পিতামাতা, তথা ভ্রাতারঃ" ইত্যাদি এই বচনে বহুবচনান্ত দুহিতাপদ দুহিতা ও দৌহিত্র উভয়ের বোধক *।

ঢাকা কোর্ট আপীল, ২০ আগস্ট ১৮১৯ সাল। চ্যা. ১, সেক্. ৩, মকদ্দমা ১১ (পৃ. ৫১)।

এক ব্যক্তির দুই স্ত্রীর গর্ভজাত দুই পুত্রছিল। তন্মধ্যে কনিষ্ঠ পুত্র পিতামাতা ও বৈমাত্রেয় (জ্যেষ্ঠ) ভ্রাতা বর্ত্তমানে এক পত্নী রাখিয়া মরে. তাহার মৃত্যুর পর তৎ পিতা মরিলে ঐ জ্যেষ্ঠ ভ্রাতা পিতৃত্যক্ত সমুদয় স্থাবরাস্থাবর বিষয়াধিকারী হইল। কিয়ৎকাল পরে এই পুত্র নিজ বিমাতা, এক দৌহিত্র, ও বৈমাত্রেয় ভ্রাতার স্ত্রী রাখিয়া মরিলে, তাহার (অর্থাৎ শেষে মৃত ভ্রাতার) পত্নী পতির অধিকৃত সঙ্ক্রান্ত সমুদয় বিষয়াধিকারিণী হইল, কিন্তু কিঞ্চিৎ কাল পরেই দুই দায়াদ অর্থাৎ আপনার দৌহিত্র ও (পতির) মৃত কনিষ্ঠ ভ্রাতার স্ত্রীকে রাখিয়া মরিল। এমত অবস্থায় শাস্ত্রানুসারে ধন মুল ধনির জ্যেষ্ঠ পুত্রের দৌহিত্রকে অর্শে, অথবা কনিষ্ঠ পুত্রের পত্নীকে?

পত্নীর মরণে তদধিকৃত ধন দৌহিত্রকে অর্শে দেবরের পত্নীকে অর্শে না, কিন্তু সে ভরণ পোষণ পাইতে অধিকারিণী।

উত্তর। পুত্রবতী ও সম্ভাবিতপুত্রা দুহিতা পর্য্যন্তের অভাবে দৌহিত্র ধনাধিকারী। যে পুত্র পিতা বিদ্যমানে মরিয়াছে তাহার পত্নী পতির বৈমাত্রেয় ভ্রাতার পত্নীর অভাবে ধনাধিকারিণী নয়, কিন্তু (মুল ধনির) জ্যেষ্ঠ পুত্রের দৌহিত্রের উপর তাহার অন্নাচ্ছাদনের বরাত থাকিল। জিলা বর্দ্ধমান ১৯ আগস্ট ১৮২৩ সাল। চ্যা. ১, সেক্. ৩, মকদ্দমা ১২ (পৃ. ৫১ ও ৫২)।

প্রশ্ন। কোন ব্রাহ্মণ দুই পুত্র এক দুহিতা ও এক দৌহিত্র রাখিয়া মরে। পরে জ্যেষ্ঠ পুত্র অপুত্রক মরে, অনন্তর কনিষ্ঠ পুত্র এক পত্নী ও দুহিতা রাখিয়া মরে। পরে এই দুই জনও মরে কিন্তু দুহিতার স্বামী এবং এক অবিবাহিতা কন্যা থাকে,—উক্ত স্বামী বর্ত্তমান মকদ্দমায় প্রতিবাদী। ঐ কনিষ্ঠ ভ্রাতার কন্যাকে যে ধন অর্শিয়াছিল তাহা এক্ষণে মুল ধনির দৌহিত্র দাওয়া করে। এমত অবস্থায় ঐ ধন মুল ধনির দৌহিত্রকে অর্শিবে কি কনিষ্ঠ পুত্রের জামাতাকে?

---

*দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ২৮ ও ১৩২।

*Legal opinions delivered in, and admitted by, the several Courts of Judicature, and examined and approved of by Sir William Macnaghten.*

Q. Three individuals (being uterine brothers) live together, enjoying their patrimonial property as an undivided family. The elder brother dies, leaving a wife and daughter him surviving. The second brother dies, leaving a son. The younger brother dies also, leaving a wife and son. On the death of the elder brother, his widow continued to live with her husband's second and younger brothers, exclusively enjoying her portion of the property. She subsequently died, leaving her daughter, and that daughter's son. Afterwards the daughter died, leaving her son. In this case, does the estate of the elder brother devolve on his daughter's son, or on his nephews—in other words, the sons of his second and younger brothers?

A daughter's son excludes a brother's son.

R. Under these circumstances, the estate of the eldest brother will be inherited by his daughter's son, and not by his second and younger brothers' sons. This opinion is conformable to law.—Zillah Tipperah. June 27th 1815. Ch. I. Sect. 3, Case 10, (p. 50.)

Q. A man dying, and leaving a brother's widow and son, and a daughter's son, (the whole family being joint and undivided,) have the two former any right to participate in the property of the deceased, notwithstanding the existence of the latter, he being in a state of minority?

A daughter's son excludes a brother's widow and his son.

R. On failure of heirs down to the daughters, the grandson of the deceased in the female line is alone entitled to the succession, to the entire exclusion of the brother's widow and son, even though they lived with the minor as a joint and united family. The estate to which the minor is entitled by inheritance will be managed by his nearest of kin during his minority.

*Authorities.*—"The wife and the daughters, also both parents, brothers likewise," &c.* The term "daughters" implies both the daughters and their sons.*

Dacca court of appeal, August 20th 1819. Ch. I. Sect. 3, Case 11. (p. 51).

Q. A person had two sons by different wives. His younger son died, leaving a widow, both parents, and his half brother (who was older than himself), him surviving; subsequently to his death, the father died, and the eldest son took possession of all the movable and immovable property which he left. Some time afterwards, this son died, leaving his step-mother, a daughter's son, and the widow of his half-brother. The widow of the brother who died last became possessed of all the property which had devolved on her husband, and soon after died, leaving two claimants to the estate; namely, her own grandson in the female line, and the widow of the first deceased (being the younger son) still living. In this case, according to law, does the estate devolve on the daughter's son of the eldest son, or on the widow of the younger one?

On the death of a widow, the property held by her goes to her husband's daughter's son, to the exclusion of her husband's brother's widow, but the latter is entitled to maintenance.

R. In default of heirs down to daughters having, and daughters likely to have, male issue, the daughter's son is entitled to the succession. The widow whose husband died during the life-time of his father, has no right to take the inheritance on the death of her husband's half brother's widow, but her maintenance rests with the grandson of the eldest son. Zillah Burdwan, August 19th 1823. Ch. I. Sect. 3, Case 12. (pp. 51, 52).

Q. A Brahmin died leaving two sons, a daughter, and a daughter's son. Subsequently his eldest son died without male issue, and then the younger, leaving a widow and a daughter, who are since deceased, but the latter at her death left an unmarried daughter and her own husband, who is the defendant in this case. Now the original proprietor's grandson by the female side claims the property which devolved on the younger brother's daughter. In this case, will the property in question devolve on the original proprietor's daughter's son, or on the husband of the younger brother's daughter?

* See V. D. pp. 29, 163.

দুহিতার অধিকৃত সংক্রান্ত ধন তাহার মরণে তৎপিতার দায়াদকে অর্শে, পতির কন্যাকে অর্শে না।

উত্তর। উপরি উক্ত অবস্থায়, কনিষ্ঠ পুত্রের দুহিতার অধিকৃত ধন মুলধনির দৌহিত্রকে অর্শিবে, ঐ দুহিতার পতি ও কন্যা তাহাতে কিছুমাত্র অধিকারি নয়, যেহেতু দৌহিত্র মৃতের অধিক উপকারী। যে বস্তু উক্ত দুহিতার স্ত্রীধন তাহা তাহার উত্তরাধিকারিরা পাইবে। এই মত দায়ভাগানুমত। জিলা হুগলি ২৮ ফেব্রুয়ারি ১৮১৭ সাল। চ্যা. ১, সেক্. ৩, মকদ্দমা ১৪, (পৃ. ৫৬, ৫৭)।

প্রশ্ন। সম্ভাবিতপুত্রা মাতা থাকিতে কোন ব্যক্তি মাতামহের বিষয়ের নিমিত্তে নালিশ করিল। এমত মকদ্দমায় ঐ দৌহিত্র ঐ বিষয়ের ডিক্রী পাইতে যোগ্য কি না?

মাতা থাকিতে দৌহিত্র মাতামহের ধন দাওয়া করিতে পারে না।

উত্তর। দাবীকৃত বিষয়ে বাদির মাতারই কেবল অধিকার; অতএব মাতা বিদ্যমানে বাদী মৃত ব্যক্তির উত্তরাধিকারী বিবেচিত হইতে পারে না। জিলা ২৪ পরগণা। চ্যা. ১, সেক্. ৩, মকদ্দমা. ১৫, (পৃ. ৫৭)।

প্রশ্ন। কোন ভূম্যধিকারী দুই পত্নী ও তাহাদের গর্ভজাত দুই কন্যা রাখিয়া মরে। কিয়ৎ কাল পরে ঐ দুই পত্নী মরে, তাহাদের মরণকালে প্রথম পত্নীর কন্যা অবীরা, ও দ্বিতীয় স্ত্রীর কন্যা দুই পুত্রবতী ছিল, তাহারা যৌতরূপে বিষয়াধিকারিণী হইয়া সমানরূপে উপস্বত্ব ভোগ করিতে লাগিল। পরে ঐ অবীরা কন্যা এক দানপত্র দ্বারা বিষয়ের অর্দ্ধেক মৃত পিতার পারলৌকিক উপকারার্থ আপন গুরুকে দান করিল। এমত অবস্থায় ঐ দানপত্র সিদ্ধ কি না?

পুত্রহীনা দুহিতাকে নিরাস পুর্ব্বক পুত্রবতী দুহিতা অধিকারিণী।

উত্তর। উপরি উক্ত অবস্থায়, ঐ অবীরা কন্যা উপস্বত্বের অর্দ্ধেক ভোগ করিয়া থাকিলেও পিতৃধনে তাহার কোন অধিকার নাই, অতএব বৈমাত্র ভগিনীর ও ভগিনীপুত্রের অনুমতি ব্যতিরেকে সে যে দান করিয়াছে তাহা অসিদ্ধ। এই মত দায় ভাগ ও আর ২ প্রামাণিক গ্রন্থানুমত।

প্রমাণ—

অতএব পুত্রবতী ও সম্ভাবিতপুত্রা অধিকারিণী, বিধবা বা বন্ধ্যা অথবা দুহিতাপ্রসব বা অন্য হেতুতে পুত্রহীনা যে দুহিতা সে ধনাধিকারিণী নয়, দীক্ষিতের এইমত আদরণীয়। দায়ভাগ।

পুত্রবতী ও সম্ভাবিতপুত্রা দুহিতা না থাকিলেও বন্ধ্যা ও পুত্রহীন বিধবা অধিকারিণী নয়, যেহেতু তাহারা পুত্রদ্বারা পার্ব্বণ পিণ্ডদানে উপকার করে না। দীক্ষিতের এইমত দায়ভাগকর্ত্তাও মান্য করিয়াছেন। দায়ক্রম সংগ্রহ।

কলিকাতা কোর্ট আপীল।—চ্যা. ১, সেক্. ৩, মকদ্দমা ১৬. (পৃ. ৫৭, ও ৫৮)।

৫৩সংখ্যক ব্যবস্থার নজীর

সদর দেওয়ানী আদালতের রিপোর্টের চতুর্থ বালামের ৬৭ পৃষ্ঠায় মুদ্রিত পঞ্চানন চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে জগমোহন মুখোপাধ্যায় ও গোপীমোহন মুখোপাধ্যায়ের মকদ্দমা দ্রষ্টব্য—তাহাতে আদালত সহোদরের পৌত্র থাকিতে মৃত ধনির দৌহিত্রকে ধন দেওয়াইয়াছেন।

৫৩৩৫৭ সংখ্যক ব্যবস্থার নজীর

রামপ্রসাদ রায়ের ছয় স্ত্রী ছিল, তন্মধ্যে চারিজন নিঃসন্তান মরে। অবশিষ্টা দুই জনের মধ্যে পরমেশ্বরী নাম্নী স্ত্রীর গর্ভে বাদির মাতা সর্ব্বমঙ্গলা জন্মে, এবং অন্য স্ত্রী পদ্ম মুখীর গর্ভে প্রতিবাদিদিগের মাতা কৃষ্ণপ্রিয়া জন্মে। বাদী নিজ মাতামহী ও মাতামহের মৃত্যুর পর ও মাতামহের অন্য স্ত্রী পদ্ম মুখীর মৃত্যুর পর মাতামহের ত্যক্ত বিষয়ের অর্দ্ধেকের নিমিত্তে প্রতিবাদিগণের নামে নালিশ করে।

R. Under the circumstances stated, the property which the younger son's daughter inherited from her father will go to the original proprietor's daughter's son, to the entire exclusion of her husband and daughter, because the grandson confers more benefit on the deceased. Any property which is her own *peculium*, her own heirs will take. This is consonant to the *Dáyabhága*.

**Ancestral property inherited by a daughter will at her death go to her father's relations, to the exclusion of her husband's daughter.**

Zillah Hooghly, February 28th 1817. Ch. I. Sect. 3, Case 14. (pp. 56, 57).

Q. A person brought an action, claiming his maternal grandfather's property, while his mother was living, and there was a possibility of her bearing more children. In this case, was the grandson entitled to a judgment for the property?

R. The plaintiff's mother has exclusive right to the property claimed, consequently the plaintiff cannot be considered in the light of an heir to the deceased, so long as his mother survives.

**A man cannot claim his maternal grandfather's property, while his mother is living.**

Zillah Twenty-four Pergunnahs. Ch. I. Sect. 3, Case 15. (p. 57).

Q. A landed proprietor died, leaving two widows and two daughters by different wives. Some time after the widows died, and on their death the first wife's daughter who is a childless widow, and the second wife's daughter who is mother of two sons, jointly possessed the estate, and equally shared the produce of it. The daughter who is a childless widow, disposed of a moiety of the estate by a deed of gift in favour of her own spiritual teacher *(gooroo)*, for the benefit of her deceased father. In this case, has the deed of gift validity or otherwise?

R. Under the circumstances stated, the childless widowed daughter has no right to any part of the paternal estate, even though she enjoyed the moiety of its produce, consequently, the gift, which was made without the sanction of her half-sister and her sons, is illegal. This is conformable to the *Dáyabhága* and other legal authorities.

**A childless widowed daughter is excluded by a daughter who has male issue.**

*Authorities.*

" Therefore the doctrine should be respected, which *Díkshita* maintains, namely, that a daughter, who is mother of male issue, or who is likely to become so, is competent to inherit; not one who is a widow, or is barren, or fails in bringing male issue, as bearing none but daughters, or from some other cause." The *Dáyabhága*.

" The doctrine maintained by *Díkshita*, and respected by the author of the *Dáyabhága*, namely, that in default of daughters having, and daughters likely to have, male issue, daughters who are barren, or widows destitute of male issue, are incompetent to take the inheritance, because they can not benefit the deceased owner by offering (through the medium of sons) the funeral oblation at solemn obsequies, should be understood." The *Dáyakramasangraha*.

Calcutta court of appeal. Ch. I. Sect. 3, Case. 16. (pp. 57, 58).

See the case of Jagamohan Mukerjyá and Gopí Mohan Mukerjyá *versus* Panchánan Chátturjyá and another, (7th June 1825. S. D. A. R. Vol. IV. p. 67,) in which the estate of a deceased proprietor was awarded to the sons of his daughter in preference to the grandsons by lineal descent in the male line of his full brother.

Rámprasád had six wives, four of whom died childless. By his wife Parameshwarí (one of the two surviving wives) he had a daughter named Sarba Mangalá, mother of the plaintiff, and by his other (surviving) wife, Padma Mukhí, also, he had a daughter named Krishna Pryiá, mother of the defendants. The plaintiff, after the death of his own maternal grandmother, maternal grandfather, and Padma Mukhí, the other wife of his maternal grandfather, sued the defendants for *half* of the estate left by his maternal grandfather

জিলার জজ এমত বিবেচনা করিয়া যে বাদির মাতামহের মৃত্যুর পূর্ব্বে মাতা ও মাতামহীর মৃত্যু হওয়া বোধ করণের প্রচুর প্রমাণ আছে, এবং এই হেতুতে যে (উভয় পক্ষের মাতামহ) রামপ্রসাদের মৃত্যুর পর তাহার দ্বিতীয় স্ত্রী পদ্মমুখী (অর্থাৎ প্রতিবাদিদিগের মাতামহী) বিষয় দখল পাইয়া, ঐ বিষয় প্রতি বাদিদিগকে দান করিয়াছে, এবং বাদী নিজ মাতামহের মরণাবধি কোন দাওয়া উপস্থিত করে নাই, বাদির দাওয়া ডিস্‌মিস্ করিলেন।

এই ফয়সলার নারাজীতে বাদী ঢাকার প্রবিন্‌স্যাল্ কোর্টে আপীল করে। এবং মকদ্দমা রুজু থাকা কালীন আপীলাণ্ট মরিলে তাহার পুত্র তাহার স্থলাভিষিক্ত হয়। ঐ আদালতের দুই জজ নিজ রুবকারির লিখিত হেতুতে (বাদি) আপিলাণ্টকে তাহার দাবী কৃত অংশ দখলের ডিক্রী করিলেন।

সদর দেওয়ানী আদালত নিযুক্ত পণ্ডিতের মত জিজ্ঞাসিলে তাঁহারা কহিলেন যে উক্ত দান অসিদ্ধ, দৌহিত্রেরা ভিন্ন ২ মাতার গর্ভজাত হউক বা না হউক, স্ব ২ সংখ্যানুসারে অংশ পাইবে, মাতৃ সংখ্যানুসারে পাইবে না। তদনুসারে উক্ত আদালত প্রবিন্‌স্যাল্ কোর্টের ডিক্রী তরমিম করিয়া আদেশ করিলেন যে বিষয় সমান তিন ভাগে বিভক্ত হইবে, এবং মৃতধনস্বামির প্রত্যেক দৌহিত্র তাহার একাংশ পাইবে, অর্থাৎ বাদী একাংশ পাইবে, এবং প্রতিবাদিরা প্রত্যেকে একাংশ পাইবে। রামধন সেন—বনাম—কৃষ্ণকান্ত সেন। ১৭ জুলাই ১৮২১ সাল, স. দে. আ. রি. ৩, প্র ১০০।

৫৮ও৬০ সংখ্যাক ব্যবস্থার নজীর

রামজয়শীলের পিতৃব্য মরণের কিছু পরে পিতৃব্য পত্নী মরে। রামজয় পিতৃব্যের পৈতৃক বিষয় এই এজহারে দাওয়াকরে যে ঐ বিষয় আর কোন ব্যক্তিকর্ত্তৃক অধিকৃত হয় নাই। কিন্তু তদারকে ঐ দরখাস্তকারি হইতে প্রকাশ পাইল যে তাহার পিতৃব্য ও পিতৃব্যপত্নীর মরণকালে তাহাদের এক কন্যা জীবিতাছিল, নবকিশোর নামক এক ব্যক্তির সহিত ঐ কন্যার বিবাহ হইয়াছিল এবং তাহার ঔরসে ঐ কন্যার গর্ভে একটি পুত্রসন্তান জন্মিয়াছিল; ঐ সন্তান নিজ মাতার মৃত্যুর পর অষ্টাহ হইতে পঞ্চদশ দিবসের মধ্যে মরে।

পণ্ডিত ব্যবস্থা দিলেন যে—"রামজয়ের পিতৃব্যের কন্যার সন্তান হইয়া যদি নিজ মাতার মৃত্যুর পর না বাঁচিয়া থাকে, তবে ঐ কন্যার স্বামি নবকিশোরের অধিকার হইতে বাদী পিতৃব্যের উত্তরাধিকারী রূপে বিষয় প্রাপ্ত হইবে। কিন্তু যেহেতু উক্ত কন্যার পুত্র সন্তান হইয়াছিল এবং ঐ সন্তান মাতার মৃত্যুকালে জীবিত ছিল, অতএব ঐ সন্তানকেই বিষয় অর্শিয়াছিল, তাহার মরণে তদুত্তরাধিকারিরূপে তৎপিতা নবকিশোর ঐ বিষয়াধিকারী"। এই ব্যবস্থানুসারে বাদির আদাশ ডিস্‌মিস্ হইল। সু. কো. ১৮১৬ সাল, ইষ্টস্ নোটস্, মকদ্দমা নং ৫৭।

৫৭ ও ৫৯ সংখ্যাক ব্যবস্থার

গঙ্গামায়া—বনাম—কৃষ্ণকিশোর চৌধুরী। ১৭ ডিসেম্বর ১৮২১ সাল, স. দে. আ. রি. বা. ৩. পৃ. ১২৮—১৩২। ব্য. দ. পৃ. ১৫৮—১৬০।

## পিতার অধিকার—

| | | |
|---|---|---|
| ব্যবস্থা | ৬০ দৌহিত্রের অভাবে (স) পিতার অধিকার *। | ৬০ দৌহিত্রাভাবে (স) পিতুরধিকারঃ *। |
| কারণ | যেহেতু পিতা (মৃতের পিতামহ ও প্রপিতামহকে) দুই পিণ্ড দিয়া মৃতের ভোগ্য পিণ্ডদান রূপ উপকার করেন। | মৃত ভোগ্য পিণ্ডদ্বয় দাতৃত্বেন উপকারকত্বাৎ। |
| প্রমাণ | ১/. বিষ্ণু ও যাজ্ঞবল্ক্য বচন—দ্রষ্টব্য ব্য. দ. পৃ.২৮। | ১/. বিষ্ণু যাজ্ঞবল্ক্য বচনে—ব্য. দ. পৃ. ২৮ দ্রষ্টব্যা। |
| | ২/. বিভক্তাবস্থায় পুত্র মরিলেতাহার পুত্রাভাবে (হ) পিতা ধনগ্রহণ করিবেন †। কাত্যায়ন। | ২/. বিভক্তে সংস্থিতে বিত্তং পুত্রাভাবে (হ) পিতা হরেত্ †। কাত্যায়নঃ |

* দা. ভা. অপু. পৃ. ২০[illegible]। দা. ক্র. সং. পৃ. ৬। দা. ত. পৃ. ৬৩। বি. দা. ভা. দী. র. ৮। কোল্. দা. ভা. চ্যা. ১১, সেক্. ৩ পারা. ১, পৃ. ১২৪। উ. দা. ক্র. সং. পৃ. ১১ প ১২। কোল. ডা. বা. ৩, পৃ. ৫০৪। মেক্. হি. ল. বা. ১, পৃ. ২৫। এল. ইন্. পৃ. ৭৭

† দা. ক্র. সং. পৃ. ৬। বি. দা. ভা. দী. র. ৮। উ. দা. ক্র. সং. পৃ. ১১। কোল ডা. বা. ৩. পৃ ৫০৬।

The Zillah judge dismissed the claim, considering that there was sufficient evidence to raise a presumption, that the plaintiff's mother and grandmother died *before* the husband of the latter; and on the ground that, after the death of Rám Prasád (maternal grandfather of both parties,) his second wife, Padma Mukhí, grandmother of the defendants, obtained possession of the property, and made a gift of it to them, and that the plaintiff had never advanced any claim since the death of his maternal grandfather.

From this decision the plaintiff appealed to the Dacca provincial court, and dying *pendente* lite, was succeeded in appeal by his sons. Two judges of this court, for reasons recorded in their proceedings, awarded to the appellant (plaintiff) possession of the share claimed.

The Sudder Dewanny Ádawlut, having consulted with their Pandits, who declared the gift invalid, and the maternal grandsons (whether by different mothers or not) entitled *per capita* and not *per stirpes*, amended the decree of the provincial court, and ordered the property to be divided into three equal shares, and one to be given to the plaintiff, and one to each of the two defendants, grandsons of the deceased proprietor.—17th July 1821, Rám Dhan Sen *versus* Krishna Kánta Sen, S. D. A. R. Vol. III. page 100.

**Case** bearing on the vyavasthás Nos. 58 & 60.

Ramjoy Shíl claimed from his (paternal) uncle and his widow as the persons last seised. The aunt shortly before survived the uncle, whose patrimonial estate it was; but in the course of the examination it came out from the petitioner that his uncle and aunt had left an only daughter surviving them, who was married to a person of the name of Nabakishore, and who had a male child by him, which male child survived the mother from eight to fifteen days.

The Pandit declared,—"If there had been no issue of the uncle's daughter surviving its mother, the property, on the daughter's death, would have gone away from her husband Nabakishore, to the complainant, as next heir of the uncle; but as the daughter had male issue, which survived her, the estate descended to such male issue on whose death Nabakishore, the father, took, as heir at law to his son. The petition was accordingly dismissed.—12th June 1816. East's. Notes, Case 53.

**Case** bearing on the vyavasthá Nos. 59.

Gangá Máyá *versus* Krishna Kishore Choudhurí—17th December 1821. S. D. A. Rep. Vol. III. pp. 128—132. See V. D. pp. 159—161.

## On the Father's right of succession.

Vyavasthá.

**60. On failure of the daughter's son (s), the succession devolves on the father.***

Reason.

**Because he confers benefit (on the deceased son) by presentation of two oblation-cakes, (one to the grandfather, and the other to the great grandfather of that son), in which the deceased participates.**

**I. The texts of Vishnu and Jagnyavalkya. See V. D. p. 29.**

Authority.

**II. After partition, if a son die leaving no son, (h), the father takes the (deceased son's) property†. Ka'tya'yana.**

* Coleb. Da'. bha'. Ch. XI. Sect. 3, para. 1, p. 194.—W. Da'. Kra. Sang. pp. 11, 12.—Coleb. Dig. Vol. III. p. 504. Da'. T. p. 54. Elb. In. 77.

† This text is inaccurately translated in Winch's *Dáyakrama Sangraha*, p. 11, and Colebrooke's Digest, Vol. III. p. 506.

(স) এস্থলে দৌহিত্রাভাব পদ—দৌহিত্রের অনুৎপত্তি অথবা অধিকারী হয় নাই এমত দৌহিত্রের অভাব বোধক—যেহেতু অধিকারপ্রাপ্ত দৌহিত্রের অভাবে তদধিকৃত ধনে তৎপুত্রাদিরই অধিকার হয়।

(হ) এস্থলে পুত্রাভাব পদ—দৌহিত্র পর্য্যন্তের অভাব সূচক।

বাচস্পতি মিশ্র প্রভৃতি—"(অপুত্রের ধন তৎ পত্নীকে অর্শে, তদভাবে দুহিতাকে), তদভাবে মাতাকে, তদভাবে পিতাকে অর্শে," বিষ্ণু বচনে এই পাঠ কল্পনা করিয়া পিতার পূর্ব্বে মাতার অধিকার কহিয়াছেন, তাহা নয়, কারণ "তদভাবে (অর্থাৎ দুহিতার অভাবে) পিতাকে অর্শে, তদভাবে মাতাকে" এই বিপরীত পাঠই আকরসিদ্ধ, এবং সকল নিবন্ধকারেরা এই পাঠই লিখিয়াছেন, অপিচ মিশ্রাদির পাঠ কল্পনা করিলে তাহা উক্ত কাত্যায়ন-বচনের বিরুদ্ধ হয় (দা. ক্র. সং. পৃ. ৩)। দৌহিত্রের পর মাতার পূর্ব্বে পিতার অধিকারই ন্যায় সিদ্ধ—যেহেতু পিতা অন্যকে মৃতের ভোগ্য দুই পিণ্ডদান করাতে এবং "বীজ ও যোনির মধ্যে বীজ উৎকৃষ্ট বলা যায়" এই মনু বচনে উৎকৃষ্ট কথিত হওয়াতে মাত্রাদি হইতে পিতার প্রাধান্য, এবং (যাজ্ঞবল্ক্য বচনে) "পিতরৌ" পদে পিতা হইতে ক্রম বোধ হইতেছে। তথা পিতরৌ পদে পিতৃ শব্দ ব্যবহৃত হওয়াতে প্রথম পিতারই অবগতি হইতেছে পশ্চাৎ দ্বিবচনবলে একশেষ সমাস কল্পনায় মাতার অবগতি হইতেছে। এবং যেহেতু মাতার অধিকার পূর্ব্বে হইলে "তদভাবে পিতৃগামি, তদভাবে মাতৃগামি" এই বিষ্ণু বচনের বিরোধ হয়। দা. ভা. অপু. পৃ. ২০৩। বিষ্ণু বচনে জীমূতবাহন সম্মত পাঠই * কল্পনা কর্ত্তব্য, যেহেতু ইহা উত্তম যুক্তিসিদ্ধ—দুই স্মৃতি (পরস্পর) বিরুদ্ধ হইলে ব্যবহার বিষয়ে যুক্তিই বলবতী ইহা যাজ্ঞবল্ক্য কহিয়াছেন। বি. দা. ভা. দী. র. ৮।

(স) অত্র দৌহিত্রাভাব পদং—দৌহিত্রস্যানুৎপত্তি পরং, অনুৎপন্নাধিকারদৌহিত্রাভাব পরঞ্চ—উৎপন্নাধিকারদৌহিত্রাভাবে তৎপুত্রাদীনামধিকারাৎ।

(হ) অত্র পুত্রাভাব পদং—দৌহিত্র পর্য্যন্তাভাব পরং।

74. Among brothers, who become re-united, through mutual affection, after being separated, there is no right of seniority, if partition be again made. VRIHASPATI. See Coleb. Dá. bhá. p. 164. — Vyavasthá.

Here the denial of right of seniority must be understood as relative to the re-united parceners of the three superior tribes, the right of primogeniture being always denied among the *Shúdras*. *Dáyatatwya*, p. 56. — Remark.

Such is also the case in the sucession of the nephews of the whole and half blood. W. Dá. Kra. Sang. p. 15.

75. A brother's son has not an equal claim with a brother.* — Vyavasthá.

Because the whole brother who is the giver of six oblation-cakes, and the half brother who is the giver of three oblation-cakes, which it was incumbent on the late owner to give, confer more benefit than the brother's son, who is but the giver of two oblation-cakes which the late proprietor was bound to offer (to his father and paternal grandfather). JI'MU'TAVA'HANA concurs herein.* — Reason.

VISHNU says, "If he be dead, it goes to the brother's son," &c.† Here the word "he" must relate to the nearest term "brother".* — Authority.

And JA'GNYAVALKYA intimates, that in default of brothers, their sons inherit,† by saying, on failure of the first of these, the next in order takes the estate.*

*Cases* bearing on the vyavasthá Nos. 64.

I. Krishna Gobind Sen *versus* Ládli Mohan Thákur. August 1819. S. D. A. R. Vol. II. p. 209.

II. Gadádhar Sarmá and Kálidás Sarmá *versus* Ajodhyá Rám Choudhurí—30th October 1794. S. D. A. R. Vol. I. p. 6. Vide V. D. pp. 182—184.

III. Gangámáyá *versus* Krishna Kishore Choudhurí, 17th December 1821. S. D. A. Rep. Vol. III. pp. 128—132. Vide V. D. pp. 159—161.

IV. In the case of Rájendra Dás *versus* Dhanmani, Sudder Dewanny Adawlut Reports, Vol. III. p. 362, it was determined, that according to the Hindu law as current in Bengal, on the death of a widow who had claimed her husband's property, her daughter will inherit, to the exclusion of her husband's brother, if the daughter have, or is likely to have, male issue, and on her death without issue, her father's brother will inherit to the exclusion of her husband. Macn. H. L. Vol. I. pp. 22, 23.

*Cases* bearing on the vyavasthá Nos. 65.

A Hindu, through his mother, succeeded to his maternal grandfather's estate, and died leaving a widow and a half brother; and was succeeded by the widow, who enjoyed the estate during life. On her death, her husband's half brother sued for the estate. Held that at the death of the widow, the plaintiff, as half brother, was entitled to succeed to the property left by her husband, to the exclusion of his maternal grandfather's brother's grand children.—Rám Chandra Sarmá *versus* Gangá Gobinda Bánarjyá—1st February 1826. S. D. R. Vol. III. p. 117.

---

* Coleb. Dig. Vol. III. p. 518. † Vide V. D. p. 29.

৭৫ সংখ্যক ব্যবস্থার নজীর

৵০ সদরদেওয়ানী আদালতীয় রিপোর্টের তৃতীয় বালামের ১০৬ পৃষ্ঠায় মুদ্রিত শম্ভুচন্দ্র চৌধুরীর বিরুদ্ধে রুদ্রচন্দ্র চৌধুরীর মকদ্দমায়, পতির মরণে পত্নীকে অর্শিয়াছিল যে ধন তাহাতে ঐ পত্নীর মরণোত্তর তৎ পতির ভ্রাতার ও ভ্রাতৃপুত্রের অধিকারে তারতম্য আছে কিনা ইহা বিবেচনা-স্থল হইয়াছিল। পণ্ডিতেরা প্রথমে কহিলেন যে মৃতপিতৃক ভ্রাতৃপুত্র পিতৃব্যের সহিত যুগপৎ অধিকারী। কিন্তু পরে সাব্যস্ত ও স্বীকৃত হইল যে তাঁহাদের ঐ মত ভ্রমমূলক। পৈতামহ ধনে পিত্রধীন অধিকার বটে, অর্থাৎ মৃত পুত্রের পুত্র পিতৃব্যের সহিত যুগপৎ অধিকারী। কিন্তু ভ্রাতার ত্যক্তধনে তদ্রূপ নয়, যেহেতু অপুত্র মৃত ব্যক্তির ধনাধিকারশৃঙ্খলায় ভ্রাতৃপুত্র ভ্রাতার পরে গণিত হইয়াছে, এতাবতা ভ্রাতার পরেই কেবল সে অধিকারী। বর্ত্তমান মকদ্দমায় ধনী দুই ভ্রাতা ও এক পত্নী রাখিয়া মরে, অনন্তর ঐ পত্নী অধিকারিণী হয়, সে বিষয়াধিকারিণী থাকন কালেই এক ভ্রাতা কালপ্রাপ্ত হইল। পরে ঐ বিধবা মরিলে, তৎপতির ঐ মৃতভ্রাতার পুত্র পিতৃব্যের সহিত যুগপৎ অধিকারী হইবার দাওয়া করিল। যে কৌশলে ঐ ভ্রাতৃপুত্রের দাওয়া যথার্থ বলিয়া স্বীকৃত হয় তাহা এই বিবেচনায় যে প্রথমভ্রাতার মরণমাত্রেই তদ্ধনে তাহার জীবিত ভ্রাতাদ্বয়ের অধিকার জন্মে, এবং তৎপরে যে ভ্রাতা মরিয়াছে তাহার অপ্রকাশিত স্বত্ব তৎ পুত্রেতে বর্ত্তিয়াছে। কিন্তু প্রকৃত প্রস্তাবে পত্নী বিদ্যমানে ঐ ধনে ভ্রাতারও স্বত্ব জন্মে নাই। এতাবতা ঐ পত্নীর জীবনকালে যে ভ্রাতা মরিয়াছে তাহার স্বত্ব কই যে তাহ তৎ পুত্রকে অর্শিবে? মেক্. হি. ল. বা. ১, পৃ. ২৬ ও ২৭।

৶০ সদরদেওয়ানী আদালতীয় রিপোর্টের তৃতীয় বালামের ২৮৯ পৃষ্ঠায় মুদ্রিত রামজয় চৌধুরীর বিরুদ্ধে মোসম্মাৎ জয়মণি দেবীর মকদ্দমাতেও উক্তরূপ বিচার হইয়াছে। মেক্. হি. ল. বা. ১, পৃ. ২৭। দ্রষ্টব্য ব্য. দ. পৃ. ১৪০—১৪৪।

## ভ্রাতার পুত্রের ও পৌত্রের অধিকার।

ব্যবস্থা

**৭৬ বৈমাত্রেয় ভ্রাতার অভাবে ভ্রাতুষ্পুত্রের অধিকার *।**

**৭৬ বৈমাত্রেয় ভ্রাত্রভাবে ভ্রাতুষ্পুত্রস্যাধিকারঃ *।**

কারণ

যেহেতু সে ধনির পিতৃপিতামহের পিণ্ডদাতা *।

ধনি পিতৃপিতামহ পিণ্ডদ্বয় দাতৃত্বাৎ *।

প্রমাণ

/০ বিষ্ণুর ও যাজ্ঞবল্ক্যের বচন (ব্য. দ. পৃ. ২৮ দ্রষ্টব্য)।

/০ বিষ্ণু যাজ্ঞবল্ক্য-বচনে (ব্য. দ. পৃ. ২৮-দ্রষ্টব্য)।

৵০ এক মাতাপিতৃক ভ্রাতাদিগের মধ্যে এক জনও যদি পুত্রবান্ হয়, তবে মনু কহিয়াছেন তৎ পুত্রদ্বারা ঐ সকল ভ্রাতাই পুত্রবন্তঃ †। মনুঃ অ. ৯, ব. ১৮২।

৵০ ভ্রাতৄণামেকজাতানামেকশ্চেৎ পুত্রবান্ ভবেৎ। সর্ব্বাংস্তাংস্তেন পুত্রেণ পুত্রিণো মনুরব্রবীত্ †। মনুঃ অ. ৯, ব. ১৮২।

ব্যবস্থা

**৭৭ তত্রাপি প্রথমে সহোদর ভ্রাতুষ্পুত্রের অধিকার *। বৈমাত্রেয় ভ্রাতৃপুত্রের নয়।**

**৭৭ তত্রাপি প্রথমং সোদর ভ্রাতৃপুত্রস্যাধিকারঃ *। নতু বৈমাত্রেয় ভ্রাতৃপুত্রস্য,—**

কারণ

যেহেতু তাহার দত্ত পিতৃপিতামহের পিণ্ডে ধনির মাতার ভাগ নাই, এবং যেহেতু মাতা স্বীয় ভর্ত্তার সহিত, এবং পিতামহী ও প্রপিতামহী নিজ২ পতির সহিত শ্রাদ্ধভোজন করেন, এই বচনে পিতা প্রভৃতিকে দত্ত পিণ্ডে পিণ্ডদাতার নিজ মাতা প্রভৃতিরই কেবল ভোগ শ্রুত আছে। দা. ক্র. সং. পৃ. ৭।

তদ্দত্ত পিতৃপিতামহ পিণ্ডে ধনিমাতৃভোগ্যতাভাবেন সোদর ভ্রাতৃপুত্রাপেক্ষয়া ন্যূনোপকারকত্বাৎ— স্বেন ভর্ত্রা সহ শ্রাদ্ধং মাতা ভুংক্তে স্বধাময়ং। পিতামহী চ স্বেনৈব, স্বেনৈব প্রপিতামহীত্যাদিষু পিত্রাদিপিণ্ডে পিণ্ডদাতুর্মাত্রাদীনামেব ভোগ শ্রুতেশ্চ। দা. ক্র. পৃ. ৭।

---

* দা. ভা. অপু. পৃ ২৩০। দা. ক্র. সং. পৃ. ৭। দা. ত. অপু. ৩০। বি. দী. ভা. দী. র. ৮। কোল্. দা. ভা. পৃ. ২১২। উ. দা. ক্র. সং. পৃ. ১৫, ১৬। কোল্. দা. ভা. বা. ৩, পৃ. ৫১৮. ৫১৯। মেক্. হি. ল. বা. ১, পৃ. ২৭। এল. ইন্. পৃ. ৭৮.।

† তথাচ ইহা "পত্নী ও দুহিতারা, পিতামাতা তথা ভ্রাতাগণ, তৎ পুত্র" এই যাজ্ঞবল্ক্য বচন হেতু ভ্রাতৃপর্য্যন্তভাবে বোধ্য (ব্য. দ. পৃ. ২৮)। কুল্লূক ভট্ট।

† এতচ্চ "পত্নী দুহিতরশ্চৈব, পিতরৌ ভ্রাতরস্তথা, তৎসুত" ইতি যাজ্ঞবল্ক্যবচনাদ্ভ্রাতৃ পর্য্যন্তে বোধ্যব্য। (ব্য. দ. পৃ. ২৮)। কুল্লূকভট্ট।

*Cases bearing on the vyavasthá No. 75.*

I. In the case of Rudra Chandra Choudhurí *versus* Shambhu Chandra Choudhurí, Sudder Dewanny Reports, Vol. III. page 106, a question arose as to the relative rights of a brother and a brother's son to succeed, on the death of a widow, to property which had devolved on her at the death of her husband, they being the next heirs. The Pandits at first declared, that a brother's son (his father being dead) was entitled to inherit together with the brother. But this opinion was subsequently proved and admitted to be erroneous. In the succession to the estate of a grandfather, the right of representation unquestionably exists; that is to say, the son of a deceased son inherits together with his uncle: not so in the case of property left by a brother, the brother's son being enumerated in the order of heirs to a childless person's estate after the brother, and entitled to succeed only in default of the latter. In the case in question, the deceased left two brothers and a widow, and the widow succeeding, one of the brothers died during the time she held possession. The son of the brother who so died claimed, on the death of the widow, to inherit together with his uncle, and the fallacy of the opinion which maintained the justice of his claim consisted in supposing, that on the death of the first brother the right of inheritance of his other two surviving brothers immediately accrued, and that the dormant right of the brother who died secondly was transmitted to his son. But, in point of fact, while the widow survived, neither brother had even an inchoate right to inherit the property, and consequently the brother who died during her life-time could not have transmitted to his son a right which never appertained to himself. Macn. H. L. Vol. I. pp. 26, 27.

II. The same doctrine was maintained in the case of Musst. Joymani Debí *versus* Rámjoy Choudhurí—S. D. A. Repts. Vol. III. page 289. Vide V. D. pp. 140—144.

## On the succession of the Brother's Son and Grandson.

*Vyavasthá.*

76. On failure of the brother of the half blood, the succession devolves on the brother's son.*

*Reason.*

Because he offers two oblation-cakes to the father and grandfather of the (late) owner.

*Authority.*

I. The texts of Vishnu and Ja´gnyavalkya. (Vide V. D. p. 29.)

II. If, among the several brothers of the whole blood, one have a son born, Manu pronounces them all fathers of a male child by means of that son † Manu, Ch. 9, V. 182.

*Vyavastha.*

77. The succession however devolves first on the son of a uterine (or whole) brother, and not on the son of the half brother.*

*Reason.*

Because the mother (of the deceased owner) not participating in the oblations presented by the nephew of the half blood, to the deceased's father and grandfather, he confers less benefits compared with the son of the whole brother, and because the oblator's *mother* and the rest exclusively participate in the oblations presented by him to his father and the rest, respectively, as declared by the following text: "A mother tastes with her husband oblations (offered to the manes) so also do the paternal grandmother and great grandmother with their own husbands (respectively).

* Coleb. Dá. bha. p. 212. W. Dá. Kra. Sang. pp. 15, 16. Coleb. Dig. Vol. III. pp. 518, 519. Macn. H. L. Vol. I. p. 27. Elb. In. p. 76.

† The nephew's succession must however be understood to be on failure of heirs down to the brother in conformity with Ja´gnyavalkya's text "The wife and daughters, also both parents, brothers likewise, and their sons," &c. (V. D. p. 29.) Kullu´ka Bhatta.

ব্যবস্থা

৭৮ সহোদর ভ্রাতার পুত্ত্রাভাবে বৈমাত্রেয় ভ্রাতার পুত্ত্রের অধিকার *।

৭৮ সোদরপুত্ত্রাভাবে অসোদরপুত্ত্রস্যাধিকারঃ *।

বিবেচনা

এই ন্যায্য—যেহেতু বৈমাত্রেয় ভ্রাতার পুত্ত্র মৃত-ধনির মাতাকে ছাড়িয়া নিজ পিতামহীর সহিত ধনির পিতাকে পিণ্ডদান করাতে (মৃতের জননীসহিত পিতামহের পিণ্ডদাতা) ধনির সহোদর ভ্রাতার পুত্ত্র হইতে জঘন্য। দা. ভা. পৃ. ২৩০ ও ২৩১।

যুক্তঞ্চৈতৎ—অসোদর ভ্রাতৃপুত্ত্রোহি ধনিনঃ মৃতস্য মাতরং বিহায় স্বপিতামহী বিশিষ্টস্য ধনিপিতুঃ পিণ্ডদাতেতি (মৃতস্য মাতরমাদায় পিতামহপিণ্ডদাতুঃ) সোদর ভ্রাতৃপুত্ত্রাজ্জঘন্যঃ। দা. ভা. পৃ. ২৩০ ও ২৩১।

ব্যবস্থা

৭৯ যদি সহোদর ভ্রাতার কোন পুত্ত্র সংসৃষ্টী কোন পুত্ত্র অসংসৃষ্টী থাকে, তবে সংসৃষ্টী ভ্রাতৃপুত্ত্রই অধিকারী †।

৭৯ সংসর্গ্যসংসর্গিসোদরভ্রাতৃপুত্ত্রেষু সংসর্গিভ্রাতৃপুত্ত্রস্যাধিকারঃ †।

ব্যবস্থা

৮০ এবং যদি বৈমাত্রেয় ভ্রাতার কোন পুত্ত্র সংসৃষ্টী ও কোন পুত্ত্র অসংসৃষ্টী থাকে, তবে সংসৃষ্টী বৈমাত্র ভ্রাতৃপুত্ত্রেরই অধিকার †।

৮০ এবং সংসর্গ্যসংসর্গি বৈমাত্রেয়ভ্রাতৃপুত্ত্রেষু সংসর্গি বৈমাত্রেয় ভ্রাতৃপুত্ত্রস্যাধিকারঃ†।

ব্যবস্থা

৮১ যদি সহোদর ভ্রাতার পুত্ত্র অসংসৃষ্টী বৈমাত্র ভ্রাতার পুত্ত্র সংসৃষ্টী হয়, তবে তাহারা এককালীন অধিকারি †।

৮১ যদাত্বসংসর্গী সোদরভ্রাতৃপুত্ত্রঃ সংসর্গীচাসোদর ভ্রাতৃপুত্ত্রস্তদা তয়োর্যুগপদধিকারঃ †।

ব্যবস্থা

৮২ যদি সহোদর ও বৈমাত্রেয় ভ্রাতার পুত্ত্র সংসৃষ্টি অথবা অসংসৃষ্টি, তবে উভয়াবস্থাতেই সহোদর ভ্রাতার পুত্ত্র অধিকারী †।

৮২ যদা পুনঃ সোদরবৈমাত্রেয় ভ্রাতৃপুত্ত্রৌ সংসর্গিণৌ অসংসর্গিণৌ বা তদা উভয়থৈব সোদর ভ্রাতৃপুত্ত্রস্যাধিকারঃ †।

বিবেচনা

কোন নিবন্ধা এমত লিখেন নাই যে অবিভক্ত স্থাবর ধন থাকিলে সহোদর ও বৈমাত্রেয় ভ্রাতা যেমত তুল্যরূপে অধিকারি, তেমনি সহোদর ও বৈমাত্রেয় ভ্রাতার পুত্ত্রেরা তুল্যরূপে অধিকারি হইবে, এবিষয়ে মুনি বচনও স্পষ্ট নাই ইহা বিবেচ্য। বি. দা. ভা. দী. র. ৮।

অবিভক্ত স্থাবরে ভ্রাতৃতুল্যযুক্ত্যা সোদরাসোদর পুত্ত্রয়োস্তুল্যোঽধিকারঃ কেনাপি নিবন্ধকারেণ ন লিখিতঃ, মুনি বচনঞ্চাত্র স্ফুটং নাস্তি ইত্যবধেয়মিতি। বি. দা. ভা. দী. র. ৮।

ব্যবস্থা

৮৩ ভ্রাতৃপুত্ত্রের অভাবে ভ্রাতৃপৌত্ত্রের অধিকার ‡।

৮৩ ভ্রাতৃপুত্ত্রস্যাভাবে ভ্রাতৃপৌত্ত্রস্যাধিকারঃ ‡।

কারণ

যেহেতু সে মৃত ধনির পিতাকে পিণ্ডদান করে ও ধনি সেই পিণ্ডভোগী হয়, এবং যেহেতু সেসপিণ্ড ‡।

মৃত ধনিভোগ্য তৎ পিতুঃ পিণ্ডদাতৃত্বাৎ, সপিণ্ডত্বাচ্চ ‡।

ব্যবস্থা

৮৪ এস্থলেও সহোদর ও বৈমাত্রের ক্রম এবং সংসৃষ্টি ও অসংসৃষ্টির ক্রমও খাটিবে §।

৮৪ তত্রাপি ভ্রাতুঃ সোদরাসোদরক্রমঃ সংসর্গাসংসর্গক্রমশ্চ বোধ্যঃ §।

* দা. ভা. অপু. পৃ. ২৩০। দা. ক্র. সং. পৃ. ৭। দা. ত. পৃ. ৬০। বি. দা. ভা. দী. র. ৮। কোল্. দা. ভা. চ্যা. ১১, সেক্. ৬, পার. ২, পৃ. ২১২। উ. দা ক্র. সং. পৃ. ১৫, ও ১৬। কোল্. ডা. বা. ৩, পৃ. ৫১৯। মেক্. হি. ল. বা. ১, পৃ. ২৭।

† দা. ক্র. সং. পৃ. ৭। বি. দা. ভা. দী. র. ৮। উ. দা. ক্র. সং. পৃ. ১৭। দা. ভা. পৃ. ২২৯। দা. ভা. টী. পৃ. ২৪৩। কোল্. ডা. বা. ৩, পৃ. ৫২৩। কোল্. দা. ভা. পৃ. ২১২, ১২৪ ও ১২৫।

‡ দা. ভা. অপু. পৃ. ২৩২। দা. ক্র. সং. পৃ. ৮। দা. ত. পৃ. ৬০ও৬১। বি. দা. ভা. দী. র. ৮। কোল্. দা. ভা. পৃ. ২১৪। উ. দা. ক্র. সং. পৃ. ১৭ ও ১৮। কোল্. ডা. বা. ৩, পৃ. ২২৫।

§ দা. ক্র. সং. পৃ. ৮। দা. ভা. ২২৯, দা. ভা. টী. পৃ. ২৪৩। বি. দা. ভা. দী. র. ৮। উ. দা. ক্র. সং. পৃ. ১৭ ও ১৮। কোল্. দা. ভা. প. ২১২, ২১৪, ও ২২৫। উ. দা. ক্র. সং. পৃ. ১৭। কোল্. ডা. বা. ৩, পৃ. ৫২৫।

78. After the son of the whole brother, the succession devolves on the son of the half brother.* Vyavastha´.

Indeed, the son of the half brother, being a giver of oblations to the father of the late proprietor, together with his own grandmother, to the exclusion of the mother of the deceased owner, is inferior to a son of a whole brother, (who is a giver of oblations to the grandfather in conjunction with the mother of the deceased.) Coleb. Dà. bhà. p. 113. Observation.

79. Among the whole brother's sons re-united and not re-united, the succession devolves on the re-united nephew.† Vyavastha´.

80. In like manner, among the half brother's sons re-united, and not re-united, the succession devolves on the re-united one.† Vyavastha´.

81. But if the son of the whole brother were unassociated, and the son of the half brother re-united, then they inherit simultaneously.† Vyavastha´.

82. Where however both the whole brother's son and half brother's son were either re-united or not re-united, (with the deceased owner), there in both instances the succession devolves on the nephew of the whole blood.† Vyavastha´.

In respect of immovable undivided property, no author has said that nephews of the whole and half blood have equal claims, by parity of reasoning, as in the case of brothers; and the text of the legislator is not explicit on this point. Coleb. Dig. Vol. III. page 524. Remark.

83. If there be no brother's son, the brother's grandson is heir.‡ Vyavastha´.

Because he offers to the deceased owner's father oblation-cakes in which the deceased participates, and because he is within the degree of relationship termed *sapinda*.‡ Reason.

84. Here likewise the distinction of the whole and half blood, and that of re-united parceny and disjoined parceny must be observed.§ Vyavastha´.

* Coleb. Da´. bha´. Ch. XI. Sec. 6. para. 2, p. 212. W. Da´. Kra. Sang. pp. 15, 16. Coleb. Dig. Vol. III. pp. 51[illegible] Macn. H. L. Vol. I. p. 27.

† W. Da´. Kra. Sang. p. 17. Coleb. Dig. Vol. III. pp. 523, 524. Coleb. Da´. bha´. pp. 224, 225.

‡ Coleb. Da´. bha´. p. 214. W. Da´. Kra. Sang. pp. 17, 18. Coleb. Dig. Vol. III. p. 225.

§ W. Da´. Kra. Sang. pp. 17, 18. Coleb. Da´. bha´. pp. 212, 224, 225.

ব্যবস্থা

৮৫ মৃতপিতৃক ভ্রাতৃপুত্র বা ভ্রাতৃপৌত্র অনেক থাকিলে, সোদরাসোদর ও সংসৃষ্টা-সংসৃষ্টক্রমানুসারে ধনভাগি হইবে, পরন্তু এই বিভাগ তাহাদের নিজ সংখ্যানুসারে হইবে, পিতৃসংখ্যানুসারে হইবে না ¶।

৮৫ মৃতপিতৃক ভ্রাতৃপুত্রাণাং ভ্রাতৃপৌত্রাণাম্বা বহুত্বে সোদরাসোদর ক্রমেণ সংসর্গাসংসর্গক্রমেণচ বিভাগঃ ক্রিয়তে—বিভাগস্তু তেষাং স্বরূপাপেক্ষয়া নতু পিত্রাদ্যপেক্ষয়া ¶।

কারণ

যেহেতু তাহারা অবিশেষে উপকারি, এবং যেহেতু পৌত্রাধিকারে পিত্রানুসারি বিভাগবোধক বচনবৎ বিশেষ বচন নাই।

উপকারাবিশেষাৎ, পিত্রনুসারি পৌত্রবিভাগ বোধক বচনবৎ বিশেষ বচনাভাবাচ্চ।

ভিন্ন২ আদালতে দত্ত ও গ্রাহ্য হওয়া, এবং সর উইলিয়ম মেকনাটন সাহেবের পরীক্ষিত ও মনোনীত ব্যবস্থা।

প্রশ্ন। শূদ্র জাতীয় তিন ভ্রাতা এক পরিবার ভুক্তছিল, তন্মধ্যে জ্যেষ্ঠ ভ্রাতা দুই পুত্র রাখিয়া মরে, মধ্যম এক স্ত্রী রাখিয়া, ও কনিষ্ঠ তিন পুত্র রাখিয়া মরে। জ্যেষ্ঠ ভ্রাতার কনিষ্ঠ পুত্র এক পুত্র রাখিয়া মরে, অনন্তর মধ্যম ভ্রাতার স্ত্রী মরে। এক্ষণে জীবিত কএক জনই ঐ মৃত বিধবার ধন দাওয়া করে। এমত অবস্থায় তাহারা সকলেই কি ঐ ধনাধিকারি, যদি তাহাই হয়, তবে তৎপ্রত্যেকের অংশ কি পরিমিত?

ভ্রাতৃ-পুত্র থাকিতে ভ্রাতৃ-পৌত্র অধিকারী নয়।

উত্তর। মধ্যম ভ্রাতার স্ত্রীর মরণে তাহার অধিকৃত ধন তৎস্বামির সকল ভ্রাতৃপুত্রকে সমানরূপে অর্শিবে। তাহার স্বামির জ্যেষ্ঠ ভ্রাতার পৌত্রকে অর্শিবেনা। শহর ঢাকা, চ্যা. ১, সেক্ ৫, মকদ্দমা ২ (পৃ. ৬৭)।

প্রশ্ন। কোন ব্রাহ্মণের দুই স্ত্রীর দ্বারা পরিবার হইয়াছিল—জ্যেষ্ঠা স্ত্রীর গর্ভে এক পুত্র ও তিন কন্যা জন্মিয়াছিল এবং কনিষ্ঠার গর্ভে চারিপুত্র ও দুই কন্যা হইয়াছিল। উক্ত ব্রাহ্মণ নিজজীবনকালেই বিষয় বিভাগ করিয়া পাঁচ কন্যাকে সমান পাঁচ অংশ, ও পাঁচ পুত্রকেও (সমান) পাঁচ অংশ দিয়া কাল প্রাপ্ত হইল। অনন্তর ঐ সকল পুত্র ও কন্যা পৈতৃক বিষয়ের নিজ২ অংশে অধিকারি হইল। কনিষ্ঠা স্ত্রীর গর্ভজাত চারিপুত্র নিঃসন্তান মরাতে ঐ সকল পুত্রের জননী তাহাদের ভাগ ভোগ করিয়া মরিল। এক্ষনে মূল ধনির জ্যেষ্ঠা স্ত্রীর এক পৌত্র ও কনিষ্ঠা স্ত্রীর এক কন্যা জীবিত আছে. এমত অবস্থায়, ইহাদের মধ্যে কে ঐ মূল ধনির মৃত চারি পুত্রের অংশে (যাহা তাহাদিগের মাতাকে অর্শিয়াছিল) দায়াদরূপে অধিকারী?

পুত্র সংক্রান্ত পৈতৃক ধনে মাতা অধিকারিণী হইলে, তন্মরণে ঐ ধন পুত্রের ভগিনীকে অর্শিবে না, কিন্তু বৈমাত্রেয় ভ্রাতৃপুত্রকে অর্শিবে।

উত্তর যদি ঐ ব্রাহ্মণ নিজ সন্তান সন্ততির মধ্যে অর্থাৎ জ্যেষ্ঠা স্ত্রীর গর্ভজাত এক পুত্র ও কনিষ্ঠা স্ত্রীর গর্ভজাত চারি পুত্র ও পাঁচ কন্যার মধ্যে আপন স্থাবর অস্থাবর বিষয়ের বিভাগ করিয়া দিয়া থাকে, এবং ঐ পুত্রেরা যদি আপন২ অংশ ভোগ করিয়া থাকে, অনন্তর যদি কনিষ্ঠা স্ত্রীর গর্ভজাত চারিপুত্র দৌহিত্র পর্য্যন্ত উত্তরাধিকারি না রাখিয়া মরিয়া থাকে, তবে তাহাদের মাতা তাহাদের ধনাধিকারিণী। তাহাদের মাতার মরণে যদি তাহাদের সহোদরা ভগিনী ও বৈমাত্রেয় ভ্রাতৃ পুত্র জীবিত থাকে, ও যদি সহোদর ভ্রাতার পুত্র পর্য্যন্ত উত্তরাধিকারি না থাকে, তবে ঐ বৈমাত্রেয় ভ্রাতৃপুত্র ধনাধিকারী, ভগিনীরা ঐ ধন ভাগিনী নয়।

প্রশ্ন২। যদি মূল ধনির কনিষ্ঠা স্ত্রীর কন্যার এক পুত্র হইয়া থাকে, তবে এমত অবস্থায় ঐ দৌহিত্র মাতুলের ধনাধিকারি কিনা?

উত্তর২। যে স্থলে ভগিনীর পুত্র ও বৈমাত্রেয় ভ্রাতার পুত্র থাকে, সে স্থলে ভগিনীর পুত্র দায়াধিকারী নয়। জিলা চব্বিশপরগণা, ২৫ ডিসেম্বর ১৮১৬ সাল, চ্যা. ১, সেক্. ৫, মকদ্দমা ৩ (পৃ ৬৭ ও ৬৮)।

¶ দ্রষ্টব্য,—মেক. হি. ল. প. ২৭।

Vyavasthá.

85. If the nephews and sons of nephews, whose fathers and grandfathers are dead, be numerous, then in conformity with the rule regarding the relations of the whole and half blood, and the re-united and disjoined parceny, they shall equally inherit the deceased owner's estate, which shall be divided among them with reference to their own number, and not to that of their fathers.¶

Reason.

Because they equally confer benefits on the deceased; and because there is no positive text ordaining that the right of representation exists in the succession of nephews and other heirs as in that of the grandsons.

*Legal opinions delivered in, and admitted by, the several Courts of Judicature, and examined and approved of by Sir William* ***Macnaghten.***

Q. A súdra family consisted of three brothers, the eldest of whom died leaving two sons, the second a widow, and the youngest three sons. The youngest son of the eldest brother died leaving a son, and then the widow of the second brother. Now all of the survivors above mentioned claim a share of the widow's estate. In this case, are they all entitled to the succession; and if so, what is the extent of their respective shares?

A brother's son excludes a brother's grandson.

R. On the death of the widow of the second brother, the property left by her will be equally shared by all the sons of her husband's brothers. The grandson of her husband's eldest brother is excluded by them.

City of Dacca. Ch. I. Sec. 5, Case 2, (p. 67).

Q. 1. A *Bráhman* had a family by his two wives; by the senior wife he had a son and three daughters, and by the junior four sons and two daughters. The father during his life-time made a partition of his property, and assigned five equal portions to his five daughters, and five to his five sons, and died. All the sons and daughters took possession of their respective shares of the paternal estate. The four sons by the younger wife died, leaving no male issue, and their mother enjoyed her sons' shares of the property, and died. Now there are the original proprietor's grandson by his senior wife, and a daughter by his junior wife living. In this case, which of the survivors is entitled to succeed to the portions which belonged to the original proprietor's four deceased sons by his junior wife, and which devolved on their mother by right of inheritance?

Ancestral property derived to a woman from her son, will at her death go to his half brother's son, to the exclusion of his sister.

R. 1. Supposing the *Bráhman* to have divided his real and personal estate among his children, viz., a son by his elder wife, and four sons by the younger one, and five daughters, and the sons to have enjoyed their respective shares, and the four sons by the younger wife to have died, leaving no heirs down to daughters' sons, their mother was entitled to their assets. If at the mother's death, their uterine sister and half brother's son were living, then their half brother's son is entitled to the succession, provided there be no heir down to the whole brother's son existing, and the sister is excluded from participation.

Q. 2. Supposing the daughter of the younger wife to have borne a son, in this case, is the daughter's son entitled to inherit from his uncles?

R. 2. Where a sister's son and a son of the half brother are living, the former has no right of inheritance.

Zillah 24-Pergunnahs, December 20th 1816. Ch. I. Sect. 5, Case 3, (pp. 67, 68).

¶ See Macn. H. L. Vol. I. p. 27.

প্রশ্ন। চারি সহোদর একত্র পিতৃধন ভোগ করিয়া আপন২ উত্তরাধিকারি ও প্রতিনিধি রাখিয়া ক্রমে লোকান্তর গত হয়। তন্মধ্যে জ্যেষ্ঠ ভ্রাতা পুত্র সন্তানবিহীন হওয়াতে মধ্যম ভ্রাতার তিন পুত্রের মধ্যে এককে মনোনীত করিয়া যথাশাস্ত্র দত্তক গ্রহণ করিল। মধ্যম ভ্রাতার অবশিষ্ট দুই পুত্রের এক জন এক পুত্র রাখিয়া মরিল, অপর জীবিত আছে। তৃতীয় ভ্রাতা কেবল এক পত্নীকে উত্তরাধিকারিণী রাখিয়া মরিল। এবং কনিষ্ঠ ভ্রাতার চারি পুত্র ছিল। ঐ ভ্রাতাসকলের উত্তরাধিকারিরা বিষয়ে স্ব২ পিতার অংশ ভোগি হইল। পরে তৃতীয় ভ্রাতার পত্নী মরিল ; এক্ষণে তাহার পতির জ্যেষ্ঠ ভ্রাতার দত্তকপুত্র, মধ্যম ভ্রাতার পুত্র ও পৌত্র, এবং কনিষ্ঠ ভ্রাতার চারিপুত্র বর্ত্তমান, এমত অবস্থায় ঐ তৃতীয় ভ্রাতার ত্যক্ত বিষয়ে এই সকল ব্যক্তি কি পরিমাণে অধিকারি হইবে?

পতির মরণে পত্নীকে যে তৎস্বত্বান্ত ধন অর্শিয়াছিল, তাহার মরণোত্তর ঐ ধনে তৎপতির এক ভ্রাতার পুত্র ও পৌত্র, অন্য ভ্রাতার দত্তক পুত্র, এবং তৃতীয় ভ্রাতার চারি পুত্র দাওয়াদার হইলে,ঐ ধন ১১ ভাগে বিভক্ত হইবে, তন্মধ্যে দত্তকপুত্র এক ভাগ এবং অন্য ভ্রাতৃপুত্র পাঁচ জন প্রত্যেকে ২ ভাগ লইবে; উক্ত পৌত্র অধিকারী নয়

উত্তর। যদি ঐ মৃত তৃতীয় ভ্রাতার পত্নী পতির ধনাধিকারিণী হইয়া পতির ভ্রাতার পাঁচ পুত্র ও এক দত্তক পুত্র এবং এক পৌত্র রাখিয়া মরিয়া থাকে, তবে ধর্ম্মশাস্ত্রকর্ত্তাদের প্রধান যে মনু তাঁহার এবং আর২ ঋষির প্রণীতশাস্ত্রে দ্বাদশ প্রকার পুত্রগণনায় দত্তপুত্র পূর্ব্বষট্কমধ্যে ধৃত হওয়াতে, সে জ্ঞাতির ধনে অধিকারী, এবং এতদ্দেশে প্রচলিত শাস্ত্রানুসারে দত্তকপুত্র তৃতীয়াংশে অধিকারী হওয়াতে, তৃতীয় ভ্রাতার পত্নীর ত্যক্ত বিষয় একাদশ ভাগে বিভক্ত হইবে, তন্মধ্যে তাহার পতির ভ্রাতার পাঁচ পুত্রে দশ ভাগ লইবে অথবা তাহাদের প্রত্যেকে দুই ভাগ করিয়া লইবে, এবং দত্তক পুত্র অবশিষ্ট ভাগ গ্রহণ করিবে। এই ব্যবস্থা মনুসংহিতা, উদ্বাহতত্ত্ব, দায়ক্রমসংগ্রহ, বিবাদার্ণবসেতু, দায়তত্ত্ব, দত্তকমীমাংসা, দত্তকচন্দ্রিকা, দায়ভাগ টীকা, এবং আর২ প্রামাণিক গ্রন্থের মতানুমত।

প্রমাণ—

মনুঃ—ব্রহ্মার পুত্র মনু দ্বাদশ প্রকার পুত্র কহিয়াছেন, তন্মধ্যে প্রথম ছয় পুত্র বন্ধু (অর্থাৎ সপিণ্ড প্রভৃতির শ্রাদ্ধ তর্পণাদি কারক) ও দায়াধিকারি, অপর ছয় (পিতা ভিন্ন অন্যের) দায়াধিকারি নয়, কিন্তু বান্ধব। ঔরস, ক্ষেত্রজ, দত্তক, কৃত্রিম, গূঢ়োৎপন্ন, এবং অপবিদ্ধ এই ছয় পুত্র (গোত্রের) দায়াধিকারি, ও বান্ধব (অ. ৯, ব. ১৫৮, ১৫৯)। উদ্বাহতত্ত্বধৃত বৃহস্পতিবচন—"বেদার্থ নিবন্ধনপ্রযুক্ত মনুর স্মৃতিই প্রধান, মনুর মতের বিরুদ্ধ যে স্মৃতি তাহা প্রশস্ত নয়"।

দায়ক্রম সংগ্রহে লিখিত মত যথা—"ঔরস ও দত্তকাদি পুত্রের মধ্যে বিষয় বিভাগে ঔরস পুত্র দুইঅংশ পাইবে, সবর্ণদত্তকাদি একাংশ লইবে"।

বিবাদার্ণবসেতুতেও উক্তমত লিখিত আছে। দায়তত্ত্বকর্ত্তারও উক্তরূপ মত, যথা—"(দ্বাদশ প্রকার পুত্রের মধ্যে) ঔরস ভিন্ন যে সকল পুত্র পিতার সবর্ণ তাহারা (ঔরস থাকিলে) তৃতীয়াংশ লইবে"।

"যথাজাত অর্থাৎ গুণসমূহবিশিষ্ট দত্তক পুত্র থাকিতে যদি ঔরস পুত্র হয়, তবে তাহারা পিতার সকল বিষয় সমান ভাগ করিয়া লইবে" এই (বৃদ্ধ গৌতমীয়) ব্যবস্থা দত্তক গুণবান ও ঔরস নির্গুণ হইলে জ্ঞাতব্য, কারণ দত্তকের বিশেষণ যথাজাত অর্থাৎ গুণসমূহবিশিষ্ট থাকাতে ঐ দত্তক গুণসমূহ যুক্ত এই ভাব"। এই দত্তকমীমাংসার মত।

"সর্ব্বগুণসম্পন্ন দত্তক পুত্র যাহার আছে তাহার ঐ দত্তক ভিন্নগোত্র হইতে গৃহীত হইলেও ধনাধিকারী হইবে"। সর্ব্বগুণ, অর্থাৎ—জাতি, বিদ্যা ও আচার। এই দত্তকচন্দ্রিকার মত।

দায়ভাগ-টীকা, দায়ক্রমসংগ্রহ ও বিবাদার্ণবসেতু, এবং আর আর দায়গ্রন্থে প্রকাশ যে কেবল ভ্রাতার পুত্রের অভাবে তাহার পৌত্র ধনাধিকারী।

কলিকাতা কোর্ট আপীল। চ্যা. ১, সেক ৫, মকদ্দমা ৫, (প. ৬৯—৭০)।

Q. There were four uterine brothers, who, having enjoyed their patrimony in common, died successively, leaving their respective heirs and representatives. The eldest brother, having been destitute of male issue, had selected one of the three sons of his second brother, and adopted him as his son after the mode prescribed by law. Of the remaining two sons of his second brother, one died leaving a son, and the other is alive. The third brother left a widow only as his heir, and the youngest brother had four sons. The heirs of all the brothers enjoyed their respective shares of the property; and the widow of the third brother dying, there are her husband's eldest brother's adopted son, his second brother's son, and son's son, and his youngest brother's four sons surviving. Under such circumstances, in what proportions will these persons respectively be entitled to inherit the estate left by the widow of the third brother?

The claimants to property left by a widow, which had devolved on her at her husband's death, being her husband's brother's son and grandson, another brother's adopted son, and a third brother's four sons, the property will be made into eleven parts, of which the adopted son will take one, and the other brothers' five sons two parts each. The grandson will be excluded.

R. If the widow, having succeeded to her husband, (being the third brother,) died leaving his brother's five sons, an adopted son, and a grandson in the male line, according to the law of MANU, (who holds the first rank among legislators,) and other authorities, in the enumeration of the twelve descriptions of sons, the adopted son is ranked among the first six, who are heirs to collaterals; and agreeably to the law which is current in this district, an adopted son is entitled to a third share, consequently the property left by the widow of the third brother will be made into eleven parts; of which her husband's brother's five sons will take ten, or two shares each, and the adopted son the remaining one. This is conformable to the law of MANU, the *Udváhatatwa*, *Dáyakramasangraha*, *Vivádárnavasetu*, *Dáyatatwa*, *Dattakamímánsá*, *Dattakachandriká*, commentary on the *Dáyabhága*, and other authorities.

*Authorities:—*

MANU says:—"Of the twelve sons of men, whom MANU, sprung from the Self-existent, has named, six are kinsmen and heirs, six not heirs, (except to their own father), but kinsmen. The son begotten by a man (himself in lawful wedlock), the son of his wife (begotten in the manner before mentioned), a son given to him, a son made or adopted, a son of concealed birth or whose real father cannot be known, and a son rejected (by his natural parents), are the six kinsmen and heirs." The text of VRIHASPATI cited in the *Udváhatatwa*: "MANU holds the first rank among legislators, because he has expressed in his code the whole sense of the *Veda*: no code is approved which contradicts the sense of any law promulgated by MANU."

The following is the doctrine laid down in the *Dáyakramasangraha*. "In the partition made between legitimate and adopted sons, the legitimate son has two shares, and the adopted sons, who are of the same class with the father, take one share."

The *Vivádárnavasetu* contains the same reading as above. The author of the *Dáyatatwa* concurs in the preceding observations, saying: Among these "(the twelve sons of men,) except the son of the body, he who is of an equal class with his adoptive father shall receive one-third of the father's estate, where a son of the body is living."

"A given son, abounding in good qualities (*jathá-játa*) existing: should a legitimate son be born at any time, let both be equal sharers of the father's whole estate." That must be construed, as supposing the former possessed of good qualities, and the legitimate son destitute of the same: on account of the epithet "*jathá-játa* (abounding in good qualities). He in whom there is a '*játa*', that is, an assemblage *(samúha)* of good qualities. This is the meaning. This is laid down in the *Dattakamímansá*.

"Of the man to whom a son has been given, adorned with every quality, that son shall take the heritage, though brought from a different family." "With every quality," "class, science, observance of duties." This is the doctrine contained in the *Dattakachandriká*.

It appears from the commentary on the *Dáyabhága*, the *Dáyakramasangraha*, *Vivádárnavasetu*, and other law books, that only in default of a brother's son, his grandson in the male line is entitled to the succession.

Calcutta Court of Appeal. Ch. 1. Sect. 5, Case 5, (pp. 69–72)

প্রশ্ন ১। পাঁচ সহোদর ভ্রাতার মধ্যে সর্ব্বজ্যেষ্ঠ সাধারণ বিভাগের পর মধ্যমের সহিত একত্র বাস করিয়া নিসসন্তান মরিল। এমত অবস্থায় ঐ সর্ব্বজ্যেষ্ঠ ভ্রাতার ত্যক্ত বিষয় তাহার সংসৃষ্ট (মধ্যম) ভ্রাতার পুত্রকে অর্শিবে, কি তাহার ভ্রাতাগণের সকল পুত্রকে?

অসংসৃষ্ট ভ্রাতৃপুত্র সকলকে নিরাশপূর্ব্বক সংসৃষ্ট ভ্রাতৃপুত্র অধিকারী।

উত্তর। বিভক্ত ভ্রাতাদের মধ্যে দুইজন যদি পরস্পর প্রীতিপূর্ব্বক একান্নভুক্ত ও এক পরিবাররূপে একত্র বাস করিয়া থাকে, এবং ঐ সংসৃষ্ট ভ্রাতা দ্বয়ের মধ্যে একজন যদি পুত্রাদি নিকট দায়াদ না রাখিয়া মরিয়া থাকে, তবে তাহার বিষয় তৎসংসৃষ্ট ভ্রাতাকে মাত্র অর্শিবে, এবং তাহার মরণে তাহার পুত্রই কেবল তাহাতে অধিকারী। অসংসৃষ্ট ভ্রাতাদের পুত্রগণ অধিকারি নয়।

প্রমাণ—দায়ভাগে ও আর আর গ্রন্থে ধৃত যাজ্ঞবল্ক্যবচন, যথা—"মৃত সংসৃষ্টি (ভ্রাতার) ধন তাহার পশ্চাজ্জাত পুত্রকে দিবে, অথবা (তদভাবে) সংসৃষ্টী ভ্রাতা লইবে"। সংসৃষ্টির নিয়ম বৃহস্পতিকর্ত্তৃক কথিত হইয়াছে,যথা—"যে ব্যক্তি বিভাগের পর পিতা, ভ্রাতা বা পিতৃব্যের সহিত প্রীতিতে একত্র বাসকরে, তাহাকে সংসৃষ্ট বলাযায়"।

প্রশ্ন ২। ঐ পাঁচ ভ্রাতা পৃথক হওয়ার পর, যদি সকলেই পৃথক ২ বাস করিয়া থাকে, এবং তন্মধ্যে এক জন যদি অপুত্রক মরিয়া থাকে, তবে তাহার বিষয় কাহাকে অর্শিবে?

মাতার পরেই ভ্রাতা অধিকারী।

উত্তর ২। ধনির মাতা পর্য্যন্ত উত্তরাধিকারির অভাবে সহোদর ভ্রাতারা সমান রূপে তদ্ধনাধিকারি। ইহার প্রমাণ দায়ভাগ ইত্যাদিতে লিখিত হইয়াছে।

প্রমাণ—

দেবল—"অপুত্র মৃত ব্যক্তির ধন তাহার সহোদর ভ্রাতারা অংশ করিয়া লউক"।

যাজ্ঞবল্ক্য—"কিন্তু সহোদর ভ্রাতা সহোদরের অংশ রাখিবে অথবা সমর্পণ করিবে"।

মনু—"অপুত্র মৃত ব্যক্তির ধন তাহার পিতা অথবা ভ্রাতারা গ্রহণ করিবে"।

জিলা হুগলি ১৮ ডিসেম্বর ১৮২০ সাল, চ্যা. ১, সেক. ৫, মকদ্দমা ৬ (পৃ. ৭২ ও ৭৩)।

প্রশ্ন। চারি সহোদর একত্র বাস করতঃ এক পরিবার রূপে পৈতৃক ও স্বার্জ্জিত বিষয় ভোগ করিতেছিল, তন্মধ্যে দুই জন স্ব২ পত্নী রাখিয়া বিভাগের পূর্ব্বে কাল প্রাপ্ত হয়। তাহাদের মৃত্যুর পর জীবিত ভ্রাতাদ্বয় বিষয় বিভাগ করণের নিমিত্তে এক জনকে সালিস মানিলেক। ঐ সালিস এই মীমাংসা করিলেন যে বিষয় চারি ভাগে বিভক্ত হইয়া তাহার দুই ভাগ ঐ দুই ভ্রাতা পাইবেক, অবশিষ্ট দুই ভাগ মৃত দুই ভ্রাতার পত্নীকে অর্শিবে, কিন্তু তাহা তাহাদের পতির ভ্রাতাদিগের হস্তে থাকিয়া রক্ষিতাবেক্ষিত হইবে, ইহাদের স্থানে ঐ দুই বিধবা যাবজ্জীবন উপস্বত্ব পাইবে। সকল পক্ষই এই নিষ্পত্তিতে সম্মত হইয়া কিছুকাল তদনুকারি হইল। অনন্তর উক্ত ভ্রাতাদ্বয়ের মধ্যে একজন এক পত্নী ও দুই নাবালগ পুত্র রাখিয়া মরিল। পরে পূর্ব্ব মৃত ভ্রাতাদ্বয়ের দুই পত্নীর মধ্যে যাহার অংশ এই শেষ মৃত ব্যক্তিকে (অর্থাৎ তৎপতির ভ্রাতাকে) অর্শিয়াছিল সে মরিল। অবশেষে যে ভ্রাতা জীবিত ছিল সেও পুত্র রাখিয়া মরিল। এমত অবস্থায় ঐ মৃতবিধবা পতির উত্তরাধিকারিণীরূপে যে বিষয় প্রাপ্ত হইয়াছিল তাহা এক্ষণে জীবিত ব্যক্তিদের মধ্যে কাহাকে অর্শে?

পত্নীর মরণে তদধিকৃত সংক্রান্ত ধন তৎপতির ঐ সকল ভ্রাতৃপুত্রকে অর্শিবে যাহারা ঐ পত্নীর মরণকালে জীবিত ছিল যে ভ্রাতৃপুত্রেরা তাহার জীবনকালে মরিয়াছে তাহারদিগকে অর্শিবে না।

উত্তর। উপরি বর্ণিত অবস্থায়, উক্ত বিধবার অংশ (অর্থাৎ সালিসের নিষ্পত্তি করিয়া দেওয়া এক চতুর্থ অংশ) তাহার পতির যে ভ্রাতা তাহার মরণকালে জীবিতছিল তাহাকে অর্শিবে, এবং তাহার মরণে তৎপুত্রগামি হইবে। এক্ষণকার জীবিত অন্যব্যক্তিগণকে তাহা অর্শিবে না।

প্রমাণ—যাজ্ঞবল্ক্য বচন "পত্নী ও দুহিতারা, পিতামাতা, তথা ভ্রাতাগণ, ভাতৃপুত্র ইত্যাদি" (ব্যবস্থা দর্পণের ২৮ পৃষ্ঠায় দ্রষ্টব্য)।

এই ব্যবস্থা দায়ভাগ প্রভৃতি গ্রন্থের মতানুমত। কলিকাতা, কোর্ট আপীল. ৬ মে, ১৮১৯ সাল। চ্যা. ১, সেক. ৫, মোকদ্দমা ৭ (পৃ. ৭৩ ও ৭৪)।

প্রশ্ন। তিন ভ্রাতায় ভূম্যাদি সম্পত্তি আপনাদিগের মধ্যে বিভাগ করিয়া লইয়া বিভক্ত পরিবাররূপে পৃথক্ বাস করিতে লাগিল। তন্মধ্যে এক ভ্রাতার তিনপুত্র ছিল, ঐ তিনপুত্রের মধ্যে জ্যেষ্ঠ এক দত্তক পুত্র রাখিয়া, কনিষ্ঠ পত্নী পর্য্যন্ত উত্তরাধিকারি না রাখিয়া, এবং মধ্যম এক পত্নী রাখিয়া

Q 1. Of five uterine brothers, the eldest, after a general partition, lived together with his second brother, and died childless. In this case, does the property left by the eldest brother devolve only on the son of his associated (second) brother, or on all the sons of his brothers ?

R. 1. If of the separated brothers, two lived together, through mutual affection, as re-united in food and family, and one of such associated brothers died, leaving no nearer heirs, as son, and so forth, his property should devolve on his re-united brother only, on whose death his son is alone entitled to the succession. The sons of the unassociate brothers have no title thereto.

The son of a re-united brother succeeds as heir, to the exclusion of all the sons of unassociated brethren.

*Authorities :—*

The text of JA'GNYAVALKYA, cited in the *Dáyabhága* and other works of law : "A re-united (brother) shall keep the share of his re-united (co-heir), who is deceased ; or shall deliver it to a son subsequently born." The term re-union is explained by VRIHASPATI : "He who being once separated, dwells again, through affection, with his father, brother, or paternal uncle, is termed re-united."

Q. 2. Should the five brothers, having been separated, have all lived apart, and one of them have died leaving no male issue, in such case, on whom does his property devolve ?

R. 2. In default of heirs down to the mother, his brothers of the whole blood are equally entitled to the succession. The authorities are laid down in the *Dáyabhága, &c.*

A brother inherits next to a mother.

*Authorities :—*

DEVALA :—"Next let brothers of the whole blood divide the heritage of him who leaves no male issue."

JA'GNYAVALKYA :—"But an uterine brother shall thus retain or deliver the allotment of his uterine relation."

MANU :- "Of him who leaves no son, the father shall take the inheritance ; or the brothers."

Zillah Hooghly, December 18th 1820. Ch. I. Sect. 5, Case 6. (pp. 72, 73.)

Q. Of four uterine brothers, who lived together and enjoyed the profits of their paternal and acquired estates as an united family, two died before partition, leaving their widows. Subsequently to their death, the surviving brothers voluntarily selected an arbitrator to divide the estate between the parties. He (the arbitrator) adjudged, that the property should be made into four shares, of which two should be taken by the brothers, and the remaining two by the widows, whose shares were to be entrusted to the management of their husbands' brothers, from whom they were to receive the produce during their lives. The parties consented to this award, and acted upon it for some time. Subsequently, one of the brothers died, leaving a widow and two sons under age. One of the widows, whose husband's share had been entrusted to her husband's deceased brother, died, and lastly the surviving brother died, leaving sons. Under these circumstances, which of these survivors is entitled to succeed to the deceased widow's property, which devolved on her, in virtue of inheritance, from her husband ?

R. Under the circumstances above stated, the widow's share (that is, one-fourth of the property as awarded by the arbitrator) should have devolved on her husband's brother, who survived her, and on his death it should go to his sons. The other survivors are excluded from the inheritance.

On the death of a widow, her property will go to the son of her husband's brother who survived, to the exclusion of the sons of his brother, who died before her.

*Authorities*—JA'GNYAVALKYA : "The wife, the daughters, also both parents, brothers likewise and their sons, &c." (Vide V. D. p. 29).

This doctrine is conformable to the law as expounded in the *Dáyabhága, &c.*

Calcutta Court of Appeal, May 6th 1819. Ch. I. Sect. 5, Case. 7, (pp. 73, 74).

Q. There were three brothers, A, B, and C, who, having made a partition among themselves of their landed and other property, continued to live apart as a divided family. B had three sons D, E and F, of whom the eldest (D) died leaving an adopted son, the youngest (F) leaving no [illegible] the wi

কালপ্রাপ্ত হইল। এই পত্নী পতির ধন উপভোগ করিয়া লোকান্তরগতা হইল। এক্ষণে ঐ জ্যেষ্ঠপুত্রের দত্তক পুত্র, এবং উপরি উক্ত জ্যেষ্ঠ ভ্রাতার এক পৌত্র, ও কনিষ্ঠ ভ্রাতার পুত্রেরা বর্ত্তমান, ও তাহারা উক্ত বিধবার ত্যক্ত বিষয় দাবয়া করে। এমত অবস্থায়, ঐ ধনে অধিকারী হইতে তাহাদের মধ্যে কাহাকে যথাশাস্ত্র অধিকার আছে?

ভ্রাতার দত্তকপুত্র থাকিতে পিতৃব্যের পুত্র ও পৌত্র অধিকারি নয়।

উত্তর। উপরি উক্ত অবস্থায় ঐ বিধবার পতির সহোদরের দত্তক পুত্রই কেবল দায়াধিকারী, যেহেতু সে ঐ বিধবার পতির মাতা পিতা ও পিতামহের পার্ব্বণ পিণ্ডদানে উপকার করে, অতএব তৎ পতির সহোদরের দত্তক পুত্র থাকিতে, পিতৃব্যের পুত্রের ও পৌত্রের অধিকার নাই।

ভোলানাথ শর্ম্মা—বনাম—রাজচন্দ্র শর্ম্মা, ঢাকা কোর্ট আপীল, ১০ ডিসেম্বর ১৮০৫ সাল, চ্যা. ১ সেক. ৫, মকদ্দমা ৮ (পৃ. ৭৩ ও ৭৫)।

প্রশ্ন। এক ব্যক্তি ভ্রাতৃপুত্রদিগের সহিত একত্র থাকিয়া, পরে পৃথক হইল, এবং স্থাবর অস্থাবর বিষয় বিভাগ করাইল। তদবধি পুত্রের সহিত একত্র বাস করিত, এই পুত্র কিছু ধন উপার্জন করণের পর এক পত্নী রাখিয়া কালপ্রাপ্ত হইল। ঐ বিধবার সম্মতিক্রমে উক্ত ভ্রাতৃপুত্রের মধ্যে এক জন তৎপতির শ্রাদ্ধাদি করিল। তৎ পরে ঐ মৃত ব্যক্তির পিতা মরিলে তাহার অন্ত্যেষ্টি ক্রিয়া শ্রাদ্ধাদি ও তৎ পুত্রের ন্যায় এক জন ভ্রাতৃপুত্র করিল। প্রকাশ পাইতেছে যে বিরোধীয় বিষয় মৃত পিতা ও পুত্র উভয়েরই অর্জ্জিত। এক্ষণে ঐ বিভক্ত ভ্রাতৃপুত্রদ্বয় ও মৃত পুত্রের পত্নী বর্ত্তমান, এমত অবস্থায় তাহাদের মধ্যে কে ঐ বিষয়াধিকারী?

ভ্রাতৃপুত্রেরা পৃথক হইলেও তাহারা থাকিতে পুত্রবধূ অধিকারিণী নয়।

উত্তর ভ্রাতা পর্যন্ত উত্তরাধিকারির অভাবে ভ্রাতার পুত্রেরা অধিকারি, পুত্রবধূ কিছু মাত্র অধিকারিণী নয়, ঐ পুত্র পিতার জীবন কালে মরাতে, ভ্রাতৃপুত্রেরা ঐ পিতার উত্তরাধিকারি। কিন্তু যেহেতু কোন ব্যক্তি প্রপৌত্র পর্য্যন্ত উত্তরাধিকারি না রাখিয়া মরিলে তৎ পত্নীই কেবল তাহার স্থাবর অস্থাবর ধনাধিকারিণী হয়, অতএব পুত্রের অর্জ্জিত ধন তৎপত্নীকে অর্শিবে, তাহার শ্বশুর তৎ পতির মরণের পর মরাতে ঐ শ্বশুরের ধন ঐ পুত্রবধূকে অর্শিবে না।

১৮ মে. ১৮২০, চ্যা. ১ সেক্ ৫, মকদ্দমা ৯, (পৃ. ৭৫)।

প্রশ্ন। এক ব্যক্তির তিন পুত্র ছিল, তাহারা পৈতৃক বিষয় বিভাগ করিয়া স্ব স্ব অংশে অধিকারি হইল। পরে জ্যেষ্ঠভ্রাতা তিন পুত্র রাখিয়া মরিল, এবং ঐ তিনপুত্রের একজন উত্তরাধিকারি বিহীন হইয়া মরিল, মধ্যম ভ্রাতা এক পত্নী ও এক কন্যা রাখিয়া মরিল, কনিষ্ঠ ভ্রাতা এক কন্যা ও দুই দৌহিত্র রাখিয়া মরিল। মধ্যম ভ্রাতার মরণে তৎপত্নী তাহার অংশে অধিকারিণী হইয়াছিল। পরন্তু সে এক কন্যা রাখিয়া মরিল, পরে ঐ কন্যাও এক কন্যা রাখিয়া মরিল, এমত অবস্থায় ঐ মধ্যম ভ্রাতার ত্যক্ত ধন তাহার কন্যার কন্যাকে অর্শিবে অথবা তাহার ভ্রাতৃপুত্রগণকে?

দৌহিত্রীকে নিরাশ করিয়া ভ্রাতৃপুত্রেরা অধিকারি।

উত্তর। উপরি উক্ত অবস্থায়, ধনির দ্বিতীয় পুত্রের মরণে, তাহার প্রাপ্ত পৈতৃক ধন তাহার পত্নীকে অর্শে, তদনন্তর তাহার কন্যাকে, ঐ কন্যার মরণে তাহার পিতৃব্যপুত্রেরা ঐ ধনে অধিকারি। এস্থলে দুহিতার দুহিতা অধিকারিণী নয়। এই মত দায়ভাগ ও আর আর স্মৃতি গ্রন্থের মতানুমত।

জিলা ২৪ পরগণা, সেতম্বর, ১৮০৬ সাল, চ্যা. ১, সেক. ৫, মকদ্দমা ১০ (পৃ. ৭৬)।

প্রশ্ন। দুই সহোদর (হিন্দু) ভূম্যধিকারির মধ্যে এক জন পত্নী রাখিয়া নিস্সন্তান মরিল। দ্বিতীয় ভ্রাতা পুত্র ও পৌত্র রাখিয়া উক্ত পত্নীর পূর্ব্বে মরিল, কিন্তু ঐ দ্বিতীয় ভ্রাতার পুত্রবধূ, কন্যা, ও দুই দৌহিত্র বর্ত্তমান। এমত অবস্থায় প্রথম ভ্রাতার পত্নীর মরণে তাহার বিষয় তাহার ঐ দ্বিতীয় ভ্রাতার পুত্রবধূকে কিম্বা তাহার কন্যা বা দৌহিত্রকে, অথবা তাহার পতির ছয় পুরুষীয় জ্ঞাতিকে অর্শিবে? জ্যেষ্ঠ ভ্রাতার পত্নী যদি দ্বিতীয় ভ্রাতার পুত্রবধূর সহিত একান্নভুক্ত ও আর আর বিষয়ে একত্র থাকে, এবং ঐ জ্ঞাতি যদি সপ্তম পুরুষ হইতেও দূর হয়, তবে এবিষয়ে শাস্ত্র কি?

দায় শাস্ত্রীয় অতএব প্রামাণিক গ্রন্থমতে ভ্রাতৃদৌহিত্র অধিকারী নয়।

উত্তর। দুই সহোদরের মধ্যে এক জন যদি পত্নী রাখিয়া মরিয়া থাকে, তবে তাহার ধন ঐ পত্নীকে অর্শে। যখন দ্বিতীয় ভ্রাতা পুত্রপৌত্রহীনাবস্থায় এক পুত্রবধূ এবং নিজ কন্যা ও দুই দৌহিত্রকে রাখিয়া মরিল, তখন ঐ দ্বিতীয় ভ্রাতার পুত্রবধূ কিম্বা কন্যা অথবা দুই দৌহিত্র ঐ প্রথম ভ্রাতার পত্নীর মরণে তাহার ধনে

and the second (E) leaving a widow. The widow had enjoyed her husband's share, and died. Now D's adopted son, A's grandson, and C's sons are living, and claim the property left by E's widow. Under such circumstances, which of the claimants has a legal right to the succession ?

R. Under the circumstances above stated, the widow's husband's uterine brother's adopted son is exclusively entitled to the inheritance, by reason of his conferring benefits by presenting oblations to the manes of her husband's mother, father, and grandfather. Her husband's two uncles' sons and grandson are excluded by his uterine brother's adopted son.

The adopted son of a brother excludes the son and grandson of an uncle.

Bholánáth Sarmá *versus* Rájchandra Sarmá. Dacca Court of Appeal, December 10th 1805. Ch. I. Sec. 5, Case 8, (pp. 74, 75).

Q A person who had lived in co-parcenery with his two nephews, separated himself from them, and caused a partition to be made of the movable and immovable property. From that time he continued to live with his own son, who, having acquired some property, subsequently died leaving a widow. By the widow's consent, one of the nephews performed the funeral ceremony, &c. of her deceased husband. The father next died, and his obsequies and funeral ceremonies were also performed by one of the nephews, and in the same manner as that of his son. It appears that the property in dispute is the joint acquisition both of the father and son. Both the nephews who are separated, and the widow of the son, are alive Under these circumstances, which of the surviving individuals is entitled to the succession ?

R. In default of heirs down to the brother, the nephews succeed, to the entire exclusion of a son's widow, and the son having died before the father, the nephews will be his heirs. Whosoever dies leaving no heir down to the great-grandson, his widow is sole proprietor of his estate, whether it consist of land or personal property. Consequently the acquisitions of the son will devolve on his widow: but not the property left by his father, who survived him.

A brother's sons though separated exclude a son's widow.

May 18th, 1820. Ch. I. Sect. 5, Case 9, page 76.

Q. A person had three sons, A, B, and C, who divided their paternal estate, and took possession of their respective shares. A, the eldest, died, leaving three sons, one of whom died, leaving no heir. The second son, B, died, leaving a widow and a daughter; and the younger son, C, died, leaving a daughter and her two sons. B's widow, who succeeded him in possession of his share of the property, left at her death a daughter, who also died subsequently, leaving a daughter. In this case, will the property left by B, devolve on his daughter's daughter, or on his brother's sons ?

R. Under the circumstances above stated, on the death of the second son, B, his property which he inherited from his father should have devolved on his widow, then on his daughter, on whose demise her father's brother's sons are entitled to the succesion. Here the daughter's daughter is excluded from inheritance. This opinion is conformable to the *Dáyabhága* and other works of law.

A brother's sons exclude the daughter of a daughter.

Zillah 24 Pergunnahs, September 1806. Ch. I. Sect. 5, Case 10, page 76.

Q. Of two Hindu landed proprietors, who were uterine brothers, one died childless, leaving a widow. The second brother, his son and son's son, died before the widow; but the second brother's son's widow, his own daughter, and daughter's two sons, are living. In this case, on the death of the first brother's widow, will her property devolve on the second brother's son's widow, or on his daughter or daughter's sons, or on the kinsmen sprung from the same paternal stock in the sixth degree of her husband ? What is the law, supposing the first brother's widow to have lived with the second brother's son's widow jointly in respect of food and other matters, and supposing the kinsmen sprung from the same paternal stock to have been beyond the seventh degree in point of relationship ?

R. Of the two uterine brothers, supposing one to have died leaving a widow, his property should have devolved on the widow. When the second brother died without a son or son's son, leaving a son's widow, his own daughter and daughter's two sons him surviving; then, on the death of his first brother's

According to the best authorities of Hindu law, a brother's daughter's son has no right of succession.

অধিকার হইতে পারে না, কারণ নিজ শ্বশুরের ধনেই যখন পুত্রবধূ অনধিকারিণী তখন শ্বশুরের ভ্রাতার ধনে অবশ্যই তাহার কোন স্বত্ব নাই। অপুত্রধনাধিকার-প্রকরণে ভ্রাতার দুহিতা অধিকারিগণমধ্যে পরিগণিতা নয়। যদ্যপি দায়ক্রমসংগ্রহের কোন কোন কাপিতে ভ্রাতৃদৌহিত্রের অধিকার লিখিত হইয়াছে, তথাপি ঐ গ্রন্থের অনেক কাপিতে এই মত লিখিত নাই। অপিচ দায়ভাগে, ও শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের দায়ভাগ টীকায়, এবং দায়তত্ত্বে, ও আর আর প্রামাণিক গ্রন্থে এমত ব্যবস্থা নাই যে ভ্রাতার দৌহিত্র বিষয়াধিকারী হইবে। বর্ত্তমান মকদ্দমায় ষট পুরুষীয় জ্ঞাতি ধনাধিকারী, তাহার অভাবে সম্বন্ধের নৈকট্যানুসারে সপ্তম পুরুষীয় অথবা আরো দূর জ্ঞাতি অধিকারী হইবে *। দ্বিতীয় ভ্রাতার পুত্রবধূ নিজ পতির পিতৃপত্নীর সহিত একান্নে এবং আর আর বিষয়ে একত্র থাকা তাহার উত্তরাধিকারিণী হওয়ার প্রতি কারণ নয়, যেহেতু বঙ্গদেশে প্রচলিত দায়ভাগ ও আর আর প্রামাণিক গ্রন্থে বিষয়ের বিভাগ ও অবিভাগ রূপ প্রভেদ-মূলক তদ্বিষয়ে কোন ব্যবস্থা নাই। এইমত দায়ভাগ, দায়ক্রমসংগ্রহ, দায়তত্ত্ব ও বঙ্গদেশ প্রচলিত আর আর গ্রন্থের মতানুমত।

অপুত্র ব্যক্তি মরিলে যদি তাহার অনেক জ্ঞাতি, সকুল্য ও বান্ধব থাকে, তবে তন্মধ্যে অত্যন্ত নিকট যে সেই ধনাধিকারী হইবে।

জিলা মৈমনসিংহ, ৫ মার্চ ১৮১৯ সাল। চা. ১, সেক্. ৫, মকদ্দমা ১১ (পৃ. ৭৬—৭৭)।

প্রশ্ন। দেবকীনন্দন, ধরণীধর, রামকান্ত, ও কালীপ্রসাদ, এই চারিভ্রাতার মধ্যে দেবকীনন্দন দুই পুত্র রাখিয়া ১২২২ সালের বৈশাখ মাসে মরে। বাঙ্গালা ১১৯৭ সালে ধরণীধর নিঃসন্তান মরে, এবং তাহার পত্নী সুরধনীও বাঙ্গালা ১২১৮ সালের মাঘমাসে মরে। রামকান্ত বাঙ্গালা ১২১৬ সালে মরে, এবং তাহার পত্নী জয়মণি আর দুই পুত্র অদ্যাপি জীবিত আছে। বাঙ্গালা ১২০১ সালে কালীপ্রসাদ এক পত্নী রাখিয়া নিঃসন্তান মরে, ঐ পত্নী অদ্যাপি বাঁচিয়া আছে। উক্ত ভ্রাতারা কোন ভূমি সমভাগে দখল করিত, পরে সালিসের নিষ্পত্তি ক্রমে ধরণীধর ও কালীপ্রসাদের পত্নীরা আপন আপন পতির অংশের উপস্বত্ব যাবজ্জীবন ভোগ করিল। তাহাদের মরণান্তে ঐ বিষয় দেবকীনন্দন, রামকান্ত ও তাহাদের উত্তরাধিকারিরা বিভাগ করিয়া লইল। এমত অবস্থায় ধরণীধরের পত্নী সুরধনীর মরণে তাহার প্রাপ্ত উপস্বত্বের কোন অংশে কালীপ্রসাদের পত্নী অধিকারিণী কি না?

মৃত ভ্রাতার পত্নী অধিকারি মধ্যে গণিতা নয়।

উত্তর। ধরণীধরের ও কালীপ্রসাদের পত্নীরা যদি আপন আপন পতির অংশের উপস্বত্ব যাবজ্জীবন ভোগ করিয়া থাকে, তবে তাহাদের একজনের অর্থাৎ ধরণীধরের পত্নী সুরধনীর মরণে তাহার অধিকৃত উপস্বত্বে কালীপ্রসাদের পত্নীর কোন অধিকার নাই, যেহেতু অপুত্র মৃত ব্যক্তির ধনে তাহার ভ্রাতৃপত্নী অধিকারিণী হইবে এমত ব্যবস্থা দায়শাস্ত্রের কোন স্থলে নাই †।

সদর দেওয়ানী আদালত, ১১ আগষ্ট ১৮২৪ সাল। মোসম্মাৎ জয়মণি দেবী—বনাম—রামজয় চৌধুরী। চা. ১, সেক্. ৫, মকদ্দমা ১২ (পৃ ৭৮ ও ৭৯)।

প্রশ্ন। কোন ব্রাহ্মণ আপন সহোদর ভ্রাতার সহিত সাধারণে যে ভূমি ও বিষয় দখল করিত, তাহা অংশ করাইয়া পৃথকবাস করিল। এবং এক নাবালগ পুত্র, এক অবিবাহিতা কন্যা ও একপত্নী, এবং উক্ত ভ্রাতার পুত্রদিগকে রাখিয়া কাল প্রাপ্ত হইল। অনন্তর তাহার পুত্র মরিল। পরে পত্নীও গেল, উক্ত দুহিতা সম্ভাবিত-পুত্রা ছিল, সে পিতার বিষয় দাওয়া করিল। উক্ত ব্রাহ্মণের ঐ দুহিতা অধিকারিণী অথবা ভ্রাতার পুত্রেরা অধিকারি?

---

* এই ব্যবস্থা যথার্থ নয়—তাহা ভ্রাতৃ-দৌহিত্রাদির অধিকার-বিষয়ে লিখিত বিবেচনা দৃষ্টে প্রকাশ পাইবে।

† ধরণীধরের পত্নী সুরধনীর অধিকৃত ধন কেবল দেবকীনন্দনের উত্তরাধিকারিকে অর্শিবে, রামকান্ত ও কালীপ্রসাদের উত্তরাধিকারিদিগকে অর্শিবে না, কারণ, যে রামকান্ত ও কালীপ্রসাদের দ্বারা তদুত্তরাধিকারিরা অধিকারি, তাহারা ঐ সুরধনীর মরণের পূর্ব্বে মরিয়াছে।

widow, neither the second brother's son's widow, nor his daughter, nor his daughter's sons, can have any title to the property of the first brother's widow: as a son's widow has no right of succession to her own father-in-law's property, *a fortiori* she can have no right of succession to her father-in law's brother's property. The brother's daughter is not enumerated in the series of heirs of one who leaves no male issue. Although it is maintained in some copies of the *Dáyakramasangraha*, that a brother's daughter's son has a right of succession, yet this doctrine is wholly omitted in many copies of that tract, and there is no rule in the *Dáyabhága*, the commentary by SRI'KRISHNA TARKA'LANKA'RA, *Dáyatatwa*, or other authority, to the effect that the brother's daughter's son has the right of succession. In this case, the kinsmen in the sixth degree sprung from the paternal stock first succeed, and in default of them, those who are of the seventh or more remote degree succeed, according to their proximity in the order of relationship. The fact of the second brother's son's widow living with her husband's uncle's widow, in respect of joint food and other matters, is not the means of conferring upon her any right of succession, as the *Dáyabhága* and other authorities current in Bengal contain no special rule to that effect, dependant on the division or non-division of the property. This opinion is conformable to the *Dáyabhaga*, *Dáyakramasangraha*, *Dáyatatwa*, and other authorities current in Bengal.*

"Where there are many relatives (gnátayah,) or remote kindred (sakulyah), or cognate kindred (vándhavah), he who is nearest of kin shall take the wealth of him who dies without male issue." VRIHASPATI cited in the *Dáyatatwa* and *Dáyakramasangraha*.

Zillah Mymensing, March 5th 1819. Ch. I. Sect. 5, Case 11, pp. 76 78.

SRI'KRISHNA says:—"The father's daughter's son inherits, though there be the grandfather's uterine brother or the like living."

Consequently, on the death of the proprietor, his father's two daughters' sons should have succeeded to the property which their uncle left; and on the death of one of the sisters' sons, his widow is entitled to her husband's share of the estate.

To this effect is the text of VRIHAT MANU, cited in the *Dáyabhága.* (See V. D. p. 35.)

Zillah Mymensingh, May 18th 1823. Ch. I. Sec. 6, Case 9, (pp. 89—91.)

Q. A person died, leaving a widow and a sister's son, who died before the widow, leaving a son Is the sister's son's son entitled, on the death of the widow, to inherit the property left by her?

A sister's grandson is not an heir.

R. The sister's son's son, whose father died previously to the widow's decease, has no title to the succession.

Zillah Sylhet, May 8th, 1812. Ch. I. Sec. 6, Case 10, (p. 91.)

*Cases* bearing on the vyavastha' No. 87.

I. The sons of the paternal uncle and of the sister of a deceased Hindu, whose family, originally from Mithilá, had resided for generations in Bengal, claimed his estate. The Zillah court adjudged, that the estate fell by law to the plaintiff as deceased's sister's son in preference to his paternal uncle; that Lakkhí Priyá, step-mother of the deceased, was entitled to maintenance. The provincial court of Dacca affirmed this decree in appeal. The Sudder Dewanny Adawlut, under the opinion of their pandits to the effect that "if the family, being from Mithilá, but dwelling in Bengal, performed religious rites with the people of Bengal, and held a zemindary in that province, then Golokchandra, the deceased's sister's son, is entitled to it conformably to the Bengal law. But if the family merely dwelt in Bengal, and performed religious ceremonies with the Mithilá-people, and observed the laws and usages of that province, then Rájchandra, the paternal uncle, will inherit according to the Mithilá-law," and on consideration that the contested lands were situated in Bengal; that the family had been long resident in Bengal; that there had been no uniform observance of the ordinances of the Mithilá-*shástra;* confirmed the lower court's decrees. Ráj Chandra Náráyan Choudhurí *versus* Golok Chandra Guha—22nd January 1801—S. D. A. Rep. Vol. I. (p. 43.)

II. Rám Mani sued as the heir of her father and brothers to inherit the estate left by them. Her claim was dismissed, because she had not a son alive at the time of the death of her mother who survived the brothers; (and because her last surviving brother had, previous to his death, executed a deed of gift in favour of the male heir). Rám Mani Choudhuráni *versus* Hemlatá Choudhuráni, 6th January 1835. S. D. A. Rep. Vol. VI. (p. 3.)

The widow of a sister's son (on whom the estate had devolved) takes the estate to the exclusion of the sister herself. Rám Gosáin *versus* Rám Ráni Debi. S. D. A. R. Vol. IV. (p. 47.)

ধনির নিধনকালীন পিতা প্রভৃতির দৌহিত্রদের জীবন বা গর্ভস্থিতি তাহাদের স্বত্বের কারণ,—যেহেতু বঙ্গদেশাদৃত জীমূতবাহন ও শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার প্রভৃতি কর্ত্তৃক এইমতই ব্যবস্থাপিত হইয়াছে*। অতএব—

ধনিনিধনকালীনং পিত্রাদিদৌহিত্রাণাং জীবনং গর্ভস্থিতির্বা তেষাং স্বত্বকারণং,—বঙ্গদেশাদৃতজীমূতবাহন শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার প্রভৃতিভিরেবমেব ব্যবস্থাপিতত্বাৎ *। তেন—

ব্যবস্থা

**৮৯ পিত্রাদির যে দৌহিত্রগণ ধনির (অথবা তৎপত্ন্যাদির) নিধনকালীন জীবিত বা গর্ভস্থিত তাহারাই তদ্ধনাধিকারি *।**

**৮৯ ধনিনিধনকালীনং (তৎপত্ন্যাদিনিধনকালীনং বা) জীবিতা গর্ব্ভস্থিতা বা যে পিত্রাদিদৌহিত্রাস্তেষামেব তদ্ধনাধিকারঃ *।**

পরে জাতরা নয়।—যেহেতু জীমূতবাহনাদির মধ্যে কোন নিবন্ধাই পিত্রাদির পরজাতদৌহিত্রের স্বত্বস্বীকার করেন নাই।

নতু তৎপরজাতানাং।—জীমূতবাহনাদীনাং কেনাপি নিবন্ধ্রা ন স্বীকৃতত্বাৎ।

৮৯ সংখ্যক ব্যবস্থার

**নজীর**

কীর্ত্তিচন্দ্র পিতার বিষয়াধিকারী হইয়া অবিবাহিত ও অপ্রাপ্তব্যবহারাবস্থায় মরিলে তাহার মাতা জয়দুর্গা তদ্ধনাধিকারিণী হয়েন, পরে ইনিও লক্ষ্মীপ্রিয়া নাম্নী সপত্নীকে এবং তৎকন্যা পূর্ণিমাকে ও কীর্ত্তিচন্দ্রের পিতৃব্যপুত্র ভৈরবচন্দ্রকে রাখিয়া কালপ্রাপ্ত হয়েন। কীর্ত্তিচন্দ্রের ধনে নিজস্বত্ব সাব্যস্ত করণের নিমিত্তে লক্ষ্মীপ্রিয়া বর্ত্তমান মকদ্দমা উপস্থিত করে। মকদ্দমা দায়ের থাকা কালীন পূর্ণিমার এক পুত্র হয়, এই পুত্রের নাম ব্রজনাথ চট্টোপাধ্যায়, পূর্ণিমা নিজ পক্ষে এবং নিজ শিশু ব্রজনাথের পক্ষে বিরোধীয় বস্তুতে আপনাদের স্বত্বের ওজর পেশ করে, কিছু কাল পরে পূর্ণিমার ঐ পুত্র কালপ্রাপ্ত হয়। ভৈরবচন্দ্র আপন জওয়াবে আরং কথার মধ্যে এই এক ওজর করে যে রঙ্গপুরের কালেকটর আদালতের পণ্ডিতকে জিজ্ঞাসায় এমত নিশ্চয় জানিয়া যে সে (অর্থাৎ ভৈরব) যথাশাস্ত্র দায়াদ (১), জিলার জজের মঞ্জুরিতে পুত্রের ধনাধিকারিণী জয়দুর্গার নাম খারিজে তাহার নাম দাখলি করেন।

এই মকদ্দমা মুরশিদাবাদের প্রবিন্স্যাল কোর্টের জজ মেস্তর পি ই· প্যাটন সাহেবের সমীপে উপস্থিত হইলে বাদিনী ঢাকাকোর্টের পণ্ডিত রাজচন্দ্র শর্ম্মার এক ব্যবস্থার নকল এবং ১৮১৮ সালের ২৭ মার্চ তারিখে লিখিত সদরদেওয়ানী আদালতের এক রুবকারি দর্শায়, এই রুবকারিতে প্রাণকৃষ্ণ বিশ্বাসের বিরুদ্ধে রাজেশ্বরীর মকদ্দমা বিষয়ে উক্ত আদালতীয় পণ্ডিতদিগের ব্যবস্থা আছে। মেস্তর প্যাটন সাহেব বিবেচনা করিলেন যে উক্ত মকদ্দমা বর্ত্তমাণ মকমার সহিত মিলে না, এবং (বর্ত্তমাণ মকদ্দমায় দত্ত) জিলা আদালতের পণ্ডিতের ব্যবস্থা প্রবিন্স্যাল কোর্টের পণ্ডিতের ব্যবস্থার পোষক। এতাবতা তিনি খরচা সমেত মকদ্দমা ডিসমিস্ করিলেন। এবং যে ওজরে পূর্ণিমা দাবীদার হইয়াছিল তাহা অগ্রাহ্য বিবেচনা হওয়াতে পূর্ণিমার দাবীদারী নামঞ্জুর করিলেন। মুরসিদাবাদের পণ্ডিত কৃষ্ণনাথ ন্যায় পঞ্চাননকে ব্যবস্থা জিজ্ঞাসাপূর্ব্বক উক্ত বিচার হয়—প্রশংসিত পণ্ডিত যে উত্তর দেন তাহার মর্ম্ম এই যে "কীর্ত্তিচন্দ্রের মরণে তাহার যে বিষয় জয়দুর্গাকে অর্শিয়াছিল তাহাতে কীর্ত্তিচন্দ্রের বিমাতার (অর্থাৎ বাদিনীর) কোন স্বত্ব নাই, এবং বৈমাত্রা ভগিনী পূর্ণিমারও অধিকার নাই। জয়দুর্গার মরণের পর পূর্ণিমা এক পুত্র প্রসব করিয়াছে বটে, এবং দায়ভাগে পরে জাতব্যক্তিদের অধিকার বোধক বচনও আছে, কিন্তু নিবন্ধারা বলেন ঐ বচন পৈতামহ ধনবিষয়ক। উপরি উক্ত অবস্থায় জাত পিতৃ দৌহিত্রের অধিকারবিষয়ক প্রমাণ না থাকাতে কৃষ্ণচন্দ্রের বৈমাত্রেয় ভ্রাতৃপুত্র ভৈরবচন্দ্র ধনাধিকারী" (২)।

* দ্রষ্টব্য—ব্য· দ· পৃ· ৪৩৬। এল্· ইন্· পৃ· ৭৯।

১ রঙ্গপুরের আদালতের পণ্ডিত বাবুরাম আপন উত্তরে স্বীকার করেন যে ভৈরবচন্দ্র কীর্ত্তিচন্দ্রের পিতৃব্যপুত্র বলিয়া স্বত্ববান্। ঐ পণ্ডিত আরো কহেন যে দায়শাস্ত্রের কোন বচনে ভগিনীর অধিকার স্বীকৃত হয় নাই। এবং যে বচনে জননীর অধিকার পাওয়া যায় তাহাতে বিমাতার অধিকার অভিপ্রেত হয় নাই।

২ উক্ত পণ্ডিত এতৎ প্রমাণে দায়ভাগধৃত মনুবচনের উল্লেখ করেন। জীমূতবাহন কহেন—"মাতার রজোনিবৃত্তির পূর্ব্বে যদি পৈতৃক বিষয়ের বিভাগ হয় তবে বৃত্তিলোপ হইবে" তিনি মনুবচনের এই কএক পদ ভুলিয়াছেন; এবং কোল্ব্রুক সাহেব তদনুবাদে "পৈতামহ ধনে বৃত্তিলোপ" লিখিয়াছেন (দ্রষ্টব্য কোল্· দা· ভা· চ্য· ১, পারা, ৪৫)। শ্রীকৃষ্ণ (তর্কালঙ্কার) কহেন যে "তাহারা পৈতামহ ধনের অংশে বঞ্চিত হইবে"।

The existence or conception of the sons of the daughters of the father and the rest at the time of the owner's death constitutes their title: this is laid down by JI'MU'TAVA'HANA, SRI' KRISHNA,* and the other authors respected in Bengal. Hence—

Vyavastha'

89. Those sons only of the daughters of the father and the rest who survive the owner, or remain *in utero* at the time of his death, are entitled to inherit his property.*

Not those who are subsequently conceived, their heritable right not being acknowledged by JI'MU'TAVA'HANA* and the other compilers of the Bengal law.

*Cases* bearing on the vyavastha' No. 89.

1. Kírti Chandra, who inherited his father's property, dying an unmarried minor, was succeeded by his mother Joydurgá, who subsequently died, leaving Lakkhí Priyá her husband's wife, Púrnimá her step-daughter, and Bhoirab Chandra the son of the paternal uncle of Kírti Chandra. Lakkhí Priyá instituted the present suit to establish her right in the property of Kírti Chandra. *Pendente lite*, Púrnimá bore a son, named Braja Náth Chattopádhyáy, and she, on the part of herself, and her minor son Braja Náth, who died after a time, intervened for the assertion of their right to the property in dispute. Bhoirab Chandra, among other things, pleaded in his answer that the collector of Rungpore, with the sanction of the Zillah Judge, caused his name to be recorded in place of that of Joydurgá, who succeeded her son, having ascertained, by reference to the pandit of the court, that he (Bhoirab) was the legal rightful reversionary (1).

The case having come on before Mr. P. E. Patton, a judge of the provincial court of Moorshedabad, on the part of the plaintiff was exhibited copy of *vyavasthá* of Rájchandra Tarkálankár, pandit of the Dacca provincial court, and the *rubakári* of the Sudder Dewanny Adawlut, dated 27th March 1818, containing the exposition of the law by its pandits in regard to the case of Rájeshwarí Debí *versus* Pránkrishna Bishwás. Mr. Patton remarked, that the case was not relevant, and that the opinion of the Zillah court pandit confirmed that of the pandit of the provincial court. Consequently, he dismissed the suit with costs, and overruled the intervention of Púrnimá, the pretensions advanced by her appearing untenable. This judgment was preceded by reference to Krishna Náth Náyapanchánan, pandit of the court, to ascertain the law. The answer of the pandit was to this effect. "Neither his (Kírti Chandra's) stepmother (plaintiff), nor half sister (Púrnimá) has any right to the estate which devolved, on the death of Kírti Chandra, on his mother Joydurgá. Púrnimá has borne a son since the death of Joydurgá. There is, indeed, in the *Dáyabhága* a text declaratory of the heritable right of those born subsequently. But the scholiasts explain this as regarding the estate of the paternal grandfather. As there is no authority for the succession of a father's daughter's son, born under the circumstances in question, Bhoirab the son of Krishna Chandra's half brother is entitled (2)."

* See V. D. pp. 5, 7. Elb. In. p. 79.

(1) Bábu Rám, pandit of the civil court of Rungpore, in his answer declared the right of Bhoirab Chandra, as son of Kírti Chandra's uncle. The pandit added, that no text of law propounded the right of a sister, and the stepmother was not meant by texts which provided for the succession of the mother.

(2) The pandit refers to a text of MANU cited in the *Dáyabhága*. JI'MUTAVA'HANA says: If the hereditary estate were divided when the mother was yet fecund, there would be a deprivation of subsistence *(vriti-lopa)*. These are the words of MANU's text, quoted by him, which Mr. Colebrooke renders "dissipation of their hereditary maintenance." (See Coleb. Dá. bhá. Ch. I. para. 45). The scholiast SRI' KRISHNA remarks that "they would be deprived of their share in their paternal *grandfather's estate*."

এই মীমাংসায় অসম্মতা লক্ষ্মীপ্রিয়া ও তাহার দুহিতা পূর্ণিমা সদরদেওয়ানী আদালতে আপীল করিলে, উক্ত আদালতের জজ মে. ওয়ালপোল সাহেব জয়চন্দ্র ঘোষের বিরুদ্ধে করুণাময়ীর আপীল(৩), ও কমলাকান্ত রায় প্রভৃতির খাস আপীলের আবেদন(৪), ও বিশেষতঃ উক্ত মকদ্দমাতে আদালতের পণ্ডিতগণের দত্ত ব্যবস্থা বিবেচনা করিলেন, এবং ১৮২৭ সালের ২০ ও ২৮ নবেম্বর তারিখের সদর দেওয়ানী আদালতীয় দুই রূবকারী ও কালীপ্রসাদ রায়ের আবেদনে পণ্ডিতেরা যে ব্যবস্থা দেন (৫) তৎপ্রতিও প্রণিধান করিলেন।

মে. ওয়ালপোল সাহেব বঙ্গদেশপ্রচলিত হিন্দু-শাস্ত্রীয় আরো ব্যবস্থা গ্রহণ আবশ্যক বিবেচনা করিয়া, আদালতের পণ্ডিতকে প্রশ্ন করতঃ তাঁহার মত আনাইলেন, তদ্ যথা—"উপরি উক্ত অবস্থায় কীর্ত্তিচন্দ্রের পিতা কৃষ্ণচন্দ্রের দৌহিত্র ব্রজনাথ নিজ মাতামহের শ্রাদ্ধাদি করিতে অধিকারী, বৈমাত্রেয় ভ্রাতৃপুত্র ভৈরব নয়। অতএব কৃষ্ণচন্দ্রের যে ধন তৎপুত্র কীর্ত্তিচন্দ্রকে ও তৎপরে তন্মাতা জয়দুর্গাকে অর্শিয়াছিল তাহাতে কৃষ্ণচন্দ্রের ঐ দৌহিত্র অধিকারী। এবং ঐ দৌহিত্রের যে সকল ভ্রাতা পরে জন্মিবে তাহারাও সমান রূপে অধিকারি হইবে। যদি পিতৃব্য-পুত্র ও পিতৃ-দৌহিত্র সমকালীন বিদ্যমান হয়, তবে পিতৃব্যপুত্র অধিকারী হইবে না। কিন্তু যদি জয়দুর্গার মরণকালে কীর্ত্তিচন্দ্রের পিতৃদৌহিত্র না থাকে অথবা গর্ভস্থও না হইয়াথাকে তবে তাহার (অর্থাৎ কীর্ত্তিচন্দ্রের) ভগিনী পিতৃদৌহিত্রের জননাকর বলিয়া ধনাধিকারিণী হইবে।

১৮৩৩ সালের ২০ ফেব্রুওরি তারিখে এই ব্যবস্থা বিবেচিত হয়। রেস্পণ্ডেণ্টের উকিলেরা ওজর উপস্থিত করিলেন যে "প্রথমতঃ—রেস্পণ্ডেণ্ট নিজ পিতৃব্যপুত্রের মরণে বিষয়াধিকারী হয়; দ্বিতীয়তঃ— ব্রজনাথ কাল প্রাপ্ত হইয়াছে; তৃতীয়তঃ—পূর্ণিমা কুষ্ঠ রোগগ্রস্তা হওয়াতে বৈমাত্রেয় ভ্রাতার ও পুত্রের ধনে অনধিকারিণী; চতুর্থতঃ—পূর্ণিমা দ্বিতীয় বার বিবাহিতা অর্থাৎ এক ব্যক্তির সহিত তাহার বিবাহ স্থির হওয়ার পরে সে অন্যকে বিবাহ করিয়াছে, অতএব তাহার নিজে কোন স্বত্ব নাই এবং এমত বিবাহে উৎপন্ন পুত্রও স্বত্ববান নয়, ও সে শ্রাদ্ধাদি করিতে অনধিকারী"। মে. ওয়ালপোল সাহেব পণ্ডিতের স্থানে আরো মত জিজ্ঞাসা আবশ্যক বিবেচনা করিয়া, যে ব্যবস্থা প্রাপ্ত হইলেন, তাহা এই যে (১) ব্রজনাথের যদি পুত্র সন্তান ও পিতা না থাকে, তবে তাহার মাতা তদ্ধনাধিকারিণী। (২) কুষ্ঠ রোগগ্রস্ত ব্যক্তি যদি প্রায়শ্চিত্ত না করে তবে সে অধিকারী নয়, কিন্তু প্রায়শ্চিত্ত করিলে ঐ রোগ অধিকারের বাধক নয়। পূর্ণিমা যদি এক ব্যক্তিকে বাগদত্তা হইয়া অন্য ব্যক্তির সহিত বিবাহিতা হইয়া থাকে, এবং এই ব্যক্তির ঔরসে ও তাহার গর্ভে যদি পুত্র জন্মিয়া থাকে তথাপি (যেমত পূর্ব্ব ব্যবস্থায় কহিয়াছি) কীর্ত্তিচন্দ্রের ত্যক্ত ধনে তাহার অধিকার হইবে (৬)।

রেস্পণ্ডেণ্টের পক্ষে সুপ্রীম কোর্টের পণ্ডিত রামজয় তর্কালঙ্কারের দত্তব্যবস্থা প্রদর্শিত হয়, ঐ ব্যবস্থার মর্ম্ম যথা—"কীর্ত্তিচন্দ্রের বিমাতা ও বৈমাত্রা ভগিনী, ও পিতার বৈমাত্রেয়ভ্রাতার পুত্র বিদ্যমান, তাহাতে

---

(৩) দ্রষ্টব্য—মকদ্দমা নং ১৫, স. দে. আ. রি. বা. ৫, পৃ. ৪২—৪৬। (৪) দ্রষ্টব্য—উক্তব্যবস্থাসঙ্ক্রান্ত নোট, পৃ ৪৪।

(৫) কালীপ্রসাদের ভ্রাতৃপুত্র পার্ব্বতীচরণ অপ্রাপ্ত ব্যবহার মরাতে তাহার পিতামহী রাসমণি দেবী তদ্ধনাধিকারিণী হয়। তাহার মরণকালে পার্ব্বতীচরণের ভগিনী শ্যামাসুন্দরী ও পিতৃব্য কালীপ্রসাদ রায় ও দুর্গাপ্রসাদ রায় বর্ত্তমান, শ্যামাসুন্দরী যদি পুত্র প্রসব করে তবে পার্ব্বতীচরণের পিতামহীর ত্যক্ত সঙ্ক্রান্ত বিষয় ঐ পুত্রকে অর্শিবে কি না, যদি অর্শে, তবে যাবৎ উক্ত ভগিনীর ঐ পুত্র না জন্মে ততকাল ঐ বিষয় কাহার হস্তে ন্যস্ত থাকিবে, —(পার্ব্বতীচরণের) ভগিনীর হস্তে, অথবা তৎপিতৃব্যদিগের হস্তে? যদি পিতৃব্যদিগের হস্তে ন্যস্ত থাকে, তবে তাহার খাতিরজমা লওয়া আবশ্যক করে কি না? মকদ্দমার এইরূপ অবস্থা বর্ণিত হইলে, উক্ত আদালতের পণ্ডিত রামতনু শর্ম্মা ও বৈদ্যনাথ মিশ্র যে ব্যবস্থা দেন তাহার মর্ম্ম এই যে—"(পার্ব্বতীচরণ) পিতৃ ধনাধিকারী হইয়া মরিলে তাহার পিতামহী (রাসমণি) উত্তরাধিকারিণী রূপে তদ্ধনাধিকারিণী হয়, রাসমণির মরণেও ঐ রূপ নিয়ম চলিবে। শ্যামাসুন্দরীর গর্ভে জাত পার্ব্বতীর পিতৃদৌহিত্রের স্বত্ব হইবে না, কারণ পিতামহীর পূর্ব্বে পিতামহ অধিকারী, পিতামহের পূর্ব্বে পিতৃদৌহিত্র অধিকারী, অতএব পিতামহী উত্তরাধিকারিণী রূপে যে ধনাধিকারিণী হইয়াছিলেন, তাহাতে পিতৃদৌহিত্রের স্বত্ব হইবেক এমত শাস্ত্র নাই"।

শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের দায়ভাগ টীকা ও বিবাদভঙ্গার্ণব ও দায়ক্রমসংগ্রহ হইতে যে প্রমাণ উল্লিখিত হয়, তাহাতে প্রকাশ যে অধিকারিশৃংখলায় পিতামহের পূর্ব্বে ও ভ্রাতৃপৌত্রের পরেই পিতৃদৌহিত্র পরিগণিত হইয়াছে।

(৬) এই ব্যবস্থায় উক্ত পণ্ডিত কর্ত্তৃক যে প্রমাণ প্রদর্শিত হয়, তদ্ যথা—১ উত্তরাধিকারির শৃংখলাসূচক যাজ্ঞবল্ক্যবচন। ২ দায়ভাগে ধৃত কুষ্ঠ্যাদির অনধিকারসূচক দেবল-বচন (দ্রষ্টব্য কোল. দা. ভা. চ্যা. ৫, পারা ১১)। ৩ বিবাদভঙ্গার্ণবে লিখিত দেবলবচনের টীকা (দ্রষ্টব্য কোল. ডা. বা. ৩, পৃ. ৩০৫)। কুষ্ঠ রোগগ্রস্ত ব্যক্তির সম্বন্ধে গ্রন্থকর্ত্তা পাপের প্রায়শ্চিত্ত না করণ রূপ দোষ থাকা নিয়ম লিখিয়াছেন। কুষ্ঠ পূর্ব্ব জন্মের পাপের শাস্তিরূপে কথিত হইয়াছে।

বিবেচনা—সদরীয় পণ্ডিতের উক্ত দুই ব্যবস্থা অযথার্থ ও তাঁহার দর্শিত প্রমাণসকল এস্থলে প্রযুজ্য নয়, তাহা এই মোকদ্দমায় সুপ্রীমকোর্টের পণ্ডিতদিগের দত্ত ব্যবস্থা ও ৭ নং নোটে তাঁহাদের দর্শিত প্রমাণাদি ও পরে লিখিত বিবেচনা পাঠে জানাযাইবে।

From this decision, Lakkhí Priyá and her daughter Púrnimá appealed to the Sudder Dewanny Adawlut. Mr. Walpole, a judge of the Sudder Court, adverted to the appeal of Karuná Moyí *versus* Joychandra Ghose (3), and the application of special appeal of Kamalákánta Ráy and others (4), and in particular to the *vyavasthá* of the pandits of the Court in those matters. Mr. Walpole also adverted to two *rubakárís* of the Sudder Court, dated 20th and 28th of November 1827, and *vyavasthá* of the pandits regarding the application of Kálíprasháḍ Ráy (5).

Mr. Walpole, deeming a further exposition of the Hindu law current in Bengal necessary, made a reference to the pandit of the Court, and obtained this exposition: "Under the circumstances stated, Brajanáth, the son of the daughter of Krishna Chandra, father of Kírti Chandra, is competent to perform exequial rites and ceremonies of his maternal grandfather;—not Bhoirab, son of his half brother. So also will such son of the daughter of Krishna Chandra be entitled to succeed to his estate, which passed from him to his son Kírti Chandra, and from him to his mother Jay Durgá. His subsequently born brothers will be entitled to share equally with such son of Krishna Chandra's daughter. If the paternal uncle's son and father's daughter's son concur, the former has no right. But if on the death of Jaydurgá no son of Kírti Chandra's father's daughter may have been born, or conceived, then his father's daughter, as source of the future production of a maternal grandson of his father, will succeed."

This opinion was considered on the 20th February 1833. The wakíls of respondent urged, I. That he had succeeded to the disputed estate on the death of his cousin; II. Brajanáth had died; III. Púrnimá was excluded from inheritance by leprosy both in respect to the estate of her half brother and that of her son; IV. She was a twice married woman: for after marriage fixed with one man she had married another. Neither her son, the issue of such marriage, nor herself had any heritable right, nor was he competent to perform exequial rites. Mr. Walpole, deemed further reference to the Pandit necessary; and obtained this solution: "I. Purnimá, the mother, succeeds to the estate of her son Brajanáth, if he be not survived by male issue of a father. II. Leprosy bars inheritance unless the affected person perform atonement. It is no bar in that case. III. If Púrnimá had been affianced to one, and then married to another, to whom she has borne a son; still (as defined in my former opinion) will her right in regard to the estate left by Kírti Chandra arise (6)."

On the part of the respondent, was exhibited solution by Rámjay, a pandit of the Supreme Court, of questions propounded to him. It was to this effect: "The stepmother of Kírti Chandra, his

---

(3) See Case No. 15, S. D. A. Rep. Vol. V. pp. 42—46. (4) See note to idem, p. 44.

(5) Párbatícharan (who was the son of the brother of Kálíprasháḍ Ráy), dying a minor, was succeeded by his grandmother Rásmani Debí. On her death, his sister Shámá Súndarí, and his uncles Kálíprasháḍ Ráy and Dúrgásundra Ráy, concurred. "Should Shámá Sundarí produce a son, would such son be entitled to the estate vacated by the death of the grandmother; and if so, until the birth of the sister's son to whose care should the charge of the estate be committed,—that of the sister, or that of the uncles? and if the latter, is caution exigible?" On the case thus put, the pandits of the Court, Rámtanu Sarmá and Voidyanáth Misra, delivered an exposition which was in substance this: "As next heir, his paternal grandmother succeeded to the estate, which Párbatícharan inherited from his father. The same principle applies on the death of Rásmani. Any maternal grandsons of the father of Párbatí, borne by Shámá Sundarí his sister, will have no right, for there is no law declaratory of the right of the father's daughter's son (a preferable heir to the grandfather, who is prior to the paternal grandmother,) to succeed on her death to the estate which she as heir had obtained." The authorities cited,—from SRI'KRISHNA's comment on the *Dáyabhága*, from the Digest, and from the *Dáyakramasangraha*—shewed that, in the order of succession, the father's daughter's son precedes the grandmother, and is next to the brother's grandson.

(6) The authorities cited were:—I. Text of JA'GNYAVALKYA as to the series of heirs.—II. Text of DEVALA, cited in the *Dáyabhága*, (Chapter 5, para. 11,) as to the exclusion from inheritance of the leper and others. III. Extract from the *Digest*, comment on the text of DEVALA. (See Vol. III. p. 305). In regard to the leper or person afflicted with elephantiasis, the author adds as a condition, defect of atonement for sin. Leprosy is considered as a punishment for sin in a former birth.

*Remark*.—Both of the above *vyavasthás* of the Sudder pandit are wrong, and the authorities quoted are inappleable, as will be perceived on perusal of the *vyavasthás* delivered by the Supreme Court pandits, the note No. 7 in the present case, and the subsequent remarks, Q. V.

ঐ পিতৃব্যপুত্রই অত্যন্ত নিকট সপিণ্ডরূপে পিতৃব্যপুত্রের মাতার মরণে তদ্ধনাধিকারী। যদি কোন ব্যক্তি কন্যাকে বাগ্দান করার পর অন্য ব্যক্তির সহিত তাহার বিবাহ দেয়, তবে ঐ কন্যা অব্যবহার্য্যা, সুতরাং তাহার পুত্রও ঐ রূপ। সে মাতুলাদিকে পিণ্ডপ্রদান করিতে পারে না। কুষ্ঠরোগগ্রস্তা অথচ অকৃত প্রায়শ্চিত্তা নারী এবং তদবস্থায় তাহার গর্ভজাত পুত্র অব্যবহার্য্য, তন্মধ্যে কেহই শ্রাদ্ধাদি করিতে পারে না, বিষয়াধিকারীও হইতে পারে না। পিতৃদৌহিত্রের সম্ভাবিত স্বত্ব (তাৎকালিকবিদ্যমান) দায়াদের স্বত্বের বাধক নয়। যাঁহারা বৃত্তিলোপবিষয়ক মনুবচনের অর্থ করিয়াছেন তাঁহাদেরমতে ঐ বচন পিতা প্রভৃতি ঊর্দ্ধতন পুরুষীয় ধনবিষয়ক।

মে. ওয়ালপোল্ সাহেব ব্রজনাথের পিতা ও মাতার মধ্যে কাহার অগ্রে অধিকার এতদ্বিষয়ক ব্যবস্থা আদালতের পণ্ডিতের নিকট জিজ্ঞাসা করা বিবেচনা করিয়া প্রশ্নেতে পুর্ণিমাকে তখন সম্ভাবিতপুত্রা বলিয়া বর্ণনা করিলেন। তাহাতে পণ্ডিত যে ব্যবস্থা দিলেন তাহার মর্ম্ম যথা "যেহেতু পুর্ণিমার এখনও পুত্র প্রসব করিবার আশা আছে, অতএব তাহার মৃত পুত্রের যে ভ্রাতা বা ভ্রাতারা জন্মিতে পারে তাহাদের নিমিত্তে বিষয় ঐ ভগিনীকে অর্শিবে, নচেৎ তাহাদের স্বত্ব রক্ষা হইতে পারে না; বস্তুতঃ যে পর্য্যন্ত ব্রজনাথের ভ্রাতা জন্মিবার সম্ভাবনা থাকে সে পর্য্যন্ত ব্রজনাথের স্বত্বের সীমা অনিশ্চিত *।

১৩ জুন তারিখে মে. ওয়াল্পোল সাহেব পুনর্ব্বার এই মকদ্দমা বিবেচনা করিয়া আদেশ করিলেন যে কালীপ্রসাদ রায়ের মকদ্দমায় জিলা আদালতের পণ্ডিতের ও কলিকাতা কোর্ট আপীলের পণ্ডিতের দত্ত ব্যবস্থা দরপেশ করা হয়।

পরে ১৫ আগষ্ট তারিখে রেস্পণ্ডেণ্ট সুপ্রীমকোর্টের পণ্ডিত কালীকান্তের ও রামজয়ের লিখিত ব্যবস্থা মকদ্দমার কাগজের সহিত দাখিল করাইলেক। ঐ ব্যবস্থার মর্ম্ম যথা—"কীর্ত্তিচন্দ্রের জননী জয়দুর্গার মরণে তাহার (অর্থাৎ কীর্ত্তিচন্দ্রের) পিতৃব্যপুত্র ভৈরবচন্দ্র তত্ত্যক্তধনাধিকারী। ভগিনী সম্ভাবিতপুত্রা হইলেও ধনাধিকারিণী নয় (৭)"।

২৯ আগষ্ট তারিখে মকদ্দমার মিসিল হইল। গৌরমোহন চট্টোপাধ্যায় স্বীকার করিল যে তাঁহার মৃত পুত্র ব্রজনাথ জয়দুর্গার মরণের পর মরিয়াছে। এবং তাহার পত্নীর (অর্থাৎ পুর্ণিমার) গর্ভজাত কেবল এক কন্যা আছে। মে. ওয়ালপোল সাহেব নিম্ন আদালতের নিষ্পত্তি খরচা সমেত বহাল করিয়া মকদ্দমা ফয়সলা করিলেন। এবং এই রূপ নিষ্পত্তি প্রতিকারণ লিখিয়াছেন, যথা—রামতনু বিদ্যাবাগীশ ও বর্ত্তমাণ পণ্ডিত বৈদ্যনাথ মিশ্র কর্ত্তৃক কালিপ্রসাদ রায়ের মকদ্দমায় দত্ত ব্যবস্থা (তাহা উপরি লিখিত ৫ নং৮ নোটে দ্রষ্টব্য), এবং সুপ্রীম কোর্টের পণ্ডিতের দুই ব্যবস্থা, ও জিলা কোর্টের পণ্ডিতের দত্ত ব্যবস্থা এবং বর্ত্তমাণ মকদ্দমায় কোর্ট আপীলের দত্ত (যথা উপরি লিখিত ১৩২ নম্বর নোটে দ্রষ্টব্য), ব্যবস্থার প্রতি প্রণিধান করিলাম, এই সকলদ্বারা প্রকাশ যে মাতুলের মরণ কালীন—অথবা তন্মাতা তদ্ধনাধিকারিণী হইলে তাঁহার মরণ কালীন—পিতৃদৌহিত্র বিদ্যমানথাকিলেতবে তাহার স্বত্বজন্মিবে। ব্রজনাথ জয়দুর্গার মরণের পর জন্মিয়াছে অতএব তাহার স্বত্ব কই যে তাহা অন্যকে অর্শিবে, ঐ ব্রজনাথের কিম্বাতাহার মাতার কোন স্বত্ব হয় নাই। জয়দুর্গার মরণ

* এই ব্যবস্থা অযথার্থ, যথা পরে লিখিত বিবেচনাসকল পাঠে প্রকাশ পাইবে।

(৭) এই মতের পোষকতায় যে২ কারণ ও প্রমাণ প্রদর্শিত হয়, তদ্ [illegible]—১ স্ত্রীলোকের মধ্যে পত্নী, দুহিতা, জননী ও পিতামহী এই কএক জনই কেবল অধিকারিণী বলিয়া গণিতা, অতএব বিমাতাও ভগিনী অধিকারিণী নয়। ২ মাতুলের মৃত্যুর পরে জাত পিতৃদৌহিত্রের অধিকার স্বত্বজনন কারণদ্বারা সাব্যস্ত হয় নাই, বিশেষ বচনেও ব্যবস্থাপিত হয় নাই। মনুর যে বচনে বৃত্তিলোপ বিগর্হিত উক্ত হইয়াছে তাহা পিতামহধনে বিভক্তজের সম বিভাগ বিষয়ক। শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার ও বিবাদভঙ্গার্ণবকর্ত্তা ও আর২ গ্রন্থকর্ত্তার মতে পুর্ব্বস্বামির নিধন কালীন উত্তরাধিকারির জীবন আবশ্যক। মৃত ধনির ত্যক্ত অনধিকৃত বিষয় বিষয়ক শাস্ত্র নাই, কারণ তাহা হইলে তাহা অস্বামিক ধনের ন্যায় হইবেক, অতএব পুর্ব্বস্বামির নিধন কালীন বর্ত্তমান এবং উপকারি যে দায়াদ তাহারই স্বত্ব সাব্যস্ত, এই স্বত্বের নাশক শাস্ত্রীয়কারণাভাব। পাতিত্য, আশ্রমান্তরগমন উপরত স্পৃহা, দান, বিক্রয়, ও পরাজয়, শাস্ত্রে এই সকল স্বত্ব নাশক কারণ কথিত হইয়াছে। দায়ভাগ লিখিত ব্যবস্থা যথা, পিতৃনিধনকালীন পুত্রের জীবনই তৎ-স্বত্বের প্রতিকারণ (কোল্. দা. ভা. চ্যা. ১, পারা, ২৫)। শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার দায়ভাগটীকাতে লিখিয়াছেন—"কিন্তু পিতার স্বত্ব থাকিতে পুত্রের স্বত্বনাই, যেহেতু পিতার স্বত্ব নাশক কারণ পুত্রের স্বত্বের সহকারি হওয়া চাই। পরে তিনি মৃত্যু, পাতিত্য এবং স্বত্ব নাশের আর ২ কারণের উল্লেখ করেণ।

half sister, the son of his father's half brother, concur. The latter, as nearest *sapinda*, succeeds to his estate, vacated by the death of his cousin's mother. If a person, after affiancing his daughter to one man, give her to another, she becomes an outcast; and hence also her son. She cannot offer the funeral cake to his maternal uncle and the rest, and therefore has no right to his estate. A leprous woman, who has performed no expiation, and her son born of her whilst in that state, are outcasts. Neither can perform funeral rites; and neither can inherit. The expected existence of the right of the son of the father's daughter does not bar the establishment of the right of another heir,—according to the doctrine of those who construe the text of MANU regarding deprivation of subsistence as referring to the estate of the father and other ascendant in the direct male line."

Mr. Walpole deemed it necessary to obtain a more explicit opinion from the pandit of the Court as to the priority of right of the father and mother of Brajanáth respectively. In the reference made, Púrnimá was described as still likely to produce male issue. The answer of the pandit was to this effect: "Since Púrnimá has still the prospect of bearing male issue, the estate would devolve on her, for the brother or brothers of her late son, who may be born: otherwise their right could not be preserved: and in fact whilst the expectation of the future birth of such brother existed, the extent of Brajanáth's interest was itself indefinite.*"

The case was again considered by Mr. Walpole on the 13th of June. He directed that the opinion of the pandits of the Zillah Court and of the Calcutta Court of Appeal, taken in the case of Kálíprashád Ráy, should be produced

Subsequently on the 15th August, respondent caused to be filed with the papers of the case, the written opinion of Kálikánta and Rámjay, pandits of the Supreme Court, which was to this effect: "On the death of his mother Jaydurgá Bhoirabchandra, his uncle's son was entitled to the estate left by the late Kírti Chandra; not his step-mother, nor half sister. The sister, even from the probability of her producing male issue has no title (7)."

On the 29th August the case came on for trial. Gour Mohan Chattapádhyáy admitted that his late son Brajanáth was born after the death of Jaydurgá, and that he had only a daughter by his wife. Mr. Walpole passed judgment, confirming the decision of the lower court with costs. His motives were thus expressed. "I refer,—to the *vyavasthá* of Rám Tánu Nyáybágish and Voidanáth Misra, the present pandit, given in the case of Kalíprashad Ráy, (*Vide supra* note No. 5,) to the two *vyavasthás* of the pandits of the Supreme Court, to the *vyavasthás* of the pandit of the Zillah Court, and to that of the pandit of the court of appeal in this case (*vide* notes Nos. 1 & 2). These show, that the right of the father's daughter's son is conditioned on his existence, at the time of the death of his maternal uncle,—or of his mother if she intervene as an heir. Brajanáth was born after the death of Jaydurgá. He had no right to transmit. Neither he nor his mother have any right. Immediately on the death of Jaydurgá, the

* This *vyavasthá* is in accurate, as will be seen on perusal of the subsequent remarks and observations.

(7) In support of this opinion the following arguments and authorities were adduced. I. The wife, mother, daughter, and (paternal) grandmother are the only females specified as heirs. The stepmother and sister are therefore excluded. II. Right of the father's daughter's son, born *after* the death of his maternal uncle, is not established either by legal cause of property or by any special text. The text of MANU which deprecates deprivation of subsistence of the unborn, suggests the equality of right of brothers, born after partition of their brothers, who divided,—in regard to the estate of paternal grandfather. According to SRI'KRISHNA and the author of the *Digest*, and other scholiasts, existence of the heir at the time of the death of the last owner must be considered as essential. The law does not contemplate the unowned state of property left by a deceased: for it would then be like an unappropriated treasure. Hence the right of a successor existing at the time of the death of the last owner and benefiting him is established: and any legal cause extinctive of such right is wanting. These causes are death, degradation, assuming another order, extinction of worldly passion, gift, sale, and conquest. VI. Passage in the *Dáyabhága*, suggesting that the survival of a son at the time of his father's death may constitute his acquisition (para. 25, Chapter I). SRI KRISHNA, in his commentary on the *Dáyabhága* writes: "But it does not follow that the son has property while the property of the father endures, for the former must be accompanied by a cause extinctive of the father's property." He then alludes to death, degradation, and other legal causes of extinction of property.

মাত্রেই ভৈরবচন্দ্র তাহার পুত্রের উত্তরাধিকারীরূপে বিরোধীয় বিষয়ে অধিকারী। লক্ষ্মী প্রিয়া—বনাম-ভৈরব চন্দ্র চৌধুরীও জয়চন্দ্র চৌধুরী। ২৯ আগষ্ট ১৮৩৩ সাল, মকদ্দমা নং ১০৫, স. দে. আ. রি. বা. ৫, পৃ. ৩১৫—৩২২।

বঙ্গদেশীয় ধর্ম্মশাস্ত্রানুসারে পিতৃব্যপুত্র ও পিতৃদৌহিত্র থাকিলে পিতৃদৌহিত্রই অধিকারী। কিন্তু ধনির স্বত্ব ধ্বংসকালীন পিতৃদৌহিত্রের গর্ভাধান না হইলে ভাবি দৌহিত্রের জননাপেক্ষায় স্বত্ব নিরাশ্রয় থাকিতে পারে না। আদালতের তলব মতে কএক জন পণ্ডিতের দত্ত ব্যবস্থা ও তলব বিনা প্রাপ্ত কএক ব্যবস্থাক্রমে অথচ আদালতের তলব মতে প্রাপ্ত কএক ব্যবস্থার বিপরীতে এই নিষ্পত্তি হয়। শেষোক্ত কএক ব্যবস্থার মধ্যে সদর দেওয়ানী আদালতের পণ্ডিতের ব্যবস্থাও আছে। (উক্ত মকদ্দমার রিপোর্টের মার্জিনে লিখিত নোট)।

৶০ পৈতৃক বিষয়াধিকারী কোন হিন্দু এক ভগিনী (ও তাহার এক নাবালগ পুত্র) ও দুই পিতৃব্য রাখিয়া মরে, সদর আদালতের পণ্ডিতের দত্ত ব্যবস্থানুসারে বিচার হইল যে ভগিনীর পুত্র অর্থাৎ পিতৃদৌহিত্র পিতৃব্যদিগকে নিরাশ করিয়া ধনাধিকারী। সম্ভুচন্দ্র রায় প্রভৃতি—বনাম—গঙ্গাচরণ সেন। ২৪ জুলাই ১৮৩৮ সাল, স. দে. আ. রি. বা. ৬, পৃ. ২৩৪—২৩৬।

উক্ত পণ্ডিত নিজ ব্যবস্থায় (আরো) কহিয়াছেন যে মৃতধনির ভগিনী শ্রীমতীর যদি পুত্র সন্তান নাও থাকিত তথাপি তাহার পুত্রজনন সম্ভাবনা কাল পর্য্যন্ত সে ঐ বিষয়াধিকার করিতে যোগ্যা হইত*।

বিবেচনা—এই মকদ্দমার বৃত্তান্ত যথোচিত বিস্তৃতরূপে লিখিত হয় নাই। ইহার খোলাসা সদর-রিপোর্টের ৫ বালামের ৪৫ পৃষ্ঠায় লিখিত ১৫ নং মকদ্দমার নোটে দ্রষ্টব্য। এই মকদ্দমায় যে তকরার তাহা পুনর্ব্বার উত্থিত হইলে, ও তাহার বিচার করিতে হইলে ৫ বালামের ১৫, ২০ ও ১০৫ নং মকদ্দমার প্রতি যত্নপূর্ব্বক প্রণিধান কর্ত্তব্য। দৃষ্ট হইবে যে প্রামাণিক বচনাদির ও নজীর সকলের অধিকাংশ † এক্ষণে কৃত নিষ্পত্তির পোষক অর্থাৎ তাহাতে পিতৃদৌহিত্রের অধিকারের এই সীমা নির্দ্দিষ্ট হইয়াছে যে মাতুলের (অথবা মাতামহীর) মরণ কালীন যদি সে জীবিত থাকে তবে ধনির পিতৃব্যগণকে নিরাশপূর্ব্বক অধিকারী হইবে। মৃত ধনির সম্ভাবিতপুত্রা ভগিনী থাকিলে পুত্রের ভবিষ্যৎ জননাপেক্ষায় তৎকালীন জীবিত দায়াদগণের স্বত্ব স্থগিত থাকিতে পারে কি না এবিষয় অদ্যাপি সন্দেহস্থল †। সদর আদালতের রিপোর্টের ৫ বালামে লিখিত ১০৫ নং মকদ্দমার মার্জিনের নোটে বর্ণিত হইয়াছে যে অধিকার জন্মিবার কালে (অর্থাৎ মাতুলের মরণ কালে) গর্ভস্থ নয় যে পিতৃদৌহিত্র তাহার ভবিষ্যৎ জন্মের অপেক্ষায় স্বত্ব স্থগিত থাকিতে পারে না। এই বিচার আদালতের তলবমতে প্রাপ্ত কএকজন পণ্ডিতের ব্যবস্থানুসারে এবং বিনা তলবে প্রাপ্ত আরং পণ্ডিতের ব্যবস্থানুসারে অথচ আদালতের তলবমতে দত্ত কএক ব্যবস্থার বিপরীতে নিষ্পন্ন হয়। শেষোক্ত ব্যবস্থা কএকের মধ্যে সদর দেওয়ানী আদালতের বর্ত্তমান পণ্ডিত বৈদ্যনাথ মিশ্রের ব্যবস্থাও আছে। ইহা বিবেচ্য যে সদর দেওয়ানী আদালতের পণ্ডিত বৈদ্যনাথ মিশ্র বরাবর এক রূপ মত দেন নাই, যথা ৫ বালামের ১৫ নং মকদ্দমার নোট দৃষ্টে প্রকাশ পাইবে তিনি এমত সকল মত যাহা দিয়াছেন পরস্পর বিপরীত। এবং ঐ সকল বিপরীত মত সমন্বয়ের নিমিত্তে আদালত তলব করিলে তিনি আপন উত্তরে যে কারণ দর্শাইয়াছেন তাহাতে তিনি যে আদালতকে সন্তুষ্ট করিতে পারিয়াছেন এমত বলাযাইতে পারে না। স. দে. আ. রি. বা. ৬, পৃ. ২৩৬ ও ২৩৭।

৶০ জিলা মুরসিদাবাদ নিবাসী কীর্ত্তিচন্দ্র নামক এক জমিদার মহানন্দ ও পরমানন্দ নামক দুই পুত্র রাখিয়া এবং আনন্দময়ী, সানন্দময়ী ও পরমানন্দময়ী নাম্নী তিন কন্যা রাখিয়া লোকান্তর গত হয়েন, তাহার মরণে তাহার দুই পুত্র বিষয়াধিকারি হইল। পরমানন্দ অবিবাহিত মরাতে তাবৎ বিষয় মহানন্দকে অর্শিল।

---

* উক্ত ব্যবস্থার এই অংশ যথার্থ নয়, যথা— পরে লিখিত বিবেচনা সকল দৃষ্টে প্রকাশ পাইবে।

† আরো অনুসন্ধান করিলে অবগতি হইত যে এমত গ্রন্থকর্ত্তা বা টীকাকর্ত্তা বিরল যৎকর্ত্তৃক এমত কথিত হইয়াছে যে (মাতুলের অথবা তদুত্তরাধিকারিণী মাতুলানী প্রভৃতির) মরণকালীন পিতৃদৌহিত্র বিদ্যমান না থাকিলেও তাহার স্বত্ব হইবে, এবং নব্য পণ্ডিতদিগের মধ্যে সকলেই প্রায় গ্রন্থকর্ত্তা ও টীকাকর্ত্তাদের মতাবলম্বি কেবল অত্যল্প পণ্ডিতে উক্ত মতের অর্থাৎ দেশপ্রচলিত শাস্ত্রের বিরুদ্ধে মত দিয়াছেন, দায়শাস্ত্রের সাধারণ বিধি এই যে কোন অগ্রগণ্য উত্তরাধিকারী ধনির মরণকালীন গর্ভস্থিত না হইলে তাহার ভবিষ্যৎ জন্মের প্রত্যাশায় স্বত্ব নিরাশ্রয় থাকিবে না। উক্ত বিধি এমত মান্য, যে সদরের বর্ত্তমান পণ্ডিত বৈদ্যনাথ মিশ্র যিনি উপরিউক্ত এবং আর কএক মকদ্দমায় এমত মত দিয়াছেন যে ভাবি পিতৃদৌহিত্রের নিমিত্তে তজ্জননাকর রূপে ভগিনী ধনাধিকার করিবে তিনিও ইহা অমান্য করিতে পারেন নাই—যথা করুণাময়ীর মকদ্দমায় তাঁহার দত্ত প্রথম ব্যবস্থা পাঠে দৃষ্ট হইবে।

respondent Bhoirab was an heir of her son, entitled to the disputed property." Lakkhí Priyá *versu* Bhoirabchandra Choudhurí and Joychandra Choudhurí. 29th August 1833. Case 105. S. D. A. Rep. Vol. V. pp. 315—322.

Under the Hindu law received in Bengal, the sister's son is an heir preferable to the paternal uncle's son ; but right of succession cannot remain in abeyance in the expectation of the future production of such heir not conceived at the time of succession opened. This was adjudged with reference to official opinion of some pandits and unofficial opinions of others, contrary to some official opinions,—that of the pandit of the S. D. A. included. (Marginal note to the present case.)

II. A Hindu died possessed of ancestral property—leaving a sister, (her minor son.) and two paternal uncles. Held according to the *vyavasthá* given by the Sudder pandit, that the sister's son (father's daughter's son) succeeds to the exclusion of paternal uncles. Shambhu Chandra Ráy and another *versus* Gangá Charan Sen. 24th July 1838. S. D. A. Rep. Vol. VI. pp. 231—236.

The pandit further declared in his *vyavasthá* that, supposing that Srímati the sister had no son, she would be entitled to hold possession as long as there was a hope of his bearing one."*

*Remarks.*—This case has not been reported so fully as it might have been, as an abstract of it is to be found in the note to case No. 15, Vol. V. p. 45. In deciding the legal question involved in it on its again arising, the cases Nos. 15, 20, and 105 of volume V. should be carefully considered. The majority† of authorities and precedents would appear to be in favour of the decision now reported, to the extent of the right of succession to ancestral property of a sister's son *alive at the time of his maternal uncle's death*, to the exclusion of the paternal uncles of the latter. Whether the right of succession of other existing heirs can remain in abeyance in the case of a childless sister, as for future issue, is still doubtful.† In the marginal note to Case No. 105, volume V. it is stated that " the right of succession cannot remain in abeyance in the expectation of the future production of a sister's son *not conceived* at the time of succession opened, and that this was adjudged with reference to official opinions of some pandits, and unofficial opinions of others, contrary to some official opinions, that of the pandit of the Sudder Dewanny Adawlut included.' It might be observed that the pandit of the Sudder Dewanny Adawlut, Voidanáth Misra, had not invariably held the same opinion, as is apparent from the conflicting opinions pronounced by him which are given in the note to Case No. 15, of volume V, and which can scarcely be said to have been satisfactorily explained in his reply to the Court, when called upon to reconcile them. S. D. A. Rep. Vol. VI. pp. 236 237.

III. Kírti Chandra, a zemindar in Zillah Moorshedabad, died leaving two sons Mohánanda and Paramánanda, and three daughters A'nanda Moyí, Sánanda Moyí, and Paramánanda Moyí. He was succeeded in his estate by his two sons. Paramánanda died unmarried, and the entire estate devolved upon Mohánanda. He died leaving a widow, who succeeded to the estate. The widow also died ; and at the time of her

* This part of the *Vyvastha* is wrong. See the subsequent remarks and observations.

† On a further enquiry it would have been found, that there is scarcely any writer of or commentator on a law-book current in Bengal who does not maintain that the right of the sister's son is conditioned on his existence at the time of death of his maternal uncle (or of his female heir if any intervene as having prior title) ; that of the modern pandits most have followed those author's and authorities : only a few have given *vyavasthás* contrary to the above, and consequently contrary to the law as current in this country ; and that it is the general maxim of the Hindu law that the right of succession cannot remain in abeyance in expectation of future birth of a preferable heir *not conceived* at the time of the owner's death a maxim which could not be denied even by Voidya Náth Misra (the present pandit of the Sudder Court.) who in the above and some other cases has said that the sister, as source of future production of a maternal grndson to her father, will hold for her son that may be born. See his first *Vyavasthá* in the case of Karuná Mayí.

মহানন্দ এক পত্নী রাখিয়া মরিলে এই পত্নী বিষয়াধিকারিণী হইল। অনন্তর এই পত্নীও মরিল। ইহার মরণ কালীন তৎপতির দত্তা ভগিনী আনন্দময়ী ও সানন্দময়ী এবং আনন্দময়ীর পাঁচ পুত্র ও সানন্দময়ীর দুই পুত্র এবং অবিবাহিতা পরমানন্দময়ী বর্ত্তমানা ছিল। অনন্তর আনন্দময়ীর স্বামির মৃত্যু হয়, ও সানন্দময়ী দুর্গাদাস ধর নামক আর এক পুত্র প্রসব করে।

জিলা বীরভূম ও মুরসিদাবাদ ও নদিয়ার পণ্ডিতদিগকে মুরসিদাবাদের জজ ব্যবস্থা জিজ্ঞাসা করিলে তাঁহারা কহিলেন যে বর্ণিত অবস্থায় মহানন্দের মৃত্যু কালীন তাহার যে সাত ভাগিনেয় জীবিত ছিল তাহারাই মহানন্দের পত্নীর মৃত্যুর পর মাতুলের বিষয়াধিকারি, সানন্দময়ীর যে পুত্র পরে জন্মিয়াছে সে ঐ বিষয় ভাগী নহে। উক্ত জজ এই ব্যবস্থানুসারে এবং নজীরের প্রতি দৃষ্টিপূর্ব্বক সানন্দময়ীর পরে জাত পুত্রের দাবী ডিসমিস্ করিলেন।

আপীলে সদর দেওয়ানী আদালত নিজ পণ্ডিতদিগকে জিজ্ঞাসা করিলেন যে ১ মহানন্দের ও তৎপত্নী দ্রবময়ীর ত্যক্ত ধনে তাহাদের মরণের পরে সানন্দময়ীর গর্ভেজাত পুত্র নিজ ভ্রাতাগণের ও মাসতুতা ভ্রাতাদিগের সহিত সমান ভাগী কি না? এবং সানন্দময়ীর যদি আরো পুত্র জন্মে তবে তাহারাও ঐ বিষয়ের ভাগি হইবে কি না? ২ এই সকল বিষয়ে বঙ্গদেশে ও উড়িস্যাদেশে প্রচলিত যে শাস্ত্রসকল তাহা একই রূপ কি ভিন্ন রূপ? ৩ মহানন্দের ও তাহার পত্নীর মৃত্যুর পর আনন্দময়ীর পাঁচ পুত্রের এবং সানন্দময়ীর দুই পুত্রের অধিকার বিষয়ক যদি এক ডিক্রী হইয়া থাকে এবং ঐ ডিক্রী জারীতে যদি তাহারা আপন২ অংশ দখল পাইয়া থাকে, তবে ঐ ডিক্রী ও তাহার জারী সানন্দময়ীর পশ্চাজ্জাত পুত্রগণের দাওয়ার বাধক হইবে কি না?

পণ্ডিত প্রথম প্রশ্নের উত্তর করিলেন যে উপরি উক্ত অবস্থায় মহানন্দ ও তৎপত্নীর মৃত্যুর পর সানন্দময়ীর যে পুত্র জন্মিয়াছে সে প্রথমে বক্ষ্যমাণ প্রমাণানুসারে নিজ সহোদর ও মাসতুতা ভাইদিগের সহিত সমভাগী, কিন্তু তৎপরে বক্ষ্যমাণ আর ২ প্রমাণানুসারে ঐ পুত্র অধিকারী নয়।

প্রমাণ—

১ মনু—যাহারা জাত, যাহারা অদ্যাপি জন্মেনাই, এবং যাহারা গর্ভে আছে. সকলেই বৃত্তি আকাঙ্খা করে; বৃত্তিলোপ গর্হিত কর্ম্ম। দ্রষ্টব্য—কোল্. দা. ভা. চ্যা. ১, পারা. ৪৫।

২ শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার দায়ভাগটীকা—উপরি উক্ত বচনে 'বৃত্তিলোপ' পদের অর্থ এই যে পৈতামহ ধনে পৌত্রগণের বৃত্তিলোপ গর্হিত কর্ম্ম।

৩ বিবাদ ভঙ্গার্ণব—"উপরি উক্ত মনুবচনে যে বৃত্তি পদ ব্যবহৃত হইয়াছে তাহা পৈতামহ ধন বিষয়ক"।

পণ্ডিত দ্বিতীয় প্রশ্নের উত্তর করিলেন যে সম্ভু কর বাজপেয়ী এবং উদয়কর বাজপেয়ীর প্রণীত গ্রন্থ উড়িস্যা দেশে অতিশয় প্রসিদ্ধ, আমি ঐ গ্রন্থের অনেক অনুসন্ধান করিলাম কিন্তু কখন প্রাপ্ত হইতে পারি নাই, অতএব আমি উক্ত বিষয়ে নিশ্চিতরূপে কোন উত্তর দিতে পারি না। উক্ত পণ্ডিত আরো কহিলেন যে মিতাক্ষরাও উড়িস্যা দেশে চলিত, অতএব বঙ্গদেশে মিতাক্ষরা চলিত না থাকাতে উড়িস্যা ও বঙ্গ দেশীয় শাস্ত্রের মধ্যে বিশেষ আছে।

তৃতীয় প্রশ্নের উত্তর। "তৃতীয় প্রশ্নে লিখিত অবস্থায় ডিক্রী ও ডিক্রী জারীর পরে জাত পুত্রের দাওয়া অগ্রাহ্য হইবে, যেহেতু শাস্ত্রানুসারে রাজকর্ত্তৃক অন্য সাতজন ভাগির অধিকার পূর্ব্বেই নিশ্চিত হইয়াছে। মূল ধনির অর্থাৎ মহানন্দের পিতার যে দৌহিত্র ঐ মহানন্দের ও তৎপত্নীর মৃত্যুর পর জন্মিয়াছে ঐ ধনের ভাগিহইতে তাহার দাওয়া নাই।"

প্রমাণ—

মনু—১ একবারই অংশ হয়, একবারই কন্যা দত্তা হয়, একবারই মনুষ্যে কহে "দিলাম", এই তিন কর্ম্ম সৎলোকে একবার মাত্রই করিয়া থাকেন*।

বিবাদ ভঙ্গার্ণবে এবং আর২ গ্রন্থে ধৃত নারদবচন—২ প্রজা রাজার শাসনাধীন, রাজা প্রজাকে আজ্ঞা করিতে ক্ষমবান্*।

---

* উক্ত বচন দ্বয় এস্থলে প্রযুজ্য নয়। যে স্থলে বিভাগ ধর্ম্মতঃ হয় সেই স্থলেই প্রথম প্রমাণ খাটে (কুল্লূক ভট্টের মনুটীকা দ্রষ্টব্য)। কিন্তু যে স্থলে বিভাগ অধর্ম্মতঃ হইয়াথাকে সে স্থলে অবশ্যই পুনর্ব্বার বিভাগ হইবে যথা বিভক্তজ স্থলে হইয়া থাকে। বিবাদ ভঙ্গার্ণবের বিভাগপ্রকরণ দ্রষ্টব্য।

death there were living A'nanda Moyí, and Sánanda Moyí, her husband's married sisters; five sons he the former; two of the latter; and Paramánanda Moyí, her husband's unmarried sister. The husband of A'nanda Moyí subsequently died. Sánanda Moyí had another son named Durgá Dás Dhar.

The pandits of the Zillah courts of Beerbhoom, Moorshedabad, and Nuddea, being referred to by the Zillah Judge, declared that, under the circumstances stated, the seven nephews of Mohánanda, alive at the time of his death, were, on the death of his widow, entitled to the estate of their maternal uncle, and that the son of Sánanda Moyí subsequently born was not entitled to share in it. The judge, with reference to these *vyavasthás*, and precedents, passed judgment dismissing, the claim of Sánanda Moyí's sons subsequently born.

The Sudder Court, in appeal, asked their pandit:—1st. Is the son born to Sánanda Moyí, after the death of Mohánanda and his widow Drapa Moyí, entitled to share equally with his brothers and cousins in the estate left by Mohánanda and his widow?—and should other sons be born to Sánanda Moyí, will they also be entitled to share? 2nd. Are the laws on these points as current in Urissá and Bengal the same, or is there any difference between them? 3rd. Should a decree have been passed, after the death of Mohánanda and his widow, recognizing the right of the five sons of A'nanda Moyí and the two sons of Sánanda Moyí, and should they, in execution of such decree, have been put in possession of their shares, will the decree and subsequent execution in any way affect the claim of the sons of Sánanda Moyí subsequently born?

The pandit replied to the first question that, under the circumstances stated, the son born to A'nanda Moyí, after the death of Mohánanda and his widow, would be entitled to share equally with his brothers and cousins, according to the first authority which he would cite, but that he would not be entitled under other authorities which follow:

*Authorities*—

1. MANU:—They who are born, and they who are yet unbegotten, and they who are actually in the womb, all require the means of support; and the dissipation of their hereditary maintenance is censured. See Coleb. Dá. bhá. Ch. I. para. 45.

2. Gloss of SRI'KRISHNA TARKA'LANKAR on the *Dáyabhága*.—The term "dissipation of their hereditary maintenance, or deprivation of subsistence," in the above text means that "the deprivation of the grandsons of their share in their paternal grandfather's estate is censured."

3. *Virádabhangárnava*.—"In the text of MANU above cited, the word "*vritti*" or patrimonial support is used. This refers to ancestral property lineally inherited in the male line."

To the second question the Pandit replied, that the works of *Shambhúkara Bájpeí* and *Vidyákara Bájpeí* were in great repute in *Orissá*, that he had frequently enquired for those works, but had never succeeded in procuring them. He was therefore unable to speak with certainty on this point. He added that the *Mitákshará* was also current in Orissa; and thus there was a difference in the law as current in Orissa and Bengal, in which latter the *Mitákshará* was not current.

Reply to the third question. Under the circumstances stated in the third question, the claim of the son, born subsequently to the decree and execution thereof, would be affected; because, the right of the other seven shareholders having been settled by the ruling power in conformity with the law, the daughter's son of the original proprietor, the father of Mohánanda, born after the death of Mohánanda and his widow, has no claim to share in the estate."

*Authorities*—

1. MANU.—Once is the partition of an inheritance made; once is a damsel given in marriage; and once does a man say, 'I give:' these three are, by good men, done once for all, and irrevocably."* Ch. IX. V. 47.

2. NA'RADA, cited in the *Virádabhangárnava* and other works:—"The subjects are under the authority of their ruler, and the ruler is at liberty to give orders to his subjects.*"

* These authorities are inapplicable in the present instance. The first of them applies only where the partition was made justly (*dharmatah*: see *Kulluka Bhatta's* comment on the text cited). But where the property is ill distributed, it must again be divided, as in the case of a brother born *after* partition. See Coleb. Dig. vol. III. pp. 48, 49.

শ্রীযুক্ত ইস্মিথ সাহেবের নিকট মকদ্দমা পুনর্ব্বার উপস্থিত হইলে তিনি পণ্ডিতকে সদর আদালতের রিপোর্টের ১ বালামের ৩২৪ পৃষ্ঠায় মুদ্রিত রামদুলাল পাঁড়ের বিরুদ্ধে মোসম্মাৎ সুলক্ষণা প্রভৃতির মকদ্দমায় দত্ত ব্যবস্থার সহিত নিজ ব্যবস্থার সমন্বয়করিতে কহিলেন, এবং আদেশ করিলেন যে শম্ভুকর বাজপেয়ীর ও উদয় করবাজপেয়ীর গ্রন্থ যদি পাওয়া যায় তবে তাহা দৃষ্টি পুর্ব্বক আর এক ব্যবস্থা দেন, ইহাতে উক্ত পণ্ডিত উত্তর করিলেন যে উল্লিখিত গ্রন্থ পাওয়া গেল না, কিন্তু উক্ত মকদ্দমায় আর কোন ব্যবস্থা দিলেন না।

পণ্ডিতের উত্তর শ্রবণের পুর্ব্বে মে. ইস্মিথ সাহেব আদালত ত্যাগ করিলেন, পরে এই মকদ্দমা শ্রীযুক্ত রাট্রে সাহেবের সমীপে পেশ হইলে তিনি নিম্ন আদালতের নিষ্পত্তি বহাল রাখিলেন।

আপীলাণ্টের তজবিজ সানির দরখাস্তের মঞ্জুরীর বা নামঞ্জুরীর হুকুম দেওনের পুর্ব্বে শ্রীযুক্ত রাট্রে সাহেব পণ্ডিত বৈদ্যনাথ মিশ্রকে বর্ত্তমান মকদ্দমায় দত্ত ব্যবস্থার এবং রামদুলাল পাঁড়ে প্রভৃতির বিরুদ্ধে মোসম্মাৎ সুলক্ষণার মকদ্দমায়, ও জয়চন্দ্র ঘোষের বিরুদ্ধে করুণাময়ীর মকদ্দমায় দত্ত ব্যবস্থার মধ্যে পরস্পর সমন্বয় করিতে কহিলেন, এবং তাঁহাকে দেখাইয়া দেওয়া হইল যে উক্ত মকদ্দমায় আদালতের পণ্ডিতেরা যে ব্যবস্থা দিয়াছেন তাহা বর্ত্তমান মকদ্দমায় তাঁহার লিখিত ব্যবস্থার সহিত মিলে না, অপিচ বর্ত্তমান মকদ্দমায় তাহার নিজের লিখিত ও বাচনিক মত এবং জয়চন্দ্র ঘোষের বিরুদ্ধে করুণা ময়ীর মকদ্দমায় তাঁহার লিখিত মত পরস্পর বিরুদ্ধ বোধ হইতেছে। ইহাতে পণ্ডিত যে উত্তর দিলেন তাহা সন্তোষ জনক না হওয়াতে মে. র‍্যাট্রে সাহেব কলিকাতা কোর্টের পণ্ডিতের প্রতি মে. ইস্মিথ সাহেবের কৃত প্রশ্নের উত্তরের নিমিত্তে আগরার সদর আদালতের পণ্ডিতের সমীপে প্রেরণ করিলেন।

উক্ত আদালতের পণ্ডিতের উত্তর প্রাপ্ত হইয়া মে. র‍্যাট্রে সাহেব এক মিনিট লিখিলেন, তাহার শেষ ভাগ এই যে"—১৮৪০ সালের ১৬ জুলাই তারিখে তজবিজ সানির দরখাস্ত আমাকর্ত্তৃক পঠিত হইলে এই আদালতের পণ্ডিতকে উপরি উক্ত মতবৈলক্ষণ্য সকল সমন্বয় করিতে বলাযায়, এবং আগরার সদর আদালতের পণ্ডিতের নিকট ব্যবস্থা দানের নিমিত্তে বিচার্য্য প্রশ্ন প্রেরণ করাযায়। এই পণ্ডিত এখানকার পণ্ডিতের দত্ত মতের এবং মিসিলে দাখিল আর ২ ব্যবস্থার পোষকতায় মত দেওয়াতে, এবং আমি অনুসন্ধানে যে ২ নজীর প্রাপ্ত হইলাম তাহা বহাল হওয়া নিষ্পত্তির পোষক হওয়াতে এই মাসের ৮ তারিখে (তজবিজ সানির) দরখাস্ত নামঞ্জুর করিয়াছি। অতএব দুর্গাদাস ভ্রাতাগণের সহিত সমভাগী হওনের যে দাওয়া করিয়াছে তাহা অগ্রাহ্য, * কিন্তু এই বিচার করণকালীন আমি এত পরস্পর বিরুদ্ধ উক্তি পড়িয়াছি ও তাহাতে এত সন্দেহ উপস্থিত হইয়াছে এবং প্রকাশ্য প্রশ্নের উপর সামান্যতঃ এত বিরুদ্ধ মত উত্থাপিত হইয়াছে যে আর এক হাকিমের রায়ের নিমিত্তে পাঠান যুক্তিযুক্ত বিবেচিত হইল।

সদর আদালতের রিপোর্টেরপ্রথম বালামের ৩৭ ও ৩২৪ পৃষ্ঠায় লিখিত এবং পঞ্চম বালামের ৪২ও-৫৫ ও৩১৫ পৃষ্ঠায় লিখিত মকদ্দমা সকল বিবেচনাপুর্ব্বক মে. রাট্রে সাহেব নিজ মন্তব্য কথা লিখিয়া মিনিট প্রস্তুত করিলেন।

অনন্তর এই মকদ্দমা শ্রীযুক্ত টকর সাহেব ও রীড্ সাহেবের এজলাসে পেশ হইলে তাঁহারা একত্র বিবেচনা করিলেন,—যেহেতু এই মকদ্দমার বিচারকর্ত্তা শ্রীযুক্ত রাট্রে সাহেব ইহার তজবীজ্ সানি নামঞ্জুর করিয়াছেন, অতএব অন্য জজ তাহা নামঞ্জুর করিতে পারেন না। ইহাতে শ্রীযুক্ত রাট্রে সাহেব চূড়ান্তরূপে তজবীজ সানি নামঞ্জুর করিলেন *।

**বিবেচনা**—মাতুলের মৃত্যুর পরে জাত ভাগিনেয় পিতৃদৌহিত্র বলিয়া সংক্রান্তধনে অধিকারী কি না এবিষয়ে পণ্ডিতদিগের মধ্যে অনেক বিভিন্ন মত আছে যথা মে. রাট্রে সাহেবের মিনিটে উল্লিখিত মকদ্দমা সকল এবং ইহার পরে ধৃত ও ১৮৩৮ সালের ২৪ জুলাই তারিখে নিষ্পন্ন গঙ্গাচরণ সেনের বিরুদ্ধে শম্ভুচন্দ্র রায়ের মকদ্দমা দৃষ্টি করিলে প্রকাশ পাইবে। বর্ত্তমান মকদ্দমায় আপিলাণ্ট যে শিশুর পক্ষে দাওয়া করে তাহার জন্মের পুর্ব্বে মাতুলের মরণ কালীন বিদ্যমান পিতৃদৌহিত্রগণের অংশ আদালতের বিচারে নির্দ্দিষ্ট হইয়াছে, এই অবস্থা প্রযুক্তই আদালতের পণ্ডিতের দত্ত ব্যবস্থানুসারে মকদ্দমার নিষ্পত্তি হইল *।

---

* এই নিষ্পত্তি যথার্থ হইয়াছে, কিন্তু যে ইহা কারণে হইয়াছে তাহা যথার্থ নয়, কেননা মাতুলের মরণকালে গর্ভস্থ নয় কিন্তু তৎপরে জাত পিতৃদৌহিত্রের স্বত্ব যদি শাস্ত্রে ব্যবস্থাপিত হইত, তবে আদালতের যে নিষ্পত্তিপত্রে মাতুলের মরণকালীন বর্ত্তমান ভাগিনেয়দের ভাগ নির্ণয় করিয়া দেওয়া হয় তাহা ঐ পরজাত ভাগিনেয়র স্বত্বের হানিজনক হইতে পারিতনা যথা,—উক্ত রূপ বিভাগ নির্ণায়ক নিষ্পত্তি যদি পৈতামহ ধন বিষয়ে হইত তবে তাহাতে বিভক্তজের স্বত্ব শাস্ত্র সিদ্ধ হওয়াতে, এবং ঐ বিভক্তজ পুর্ব্বে বিভাগকারি ভ্রাতাদের স্থানে সমভাগ পাইতে যথাশাস্ত্র অধিকারী হওয়াতে উক্ত রূপ নিষ্পত্তি ভ্রমমূলক অথবা অশাস্ত্রীয় বলিয়া অকর্ম্মণ্য হইত। অতএব উক্ত নিষ্পত্তি বঙ্গদেশপ্রচলিত দায়শাস্ত্রসম্মত সাধারণ কারণ

The case having been again brought before Mr. Smith, he called upon the pandit to reconcile his present *vyavasthá* with that delivered in the case of Musst. Sulakkhna *versus* Rámdulál Pánde and others' (S. D. A. Rep. Vol. I. p. 324,) and to give a further exposition of the law after consulting the works of *Sambhukara Bajpeí* and *Vidyákara Bájpeí* if procurable. To this the pandit replied that he had not been able to procure the works alluded to, but gave no further exposition of the law of the case.

Before the pandit's reply had been heard, Mr. Smith left the court, and the case was then laid before Mr. Rattray, who confirmed the judgment of the lower court.

Before passing any orders as to the admission or rejection of the appellant's application for a review of judgment, Mr. Rattray called upon the pandit (Voidanáth Misra) to explain the discrepancies between the opinions given in this case and in those of Musst. Sulakkhná *versus* Rámdulál Pánde, and Karuná Moyí *versus* Jaychandra Ghose. It was pointed out to him that the opinion given in that case by the pandits of the Court, was at variance with his written *vyavasthá* in the present action: and further that his own written and verbal opinions in the present case, as also his written opinions in the present case and in that of Karuná Moyí *versus* Joychandra Ghose, appeared to him opposed to each other.

The pandit's reply to this not being satisfactory, Mr. Rattray then referred the questions put by Mr. F. C. Smith to the pandit of the Calcutta Court, for the opinion of the pandit of the Western Court.

On the receipt of the reply of the pandit of the Western Court, Mr. Rattray recorded his minute, the latter part whereof is as follows: "On the 16th July 1840, a petition for a review of the decision passed, was read by me. The pandit of this Court was called upon to explain asserted discrepancies; and the pandit of the Western Court for a *vyavasthá* on the question at issue. This latter being confirmatory of the opinion delivered by the pandit here, and of other *vyavasthás* on the record, and such precedents as I could discover being in favour of the judgment which had been affirmed, I rejected the petition, on the 8th instant; and the claim of Durgá Dás, to share with his brethern, stands disallowed.* At the same time I have met with so much contradiction or doubt, and with so many apparently conflicting opinions on the question generally, that I have thought it advisable to send on the case for another voice.

Mr. Rattray concluded his minute with referring to the cases reported at pages 37 and 324, volume I., and pages 42, 55, and 315, volume V. of the Reports.

The case was then laid before Messrs. Tucker and Reid jointly, who remarked that as Mr. Rattray, the deciding judge, had disallowed the application for a review, no other judge could admit it. On this Mr. Rattray finally disposed of the case, by a rejection of the application.

*Remarks.*—The right of a sister's son, born after the death of his maternal uncle, to succeed to ancestral property as the father's daughter's son, is a point on which much difference of opinion exists between pandits, as may be seen by a reference to the cases cited in Mr. Rattray's minute, and to that of Sambhu Chandra Ráy *versus* Gangá Charan Sen, under date the 24th July 1838. In the case now reported, a judgment of court fixing the shares of the several sisters' sons in existence at the time of the death of the maternal uncle, had intervened prior to the birth of the infant for whom the appellant claimed, and it was this circumstance that, under the exposition of the law as given by the pandits, governed the judgment* of the Court.

---

* This judgment is correct, but the principle upon which it is based is wrong, for if the father's daughter's son born afterwards and not conceived at the time of his maternal uncle's death had any right according to the Hindu law, then a judgment of the Court fixing the shares of several sisters' sons existing at the time of death of the maternal uncle could not affect his title: e. g. had such judgment been passed in the case of paternal property, in which a brother born after partition is declared by the law entitled to take an equal share from his brothers who had previously divided, it would be held void as being erroneous, or not borne out by the law. The above judgment therefore ought to have been founded on the general principle of the Hindu law, viz. that the father's daughter's son, born *after* the death of the maternal uncle, has no title to the deceased's property, whether it was or was not previously divided by those nephews who existed at the time of death of the deceased (or his female heir if any intervene).

বিরুদ্ধ ব্যবস্থা। পিতৃদৌহিত্রের স্বত্ব-কারণনির্ণয়বিষয়ে জীমূতবাহন যে মত স্থির করিয়াছেন ও শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারাদি যদনুগামি হইয়াছেন তদনুসারে সকল নব্যপণ্ডিতই প্রায় ব্যবস্থা দিয়াছেন, তদতিক্রমে কেবল অত্যল্প সংখ্যক পণ্ডিত অর্থাৎ শোভারাম শর্ম্মা, বৃন্দাবন চন্দ্র শর্ম্মা ও চতুর্ভুজ শর্ম্মা কহিয়াছেন যে—অবিবাহিতাবস্থায় মৃত মাতুলকে অর্শিয়াছিল যে পিতৃধন তাহাতে (উপযুক্ত কালে বিবাহিতা) সহোদরা ভগিনীর গর্ভে জাত এবং অজাত পুত্র অধিকারি হইবে (১)। দুই বা তিন পণ্ডিত মত দিযাছেন যে—পত্নী বা অন্য নারী যদি মৃত ধনির উত্তরাধিকারিণী হয় তবে তাহার মরণকালে জীবিত আর তৎপরে জাত উভয়রূপ পিতৃদৌহিত্রকেই সমানরূপে বিষয় অর্শে, এবং তৎপরে যদি এক বা অনেক ভাগিনেয় জন্মে তবে তাহারাও উক্ত জীবিত ভাগিনেয়দের সহিত সমভাগি হইবে (২)। এবং বৈদ্যনাথ মিশ্র কহিয়াছেন—"যাহারা জাত এবং যাহারা (অদ্যাপি) জাত হয় নাই, ও যাহারা গর্ভে আছে, সকলেই বৃত্তির আকাঙ্খা করে, বৃত্তিলোপ গর্হিত কর্ম্ম"—এই মনু বচনানুসারে, মাতুলের মরণের পরে জাত পিতৃদৌহিত্র মাতুলের মরণকালীন জীবিত ভাগিনেয়দের অর্থাৎ ভ্রাতা ও মাতৃস্বসারপুত্রদের সহিত সমভাগি হইবেক; কিন্তু অন্যান্য মতে অর্থাৎ শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারকৃত দায়ভাগটীকার মতে ও বিবাদভঙ্গার্ণবের মতে পরে জাত ভাগিনেয় বিষয়ভাগী হইবে না, উক্ত টীকাতে লিখিত আছে যে উক্ত বচনস্থ বৃত্তিপদে পৈতামহধন বুঝায়, তাহাতে পৌত্রের ভাগ লোপ করা গর্হিত কর্ম্ম। বিবাদ ভঙ্গার্ণবে কথিত হইয়াছে যে উক্ত মনুবচনে ব্যবহৃত বৃত্তি পদে ক্রমাগত পৈতামহ ধন বোধ্য (৩)। ভগিনী পিতৃদৌহিত্রের জননাকর, তদ্দারা ধনির ও তৎপিতৃদৌহিত্রের পরস্পর সম্বন্ধ জন্মে। যদি ধনির মরণকালে ভাগিনেয় নাওথাকে তথাপি (যেহেতু পিতৃদৌহিত্রের স্বত্বঅন্যরূপে সংস্থাপিত হইতে পারে না) ঐ ভগিনী ধনাধিকার করিতে অধিকারিণী, এবং পুত্র উৎপাদনকাল পর্য্যন্ত তাহা নিজাধিকারে রাখিতে যোগ্যা। ভগিনীর এই অধিকার পত্নী পর্য্যন্ত উত্তরাধিকারিহীন হইয়া মৃতধনির দুহিতার অধিকারের ন্যায় (৪)। যদি ভগিনীর পুত্রের মৃত্যু হয় ও ভগিনীর তখনও পুত্র উৎপাদনের সম্ভাবনা থাকে, তবে ঐ মৃত পুত্রের জনিষ্যমান ভ্রাতা বা ভ্রাতাদের নিমিত্তে বিষয় ঐ ভগিনীকে অর্শিবে, যেহেতু তদ্ব্যতীত তাহাদের স্বত্ব রক্ষার উপায় নাই (৫)। যদি মৃত ধনির ভগিনীর পুত্র নাও থাকে তথাপি ঐ ভগিনীর যত কাল পুত্র জনন সম্ভাবনা থাকে তত কাল সে ঐ বিষয় অধিকার করিতে অধিকারিণী (৬)। যদি ধনির মৃত্যুকালীন পিতৃদৌহিত্র না জন্মিয়াথাকে কিম্বা গর্ভস্থও না হইয়া থাকে তবে ঐ ভগিনী পিতৃদৌহিত্রের জননাকর রূপে বিষয়াধিকারিণী হইবে (৭)।

বিরুদ্ধ ব্যবস্থা খণ্ডন— এই সকল মত বঙ্গদেশমান্য কোন গ্রন্থকর্ত্তা বা টীকাকর্ত্তা লিখেন নাই, স্বীকারও করেন নাই, প্রত্যুত এমত মত এতদ্দেশে অত্যন্ত মান্য জীমূতবাহন ও শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের সংস্থাপিত মতের বিরুদ্ধ, কেননা তাঁহাদের মত এই যে—"পিতার নিধনকালীন পুত্রের যে জীবন সেই তাহার স্বত্ব-উৎপাদক *। পুত্রের জীবনই স্বত্বের প্রতি কারণ, পিতার নিধনকাল তাহাতে সহকারী মাত্র †। এতাবতা উপরি উক্ত মত কতিপয়কে বঙ্গদেশপ্রচলিত শাস্ত্রের বিরুদ্ধ গণ্য করিতে হইবে। মাতুলের মরণকালে গর্ভস্থ নয় অথচ তৎপরে জাত এমত ভাগিনেয় যদি মৃত মাতুলের মৃত্যু কালে বর্ত্তমান উত্তরাধিকারিকে নিরাশ করিয়া অধিকারী হয়, অথবা তৎকালে বর্ত্তমান আরং ভাগিনেয়দের সহিত ধনভাগী বিবেচিত হয়, তবে উক্ত প্রামাণিক মতের বিপরীতাচরণ হইল, এবং "স্বত্ব নিরাশ্রয় থাকিতে পারে না" শাস্ত্রের এই যে সাধারণ বিধান তাহারও অতিক্রম হইল, যেহেতু তেমত হইলে মাতুলের মরণকালীন বর্ত্তমান যে শাস্ত্রস্বীকৃত দায়াদ সে

মূলক হওয়াউচিত ছিল. তাহা এই যে মাতুলের (অথবা তৎস্ত্রী উত্তরাধিকারিণীর) মরণকালীন বর্ত্তমান পিতৃদৌহিত্রেরা পূর্ব্বে বিভাগ করিয়া লইয়া থাকুক না থাকুক তৎপরে জাতপিতৃদৌহিত্র তদ্ধনে অধিকারী ও ভাগী নয়।

(১) স. দে. আ. রি. বা. ৫, পৃ. ৫৫।
(২) স. দে. আ. রি. বা. ১ পৃ. ৩২৬ ও ৩২৭।
তথা বা. ৫. পৃ. ৪৫ ও ৩১৮।
(৩ স. দে. আ. রি. বা. ৬, পৃ.) ২২৮।
(৪) স. দে. আ. রি. বা. ৫, পৃ ৪৫।
(৫) স. দ. আ. রি. বা. ৫, পৃ. ৩২১।
(৬) স. দে. আ. রি. বা. ৬, পৃ. ২৩৬।
(৭) স. দে. আ. রি. বা. ৫, পৃ. ৩১৮।

* জীমূতবাহন। পিতা ও পুত্র পদে সম্পর্কিমাত্রকে বুঝায় (দা. ভা. পৃ. ৩)। অর্থাৎ পিতা বা পিতৃপদ পূর্ব্ব স্বামি মাত্রের বোধক, পুত্রপদ অধিকারি শৃঙ্খলায় পরিগণিত সম্পর্কিমাত্রের সূচক।

† শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের দায়ভাগটীকা পৃ. ২১। দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৭।

Repugnant Vyavasthá's.

Regarding the origin or cause of title of the father's daughter's son, the opinion of the large majority of the modern pandits is in conformity with the principle laid down by our great Bengal author JI'MU'TAVA'HANA and adopted by SRI' KRISHNA and the other compilers and commentators current in Bengal. There are however exceptions: Shobbá Rám Sarmá, Brindában Chandra Sarmá, and Chaturbhuj Sarmá have declared, that the sons, born and unborn, of a whole sister (married within the proper time,) would take her predeceased father's estate, which had vested in her minor brother, who had died before marriage (1). Two or three pandits have declared, that the estate of a deceased proprietor legally devolves, after the death of his female heir (if any intervene,) to his father's daughter's sons who were then alive, and to the other sons of the sister, who are since born, in equal portions; and that should one or more sons be hereafter born of the sister, he or they also would be entitled to share with the other sons of the sister, who are now living (2). And Voidyanáth Misra has given his opinion as follows:—The Father's daughter's son, born after the death of the late proprietor, would be entitled to share equally with his brothers and cousins, according to this text of MANU cited in the *Dáyabhága:* "They who are born, they who are yet unbegotten, and they who are actually in the womb, all require the means of support; and the dissipation of their hereditary maintenance is censured." But that he would not be entitled under other authorities, viz. gloss of SRI' KRISHNA TARKA'LANKA'RA on the *Dáyabhága:* "The term dissipation of their hereditary maintenance, or deprivation of subsistence in the above text means that the deprivation of grandsons in their share in the paternal grandfather's estate is censured." And *Vivádabhangárnava:* "In the text of MANU above cited, the word "*Vritti*" or patrimonial support is used. This refers to ancestral property lineally inherited in the male line (3). The sister is the source of production of daughter's sons to the father, and the medium of their relation. If, at the death of the proprietor, no son of his sister existed, still (since the right of the father's daughter's son could not be otherwise established) she was entitled to enter on the succession, and hold until production of her male issue. This too was analogous to the succession of the daughter to the estate of the father, who died leaving no male issue or his widow (4). If the sister's son die, and the sister may still have the prospect of bearing male issue, the estate would devolve on her for the brother or brothers of her late son who may be born; otherwise the right could not be preserved (5). Supposing that the sister (of the late proprietor) had no son, she would still be entitled to hold possession as long as there was a hope of her bearing one (6). If, on the death of the proprietor, no son of his father's daughter may have been born, or conceived, then his sister, as source of the future production of a maternal grandson to his father, will succeed (7).

Repugnant Vyavasthá's refuted.

Such opinions have neither been declared nor sanctioned by any of the compilers of, and commentators current in Bengal: further, they are repugnant to the doctrine laid down by JI'MU'TAVA'HANA and SRI' KRISHNA, the greatest authorities in Bengal, viz. "The existence (of the son) at the time of the father's death alone constitutes the son's title."* "The meaning is, that existence of the son is the sole cause of heritable right, to which the time of the father's death is an aid."† Opinions like these must therefore be held as repugnant to the principles of the Bengal code. If the sister's son, neither born nor *conceived* at the time of his maternal uncle's death, be held entitled to inherit to the exclusion of the heir who was then *in esse*, or to share with his brothers and cousins then living, i. e. when the maternal uncle died, it will be in violation of the above quoted axioms as well as of another equally stringent, that "*right does not remain in abeyance.*" In the first

(1) S. D. A. R. vol. V. p. 55.
(2) S. D. A. R. vol. I. pp. 326, 327, and vol. V. p. 45. & 318
(3) S. D. A. R. vol. VI. p. 228.
(4) S. D. A. R. vol. V. p. 45.
(5) Vol. V. p. 321.
(6) S. D. A. R. vol VI p. 236.
(7) S. D. A. R. Vol. V. p. 318.

* JI'MU'TAVA'HANA. Here the expressions "*father*" and "*son*" severally indicate any relation. *Ibid* (vide Coleb. Da Bhá. p. 3). that is to say, the expression *father* is meant to signify the predecessor or former owner, and *son* is meant to indicate any relative included in the order of succession as entitled to inherit.

† SRI' KRISHNA's commentary on the *Dáyabhága*, Saus. p 21. See V. D. P. 7.

দায়াধিকারী হইতে পারিবে না, কিন্তু ঐ দায় আরো নিকট দায়াদের ভবিষ্যৎ জন্মের অপেক্ষায় অনিশ্চিত কাল পর্য্যন্ত স্থগিত থাকিবে, এতাবতা শাস্ত্রের নির্ণীত অধিকারিশৃঙ্খলা ভঙ্গকরা হইল।

শেষোক্ত পণ্ডিত কহেন— মাতুলের মরণকালে বিদ্যমান ভাগিনেয়দের সহিত তৎপরে জাত ভাগিনেয় উক্তমনু-বচনানুসারে স্বত্বভাগী হইবে, কিন্তু শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের দায়ভাগটীকার ও বিবাদভঙ্গার্ণবের ব্যাখ্যানুসারে সে বিষয়ভাগী হইবে না যেহেতু এই দুই গ্রন্থে উক্ত মনু-বচন কেবল পৈতামহ ধনবিষয়ক কথিত হইয়াছে। পরন্তু জ্ঞাতব্য এই যে মনুবচনের উক্ত ব্যাখ্যা কেবল উক্ত গ্রন্থকর্ত্তারাই করিয়াছেন এমত নহে কিন্তু বঙ্গদেশাদৃত সকল গ্রন্থকর্ত্তাই ঐ মত স্পষ্টতঃ বা ইঙ্গিতে কহিয়াছেন, এবং (অভিনব ব্যাখ্যা অস্বীকার পূর্ব্বক) নব্য পণ্ডিতেরা সর্ব্ববাদিসম্মতিতে এমত স্বীকার করিয়াছেন যে উক্ত বচন পৈতামহ ধন ভিন্ন অন্য বিষয়ে খাটে না, উপরি উক্ত পণ্ডিত যিনি দায়ভাগাদির বিপরীতে উক্ত বচনকে এস্থলে সাধারণ বিষয়-বিষয়ক দেখাইতে মনস্থ করিয়াছিলেন তিনিও অস্বীকার করিতে পারেন নাই যে মনুর উক্ত বচন কেবলপৈতামহ ধনবিষয়ক, বরং উক্ত বচনের উক্ত রূপমাত্র প্রয়োগ জয়চন্দ্র ঘোষের বিরুদ্ধে করুণাময়ীর তজবীজ সানির মকদ্দমায় দৃঢ় রূপে স্বীকার করিয়াছেন, তদ্‌যথা— "দ্বিতীয় প্রমাণ (অর্থাৎ মনুর উক্ত বচন) পৈতামহ ধনবিভাগ-বিষয়ক, এবং তাহাতে পিতা স্ত্রীর রজোনিবৃত্তি না হওয়া পর্য্যন্ত ক্রমাগত পৈতামহ ধন পুত্রগণের মধ্যে বিভাগ করিয়া দিতে এই আশঙ্কায় নিষিদ্ধ যে পাছে তাহাতে পরেজাত পুত্রের বৃত্তিলোপ হয়। মাতুলের ধন ভাগিনেয়র পক্ষে তদ্রূপ বিবেচিত হয় নাই, প্রত্যুত ভাগিনেয়র যে অধিকার তাহা আকস্মিক, তাহার অধিকারের অন্যথা হইলে বৃত্তিলোপ রূপ গর্হিত কর্ম্ম হয় না"। এতাবতা এই ব্যবস্থাপিত বিধি বোধ করিতে হইবে যে মাতুলের পরেজাত পিতৃদৌহিত্র উক্ত মনু-বচনানুসারে তদ্ধনাধিকারী নয়,।

. ধনির মৃত্যুর পরে জন্মিয়াছে অথচ মৃত্যুকালে গর্ভস্থ হয় নাই এমত পিতৃদৌহিত্রের জনন পর্য্যন্ত যদি তৎসম্ভাবিতা মাতা অর্থাৎ ধনির ভগিনী এই কারণে বিষয়াধিকার করিতে যোগ্যা হয় যে তদ্ব্যতীত পিতৃদৌহিত্রের অধিকার স্থাপিত হইতে পারে না, তবে পিতার ভগিনী অথবা ধনির মরণকালীন গর্ভস্থ নয় পরন্তু পরে জনন সম্ভাবনা আছে ও জন্মিলে অগ্রগণ্য হইবে এমত উত্তরাধিকারির জননশালিনী স্ত্রীলোক মাত্রেই কেন আপনার ভবিষ্যৎ অথচ অনিশ্চিত পুত্রের স্বত্বের রক্ষা নিমিত্তে অধিকারিণী হইতে পারুক না। কন্যার ন্যায় ভগিনীর কোন রূপে অধিকার হইতে পারে না, যেহেতু কন্যা অধিকারি-শৃঙ্খলা মধ্যে পরিগণিতা, কন্যা দৌহিত্রের পূর্ব্বে যথাশাস্ত্র স্বত্ববতী বলিয়া অধিকারিণী হয়, এবং দৌহিত্র জননে তাহার স্বত্ব যায় না, কিন্তু যাবজ্জীবন অধিকার করিয়া মরিলে পর যদি দৌহিত্র জীবিত থাকে, তবে সে অধিকারী হয়, কিন্তু ভগিনী পুত্রের পূর্ব্বে অধিকারিণী হইতে পারে না, যেহেতু কোন ক্রমে ভ্রাতার ধন অধিকার করিতে তাহার অধিকার নাই, (ইহা ইহার পরেই উত্তম রূপে অবগতি হইবে)। উপরি উক্ত (৪ সংখ্যক) ব্যবস্থার পোষকতায় যে প্রমাণ উল্লিখিত হইয়াছে তাহা সম্পূর্ণরূপ ভিন্ন বিষয়ে প্রযুজ্য, তন্মধ্যে এক প্রমাণবিষয়ে এস্থলে বিবেচনা আবশ্যক, অর্থাৎ দায়ভাগের বিভক্তজ-বিভাগ প্রকরণে ধৃত যাজ্ঞবল্ক্য-বচন। উক্ত পণ্ডিত কহেন উক্ত বচনে দৃশ্য বস্তু হইতে বিভাগের পরেজাত পিতৃদৌহিত্রদের অংশ বিধান হইয়াছে। এইমতের ভ্রম দায়ভাগের উক্ত প্রকরণ পাঠেই প্রকাশ পাইবে, কেননা ঐ প্রকরণে ব্যবস্থাপিত হইয়াছে যে ঐ বচন পৈতামহ ধনে খাটে অন্য বিষয়ে খাটেনা, শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারাদি নিবন্ধাদিগেরও মত এই।

অপিচ উক্ত পণ্ডিত কহেন— যদি ভাগিনেয় মরে ও ভগিনীর তখনও পুত্রজননের আশা থাকে তবে মৃত ভাগিনেয়র ভবিষ্যৎ ভ্রাতা বা ভ্রাতাদিগের নিমিত্তে বিষয় ঐ ভগিনীকে অর্শিবে। এই ব্যবস্থা উভয়তঃ অসঙ্গত; অর্থাৎ প্রথমতঃ— উক্ত ভাগিনেয় যদি মাতুলের ধনাধিকারী হইয়া এবং পিতা পর্য্যন্ত উত্তরাধিকারী না রাখিয়া মরিয়া থাকে তবে ঐ ভগিনী তৎকালে সম্ভাবিতপুত্রা হউক বা না হউক নিজ মৃত পুত্রের জননী ও উত্তরাধিকারিণী বলিয়া অধিকারিণী হইবেক, তৎপুত্রের মাতুলের ভগিনী বলিয়া আপনার অনিশ্চিত ভবিষ্যৎ পুত্রের স্বত্ব রক্ষার নিমিত্তে অধিকার করিবে না, এবং তাহার স্বত্ব জন্মিলে ভবিষ্যৎপুত্রের জননে ঐ স্বত্ব ধ্বংস হইয়া ঐ পুত্রে বর্ত্তিতে পারে না, কেননা আমাদিগের ধর্ম্মশাস্ত্রের সাধারণ বিধান এই যে কাহারো স্বত্ব একবার জন্মিলে তাহার মরণ বা পাতিত্যাদি বিনা ধ্বংস হয় না। এতাবতা ঐ ভগিনীর ভবিষ্যৎ পুত্র নিজ মাতা হইতে বিষয় গ্রহণ করিতে পারে না যেহেতু ঐ মাতা তাহার স্বত্ব রক্ষার নিমিত্তে জিম্মাদারের ন্যায় বিষয়াধিকারিণী হয় নাই কিন্তু নিজে যথাশাস্ত্র স্বত্ববতী বলিয়া অধিকারিণী হয়। তাহার মৃত্যুকালে যদি ঐ পুত্র জীবিত থাকে তবে তৎপরে অধিকারী হইবে। দ্বিতীয়তঃ— যদি ঐ

case, the property of an owner will not be inherited by the acknowledged heir existing at the time of his death (natural or civil), but must be reserved for an indefinite period in expectation of the future birth of a preferable heir, not yet conceived: thus the entire order of succession becomes intercepted and broken.

The pandit last alluded to has declared, that a father's daughter's son, born after the death of the late proprietor, would be entitled to share equally with his brothers and cousins *in esse* when the uncle died, according to the text of MANU which he cited; but that he would not be entitled under SRI' KRISHNA'S commentary on the *Dáyabhága*, and under *Vivádabhangarná*, in both of which the above text of MANU is declared to refer to ancestral property lineally inherited in the male line. It is however to be borne in mind that the same exposition of the said text of MANU is given either expressedly or impliedly by all the authorities of the Bengal school, and that (barring the exception and innovation of which we are now treating) it has been universally admitted by the modern pandits that the text in question does not apply to any property other than that of ancestors in the male line. Even our dissentient pandit has found himself unable to be consistent in his departure from the received doctrine. He had, in a prior *vyavasthá*, given on review of judgment in the case of Karuná Moyí *versus* Joy Chandra Ghose, thus expressed himself: "As for the second proof (i. e. the text of MANU above cited), that regarded the case of paternal partition, and prohibited the father from dividing a lineally descended property *(Kramágata)* amongst his sons, while the mother was yet fecund, lest the patrimonial support *(Vritti)* of the after born should fail. Now the estate of the maternal uncle was not considered as such, in respect of the sister's son; on the contrary the succession of the latter was casual, and by its deviation from the sister's son, the condemned act of deprivation of subsistence did not arise." It is therefore to be held as law under the above text that the sister's son, born after his maternal uncle's death, is not entitled to inherit.

If the sister be held entitled to enter on the succession and hold until her son be born (although not conceived at the time of her brother's death), because the right of the father's daughter's son could not otherwise be established; why is not the father's sister, or any other female, who may be the probable mother of the offspring which if born would have had a prior title to inherit, held entitled to enter on the succession in order to preserve the right of her future but uncertain male issue? But no lawgiver has provided for the custody and charge of the estate of the unborn during an indefinite period: inasmuch as the succession could not remain in abeyance but must immediately pass to the surviving heir then in *esse*. The succession of the sister is by no means analogous to the succession of the daughter, inasmuch as the latter is not one of the designated heirs, and inherits *before* her son in her own right, which does not cease on the birth of her own or sister's son, but lasts to the end of life: after her death, the property, if he survive, devolves upon him, whereas the former cannot succeed before her son, for as sister she has no title whatever to succeed to her brother's estate. The authorities cited in support of the above *Vyavasthá* (No. 4.) are applicable to an entirely different subject. One of them requires to be here noticed, viz. the text of JA'GNYAVALKYA cited in the *Dáyabhága*, in the chapter which treats on the participation of sons born after partition. "This" the pandit says, "provides for their shares from the apparent estate." The error of this *vyavasthá* will be manifest on perusal of the very chapter of the *Dáyabhága* where the text is shown to apply to the estate of ancestors in the male line, and not to any other. Such is also the opinion of SRI' KRISHNA and other scholiasts.

The pandit has declared: "If the sister's son die, and the sister may still have the prospect of bearing male issue, the estate would devolve on her for the brother or brothers that may be born, otherwise the right could not be preserved." But this is inconsistent either way. I. If the sister's son have died after the succession has devolved upon him, and left neither issue, nor widow, nor father, then shall the said sister succeed, not however as sister of her deceased son's maternal uncle, and in order to preserve the estate for another son who may possibly be born to her, but as mother and designated heir of her late son, be she capable of bearing male issue or not: the succession having once devolved upon her cannot be divested and transferred to her son who may afterwards come

ভাগিনেয় মাতুলের [illegible]রাধিকারী ও বিষয়াধিকারী না হইয়া মরিয়া থাকে, তবে ভগিনী নিজ পুত্রের জননী বলিয়া দাওয়া করিতে পারেন না যেহেতু এই পুত্রকে বিষয় অর্শে নাই, ঐ পুত্রের মাতুলের ভগিনী বলিয়াও দাওয়া করিতে পারেন না যেহেতু ভগিনী কোন ক্রমে অধিকারিণী নয় *। এবং পূর্ব্বোক্ত কারণ সকলে † অনিশ্চিত কালে জনিষ্যমাণ ভাবি পুত্রের বন্ধু বলিয়াও দাওয়া করিতে পারেন না।

ভগিনী পিতৃদৌহিত্রের জননাকর বটে কিন্তু তাহা স্বত্ব জননের প্রতি কারণ নয়। উত্তরাধিকারির জননাকরত্ব যদি স্বত্ব জননের কারণ হইত তবে যে পিতৃষ্বসা কিম্বা অন্য কোন স্ত্রীলোক ধনির অগ্রগণ্য উত্তরাধিকারির জননাকর বলিয়া গণ্যা সে অবশ্যই ধনাধিকারিণী হইত। বস্তুতঃ কোন কারণে ভগিনী কিম্বা অন্য স্ত্রীলোক ধনাধিকারিণী নয়; স্ত্রীলোকেরঅধিকার স্পষ্টতঃ নিষিদ্ধ হইয়াছে, যথা— "যজ্ঞের নিমিত্তে ধন বিহিত, অতএব তাহা ধর্ম্মযুক্ত পাত্রে অর্পিত হউক, স্ত্রী মুর্খ ও বিধর্ম্মী যেন প্রাপ্ত হয় না" ‡। বৌধায়ন ঋষি—"স্ত্রী অধিকারিণী" এই অনুবৃত্তি ভাবনায় বলিয়াছেন" স্ত্রীলোক ও কোন ইন্দ্রিয়হীন ব্যক্তিরা দায় বিষয়ে নয়, এই শ্রুতি আছে" অর্থাৎ দায়রূপ ধনে অধিকারি নয়। পত্নী প্রভৃতির যে অধিকার তাহা বিশেষ বচনহেতু অবিরুদ্ধ" §। অতএব পত্নী দুহিতা জননী পিতামহী ও প্রপিতামহীর যে অধিকার সে কেবল বিশেষ বচনানুরোধে ব্যবস্থাপিত ¶। কিন্তু ভগিনীর অধিকার বোধক কোন বচন নাই; প্রত্যুত শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার ভগিনীর অধিকার বিশেষ করিয়া নিরাশ করিয়াছেন যথা" যদ্যপি দুহিতার অভাবে দৌহিত্রের অধিকার বৎ পিতৃদৌহিত্রের পূর্ব্বে ভগিনীর অধিকার হওয়া যুক্ত ছিল তথাপি সে স্ত্রীলোক এবং পার্ব্বণপিণ্ডদানে অনধিকারিণী বলিয়া অধিকারিণী নয়, দৌহিত্রের পূর্ব্বে দুহিতার যে অধিকার তাহা "অঙ্গাদঙ্গাৎ সম্ভবতি" ইত্যাদি বিশেষ বচন হেতু §। জগন্নাথ তর্কপঞ্চাননও ঐ মত কহিয়াছেন, যথা— "এমত আপত্তি করা উচিত হয় না যে তেমত হইলে ভগিনী প্রভৃতিকে পুত্রাদির দ্বারা উপকার করণকারণে দায়াধিকারিণী হইতে অধিকার আছে। তাহাদের দাওয়া উপরি উক্ত বচনে লুপ্ত হইয়াছে এবং বৌধায়ন ঋষি স্ত্রী-মাত্রকে দায়াধিকারিণী হইতে অযোগ্যা কহিয়াছেন। পরন্তু উক্ত বচনে পত্নী প্রভৃতির অনধিকার হইতে পারে না যেহেতু তাহাদের অধিকার বিশেষ বচনে সংস্থাপিত হইয়াছে ¶ (বি. দা. ভা. দ্বী. র. ৮)। আশ্চর্য্য এই যে যে পণ্ডিত শোষোক্ত পাঁচ বিরুদ্ধ ব্যবস্থা দিয়াছেন তিনিই স্থানান্তরে ** আপনার এই উক্তি খণ্ডন করিয়া উপরি লিখিত জীমূতবাহন প্রভৃতির মতে দৃঢ়রূপে অবলম্বন করিয়াছেন।

উপরি উক্ত সপ্তব্যবস্থার মধ্যে ৫ ও ৭ সংখ্যক ব্যবস্থাকে শ্রীযুক্ত ওয়ালপোল সাহেব শম্ভুচন্দ্র চৌধুরী প্রভৃতির বিরুদ্ধে লক্ষ্মীপ্রিয়ার মকদ্দমার বিচার কালে অগ্রাহ্য করিয়াছেন, (দ্রষ্টব্য— ব্য. দা. পৃ. ২২৪); এই মকদ্দমায় তিনি যে নিষ্পত্তি করিয়াছেন তাহা যথাশাস্ত্র এবং নির্ব্বিবাদ। পরন্তু অন্য কএক ব্যবস্থার দশা ঐ রূপ না হইয়া প্রত্যুত তাহার অধিকাংশ নিম্ন প্রকাশিত নিষ্পত্তি কতিপয়ে বহাল রহিয়াছে।

* রাজা দামোদর চন্দ্র দেব প্রভৃতির বিরুদ্ধে রাজকুমারী কৃপাময়ী দেবীর মকদ্দমায় সদর আদালত নিষ্পত্তি করিয়াছেন যে হিন্দু-শাস্ত্রানুসারে মাতা পুত্রের ধনে অধিকারিণী হইলে ঐ ধন ঐ মাতার কন্যাকে অর্থাৎ ধনির ভগিনীকে অর্শিবে না, যেহেতু ভগিনী ভ্রাতার ধনে অধিকারিণী নয়। ২০ ফেব্রুরি ১৮৪৫ সাল. স. দে. আ. রি. বা. ৭, পৃ, ১৯২।

এলবরলিং সাহেবের পুস্তকের ৬৭ ও ৬৮ পৃষ্ঠা, ও মেকনাটন সাহেবের হিন্দু-ল-র ২ বালামের ৮৫ ও ৯৭ পৃষ্ঠা, এবং সর ফ্রানসিস্ মেকনাটন সাহেবের কনসিডরেসনস্ অন দি হিন্দু-ল নামক গ্রন্থের পৃষ্ঠা ৪,৭,১০। দ্রষ্টব্য।

† অর্থাৎ শাস্ত্রকর্ত্তাদের মধ্যে কেহই অনিশ্চিত কালে জনিষ্যমাণ বালকের স্বত্ব রক্ষার বিধান করেন নাই, এবং অনিশ্চিত কালের নিমিত্তে স্বত্বও নিরাশ্রয় থাকে না, ধনির মরণকালে যে উত্তরাধিকারি জীবিত থাকে তাহাতেই তৎক্ষণাৎ স্বত্ব গিয়া বর্ত্তে; ধনির মরণকালে জাত কিম্বা গর্ভস্থ নয় যে তাহার স্বত্ব নাই।

‡ মিতাক্ষরা পৃ. ২০৯। বি. দা. ভা. দ্বী র. ৮। § দা. ভা. অপু. পৃ. ২৩৩। ¶ ঐ সকল বচন ব্যবস্থাদর্পণে তৎপ্রত্যেকের অধিকারপ্রমাণে ধৃত হইয়াছে তাহা দ্রষ্টব্য।

** দ্রষ্টব্য—জয়চন্দ্র ঘোষের বিরুদ্ধে করুণাময়ীর তজবিজ সানির মকদ্দমা, স. দে. আ. রি. বা. ৫. পৃ. ৪৪। ব্য. দ. পৃ. ২৪০।

*in issue*, it being the general and inflexible rule, that succession once vested is indefeasible until the natural or civil death of the taker. So in this case, the future brother of the late sister's son could not take the property from his mother (during her life), inasmuch as she held it in her own right, as heir, and not as a mere custodian or trustee for him. After her death of course the property, if he survive, devolves upon him. II. If the sister's son had died without being the heir and successor of his maternal uncle, the sister could not claim as mother to her son, because the succession did not devolve on him; nor could she succeed as sister of her late brother, for the sister is no heir*; nor as a *bandhu* for her sons who may possibly be born, for the reasons which we have already urged.†

True the sister is source or cause of existence of the maternal grandson, but this is not a cause of title were it otherwise, any woman (as already observed) who might produce a preferable heir would have title to inherit. As a rule, no ground or cause whatever is admitted as a title to a sister or any woman to inherit: women are expressly debarred from inheriting, by the following texts: "Wealth was ordained for the sake of defraying sacrifices; therefore it should be allotted to persons who are concerned with religious duties, and not be assigned to women, to fools, and to people neglectful of holy obligations."‡ *Boudháyana*, after premising "a woman is entitled," proceeds—"not to the heritage; for females and persons deficient in an organ of sense or member, are incompetent to inherit." The construction of this passage is, a woman is not entitled to the heritage. But the succession of the widow and certain other women takes effect under express texts, without any contradiction to this maxim,§ to the right of the widow, the daughter, the mother, and the paternal grandmother, is an exception to the rule, and is established only under special texts.‖ But no text recognises a sister's title; on the contrary SRI'KRISHNA specially prohibits the sister's succession, thus: "Although the succession ought previously to devolve on the sister, as it goes to the daughter before the daughter's son, nevertheless she is excluded from the succession, because she is no giver of oblations at the periodical obsequies, being disqualified by sex. But the daughter's right of inheritance before the daughter's son takes effect under the special provision of the text: "As a son, so does the daughter of a man proceed from his several limbs, &c.¶ JAGANNA'TH also does the same, saying: "It should not be objected that, were it so, the sister and the rest might claim the inheritance, because they confer benefits by means of their sons and other descendants. Their claim is obviated by the text above cited, and by *Boudháyana* declaring women to be in general incapable of inheritance: this does not contradict the right of the wife and the rest which is propounded by special texts." Coleb. Dig. vol. III. p. 528. It is remarkable, that the pandit who gave the last five out of the above seven irregular and repugnant *vyavasthás*, has elsewhere¶ well refuted himself and adhered to the principles of JI'MU'TAVA'HANA and the rest as already quoted.

Of the *vyavasthá* in question, Nos. 5 and 7 were rejected by Mr. Walpole when deciding the case of Lakkhí Priyá *versus* Bhoirab Chandra Choudhurí and others (supra, p. 225.) The correctness of the decision in that case is, as it appears to me, unquestionable. The other repugnant *vyavasthás* have not however shared the same fate. On the contrary, most of them have been permitted to stand in the following decisions.

* In the case of *Ráj Kumárí* Kripá Moyí Debí *versus* Rájá Dámodar Chandra Deb and others it has been determined by the Sudder Court that, according to the Hindu law, property derived by a mother from her son cannot be succeeded to by her daughter, the sister never being heir to the brother, 20th February 1845. S. D. A. R. vol. VII. p. 192. *Vide* Elb. In. pp. 67, 68. Macn. Cons. H. L. pp. 4, 7, 10. And Macn. H. L. pp. 85, 97.

† Viz. Because no law-giver has provided for the charge of the estate of the unborn during an indefinite period; because the right of succession does not remain in abeyance for an indefinite period, but is immediately vested in the surviving heir then *in esse*; and because an heir not born or conceived at the time of the late owner's death has no right.

‡ *Mitákshará*, p. 329. Coleb. Dig. vol. III. p. 484. § Coleb. Dá. bhá. p. 214.

‖ These are to be found in this book, in the successions of the above heirs.

¶ See Karuná Moyí *v.* Joy Chandra Ghose, S. D. A. vol. V. p. 14, see also V. D. R. p. 211.

তারিণী দাসী প্রভৃতির বিরুদ্ধে কৃষ্ণলোচন বসু প্রভৃতির মকদ্দমায় সদর দেওয়ানী আদালতের জজ মে. যম্বেল সাহেব উক্ত আদালতের পণ্ডিত সোভারায় শর্ম্মা ও বৃন্দাবনচন্দ্র শর্ম্মা ও চতুর্ভুজ শর্ম্মার দত্ত ব্যবস্থা বিবেচনাপূর্ব্বক রামদুলাল নাগের খাসআপীলের দরখাস্ত নামঞ্জুর করিলেন। উক্ত ব্যবস্থা এই যে (উপযুক্ত কালে বিবাহিতা) সহোদরা ভগিনীর গর্ভজাত এবং জনিষ্যমান পুত্রগণ তাহাদিগের জননীর বিবাহের পূর্ব্বে মৃত মাতুলকে অর্শিয়াছিল যে পিতৃধন তাহা লইবে। উক্ত ভগিনীর পুত্রেরা মৃতধনির পিতৃব্যপুত্রকে এবং বৈমাত্র ভগিনীর পুত্রকে নিরাশপূর্ব্বক অধিকারি হইবে। স. দে. আ. রি. বা. ৫, পৃ. ৫৫, মকদ্দমা ২০, ২৪ আগষ্ট ১৮৩০ সাল।

কীর্ত্তি নারায়ণ দত্ত নিজ ভ্রাতা কালীপ্রসাদ দত্ত ও প্রতাপ নারায়ণ দত্তের মৃত্যুর পর বাঙ্গালা ১২০০ সালে এক পত্নী ও গোরাচাঁদ দত্ত নামক এক নাবালগ পুত্র রাখিয়া কাল প্রাপ্ত হয়। উক্ত পত্নী ১২০২ সালে মরে, এবং উক্ত নাবালগ পুত্র অবিবাহিতাবস্থায় শিশুকালে কাল প্রাপ্ত হয়। বাদিনী এই স্থূল বয়ানে নালিশ করে যে আমার পিতৃব্যেরা কালপ্রাপ্ত হইলে তাঁহাদিগের পুত্রেরা অর্থাৎ প্রতিবাদিরা সাধারণ বিষয়ের রক্ষণাবেক্ষণের ভার প্রাপ্ত হয়। ঐ বিষয়ের এক তেহাই আমার পিতার অংশ ছিল। ১২০৬ সালে দশ বৎসর বয়েসে আমার বিবাহ হয়, এবং ঐ সাধারণ বিষয়ের মুনফা হইতে আমি শশ্য ও টাকা পিতৃব্যপুত্রগণের স্থানে বরাবর পাইতেছিলাম, কিন্তু আমি বয়ঃপ্রাপ্ত হইয়া মোহনলাল নামক পুত্র প্রসব করণের পর তাহারা ঐ বৃত্তি বন্ধ করিয়াছে। অতএব আমি নিজ পিতার এক তেহাই অংশের নিমিত্ত নালিশ করিতেছি

প্রতিবাদিরা অর্থাৎ বাদিনীর পিতৃব্যপুত্রেরা ওজর করে যে শাস্ত্রানুসারে আমরা স্বীয় পিতৃব্য-পুত্রের অর্থাৎ বাদিনীর ভ্রাতার ধনাধিকারি; এতাবতা ঐ পিতৃব্যপুত্রকে তৎপিতার মরণে যে ধন অর্শিয়াছিল তাহা আমরা লইয়াছি। ঐ অংশ ১১৯৯ সালের বন্দবস্তে চারি আনা পরিমাণে নির্দ্দিষ্ট হইয়াছে। বাদিনী কাল প্রাপ্ত হওয়াতে তাহার পতি অর্থাৎ রেস্পণ্ডেণ্ট নিজ নাবালগ পুত্রের পক্ষে মকদ্দমা চালাইলেক। ১৮২৫ সালের ২ মার্চ তারিখে জিলার জজ উক্ত নাবালগ পুত্রের ওসী বলিয়া রেসপণ্ডেণ্টর পক্ষে ডিক্রী করিলেন। এই ডিক্রী ১৮২৬ সালের ৩১ মে তারিখে কোর্ট আপীলের জজ মে. সি. ইসমিথ্ সাহেবের তজবিজে বহাল থাকে। উক্ত বিচারের অসম্মতিতে সদর দেওয়ানী আদালতে খাস আপীল রুজু হয়। শ্রীযুত রাস সাহেব রায় লিখিলেন যে তাবৎ আপীলাণ্টের পক্ষে খাস আপীল মঞ্জুর হওয়া উচিত।

অনন্তর উক্ত আদালতের চতুর্থ জজ শ্রীযুত ডোরিন্ সাহেবের সমীপে মকদ্দমা শুনানি হইলে, তিনি ১৩ সেপ্তম্বর তারিখে আদেশ করিলেন যে কোর্ট আপীলের পণ্ডিতের দত্ত ব্যবস্থা সদর আদালতের পণ্ডিতগণের সমীপে প্রেরণ করা যায়, যে তাঁহারা উক্ত ব্যবস্থা বিষয়ে রিপোর্ট করেন। ইতিমধ্যে মে. ডোরিন্ সাহেবের মৃত্যু হওয়াতে ১৮২৮ সালের ১৭ জানওরি তারিখে শ্রীযুত টরনবুল সাহেব ঐ আদালতের পণ্ডিত বৈদ্যনাথ মিশ্র ও রামতনু বিদ্যাবাগীশের বাচনিক রিপোর্ট লিখিয়া লইলেন, উক্ত পণ্ডিতেরা নিজ মতে কহিলেন যে কোর্ট আপীলের পণ্ডিতের দত্ত মত ভ্রমমূলক। এইমত এবং শ্রীযুত রাস সাহেবের প্রদর্শিত কারণ বিবেচনায় খাস আপীল মঞ্জুর হইল। উভয় পক্ষেই আপনঃ ওজর দাখিল করিল, অর্থাৎ এই মকদ্দমায় শাস্ত্রানুসারে বিচার্য্য কথা এবং তমাদির আইন খাটন বিষয়ে আপত্তি করিল। রামদুলাল নাগ খাস আপীলের দরখাস্ত দাখিল করিলে তাহাতে সদর দেওয়ানী আদালতের পণ্ডিতেরা ১৮১২ সালে যে ব্যবস্থা দেন তাহা রেস্পণ্ডেণ্ট বর্ত্তমান মকদ্দমায় দাখিল করিলেক।

১৮৩০ সালে ১৫ জুলাই তারিখে মকদ্দমা শ্রীযুত টরনবুল সাহেবের হুজুরে পেশ হইল, সদর কোর্টের একটিং পণ্ডিত হিরানন্দ মিশ্রকে উক্ত সাহেব বাচনিক ব্যবস্থা জিজ্ঞাসা করিলে ঐ পণ্ডিত কোর্ট আপীলের পণ্ডিতের দত্ত ব্যবস্থাকে যথার্থ বলিয়া স্বীকার করিলেন, অনন্তর শ্রীযুত টরনবুল সাহেব খরচা সমেত আপীল ডিস্‌মিস্ করিয়া নিম্ন আদালতের ফয়সলা বহাল রাখিলেন।

উক্ত বিচার তজবিজ সানিতে বিলক্ষণ বিবেচনার পর নিম্ন লিখিত কারণে বহাল থাকিল। ১৮৩০ সালের ১৮ নবেম্বর তারিখে আপীলাণ্টেরা অর্থাৎ রামকিশোর দত্ত, ও মৃত কালাচাঁদের পত্নী ও ভৈরবচন্দ্রের নূতন ওসী তজবিজ সানির দরখাস্ত দাখিল করিলেক তাহারা দৃঢ়তাপূর্ব্বক ওজর করিলেক যে প্রতিনিধি পণ্ডিত হিরানন্দ মিশ্র যে মত দিয়াছেন তাহা অশুদ্ধ, ১৮৩২ সালের ১৫ জানওয়ারি তারিখে মে.

In the case of Krishna Lochan Bose and others *versus* Tárini Dási and others, Rám Dulál Nág's application for special appeal was rejected by the Sudder Court, (sitting Mr. Fombelle,) in consideration of a *vyavasthá* of Shobhá Ráy Sarmá, Brindában Chandra Sarmá, and Chatur Bhuj Sarmá, pandits of the Sudder Court. "This declared that sons, born and unborn, of a whole sister (married within the proper time) would take her predeceased father's estate, which had vested in her minor brother, who had died before his marriage. Her son excluded his paternal first cousins and son of a half sister." Case No. 20; S. D. A. Rep. p. 55, Vol. V. 24th August 1830.

Kírtí Náráyan Datta, who survived his brothers Káshíprashád Datta and Pratáb Náráyan Datta, died in 1200 B. S. leaving a wife, a minor son, Gorá Chand Datta, and a minor daughter, the plaintiff. The wife died in 1202; and the minor son also died a mere child, and unmarried. The substance of the plaint was this:—"My uncles are dead. Their sons, the defendants, assumed charge of the joint estate, in which my father held one-third share. I married in 1206, when 10 years of age, and continued to receive an allowance of grain and money, from my cousins, out of the profits of the joint estate. This (after I had become adult, and produced a son, Mohan Lal,) they stopped. I sue for one-third of my father's estate."

The defendants, nephews of plaintiff's father, pleaded that, by the Hindu law, they were heirs to their paternal cousin, plaintiff's brother; and had taken, as such, the share which devolved on him by his father's death. Such share, by an adjustment in 1199, was settled to be one quarter. The plaintiff having died, her husband the respondent pursued the action, in behalf of their minor son. The Zillah judge, on 2nd March 1825, in favour of respondent, (as guardian of his minor son,) passed judgment: which was confirmed in the court of appeal, on 31st May, 1826, by Mr. C. Smith, judge of that court. From the above judgment a special appeal was preferred to the Sudder Dewanny Adawlut, and Mr. Ross recorded his opinion that a special appeal, on the part of all the appellants, should be admitted.

Mr. Dorin, the fourth judge, by whom the matter was next heard, directed, on the 13th September, that the *vyavasthá* of the pandit of the court of appeal should be referred to the pandits of the Court for report. Mr. Dorin died in the interim, and on the 17th January, 1828, Mr. Turnbull recorded the verbal report of the pandits (Voidya Náth Misra and Rám Tanu Vidyábágish). It pronounced the opinion of the pandit of the court of appeal to be erroneous. In consideration of this, and the reason adduced by Mr. Ross, the special appeal was admitted. Both the parties joined issue on,—the question of Hindu law, involved in the case,—and the relevance of the rule of limitation. On the part of respondent, was exhibited the *vyavasthá* of the pandits of the Sudder Dewanny Adawlut, delivered in 1812, on the occasion of the motion of Rám Dulál Nág, for admission of a special appeal.

The case came on for trial before Mr. M. H. Turnbull, on the 15th July 1830. Hirá Nanda Misra, the acting pandit of the Court, whom he verbally consulted, confirmed the accuracy of the *vyavasthá* just noticed, and the opinion of the pandit of the court of appeal. Mr. Turnbull dismissed the appeal with costs, and affirmed the judgment of the lower court.

The above judgment was confirmed in review, after deliberate consideration, under these circumstances. On the 18th November 1830, the appellants, Rámkishore Datta, the widow of Kaláchand, and the new guardian of Bhoirab Chandra, applied for a review. They insisted that the opinion of the officiating pandit, Hirá Nanda Misra, was erroneous. On the 15th January, 1831, Mr. Turnbull required

টরনবুল সাহেব উক্ত আদালতের পণ্ডিত বৈদ্যনাথ মিশ্রকে আদেশ করিলেন যে হিরানন্দ মিশ্র যে দুই ব্যবস্থা যথার্থ বলিয়া স্বীকার করিয়াছেন তৎসম্বন্ধে আপিনি নিজমত লিখুন। ৯ মার্চ তারিখে বৈদ্যনাথ পণ্ডিত অত্যন্ত পরিশ্রমপূর্ব্বক নিজমত লিখিলেন এবং তাহাতে তিনি কহিলেন যে উপরি উক্ত ব্যবস্থা সকল অযথার্থ। বাদির ভ্রাতার মরণে তাহার বিষয়, অধিকারিশৃঙ্খলামধ্যে গণিত তৎকালে জীবিত অত্যন্ত নিকট যে উত্তরাধিকারী তাহাকে তৎক্ষণাৎ অর্শিয়াছে। এই পণ্ডিত তাঁহার পূর্ব্ববর্ত্তি উক্ত পণ্ডিতগণের মতে বিশেষ রূপে দোষারোপ করিলেন। (এবং কহিলেন) তাঁহাদের দর্শিত প্রথম প্রমাণে (তাহা উপরি লিখিত ২০ নং মকদ্দমায় দ্রষ্টব্য) সপ্রমাণ যে মাতুলের মরণকালীন পিতৃদৌহিত্র যদি বর্ত্তমান থাকে তবে সে তদ্ধনে অধিকারী হয়, কিন্তু তাহাতে এমত স্থির হয় না যে তদ্ধনাধিকার অনিশ্চিত কাল পর্য্যন্ত অর্থাৎ ভবিষ্যতেজনিষ্যমান পিতৃদৌহিত্রের জননপর্য্যন্ত স্থগিত থাকিবেক। দ্বিতীয় প্রমাণ পিতৃকৃত বিভাগবিষয়ক, তাহাতে মাতার রজোনিবৃত্তি না হইলে ক্রমাগত ধন বিভাগ করিতে পিতা এই আশঙ্কায় নষিদ্ধ যে পাছে পরে জাত পুত্রের পৈতামহ ধনে বৃত্তি লোপ হয়। কিন্তু মাতুলের ধনে ভাগিনেয়র অধিকার এরূপ বিবেচিত হয় নাই, প্রত্যুত পিতৃদৌহিত্রের অধিকার আকস্মিক তাহার অন্যথা হইলে বৃত্তিলোপ রূপ গর্হিত কর্ম্ম ঘটে না, বঙ্গদেশীয় নিবন্ধারা ধনির সহিত সম্বন্ধকে এবং তাহার মৃত্যুকে স্বত্বের কারণ বিবেচনা করিয়াছেন। তৃতীয় কারণ দর্শিত হয় যে অগ্রগণ্য উত্তরাধিকারির অভাব। কোন২ গ্রন্থের মতে গোত্রাধিকার বিষয়ে জন্মই কেবল স্বত্বকারণ। এই জন্ম দুই প্রকার—অর্থাৎ গর্ভস্থাবস্থা ও ভূমিষ্ঠ হওয়া বুঝায়। কিন্তু বাদির পুত্রের দুই অবস্থার এক অবস্থাও হইয়াছিল না। এতাবতা মাতুলের ধনে তাহার কোন অধিকার হয় নাই। শাস্ত্রকর্ত্তা ঋষিরা অপ্রাপ্ত ব্যবহারের ধন রক্ষার নিয়ম করিয়াছেন কিন্তু তাঁহারা অথবা নিবন্ধারা অজাত পুত্রের অসীমকাল পর্য্যন্ত ধনরক্ষার বিধান করেন নাই। অতএব অজাত পুত্রের স্বত্ব নাই। এই ব্যবস্থানুসারে মে. টরনবুল সাহেব ১৮৩১ সালের ২১ মার্চ তারিখে তজবিজ সানি মঞ্জুর করিয়া রেস্‌পণ্ডেণ্টের স্থানে জওয়াব তলব করিলেন।

বৈদ্যনাথ মিশ্রের ব্যবস্থায় রেস্পণ্ডেণ্ট দোষারোপ করিয়া আপত্তি করিল যে মনুর বচনের প্রয়োগ উক্ত পণ্ডিতের কথনানুসারে সঙ্কীর্ণরূপে হয় নাই। এবং রাজেশ্বরী প্রভৃতির বিরুদ্ধে রামদুলাল নাগের মকদ্দমায় পূর্ব্বপণ্ডিতদিগের দত্ত ব্যবস্থা যথার্থ বলিয়া দৃঢ়তাপূর্ব্বক আপত্তি করিল— বৈদ্যনাথ মিশ্র তর্ক করেন যে স্বত্ব এক বার জন্মিলে পরে অগ্রগণ্য উত্তরাধিকারী জন্মিলেও যে অধিকার করিয়াছে তাহার স্বত্ব ধ্বংস হয় না। কিন্তু প্রব্রজিত রূপে মৃত ব্যক্তির যে পুত্র জন্মে তাহার অধিকারে এই মতের ভ্রম প্রকাশ, ঐ পুত্র পৈতৃকধনে অধিকারী ও জ্যেষ্ঠ ভ্রাতাদের স্থানে ন্যায্য রূপে বিভাগের দাওয়া করিতে পারে। এতদতিরেকে রেস্পণ্ডেণ্ট বিজয়া দেবী ও সুলক্ষণা দেবীর মকদ্দমা (দ্রষ্টব্য স. দে. আ. রি. বা. ১, পৃ. ১৬২ ও ৩২৪) এবং উপরিউক্ত রাজেশ্বরীর পুত্র কৃষ্ণলোচন বসু প্রভৃতির মকদ্দমা (উপরি লিখিত ২০ নং দ্রষ্টব্য) উল্লেখ করিয়া কহিলেক যে এই সকল মকদ্দমার নিষ্পত্তি বৈদ্যনাথ মিশ্রের মতের বিরুদ্ধ এবং আমার দাবীর পোষক। অনন্তর সে ১৮৩১ সালের ১ আগষ্ট তারিখে গঙ্গাচরণ সেনের বিরুদ্ধে কমলাকান্ত রায় প্রভৃতির মকদ্দমায় বৈদ্যনাথ মিশ্রের দত্ত ব্যবস্থা দাখিল করিলেক।

এই ব্যবস্থার অবিকল মর্ম্ম উক্ত পণ্ডিত কর্ত্তৃক বর্ত্তমান মকদ্দমায় যে দ্বিতীয় ব্যবস্থা দত্ত হইয়াছে তাহাতে প্রকাশ পাইবে, ঐ ব্যবস্থা নিম্নে প্রকটিত হইয়াছে। এস্থলে ইহাই উল্লেখ করা যথেষ্ট যে উক্ত ব্যবস্থায় পিতৃব্যগণকে নিরাশপূর্ব্বক ভগিনী যে পিতৃদৌহিত্র প্রসব করিতে সম্ভাবিতা তাহার অধিকার বলিয়া অধিকারিণী। এই ব্যবস্থা বিবেচনান্তে মে. টরনবুল সাহেব বৈদ্যনাথ মিশ্রকে জিজ্ঞাসা করিলেন যে ১৮৩১ সালের ৯ মার্চের ব্যবস্থায় আপনি গোরাচাঁদের ভগিনী চন্দ্র মালার এরূপ স্বত্ব উল্লেখ করেন নাই কেন? বৈদ্যনাথ বুঝাইয়া দিলেন যে কোর্ট আপীলের পণ্ডিতের দত্ত ব্যবস্থা যথাশাস্ত্র কি না ইহাই আমাকে জিজ্ঞাসিত হইয়াছিল। ঐ পণ্ডিত চন্দ্র মালার পুত্র লালমোহনের স্বত্ব স্বীকার করিয়াছিলেন কিন্তু সে পুত্র চন্দ্র মালার ভ্রাতার মরণকালীন বর্ত্তমান ছিল না, অতএব তাহার স্বত্ব হয় নাই, এমতে আমি (বৈদ্যনাথ মিশ্র) উক্ত পণ্ডিতের মতকে অযথার্থ কহিয়াছিলাম। প্রকৃত প্রস্তাবে চন্দ্র মালা নিজ ভ্রাতার মরণান্তে পিতৃদৌহিত্রের জননাকর রূপে অধিকারিণী। এবং কমলাকান্ত রায়ের মকদ্দমায় দত্ত ব্যবস্থাতেও এই মত প্রকাশ করিয়াছি। অনন্তর মে. টরনবুল সাহেব উক্ত পণ্ডিতের স্থানে এই বিষয়ক লিখিত ব্যবস্থা তলব করিলেন যে গোরাচাঁদের মরণকালে তাহার ভগিনী ও পিতৃব্যপুত্রেরা জীবিত থাকাতে, তাহাদের মধ্যে কে তদ্বিষয়াধিকারী?

Voida Náth Misra, the pandit of the Court, to deliver a written opinion, in regard to the two *vyavasthás* justified by Hirá Nanda Misra. This he did on the 9th March, in a most elaborate exposition, in which he pronounced those *vyavasthás* inaccurate; and declared that the proprietary right to the estate of the plaintiff's brother, on his death, had immediately vested in his surviving heir (the existing) nearest in the defined order of succession. The pandit in particular combated the opinion of his predecessors above mentioned. The first authority (*vide supra* case 20) adduced by them established, that the father's daughter's son took deceased's estate,—if existing at the time of his death; but not that the ownership in the estate should remain in abeyance, and at the end of an indefinite time, the succession vest in a posthumous sister's son. As for the second proof, that regarded the case of a paternal partition, and prohibited the father from dividing a lineally descended property (*kramágata*) amongst his sons, while the mother was yet fecund, lest the patrimonial support (*vritti*) of the after born should fail. Now the estate of the maternal uncle was not considered such, in respect to his sister's son; on the contrary, the succession of the latter was casual, and, by its diversion from the sister's son, the condemned act of deprivation of subsistence did not arise. The writers of the Bengal school recognised as causes of property,—relation to the owner—and his death. A third cause was added,—the defect of preferable heirs. According to the doctrine of some books, in regard to lineal male issue, birth alone was a cause. Now this was two-fold. It might be referred to the period of conception, or to actual production. Either condition was wanting in the case of plaintiff's son; who therefore, under this view, could have no property in his maternal uncle's estate. Again, inspired legislators had made provision for the custody of the estate of minors; but neither they, nor any writer, had provided for the charge of the estate of the unborn, during an indefinite time: therefore the unborn could have no property. On this opinion, on the 21st March, 1831, Mr. Turnbull admitted a review, requiring the respondent to reply.

The respondent, accordingly, controverted the opinion of Voidya Náth Misra. He contended, that the text of MANU had not the contracted application argued by that pandit, and insisted on the accuracy of the opinion given by the former pandits in the case of Rám Dulál Nág *versus* Rájeshwarí and another. Voida Náth Misra had argued, that a succession, once devolved, was indefeasible by the subsequent birth of a preferable heir. The error of this doctrine was apparent from the case of a son born to a man, who had become an ascetic, and was thus civilly dead. Such son could validly claim partition of his elder brothers, who had succeeded to the patrimony. The respondent further referred to the cases of—Bijayá Debí, Appellant,—Sulakkhná, Appellant, (*vide* Reports, Vol. I. pages 162 and 324)—and Krishna Lochan Bose and others, the sons of Rájeshwarí above named (*vide supra* case 20)—as opposed to the doctrine of Voida Náth Misra, and supporting his case. He also subsequently adduced the *vyavasthá* given on 1st August, 1831, by Voida Náth Misra, in the case of Kamalákánta Ráy and another *versus* Gangá Charan Sen.

The exact tenor of this (*vyavasthá*) will appear from his second *vyavasthá*, (subsequently delivered by the pandit in this case,) which will be presently recited. It is sufficient here to notice that, to the exclusion of paternal uncles, it upheld the succession of the sister, in right of her male issue (the father's daughter's sons) which she might produce. Considering this, Mr. Turnbull asked Voida Náth Misra, why in his first *vyavasthá* of the 9th March, 1831, he had omitted mention of such right, in regard of Chandra Málá, the sister of Gorá Chánd. Voidya Náth explained, that it had been referred to him to declare whether the opinion of the pandit of the court of appeal, was conformable to law or not. That pandit had declared the right of Lál Mohan, the son of Chandra Málá. Now he was non-existent on the death of her brother, and therefore could then have no right. In this regard therefore he (Voidya Náth Misra) had pronounced his opinion inaccurate. In reality, on her brother's death, Chandra Málá, as the source of father's daughter's sons, was entitled to succeed; and this position he had laid down in the *vyavasthá* in the case of Kamalákánta Ráy. Mr. Turnbull now required a written opinion from the pandit, as to the succession to the estate of Gorá Chánd on his death,—the survivors being his sister and agnate cousins.

তদনুসারে ১৮৩১ সালের ২৬ নবেম্বর তারিখে উক্ত পণ্ডিত কমলাকান্ত রায়ের মকদ্দমাতে দত্ত ব্যবস্থানুরূপ ব্যবস্থা দিলেন, তাহার মর্ম্ম এই যে ভাগিনেয় পিতৃদৌহিত্র বলিয়া পিতৃব্যপুত্রের অপেক্ষা প্রশস্ত উত্তরাধিকারী। এক ভাগিনেয় মাতুলের ধনে অধিকারী হইলে তাহার পরে জাত ভ্রাতাকে ঐ ধনের ভাগ দিবে। ভগিনী পিতৃদৌহিত্রের জননাকর এবং মাতুলের সহিত (ভাগিনেয়র) সম্বন্ধের দ্বার স্বরূপ। যদি গোরাচাঁদের মৃত্যুকালীন তদ্ভগিনী চন্দ্র মালার পুত্র বিদ্যমান না থাকে, তথাপি (যেহেতু পিতৃদৌহিত্রের স্বত্ব সংস্থাপনের উপায়ান্তর নাই অতএব) সে ভগিনী অধিকারিণী হইয়া পুত্রজনন কাল পর্য্যন্ত দাখিলকার থাকিবে, এই অধিকার পুত্র ও পত্নী হীন মৃতব্যক্তির দুহিতার অধিকার বৎ। ভগিনী অধিকারিণী নয়, কিন্তু ভগিনীর পুত্র, যেহেতু সে পার্ব্বণ পিণ্ডদাতা (ভগিনী তাহাতে অনধিকারিণী)। এই মত দায়ভাগ এবং বঙ্গদেশচলিত আরং গ্রন্থের মতানুমত। এবং নিম্ন লিখিত পাঁচ প্রমাণ উক্ত মতের পোষক। ১ দায়ভাগে লিখিত পিতৃদৌহিত্রের অধিকার (দ্রষ্টব্য কোল. দা. ভা. চ্যা. ১১, সেক. ৬, পারা. ৮, পৃ. ২২৪)। শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের দায়ভাগটীকা (দ্রষ্টব্য উপরি লিখিত পারাগ্রাফের নোট)। দায়ভাগের-বিভক্তজ-বিভাগ প্রকরণে ধৃত যাজ্ঞবল্ক্য-বচন—তাহাতে দৃশ্য বিষয় হইতে বিভক্তজদের অংশ বিধান হইয়াছে (দ্রষ্টব্য— কোল. দা. ভা. চ্যা. ৭, পারা. ২১)। শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের দায়াধিকার ক্রম তাহাতে পিতার প্রপৌত্রের পর পিতৃদৌহিত্রের অধিকার লিখিত হইয়াছে (দ্রষ্টব্য—কোলব্রুকের দায়ভাগানুবাদের ১১ চ্যাপ্টরে ৬ সেকসনের নিম্নে লিখিত নোট। (কোলব্রুকের) দায়ভাগের ১১ চ্যাপ্টরের ১ সেকসনের ৪ পারাগ্রাফে ধৃত যাজ্ঞবল্ক্য-বচন।

১৮৩১ সালের ৫ ডিসেম্বর তারিখে মে. টরনবুল সাহেব উপরি উক্ত ব্যবস্থা বিবেচনায় নিজকৃত প্রথম বিচার স্থিরতর রাখিলেন। করুণাময়ী প্রভৃতি—বনাম—জয়চন্দ্র ঘোষ, মকদ্দমা নং ১৫। ১৫ জুলাই ১৮৩০ সাল। স. দে. আ. রি. বা. ৫, পৃ. ৪২—২৬।

রামদুলাল পাঁড়ের বিরুদ্ধে মোসম্মাৎ সুলক্ষণার মকদ্দমায় সদর দেওয়ানী আদালতের পণ্ডিতেরা এই মর্ম্মে ব্যবস্থা দিয়াছেন যে রাজা যদুরামের ও তৎপুত্র কোওর নারায়ণের ও তৎপুত্র জয় নারায়ণের ক্রমে অধিকৃত জমিদারী যাহা জয় নরায়ণের মরণে তাহার বিমাতা সুগন্ধা অধিকার করিয়াছিলেন তাহা সুগন্ধার মৃত্যুর পর যদুরামের তৎকালে জীবিত দৌহিত্র শ্যামাপ্রসাদ, আনন্দলাল, নন্দলাল ও লক্ষ্মীনারায়ণকে এবং তৎপরে জাত দৌহিত্র গঙ্গানারায়ণ ও মধুসূদনকে এবং অন্য দুই জন দৌহিত্রকে সমানরূপে অর্শে, যেহেতু ঐ ছয় দৌহিত্রই এক্ষণে জীবিত আছে। উক্ত পণ্ডিতদিগকে আরো জিজ্ঞাসা করা হইল যে যদুরামের কন্যা হরিপ্রিয়ার গর্ভে এখন যদি এক বা অনেক দৌহিত্র জন্মে তবে তাহারা ঐ সংক্রান্ত ধনভাগি হইবে কি না? এতদুত্তরে পণ্ডিতেরা কহিলেন যে ইহারা যদুরামের এক্ষণে জীবিত অন্য দৌহিত্রের সহিত বিষয়ভাগি হইবে।

জিলা ও প্রবিনস্যাল কোর্টের ডিক্রীর যে অংশে সুন্দর নারায়ণের দত্তকতা ও স্বত্ব অগ্রাহ্য হইয়াছিল সেই অংশ বহাল থাকিল। কিন্তু যেহেতু এক্ষণে যদুরামের ছয় দৌহিত্র অর্থাৎ রামপ্রসাদ, আনন্দলাল, নন্দলাল, লক্ষ্মীনারায়ণ, মধুসূদন, ও গঙ্গানারায়ণ বর্ত্তমান দৃষ্ট হইল, (তন্মধ্যে শেষোক্ত দুই দৌহিত্র সুগন্ধার মৃত্যুর পরে যদুরামের কন্যা হরিপ্রিয়ার গর্ভে জন্মে) এবং যেহেতু পণ্ডিতদিগের দত্ত ব্যবস্থানুসারে এই ছয় দৌহিত্র সমানরূপে জমিদারীর ভাগি এই সরতে যে পরে যদি হরিপ্রিয়ার আরো পুত্র জন্মে তবে তাহারাও ঐ তাহাদের সহিত বিষয়ভাগি হইবে। অতএব এইরূপে তাহাদের স্বত্ব রক্ষাপূর্ব্বক বিচার হইল যে যদুরামের এই ছয় দৌহিত্র সুগন্ধার পূর্ব্বাধিকারি জয়নারায়ণের যথাশাস্ত্র উত্তরাধিকারি রূপে ওয়াসিলাত সমেত জমিদারী প্রাপ্ত হয়। মোস্মাৎ সুলক্ষণা—বনাম—রামদুলাল পাঁড়ে * । ২৭ মে. ১৮১১ সাল স. দে. আ. রি. বা. ১, পৃ. ৩২৪—৩৩০।

* এই নিষ্পত্তি পিতামহ দৌহিত্রের অধিকার জ্ঞাপক. ইহা এস্থলে ধরার কারণ এই যে যে ব্যবস্থানুসারে এই নিষ্পত্তি হয় তাহাও উপরি ধৃত প্রচলিত বিধানের বিরুদ্ধ. এবং পিতৃদৌহিত্রের স্বত্ব-কারণ আর অন্য সম্পর্কিয়ের স্বত্ব-কারণ একই। দ্রষ্টব্য— পৃ. ২৩২।

On the 26th November, 1831, the pandit accordingly delivered a *vyavásthá*, in the terms of that given in the case of Kamalá Kánta Ráy, and to this effect :—The sister's son, (considered as the father's daughter's son,) is an heir preferable to the paternal uncle's son. A single son of a sister, succeeding to his maternal uncle's estate, must share the same with his after-born brothers. The sister is the source of production of daughter's sons to the father, and the medium of their relation. If, at the death of her brother, Gorá Chánd, no son of Chandra Málá existed, still, (since the right of the father's daughter's sons could not be otherwise established,) she was entitled to enter on the succession, and hold until production of her male issue. This too was analogous to the succession of the daughter to the estate of the father, who died leaving no male issue or widow. The sister's son, and not the sister, was entitled to the property ; for he offered oblations (incompetent to the sister) at periodical obsequies. This opinion was declared to be in conformity to the *Dáyabhága*, and other works current in Bengal, and supported by five cited proofs. 1. Passage in the *Dáyabhága*, declaratory of the right of the father's daughter's son, (*vide* Colebrooke's translation, Ch. XI. Sec. 6, para. 8, page 214). 2. Gloss of SRÍKRISHNA thereon (*vide* note to *ibidem.*) 3. Text of JÁGNYAVALKYA, cited in the *Dáyabhága*, in the chapter which treats on the participation of sons born after partition. This provides for their shares, from the apparent estate, (*vide* Coleb. Dá. bhá. Ch. VII. para. 12). 4. Part of the recapitulation of SRÍKRISHNA, which declares the right of the father's daughter's son, next after the grandson of the brother, (*vide* Colebrooke's translation of *Dáyabhága*, note at the foot of Ch. XI. Sec. 6). 5. The text of JÁGNYAVALKYA as to the order of heirs, cited in *Dáyabhága*, Ch. XI. Sec. 1, p. 4.

On the 5th December, 1831, Mr. Turnbull, with reference to the above exposition, confirmed the original judgment by him past.—Karuná Mayí and others *versus* Jay Chandra Ghose. Case No. 15, 15th July 1830. S. D. A. R. Vol. V. pp. 42—46.

In the case of Musst. Sulakkhaná *versus* Rám Dulál Pánde, the pandits of the Sudder Dewanny Adawlut have given a *vyavasthá* to the following effect.- "The zemindaree in dispute, formerly held by Rájáh Jadu Rám and his son Cunwar Náráyan, and by the son of the latter, Joy Náráyan, and after Joy Náráyan's death by Sugandhá, his step-mother, (the second wife of Cunwar Náráyan,) legally devolves, after the death of Sugandhá, to Shámá Prasád, Ánanda Lál, Nanda Lál, and Lakkhí Náráyan, sons of the daughters of Jadu Rám, who were then alive, and to Gangá Náráyan and Madhu Súdan, two other sons of the daughters of Jadu Rám, who are since born, and the whole six heirs being now alive, in equal portions." The pandits being further questioned, whether supposing one or more sons to be hereafter born to Hari Priyá, the surviving daughter of Jadu Rám, they would be entitled to any share of the inheritance? and it was declared in answer ; that they would be entitled to share with the other daughters' sons of Jadu Rám, who are now living.

The decrees of the Zillah and Provincial Courts, as far as they rejected the adoption and title of Sundra Náráyan, were affirmed. But as there appeared to be now six daughters' sons of Jadu Rám viz. Rám Prasád, Ánanda Lál, Nanda Lál, Lakkhí Náráyan, Madhu Súdan, and Gangá Náráyan, (the two last born of his daughter Hari Priyá since Sugundhá's death), and according to the exposition of the Hindu law, delivered by the pandits, these six were entitled to share the zemindaree equally with reservation of the eventual birth of other sons to Hari Priyá, who would be entitled to share with the other daughters' sons ; the zemindaree was adjudged, with this reservation, to the six daughters' sons of Jadu Rám above specified, as being the heirs at law to Joy Náráyan, who held the estate before Sugandhá, with an account of mesne profits.* Musst. Sulakkhaná *v.* Rám Dulál Pánde and others, 27th May 1811. S. D. A. R. vol. I. pp. 324—330.

* This decision recognises the succession of the grandfather's daughter's son. It is put here because the *Vyavasthá* upon which it is based is repugnant to the established principles above quoted and because the origin or cause of title of the father's daughter's son and that of any other relative is the same. See page 233.

কোন অবিবাহিত মৃত হিন্দুর বিষয়ের দাবিদারের মধ্যে তিন পিতৃব্য, তিন ভগিনী, এক বিমাতা, ও এক ভাবু থাকাতে জিলা-আদালত নিযুক্ত পণ্ডিতের ব্যবস্থানুসারে যে ভগিনী পুত্র প্রসব করিয়াছিল ও সম্ভাবিতপুত্রা ছিল তাহাকে এবং ঐ ভাবুকে (যাহার স্বামী ধনির মরণের ১৭ মাস পূর্ব্বে মরিয়াছিল) ১৮৪১ সালের ২০ আক্‌ট-অনুসারে সারটিফিকেট দিলেন। মৃত ধনির পিতৃব্যপুত্রেরা এই নিষ্পত্তিতে অসম্মত হইয়া আপীল করিলে সদর আদালত পণ্ডিতের মত জিজ্ঞাসা এবং আদালতের মুদ্রিত ফয়সলার মর্ম্ম বিবেচনাপূর্ব্বক ঐ নিষ্পত্তি রদ করিয়া উক্ত পুত্রবতী ও সম্ভাবিতপুত্রা ভগিনীকে সারটিফিকেট দিলেন। মাতুলের মৃত্যুর পূর্ব্বে যে ভাগিনেয় জন্মিয়াছে তাহার এবং যে ভাগিনেয় তৎকালে ভুমিষ্ঠ অথবা গর্ভস্থ হয় নাই কিন্তু পরে জন্মিতে পারে তাহার জিম্মাদার স্বরূপ ভগিনীর অধিকার বঙ্গদেশপ্রচলিত শাস্ত্রে স্বীকৃত হইয়াছে। অদ্বৈতচাঁদ মণ্ডল প্রভৃতি আবেদনকারি। ১৭ আগষ্ট ১৮৪৩ সাল, সেবেষ্টর সাহেবের রিপোর্ট, বা. ২, মোকদ্দমা ৩৩১।

এতাবতা প্রকাশ যে উপরিধৃত ভ্রমময় ব্যবস্থাতে আদালত ভ্রমেপতিত হইয়াছিলেন। প্রত্যেক বিচার-কর্ত্তাই যে প্রসিদ্ধ সংস্কৃতজ্ঞ কোলব্রূক সাহেব সদৃশ হইবেন যদ্যপি এমত আশা করাযাইতেপারে না,তথাপি এমত আশা করা অসঙ্গত নয় যে কোন বিচারকর্ত্তার নিকট কোন ব্যবস্থা অর্পিত হইলে তাহা শাস্ত্রসিদ্ধ বা সাধারণ বিধানের বিরুদ্ধ কি না তাহা জানিতে ও নিশ্চয় করিতে পারক হয়েন—যে সকল গ্রন্থেরঅনুবাদ হইয়াছে এবং দায়শাস্ত্রবিষয়ে যে সকল গ্রন্থ ইংরাজিতে লিখিত হইয়াছে তদ্দ্বারা সকল বিচারকর্ত্তাই তাহা উত্তম রূপে জানিতে পারেন। ঐ সকল পুস্তকের সহিত উক্ত ব্যবস্থাকতিপয় ঐক্য করাগেলে, ঐ প্রকাশ্য ভ্রমাত্মক মত কতিপয় শাস্ত্রার্থ বলিয়া নিষ্পত্তি পত্রে উঠিত না। পরন্তু এই রূপ হওয়াতে বিশ্বাসার্হ যথার্থ ব্যবস্থাসকলে দোষ পড়িতেছে। উক্ত বিরুদ্ধ ব্যবস্থা সকল বিচারার্থি এবং অন্বেষক-গণকে ভ্রমে পতিত করিয়াছে এবং প্রমাণিক রূপে না দূষাগেলে বরাবর ভ্রম জন্মাইতে থাকিবে। অতএব ঐ ব্যবস্থাস্থ দোষসকল নির্ব্বিবাদ ও সন্তোষ জনক রূপে সাধারণে জানাইবার নিমিত্তে সুখ্যাত ও যথার্থবাদি বিদ্যমান প্রমাণিক স্মার্ত্তদিগের * মত প্রার্থনা করা হয়, তন্মধ্যে শ্রীযুক্ত বাবু প্রসন্ন কুমার ঠাকুরের মত যথা—

আত্মীয়বরেষু—

আপনি যে বিষয়ে আমার মত প্রার্থনা করেন তাহাতে নিম্ন লিখিত পুর্ব্বপক্ষ থাকা বিবেচিত হইতে পারে।

পুত্র পৌত্র প্রপৌত্র পত্নী পিতা মাতা অথবা পিতার প্রপৌত্র পর্য্যন্ত হীন হইয়া এক সহোদরা ভগিনী রাখিয়া কোন ধনি মরিলে তাহার ধন কি তদ্‌ভগিনীর কেবল ঐ পুত্রগণকে অর্শিবে যাহারা ধনির মরণ-কালে জীবিত ছিল, অথবা যাহারা তন্মরণের পর জন্মিয়াছে তাহাদিগকেও অর্শিবে?

দায়ভাগের † প্রথম চাপ্টরের ২৫ পারাগ্রাফ, এবং মিতাক্ষরার † প্রথম চাপ্টরের প্রথম পরিচ্ছেদের ২৩ পারাগ্রাফ বিবেচনায় স্থির হয় যে দায়ভাগের মতে ধনির মরণকালীন (উত্তরাধিকারির) জীবন এবং মিতাক্ষরার মতে ধনির জীবন কালীন জন্ম সত্বোত্পাদক। বঙ্গদেশীয় মতে বর্ত্তমান উত্তরাধিকারির উৎ-পত্তি হইতে হয় যে স্বত্বসঞ্চার তাহা তৎপরের ঘটনা-দ্বারা সম্পূর্ণ হয়। এই মত এতদ্দেশীয়তাবত্ নিবন্ধারাই স্বীকার করেন, অতএব এই মতকে দৃঢ় জানিয়া আমি বিবেচনা করি যে ধনির মরণের পর যাহারা জন্মে তা-হারা তদ্ধন-ভাগি নয়, যেহেতু ধনির মরণকালীন জীবিতদিগকে অগ্রেই সত্ব বর্ত্তিয়াছে, তৎপরে কেহ জন্মিলে তৎসত্বের অন্যথা হইতে পারে না। (উত্তর কালে জাত) কোন উত্তরাধিকারির অধিকারপক্ষে দায়শাস্ত্রীয় কোন বিশেষ বিধান না থাকিলে, উক্ত সাধারণ বিধানের অন্যথা হইতে পারে না; এবং ধনিকর্ত্তৃক এমত নিয়ম কৃত হইলে পরে জাত ব্যক্তির অধিকার স্বীকৃত হয়।

এই রূপ ভবিষ্যজ্জাত ব্যক্তির সত্বপোষকেরা স্ব২ মতের পোষকতার্থ দায়ভাগের প্রথম চাপ্টরের ৪৫ পারাগ্রাফে লিখিত (মনু) বচনের উল্লেখ করেন তদ্‌যথা—"যাহারা জাত, এবং যাহারা অদ্যাপি অজাত, ও যাহারা গর্ভে আছে, সকলেই বৃত্তির আকাঙ্খা করে; বৃত্তিলোপ বিগর্হিত কর্ম্ম"। টীকাকর্ত্তা শ্রীকৃষ্ণ তদ্‌ ব্যাখ্যায় কহেন এই বচন ক্রমাগত ধনবিষয়ক—অর্থাৎ পিতামহ অথবা অন্য পুর্ব্ব পুরুষ হইতে

* অর্থাৎ শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার ঠাকুর, এবং গবর্ণমেণ্ট-সংস্কৃত বিদ্যালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও স্মৃতির অধ্যাপক প্রভৃতির। † দায়ভাগের ও মিতাক্ষরার—অর্থাৎ কোলব্রূক সাহেবের কৃত তত্তদনুবাদের।

Of several claimants, among whom were the sons of three paternal uncles of the deceased, an unmarried childless Hindu, his three sisters, a step-mother, and a sister-in-law, the zillah court, in conformity with the opinion of the law officer, awarded certificates, under Act XX. of 1841, to a sister who had produced male issue, as well as to the sister-in-law, whose husband had died seventeen months previous to the death of the deceased. This decree was reversed by the Sudder Dewanny Adawlut, on the appeal of the deceased's paternal uncles' sons, and the award of the certificate to the sister alone, who had borne heritable issue, affirmed, after reference to the pandit and the printed decisions of the court, the right of the sister, as trustee for her heritable issue born before the death of his paternal uncles, as well as for the future production of such issue, though not born or begotten at the time of the death of the maternal uncle, being recognised by the law of Bengal. Adwaitachánd Mandal and others, Petitioners. 17th August 1843. 2 Sev. Cases, 131.

Thus it is apparent that the erroneous *vyavasthás* above given have misled the Court. We may not look for a Colebrooke, that eminent Sanscrit scholar, in each occupant of the seat of judgment; but it is scarcely too much to expect that every judge should be able to know or ascertain whether a *vyavasthá* presented to him is repugnant to or consistent with the plain and recognised principles of law, which all have the opportunity of being acquainted with, through the published translations and treatises. Had such inquiry been made, the glaring errors of the *vyavaasthás* in question would not have been adopted in judicial expositions of the law. As it is, these *vyavasthás* have served to cast a slur upon others which are really deserving of confidence. They have mislead and must continue to mislead litigants and enquirers unless authoritatively exposed. In order to effect such exposure in a way the least open to cavil and dispute, the best living authorities and scholars of reputation* have been requested to deliver their opinions, and the following is the opinion of one of them, Babu Prasanna Kumár Thákur:—

MY DEAR SIR,

The point on which you desire my opinion may be considered to be involved in the following question.

On the death of a proprietor, without issue or widow, and leaving no parents or any lineal descendant of theirs as far as the great-grandson, but leaving a sister of the whole blood, does his property devolve on those sons only of such sister who are alive at the time of death of the proprietor, or also on those who are born subsequently to that event ?

On referring to the *Dáyabhága*,† Chap. I. paragraph 25, and the *Mitákshará*,† Chapter I. Section 1, paragraph 23, I come to the conclusion that by the former the survival at the time of the demise of the proprietor, and by the latter, birth during the life time of the proprietor, constitute the right of acquisition. In fact, according to the Bengal school, the inchoate right of an heir apparent becomes perfect by the subsequent event. Taking this as a starting point, which is admitted by all the writers of that school, I consider that those who are born subsequent to the death of the proprietor cannot be entitled to a share of the estate, as a right has already been vested in those male heirs who survived at that time, which cannot be disturbed by the subsequent birth. This is a general doctrine, which cannot be deviated from without a special rule in the laws of inheritance in favour of any after-born party; and whenever such provision is made by a proprietor, the right of the after-born is recognised.

The advocates in favour of such after-born party cite in support of their views the text inserted in paragraph 45, Chap. I. of the *Dayábhága*, viz. "They who are born, and they who are yet unbegotten, and they who are actually in the womb, all require the means of support; and the dissipation of their hereditary maintenance is *censured*." The commentator SRIKRISHNA construes the passage to be only applicable to ancestorial hereditary property, *i. e.* property which has descended from the grandfather or

* Bábu Prasanna Kumár Thákur, Ishwar Chandra Vidyáságar principal of the Government Sanscrit College, and the professor of law in that institution, and others.

† That is, Colebrooke's translation of the *Dáyabhága* and *Mitákshará*.

আগত ধনে প্রযুজ্য। এই বিবেচনার উপর নির্ভর করিলে উপরি উক্ত বচন ভগিনীর অজাত পুত্রগণের অধিকারের পোষকতায় খাটান যাইতে পারে না, যেহেতু সে ভগিনী বিবাহিতা এবং স্বামীর গোত্রান্তর্গতা হওয়াতে তাহার পুত্রেরা ধনির পরিবারের সম্পূর্ণরূপভিন্ন শাখা হইয়াছে। এতদ্ভিন্ন আমার সর্ব্বদাই এই বিবেচনা ছিল এবং এখনও এই মত যে উক্ত বচন কর্ত্তব্য কর্ম্মের উপদেশক, অবশ্যই করিতে হইবে এমত নিয়ামক বিধান নয়, কারণ যদি উক্ত বচন দৃঢ়রূপে নিয়মবিধায়ক বিবেচিত হয় তবে বঙ্গদেশে পিতার ইচ্ছাক্রমে উইল, দান, অথবা অন্য রূপে স্বধন হস্তান্তর করিতে যে ক্ষমতা স্বীকৃত হইয়াছে তাহার বিরুদ্ধ হয়। এতদ্ভিন্ন ইহা বিবেচ্য যে উক্ত বচনে অজাত পুত্রের যে বৃত্তি সংস্থাপন হইয়াছে তাহা সম্ভাব্য ভবিষ্যত্ অধিকারের সহিত সম্বন্ধ রাখে বর্ত্তমানের সহিত রাখে না। উক্ত বচনে যে বৃত্তিলোপ-বিগর্হিত কথিত হইয়াছে তাহা নিষেধীয় নিয়ম বলিয়া গণ্য নয়, যেহেতু দ্বিতীয় চাপ্টরের ২৮ পারাগ্রাফে গ্রন্থকর্ত্তা কহিয়াছেন "ব্যাসের যে নিষেধবোধক বচন তাহা স্বামিত্ববলে দুর্বৃত্ত পুরুষে বিক্রয়দানাদি করিলে পরিবারের যে ক্লেশ তজ্জন্য অধর্ম্মভাগিতা জ্ঞাপনার্থ, বিক্রয়াদির অসিদ্ধিবোধক নয়"। "যাহারা জাত ইত্যাদি" বচনের প্রকৃতার্থ এই যে যেসকল সন্তান জন্মিয়াছে, যাহারা গর্ভে আছে, এবং যাহারা অদ্যাপি জাত হয় নাই, তাহাদিগের জীবিকা সংস্থাপন করিতে বিবাহিত ব্যক্তি বাধিত, অর্থাৎ সে কেবল বর্ত্তমান পরিবারের জীবিকা সংস্থাপন করিতে বাধিত নয় কিন্তু জনিষ্যমান পরিবারের নিমিত্তেও বটে, অতএব বিষয় দানাদি করিলে যদি সন্তানের প্রতিপালনের ব্যাঘাত জন্মে তবে তাহা নীতি বিরুদ্ধ বলিয়া গর্হিত কর্ম্ম, এই মত সংস্কৃত শাস্ত্রকর্ত্তারাই যে বিশেষে স্থির করিয়াছেন এমত নহে, কিন্তু সভ্য জাতি মাত্রেরই এই মত। পরন্তু উক্ত বচনকে জাতও বর্ত্তমান ব্যক্তিদের হানিপূর্ব্বক অদ্যাপি জাত অথবা গর্ভস্থ হয় নাই এমত ব্যক্তিদের সত্ব সংস্থাপক বোধ করা ঐ বচনার্থের এবং শাস্ত্রের তাৎপর্য্যের সম্পূর্ণ বিরুদ্ধ।

যদি এমত পূর্ব্বপক্ষ হয় যে যে ধন পিতৃদৌহিত্রকে অর্শিতে পারে তাহার লোপ হইলে তাহা নীতি বিরুদ্ধ কর্ম্ম হয় কি না?—আমি তাহার নঞ্ অর্থক উত্তর প্রদানকারি। টীকাকর্ত্তা শ্রীকৃষ্ণ "যাহারা জাত ইত্যাদি" উপরিউক্ত বচন পিতামহাদি পূর্ব্ব পুরুষের ধনে পৌত্রাদির অধিকারবোধক কহাতে স্পষ্ট বোধ হইতেছে তাঁহার মনস্থ এই ছিল যে ধনির জীবন কালে পৌত্রাদির জন্মাধীন স্বত্ব আছে অথবা থাকিতে পারে, এবং ধনির মরণে বা পাতিত্যাদিতে অথবা উপরতস্পৃহাতে তাহারদিগের স্বত্ব সম্পূর্ণ হয়। যে বস্তু এই রূপ জাত অথবা অজাত ব্যক্তিদিগকে অর্শিতে পারে তাহার লোপে বৃত্তি লোপ হয়, অতএব তাহাদের বৃত্তি লোপ করা গর্হিত কর্ম্ম। এতাবতা ঐ মত ঐ সকল পিতৃদৌহিত্রের অধিকারে প্রয়োগ করা যাইতে পারে না যাহার ধনির মরণ পরে জীবিত বা গর্ভস্থ হইয়া ছিল, অথবা জাত হয় নাই। অতএব পিতৃদৌহিত্রের অধিকারকে "ধনির মরণকালীন জীবনই স্বত্বের প্রতি কারণ" এই সাধারণ বিধানের অধীন বোধ করিতে হইবে। যদি আমার অবকাশ থাকিত, তবে আরো বিস্তার রূপে প্রমাণাদি প্রদর্শন পূর্ব্বক আপনাকে নিজমত লিখিতে পারিতাম, কিন্তু যাহা লিখিয়াছি তাহাই আপনকার কার্য্যসিদ্ধির নিমিত্ত যথেষ্ট হইবেক।

৩০ জুন ১৮৪৬ সাল।

শ্রীপ্রসন্নকুমার ঠাকুর।

বিবেচনা—

দায়ক্রমসংগ্রহকর্ত্তা কহেন—পিতৃদৌহিত্রের পর ও পিতামহের অধিকারের পূর্ব্বে ভ্রাতৃদৌহিত্রের অধিকার, পিতামহ-দৌহিত্রের পর প্রপিতামহাধিকারের পূর্ব্বে পিতৃব্য-দৌহিত্রের অধিকার, এবং প্রপিতামহ-দৌহিত্রের পর মাতামহাধিকারের পূর্ব্বে পিতামহ-ভ্রাতৃদৌহিত্রের অধিকার; ও মাতামহ প্রমাতামহ ও বৃদ্ধপ্রমাতামহের দৌহিত্রেরা মাতামহাদির প্রপৌত্রের পরে ক্রমেঅধিকারি। বিবাদভঙ্গার্ণবকর্ত্তা ধনির নিজের ও পিতার ও পিতামহের ভ্রাতৃদৌহিত্রের অধিকার না কহিয়া কহেন—পুত্রের ও পৌত্রের দৌহিত্র এবং ভ্রাতার ও ভ্রাতৃপুত্রের দৌহিত্রাদি নৈকট্যক্রমে মাতামহের পূর্ব্বে অধিকারি; যেহেতু তাহারাও পিণ্ডদানদ্বারা উপকার করে। পরন্তু যদি কেবল উপকারকত্ব দায়াধিকারের কারণ হইত,তবে উপকারি আরো অনেকে আছে তাহারাও

দায়ক্রমসংগ্রহকৃতা—পিতৃদৌহিত্রাৎ পরতঃ পিতামহাধিকারাৎ পূর্ব্বং ভ্রাতৃদৌহিত্রস্যাধিকারঃ, তথা পিতামহদৌহিত্রাৎ পরতঃ প্রপিতামহাধিকারাৎ পূর্ব্বং পিতৃব্যদৌহিত্রস্যাধিকারঃ, এবং প্রপিতামহদৌহিত্রাৎ পরতঃ মাতামহাধিকারাৎ পূর্ব্বং পিতামহভ্রাতৃদৌহিত্রস্যাধিকারঃ; মাতামহ-প্রমাতামহ বৃদ্ধ প্রমাতামহানাং প্রপৌত্রাধিকারাৎ পরতস্তেষাং ক্রমেণ দৌহিত্রাধিকারশ্চ সংস্থাপিতঃ। বিবাদভঙ্গার্ণবকর্ত্রা পুনঃ—ধনিনস্তৎপিতুস্তৎপিতামহস্যাচ ভ্রাতৃদৌহিত্রাধিকারমনুক্ত্বা পুত্রপৌত্র-দৌহিত্রয়োর্ভ্রাতৃতৎপুত্রদৌহিত্রাদীনামাসক্তিক্রমেণ মাতামহাৎ পূর্ব্বমধিকারস্তেষামপি পিণ্ডদানেনোপকারকত্বাদিত্যুক্তং। পরন্তু যদ্যেষামুপকারবত্তয়া দায়াধিকারঃ স্যাত্তদা উপকারিণোঽন্যে বহবঃ সন্তি তেষামপি দায়াধিকারো ভবিতুমর্হতি। বস্তুতস্তু পুরা পুত্রিকা-

অন্য মহাশয়দিগের মত সময়ে প্রাপ্তি হইলে আপেণ্ডিক্সতে প্রকাশিত হইবে

other ancestors. Relying on this construction, the authority above quoted cannot be adduced in support of the unborn male descendants of the sister, as, in consequence of her being married, and having engrafted herself on the family of her husband, her male descendants form a quite distinct and separate branch of the family. Besides, I have always held, and still hold, that this passage prescribes a moral duty rather than a legal obligation; as, were it held to have strictly legal force, it would militate against the admitted right of a Hindoo father in Bengal to dispose of his property according to his own choice by will, gift, or otherwise. Apart from this consideration, it is to be observed that the very terms of the text, providing for sons yet unbegotten, refer to a contingent and future and not to a present right. The dissipation censured in the passage is not intended to amount to a legal prohibition, as we find in Chap. II. paragraph 28, where it is said: "But the texts of VYASA, exhibiting a prohibition, are intended to show a moral offence, since the family is distressed by sale, gift, or other transfer, which argues a disposition in the person to make an ill use of his power as owner. They are not meant to invalidate the sale or other transfer." The passage, 'They who are born,' &c., quoted above, really means that a married man is bound to provide for those children who are born, those who are in conception, and those who are yet unbegotten; in other words, not only for his actual family but for those who may yet come into being; and any dissipation of property which may affect the maintenance of his offspring is justly *censurable* on moral grounds. This is a principle not peculiar to the Sanscrit legislators, but common to all civilised nations. But to construe such a passage as creating a right for the unborn or unbegotten at the expence of those that are born and *living*, is any thing but consonant to the meaning of the text or the spirit of the law.

Were it a question, whether the dissipation of property that may descend to a sister's son can be considered a moral wrong, I should reply in the negative. The commentator SRI KRISHNA, in limiting the construction of the passage, 'Those who are born,' &c., before quoted, in favour of the right of the grandson and other lineal descendants to the estate of the grandfather or direct ancestor, evidently had in view the fact that they have or may have an inchoate right by birth during the life-time of the proprietor, and that their right becomes perfect by his death, natural or civil, or his voluntary abandonment of the property. It is the dissipation of the property likely to descend to such person, whether born or unborn, and consequently the dissipation of their hereditary maintenance, that is condemned. That doctrine surely cannot be applied either to the sister's son surviving at the decease of the owner, or the sons of such sisters, who are in conception or yet unbegotten. The right therefore of the sister's son must come under the general law of inheritance, viz. *the survival of one at the time of the demise of the owner.* I might have given you my opinion at greater length, and with more illustrations, if my leisure permitted; but what I have written will, I believe, suffice for your purpose*.

*Yours sincerely,*

30th June 1856. *PROSSONNO COOMAR TAGORE.*

Remarks.

**The author of *Dáyakramasangraha* has declared that the brother's daughter's son succeeds after the father's daughter's son and before the paternal grandfather; that the paternal uncle's daughter's son inherits after the paternal grandfather's daughter's son and before the paternal great-grandfather; that the son of the daughter of the paternal grandfather's brother succeeds after the great-grandfather's daughter's son and before the maternal gandfather; and that the sons of the daughters of the maternal grandfather, great-grandfather, and great great-grandfather succeed in due order after the great-grandsons of their respective maternal grandfathers. The author of *Vivádabhangárnava*, omitting the succession of the sons of the daughters of the proprietor's own brother, father's brother, and grandfather's brother, has declared that the son of a son's and of a grandson's daughter, and the son of a brother's and of a nephew's daughter, and so forth, claim succession, in the order of proximity, before the maternal grandfather; for they also confer benefits by the oblation of funeral cakes. But had benefits**

* The opinions of the others will be given in the appendix, if received in time.

অবশ্য দায়াধিকারি হইত। ফলতঃ অতিপূর্ব্বে পুত্রিকা-পুত্র ভিন্ন অন্য দৌহিত্রের অধিকার হেয় ছিল, যাজ্ঞবল্ক্য-টীকা মিতাক্ষরাতে বিজ্ঞানেশ্বর মুলে দৌহিত্রাধিকার স্পষ্ট নাপাইয়া সমুচ্চয়ার্থক চ-কারের উপলক্ষে ও বিষ্ণুবচন সাহায্যে কেবল ধনির নিজ দৌহিত্রটীর মাত্র অধিকার লিখিয়াছেন। মৈথিলেরা—"পত্নী দুহিতরশ্চৈব" ইত্যাদি নানা বচনে বোধ্য অধিকারিগণের সকলের পশ্চাৎ দৌহিত্রের অধিকার নির্দ্দেশ করিয়া পাকতো তাহার স্বত্ব অস্বীকার করিয়াছেন—যেহেতু রাজাও অধিকারিমধ্যে পরিগণিত এবং রাজার অভাব কদাপি সম্ভব নয়; শুদ্ধ বাচস্পতিমিশ্র বিবাদচিন্তামণিতে মনু-বৃহস্পতি-বচনবলে পিতা-মাতার পর ধনির স্বদৌহিত্রটীর মাত্র অধিকার কহিয়াছেন। জীমূতবাহন ধনি ভিন্ন অন্যের দৌহিত্রের অধিকার বচনে স্পষ্ট না পাইয়া, পিতা পিতামহ ও প্রপিতামহের দৌহিত্রেরা উপকারক এবং মনুর বচনে তদধিকার উহ্য ইহা বলিয়া মুল পুরুষের অর্থাৎ পিত্রাদিত্রয় মাত্রের দৌহিত্রাধিকার লিখিয়াছেন, যথা—"যেমত ধনির প্রপৌত্র পর্য্যন্তাভাবে দৌহিত্রের অধিকার, তদ্রূপ পিতারও প্রপৌত্র পর্য্যন্তাভাবে পিতৃদৌহিত্রের অধিকার বোধ্য, পিতামহ ও প্রপিতামহের দৌহিত্র পর্য্যন্ত সন্তানেরও পিণ্ডদাতৃত্ব সম্বন্ধের নৈকট্যক্রমে অধিকার বোধ্য। দৌহিত্রও ধনিকে পৌত্রবৎ পরিত্রাণ করে এই বচন অবিশেষে (দৌহিত্রমাত্রে) প্রযুজ্য, এবং নিজ দৌহিত্রবৎ পিতা প্রভৃতির দৌহিত্রও তদ্ভোগ্য পিণ্ডদানদ্বারা সন্তারক হওয়াতে ইহাদের অধিকার মনুকর্ত্তৃক পৃথগ্‌ রূপে দর্শিত হয় নাই। যেহেতু 'তিনপুরুষের পিণ্ড দিতে হয়.' ইত্যাদি বচনে এবং 'অনন্তর' ইত্যাদি বচনে এইসকল অধিকারি বলিয়াধৃত হইয়াছে। এতাবতা এমত অনুমান হইতেছে যে তাঁহার মতে মুল পুরুষের দৌহিত্র ভিন্ন অন্য দৌহিত্র অধিকারী নয়, যদি হইত তবে তাহা স্পষ্টতঃ অথবা ইঙ্গিতে লিখিতেন, প্রত্যুত দৃষ্ট হইতেছে যে উপকার হেতুতে যাহারদিগকে অধিকারি কহিলেন তাহাদের অধিকারেও পাছে পণ্ডিতদিগের অসম্মতি হয়, এই আশঙ্কায় কহিয়াছেন "ইহাতেও যদি পণ্ডিতদিগের অসন্তোষ জন্মে, তবে ইহা বাচনিকই জ্ঞাতব্য। তথাপি উক্ত মনুবচনদ্বয়ের যেমত অর্থকরা হইল তাহাই গ্রাহ্য"। স্মার্ত্ত ভট্টাচার্য্যও উক্ত মুলপুরুষ কয়েকের মাত্র দৌহিত্রাধিকার কহিয়াছেন।

পরন্তু শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার কর্ত্তৃক যাহা ব্যবস্থাপিত হইয়াছে তাহা নব্য স্মার্ত্ত ও প্রাড়্‌বিবাককর্ত্তৃক আদৃত হইয়াছে। কিন্তু বিবাদভঙ্গার্ণবকর্ত্তার উক্ত মত আদৃত বা চলিত হয় নাই।

পুত্রদ্বিনা দৌহিত্রস্যাধিকারো নাদৃত আসীৎ। যাজ্ঞবল্ক্যটীকায়াং মিতাক্ষরায়াং বিজ্ঞানেশ্বরেণ তদ্দৃষিবচনে স্পষ্টতয়া দৌহিত্রস্যাধিকারমপ্রাপ্য তদ্বচনীয় চ—শব্দাৎ বিষ্ণুবচনস্মরণাচ্চ দুহিত্রভাবে দৌহিত্রো-ধনভাগ্‌ ইত্যুক্ত্বা ধনিনঃ স্বদৌহিত্রমাত্রস্যাধিকারো লিখিতঃ। মৈথিলাস্তু পত্নীদুহিতরশ্চৈবেত্যাদি নানা বচনবোধ্যাধিকারিণাম্‌ সর্ব্বেষাং পশ্চাৎ দৌহিত্রাধিকার কথনাৎ পাকতস্তদধিকারং নস্বীকৃতবন্তঃ,—যস্মাৎ রাজ্ঞোঽপ্যধিকারিতয়া পরিগণিতত্বাৎ তদভাবস্য কদাপ্যসম্ভবঃ; কেবলং বিবাদচিন্তামণিকৃতা মনুবৃহস্পতিবচনস্মরনাৎ মাতাপিতৃতঃ পরতঃ স্বদৌহিত্রমাত্রস্যাধিকারোঽভিহিতঃ। জীমূতবাহনেনধনিভিন্নানামন্যেষাং পুরুষাণাং দৌহিত্রাণামধিকারং বচনেষু স্পষ্টমলব্ধ্বা উপকারকত্বাৎ মনুবচনদ্বয়ে পিত্রাদি মূলপুরুষ ত্রয়াণাং দৌহিত্রাণামধিকারমূহ্যং জ্ঞাত্বা তেষামেবাধিকারো লিখিতঃ, যথা—"পিতুরপি প্রপৌত্রপর্য্যান্তভাবে পিতৃদৌহিত্রস্যাধিকারো বোদ্ধব্যঃ ধনিদৌহিত্রস্যেব, এবং পিতামহ প্রপিতামহ সন্ততেরপি দৌহিত্রান্তায়াঃ পিণ্ড প্রত্যাসত্তিক্রমেণাধিকারো বোদ্ধব্যঃ। দৌহিত্রোঽপিহ্যমুত্রৈনং সন্তারয়তি পৌত্রবৎ, ইতি হেতোরবিশেষাৎ, স্বদৌহিত্রবৎ পিত্রাদিদৌহিত্রস্যাপি তদ্ভোগ্যপিণ্ডদানেন সন্তারকত্বাৎ। অতএব মনুনা পৃথগমীষামধিকারো ন দর্শিতঃ 'ত্রয়াণামিতি' 'অনন্তর' ইতি বচনদ্বয়েনৈব সংগৃহীতত্বাৎ"। এতেনৈবমনুমীয়তে যত্তন্মতে পিত্রাদি মূল পুরুষত্রয়দৌহিত্রং বিহায়ান্যো দৌহিত্রো অধিকারি শৃঙ্খলায়াং নৈবগণ্যাঃ। তথাপি উপকারহেতুতয়া অধিকারিশৃঙ্খলায়াং পরিগণিত জনানামপ্যধিকারে বিদুষামসম্মতিমাশঙ্ক্য পুংধনাধিকারশেষে তেনেদমভিহিতং—"অত্রাপ্যপরিতোষো বিদুষাং বাচনিক এবায়মর্থঃ। তথাপি যথোক্ত বচনয়োরর্থো গ্রাহ্য ইতি"। রঘুনন্দনেনাপি উক্ত মুল পুরুষত্রয়াণাং দৌহিত্রাণামেবাধিকার উক্তঃ।

পরন্তু যদ্দায়ক্রমসংগ্রহকৃদভিহিতং তদাদৃতং নব্য স্মার্ত্তৈঃ প্রাড়্‌বিবাকৈশ্চ। বিবাদভার্ণবকৃদুক্ত মতন্তু ন কেনাপ্যাদৃতং

alone been the cause of succession, many more, who also confer benefits, would have been entitled to inherit. It appears that, in ancient times, the daughter's son, unless he were a *puttriká-puttra* (see page 151,) was not admitted as an heir. VIGYA'NESHWARA, the head of the Benares school, not finding clearly the title of the daughter's son recognised in the text of JA'GNYAVALKYA, has, in his *Mitákshará*, which is a commentary on the institutes of that sage, recognised only the right of the son of the proprietor's own daughter, deducing it from the particle च *also* in the text 136, Ch. II. and quoting in corroboration thereof the text of VISHNU. (See p. 242). The followers of the *Mithilá* school assert that the daughter's son is entitled to the heritage after the whole of the heirs enumerated in the text of JA'GNYAVALKYA, and the several other texts, that is to say, they indirectly [illegible]y his title to inherit, inasmuch as a series of heirs is recounted ending with the king whose failure never occurs. The author of *Vivádachintámani* only has, on the ground of VRIH[illegible]ATI's text, recognised the right of the son of the proprietor's own daughter after succession of the parents. J'IMU'TAVA'HANA, the author of *Dáyabhága*, not finding the heritable right [illegible] of the sons of the father's daughter, grandfather's daughter, and great grandfather's daughter expressly recognised by any text, has, on the ground of benefits conferred, deduced it from the two following texts of MANU. Thus: "On failure of the heirs of the father down [illegible] the great grandson, it must be understood that the succession devolves on the father's [illegible]s son, in like manner as it descends to the owner's daughter's son. The succession of the grandfather's and great grandfather's lineal descendants, including the daughter's son must be understood in a similar manner, according to the proximity of the funeral offering: since the reason stated in the text, 'for even the son of a daughter delivers him in the next world like the son of a son,' is equally applicable; and his father's or grandfather's daughter's son, like his own daughter's son, transports his manes over the abyss, by offering oblations of which he may partake. Accordingly MANU has not separately propounded their right of inheritance: for they are comprehended under the two passages, 'to three must libations of water be made,' &c. and 'to the nearest kinsman *(Sapinda)* the inheritance next belongs.' Hence it appears to be the opinion of the said author that the son of the proprietor's own daughter, and the sons of the daughters of his father, grandfather, and great grandfather only, are entitled to inherit, and not the son of the daughter of any other relative, as otherwise he would have expressly or even implicitly recognised his title. On the contrary, being apprehensive lest the scholars be dissatisfied with his declaring the title even of those persons whom he, on the ground of benefits, has enumerated in the order of succession, he says: "If the learned be yet unsatisfied, this doctrine may be derived from the express passages of law. Still the same interpretation of both texts (of MANU) must be assumed." (See Coleb. Dá. bhá. p. 223). RAGHUNUNDANA also has recognised the heritable right of the sons of daughters of the said three ancestors only.

What has been declared by the author of *Dáyakramasangraha* is, however, respected and followed by the pandits and the courts of justice. But the opinion of the author of *Vivádabhangárnava*, as above quoted, does not seem to be supported.

বিবেচনা— বঙ্গদেশে অত্যন্ত প্রামাণ্য দায়ভাগ, দায়তত্ত্ব ও দায়ক্রমসংগ্রহে, এবং বিবাদ ভঙ্গার্ণবে পিতা পিতামহ ও প্রপিতামহের দৌহিত্রাধিকারে সহোদর ও বৈমাত্রেয় ভেদ নাই। প্রত্যুত দায়ক্রমসংগ্রহে শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার আচার্য্য চূড়ামণির মত তুলিয়া তাহাতে নিজসম্মতি ভাবে দেখাইয়াছেন। যথা "আচার্য্য চূড়ামণি কহেন সহোদর ভগিনীর পুত্রের ও বৈমাত্রেয় ভগিনীর পুত্রের তুল্য (অর্থাৎ এক কালীন) অধিকার"। বিবাদভঙ্গার্ণবকর্ত্তা স্পষ্টতঃ এমত প্রভেদ অস্বীকার করিয়া কহিতেছেন "ভ্রাতৃ পুত্রাধিকারে সহোদর ও বৈমাত্রেয় সম্বন্ধ ঘটিতবিশেষ বোধ্য, কিন্তু দৌহিত্রাধিকারে সে বিশেষ নাই, ইহা বিবেচ্য। কোনং পণ্ডিত কহেন জীমূতবাহনের মতে পিতৃদৌহিত্রাধিকারে ভগিনীর সহোদরত্ব ও বৈমাত্রেয়ত্বানুসারে বিশেষ আছে, কিন্তু তাহা শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার-সম্মত নহে, কেননা মাতামহের পিণ্ডে মাতামহীর ভোগবোধক শাস্ত্র দৃষ্ট হয় না। প্রপিতামহীর অভাবে প্রপিতামহের দৌহিত্র পর্য্যন্ত সন্তান অধিকারী, এস্থলেও পিতামহের পুত্র-পৌত্রাধিকারে পিতার সহোদরত্ব ও বৈমাত্রেয়ত্ব ঘটিত বিশেষ পূর্ব্ববৎ কর্ত্তব্য, কিন্তু দৌহিত্রে বিশেষ নাই। এবং প্রপিতামহের পুত্রপৌত্রপ্রপৌত্রাধিকারে পিতামহের সহোদরত্ব ও বৈমাত্রেয়ত্ব-ঘটিত বিশেষ কর্ত্তব্য, কিন্তু দৌহিত্রের অধিকারে সে বিশেষ নাই। শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের দায়ভাগটীকার পুংধনাধিকারক্রমের কোলব্রুক-কৃত অনুবাদেও উক্ত প্রভেদ দৃষ্ট হয় না, তদংশের অনুবাদ যথা—"ভ্রাতার পৌত্রাভাবে পিতৃদৌহিত্র— সে সহোদর বা বৈমাত্রার ভগিনীর পুত্র হউক—অধিকারী হইবে। তদভাবে পিতার সহোদর, তদভাবে পিতার বৈমাত্রেয় অধিকারী। তদভাবে পিতৃসহোদরের পুত্র, পিতার বৈমাত্রেয় ভ্রাতার পুত্র, পিতার সহোদরের পৌত্র, বৈমাত্রেয়র পৌত্র ক্রমে অধিকারী। তদভাবে পিতামহের দৌহিত্র— পিতার সহোদরা বা বৈমাত্রা ভগিনীর পুত্র হউক—অধিকারী। এই রূপ বক্ষ্যমাণ প্রপিতামহ দৌহিত্রেরাও (সোদরাসোদর ভেদ ব্যতিরেকে) অধিকারি। পরন্তু শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারীয় মুদ্রিত দায়ভাগটীকায় আর হস্তে লিখিত ঐটীকার অনেক কাপিতে এবং মহেশ্বরাদির দায়ভাগটীকাতেও পিতামহেরও প্রপিতামহের দৌহিত্রাধিকারে সোদরাসোদর ভেদ দৃষ্ট হয়, কিন্তু পিতৃদৌহিত্রের অধিকারে ঐ ভেদ স্পষ্ট পাওয়া যায় না।

যদ্যপি উপরিউক্ত গ্রন্থকর্ত্তাদের মতই প্রামাণ্য ও প্রচলিত, তথাপি সংস্কৃত টীকাতে যে প্রভেদ লিখিত হইয়াছে তাহা অকারণ এবং অসঙ্গত নয়, যেহেতু

বঙ্গদেশেঽত্যাদৃত দায়ভাগ দায়তত্ত্ব দায়ক্রমসংগ্রহেষু বিবাদভঙ্গার্ণবেচ পিতৃপিতামহপ্রপিতামহদৌহিত্রাণামধিকারে সোদরাসোদরভেদো ন কৃতঃ। প্রত্যুত দায়ক্রমসংগ্রহে শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারৈঃ আচার্য্য চূড়ামণি-মতমুদ্ধৃত্য ভাবেন তত্র সম্মতির্দর্শিতা,—তদ্‌ যথা—"তত্র সোদর ভগিনীপুত্র বৈমাত্রেয় ভগিনীপুত্রয়োস্তুল্যবদধিকার ইত্যাচার্যচূড়ামণিঃ"। বিবাদভঙ্গার্ণবকৃত্তাদৃশ ভেদমস্বীকৃত্য স্পষ্টমাচষ্টে, যথা—"ভ্রাতুষ্পুত্রাধিকারে সোদরত্বাদি কৃতবিশেষো বেদিতব্যঃ, নতু দৌহিত্রাধিকারে ইতি ধ্যেয়ং। পিতৃদৌহিত্রাধিকারেঽপি ভগিনীসোদরত্বাদিকৃতো বিশেষোঽস্তীতি জীমূতবাহনমতমিতি কেচিৎ, নৈতৎ শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারসম্মতং যতোমাতামহ-পিণ্ডে মাতামহীভোগস্য শাস্ত্রং ন দৃশ্যতে। পিতামহপুত্রপৌত্রপ্রপৌত্রাণামধিকারে পিতৃসোদরত্বাদি কৃতবিশেষো বেদিতব্যঃ, দৌহিত্রে তু ন বিশেষঃ। প্রপিতামহ্যভাবে পূর্ব্ববৎ দৌহিত্রান্ত তৎসন্তানোধিকারী, তত্রাপি প্রপিতামহ-পুত্রপৌত্রপ্রপৌত্রাণামধিকারে পিতামহসোদরত্বাদি কৃতো বিশেষোঽবধাতব্যঃ। নতু দৌহিত্রাধিকারে"। শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারস্য দায়ভাগটীকায়াঃ পুংধনাধিকারক্রমস্য কোলব্রুকানুবাদে চ উক্ত প্রভেদো ন দৃশ্যতে, তদংশস্যানুবাদো যথা—"ভ্রাতৃপৌত্রাভাবে পিতৃদৌহিত্রোঽধিকারী—সচ সোদর ভগিনীপুত্রঃ বৈমাত্রেয় ভগিনীপুত্রো বা। তদভাবে পিতুঃ সহোদরঃ, তদভাবে পিতুর্বৈমাত্রেয়ঃ অধিকারী, তদভাবে পিতৃসোদরপুত্র পিতৃবৈমাত্রেয়পুত্র পিতৃসোদরপৌত্র পিতৃবৈমাত্রেয়পৌত্রাণাং ক্রমেণাধিকারঃ। তদভাবে পিতামহদৌহিত্রোঽধিকারী, তত্রাপি পিতৃসোদর ভগিনীপুত্রঃ পিতৃবৈমাত্রেয় ভগিনীপুত্রো বা। বক্ষ্যমাণ প্রপিতামহদৌহিত্রাধিকারেপ্যেবং"। কিন্তু মুদ্রিতেষু হস্তলিখিতেষু বা শ্রীকৃষ্ণতর্কালঙ্কারীয় দায়ভাগটীকাগ্রন্থেষু মহেশ্বরাদিদায়ভাগটীকাসু চ পিতামহপ্রপিতামহয়োর্দৌহিত্রাধিকারে সোদরাসোদরভেদো দৃষ্টো ভবতি। পিতৃদৌহিত্রাধিকারেতু স ভেদঃ স্পষ্টতঃ নদৃশ্যতে।

যদ্যপ্যুক্ত গ্রন্থকর্তৃণাস্তাদৃশমতং প্রমাণংপ্রচলিতঞ্চ, তথাপি সংস্কৃতটীকাসু যোভেদো লিখিতঃ স নাকারণোনৈবাসঙ্গতঃ; যতস্তাদৃশ প্রভেদোঽসো-

Remarks.

In the *Dáyabhága*, *Dáyatatwa*, and *Dáyakramasangraha*, authorities of the greatest weight in Bengál, and in the *Vivádabhangárnava*, no distinction is made between the whole and the half blood, in the succession of the sons of the daughters of the father, grandfather, and great grandfather. On the other hand, SRI'KRISHNA in his *Dáyakramasangraha* quotes the opinion of A'CHA'RJYA CHU'RA'MANI and acquiesces therein; thus: "The son of the proprietor's own sister and the son of his half sister have an equal right of inheritance. This is the opinion of A'CHA'RJYA CHU'RA'MANI." (See W Dá. Kra. Sang. p. 19). The author of *Vivádabhangárnava* expressly denies such distinction, saying: "In the succession of a brother's sons, a distinction between the whole and the half blood must be understood, not in the case of a daughter's sons. But some lawyers consider it as the opinion of JI'MU'TAVA'HANA, that, in the succession of the sons of the father's daughters and so forth, a distinction is taken between uterine and half sisters. Herein SRI'KRISHNA TARKA'LANKA'RA does not acquiesce, because no law is found (expressly) declaring the participation of a maternal grandmother in the funeral cake offered to the maternal grandfather. In the succession of the paternal grandfather's son, grandson, and great grandson, the same distinction must be admitted as before in respect of their relation to the (late proprietor's) father, by the whole or half blood: but no distinction is taken in the case of daughter's sons. On failure of the paternal great grandmother, the descendants of the paternal great grandfather, including his daughter's son, as before, successively claim the inheritance. Here again a distinction must be admitted in the succession of the paternal grandfather's son, son's son, and grandson's son, according to their relation to the paternal grandfather by the whole or the half blood; but not in the instance of his daughter's son." In Colebrooke's translation of SRI'KRISHNA's recapitulation of the commentary on the *Dáyabhága* no such distinction is also to be found, the part being rendered thus: "On failure of the brother's grandson, the father's daughter's son is the successor, *whether he be the son of a sister of the whole blood, or the son of a sister of the half blood*. If there be none, the father's own brother is heir; or, in default of such, the father's half brother. On failure of these, the succession devolves in order on the son of the father's whole brother, on the son of his half brother, on the grandson of his whole brother, and on the grandson of his half brother. In default of these, the paternal grandfather's daughter's son inherits; and, in this instance also, whether he be the son of the father's *own* sister, or the son of the father's *half* sister: and, in like manner, (the whole blood and half blood inherit alike,) in the subsequent instance of the succession devolving on the son of the great-grandfather's daughter" (p. 225). In the printed editions and most of the manuscript copies of SRI'KRISHNA's commentary on the *Dáyabhága*, and in the commentary of *Maheswara* and others on the same work, the distinction of the whole and the half blood is however to be found in the succession of the sons of the grandfather's daughters, and of those of the great-grandfather's daughters, though not expressly made in the succession of the sons of the father's daughters.

Although the opinion of the aforesaid authors is respected and followed, yet it must be admitted that the distinction made in the commentaries above alluded to is neither unreasonable nor

তাদৃশ প্রভেদ অসোদর হইতে সোদরের নৈকট্য-জন্য উৎকর্ষ বলিয়া অথচ ধনির আপনার ও পিতার ও পিতামহের বৈমাত্রেয় ভগিনীর পুত্র হইতে সহোদর ভগিনীর পুত্র অপেক্ষাকৃত অধিক উপকার করে বলিয়া হইয়াছে—যথা, সপত্নীক শ্রাদ্ধে ঐ দৌহিত্রেরা কেবল নিজমাতামহীর সহিত মাতামহের পিণ্ডদান করে, মাতামহীর সপত্নীর সহিত পিণ্ড দেয় না।

দরাৎ সোদরস্য নৈকট্যজন্যোৎকর্ষাজ্জাতঃ এবং ধনি-নস্তৎপিতৃপিতামহয়োশ্চ বৈমাত্রেয় ভগিনীপুত্রাৎ সহোদর ভগিনীপুত্রস্যাপেক্ষিকাধিকোপকারদর্শনাচ্চ সংজাতঃ—যথা, সপত্নীক শ্রাদ্ধে পিতৃদৌহিত্রাদয়ঃ কেবলং নিজমাতামহ্যাসহ মাতামহায় পিণ্ডং প্রযচ্ছন্তি নতু মাতামহী-সপত্ন্যা সহ পিণ্ডং দদতি।

সাধারণ বিবেচনা— পুত্র হইতে পিতৃদৌহিত্র পর্য্যন্ত দ্বাদশ সংখ্যক দায়াদের অধিকারের ক্রম এতদ্দেশে মান্য দায়ভাগে, দায়তত্ত্বে ও শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারের দায়ভাগটীকাও দায়ক্রমসংগ্রহে, এবং নব্য সংগ্রহের মধ্যে অধিক চলিত বিবাদভঙ্গার্ণবে পরস্পর মিলে। ইহার পর এই কএক পুস্তকের মধ্যে অধিকারিক্রম বিষয়ে মধ্যে ২ পরস্পর ব্যতিক্রম, এবং অধিকারি সংখ্যার ন্যূনাতিরেক আছে। ঐ সমুদয় নিম্নে দর্শিত হইল, এবং প্রত্যেক গ্রন্থস্থ অধিকারি-ক্রম-বিষয়ে ও সংখ্যা-বিষয়ে যাহা বক্তব্য তাহাও তন্নিম্নে লিখিত হইল।

পুত্রমারভ্য পিতৃদৌহিত্র পর্য্যন্তং দ্বাদশসংখ্যকানাং দায়াদানামধিকারক্রম এতদ্দেশাদৃত দায়ভাগে দায়তত্ত্বে শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারস্য দায়ভাগ-টীকায়াং দায়ক্রমসংগ্রহেচ, নব্য সংগ্রহাণামধিক চলিত বিবাদভঙ্গার্ণবেচ পরস্পরমবিকল এব মিলতি। ইতঃ পরমেতেষু পুস্তকেষ্বধিকারি-ক্রমে তৎ সংখ্যায়াঞ্চ মধ্যে২ ব্যতিক্রমো ন্যূনাতিরেকশ্চ বর্ত্ততে। সচ সমুদয়ো নিম্নে প্রদর্শিত উক্ত গ্রন্থস্থাধিকারি-ক্রম-বিষয়ে সংখ্যা-বিষয়ে চ যদ্বক্তব্যং তদপি চ তন্নিম্নে লিখিতমভবৎ।

দায়ভাগ— যেমত ধনির প্রপৌত্রপর্য্যন্তাভাবে দৌহিত্রের অধিকার, তদ্রূপ পিতারও প্রপৌত্রপর্য্যন্তাভাবে পিতৃদৌহিত্রের অধিকার বোধ্য। এইরূপ পিতামহের ও প্রপিতামহের দৌহিত্র পর্য্যন্ত সন্তানেরও পিণ্ড-দাতৃত্বসম্বন্ধের নৈকট্যক্রমে অধিকার বোধ্য। পিতামহদৌহিত্রের অভাবে মাতুলাদির অধিকার। এপর্য্যন্তের অভাবে সকুল্য *। সকুল্য (অর্থাৎ) বিভক্ত পিণ্ড। প্রপৌত্রের পুত্র হইতে অধস্তন তিন পুরুষ ও বৃদ্ধ প্রপিতামহাদিসন্ততি—তন্মধ্যে প্রপৌত্র প্রভৃতি অতি নিকট, তাহাদের অভাবে বৃদ্ধ প্রপিতামহাদি সন্ততি (অধিকারি)। এপ্রকার সকুল্যের অভাবে সমানোদকেরা (অধিকারি)। তাহাদের অভাবে আচার্য্য; তদভাবে শিষ্য; তদভাবে সব্রহ্মচারী। তদভাবে সগোত্র; তদভাবে সমানপ্রবর। উক্ত পর্য্যন্ত সকলের অভাবে ব্রাহ্মণেরা ধন গ্রহণ করিবেন, তদভাবে ব্রাহ্মণের ধন না হইলে রাজাগ্রহণ করিবেন। সমানগোত্র ও প্রবরের ও ব্রাহ্মণের অভাব পদে তথাবিধ স্বগ্রামস্থের অভাব বোধ্য, নতুবা রাজার অধিকার বলা অনর্থক হয়। পৃ. ২৩২—২৩৭।

পিতুরপি প্রপৌত্রপর্য্যন্তাভাবে পিতৃদৌহিত্রস্যাধিকারো বোদ্ধব্যঃ—ধনিদৌহিত্রস্যেব। এবংপিতামহ-প্রপিতামহসন্ততেরপি দৌহিত্রান্তায়াঃপিণ্ডপ্রত্যাসত্তি ক্রমেণাধিকারো বোদ্ধব্যঃ। প্রপিতামহ দৌহিত্রস্যাভাবে মাতুলাদেরধিকারঃ। এতৎ পর্য্যন্তাভাবে তু সকুল্যঃ *। সকুল্যো—বিভক্ত পিণ্ডঃ। প্রতিপ্রণপ্তৃ প্রভৃতিপুরুষত্রয়মধস্তনং, বৃদ্ধপ্রপিতামহাদিসন্ততিশ্চ। তত্রাপি প্রতিপ্রণপ্ত্রাদেরানন্তর্য্যং, তদভাবে বৃদ্ধপ্রপিতামহাদিসন্ততিঃ। এবম্বিধ সকুল্যাভাবে সমানোদকাঃ। তেষামভাবে আচার্য্যঃ; তস্যাপ্যভাবে শিষ্যঃ; তদভাবে সব্রহ্মচারী। তদভাবে চৈকগোত্রাঃ, তদভাবে চৈকপ্রবরাঃ। উক্তপর্য্যন্তানান্তু সর্ব্বেষামভাবে ব্রাহ্মণাঃ তদ্ধনং গৃহ্নীয়ুঃ। তদভাবে ব্রাহ্মণধনবর্জ্জং রাজাগৃহ্নীয়াৎ। গোত্রর্ষিসম্বন্ধানাং ব্রহ্মণানাঞ্চাভাবঃ তদ্গ্রামে বোদ্ধব্যঃ, অন্যথা রাজাধিকারস্যানির্ব্বিষয়ত্বাপত্তেঃ। পৃ. ২৩২—২৩৭।

* বৃদ্ধ প্রপিতামহ প্রভৃতি তিন পূর্ব্বপুরুষ, ও প্রপৌত্রের পুত্র প্রভৃতি অধস্তন তিন পুরুষ এক পিণ্ড ভোক্তা না হওয়াতে বিভক্ত দায়াদ সকুল্য কথিত হয়। দা. ভা। পৃ. ১৮১।

* বৃদ্ধ প্রপিতামহাৎপ্রভৃতয়স্ত্রয়ঃ পূর্ব্বপুরুষাঃ প্রতিপ্রণপ্তৃশ্চ প্রভৃত্যধস্তনাস্ত্রয়ঃ পুরুষাঃ একপিণ্ডভোক্তৃত্বাভাবাৎ বিভক্তদায়াদাঃ সকুল্যা ইত্যাচক্ষতে। দা. ভা. পৃ. ১৮১।

inconsistent, based as it is not only on preference to the whole blood, but also on consideration of the sons of the sister, paternal aunt, and grandfather's sister of the whole blood, conferring comparatively more benefit than the sons of those of half blood. For instance, in the *Sapatnika-Sráddha*, the oblation-cake is offered by the daughter's son to his maternal grandfather jointly with his own maternal grandmother, and not with his maternal grandfather's other wife or wives.

General observation

The *Dáyabhága*, *Dáyatatwa*, SRI'KRISHNA's commentary on the *Dáyabhága*, and his *Dáyakramasangraha*, authorities of the greatest weight in this country, and the *Vivádabhangárnava*, which is more current than the other recent compilations, concur as to the order of the (first) twelve successors, from the son to the father's daughter's son; but after this, they differ in some instances in the order of successors, as well as in their number. All these are given below, with remarks on the order and number of the successors, in which each of the works differs from the others.

Dáyabhága.

"On failure of heirs of the father down to the great grandson, it must be understood that the succession devolves on the father's daughter's son, in like manner as it descends to the owner's daughter's son. The succession of the grandfather's and great-grandfather's lineal descendants, including the danghter's son, must be understood in a similar manner, according to the proximity of the funeral offering. On failure of lineal descendants of the paternal great-grandfather, down to the daughter's son, the property devolves on the maternal uncle and the rest. On failure of such kindred in this degree, the distant kinsman (*Sakulya*) * is heir.—The distant kinsman is one who shares the divided oblation,—as the grandson's grandson or other descendant within three degrees reckoned from him; or as the offspring of the grandfather's grandfather or other remoter ancestor. Among these the grandson's grandson and the rest are nearest. On failure of such, the offspring of the grandfather's grandfather and the rest inherit. If there be no such distant kindred, the *Samánodakas* or kinsmen allied by common libation of water, must be admitted to inherit. On failure of these, the spiritual preceptor is the successor; in default of him, the pupil is heir; on failure of him likewise, the fellow student. In default of these, persons bearing the same family name (*gotra*) are heirs; on failure of them, persons descended from the same patriarch (*prabara*) are the successors. On failure of all heirs as here specified, let the *Bráhmanas* take the estate. In default of them, the king shall take the property, excepting however the property of a *Bráhmana*. A failure of descendants from the same patriarch and of persons bearing the same family name, as well as of *Bráhmanas*, must be understood as occurring when there are none inhabiting the same village: else an escheat to the king could never happen." Coleb. Dá. bhá. pp. 214—219.

* Three ancestors, from the grandfather's grandfather upwards, and three descendants from the grandson's grandson downwards, are denominated *Sakulyas*, as partaking of the divided oblations, since they do not participate in the same offering. Coleb. Dá. bhá. p. 172.

বানপ্রস্থ যতি ও ব্রহ্মচারির ধনে ক্রমে ধর্ম্মভ্রাতা সৎশিষ্য ও আচার্য্য অধিকারী, তদভাবে একতীর্থী ও একাশ্রমী অধিকারী। (এস্থলে) ব্রহ্মচারীপদে নৈষ্ঠিক বোধ্য, যেহেতু সে পিত্রাদিকে পরিত্যাগ করিয়া যাবজ্জীবন আচার্য্যকুলে বাস এবং নিষ্ঠাতে তৎসেবা করে। উপকুর্ব্বাণের ধনে পিতা প্রভৃতি অধিকারি।

বানপ্রস্থ-যতি-ব্রাহ্মচারিণাং ধনং ধর্ম্মভ্রাতৃ সচ্ছিষ্যাচার্য্যাঃ গৃহ্লীযুঃ, তদভাবে একতীর্থী একাশ্রমী গৃহ্লীয়াৎ। ব্রহ্মচারী চ নৈষ্ঠিকোঽভিমতঃ পিত্রাদিপরিত্যাগেন যাবজ্জীবমাচার্য্যকুলনিবাস পরিচর্য্যানিষ্ঠায়াঃ তেন কৃতত্বাৎ। উপকুর্ব্বাণস্যতু ধনং পিত্রাদিভিরেব গ্রাহ্যং।

এই অপুত্রধনাধিকার।

ইতি অপুত্রধনাধিকারঃ।

বিবেচনা— এই গ্রন্থের লেখক জীমূতবাহন বঙ্গীয় মতের স্থাপক—তিনি যে সকল মত সংস্থাপিত করিয়াছেন তৎতাবতই প্রায় এতদ্দেশে প্রচলিত, ও দেশময় মান্য, এবং আর২ গ্রন্থকর্ত্তারা তাহা নিজগ্রন্থে তুলিয়াছেন অথবা প্রমাণ দর্শাইয়াছেন।

এতদ্গ্রন্থকর্ত্তা জীমূতবাহনো গৌড়ীয় মতসংস্থাপকঃ—তেন যানি মতানি লিখিতানি প্রায়শঃ তত্তাবদেবাস্মিন্ দেশে প্রচলিতানি মান্যানি চাভবন। এবমন্যৈর্গ্রন্থকর্ত্তৃভিরপি তানি স্বগ্রন্থে লিখিতানি প্রমাণত্বেন বা প্রদর্শিতানিচ।

দায়তত্ত্ব— পিতার দৌহিত্র পর্য্যন্ত সন্তানের অভাবে পিতামহ অধিকারী, তদভাবে পিতামহী। তদভাবে (ক্রমে) পিতামহের পুত্র পৌত্র প্রপৌত্র ও দৌহিত্র। এবং প্রপিতামহ, প্রপিতামহী, ও তাঁহাদিগের সন্তানগণও এইরূপ অধিকারি। মৃতধনির ভোগ হয় এমত পিণ্ডদানকর্ত্তার অভাবে বন্ধু অর্থাৎ মাতামহ মাতুলাদি।—তথাপি মাতামহ থাকিলে পিত্রাদির ন্যায় (প্রথমে) তিনি অধিকারী, তদভাবে মাতুলাদি। তদভাবে সকুল্য—(অর্থাৎ) বিভক্তপিণ্ড। প্রপৌত্রের পুত্র পর্য্যন্ত করিয়া তিন পুরুষ অধস্তন, এবং বৃদ্ধ প্রপিতামহাদিসন্ততিও (ক্রমে অধিকারি)। বৃহস্পতিকর্ত্তৃক বান্ধব উক্ত হওয়াতে পিতার ও মাতার নিকট বান্ধবেরা যথাক্রমে ধনাধিকারি। বান্ধব যথা—আপনার পিতৃস্বসার ও মাতৃস্বসার এবং মাতুলের পুত্রেরা আত্মবান্ধব বলিয়া জ্ঞেয়। পিতার পিতৃস্বসার ও মাতৃস্বসার এবং মাতুলের পুত্রেরা পিতৃবান্ধব বলিয়া জ্ঞেয়। মাতার মাতৃস্বসার ও পিতৃস্বসার এবং মাতুলের পুত্রেরা মাতৃবান্ধব বলিয়া জ্ঞেয়। পৃ. ৬১—৬৩।

দৌহিত্রান্ত পিতুঃ সন্তানাভাবে পিতামহঃ, তদভাবে পিতামহী। তদভাবে পিতামহদৌহিত্রান্ত সন্তানঃ। এবং প্রপিতামহঃ প্রপিতামহী তৎ সন্তানাঅপি। মৃতভোগ্য পিণ্ডদাত্রভাবে বন্ধুরিতি মাতামহমাতুলাদিঃ,—তত্রাপি পিত্রাদিবৎ সতি মাতামহে সএব, তদভাবে যথাক্রমং মাতুলাদিঃ। তদভাবে সকুল্যো—(অর্থাৎ) বিভক্তপিণ্ডঃ। প্রতিপ্রপৌত্রঃ প্রভৃতিপুরুষত্রয়মধস্তনং, বৃদ্ধ প্রপিতামহাদিসন্ততিশ্চ। বৃহস্পত্যুক্ত বান্ধবা ইত্যনেন যাথাক্রমং বাসন্ন পিতৃমাতৃবান্ধবা ধনাধিকারিণঃ, তেচ—আত্মপিতুঃ স্বসুঃ পুত্রা, আত্মমাতুঃ স্বসুঃ সুতাঃ। আত্মমাতুলপুত্রাশ্চ, বিজ্ঞেয়া আত্মবন্ধবাঃ॥ পিতুঃ পিতুঃস্বসুঃপুত্রাঃ, পিতুর্মাতুঃ স্বসুঃ সুতাঃ। পিতুর্মাতুলপুত্রাশ্চ, বিজ্ঞেয়াঃ পিতৃবান্ধবাঃ॥ মাতুর্মাতুঃ স্বসুঃ পুত্রাঃ মাতুঃ পিতুঃ স্বসুঃ সুতাঃ। মাতুর্মাতুলপুত্রাশ্চ বিজ্ঞেয়াঃ মাতৃবান্ধবাঃ॥ পৃ. ৬১—৬

বিবেচনা। এই গ্রন্থ সুবিখ্যাত স্মার্ত্ত ভট্টাচার্য্যের প্রণীত স্মৃতি তত্ত্বের একাংশ, এই পুস্তককে দায়ভাগমূলক বলিতে হইবে যেহেতু এই গ্রন্থের আদ্যন্তই প্রায় জীমূতবাহনের দায়ভাগানুসারে সংগৃহীত হইয়াছে। কেবল অত্যল্প বিষয়ে মত বৈলক্ষণ্য আছে, অর্থাৎ কোন২ স্থানে দায়ভাগে যাহা ধৃত হয় নাই তাহা লিখিয়াছেন, এবং কোন২ স্থলে দায়ভাগে লিখিত এবং প্রচলিত বিষয়ও ছাড়িয়া দিয়াছেন; যথা—জীমূতবাহনধৃত অধিকারিগণের অতিরেকে ইনি

অয়ংগ্রন্থঃ সুবিখ্যাত স্মার্ত্ত ভট্টাচার্য্যপ্রণীত স্মৃতিতত্ত্বস্যৈকোভাগঃ, প্রায়শঃ সাদিমন্তমিদং পুস্তকং জীমূতবাহনকৃত দায়ভাগানুসারেণ সংগৃহীতমাসীৎ। অত ইদং দায়ভাগ মূলকমেব বক্তব্যং,—কেবলমত্যল্প বিষয়ে মত-বৈলক্ষণ্যমস্তি, অর্থাৎ কস্মিন্ কস্মিন্ স্থানে তেন যানি দায়ভাগে ন ধৃতানি তানিচ লিখিতানি, কুত্রাপিচ দায়ভাগলিখিত প্রচলিত বিষয়োপি পরিত্যক্তঃ,—যথা দায়াধিকারপ্রকরণে অনেন জীমূতবাহনধৃতাধিকারিগণাতিরিক্তং মাতামহস্যা-

" The goods of a hermit, of an ascetic, and of a professed student, let the spiritual brother, the virtuous pupil, and the holy preceptor take. On failure of these, the associate in holiness, or person belonging to the same order, shall inherit. The student must be understood to be a professed one; for, abandoning his father and relations, he makes a vow of service and of dwelling for life in his preceptor's family. But the property of a temporary student would be inherited by his father and other relations."

" Thus has the distribution of the property of one who leaves no male issue been explained." Vide Coleb. Dá. bhá. pp. 214—224.

Remarks.

The writer of this work, JI'MU'TAVA'HANA, is the founder of the Bengal school, being the author of the doctrine which it has adopted; all that are laid down by him are, with a very few exceptions, respected ; and his texts are quoted and references are made to them by almost all the compilers current in this country.

*Dáyatatwa.*

On failure of heirs of the father down to his daughter's son, the paternal grandfather succeeds; failing him, the paternal grandmother; in default of her, the offspring of the grandfather, including his daughter's son ; (in their default) the paternal great grandfather, paternal great grandmother, and also their offspring succeed in like manner. On failure of persons who are givers of oblations in which the deceased may participate, the succession devolves on the *bandhu*,—that is, the maternal grandfather, maternal uncle, and so forth. Here also, as in the instance of father and paternal kinsmen, if the maternal grandfather be living, he is heir; on failure of him, the maternal uncle and other maternal kindred succeed in order. On failure of these, the distant kinsman (*sakulya*), who shares the divided oblation, is heir ; viz. the grandson's grandson, his son, and his son's son, who are *sakulyas* in the descending line ; and the offspring of the grandfather's grandfather and the rest. By the word *bándhava,* used in the text of VRIHASPATI, is meant that the near cognate kindred of the father and mother are heirs. The *lándhavas* are as follows. " The sons of his own father's sister, the sons of his mother's sister, and the sons of his own maternal uncle, must be considered as his own cognate kindred. The sons of his father's paternal aunt, the sons of his father's maternal aunt, and the sons of his father's maternal uncle must be deemed his father's cognate kindred. The sons of his mother's maternal aunt, the sons of his mother's paternal aunt, and the sons of his mother's maternal uncles, must be reckoned to be his mother's cognate kindred. Dá. T. Sans. pp. 61, 62.

Remarks.

This book, which forms part of the *Smrititatwa* compiled by the celebrated RAGHUNANDANA, has been throughout diligently consulted with, and is almost exclusively founded on, JI'MU'TAVA'HANA'S *Dáyabhága*. The author has in general strictly followed the doctrines of JI'MU'TA'VAHANA. On a few points, however, he has differed from his master; that is, he has supplied some deficiencies, added some new heirs, and omitted to mention things which are laid down in the *Dáyabhága* and are very current. Thus in the order of succession, the author has, to the heirs designated by JI'MU'TA-

মাতামহের অধিকার কহিয়াছেন। এবং বান্ধবচ্ছলে মাতৃস্বসার পুত্ত্রের ও পিতার মাতৃস্বসার পুত্ত্রের, পিতার মাতুলপুত্ত্রের ও মাতার মাতৃস্বসার পুত্ত্রের, মাতার পিতৃস্বসার পুত্ত্রের ও মাতার মাতুলপুত্ত্রের অধিকার কহিয়াছেন। কিন্তু এই কএকের মধ্যে পিতার মাতুলের ও মাতৃস্বসার পুত্ত্রের এবং মাতার মাতুলের ও মাতৃস্বসারপুত্ত্রের অধিকার শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার ও জগন্নাথ তর্কপঞ্চাননকর্ত্তৃক স্বীকৃত হয় নাই। এতদতিরেকে জীমূতবাহন প্রভৃতির স্বীকৃত আচার্য্যাদি উদাসীনের অধিকার ছাড়িয়া দিয়াছেন।

The dependant members, above alluded to, are the father and mother where they cannot take as heirs, stepmother, grandmother, son's widow, the daughter and sister, not otherwise provided for, and others‡.

**154. These have claims to be maintained out of the late proprietor's estate.** Vyavasthá.

**155 The uumarried sister and daughter have moreover claims to receive from the deceased's estate the expences of their marriage.** Vyavasthá.

Vide—

* Coleb. Dá. bhá. pp. 170, 174, 216, 219. Elb. In. p. 74.

† Coleb. Dá. bhá. pp. 221, 222.

‡ Coleb. Dig. Vol. III. pp. 459—462. V. D. pp. 103—107.

ব্যবস্থা

১৫৬ পত্নী বা অধীন পরিবার কেহ অনুচিত কারণে দূরীকৃত হইলে পরিবার-কর্ত্তার স্থানে এবং তাহার মৃত্যুর পর তাহার ত্যক্ত বিষয় হইতে অন্নবস্ত্র পাইবে।

১৫৬ যদি পত্নী বা অস্বতন্ত্রাঃ কেচন পরিবারাঃ অনুচিত কারণাৎ নির্ব্বাসিতাস্তদাতে পরিবার স্বামিনঃ শকাশাৎ গ্রাসাচ্ছাদনং লভেরন্ মৃতেতু তস্মিন্ তত্ত্যক্ত ধনাৎ গৃহ্নীয়ুঃ।

ব্যবস্থা

১৫৭ যে পোষ্য ব্যক্তি ন্যায্য কারণে পরিবারের মধ্যে থাকিতে এবং একত্র আহারাদি করিতে পারে না সে পৃথক্ থাকিয়া গ্রাসাচ্ছাদন পাইতে পারে।

১৫৭ পোষ্য বর্গীয়ো যো জনঃ পরিবারৈঃ সার্দ্ধং মিলিত্বা স্থাতুং ভোক্তুং বা ন্যায্যকারণাৎ ন শক্নোতি স পৃথক্ স্থিত্বাগ্রাসাচ্ছাদনং লব্ধুং যোগ্যঃ।

ব্যবস্থা

১৫৮ মৃত ধনির অর্থানুরূপে জীবিকার পরিমাণ অবধারণ কর্ত্তব্য।

১৫৮ ধনিনোঽর্থানুসারেণ জীবিকা নির্দ্ধার্য্যা।

ব্যবস্থা

১৫৯ কেবল গ্রাসাচ্ছাদন মাত্র দাতব্য এমত নহে, কিন্তু বিষয় থাকিলে আর২ আবশ্যক এবং ধর্ম্মকর্ম্মোপয়োগি ব্যয়ার্থ ধন দাতব্য।

১৫৯ ন কেবলং গ্রাসাচ্ছাদনং দেয়ং, কিন্তু সতি সম্ভবে আবশ্যকব্যয়োপযুক্তং ধর্ম্মকর্ম্মোপযুক্তঞ্চ ধনং দাতব্যং।

ব্যবস্থা

১৬০ যদি কোন স্ত্রী ব্যভিচারের মানস বিনা পিতামাতার বা তৎ কুটুম্বের গৃহে আশ্রয় লয় তথাপি সে গ্রাসাচ্ছাদন পাইতে পারে।

১৬০ যদি কাচিৎ স্ত্রী ব্যভিচার বুদ্ধিং বিনা পিতুর্মাতুরন্য বান্ধবানাং বা গৃহমাশ্রয়েৎ তথাপি সা গ্রাসাচ্ছাদন-প্রাপ্তি যোগ্যা।

ব্যবস্থা

১৬১ পরন্তু পতির যদি এমত আদেশ থাকে যে পতিকুলবাসিনী হইলে তৎ পত্নী বিষয় হইতে গ্রাসাচ্ছাদন পাইবে, তবে সে স্থানান্তরে থাকিয়া তাহা পাইতে অধিকারিণী নয়।

১৬১ পরন্তু পত্নী পতিকুলবাসিনীচেৎ গ্রাসাচ্ছাদনাধিকারিণীতি পত্যাদেশে সা কারণং বিনা স্থানান্তরে স্থিত্বা গ্রাসাচ্ছাদনে নাধিকারিণী।

ব্যবস্থা

১৬২ ব্যভিচারিণী স্ত্রীলোকে অন্নবস্ত্র পাইতে অধিকারিণী নয় *।

১৬২ ব্যভিচারিণী যা স্ত্রী সা গ্রাসাচ্ছাদনাধিকারিণী ন ভবেৎ *।

দ্বিতীয় প্রকার পোষ্যবর্গ†—ক্লীব, জন্মান্ধ ও জন্ম বধির, পঙ্গু, উন্মত্ত, জড়, মুক, নিরিন্দ্রিয় (অর্থাৎ কোন

দ্বিতীয় প্রকার পোষ্য বর্গাঃ†—ক্লীবঃ জন্মান্ধঃ জন্মবধিরঃ পঙ্গুঃ উন্মত্তঃ জড়ঃ মুকঃ নিরিন্দ্রিয়ঃ (অর্থাৎ

* পিতার অংশ পাইতে পুত্র অধিকারী কিন্তু তাহার মাতা তদ্ধন হইতে অন্নবস্ত্র পাইবে। ভ্রাতার ব্যভিচারিণী স্ত্রীকে প্রতিপালন করিতে ভ্রাতারা বাধিত নয়, এবং এমত প্রমাণও দৃষ্ট হয় না যদনুসারে পুত্র ব্যভিচারিণী মাতাকে প্রতিপালন করিতে আদালতে বাধিত হইতে পারে। কোলব্রুক সাহেবের বিবেচনা। দ্রষ্টব্য—এস্‌ট্রেঞ্জের হিন্দু-ল. বা. ২, পৃ. ৩৮১ ও ৩৮২।

স্ত্রী সাধ্বী হইলে তবে অপুত্রক ব্যক্তির ধনাধিকারিণী হওয়াতে বোধ হইতেছে যে অসতী স্ত্রী অন্নবস্ত্র পাইতে অনধিকারিণী।

† অন্য প্রকার অস্বতন্ত্র জনগণের দাওয়ার উল্লেখ করিতে বাকী আছে, অর্থাৎ— ঐ বহুজনগণ যন্মধ্যে কতক অদৃষ্ট বশতঃ কতক বা নানা দোষপ্রযুক্ত বিষয়ে অনধিকারি হয়, কিন্তু শাস্ত্রের সকরুণবিধানানুসারে সকলেই ঐবিষয় হইতেযথেষ্ট রূপ গ্রাসাচ্ছাদন পাইতে অধিকারি, কেবল পতিত ও তদবস্থায় তাহার যে সন্তান জন্মে সে অধিকারী নয়। মনুর মতে দায়াধিকারী ব্যক্তি শক্ত্যনুসারে ঐ সকলের যাবজ্জীবন প্রতিপালন করিবে তাহা না করিলে পুর্ব্বোক্ত রূপে দণ্ড্য এবং অপরাধী হইবে। পতিত ও তৎসন্তান সম্বন্ধে ভিন্ন ২ মত আছে, বিবেচ্য এই যে মনুর মতে তাহারা গ্রাসাচ্ছাদনে অনধিকারি নয়, যাজ্ঞবল্ক্য-ও তাহাদের এই অধিকার স্বীকার করিয়াছেন, যদ্যপি তদধিকার গ্রাসাচ্ছাদন মাত্রে বই নয়, তথাপি তাহাদের তদধিকার স্বীকৃত হইলে, ব্যভিচারিণী বিধবাকে নিরাস করা কঠিন। দোষ প্রযুক্ত অনধিকারি ব্যক্তিদের স্ত্রীরা সাধ্বী থাকিলে প্রতিপালনীয়া; তাহাদের কন্যাদিগকে প্রতিপালন করা ও তাহাদের বিবাহ দেওয়া কর্ত্তব্য। এস্‌ট্রেঞ্জ সাহেবের হিন্দু-ল. বা. ১, পৃ. ২৩৪ও২৩৫।

**156. The wife or any dependant member, if be expelled without a just cause, must get maintenance from the master of the family during his life, and out of his estate since his death.** Vyavasthá.

**157. Separate maintenance should be allowed to those who for a just cause could not live in, and mess together with, the family.** Vyavasthá.

**158. The amout of maintenance should be fixed with reference to the proprietor's estate.** Vyavasthá.

**159. If means allow, not only food and raiment should be supplied, but also an amount should be assigned for necessary and religious expences.** Vyavasthá.

**160. Should a woman without unchaste purposes quit the family house and live with her parents or own relations, yet still she is entitled to maintenance.** Vyavasthá.

**161. The widow however is not entitled to maintenance by residing elsewhere without a cause, if she was directed by her husband to be maintained in the family house.** Vyavasthá.

**162. An unchaste woman forfeits her right to maintenance*.** Vyavasthá.

The other class of the dependant members† of the family are:—impotent persons, persons born blind or deaf, mad men, idiots, the dumb, those who have not some one organ or have lost

* The son is entitled to take the share of his father, and his mother must be maintained out of his allotment. Brethren are not bound to maintain the unchaste widow of their childless brother; nor has any authority been found for imposing it as a civil obligation on the son to maintain his mother, if she be an adultress. Colebrooke's remark. See Strange's Hindu Law Vol. II. pp. 381, 382.

As chastity is a condition of a woman's inheriting on failure of male issue, so it would seem that for want of it she forfeits her right to maintenance. Strange's Hindu Law. Vol. II. p. 132.

† The claim of another class of dependants remains to be noticed, namely, that numerous one, excluded, some by their destiny, others by various disabilities, from inheritance, but all, by the humane provision of the law, entitled, out of it, to an abundant maintenance;—all, unless the outcast and his issue subsequently born, are to be excepted. According to MANU, the substituted heir is to provide it for life, without stint, to the best of his power, subject to penalties and consequences, that have been already stated. With regard to the outcast and his issue, authorities differ;—upon which it is observable, however, that he is not excepted by MANU, and that he is admitted by JAGNYAVALKYA. It is true, the measure is restricted to "food and raiment;" to which, if the outcast be admissible, it would seem difficult to exclude the adulterous widow. Of persons disqualified to inherit, their childless wives, continuing chaste, are moreover to be provided for, as are also the maintenance and nuptials of their unmarried daughters. Strange's Hindu Law, Vol. I. pp. 234, 235.

ইন্দ্রিয়হীন), কুষ্ঠাদি অচিকিৎস্য বা দীর্ঘতিব্র রোগগ্রস্ত, পিতার দ্বেষ্টা, লিঙ্গী বা প্রতারক প্রভৃতি *, এবং যাহারা কুলাচারাদি প্রযুক্ত অনধিকারি।

কেনাপি ইন্দ্রিয়েণহীনঃ,) কুষ্ঠাদচিকিৎস্যরোগপ্রস্তঃ দীর্ঘতীব্রাময়গ্রস্তঃ পিতৃদ্বেষ্টা লিঙ্গী (অর্থাৎ প্রতারকঃ) ইত্যাদয়ো *, যে বা কুলাচারাদিনা অনধিকারিণঃ

ব্যবস্থা

**১৬৩ এই সকলে মৃত ধনির বিষয় হইতে অন্নবস্ত্র পাইতে অধিকারি।**

**১৬৩ সর্ব্বেতে মৃতস্য ধনিনো ধনাৎ গ্রাসাচ্ছাদনং লব্ধুমধিকারিণঃ।**

প্রমাণ

ক্লীবাদির উল্লেখ করিয়া মনু কহিয়াছেন—"ন্যায্য এই যে বুদ্ধিমানেরা শক্ত্যানুসারে এই সকলকে যাবজ্জীবন গ্রাসাচ্ছাদন দেন, না দিলে পতিত হইবেন"।

ক্লীবাদীনভিধায় মনুঃ—"সর্ব্বেষামপি তু ন্যায্যং দাতুং শক্ত্যা মনীষিণা। গ্রাসাচ্ছাদনমত্যন্তং পতিতো হ্যদদদ্ভবেৎ"

উক্ত বচনের অন্বয় এই যে ক্লীবাদি সকলকে যাবজ্জীবন গ্রাসাচ্ছাদন দেওয়া ন্যায্য। বি. দা. ভা. দী. র. ৫।

সর্ব্বেষাং ক্লীবাদীনাং গ্রাসাচ্ছাদনং যাবজ্জীবনং দাতুং ন্যায্যমিত্যন্বয়ঃ। বি. দা. ভা. দী. র. ৫।

ব্যবস্থা

**১৬৪ পতিত বলাতে এই বোধ্য যে ইচ্ছায় না দিলে (রাজা) দেওয়াইবেন। ঐ।**

**১৬৪ পতিত স্বরসাৎ ইচ্ছয়া অদদতং দাপয়েদিতি বোধ্যং। ঐ।**

যাজ্ঞবল্ক্যঃ—"ক্লীব, পতিত ও তৎসুত, পঙ্গু, উন্মত্ত, জড়(জন্মাবধি) অন্ধ এবং অচিকিৎস্য রোগার্ত্ত—হইয়া অংশ পাইবে না কিন্তু অন্নাচ্ছাদন পাইবে।

যাজ্ঞবল্ক্যঃ—ক্লীবোঽথ পতিতস্তজ্জঃ পঙ্গুরুন্মত্তকো জড়ঃ। অন্ধোঽচিকিৎস্য রোগার্ত্তা ভর্ত্তব্যাঃ স্যুঃ নিরংশকাঃ।

পতিতকে এবং পতিত হওনের পর তাহার যে সন্তান জন্মে তাহাকে মনু ও যাজ্ঞবল্ক্য গ্রাসাচ্ছাদনে অনধিকারি বলেন না কিন্তু অপরং ঋষিরা ও জীমূতবাহনাদি বলিয়াছেন, যথা—

পতিতস্য পাতিত্যদশায়ামুৎপন্নস্য তৎসন্তানস্য চ গ্রাসাচ্ছাদনং ন দেয়মিতি মনুযাজ্ঞবল্ক্যাভ্যা-নোক্তং কিন্তু ঋষ্যন্তরৈর্জীমূতবাহনাদিভিশ্চ তৌ গ্রাসাচ্ছাদনানধিকারিণৌ ইত্যুক্তং, যথা—

বৌধায়ন—"ব্যবহার বহির্ভূত ব্যক্তিদিগকে এবং অন্ধ, জড়, ক্লীব, ব্যসনযুক্ত, ও ব্যাধিতাদি অকর্ম্মণ্য ব্যক্তিদিগকে, পতিত ও তৎসুত ব্যতিরেকে, গ্রাসাচ্ছাদন দিয়া প্রতিপালন করিতে হইবে।

বৌধায়নঃ—"অতীত ব্যবহারান্ গ্রাসাচ্ছাদনৈর্বিভৃয়ুঃ অন্ধ জড় ক্লীব ব্যসনী ব্যাধিতাদীংশ্চাকর্ম্মিণঃ পতিত তজ্জা বর্জমিতি"।

দেবল—পতিত বর্জ্জিয়া ঐ সকলকে গ্রাসাচ্ছাদন দিতে হইবে। তাহাদের পুত্রেরা নির্দ্দোষ হইলে পিতৃযোগ্যাংশ পাইবে।

দেবলঃ—"তেষাং পতিতবর্জ্জেভ্যো ভক্তবস্ত্রং প্রদীয়তে। তৎসুতা পিতৃদায়াংশং লভেরন্ দোষবর্জ্জিতাঃ"।

জীমূতবাহন—"বিষয়ে অনধিকারি হইলেও পতিত ও তৎসুত ভিন্ন অন্যে প্রতিপালনীয়"। দা. ভা. পৃ. ১১৮।

জীমূতবাহনঃ—"নিরংশকত্বেঽপি পতিত তৎসুতব্যতিরিক্তা ভর্ত্তব্যাঃ"। দা. ভা. পৃ. ১১৮।

শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার—"তাহাদের পুত্রেরা নির্দ্দোষ হইলে অংশ পাইবে, পরন্তু পতিত ভিন্ন অন্যে প্রতিপাল্য"। দা. ক্র. স. পৃ. ৩০।

শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারঃ—"তৎ পুত্রা নির্দ্দোষা অংশভাগিনঃ, ভরণন্তু পতিত বর্জ্জং"। দা. ক্র. স. ৩০।

পতিত পদে তাহার পুত্র-ও বোধ্য, যেহেতু পতিতের ঔরসজাত হওয়াতে সেও পতিত। দা. সং. পৃ. ৩০।

পতিত পদেন তৎ সুতস্যাপ্যুপাদানং পতিতোৎপন্নত্বেন পতিতত্বাৎ। দা. সং. পৃ. ৩০।

স্মার্ত্ত ও জগন্নাথপ্রভৃতিরও এই মত।

এবমেব স্মার্ত্ত জগন্নাথাঃ।

ব্যবস্থা

**১৬৫ ইহাদের কন্যারা যে পর্য্যন্ত বিবাহিতা না হয় গ্রাসাচ্ছাদন পাইবে। যাজ্ঞবল্ক্যঃ।**

**১৬৫ সুতাশ্চৈষাং প্রভর্ত্তব্যা যাবন্ন ভর্ত্তৃসাৎ কৃতাঃ। যাজ্ঞবল্ক্যঃ।**

* ইহার বিস্তার অনধিকারি প্রকরণে দ্রষ্টব্য।

* বিস্তারোঽস্য অনধিকারি প্রকরণে দ্রষ্টব্য।

the use thereof, those afflicted with elephantiasis, or incurable or obstinate and agonizing disease, professed enemies to their fathers, hypocrites or impostors, and the like†, as well as those who are disinherited by custom, &c.

**163. These are entitled to maintenance out of the late proprietor's estate.** Vyavasthá.

1. MANU, after premising impotent persons and the rest, says:—"But it is just that the heir who knows his duty should give all of them food and raiment for life, without stint, according to the best of his power: he who gives them nothing sinks assuredly (to a region of punishment)." Authority.

The construction of the above text is this: it is just to give all of them, namely, impotent persons and the rest, food and raiment for life. Coleb. Dig. Vol. III. p 320.

**164. From the construction of the above text it must be inferred, that he who does not willingly give (food and raiment) shall be compelled to give it. Ibid.** Vyavasthá.

JA'GNYAVALKYA:—"An outcast and his son, an impotent person, one lame, a madman, an idiot, one born blind, a person afflicted with an incurable disease, must be maintained without any allotment of shares."

The outcast and his issue subsequently born are not excepted by MANU and JA'GNYAVALAKYA, but by (some) other sages, and JI'MU'TAVA'HANA and the rest. Thus:—

BOUDHA'YANA:—"Let the inheritor supply with food and apparel those who are incapable of transacting business, as well as the blind, idiots, impotent persons, those afflicted with (incurable) disease, and calamity, and others who are incompetent to the performance of (religious) duties, *excepting* however the outcast and his issue."

DEVALA:—"Food and raiment should be given to them *excepting* the outcast. But the sons of such persons, being free from similar defects, shall obtain their father's share of the inheritance."

JI'MU'TAV'AHANA:—"Although they be excluded from participation, they ought to be maintained, *excepting* however the outcast and his son. That is taught by DEVALA." See Coleb. Dá. bhá. p. 103.

SRI'KRISHNA TARKA'LANKA'RA:—"The maintenance is directed for all, *except* the outcast."

By the term outcast, his son must also be understood, for he becomes so in consequence of having been begotten by an outcast. *Dáyakramasangraha,* p. 67.

RAGUNANDANA and JGANNA'THA are of the same opinion.

**165. Their daughters must be maintained until provided with husbands.** JA'GNYAVALKYA.

ব্যবস্থা

**১৬৬ ইহাদের অপুত্রাস্ত্রীরা সদাচারা হইলে গ্রাসাচ্ছাদন পাইবে, ব্যভিচারিণী বা প্রতিকূলা দুরীকৃতা হইবে। যাজ্ঞবল্ক্য।**

বিবেচনা

সুতারা অর্থাৎ—কন্যারা যাবৎবিবাহিতা না হয় ইহা বলাতে তাহাদের (বিবাহ) সংস্কার-ও কর্ত্তব্য ইহা বোধ হইতেছে। যে স্থলে পুত্র (পিতার) অংশ প্রাপ্ত না হয় সে স্থলেই ইহা বোধ্য, কিন্তু যে স্থলে পুত্র (পিতার) ভাগ হারী সেস্থলে সে ভগিনীর প্রতিপালন করিবে এবং তাহার বিবাহ দিবে, আর আপন পিতাকেও প্রতিপালন করিবে। বি. দা. ভা. দী. র. ৫

অপুত্রা ইত্যাদি পদে ক্লীবাদির বিবাহিত পত্নী বোধ্য এই রত্নাকরের মত। এমতে জ্ঞাতব্য এই যে পুনর্ভূ প্রভৃতি তাদৃশ হইলেও প্রতিপালনীয় নয়।

প্রতিকূলা পদে বিষপ্রয়োগাদি রূপ প্রতিকূলত্ব অভিপ্রেত হইয়াছে কলহমাত্রকারিত্ব নয়। রত্নাকর। পরন্তু যে রূপ পরিণীতা স্ত্রীকে ভর্ত্তা দূর করিয়া দিতে পারে তাদৃশীকে দেবরাদিও দূর করিয়া দিতে পারে। বি. দা. ভা. দী. র. ৫।

**১৬৬ অপুত্রাযোষিতশ্চৈষাং ভর্ত্তব্যাঃ সাধুবৃত্তয়ঃ। নির্ব্বাস্যা ব্যভিচারিণ্যঃ প্রতিকূলাস্তথৈবচ। যাজ্ঞবল্ক্যঃ।**

সুতা—দুহিতরঃ যাবন্ন ভর্তৃসাৎকৃতা ইত্যনেন—তাসাং সংস্কারশ্চ কর্ত্তব্য ইতি প্রতীয়তে। এতচ্চ পুত্রেণ ভাগেঽক্রিয়মাণে জ্ঞেয়ং, পুত্রেণ ভাগ হরণেতু মৃতপিতৃক পুত্রবৎ তেনৈব ভগিনী-পোষণং তৎ সংস্কারশ্চ কর্ত্তব্যঃ এবং স্বপিতুর্ভরণমপি তেনৈব কর্ত্তব্যমিত্যর্থঃ। বি. দা. ভা. দী. র. ৫।

ক্লীবাদি পরিণীত পত্নীঃ প্রত্যাহ অপুত্রা ইত্যাদি—ইতিরত্নাকরঃ। তথাচ পুনর্ভূ প্রভৃতীনাং কথঞ্চিৎ সম্ভবেঽপি ন ভর্ত্তব্যমিতি জ্ঞেয়ং।

প্রতিকূলা ইত্যত্র প্রাতিকূল্যং বিষপ্রয়োগাদি কারিত্বং বিবক্ষিতং নতু কলহমাত্রকারিত্বমিতি রত্নাকরঃ। তথাচ যাদৃশী পরিণীতা স্ত্রী ভর্ত্রানির্ব্বাস্যা তাদৃশী দেবরাদিভিরপীতি ভাবঃ। বি. দা. ভা. দী. র. ৫।

প্রশ্ন। দুই ভ্রাতার মধ্যে জ্যেষ্ঠের এক পুত্র ছিল, এই পুত্র পিতার জীবনকালে এক পত্নী ও দুই কন্যা রাখিয়া মরিল। এমত অবস্থায় উক্ত জ্যেষ্ঠ ভ্রাতার মরণে (ও তৎ কনিষ্ঠ অসত্ত্বে) ঐ জ্যেষ্ঠের পুত্র বধূ অধিকারিণী অথবা ভ্রাতৃ-পুত্রেরা দায়াধিকারি। যদি পুত্রবধূ অধিকারিণী হয় তবে তাহার মরণকালে তাহার এক কন্যার দুই পুত্র ও দুই কন্যা থাকাতে এবং অন্য কন্যার এক পুত্র থাকাতে উক্ত পুত্র বধূকে অর্শিয়াছিল যে ধন তাহাতে ইহারদের মধ্যে কে দায়াদরূপে অধিকারী?

পুত্র বধূ থাকিতেও ভ্রাতৃ পুত্রেরা বিষয়াধিকারি, কিন্তু ঐ পুত্রবধূ তাহাদের অবশ্য প্রতিপালনীয়া।

উত্তর। ভ্রাতা পর্য্যন্ত উত্তরাধিকারি না রাখিয়া জ্যেষ্ঠ ভ্রাতা মরাতে ঐ জ্যেষ্ঠের ভ্রাতৃ পুত্রেরাই তুল্যরূপে দায়াধিকারি, পুত্রবধূ নয়, যেহেতু তাহার পতি ধনির পুর্ব্বে মরিয়াছে।

প্রমাণ—বিষ্ণু বচন। ব্যবস্থা দর্পণের ২৮ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

ভ্রাতৃপুত্রেরা পিতৃব্যের বিষয়াধিকারি হইয়া তাহার পুত্রবধূকে উপযুক্তরূপ জীবিকা দিবে। ২২ মে ১৮২১ সাল, জিলাহুগলি। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ১, সেক্. ৮, মকদ্দমা ২, (পৃ. ১০৫)।

প্রশ্ন। কোন ব্যক্তি পিতার জীবনকালে মরাতে তাহার স্ত্রী শ্বশুরের বিষয়ের কিম্বা শ্বশুরের পর মরিয়াছে যে নিজ পতির দুই ভ্রাতা তাহাদের বিষয়ের কোন অংশ পাইবে কি না?

উত্তর। উক্ত মুল ধনির যদি তিন পুত্র থাকে ও তন্মধ্যে যদি একজন পিতার জীবনকালে এক পত্নীকে রাখিয়া নিস্‌সন্তান মরিয়া থাকে এবং উক্ত মুল ধনি যদি অবশিষ্ট পুত্রদ্বয়কে উত্তরাধিকারি রাখিয়া মরিয়া থাকে, তবে উক্ত মৃত পুত্র পিতার জীবনকালে মরাতে পিতৃধনে স্বত্ববান্ হয় নাই। এতাবতা তাহার পত্নী মৃত শ্বশুরের ধনের কোন অংশে অধিকারিণী নয়, কিন্তু অন্নবস্ত্র পাইতে যোগ্যা। পরন্তু তাহার পতি যদি কোন বিষয় অধিকার করিয়া মরিয়া থাকে তবে তদুত্তরাধিকারিণী রূপে সেই বিষয়ে অধিকারিণী। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ১, সেক্. ৮, মকদ্দমা ৪, (পৃ. ১০৬)।

প্রশ্ন। কোন ব্যক্তি আপন স্ত্রীকে গৃহ হইতে খেদাইয়া দিলে সে নিজ ভ্রাতার গৃহে থাকিয়া এক্ষণে পতির স্থানে অন্নবস্ত্র পাইবার নিমিত্তে নালীশ করে। এমত অবস্থায় শাস্ত্রানুসারে ঐ স্ত্রী জীবিকা পাইবার নিমিত্ত নালীশ করিতে পারে কি না?

**166. Their childless wives who preserve chastity, must be supplied with food and apparel; but disloyal and traitorous wives shall be banished from the habitation.** JA´GNYAVALKYA.

Since it is directed that daughters must be supported so long as they be not disposed of in marriage, it appears that the expence of nuptials must be defrayed, and *that* if no share be received by a son; but if the son do take a share, his sister must be supported, and her nuptials defrayed by him alone, as (is done in common cases) by a son whose father is dead. He alone must likewise support his own father (who is disqualified).

The legislator mentions "childless wives," alluding to the married wives of the eunuchs and the rest. So the *Ratnákara*. Twice married women, and other adulterous wives, however they become so, shall not be supported.

"Traitorous wives"—This term, according to the *Ratnákara*, positively denotes treason, such as the attempt to administer poison or the like, not merely a contentious spirit, consequently the same married wife who ought to be banished from the habitation by her husband, shall in like manner be expelled by his brothers and the rest. Dig. Vol. III. p. 324.

Q. There were two brothers, the elder of whom had a son, who died during his father's lifetime, leaving a widow and two daughters. In this case, on the death of the elder brother, is his son's widow, or his brother's sons, his brother being dead, entitled to inherit from him? If the former, as on her demise there were two sons and two daughters of a daughter, and a son of another daughter living, which of these survivors are entitled to the property which devolved on the widow by right of inheritance?

R. The elder brother having died leaving no heir down to the brother, his brother's sons are equally entitled to the succession, but not his son's widow, as the son died defore him.

The widow of a son is excluded by a brothers's sons, but she must be maintained by them.

*Authorities:*—VISHNU. See V. D. p. 29.

The brothers' sons having succeeded to their uncle, will provide his son's widow with the proper maintenance. Zillah Hooghly, May 22nd, 1821. Mac. H. L. Vol. II. Chap. I. Sec. VIII. Case 2. (p. 105.)

Q. B, son of A, having died during the lifetime of his father, will his widow take any share in his property, or in that of C and D, his full brothers, who died after their father?

R. If A had three sons, B, C, and D, of whom B died without issue, leaving a widow, and if after this A died, leaving heirs, his two remaining sons him surviving, the right of B to the property left by A is barred by reason of his having died during his father's lifetime. His widow therefore is not entitled to any share in the property of her deceased husband's father. She is entitled to receive maintenance, therefore, and to take by inheritance, during her life, any property of which her husband had possession during his life. Macn. H. L. Vol. II. Chap. 1. Sec. VIII. Case 4. (p. 106.)

Q. A person turned his wife out of his house, whereupon she went and lived in the family of her own brother, and now claims her maintenance from her husband. In this case, can she, according to law, sue for the means of support?

স্বামী ন্যায্য কারণ বিনা স্ত্রীকে তাড়াইয়াদিলে অবশ্য তাহার অন্নাচ্ছাদন দিবে।

উত্তর। পত্নী যদি পতির গৃহ হইতে তাড়িতা হইয়া ভ্রাতার বাটীতে গিয়া বাস করিয়া থাকে, এবং মকদ্দমার অবস্থাতে যদি এমত বোধ হয় যে পতি তাহাকে অন্যায় করিয়া তাড়াইয়া দিয়াছে, তবে সে পতির স্থানে জীবিকা পাইতে অধিকারিণী। এই প্রচলিত মত *। রামপ্রিয়া—বনাম—ভৃগুরাম। ঢাকা কোর্ট আপীল। ৯ সেতম্বর ১৮১৫ সাল। মেক্‌. হি. ল. বা. ২, চ্যা. ২, মকদ্দমা ১, (পৃ. ১০৯)।

প্রশ্ন। যদি কোন ব্যক্তি গৃহ হইতে আপন স্ত্রীকে তাড়াইয়া দেয়, অথবা স্ত্রী যদি ইচ্ছাক্রমে পতির গৃহ ত্যাগ করিয়া মাতার পরিবারের মধ্যে বাস করে, তবে এতদুভয়ের একতর অবস্থাতে সে অন্নাচ্ছাদন পাইবার দাবীতে আন্দাশ করিতে পারে কি না?

যে স্ত্রী পতির সম্মতি বিনা পতিকে ত্যাগ করিয়া যায় সে অন্নাচ্ছাদন পাইতে অধিকারিণী নয়।

উত্তর। পতি পত্নীকে গৃহ হইতে তাড়াইয়া দিলে সে যদি নিজ মাতার সহিত বাস করিয়া থাকে তবে সে পত্নী অন্নবস্ত্র পাইতে অধিকারিণী। কিন্তু সে যদি পতির সম্মতি বিনা পতিকে ত্যাগ করিয়া মাতার সহিত বাস করিয়া থাকে, তবে সে অন্নাচ্ছাদন পাইতে অধিকারিণী নয়। জিলা চট্টগ্রাম। ১৪ জানয়ারি ১৮২০ সাল। মেক্‌. হি. ল. বা. ২, চ্যা. ২, মকদ্দমা ২, (পৃ. ১০৯)।

প্রশ্ন। চারি ভ্রাতার মধ্যে একজন এক পত্নী রাখিয়া মরিলে এই বিধবা আপন পতির স্থাবর অস্থাবর বিষয় পতির ভ্রাতাগণকে দান করিয়া গ্রহীতাদিগের স্থানে এমত একরার লইল যে তাহারা তাহাকে অন্ন বস্ত্র দিবে। পরে সে বিধবা ব্যভিচারিণী হইয়া গর্ভবতী হওয়াতে গৃহ হইতে দূরীকৃতা হইল, এবং ঐ দান গ্রহীতারা তাহাকে প্রতিপালন করিতে অস্বীকার করিল। এমত অবস্থায় ঐ গ্রহীতাগণের স্থানে ঐ বিধবার অন্নবস্ত্র পাইবার অধিকার যথা শাস্ত্র আছে কি না?

অন্নবস্ত্র পাইবার শরতে কোন বিধবা যদি দেবরাদিকে পতির বিষয় লিখিয়া দিয়া থাকে তথাপি ব্যভিচারিণী হইলে তাহাতে অনধিকারিণী হয়।

উত্তর। প্রপৌত্র পর্য্যন্ত হীন মৃত ব্যক্তির সাধ্বী পত্নী পতিধনে অধিকারিণী, কিন্তু সে ব্যভিচারিণী হইলে পতিতা হয় এবং পতিতা হইলে পতির দায়ে তাহারস্বত্ব থাকে না, ও ব্যভিচারের পূর্ব্বে নিজ প্রতিপালন বিষয়ক একরার লিখাইয়া লইলেও সে অন্নবস্ত্র পাইবার দাওয়া করিতে পারে না।

প্রমাণ—

ব্যাস বচন দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৩৪। কাত্যায়ন বচন—দ্রষ্টব্য ব্য. দ. পৃ. ৫৪। নারদ বচন—দ্রষ্টব্য ব্য. দ. পৃ. ১০৭।

সহর ঢাকা ২১। জানয়ারি ১৮২৩ সাল। মেক্‌. হি. ল. বা. ২, মকদ্দমা ৫ (পৃ. ১১২)।

প্রশ্ন। কর্ম্মকারের কর্ম্ম ব্যবসায়ী কোন ব্যক্তির তিন পুত্র ছিল, তাহারা বয়ঃ প্রাপ্ত হওন পর্য্যন্ত পিতৃকর্ত্তৃক প্রতিপালিত হয়, পরে তাহারা পরস্পর পৃথক হইয়া পিতার বিষয় অধিকার করিয়া লয়, এক্ষণে ঐ পিতা বৃদ্ধ এবং জীর্ণ তথাপি তাহারা তাহাকে অন্নবস্ত্র দেয় না। এমত অবস্থায় ঐ পিতা নিজ পুত্রগণ হইতে অন্নবস্ত্র পাইতে অধিকারী কি না?

পুত্রেরা পিতা মাতাকে অবশ্য প্রতিপালন করিবে।

উত্তর। বৃদ্ধ পিতা মাতাকে অবশ্যই প্রতিপালন করিতে হইবে †। এই মত বিবাদভঙ্গার্ণব ও আরং গ্রন্থের মতানুমত।

প্রমাণ—

বিবাদভঙ্গার্ণবে ধৃত বচন যথা—"মনু কহিয়াছেন বৃদ্ধ মাতা পিতা ও সাধ্বী ভার্য্যা এবং শিশু সুত ইহারদিগকে শত অকার্য্য করিয়াও প্রতিপালন করিবে। জিলানদিয়া। মেক্‌. হি. ল. বা. ২, চ্যা. ২, মকদ্দমা ৬, (পৃ. ১১৩ ও ১১৪)।

---

* ঐ স্ত্রী যদি ব্যভিচার দোষ অথবা তদ্রূপ অন্য দোষ প্রযুক্ত তাড়িতা হইয়া থাকে তবে সে জীবিকা পাইতে অধিকারিণী নয়।

† পিতা থাকিতে পুত্রদিগের স্বত্ব নাই স্বতন্ত্রতাও নাই যথা মনু কহেন "স্ত্রী পুত্র ও দাস এই তিন ব্যক্তির শাস্ত্রমতে নিজের ধন কিছু নাই, তাহারা যে ধন উপার্জ্জন করে তাহা তাহারা যাহার অধীন তাহার ধন"। এমত অবস্থায় পুত্র কর্ত্তৃকধন উপার্জ্জিত হইলে ও পিতা সেই ধন হইতে কেবল জীবিকা পাইতে অধিকারী এমত নহে কিন্তু ঐ ধন পিতার কায়িক শ্রমের ও ধনের সাহায্যে উপার্জ্জিত হউক বা না হউক পিতা তাহার একাংশ লইতে পারেন। মেক্‌. হি. ল. বা. ২, পৃ. ১১৫।

R. The wife, having been expelled by her husband from his house, and living with her brother's family, is entitled to obtain maintenance from her husband, provided the husband was not justified in expelling her by the circumstances of the case. This is the received opinion*. Rámpriyá *versus* Bhrigu-rám. Dacca Court of Appeal, September 9th, 1815. Macn. H. L. Vol. II. Cha. II. case I. (p. 109).

A husband expelling his wife without sufficient cause is bound to maintain her.

Q. If a man expel his wife from his house. or if she wilfully elope from her husband, and live in the family of her mother; in either case, is she competent to sue for her maintenance ?

R. If the husband turned the wife out of his house, and she live with her mother; in such case, she is entitled to maintenance. But if she without her husband's sanction leave him, and live with her mother, she has no right to maintenance. Zillah Chittagong, January 14th, 1820. Mac. H. L. Vol. II. Ch. II. Case. II. (p. 109.)

By voluntary desertion of her husband, the wife loses her right to maintenance.

Q. There were four brothers, one of whom died leaving a widow, who, having assigned over to them her husband's property, movable and immovable, by gift, obtained an agreement from the donees that they would provide her with food and raiment. Subsequently she became pregnant, the fruit of an adulterous intercourse; on which she was expelled from the family house, and the donees now refuse to support her. In this case, has the widow a legal claim to her maintenance from the donees ?

R. A virtuous widow of a person who leaves no male heir down to the great grandson, succeeds her husband; and if she violate his bed, she becomes degraded: consequently the widow described has no right to her husband's heritage, and cannot claim her maintenance, even though she obtained an agreement for her subsistence previously to her offence ?

An unchaste widow is not entitled to maintenance from her husband's brothers, even though she may have resigned her right to his property in their favour, in consideration of such maintenance.

*Authorities:—*

Text of VYA'SA:—See V. D. p. 35. Text of KA'TYA'YANA:—See V. D. p. 55. Text of NA'RADA:—See V. D. p. 107.

City Dacca, 21st January, 1823. Mac. H. L. Vol. II. Cha. II. Case 5, (pp. 112, 113.)

Q. An individual, by trade a blacksmith, had three sons, whom he brought up and supported until they attained the age of majority, when they separated themselves from each other, and took possession of their father's estate: the father is now old and decrepit, and the sons do not provide him with food and raiment. In this case, is the father entitled to maintenance from his sons or otherwise?

R. The sons are bound to support their aged parents†. This is consonant to the doctrines laid down in the *Vivádabhangárnava* and other works.

Sons are bound to maintain their parents.

*Authorities:—*

The following passage is cited in the *Vivádabhangárnava.* "MANU declared, that a mother and father in their old age, a virtuous wife, and an infant son, must be maintained, even though doing a hundred times that which ought not to be done. Zillah Nuddea. Mac. H. L. Vol. II. Ch. II. Case VI. (pp. 113, 114.)

* If the wife have been turned away on account of unchastity, or a similar offence, she has no right to be maintained.

† The sons have no property, and cannot seek independency while their father exists, as MANU says: "Three persons, a wife, a son, and a slave, are declared by law to have in general no wealth exclusively their own: the wealth which they may earn is regularly acquired for the man to whom they belong." Under these circumstances, the father is not only entitled to obtain maintenance from his sons, although the property be acquired by the sons, but he may take a share of it, whether the acquisition was made with or without the personal labour or pecuniary aid of the father.

প্রশ্ন। ছয় ভ্রাতার মধ্যে চারিজন এক মাতার গর্ভজাত ছিল, তাহারা নিজ পিতার সহিত এক পরিবার রূপে বাস করিতে লাগিল। অনন্তর ঐ চারি ভ্রাতার মধ্যে একজন অর্থাৎ দ্বিতীয় নিজ পিতার জীবন কালেই নয় বৎসর বয়স্কা এক পত্নী রাখিয়া কাল প্রাপ্ত হইল। অবশিষ্ট তিন সহোদরের মধ্যে সর্ব্বজ্যেষ্ঠ স্বকীয় ধনে ও শ্রমে কিছু স্থাবর ও অস্থাবর ধন সঞ্চয় করিল। এক্ষণে ঐ দ্বিতীয় ভ্রাতার স্ত্রী পতির জ্যেষ্ঠের উপার্জ্জিত ধনের চতুর্থাংশ এবং (পতির) পৈতৃক ধনের-ও অংশ দাওয়া করে। এমত অবস্থায় ঐ বিধবা দাবীকৃত ধনের অংশ পাইতে পারে কি না?

পিতার পূর্ব্বে পুত্র মরিলে ঐ পুত্রের পত্নী কেবল অন্না-চ্ছাদনে অধিকারিণী।

উত্তর। উপরি উক্ত অবস্থায় পতির পৈতৃক ধনের অথবা পতির জ্যেষ্ঠের উপার্জ্জিত ধনের অংশ পাইতে ঐ বিধবার কোন দাওয়া নাই। কিন্তু তৎশ্বশুরের উত্তরাধিকারি ও স্বলাভিষিক্তেরা তাহাকে অবশ্য প্রতিপালন করিবে। এই মত দায়ভাগের অনুমত। কলিকাতা কোর্ট আপীল। ৪ ডিসেম্বর ১৮২১ সাল। মেক্‌. হি. ল. বা. ২, চ্যা. ২, মকদ্দমা ৮ (পৃ. ১১৬ ও ১১৭)।

প্রশ্ন। কোন ব্যক্তি (আপনার পূর্ব্বে মৃত) এক স্ত্রীর গর্ভজাত দুই পুত্রকে এবং এক পত্নীকে ও তাহার গর্ভজাত দুই দুহিতাকে রাখিয়া কালপ্রাপ্ত হয়, তাহার মরণের পর এক পুত্র মরে। এক্ষণে প্রথম স্ত্রীর গর্ভজাত এক পুত্র, এবং এক পত্নী আর দুই কন্যা বর্ত্তমান। যদি ঐ বিধবা নিজ সপত্নী পুত্র হইতে বিষয়ের কোন অংশ না পাইয়া থাকে তবে সে বিষয়ের কোন অংশ পাইতে অধিকারিণী হয় কি না; যদি হয়, তবে তাহার পরিমাণ কি?

পিতৃ দায়াধিকারী পুত্র নিজ বিমাতা ও বৈমাত্র ভগিনীকে অবশ্য প্রতিপা-লন করিবে।

উত্তর। ঐ বিধবা নিজ সপত্নী-পুত্র হইতে কেবল উপযুক্ত অন্নাচ্ছাদন পাইতে অধিকারিণী; তাহার দুই কন্যার যদি বিবাহ না হইয়া থাকে তবে তাহারা বিবাহের ব্যয়ের নিমিত্ত পিতৃ ধনের কিয়দংশ পাইবে এবং বিবাহের পর যদি পতির প্রতিপালনের অক্ষমতা বশতঃ তাহাদের অন্নবস্ত্রের অভাব হয় তবে বৈমাত্রেয় ভ্রাতা তাহারদিগকে অন্নবস্ত্র দিবে। এই মত দায়ভাগ প্রভৃতি গ্রন্থের মতানুমত। জিলা চব্বিশ পরগণা। ২৪ জানয়ারি ১৮১৮ সাল। মেক্‌. হি. ল. বা. ২, চা. ২. মকদ্দমা ১০ (পৃ. ১১৭ ও ১১৮)।

প্রশ্ন। কোন বিধবা আপন শ্বশুরের ও দেবরের নামে এই বয়ানে নালীশ করে যে তাহার শ্বশুরের কিছু পৈতৃক বিষয় ছিল ও দুই পুত্র ছিল, তন্মধ্যে জ্যেষ্ঠ তাহার স্বামী ও কনিষ্ঠ তাহারই সহোদর। বাদিনীর স্বামী নিজ পিতার ও ভ্রাতার জীবন কালে বাদিনীকে ও তাহার দুই কন্যাকে রাখিয়া মরে। ঐ কন্যাদের মধ্যে একজন তিনটি শিশু পুত্র রাখিয়া মরে, বাদিনী আপন উপযুক্ত গ্রাসাচ্ছাদনের নিমিত্তে মাসে পাঁচ টাকা করিয়া বৎসরে ষাটি টাকা দাওয়া করে। পরন্তু ঐ বিধবার স্বামী নিজ পিতার ও ভ্রাতার অগ্রে মরাতে সে শ্বশুরের ও দেবরের নামে অন্নাচ্ছাদনের দাবীতে নালীশ করিতে পারে কি না? বাদিনীর স্বামী যদি নিজ পিতার ও ভ্রাতার সহিত পৃথক্ হইয়া থাকে তবে ঐ বিধবা উক্ত ব্যক্তিদিগের স্থানে অন্নবস্ত্র পাইবার দাওয়া করিতে পারে কি না।

বিভক্ত ভ্রাতার স্ত্রীর পতি-কুলে হইতে অন্নাচ্ছাদন পা-ইবার দাওয়া নাই।

উত্তর। পিতার জীবনকালে যদি পুত্র মরিয়া থাকে এবং ঐ পুত্রের পত্নী যদি ধর্ম্মাচরণে পতিকুলের অধীনা হইয়া রহিয়া থাকে তবে সে নিজ শ্বশুর হইতে অথবা তাহার উত্তরাধিকারি হইতে অন্নবস্ত্র পাইতে অধিকারিণী; কিন্তু তাহার পতি যদি নিজ পিতা হইতে আপন যোগ্যাংশ পাইয়া পৃথক্ হইয়া থাকে তবে ঐ বিধবা শ্বশুরের স্থানে অথবা তাহার উত্তরাধিকারির স্থানে অন্নবস্ত্র পাইবার দাওয়া করিতে পারে না। এই মত বিবাদার্ণবসেতু প্রভৃতি গ্রন্থের মতানুমত। কমলমণি দাসী—বনাম—বোধ নারায়ণ মজুমদার প্রভৃতি। জিলা বিরভূমি। ১৪ আগস্ট ১৮২৩ সাল। মেক্‌. হি. ল. বা. ২, চ্যা. ২, মকদ্দমা ১১, (পৃ. ১১৮ ও ১১৯)।

প্রশ্ন। উন্মত্ত ব্যক্তি তদবস্থাপন্ন না হইলে তাহার নিজ পিতার বিষয়ে যে স্বত্ব হইতে পারিত ঐ স্বত্ব তাহার মাতার হইবে কি স্ত্রীর হইবে? এবং পিতার মৃত্যুর পর যদি ঐ উন্মত্ত ব্যক্তির একটি পুত্র সন্তান জন্মিয়া মরিয়া থাকে, তবে এমত অবস্থায় মূল ধনির ঐ পৌত্র নিজ পিতার উন্মত্ততা প্রযুক্ত তদ্ধনে অব্যবহিত অধিকারী হইবে কি না, যদি হয়, তবে তাহার মৃত্যুর পর তাহার মাতা অর্থাৎ উক্ত পাগলের স্ত্রী ঐ বিষয়ে অধিকারিণী হইতে পারে কি না?

Q. There were six brothers, four of whom were by the same mother. They lived together with their father as a joint family, and one of the four uterine brothers (the second) died before his fathers leaving a widow nine years old. Of the three surviving brothers of the whole blood, the eldest acquired some property movable and immovable, with his separate funds and exclusive labour. The widow of the second brother now claims one fourth of her late husband's eldest brother's acquisitions, and the share of his ancestral property. In this case, is such widow entitled to a share in the property claimed ?

A widow whose husband died before his father has a legal claim to maintenance only.

R. Under the circumstances stated, the widow has no right to claim any share of her husband's ancestral property, or of his brother's acquisitions, but she must be maintained by the heirs and representatives of her father-in-law. This opinion is conformable to the *Dáyabhága*. Calcutta Court of Appeal, December 4th, 1821. Macn. H. L. Vol. II. Cha. II. Case VIII. (pp. 116, 117).

Q. A person died, leaving two sons by one wife (who died before him), and a widow and her two daughters, and subsequently to his death one of the sons died. There are now surviving a son of his first wife, and a widow and her two daughters; and, supposing the widow to have received no portion of the property from her step-son,—in this case, is she entitled to any share of the estate; and if so, what is the extent of her right ?

A son, on succeeding to his father's estate, must maintain his step-mother and her daughters.

R. The widow is only entitled to a proper maintenance from her step-son; and if her two daughters have not been disposed of in marriage, they will also have some share of their father's wealth to defray their nuptial expenses. Should they, after marriage, be in want of maintenance, in consequence of their husband's inability to support them, they must be provided with food and raiment by their half brother. This is conformable to the *Dáyabhága* and other authorities. Zillah 24 Pergunnahs, January 24th, 1818. Macn. H. L. Vol. II. Ch. II. Case X. (pp. 117, 118).

Q. A widow instituted a suit against her father-in-law and her husband's younger brother, setting forth, that her said father-in-law had some acquired ancestral landed property, and that he had two sons, the elder being her deceased husband and the younger her deceased husband's full brother; that her husband died before his father and brother, leaving her and her two daughters, one of whom is since dead but is survived by three minor sons, and that she claims only sixty rupees per annum due on account of her proper maintenance, at the rate of five rupees per mensem. In this case, is the widow, whose husband died before his father and brother, competent to bring an action against her father-in-law and brother-in-law for her maintenance ? Supposing the plaintiff's husband to have been separated from his father and brother during his lifetime, in this case is the widow competent to claim her maintenance from the individuals abovementioned ?

The widow of a separated brother is not entitled to maintenance faom her late husband's family.

R. A son dying before his father, his widow, living virtuously and obediently to her husband's family, is entitled to obtain maintenance from her father-in-law or other successor to his property; but if her husband have received his share from his father, and been separated from him, she cannot in that case claim maintenance as against him or his heir. This opinion is consonant to the *Vivádárnavasetu* and other authorities. Zilla Beerbhoom, August 14th, 1823. Kamalmaní Dásí *versus* Bodhnáráyan Majumdár and another. Macn. H. L. Vol. II. Ch. II. Case XI. (pp. 118, 119).

Q. Does the right of succession which an insane person would have had to his father, provided he had been of sound mind, devolve on his mother or on his wife ? And supposing such insane person to have had a son, born subsequently to the death of his (the insane's) father, which son is since dead; in this case, was the grandson entitled to inherit immediately from his grandfather by reason of his father's insanity; and if so, on his death, has his mother any title to succeed him ?

উন্মত্ত ব্যক্তি বিষয়ে অনধিকারী। তাহার পত্নী নিজ পুত্রের মরণে বিষয়াধিকারিণী হইয়া নিজ পতি ও শাশুড়ীকে প্রতিপালন করিবে।

উত্তর। উন্মত্ত ব্যক্তির স্ত্রী শ্বশুরের বিষয়ে কোন ক্রমে অধিকারিণী নয়। ধনির স্ত্রী থাকিতে পুত্রবধূ অধিকারিণী নয়। কিন্তু ঐ স্ত্রী উক্ত পাগলকে ও তাহার স্ত্রীকে বিষয় হইতে অন্নাচ্ছাদন অবশ্য দিবে। পরন্তু যদি পিতামহের অর্থাৎ ধনির মরণের পর ঐ পাগলের একটী পুত্র সন্তান জন্মিয়া মরিয়া থাকে তবে ঐ মূল ধনির পুত্রবধূ অর্থাৎ ঐ সন্তানের মাতা নিজ সন্তানের উত্তরাধিকারিণীরূপে বিষয়ে অধিকারিণী হইয়া শাশুড়ীকে ও স্বামীকে অন্নাচ্ছাদন দিবে। এই মত দায়ভাগ ও অন্যান্য গ্রন্থানুমত। জিলা চব্বিশ পরগণা। ১২ জুলাই, ১৮১২ সাল। উমা দেবী—বনাম—রামমণি দেবী। মেক্. হি. ল. ব্য. ২, চ্যা. ৪, মকদ্দমা ২, (পৃ. ১৩০)।

প্রশ্ন। কোন ব্যক্তি ভিন্ন২ স্ত্রীর গর্ভজাত এক পুত্র ও এক কন্যা রাখিয়া মরে। ঐ পুত্র উন্মত্ত ও গোঙ্গা, এবং তাহার ভাল হইবার ভরসা নাই। এমত অবস্থায় মৃত ব্যক্তির বিষয়ে ঐ কন্যা-ই কেবল অধিকারিণী অথবা মৃতের মাতামহ উক্ত পুত্রকে প্রতিপালন করিবার শরতে অধিকারী হইবে?

উত্তর। উক্ত অবস্থায় মৃত ব্যক্তির পত্নীর অভাবে দুহিতাই কেবল অধিকারিণী, ঐ পুত্র নয়। উক্ত শরতে শাস্ত্রমতে বিষয়ের কোন অংশে পুত্রের মাতামহের দাওয়া নাই। কিন্তু উক্ত পুত্র বৈমাত্র ভগিনী হইতে অন্নাচ্ছাদন পাইবে।

প্রমাণ—

মনু—"ক্লীব, পতিত, জন্মান্ধ ও জন্মবধির, উন্মত্ত, জড়, মুক, ও নিরিন্দ্রিয় ব্যক্তিরা দায়াধিকারি নয়"।

দেবল—"পিত্রাদি ধনির মরণে, ক্লীব, কুষ্ঠী, উন্মত্ত, জড়, জন্মান্ধ, পতিত, পতিতাপত্য, লিঙ্গী, ইহারা বিষয়ভাগি নয়, কিন্তু পতিত ভিন্ন আর২ ব্যক্তিরা গ্রাসাচ্ছাদন পাইবে"।

জিলা বর্দ্ধমান, ১৫ জুলাই ১৮২২ সাল। চ্যা. ১, সেক্. ৩, মকদ্দমা ৩, (পৃ. ৪২ ও ৪৩)।

১৫৪ সংখ্যক ব্যবস্থার

নজীর।

/০ পদ্মমণি নিজপতির ও তদ্ভ্রাতার উত্তরাধিকারিণী রূপে বিষয়ের অর্দ্ধেক দাওয়া করিলে বিচার হইল যে যেহেতু প্রকাশ পাইতেছে বাদিনীর পতি নিজপিতার ও ভ্রাতাদের পূর্ব্বে মরিয়াছে অতএব তাহার দাওয়া ডিস্মিস্, সে কেবল গ্রাসাচ্ছাদন পাইতে অধিকারিণী। মোসম্মাৎ হেমলতা চৌধুরাণী—বনাম—মোসম্মাৎ পদ্মমণি চৌধুরাণী। ১৪ ফেব্রুওয়ারি ১৮২৫ সাল। স. দে. আ. রি. বা. ৪, পৃ. ১৯।

৵০ শম্ভুচন্দ্র ঘোষ নিজ বিমাতা জয়মণিকে এবং পিতামহী করুণাময়ীকে রাখিয়া কালপ্রাপ্ত হয়, বিচার হইল যে শম্ভুচন্দ্রের দায়াধিকারিণী জয়মণি নয় কিন্তু করুণাময়ী, এতাবতা করুণাময়ী শম্ভুচন্দ্রের অংশ পাইতে ও জয়মণি তাহা হইতে অন্নাচ্ছাদন পাইতে অধিকারিণী। এবং করুণাময়ীর স্থানে জয়মণি আপনার ঐ প্রাপ্য প্রাপ্তির নিমিত্তে পয়রবী করিতে পারে। পরন্তু ন্যায্য কারণ থাকিলে সে এইক্ষণেই আপন প্রাপ্যের জামিন চাহিতে পারে। কন্. হি. ল. পৃ. ৬৬—৬৮।

৶০ গুরুপ্রসাদ বসু প্রভৃতির মকদ্দমায় অন্নাচ্ছাদন পাইতে বিধবার যে অধিকার তৎ প্রাপ্তির বাবৎ জামীন লওয়াতে আমার মতে আদালত তদ্বিষয়ে যথার্থ বিবেচনা করিয়াছেন। এই মকদ্দমা বিভাগ বিষয়ক ছিল। মৃত শশিমুখী মৃত মদনমোহন বসুর পত্নী এবং ঐ মদনমোহনের ছয় পুত্রের মধ্যে এক জনের জননী ছিল, অপর পত্নী অবশিষ্ট পাঁচ পুত্রের জননী আনন্দময়ী জীবিতমানা ছিল। তৃতীয়া পত্নী মাধবী দাসী নিস্সন্তান ও জীবিতা ছিল। ১৮১৩ সালের ৭ আগষ্ট তারিখে আদালত হইতে এই ডিক্রী হইল যে মৃত শশি মুখীর গর্ভজ পুত্র মদনমোহনের বিষয়ের ছয় অংশের একাংশ পাইতে অধিকারী। অবশিষ্ট পাঁচ ভাগ ছয় ভাগে বিভক্ত হইবে তাহার এক ভাগ পাইতে আনন্দময়ী অধিকারিণী অন্য পাঁচ ভাগ তাহার পাঁচ পুত্রের প্রাপ্য। পরন্তু আরো আদেশ হইল যে বিভাগ হইবার পূর্ব্বে মাস্টর সাহেব অনুসন্ধান করিয়া রিপোর্ট করেন যে কত টাকা হইলে ঐ অপুত্রা বিধবা মাধবী দাসীর উপযুক্তরূপ অন্নাচ্ছাদন প্রাপ্তির খাতির জমা হয়, অপিচ আদেশ হইল যে তন্নিমিত্তে প্রথমেই তৎ পরিমিত ধন পৃথক্ করিয়া রাখা হয়।

বিবেচনা

এই সকল নিষ্পত্তিতে প্রকাশ যে যে বিধবা অন্নাচ্ছাদন পাইতে অধিকারিণী তাহাকে যাহার স্থানে ঐ অন্নাচ্ছাদন অবশ্য প্রাপ্য তাহার দয়ার অধীনা করিয়া রাখা হইবে না, কিন্তু এমত করিতে হইবে যাহাতে ঐ বিধবা ঐ ব্যক্তিকে নিজ কর্ত্তব্য কর্ম্ম করিতে অর্থাৎ তাহার প্রাপ্য দিতে বাধিত করিতে পারে। যদ্যপি

R. The insane person's wife has no title to inherit from her father-in-law. The widow of the original proprietor excludes her daughter-in-law; but the insane person and his wife must be provided by her with the necessaries of life out of the estate. If, however, after the death of the grandfather, a son of the insane person have been born, and subsequently die, the original proprietor's daughter-in-law will, as mother of the child, take the heritage in succession to her child, and supply food and raiment to her mother-in-law and husband. This doctrine is contained in the *Dáyabhága* and other authorities. Zillah 24 Pergunnahs, 12th July, 1812. Umá Debí, *versus* Rámmani Debí. Macn. H. L. Vol. II. Cha. IV. Case II. p. 130.

Q. A person died, leaving a son and a daughter by different wives. The son is insane and dumb, and there is no hope of his recovery. In this case, is the daughter alone entitled to succeed to her father's property, or does it devolve on his maternal grandfather, subject to the condition of his maintaining the son ?

R. Under the circumstances stated, in default of his widow, the daughter of the deceased is alone entitled to the succession, to the exclusion of the son. The son's maternal grandfather has no legal claim to any share of the property subject to the condition stated, but the son must be supplied with the necessaries of life by his half sister.

*Authorities:—*

MANU:—"Impotent persons and outcasts, persons born blind and deaf, madmen, ideots, the dumb, and those who have lost a sense or a limb, are excluded from a share of the heritage."

DEVALA:—"On the death of a father or other owner of property, neither an impotent man, nor person afflicted with elephantiasis, nor a madman, nor an ideot, nor one born blind, nor one degraded for sin, nor the issue of a degraded man, nor a hypocrite or impostor, shall take any share of his heritage. For such men, except those degraded, let food and clothes be provided."

Zillah Burdwan, July 25th, 1822. Macn. H. L. Vol. II. Ch. I. Sec. III. Case III. p. 42.

*Cases* bearing on the vyavasthá No. 154.

I. Claim by Padumani Choudhuráni for a moiety of an ancestral estate, as heir to her deceased husband and his brothers, was dismissed, because it appeared that her husband died before his father and brothers. She was declared entitled to maintenance only. Musst. Hemlatá Choudhuráni *versus* Musst. Padumani Choudhuráni. 14th February 1825 S. D. A. Rep. Vol. IV. page 19.

II. Shambhu Chandra Ghose having died without issue, leaving his step-mother Joymani and grand-mother Karunámoyí, held that not Joymani but Karunámoyí was the heiress of Shambhu Chandra; that the latter inherit Shambhu Chandra's share, but the former has a right to maintenance out of it, and may follow it for the purpose of obtaining her right into the hands of Karunámoyí, and may now, if she has just cause, require security as to her rights. Con. H. L. p. 68.

III. In the case of Sib Chandra Bose against Guru Parsád Bose and others, the Court took, in my opinion, a correct view of the right which a widow, entitled to maintenance, had to security for the due receipt of it. This was a bill for partition. Shashimukhí, who was one of the three widows of Madan Mohan Bose and mother of one of his six sons, had died; another widow, Anandamoyí Dásí who was mother of the other five sons, was living. The third widow, Mádhabí Dásí, who had been childless, was also living. On the 7th of August, 1813, a partition was decreed and the son of Shashimukhí was declared entitled (his mother being dead) to one sixth part of Madan Mohan's estate. The other five parts were to be divided into six, of which Anandamoyí was declared entitled to one, and her five sons to one each;—but it was ordered that before any partition be made, the Master do enquire and report what would be a requisite sum for the purpose of securing to Mádhabí (the childless widow) a suitable maintenance, and it was ordered that in the first instance such sum be set apart for the purpose.

Remarks.

From these decisions, it clearly appears that the widow entitled to maintenance, is not to be left at the mercy of him whose duty it is to maintain her, but that she may compel him to do her justice, and

ঐ অন্নাচ্ছাদনদাতা ব্যক্তির যে ভার তাহা অনিশ্চিত তথাপি আদালত অবস্থা বিবেচনায় তাহা নিশ্চিত করিয়া দিবেন, এবং তৎ পতির দায়াধিকারি তাহাকে যাহা দিতে ধর্ম্মতঃ বাধিত তাহা ঐ বিধবা যাহাতে পায় এমত সাহায্য আদালত করিবেন। কন্. হি. ল্. পৃ. ৬২ ও ৬৩।

মাধবী দাসী যে মৃত পতির বিষয় হইতে অন্নাচ্ছাদন পাইতে অধিকারিণী তাহাতে সন্দেহ নাই, পরন্তু ঐ বিষয় এত ব্যক্তির মধ্যে বিভাগ কালীন তাহার প্রতিপালনের নিমিত্তে ধন সংস্থাপন করা যে ন্যায্য ইহা অস্বীকারকরা যাইতে পারে না, কেননা অংশিদের কেহ একাকী তাহার আবশ্যক জীবিকা দিতে বাধিত না হওয়াতে তাহারা সাধারণে পাছে না দেয় এই নিমিত্তে তাহার খাতির জমা করিয়া লওয়া ন্যায্য। কন্. হি ল. পৃ. ৬৮, ৬৯।

।০ কোন মৃত হিন্দুর ত্যক্ত বিষয় তৎ পুত্রগণের মধ্যে বিভাগ কালীন বিচার হইল যে বিভাগের পরে তৎপ্রত্যেকে পিতৃ পত্নীকে আংশিক অন্নাচ্ছাদন দিতে বাধিত। কমলমণি দাসী—বনাম—রমানাথ বসাক। সু. কো. ৩০ মার্চ ১৮৪৩ সাল। ফুল্টন সাহেবের রিপোর্ট বা. ১, পৃ. ১৮৯। মর্লির ডাইজেষ্ট, বা. ১, পৃ. ৪৪০ ও ৪৪১।

কোন ব্যক্তি উইলের দ্বারা তারদ্বিষয় পুত্রদিগকে দিয়া যায়, এবং ঐ উইলের অনুসারে পুত্রদের মধ্যে বিষয়ের বিভাগ হয়। এই বিভাগের পর আদালত মৃত ধনির পত্নীকে অন্নাচ্ছাদন দেওয়াইলেন, এবং আদেশ করিলেন যে প্রত্যেক ভাগী নিজ অংশ পরিমাণে তাহা দিবে। ঐ।

উপরি উক্ত অবস্থাতে বিধবার অধিকার অন্নাচ্ছাদনে বই নয়, এবং তৎ পরিবর্ত্তে সে বিভাগ কালে কোন অংশ দাওয়া করিতে পারে না। ঐ।

কোন হিন্দু-বিধবা নিজ অন্নাচ্ছাদনের দাবী চালাইতে গৌণকরণ রূপ দোষে দোষী হইলে গত কালের দরুন অন্নাচ্ছাদন বিষয়ক ধন পাইবে না, পরন্তু তাহার জীবিকা বিষয়ক ধন ডিক্রীর তারিখ হইতে হিসাব হইবে। ঐ।

বাদি প্রতিবাদির মধ্যে এমত তকরার উপস্থিত ছিল যে বাদিনী (হিন্দু বিধবা) মৃত পতির বিষয়ের অংশ পাইতে অধিকারিণী কি না, এবং তাহাতে দৃষ্ট হয় নাই যে তাহাতে অন্নাচ্ছাদন বিষয়ক তকরার উপস্থিত ছিল। পরন্তু আদালত বিচার করিলেন যে তাহাতে তাহার অন্নাচ্ছাদন প্রাপ্তির অধিকারের ব্যাঘাত জন্মিবে না। ঐ।

কোন মৃত হিন্দুর উইলের অর্থ করিতে হইলে উহ্য বলিয়া তৎ পত্নীর গ্রাসাচ্ছাদনাধিকার কথনো বারণ করা হইবে না। ঐ।

ধনি নিজ উইলে তাবৎ বিষয় অন্যকে দিলেও যদি তাহাতে স্ত্রীগণকে অন্নাচ্ছাদন দিতে স্পষ্ট বারণ নাকরিয়া থাকেন তবে তাহাতে তাহারা বঞ্চিত হইবে না। রাণী হরসুন্দরী—বনাম—কুঙর কৃষ্ণনাথ। সু. কো. ১ মার্চ ১৮৪১ সাল। ফুল্টন্ সাহেবের রিপোর্ট, বা. ১, পৃ. ৩৯৬।

।/০ সপত্নীপুত্র জীবিত থাকিতে কোন হিন্দু বিধবা সপত্নীর পৌত্রের কিম্বা সপত্নীর পুত্রবধূর স্থানে অন্নাচ্ছাদন পাইবার দাওয়া করিতে পারে না, তৎ সপত্নী পুত্রের সহিত অন্য ব্যক্তিরা যৌতরূপে তৎপতির ধনে অধিকারি হইলেও ঐ সপত্নী-পুত্রই তাহাকে প্রতিপালন করিতে বাধিত। কৃষ্ণানন্দ চৌধুরী—বনাম—মোসম্মাৎ রুক্মিণী দেবী। ১৫ ফেব্রুয়ারি ১৮২১ সাল। স. দে. আ. রি. বা. ৩, পৃ. ৭০।

১৫৭, ১৫৮ ও ১৫৯ সংখ্যক ব্যবস্থার।

**নজীর**

গোলোকচন্দ্র নামক একব্যক্তি নিজপিতা রামমোহনের জীবন কালে মরে, মৃত গোলোকচন্দ্রের পত্নী শিবসুন্দরী দাসী আপন ইচ্ছায় শ্বশুরালয় ত্যাগ করিয়া, রামমোহনের আর ২ পুত্রের পুত্র ও দায়াধিকারিগণের নামে পৃথক্ অন্নাচ্ছাদন পাইবার নিমিত্তে নালিশ করিল। তিন জন সম্ভ্রান্ত হিন্দুকে—অর্থাৎ কাশীনাথ মল্লিক, গোবিন্দ চন্দ্র বন্দোপাধ্যায় ও রামমোহন নেউগীকে বাচনিক জিজ্ঞাসা করা হইলে তাঁহাদের বিবেচনায় এই হইল যে বাটীতে থাকিতে স্থান ও আহার এবং মাসে ১২ টাকা করিয়া দিলেই যথেষ্ট হইবে।

প্রধান জজ শ্রীযুক্ত পীল সাহেবের রায়—আমাদের বিবেচনা হয় যে বাদিনী পৃথক্ জীবিকা পাইতে অধিকারিণী। শাস্ত্রে যে গ্রাসাচ্ছাদন পদ আছে তাহার অর্থ অনিশ্চিত ও দুর্জ্ঞেয়, অতএব আমরা মাস্টরকে এই বিষয়ে রিপোর্ট করিতে আদেশ করি যে বাদিনীকে যে টাকাদিতে চাওয়া হইয়াছে তাহা তাহার পদের ও অবস্থার উপযুক্ত কি না? শিবসুন্দরী দাসী—বনাম—কৃষ্ণকিশোর নেউগী প্রভৃতি। ২৫ মার্চ ১৮৫১ সাল, সু. কো. (একুইটী মকদ্দমা) টেলর ও বেল সাহেবের রিপোর্ট, বা. ২, খণ্ড ৪, পৃ. ১৯০ ও ১৯১।

although the obligation imposed upon him be indefinite, that a court of equity will define it, by adverting to circumstances, and aid her in the enforcement of such advantages, as the possessor of her husband's wealth is bound in conscience to confer. Con. H. L. pp. 62, 63.

That Mádhabí Dási had a right to be maintained out of her husband's wealth is certain; and when that wealth was to be divided, among so many, the justice of providing a fund for her support, cannot be questioned; for *no one* of the partitioners being bound to supply her with the necessaries of life, it was just to secure her against want by a joint contribution. Con. H. L. pp. 68, 69.

IV. On partition of the property of a deceased Hindu amongst his sons, it was held that, after the partition, they were each liable for a share of the maintenance of their father's widow. Kamalmani Dási *versus* Ramá Náth Basák. S. C. 30th March 1843. Fulton. Vlo. I. p. 189. Morley's Digest. Vol. 1. pp. 440, 441.

A Hindu leaves all his prroperty to his sons by will, and a partition is effected amongst them according to the terms of his will. The court will grant maintenance to his widow after the partition, and direct each of the sharers to contribute.—*Ibid.*

The right of the widow, under such circumstances, does not extend beyond maintenance, and she has no right to a share of the property in lieu of maintenance on partition.—*Ibid.*

A Hindu widow will not be entitled to arrears of maintenance if she has been guilt of delay in the prosecution of her suit, and her maintenance will be calculated from the date of the decree.—*Ibid.*

Litigation having taken place between parties in which the contest was whether the plaitiff (a Hindu widow) was entitled to a share of the estate of her deceased husband, but in which it did not appear that the question as to maitenance was directly raised; it was held that such proceedings did not act as a bar to her right of maintenance.—*Ibid.*

In the construction of a Hindu's will his widow's right to maintenance will never be barred by implication.—*Ibid.*

Hindu females cannot be deprived of their right to maintenance by a will, which does not expressly exclude them though *the whole* estate be left to others. Rání Hara Sundarí *versus* Kunwor Krishna Náth. S. C. 1st March 1841. Fulton Vol. I. p. 396.

V. A Hindu widow has no claim upon her step-grandson, or her stepson's widow, for maintenance, while she has a stepson living, who alone is bound to maintain her, even though the others are in joint possession with him of her late husband's estate. Krishnánanda Choudhurí *versus* Musst. Rukkiní Debí. 15th February 1821. S. D. A. Rep. Vol. III. p. 70.

*Cases* bearing on the vyavasthás Nos. 157, 158 & 159.

I. Shiba Sundarí Dásí widow of one Golok Chandra who died during his father Rám Mohan's life time voluntarily left the family house, and sued the defendants who were the surviving sons and representatives of the other sons of Rám Mohan, for separate maintenance: a verbal reference had been made to three respectable Hindus—Káshí Náth Mallik, Gobinda Chandra Bánarjyá, and Rám Mohun Neogí, who awarded 12 Rs. per month as a sufficient allowance to her, she being allowed appartments in the family house, and food.

Peel. C. J.—" We think that she is entitled to a separate maintenance. The words 'food and raiment' being too vague and ambiguous an expression, we must refer it to the Master to enquire and report whether the amount offered was just and proper with reference to her situation in life."—Shibasundarí Dásí *versus* Krishna Kishore Neogí and others. 25th March 1851. S. C. (in equity.) Taylor and Bell's Reports, Vol. II. part IV. pp. 190, 191.

৵০ গৌড় দেশীয় তিলকরাম পাকড়াশী নামক মৃত এক হিন্দুর দুই পত্নীর মধ্যে জ্যেষ্ঠা শ্রীমতী মন্দোদরী দেবী পতির পুত্রের নামে নালিশী আর্জ্জি দাখিল করিয়া প্রার্থনা করিলেন যে তিলকরাম যে ধন রাখিয়া মরিয়াছেন তাহার যথার্থ ও সম্পূর্ণ হিসাব প্রতিবাদী দাখিল করে, এবং ঐ ধনানুরূপ জীবিকা দিবার জন্যে প্রতিবাদির উপর ডিক্রী সাদরে হয়।

প্রথমবার শুননি হইয়া মকদ্দমা মাস্টরের নিকট সমর্পিত হয় এই বিষয় অনুসন্ধান ও নিশ্চয় করিবার নিমিত্তে যে (বাদি প্রতিবাদির অবস্থার প্রতি বিলক্ষণ বিবেচনা পূর্ব্বক) মৃত তিলক রাম পাকড়াশীর জ্যেষ্ঠা পত্নী মন্দোদরী দেবীর উপযুক্ত জীবিকা কি পরিমিত টাকায় হইতে পারে।

মাস্টর আপন রিপোর্টে ইহা লিখনান্তে যে উভয় পক্ষের উকীল এবং আদালতের শাস্ত্রজ্ঞ পণ্ডিতদের সঙ্গে (উভয় পক্ষের বিষয়ের প্রতি দৃষ্টিপাত পূর্ব্বক) তিনি দেখিলেন যে ২৮০ টাকা হইলে উক্ত মন্দোদরী দেবীর উপযুক্ত জীবিকা হইবে এবং তাহাতে তিনি নিজ দীন কুটুম্বগণকে, গুরুকে, ধার্ম্মিক ব্রাহ্মণকে, পুরোহিতকে ও দরিদ্র লোককে দানাদি করিতে এবং স্বামির ও নিজের পারলৌকিক উপকারার্থ দৈনিক ধর্ম্মকর্ম্ম, এবং শাস্ত্রীয় দান, অতিথি সেবা, সেবকের বেতন, ও তীর্থদর্শনরূপ কর্ত্তব্য কর্ম্মের ব্যয় নির্ব্বাহ করিতে সমর্থা হইবেন। পরে আরো আদেশের নিমিত্তে মকদ্দমা উপস্থিত হইলে এবং বাদিনীর পক্ষে মাস্টরের রিপোর্ট শুননি হইলে ও কৌন্‌সলীর বক্তৃতা শুনাগেলে ও প্রতিবাদির পক্ষে কোন ব্যক্তি হাজির না হইলে আদালত * মকদ্দমা ডিক্রী করিয়া উক্তি করিলেন যে—"বাদিনী শ্রীমতী মন্দোদরী দেবী নিজপতি তিলকরাম পাকড়াশীর মৃত্যুর দিবস হইতে জীবিকারূপে ২৮০ টাকা পাইতে অধিকারিণী। অতএব আদেশ ও ডিক্রী হইল যে বাদিনীর পতির মৃত্যুর তারিখ হইতে বর্ত্তমান মার্চ মাসের ৬ তারিখ পর্য্যন্ত মুদ্দত চারি বৎসর ও ছয় মাসের কাত তাহার জীবিকা বাবৎ যে সিক্কা ১৫১২০ টাকা প্রাপ্য হইয়াছে তাহা প্রতিবাদি জয়নারায়ণ পাকড়াশী বাদিনীকে অবিলম্বে দেয়; আরো আজ্ঞা ও ডিক্রী হইল যে উক্ত প্রতিবাদী অবিলম্বে এ আদালতের আক্কৌণ্টাণ্ট্ জেনেরাল সাহেবের হস্তে এত টাকা সমর্পণ করে যাহার সুদে মাসে সিক্কা ২৮০ টাকা করিয়া এই ডিক্রীর তারিখ হইতে জীবিকা আদায় হইতে পারে। আক্কৌণ্টাণ্ট্ জেনেরাল সাহেব ঐ টাকায় কোম্পানির কাগজ ক্রয় করেন ও তাহার সুদ বাদিনী শ্রীমতী মন্দোদরী দেবীকে যাবজ্জীবন দেওয়া যায়, ইহার মৃত্যুর পরেই ঐ মূলধন বা তাহাতে ক্রীত কোম্পানির কাগজ প্রতিবাদি জয়নারায়ণ পাকড়াশীকে অর্শিবে ও তাহাকে তাহা দত্ত ও সমর্পিত হইবে, উক্ত প্রতিবাদিকে এমত ক্ষমতা থাকিল যে বাদিনী মরিলে তিনি যেমত আবেদন করা আবশ্যক বোধ করেন তেমত করিতে পারেন। এতদতিরেকে আরো আজ্ঞা ও ডিক্রী হইল যে আদালতের মোহর যুক্ত এমত হুকুম-নামা সাদের হয় যে যে পর্য্যন্ত উপরিউক্ত সিক্কা ১৫১২০ টাকা এবং উক্ত জীবিকা উভয়ই উসুল না হয় সে পর্য্যন্ত প্রতিবাদী উক্ত তিলকরাম পাকড়াশীর স্থাবরাস্থাবর বিষয় বিক্রয় বা অন্য কোন রূপে হস্তান্তর করিতে না পারে" *।

উক্ত ডিক্রীতে কোন কার্য্য না হওয়াতে মন্দোদরী দেবী পুনর্ব্বার আদ্দাশ করিলেন এই প্রার্থনায় যে তাঁহার দাবীর টাকা আদায়ের নিমিত্তে তিলকরাম পাকড়াশীর স্থাবর বিষয় বিক্রয় করা যায়। এই আদ্দাশ-পত্র সপ্রমাণ রূপেই গ্রাহ্য এবং ১৮০২ সালে ৮ জুলাই তারিখে শ্রুত হইয়া মাস্টর সাহেবের প্রতি আদেশ হইল যে তিনি তিলক রাম পাকড়াশীর যে পরিমিত স্থাবর বিষয় হইতে ১৮০১ সালের ২৩ মার্চ তারিখের ডিক্রীর টাকা পরিশোধ হয় তাহার হিসাব লইয়া তাহা বিক্রয় করিয়া তম্মূল্য আক্কৌণ্ট্যাণ্ট জেনেরাল্ সাহেবকে দেন।

১৮০১ সালের সেপ্টেম্বর মাসে মৃত তিলকরাম পাকড়াশীর কনিষ্ঠা স্ত্রী কৌশল্যা দেবী নিজ পুত্র জয়নারায়ণ পাকড়াশীর নামে নালিশ করিলেন। এই নালিশী আর্জ্জি সপ্রমাণরূপে গ্রাহ্য হইল। ১৮০২ সালের ২ জুলাই তারিখের কৌশল্যা দেবীর মকদ্দমা এক তরফা শুনান হইয়া ডিক্রী ও আদেশ হইল যে তিলকরাম

---

* এতাবতা স্পষ্ট প্রকাশ যে দায়াধিকারী যদি ইচ্ছায় অন্নাচ্ছাদন নাদেয় তবে শাস্ত্রানুসারে দেওয়ান যাইতে পারে, আমি বোধ করি যে পতির উত্তরাধিকারিরা বিষয় নষ্ট করিতে বা উড়াইয়া দিতে বসিলে অন্নাচ্ছাদনে অধিকারিণী বিধবা তেমত করিতে তাহারদিগকে নিবারণ করিতে পারে, নিদানে এমত অবস্থায় বিষয়াধিকারিকে তাহাদের উপযুক্ত জীবিকা দানের জন্যে জামিন দিতে বাধিত করিতে পারে। কন্ হি. ল. পৃ. ৬২।

II. Srímatí Mandodarí Debí, the eldest of the two widows of Tilak Rám Pákrásí a Hindu native of Bengal, filed a bill against his son, praying that defendant "may set forth a full, true, and perfect account of the property of which the said Tilak Rám died possessed, and that he may be compelled by a decree to pay to the oratrix a maintenance proportioned to the same."

At the first hearing, it was referred to the Master to enquire and ascertain what would be a proper and suitable maintenance (the circumstances of the parties complainant and defendant being duly adverted to and considered) to be made to Srímatí Mandodarí Debí, as one and the eldest of the widows of Tilak Rám Pákrásí deceased.

The Master by his report, after reciting that he had been attended by the solicitors on both sides and by the pandits of this court learned in the Hindu law, found Sa. Rs. 280 per month to be a proper and suitable allowance to the said Srímatí Mandodarí Debí (the estate of the said parties being adverted to) as well for her own maintenance and support as to enable her to defray the expences incumbent on her to disburse on account of gifts to her own relations in indigent circumstances, presents to her spiritual teacher, gifts to virtuous *Bráhmanas*, and to officiating priests, charity to the poor, sums necessary for the religious ceremonies requisite according to the *Hindus* to be performed daily for the benefit of her late husband's soul and her own, as well as for religious bequests, for the reception of guests, for servants' wages, and for pilgrimages to the holy places. The cause came on for further directions, whereupon and upon reading on the part of the complainant the aforesaid report of the Master, and upon hearing the counsel for the complainant, no one appearing for the defendant,—the court decreed and declared: "that the complainant Srímatí Mandodarí Debí is entitled to an annuity of Sa. Rs. 280 per month from the day of the death of her husband Tilak Rám Pákrásí, and therefore it is ordered and decreed that the defendant Joy Náráyan Pákrásí do forthwith pay to the complainant the sum of Sa. Rs. 15,120, being the amount of such annuity accrued and grown due from the day of the death of her husband to the sixth day of this present month of March, being four years and six months. And it is further ordered and decreed that the said defendant do also forthwith pay into the hands of the Accountant General of this court a sum of money sufficient to raise an annuity equal to the payment of the sum of Sa. Rs. 280 per month from the day of the date of this decree, and that the Accountant General do lay out such sum of money in the purchase of Co.'s paper the interest thereof to be paid to the complainant Srímatí Mandodarí Debí during her life time, and from and immediately after her decease, the said principal sum and the security or securities in which the same shall be then vested, shall revert to and be paid and made over to the said defendant Joy Náráyan Pákrásí, and that the said defendant be at liberty to make such application to this court on the death of the complainant as he may find necessary. And it is further ordered and decreed that an injunction do issue out of and under the seal of this court to restrain the said defendant from selling or otherwise disposing of the estates real and personal which were of, and belonging to, the said Tilak Rám Pákrásí, until the above mentioned sum of Sa. Rs. 15,120 and the aforesaid annuity are both fully provided for.*"

The above decree having proved ineffectual, Mandodarí Debí again filed her bill praying that the lands of Tilak Rám Pákrásí be sold to satisfy her demand. The bill was taken pro confesso, and upon the hearing exparte, 8th July 1802, the Master was directed to take an account of so much of the lands and heridits of Tilak Rám Pákrásí as should be sufficient to satisfy the decree of 23rd March 1801, and to sell the same and pay the proceeds to the Accountant General.

In September 1801, the younger widow, Koushalyá Debí filed her bill against her own son Joy Náráyan Pákrásí. This bill was taken pro confesso. The suit of Koushalyá Debí was heard on the 14th July 1801, exparte, when it was declared and ordered: That the said complainant Koushalyá Debí is well

* It is thus evident that a maintenance, if not voluntarily yeilded, may be enforced by law, and I conceive it will follow that widows having a right to maintenance, may restrain the representatives of their husbands from wasting, or making away with, their estates or at least compel the possessors under such circumstances, to give security for the due payment of a suitable maintenance. Con. H. L. p. 62.

পাকড়াশীর যে বিষয় ছিল ও প্রতিবাদি জয়নারায়ণ পাকড়াশীকে অর্শিয়াছে তাহা হইতে উক্ত বাদিনী কৌশল্যা দেবী জীবিকা পাইতে নাবাল্যরূপেই অধিকারিণী। এতদতিরেকে আরো আদেশ ও ডিক্রী হইল যে এ আদালতের মাস্টরকে বলাযায় যে মৃত তিলকরাম পাকড়াশীর এক স্ত্রীর উপযুক্ত জীবিকা কত হইলে হইতে পারে তাহা তদারক করিয়া স্থির করেন।

তদনুসারে মাস্টর সাহেব রিপোর্ট করিলেন যে মাসে সিক্কা ৪০ টাকা হইলে কৌশল্যা দেবীর উপযুক্ত জীবিকা হইতে পারে। মাস্টর সাহেবের রিপোর্ট পাঠে ১৮০৩ সালের ১১ জুলাই তারিখে উভয় মকদ্দমাতে চূড়ান্ত ডিক্রীর মিনিট্ লিখিত হয়, তদ্যথা—দ্বিতীয় বিধবা বিষয় হইতে অন্নাচ্ছাদন পাইতে অধিকারিণী বিবেচনায় আদালত উক্তি করেন যে এই আদালতের আদেশানুসারে মন্দোদরী দেবীকে দিবার নিমিত্তে ২৮০ টাকা তুলিবার যে আদেশ হইয়াছে ঐ টাকার উপর ঐ দ্বিতীয় বিধবার প্রাপ্য টাকা বার হয়, অথবা তাহা ঐ টাকা হইতে দেওয়া যায়।

১৮ জুলাই তারিখে প্রথম মকদ্দমায় লিখিত মিনিটে নিম্ন লিখিত কথা লিখিয়া তাহা শুধরাণ হইল, তাহা এই যে শ্রীযুক্ত ই. লয়েড্ মাস্টর সাহেব (তিলকরাম পাকড়াশীর বিষয় বিক্রয়ের টাকা হইতে) কৌশল্যা দেবীর প্রাপ্য অন্নাচ্ছাদন-বিষয়ক মাসিক সিক্কা ৪০ টাকার খাতিরজমা করিয়া দিয়া, ১৮০১ সালের ২৩ মার্চ হইতে ১৮০৩ সালের ২১ জুলাই পর্য্যন্ত এক বৎসর দশ মাস ও ষোল দিবসের কাত বাদিনী মন্দোদরীর বকেয়া বাকী সিক্কা ৬৩০৯।/৫ তাঁহাকে দেন। সু. কো.। শ্রীমতী মন্দোদরী দেবী—বনাম—জয়নারায়ণ পাকড়াশী। ১৮০০, ও ১৮০১ ও ১৮০৩ সাল। শ্রীমতী কৌশল্যা দেবী—বনাম—জয়নারায়ণ পাকড়াশী। ১৮০৩ সাল। এই দুই মকদ্দমার আর২ বিবরণ মন্টি্রও সাহেবের মুদ্রিত মকদ্দমাতের রিপোর্টের ৪০৩ হইতে ৪১২ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

১৬০ সংখ্যক ব্যবস্থার। নজীর।

জদুমণি দাসী—বনাম—ক্ষেত্রমোহন শীল। সুপ্রীম্ কোর্ট্, ২১ জুলাই ১৮৫৪ সাল।

প্রধান জজ শ্রীযুক্ত পীল সাহেবের লিখিত উক্ত আদালতের রায়—এ মকদ্দমায় বিচার্য্য কথা এই যে মৃত কোন হিন্দুর অবীরা স্ত্রী পতির মরণের কিছুকাল পরে দৌরাত্ম্য বা কুব্যবহার বিনা-ও স্বামির গৃহ ত্যাগ করিয়া প্রথমে নিজ পিতার গৃহে পরে মাসির অর্থাৎ নিজ কুটুম্বের সহিত বাস করে, ঐ আবাস সর্ব্বতোভাবে তাহার উপযুক্ত এবং তাহার ব্যবহার নির্দ্দোষ ছিল, এমত অবস্থায় যে বিষয় তাহার স্বামির ছিল ও তদুত্তরাধিকারিগণকে অর্শিয়াছে তাহা হইতে ঐ বিধবার অন্নাচ্ছাদন পাইবার অধিকার নষ্ট হইয়াছে কি না? এই আদালতের অনেক নিষ্পত্তিতে এমত বিবেচিত হইয়াছে যে এমত অবস্থায় ঐ অধিকার ধ্বংস হয় না। অল্পকাল হইল সদর দেওয়ানী আদালতে নিষ্পন্ন এক মকদ্দমায় * অধিকাংশ জজে এই বিচার করিয়াছেন যে উক্ত রূপ অবস্থায় অন্নাচ্ছাদন প্রাপ্তির অধিকার ধ্বংস হয়। এই বিচারের পর ঐ আদালতে আর এক মকদ্দমায় এমত নিষ্পত্তি হইয়াছে যে যথেষ্টরূপ অন্নাচ্ছাদন না পাওয়াতে কোন বিধবা যদি শ্বশুরের গৃহ ত্যাগ করিয়া পিতার আলয়ে বাস করে তাহাতে তাহার অন্নাচ্ছাদন প্রাপ্তির অধিকার ধ্বংস হয় না। নজীর সকল এই রূপ (অনৈক্য) হওয়াতে এই বিষয়ে শাস্ত্র কি মনোনিবেশপূর্ব্বক তদনুসন্ধান করিতে চেষ্টা হইল। সদর আদালতের নিষ্পত্তি যদি আমারদিগের আদালতের নিষ্পত্তি হইতে অধিক যথার্থ ও যথাশাস্ত্র দৃষ্ট হয় তবে এখানকার নিষ্পত্তি অপেক্ষা তদনুগামি হইতে আমরা সন্দেহ করি না। আমরা প্রিবি কৌন্সিলের নিষ্পত্তির অনুগামি হইতে মনস্থ করিয়াছি। কোন হিন্দু বিধবা পিতৃ গৃহে গিয়া থাকিলে তাহার এই অধিকার বিষয়ে ঐ কৌন্সিলে যে সাধারণ বিধান হইয়াছে তাহার অতিক্রম করিতে ইচ্ছা হয় না। উক্ত কৌন্সিলের উক্তি এই যে—'ঐ মকদ্দমাতে বাদিনী ব্যভিচারিণী হওনের মানসে (পতিকুল ত্যাগ করিয়া) গিয়াছিল এমত আপত্তি হয় নাই। স্বামির মরণকালে তাহার বয়স কেবল চৌদ্দ বৎসর মাত্র ছিল, দেবরেরা বালক থাকাতে ঐ বিধবা বিবেচনা করিয়াছিল যে পতির মরণোত্তর তাহাদের নিকট হইতে গিয়া মাতার নিকট ও তৎ পরিবারের মধ্যে থাকিলে বিবেচনা সম্মত হয় এবং ভাল-ও দেখায়'। অতএব পণ্ডিতেরা যে ব্যবস্থা দিয়াছেন তাহাতে স্পষ্ট প্রকাশ যে দেবরদিগের নিকট হইতে যাওয়াতে তাহার বিষয়াধিকারের স্বত্ব লোপ হয় নাই। এবং মাতার আশ্রয়ে থাকিবার নিমিত্তে যাইতে না দিবার কোন অধিকার বা ক্ষমতা ঐ দেবরগণের নাই। প্রিবি কৌন্সিলে যে নিষ্পত্তি হয় তাহা অবশ্যই এখানকার সকল আদালতে আইনরূপে মান্য।

* উক্ত্ব লমণি দাসী—বনাম—জয়গোপাল পাল চৌধুরী প্রভৃতি। ১ জুন, ১৮৪৮।

entitled to a maintenance out of the estate which was of Tilak Rám Pákrásí her late husband, and which has come to the hands of the said defendant Joy Náráyan Pákrásí. And it is further ordered and decreed that it be referred to the Master of this court to enquire and ascertain what is a proper and suitable maintenance to be made to one of the widows of Tilak Rám Pákrásí deceased.

The report was accordingly made, finding Sa. Rs. 40, per month to be a proper allowance for Koushalyá Debí. The following are the minutes of the final decree, on the 11th July 1803, made upon reading the Master's reports, in both causes: The court, in consideration of the second widow being entitled to a maintenance out of the estate, declared that the sum to be paid to her be charged upon and payable out of the annuity of Rs. 280 directed to be raised for Mandodarí Debí by order of this court.

On the 18th July, the minutes were amended (in the first cause) by introducing the following, viz. That, upon securing to Koushalyá Debí the payment of her annuity of Sa. Rs. 40 per month, E. Lloyd, Esqr. the Master (out of the gross amount of sales of the estate of the said Tilak Rám Pákrásí) do pay over to the complainant (i. e. Mandodarí Debí) the sum of Sa. Rs. 6,309-5-1, being the arrears due to her, from the 23rd March 1801 to 21st January, 1803, being 1 year 10 months and 16 days. Srímátí Mandodarí Debí *versus* Joy Náráyan Pákrásí (1800-1-3). Kousahlyá Debí *versus* Joy Náráyan Pákrásí (1803). For further particulars of these two cases, See Montriou's Cases of Hindu law, pp. 403—412.

## Jadumani Dásí *versus* Khyetra Mohan Shíl. S. C. 21st July 1854.

Case bearing on the vyavasthá No. 160.

*Peel, C. J.* delivered the judgment of the Court on this question.—The question in this case is whether a Hindu childless widow, who, some short time after the death of her husband, uncompelled by cruelty or ill usage, left the house of the family of her deceased husband, to dwell at first in the house of her own father, and subsequently with her aunt, living with her own relations, the residence being in all respects a proper one and her conduct unimpeached, forfeits her right of maintenance out of the property which was that of her deceased husband in his life-time, and which has devolved on his heirs. In several decisions of this Court it has been held that under such circumstances no such forfeiture is incurred. In a recent case* in the Sudder Dewanny Adawlut it has been decided, though not unanimously, that under similar circumstances such a forfeiture is incurred. This decision has, however, been followed by another in the same court, in which it was held, that if the widow leaves the residence for that of her parents on a tender of an insufficient maintenance she does not forfeit her right to maintenance. This state of the authorities has induced us to examine closely into the law on the subject. We should not hesitate to follow the decisions of the Sudder in preference to those of our own Court, if they appeared to us to be at once more just and more conformable to the Hiudu law. We have intended to follow the Privy Council. The Privy Council has, on the subject of the right of Hindu widow to return to the home of her parents, laid down a broad rule upon which it is not desirable to infringe. That Court says: "it was not pretended that she had withdrawn herself for unchaste purposes. She was only fourteen at the death of her husband; his brothers were young men: *and she thought it more prudent and decorous* to retire from their protection and live with her mother and her family after the husband's death—therefore, it appears quite clear from the answers given by the pandits that she did not forfeit the right of succession to the husband's estate, on account of removing from the brothers of her late husband; *that they had no right to insist on her not withdrawing herself from them, in order to put herself under her mother's protection.*" The decisions of that Court must, of course, give the law to all Courts here.

* Ujjalmaní Dási *versus* Joy Gopál Pál Choudhurí and others. 1st June 1848.

প্রিবি কৌন্সিল্ পণ্ডিতদিগের যে ব্যবস্থাকে গ্রাহ্য করিয়া লইয়াছেন তাহা এই যে—‘কোন বিধবা যদি ব্যভি-চারাভিলাস বিনা অন্য নিমিত্ত পতিকুলে বাস ত্যাগ করিয়া পিতৃকুলে গিয়া থাকে তাহাতে তাহার স্বত্ব ধ্বংস হইবে না’। কোন হিন্দু বিধবার উত্তরাধিকারিত্বের দাবীতে সদর আদালত উক্ত মকদ্দমার বিচারানুসারে বিচার করিয়াছেন। কিন্তু ১৮৫০ সালের আগষ্ট মাসে উক্ত আদালতে নিষ্পন্ন পরবর্ত্তি মকদ্দমাতে যে হাকি-মের মত আর২ জজের রায়ের সহিত অনৈক্য হইয়াছিল তিনি উপরি উল্লিখিত বিচারকে ঐ মকদ্দবায় প্রামাণ্য নজীর রূপে মান্য করিতে সন্দেহ করিয়াছিলেন, পরন্তু আর২ জজদিগের মত এই হয় যে বিষয়াধিকারিরা অনুপযুক্ত অন্নাচ্ছাদন দিতে চাহিলে বিধবা যদি মৃত পতির গৃহ ত্যাগ করিয়া পিতার আশ্রয়ে গিয়াথাকে তাহাতে তাহার স্বত্ব ধ্বংস হয় না। যে মকদ্দমাতে স্বত্ব ধ্বংস হওয়া উক্ত হইয়াছে তাহাতে বিচারকারি জজেরা এমত বিবেচনা করিয়াছেন যে বিধবার মৃত স্বামী কখনো বিষয় অধিকার করে নাই, এবং মকদ্দমা কেবল গ্রাসাচ্ছাদন নিমিত্ত বই নয়। আমরা এরূপ প্রভেদ স্বীকার করি না। যাহা হউক সদর আদালতে উপস্থিত মকদ্দমার সহিত বর্ত্তমান মকদ্দমার প্রভেদ আছে।

এল্‌ট্রেঞ্জ সাহেব নিজ সংগৃহীত হিন্দু শাস্ত্রীয় গ্রন্থে লিখেন যে উত্তরাধিকারী দায়রূপে যে বিষয় প্রাপ্ত হয় ঐ বিষয় হইতে (মৃত ধনির অবশ্য পোষ্য পরিবারের) অন্নাচ্ছাদন প্রাপ্য, এ আদালত-ও সর্ব্বদা এই বিবেচনা করিয়াছেন। প্রিবি কৌন্সিলে যে কথার বিচার হইয়াছে তাহা এই যে কোন হিন্দুর উত্তরাধি-কারিণী ভ্রষ্টাচার বিনা বাসের নিমিত্তে পিতৃ-গৃহ মনোনীত করিলে সে দায়াদা হইবে কি না। পরন্তু বিবেচ্য এই যে তাহাতে পণ্ডিতেরা সাধারণ অনধিকার বিষয়ে মত দিয়াছেন এবং উক্ত কৌন্সিল্ বা আদালত সাধারণ রূপে উক্তি করিয়াছেন যে উপরি উক্ত অবস্থায় কোন বিধবা (বাসের নিমিত্তে) পিতৃগৃহ মনোনীত করিলেও তাহার স্বত্ব থাকে, স্বামির গৃহে বাস করিতে কেহ তাহাকে বাধিত করিতে পারে না। বিষয়ে অধিকারিণী ও অন্নাচ্ছাদনমাত্রে অধিকারিণী উভয় রূপ বিধবার প্রতিই বাসের এই স্বাধীনত্ব খাটে।

হিন্দু শাস্ত্রীয়প্রাচীনবচনে ও নব্যলিখনেএমত উক্তিআছেযে বিধবাকে পিতৃকুলে বাস করিতে না দিয়া পতিকুলে বাস করাইবার অধিকার পতি পক্ষকে আছে, কিন্তু নব্যগ্রন্থকর্ত্তারা তাবৎ প্রাচীন বচনকে বিধি বলিয়া ব্যবহার করেন না। এই কথা সর্ব্বদাই বিচার্য্য যে বিধবাদের প্রকৃতির ঐ অবস্থাসকল আদালতে ধর্ত্তব্য কি না, এবং বর্ত্তমান সমাজের পরিবর্ত্তিত অবস্থানুসারে ঐ সকল কতদূর পর্য্যন্ত মতান্তর হইতে পারে। অপিচ বিবেচ্য এই যে প্রাচীন গ্রন্থকর্ত্তারা কোন ক্রমে এমত কহেন নাই যে বিধবা পতিকুল অপেক্ষা করিয়া পিতৃগৃহে বাস করত বাসের নিয়মাতিক্রম করিলে সে অন্নাচ্ছাদন পাইতে অনধিকারিণী হয়। সদর আদালত মেক্‌নাটনের গ্রন্থের যে অংশের উল্লেখ করিয়াছেন তাহাতে এমত লিখা নাই যে বাস বিষয়ক নিয়ম পালন না করিলে স্বত্ব ধ্বংস হইবে। প্রাচীন স্মৃতির বচন সকল দৃষ্টে বোধ হইতেছে যে প্রিবিকৌন্সিলে নিষ্পন্ন মকদ্দমায় পণ্ডিতেরা যে মত দিয়াছেন তাহা তদনুমত। ঐ সকল বচনে উক্ত হইয়াছে যে ব্যভিচার দোষে গ্রাসাচ্ছাদন প্রাপ্তিতে অনধিকার হয়, কিন্তু তদ্ব্যতীত যে ঐ অনধিকার জন্মে তাহা উক্ত হয় নাই। নীতি ও ধর্ম্ম বিষয়ক বচনে স্ত্রী লোকদিগকে অনেক কর্ম্ম করিতে আদেশ আছে পরন্তু তাহা না করিলে কখনো স্বত্ব ধ্বংস হয় না। বচনে অর্থ উহ্য বলিয়া স্বত্বধ্বংস হইতে পারে না। মৃত স্বামির গৃহে বাস করিতে যে আদেশ তাহা ঐ বিধবাকে প্রতিপালন করিতে অল্প ব্যয় হইবে অধিক ভারে ঠেকিতে হইবে না এনিমিত্তে নহে (কেননা তাহা অন্নাচ্ছাদনের পরিমাণ ও বাসের ধারা বিবেচনা করিয়া দিলেই হইতে পারে), কিন্তু পতিকুলে বাসের আদেশের মূল এই যে ঐ বিধবা দুষ্কর্ম্মেরতা না হয়, আপনার কুলে কলঙ্ক না করে। ঐ সকল বচনে অপরের নিকট গিয়া থাকা দুষ্য কথিত হইয়াছে, পরন্তু স্থানান্তর (অর্থাৎ পতিকুলে) বাসে বিধবা যেমত সংরক্ষিতা হয় পিতৃকুলে বাসে-ও তদ্রূপ—তথায় গেলে অপরের নিকট যাওয়া হয় না, তথায় কোন শঙ্কা নাই, অনীতির ও কলঙ্কের বিষয় নহে। সম্ভ্রান্ত হিন্দুদের রীতি ও নীত্যনুসারে পিতৃ গৃহে বাস ঘৃন্য নহে, প্রত্যুত আমাদেরবোধ হয় যে হিন্দুদের এই সাধারণ ব্যবহার, এই ব্যবহারকে তাঁহারা বিরুদ্ধাচার বোধ করেন না। পূর্ব্বকালে স্ত্রীলোককে শাসনে রাখিতে যে কারণ ছিল তাহা বিষয়ে অধিকারিণী এবং অন্নাচ্ছাদনে অধিকা-রিণী উভয়রূপ স্ত্রীলোকের প্রতি খাটীয়াছে। প্রাচীন স্মৃতিতে বিধবার বাস-বিষয়ে যে নিয়ম আছে দৃঢ়রূপে তদনুসারিণী না হইলে যে তাহার স্বত্বধ্বংস হইবে তাহাতে এমত কিছু দৃষ্ট হয় না। বিধবার অধিকার-বিষয়ক দৃঢ় উক্তিসকল এই উক্তিতে সমাধা করিয়াছেন যে তাহার স্বত্ব সদাচার ও নিষ্ঠা মুলক,—ইহা বিধবার সকলরূপ দাওয়াতেই সমভাবে খাটান যাইতে পারে। সদর আদালতে নিষ্পন্ন মকদ্দমায় অধিক অংশ জজেরা এই মত প্রকাশ করিয়াছেন যে হিন্দু বিধবা সর্ব্বদাই পরাধীনতাবস্থাপন্না। কিন্তু

The answer of the pandits which the Privy Council adopts is, that—'if a widow from any other cause but unchaste purposes ceased to reside in the husband's family and took up her abode in her parent's family, her rights would not be forfeited.' This was followed in the Sudder Dewanny in the case of a Hindu widow and heiress. It is to be observed, however, that in the subsequent case of August 1850 by the same Court, the case was considered by the dissentient Judge as one of doubtful authority, and the Court was of opinion that she did not forfeit her right by leaving the husband's house and seeking shelter under the roof of her own parents on an offer of an insufficient maintenance. In the case where the forfeiture was declared, the Judges who gave the decision observed that the deceased *husband had never owned the property and that it was a mere case of maintenance.* We do not adopt the distinction, but nevertheless, we regard the case before the Sudder as different from the present one.

Strange, in his book on Hindu Law treats the *right* to maintenance as a *charge* on the property *in the hands of the heir*, and it certainly has always been so considered in this Court. In the Privy Council the question was whether the Hindu heiress forfeited *her estate*, by selecting, without impropriety, her father's roof for her residence. But it is to be observed that the opinion of the pandits was generally fexpressed as to forfeiture of rights, and the Court expressed in general terms that the widow had a right under the circumstances to select that residence, *and could not be compelled to reside under the roof of her husband's family.* This freedom of choice had respect to causes as applicable to a widow not an heiress as to one who inherited.

There are certainly texts in the Hindu law both ancient and modern which speak of the *right* of the relatives of the husband to have the widow resident under their roof in preference to that of her own family. The modern text writers do not adopt as law all the ancient texts. The question must always be, are those positions in their nature capable of being applied by a Court of Justice, and how far are they to be modified with reference to the altered usages of society and the altered position of things? It is to be observed further that the ancient text writers do not state in any case that maintenance is forfeited if the widow inverts the order of residence and prefers her father's roof to that of her deceased husband. Macnaghten, in the passage of his work which is referred to in the Sudder, does not state that the consequence of non-observance of the rule as to residence is a forfeiture. We have examined the texts of the ancient law, and we think they bear out the opinions of the pandits in the case before the Privy Council. The texts say as to maintenance, forfeiture is incurred by unchaste life, but they do not say that it is incurred otherwise. There are many duties enjoined to women in the text of a moral or religious nature, the violation of which would never have involved any forfeiture. Forfeitures are not to be extended by construction. The duty to reside with the family of the deceased husband, is not enjoined for the sake of thrift, merely because it may in that way be least burdensome to maintain the widow, (that maybe always duly regarded and provided for by the exercise of discretion in the amount and mode of maintenance) but the foundation of the duty to reside is that she may be safe from being tempted to sin, and so may avoid disgracing herself and dishonouring the family. The texts speak in condemnation of her resort to "strangers" for a dwelling. But the woman is presumably as safe under her own father's or family's roof as elsewhere. It is no resort to the house of *strangers*, and there is nothing dangerous, immoral, or dishonoring in the act. It is not shown to be in any way abhorrent to the usages and customs of respectable Hindus: on the contrary we believe it to be a common practice, not disapproved of. The reasons which existed in the olden time for placing restraints on females, applied just as much to female heiresses, as to females entitled to mere maintenance. Nothing can be found in the old texts which imposes the condition of forfeiture on widows and heiresses, not acting strictly on the rules as to preferential residence. The stronger words have been controlled by the Privy Council with a declaration of the widow's right, founded on reasons of decorum and propriety which are applicable to all cases alike. The majority of the Court in the case in the Sudder declare the Hindu widow, to be always in a *depen-*

শ্রীযুক্ত ওএলবি জ্যাক্‌সন্ সাহেব দৃঢ় কারণ প্রদর্শনপূর্ব্বক দৃঢ় বাক্যে উক্তমতে অসম্মতি প্রকাশ করিয়াছেন। ইহাতে সন্দেহ নাই যে পূর্ব্বকালে এই রূপ অবস্থাই ছিল এবং অদ্যাপি কতক আছে। পরন্তু হিন্দু স্ত্রীলোকের অবস্থা শুধরাইয়াছে এবং শুধরিতেছে।

সুপ্রীমকোর্টে কেবল তিন বিষয়ে হিন্দুদিগের মকদ্দমা তৎ শাস্ত্রানুসারে নিষ্পন্ন হয়—অর্থাৎ নিয়ম, উত্তরাধিকার, ও দায়াধিকার। আর২ বিষয়ে তাহারাও এই আদালতের ইংরাজি আইনের অধীন; কেবল এই মাত্র মতান্তর হয় যে তাহাদিগের কুলাচার ও পরিবারীয় কর্ত্তাদিগের যে বিশেষ অধিকার থাকে তাহা মান্য হয়। ঐ সকল অধিকার প্রচলিত রাখিতে এ আদালত বাধিত এবং সর্ব্বদাই বাঞ্ছিত। হিন্দুদের শাস্ত্রের অনেক বচনে উক্তি আছে যে কেবল শাস্ত্রাপেক্ষা করিয়া কারণ ও ন্যায়ের প্রতি অধিক মনোযোগ কর্ত্তব্য, এবং যেস্থলে সদাচার থাকে সেস্থানে তাহাই শাস্ত্র বলিয়া মান্য। এক কালের আচার যে অন্য কালের আচারের সহিত অবশ্যই একরূপ হয় এমত নহে—কদাচার লোপ পাইয়া যায়, এবং মনুষ্য যেমত সভ্য ও বিদ্বান হইতে থাকে তেমনি সুশীল ও ধৈর্য্যশীল হইতে এবং অন্যের স্বাভাবিক অধিকারকে অধিক মান্য করিতে শিখে, দুর্ব্বল অত্যল্প দৌরাত্ম্য-ভাজন হয়, দাস স্বাধীন হইয়া উঠে, এবং স্ত্রীলোকের অধিকার সকল নিদানে কিয়দংশে স্বীকৃত হয়। সর্ হেনরি সিটন্ সাহেব কহেন—"আমি সর্ব্বদাই এই বুঝিয়াছি যে কোন দেশের আইন গ্রন্থে লিখিত বাক্য মাত্রে প্রাপ্য নয়, কেননা তাহা কেবল তাহার মূল বই হইতে পারে না, কিন্তু ঐ বাক্যকে আশ্রয় করিয়া যে আচার প্রচলিত হইয়াছে তাহা অধিকাংশে ঐ আইনের সঙ্গে না মিলিলে এবং কখন২ তাহার বিপরীত হইলেও তাহাই আইন বলিয়া মান্য"। সদর আদালতে অন্যরূপ বিধান স্থাপিত হইয়াছে বলিয়া এ আদালতের অনেক নিষ্পত্তিতে যে বিধান স্থাপিত হইয়াছে আমরা তদ্ভিন্ন অন্য বিধান করিতে পারি না, কিন্তু বোধ হইতেছে যে ধার্ম্মিক ও সুবুদ্ধি হিন্দুদিগের মধ্যে আচরণ বিষয়ে যে ন্যায্যরূপ স্বাধীনত্ব ব্যবহার হইয়াছে (সদরের) উক্ত বিধান কিয়দংশে তাহার শাস্ত্র স্বরূপ। আমরা আরো বিবেচনা করি যে ভারতবর্ষের ধর্ম্মশাস্ত্রে যখন ধর্ম্ম-নিষ্ঠ হিন্দুদের নিকট উৎকট বলিয়া গণিত অপরাধেও স্বত্ব ধ্বংস হয় না তখন শাস্ত্রের বিধানের কিছু উল্লঙ্ঘন হইলে তাহাতে স্বত্ব ধ্বংস হইয়াছে বলিয়া ডিক্রী করা ঐ শাস্ত্রের মর্ম্মানুযায়ি ধর্ম্ম নয়, বিশেষতঃ এমত বিষয়ে যাহাতে কলঙ্ক হয় না, অধর্ম্ম নাই, ও শঙ্কাও নাই।

আমরা বিবেচনা করি যে উক্ত বিধবা যে পরিমাণ দাওয়া করে তাহার কিয়দংশ তাহার প্রাপ্য। তাহাকে যে ছয় টাকা দিতে স্বীকার করা হইয়াছে তাহা তৎসম্ভ্রম ও ধনির সম্পত্তি দৃষ্টে আমাদের নিকট অত্যল্প বোধ হয়, এবং সে যে (২০) কুড়ি টাকা দাওয়া করে তাহা বিষয় থাকিলে অত্যধিক হইত না, অতএব আমরা ডিক্রী করিলাম যে সে মাসে ১০ দশ টাকা করিয়া পায়, এবং এই গ্রাসাচ্ছাদন দাবীর তারিখ হইতে প্রাপ্য। মকদ্দমা বুঝিয়া আমরা এমত আজ্ঞাও করিতে পারিতাম যে গ্রাসাচ্ছাদনের দাবীতে ওয়াশীলাত প্রাপ্য নয়, এবং পতিকুলে বাস করিলে তবে আগামি গ্রাসাচ্ছাদন প্রাপ্য; কিন্তু বর্ত্তমান মকদ্দমায় গ্রাসাচ্ছাদনের ডিক্রীতে এমত নিয়ম করণের আবশ্যক নাই। ইংলিস্‌ম্যান সমাচার পত্র, ২৬ জুলাই ১৮৫৪ সাল।

১৭১ সংখ্যক ব্যবস্থার। নজীর।

মৃত রাজা নবকৃষ্ণের দুই পত্নী—কুঞ্জমণি দাসী ও বিলাস দাসী উক্ত রাজার দত্তক পুত্র গোপীমোহন দেবের এবং ঔরস পুত্র রাজা রাজকৃষ্ণের নামে এই প্রার্থনায় নালিশ করিল যে প্রতিবাদিরা বিষয়ের হিসাব ও তাহারদিগকে পৃথক জীবিকা দেয়। রাজা রাজকৃষ্ণ আপন জওয়াব মৃত রাজা নবকৃষ্ণের উইল সম্বলিত দাখিল করিলে প্রকাশ পাইল যে ঐ মৃত রাজা আপনার প্রত্যেক স্ত্রীর মর্য্যাদানুরূপ ধন এবং অলঙ্কার দিয়া গিয়াছেন ও তিনি আরো আদেশ করিয়া গিয়াছেন যে তাঁহার বাটীতে বাস করিলে ঐ বিধবারা তাঁহার পুত্র রাজা রাজকৃষ্ণ হইতে অন্নবস্ত্র পাইবেন। প্রতিবাদিরা বয়ান করিলেন যে উক্ত বিধবারা (অর্থাৎ বাদিনীরা) বিনা কারণে পতির গৃহ ত্যাগ করিয়া স্থানান্তরে গিয়া বাস করিয়াছেন। অপিচ রাজা রাজকৃষ্ণ স্বীকার করিলেন যে বাদিনীরা পতি গৃহে প্রত্যাগমন করিলে তিনি তাহাদের প্রতিপালন করিবেন। এতাবতা প্রতিবাদিরা আপন ওজর নিস্সন্দেহ রূপে সাব্যস্ত করাতে মকদ্দমা ডিসমিস্ হইল। তথাচ বিষয়ানুরূপ অন্নাচ্ছাদন পাইতে বিধবার যে অধিকার আছে তাহা অস্বীকৃত হয় নাই। প্রত্যুত তাহা স্বীকৃতই হইয়াছে, পরন্তু বাদিনীদের দাওয়া কেবল এই হেতুতে ডিসমিস্ হইল যে তাহাদের স্বামী যেরূপ অন্নাচ্ছাদন দেওয়া উপযুক্ত বিবেচনা করিয়াছিলেন তাহা তাহারা পাইয়াছিল কিম্বা পাইতে পারে। কন্. হি. ল. পৃ. ৬২।

১৭২ সংখ্যক ব্যবস্থার। নজীর

কোন হিন্দু বিধবা পতিকুল হইতে বর্ত্তন পাইবার দাবী উপস্থিত করিলে এমত প্রমাণ হওয়াতে যে তিনি এমত ভ্রষ্টাচারা যে তাহাতে শাস্ত্রমতে আদালতের রায়ে পতিকুল হইতে বর্ত্তনের দাওয়া করিতে অনধিকারিণী হইয়াছেন তাহার ঐ দাবী ডিস্‌মিস্ হইল। রাণী বসন্ত কুমারী—বনাম—রাণী কমল কুমারী প্রভৃতি। ২৯ ডিসেম্বর ১৮৪৩ সাল। স. দে. আ. বা. ৭, পৃ. ১৪৪।

*dant state.* This view is, however, dissented from by Mr. Welby Jackson, with much force of argument and expression. Undoubtedly such was the ancient status, and to a limited extent it is true still. But the status of the Hindu female has improved, and is improving.

The Hindu law governs suits between Hindus in the Supreme Court in three cases only, contract, succession, and inheritance. In other cases the English law is as to them also the law of the Court; the only modification is this that the family usages and rights of Hindu fathers and heads of families are to be observed. The Court is bound and always willing to give due effect to those rights. The Hindu law says in several texts, 'reason and justice are more to be regarded than mere texts, and that wherever a good custom exists it has the force of law'. The manners of one age are not necessarily those of another. A corrupt practice dies away: mankind, as they advance in civilisation and knowledge, learn to be more mild and tolerant, and to respect more the natural rights of others. The feeble are less subject to oppression, the slave grows into a freeman, the rights of women are at least in part acknowledged. "I have always understood," says Sir Henry Seaton, "that the law of a country was to be found, not in the mere text of its code, which can never be more than the foundation of it, but in the practice which has prevailed under it, which may be often inconsistent with it, and even in some cases opposed to it. We cannot adopt in preference to our own established by several decisions, another rule if it can be said to be the rule of Sudder authorities as established there, which seems to impose something like a penalty on the exercise of a reasonable free-dom, allowed in practice amongst virtuous and intelligent Hindus. We may remark further, that as the Indian Legislature has relieved against forfeitures for even graver offences in the eyes of strict Hindus, it seems inconsistent with the spirit of that law to decree a forfeiture for a minor infraction of the strict letter of the Hindu law, in a case which brings no disgrace, and is unattended with sin or danger.

We think this lady is entitled to part of that which she asks; six Rupees per mensem, which was the sum offered her, was, we think, considering her station and the property, too little: twenty Rupees which she claims would not have been too much had the property been larger. We shall award ten Rupees per month, and the back maintenance must date only from the date of the demand. We might in a proper case say there shall be no back maintenance, and further maintenance should be enjoined only on the condition of residence with the late husband's family; but in this case, we think there is no ground for attaching any such condition to the award of maintenance." Decreed accordingly. Englishman, 26th July 1854.

*Case* bearing on the vyavasthá No. 161.

Kunjamani Dásí and Bilás Dásí, two of the widows of *Rájá* Naba Krishna, filed their bill against Gopímohan Deb the adopted son, and *Rájá* Ráj Krishna the begotten son, of *Rájá* Naba Krishna, praying an account and a separate maintenance. To the answer of *Rájá* Ráj Krishna the will of *Rájá* Naba Krishna was annexed, from which it appeared that he had given to each of his wives, money and jewels suitable to their situation in life—and that he had directed them to be maintained by his son *Rájá Ráj Krishna in the family house.* The defendants stated that the widows (complainants) *had left the family house withont any cause*, and had gone to reside elsewhere. *Rájá* Ráj Krishna offered to maintain the complainants, if they would return to the family house. The case made by the defendants could not be denied, and the bill was dismissed. The right of the widows however to a suitable maintenance was not disputed. It was indeed, on the contrary, admitted, and it was upon showing that they had, or might have, such a provision as their husband had thought proper, that the bill was dismissed. Con. H. L. p. 62.

*Case* bearing on the vyavasthá No. 162.

A claim by a Hindu widow for an allowance from her husband's family, was dismissed on proof of such impropriety of conduct on her part as, in the opinion of the court, deprived her of legal claim, according to the Hindu law, to a maintenance from them. Rání Basanta Kumárí *versus* Rání Kamal Kumárí and others. 29th December 1843. S. D. A. Rep. Vol. VII. p. 144.

# দ্বিতীয়াধ্যায়—বিভাগ।

## প্রথম পরিচ্ছেদ—পিতৃকৃত বিভাগ

### অথ তদ্বিভাগ-কাল।

পিতার স্বত্ব থাকিতে—

ব্যবস্থা ১৬৭ স্বার্জ্জিত ধনে যখন তাঁহার ইচ্ছা হয় তখনই বিভাগ-কাল*।

প্রমাণ পিতা যদি পুত্রগণকে বিভাগ করিয়া দেন, তবে স্বোপার্জ্জিত ধন যখন ইচ্ছা তখনি বিভাগ করিতে পারেন *। বিষ্ণু।

ব্যবস্থা ১৬৮কিন্তু পৈতামহধনে মাতার রজোনিবৃত্তি (অ) হইলে পিতার যখন ইচ্ছা হয় তখনই বিভাগ-কাল*।

প্রমাণ ।০ পিতার পরে পুত্রেরা দায়রূপ ধনভাগ করিয়া লইবে। কিন্তু (নির্দ্দোষে) জীবিত থাকিতে মাতার (অ) রজোনিবৃত্তি হইলে যদি পিতা ইচ্ছা করেন (তবে বিভাগ হয়)। গোতম *

৵০ পিতামাতার অভাবে ভ্রাতাদিগের বিভাগ প্রদর্শিত হইয়াছে, পিতামাতা জীবিত থাকিতেও মাতার রজোনিবৃত্তি হইলে বিভাগ হইতে পারে। বৃহস্পতি।

(অ) মাতার রজোনিবৃত্তি হইলে, ইহা বলাতে—অন্যপুত্রের জনন-সম্ভাবনাভাব দেখান হইয়াছে। বি. দা. ভা. দী. র. ২।

ব্যবস্থা ১৬৯ মাতাপদে বিমাতাও বোধ্য—কেননা বিমাতার গর্ভেও পিতার অন্যপুত্র জন্মিতে পারে। দা. ত. পৃ. ১২। দা. ভা. টী. পৃ. ৩২।

ব্যবস্থা ১৭০ বস্তুতঃমাতা ও বিমাতার রজোনিবৃত্তির পর কিম্বা তাঁহাদের রজোনিবৃত্তির পূর্ব্বে পিতার রতি-শক্তি নিবৃত্তি হইলে যদি পিতার ইচ্ছা হয় তবে তদিচ্ছা-কালই বিভাগ-কাল।

যদি মাতার রজোনিবৃত্তি না হইতে দৈবাৎ পৈতামহধন বিভক্ত হয়, তদ্বিষয়ে বিষ্ণু কহেন——

ব্যবস্থা ১৭১ পিতৃ-কর্ত্তৃক বিভক্ত ব্যক্তিরা বিভাগের পর উৎপন্ন ভ্রাতাকে ভাগ দিবে। দা.ত.পৃ.১৪।

মাতার রজোনিবৃত্তি না হইতে বিভাগ হইলে কি হইবে এই আশঙ্কা যদি হয়—তাহাতে বিভাগের

পিতুঃ স্বত্বে বিদ্যমানে—

১৬৭ স্বার্জ্জিত ধনে পিতুরিচ্ছা-কাল এব বিভাগকালঃ*।

পিতা চেৎপুত্রান্ বিভজেৎ তস্য স্বেচ্ছা স্বয়মুপাত্তেঽর্থে *। বিষ্ণুঃ।

১৬৮ পিতামহ ধনেতু মাতৃরজোনিবৃত্তি (অ) সহকৃত পিতুরিচ্ছাকাল এব বিভাগ-কালঃ*।

।০ ঊর্দ্ধং পিতুঃ পুত্রাঃ ঋক্থং বিভজেরন। মাতৃর্নিবৃত্তে (অ) রজসি জীবতি চেচ্ছতীতি গোতমঃ*।

৵০ পিত্রোরভাবে ভ্রাতৄণাং বিভাগঃ সম্প্রদর্শিতঃ। মাতুর্নিবৃত্তে রজসি (অ) জীবতোরপি শস্যতে †। বৃহস্পতিঃ।

(অ) মাতুর্নিবৃত্তে রজসীত্যনেন পুত্রান্তর সম্ভাবনা-রাহিত্যং সূচিতমিতি। বি. দা. ভা. দী. র. ২।

১৬৯ মাতৃপদং বিমাতৃ পরমপি—পুত্রান্তরোৎপত্তি সম্ভাবনাতৌল্যাৎ। দা. ত. পৃ. ১২। দা. ভা. টী. পৃ. ৩২।

১৭০ বস্তুতঃ মাতুর্বিমাতুশ্চ রজোনিবৃত্তৌ অথবা তয়োঃ রজসি বিদ্যমানে পিতৃরতিশক্তি নিবৃত্তৌ তদিচ্ছাকাল এব বিভাগ-কালঃ।

যদিতু অনিবৃত্তরজস্কায়াং মাতরি দৈবাৎ পিতামহ-ধনং বিভক্তং, তত্র বিষ্ণুঃ—

১৭১ পিতৃ-বিভক্তা বিভাগানন্তরোৎপন্নস্য ভাগং দদ্যুরিতি। দা. ত. পৃ. ১৪।

ননু যদিমাতৃ রজোনিবৃত্তিং বিনৈববিভাগঃ কৃতস্তত্র কিংন্যাদিতিচেৎ—কিন্তত্র বিভাগোত্তরং পুত্রোজাতঃ

* বি. দা. ভা. দী. র. ২। কোল্. ডা. বা. ৩, পৃ. ৫১। দ. ক্র. সং. পৃ. ৪২। উ. দা. ক্র. সং পৃ. ৯১। মেক্. হি. ল. পৃ. বা. ১,৪৩। স্বার্জ্জিত ধনবিভাগ দ্রষ্টব্য। † দা. ভা. পৃ. ৩৩। কোল্ দা. ভা. পৃ. ২৩। বি. দা. ভা. দী. র. ২। কোল্. ডা. বা. ৩, পৃ. ৪৯।

# CHAPTER II.—PARTITION.

## SECTION I.—PARTITION BY A FATHER.

### TIME OF SUCH PARTITION.

While the father's right subsists :—

**167. His choice alone determines the time for making partition of his own acquired estate.*** Vyavasthá

When the father separates his sons (from himself), his will regulates the division of his own acquired property.* VISHNU. Authority

**168. But in the case of property inherited from ancestors, the father's will, associated with cessation of the mother's catamenia, determines the time of partition.*** Vyavasthá

I. After the father's death (natural or civil) let sons share his estate : or while he lives, if the mother be past child-bearing *(a)*, and he desire partition.* GOTAMA. Authority

II. On the death of both parents, partition among brothers is allowed: and even while they both are living, it is proper, if the mother be past child-bearing.† VRIHASPATI.

(a) The phrase '*if the mother be past child-bearing*' must be considered as denoting the impossibility of her bearing more sons. Coleb. Dig. Vol. III. p. 52.

**169. The term 'mother' comprehends also the step-mother; for she also can bring forth a son (to the father). Dá T. p. 12. SRI'KRISHNA'S Comment on the *Dáyabhága*, p. 32:** Vyavasthá

**170. In fact the father's choice, preceded either by the circumstance of the mother and step-mother being passed child-bearing or by that of the father being incapable of connubial intercourse, determines the time of partition.**

In case the ancestral estate be inadvertently divided before cessation of the mother's catamenia,—VISHNU says:

**171. The brothers divided by the father shall give the portion of the brother born after the division. Dá. T. p. 14.** Vyavasthá

If shares have been distributed, although the mother were not too aged to bear more sons, what should follow ?—has a son been born after partition, or not ? In the first case, the remain-

* Coleb. Dig. Vol. III. p. 51. Dá. Kraw. Sang. p. 91. Macn. H. L. Vol. I. p. 43. See partition of the self-acquired property. † Çoleb. Dá. bhá. p. 23. Coleb. Dig. Vol. III. p. 49.

পর পুত্র জন্মিয়াছে কি জন্মে নাই, এই দুই কল্প আছে, প্রথম কল্পে—ভোগাবশিষ্ট ধন মিশাইয়া পুনর্ব্বার বিভাগ কর্ত্তব্য, কেননা বিভাগের পর যাহারা জন্মিয়াছে তাহাদিগের পৈতামহ ধনে আকাঙ্ক্ষা আছে। দ্বিতীয় কল্পে—পূর্ব্ববিভাগই সিদ্ধ। মাতার রজোনিবৃত্তি হইলে তবে বিভাগে অধিকার হয় অতএব অনধিকারির কৃত যে বিভাগ তাহা উদাশীন কর্ত্তৃক কৃতের ন্যায় অসিদ্ধ ইহা বাচ্য নয়, কেননা মাতার রজোনিবৃত্তি ইহা বলা কেবল ভাবি পুত্রের বিভাগাশঙ্কা থাকাতে এবং উক্ত কল্পে এই উপপত্তি থাকাতে স্বতন্ত্রাধিকার কল্পনায় প্রমাণাভাব। পরন্তু দুর্বিভক্ত বিষয়ের পুনর্ব্বার বিভাগ করিবে। 'মাতার রজোনিবৃত্তি হইলে' এই কথা পৈতামহ ধন বিষয়ক, এবং মাতৃ রজোনিবৃত্তি না হইলে জনিষ্যমাণ পুত্রদিগের পৈতামহ ধনে স্বত্বের আকাঙ্ক্ষা থাকাতে বিদ্যমান পুত্রগণের বিভাগ না হওয়াই ন্যায্য। ইহাও পিতার রতিশক্তি নিবৃত্তির উপলক্ষণ, অন্যথা বৈমাত্র ভ্রাতার ভাগভাগিত্ব ঘটে না। তাহা নারদের বচনে স্পষ্ট প্রকাশ, তদ্‌যথা—'মাতার রজোনিবৃত্তি হইলে, ভগিনীরা দত্তাহইলে, অথবা পিতার রতিশক্তিনিবৃত্তি হইলে, (অথবা) পিতা উপরতস্পৃহ হইলে (বিভাগ হয়)'। বি. দা. ভা. দী. র. ২।

'ভগিনীরা দত্তা হইলে, ইহার তাৎপর্য্য এই যে পিতা মরিলেও ভগিনীর বিবাহ অবশ্য দিতেহইবে, এমত তাৎপর্য্য নয় যে তদ্ভিন্ন বিভাগে অধিকার হয় না, এই জীমূতবাহন মত। বি. দা. ভা. দী. র. ২।

বিবাদভঙ্গার্ণব কর্ত্তা ইহা কহিয়া যে 'পৈতামহ ধন বিভাগে মাতার রজোনিবৃত্তি অপেক্ষা করে কিন্তু পিতারইচ্ছাতেই বিভাগ হয়', লিখিতেছেনযে 'যথা মতে পিতা পুত্রের একের ইচ্ছাতেও বিভাগ হইতে পারে' ইহা বঙ্গদেশাদৃত নয়, প্রথমতঃ—পিতার অনুমতিতে দায়ের ভাগ হইবে—এইবৌধায়ন-বচন-বিরুদ্ধ। দ্বিতীয়তঃ—বঙ্গদেশ প্রচলিত মতে পুত্রের জন্মাধীন স্বত্ব স্বীকৃত না হওয়াতে পুত্রের ইচ্ছানিতান্ত অকর্ম্মণ্য। তৃতীয়তঃ—মাতৃরজোনিবৃত্তিপূর্ব্বক পুত্রের ইচ্ছা হইলেও পিতা যদি অন্য বিবাহ করণেচ্ছা প্রকাশে বিভাগ না করেন তবে পুত্রের ইচ্ছাতে বিভাগ হইতে পারে না। চতুর্থতঃ—পৈতামহ ধনবিভাগে কাহার ইচ্ছা প্রবর্ত্তিকা-ইহার উত্তর এই যে পিতার ইচ্ছাতেই বিভাগ হয়, যেহেতু তাঁহারই ধন-স্বামিত্ব—এই নিজ উক্তির বিরুদ্ধ।

উত ন। তত্রাদ্যকল্পে ভুক্তং বর্জয়িত্বাঽবশিষ্টং ধনং মিশ্রয়িত্বা পুনর্বিভাগং কুর্য্যাৎ বিভাগোত্তর জাতানামপি পৈতামহ ধনাকাঙ্ক্ষিত্বাৎ। দ্বিতীয় কল্পেতু—স এব বিভাগঃ সিদ্ধঃ, নচ মাতৃরজোনিবৃত্তের্বিভাগাধিকারাৎ অনধিকারিকৃতঃ স বিভাগোঽসিদ্ধঃ, উদাশীন কৃত বিভাগবদিতি বাচ্যং। মাতুর্নিবৃত্তে রজসীত্যস্য ভাবিপুত্রবিভাগাশঙ্কয়া উক্তকল্পে নৈবোপপত্তৌ স্বতন্ত্রাধিকারবাক্যত্ব কল্পনে প্রমাণাভাবাৎ। পরন্তু দুর্বিভক্তং পুনর্বিভজেৎ ইতি। মাতুর্নিবৃত্তে রজসীতি পিতামহ ধন বিষয়ং মাতৃ রজোনিবৃত্তিম্বিনা জনিষ্যমাণানামপি পিতামহ ধনে স্বামিত্বাকাঙ্ক্ষয়াবিদ্যমানানাং বিভাগানুপপত্তেঃযৌক্তিকত্বাৎ। এতচ্চ পিতৃরতিশক্তি নিবৃত্তেরুপলক্ষণং বিমাতৃ পুত্রস্য ভাগ ভাগিত্বানুপপত্তেঃ। তচ্চ—'মাতুর্নিবৃত্তে রজসি দত্তাসু ভগিনীষুচ, নিবৃত্তে বাপি রমণে পিতর্য্যুপরতস্পৃহে"—ইতি নারদ-বচনে স্ফুটমেব। বি. দা. ভা. দী. র. ২।

দত্তাসু ভাগিনীষুচেতি চ তাসাং মৃতেঽপি পিতরি অবশ্যং দানার্থং নতু ভগিনীদানংবিনা নাধিকারোভবতীতি জ্ঞাপনার্থমিতি জীমূতবাহনঃ। বি. দা. ভা. দী. র. ২।

পৈতামহেতু মাতৃরজোনিবৃত্তিরপ্যপেক্ষিতা ইচ্ছাতু পিতুরেব ইতি লিখনানন্তরং বিবাদভঙ্গার্ণবকৃতা—'পিতাপুত্রয়োরন্যতরস্য বা যথা মতং বেদিতব্যং'—যল্লিখিতং তন্ন বঙ্গদেশাদৃতং। প্রথমতঃ'—পিত্রানুমত্যা দায়ভাগ ইতি বৌধায়ন বিরোধাৎ!—দ্বিতীয়তঃ—তদিচ্ছা নিতান্তমকিঞ্চিৎকরা বঙ্গদেশ প্রচলিত মতে পুত্রস্য জন্মাধীন স্বত্বস্যাস্বীকৃতত্বাৎ। তৃতীয়তঃ—মাতৃ রজোনিবৃত্তি সহকৃতা পুত্রেচ্ছা সত্যপি পিতা যদি অন্যদারপরিগ্রহেচ্ছা প্রকাশেন বিভাগং ন করোতি তদা পুত্রেচ্ছয়া বিভাগানর্হত্বাৎ। চতুর্থতঃ—পৈতামহ ধন বিভাগে কস্যেচ্ছা প্রবর্ত্তিকা অত্রোচ্যতে পিতুরিচ্ছয়ৈব বিভাগ দানং তস্য ধন স্বামিত্বাদিতিস্বোক্তবিরোধাচ্চ।

* উক্ত গ্রন্থকর্ত্তা এমত মত-ও লিখিয়াছেন যে—'বিমাতা ক্লেশ দিলে পুত্রেরা রাজার নিকট আবেদন করিয়া পৈতামহধন বিভাগ করাইতে পারে, পরন্তু তাহাতেও পিতার স্বোপার্জ্জিত ধনের বিভাগ হইতে পারে না'। এই মত-ও উপরিউক্ত কারণ সকলে বঙ্গদেশাদৃত নয়।

ing wealth, omitting what has been consumed, must be brought together, and a second distribution must be made: for sons, though born after partition, claim shares of the patrimony which had descended from the grandfather. But in the second case, that very partition is valid. Let it not be objected, that, since the mother's arrival at a certain period of life can alone entitle the parceners to divide (the estate), that partition, being made by persons not authorised (to do so) is void, like one which is made by a stranger. Since the phrase 'when the mother is too aged to bear sons,' may be explained as providing for the participation of a future son, there is no proof by which it can be established to propound a distinct authority for partition. However, property ill distributed must be again divided. 'If the mother is too aged to bear more sons' relates to the patrimony which had descended from the grandfather; for, unless the mother be too aged to bear more sons, partition could not be made among existing sons, since it is reasonable to reserve for those who may be hereafter born, their right to the patrimony inherited from the grandfather: and this is a mere instance of comprehending the case of a father capable of connubial intercourse, but refraining from it: else the son of another wife could have no share. This is evident from the text of NA'RADA:—'When the mother is too aged to bear more sons, and sisters have been given away (in marriage), and the father refrain from the connubial intercourse, (then shall the partition be made).' Coleb. Dig. Vol. III pp. 48, 49.

The phrase "When the sisters are given away (in marriage)' is added to show the necessity of bestowing them in marriage after the death of the father: it does not denote, says JI'MU TAVA HNA, that partition cannot take place unless the sisters have been given away (in marriage). Coleb. Dig. Vol. III. p. 52.

The author of *Vivádabhangárnava,* after declaring: "While the father's right subsists, his choice alone determines the time for (making partition of) his own acquired wealth: but, in the case of property inherited from ancestors, it is also requisite that the mother be past child-bearing;' says: "and (with this reserve), the father, or, according to another opinion, he or his son, may choose (the time)." Such opinion is not however respected in Bengal :—I. Because it is repugnant to the dictum of BOUDHA'YANA: "partition of heritage (is to take effect) by consent of the father." II. Because the son's choice is of no avail at all, the inchoate right arising from birth not being admitted in the Bengal school. III. Because the division of the estate can never take place if the father, being desirous to marry another wife, does not make the partition notwithstanding the son, after cessation of his mother's catamenia, desired to have the partition made. IV. Because it is opposed to the opinion respected and quoted by the said author himself, viz.—"In the partition of property inherited from the grandfather, whose will is consulted ? the answer is, partition is granted by the sole will of the father: for he is owner of that wealth."* (See Coleb. Dig. Vol. III. p. 42. Dá-bhá. 24.)

* The same author has likewise expressed an opinion, that sons, oppressed by a step-mother, or the like, may apply to the king, and obtain a partition from their father of the patrimony inherited from the grand father, though not a partition of the wealth acquired by the father himself. This also, for reasons above shown, is not the law as current in Bengal.

অতএব জীমূতবাহনের মতই যথা শাস্ত্র, তদ্ যথা—"পৈতামহ ধনের-ও পিতার ইচ্ছাতে বিভাগ কর্ত্তব্য, কিন্তু বিশেষ এই যে মাতার রজোনিবৃত্তি হইলে তাহা হইবে। কিন্তু স্বোপার্জ্জিত ধন মাতৃ রজোনিবৃত্তি না হইতে বিভক্ত হইতে পারে *। পৈতামহাদি ধনে পিতার ইচ্ছাতেই বিভাগ, সিদ্ধ পুত্রের ইচ্ছাতে নয়, পিতার ইচ্ছা বিনা বিভাগ হয় না, যেহেতু মনু, নারদ, গোতম, বৌধায়ন, সংখ লিখিতাদি ইহা বলাতে যে—"পিতামাতা থাকিতে পুত্রেরা কর্ত্তা নয়;—তথা পিতা নির্দ্দোষে জীবিত থাকিতে পুত্রদের স্বামিত্ব নাই, পিতার জীবন কালে যদি তাঁহার ইচ্ছা হয় তবে বিভাগ হয়,—পিতার অনুমতিতে দায়ভাগ হয়,—অবিশেষে দেখাইতেছেন যে পিতার জীবন কালে তাহার অনুমতি হইলে ঋকৃথ বিভাগ হইতে পারে"—পিতা বাঁচিয়া থাকিতে পুত্রদের যে ধন স্বামিত্ব ও বিভাগ তাহা পিতার ইচ্ছাধীন, এবং যেহেতু উক্ত ঋষিরা পৈতামহ বিভাগের কাল পৃথক্ করিয়া বলেন নাই অতএব পুত্রের অপ্রভুত্ব ও পিতার অনুমতি বোধক ঐ বচন সকল অবশ্যই পৈতামহ ধন বিষয়ক †।

অতঃ জীমূতবাহন মতমেব যথা শাস্ত্রং, তদ্ যথা—"পিতামহ ধনস্যাপি পিতুরিচ্ছয়ৈব বিভাগঃ কার্য্যঃ, কিন্তু মাতুর্নিবৃত্তে রজসীতি বিশেষঃ স্বোপাত্তেতু র-জোনিবৃত্তি মন্তরেণাপি *। পৈতামহাদি ধনে পিতুরিচ্ছাত এব বিভাগো ন পুত্রেচ্ছয়া ইতি সিদ্ধং। নতু পিতুরিচ্ছামন্তরেণ তস্য বিভাগঃ, অনীশাস্তেহি জীবতোঃ! তথা অস্বাম্যং হি-ভবেদেষাং নির্দ্দোষে পিতরি স্থিতে! তথা জীবতি চেচ্ছতীতি! তথাপিতুরনুমত্যা দায়বিভাগঃ! তথা জীবতি পিতরি ঋকৃথ বিভাগোঽনুমতঃ, তদেবমাদি মনু নারদ গোতম বৌধায়ন সংখ লিখিতাদিভির বিশেষেণ জীবতি পিতরি পুত্রাণাং যাবদ্ধনগোচরা স্বামিত্বস্য পিতুরিচ্ছাধীন বিভাগস্য চ প্রতিপাদনাৎ পৈতামহ ধন বিভাগকালস্য চ পৃথগেভিরনভিধানাৎ পৈতামহধন গোচরত্ব মপ্যনীশত্বপিত্রনুমতি বচনানাং †।

হৃত পৈতামহ দ্রব্য পিতা উদ্ধার করিলে, তাহা তাঁহার স্বোপার্জ্জিতবৎ, অনিচ্ছায় পুত্রের সহিত বিভাগ করিবেন না এই যে মনুর ও বিষ্ণুর বচন ইহার অর্থ এই যে বিভাগদানে প্রবৃত্ত পিতা স্বার্জ্জিত পৈতামহ ধন অনিচ্ছায় বিভাগ করিবেন না। অন্য ধন অনিচ্ছাতেও বিভাগ করিবেন (অ), উক্ত বচন ইহারজ্ঞাপকনয়যেপুত্রেরইচ্ছাতে(আ)বিভাগহইবে‡।

(আ) অনিচ্ছাতে—অর্থাৎ স্বারসিক ইচ্ছা না হইলেও প্রত্যবায় ভয়মাত্র জনিত ইচ্ছাতে বিভাগ হইবে। দা. ভা. টী. পৃ. ৪১।

"যচ্চ মনুবিষ্ণু—পৈতৃকন্তু পিতা দ্রব্যমনবাপ্তং যদাপ্নুয়াৎ। ন তৎপুত্রৈর্ভজেৎ সার্দ্ধং অকামঃ স্বয়মর্জ্জিতং। তত্রাপি বিভাগদান প্রবৃত্তঃ পিতা পিতামহধনং স্বার্জ্জিতং নাকামোবিভজেৎ অন্যৎ পুনরকামোপি বিভজেদিত্যস্বেচ্ছাত এবেত্যর্থঃ (আ), ন পুনঃ পুত্রেচ্ছয়া বিভাগং জ্ঞাপয়তঃ" ‡।

(আ) অস্বেচ্ছাতইতি—অস্বারসিকেচ্ছাতঃ, প্রত্যবায় ভয়মাত্রজনিতেচ্ছাত এবেত্যর্থঃ। দা. ভা. টী. পৃ. ৪১।

আদালতে দত্ত ও গ্রাহ্য হওয়া এবং সর্ উইলিয়ম্ মেক্‌নাটন্ সাহেবের পরীক্ষিত ও মনোনীত ব্যবস্থা—

প্রশ্ন ১। কোন ব্যক্তির তিন পুত্র ছিল, তন্মধ্যে কনিষ্ঠ গৃহ হইতে পলাইয়া গেলে তৎপিতা তদন্বেষণে বৃন্দাবনেরদিগে প্রস্থান করিলেন। অন্য দুই পুত্র বাটীতে রহিল। এমত অবস্থায় জ্যেষ্ঠ পুত্র ভূমি ও আর ২ বিষয়ের উপর ধনস্বামির ক্ষমতা ব্যবহার করিতে পারে কি না? যদি ঐ জ্যেষ্ঠ পুত্র ইতি মধ্যে সালিসীর দ্বারা সাধারণ বিষয়ে নিজ পিতার অংশ স্থির করিয়া লইয়া থাকে, তবে তদ্বিভাগ সম্পূর্ণ ও সিদ্ধ কি না?

পিতার সম্মতি বিনা বিভাগ অসিদ্ধ।

উত্তর ১। অনুদ্দিষ্ট পুত্রের অন্বেষণে পিতা বৃন্দাবন গেলে জ্যেষ্ঠ পুত্র সকল ভূমি ও আর ২ বিষয়ের বন্দবস্ত করিতে ক্ষমতা রাখে এবং ঐ ক্ষমতা-বলে তদ্বিষয়ে স্বামির ন্যায় কার্য্য করিতে পারে। কিন্তু সাধারণ বিষয়ে সালিসের দ্বারা পিতার অনুমতি ব্যতিরেকে কৃত যে বিভাগ তাহা শাস্ত্রসম্মত বিবেচিত হইতে পারে না।

* দা. ভা. পৃ. ৪৫।  † পৃ. ৩৭।  ‡ দা. ভা. পৃ. ৪০।

Consequently, the opinion of JI'MU'TAVA'HANA is correct, which is:—" a division even of wealth inherited from the grandfather must be made by the sole choice of the father. But, with this difference, that it is requisite the mother should have ceased to be capable of bearing issue: whereas, in the instance of his own acquired property, partition takes effect without that condition."* It is consequently true that a distribution takes place at the will of the father only, and not by the choice of his sons. A division of it does not take place without the father's choice: since MANU, NA'RADA, GOTAMA, BOUDHA'YANA, SANKHA, LIKHITA, and others, (in the following passages, "they have not power over it," "they have not ownership while their father is alive and free from defect," "while he lives, if he desire partition," "partition of heritage by consent of the father," "partition of the estate being authorised while the father is living," &c.) declare without restriction, that sons have not a right to any part of the estate while the father is living, and that partition awaits his choice: for these texts, declaratory of a want of power, and requiring the father's consent, must relate also to property ancestral; since the same authors have not separately propounded a distinct period for the division of an estate inherited from an ancestor.†

"If the father recover paternal wealth (seized by strangers, and) not recovered (by other sharers, nor by his own father,) he shall not, unless willing, share it with his sons: for in fact it was acquired by him." In this passage, MANU and VISHNU, declaring that he shall not, unless willing, share it, because it was acquired by himself, seem thereby to intimate a partition among sons even against the father's will *(á)*, in the case of hereditary wealth not acquired (that is, recovered,) by him. But here also the meaning is, that a father, setting about a partition, need not distribute the grandfather's wealth, which he retrieved: but must so distribute the rest of it, and not according to his own pleasure. Those authors do not thereby indicate partition at the choice of sons.‡

*(á)* *'Against the father's will'*—that is, not according to his free will, but according to will created through fear of sin. SRI'KRISHNA'S Comment on the *Dáyabhága*, Sans. p. 41.

সর্ উইলিয়ম্ মেক্নাটন্ সাহেব লিখেন—"হরিনাথের মত এই যে যদি পিতা নিজে দুই বা অধিকভাগ রাখেন তবে পত্নীদিগকে অংশ দিবার আবশ্যক নাই, কেননা পিতা যৎপরিমিত বিষয় নিজের নিমিত্তে রাখেন তাহাতেই তাহাদের অন্নাচ্ছাদন হইতে পারে। বিবাদার্ণবসেতুর মত এই যে পিতৃকর্ত্তৃক পুত্রদিগকে সমবিভাগ দানে পত্নীদিগকেও সমবিভাগ দান ব্যবস্থিত হইয়াছে। কিন্তু পিতা যদি বিষয় বিভাগ করেন এবং আপনার নিমিত্তে অধিকাংশ রাখেন, তবে আপনার গৃহীত ভাগ হইতে পত্নীদিগকে পুত্রতুল্যাংশ দিতে হইবে। স্ত্রীধন দত্ত না হইলেই কেবল পত্নীদিগকে এই ভাগ দাতব্য। কোন২ গ্রন্থকারের মত এই যে পত্নী যদি অন্য স্থান হইতে ধন পাইয়াথাকে তবে পুত্রকে দত্তঅংশের অর্দ্ধাংশ তাহাকে দাতব্য। আবার কাহারো২ মতে স্ত্রীধনদত্ত হইলে শুদ্ধ পুত্রতুল্যাংশ পূরণ করিয়া দাতব্য"। (বা. ১ পৃ. ৪৭৩৪৮)। কিন্তু এইসকল মত অত্যল্প প্রামাণ্য।

## অথ স্বার্জিত ও পৈতামহ ধন-নির্ণয়—

ব্যবস্থা

১৯০ যে ধন আদৌ পিতৃকর্ত্তৃক উপার্জ্জিত হয়, তাহাই তাঁহার প্রকৃত স্বার্জ্জিত।

১৯০ পিত্রা যদ্ধনমাদাবুপার্জ্জিতং তদেব তস্য প্রকৃত স্বার্জ্জিতং।

১৯১ পিতামহের যে ধন হৃত হইলে পর পিতা শ্রমাদিতে উদ্ধার করেন, তাহা তিনি স্বার্জ্জিতবৎ ব্যবহার করিতে পারেন

১৯১ পৈতামহং হৃতং পিত্রা শ্রমাদিনা যদুদ্ধৃতং ব্যবহারে তত্তস্য স্বার্জ্জিতমিব।

প্রমাণ

/০ হৃত পৈতামহ ধন পিতা প্রাপ্ত হইলে তাহা তাহার স্বোপার্জ্জিতই অনিচ্ছায় পুত্রদিগকে তাহার ভাগ দিবেন না *। মনু।

/০ পৈতৃকন্তু পিতাদ্রব্যমনবাপ্তং যদাপ্নুয়াৎ। নতৎ পুত্রৈর্ভজেৎ সার্দ্ধং অকামঃ স্বয়মর্জ্জিতং *। মনুঃ।

৵০ যে হৃত পৈতামহ ধন পিতা স্বশক্তিতে উপার্জ্জন করেন এবং বিদ্যা ওশৌর্য্যাদি দ্বারা যে ধন প্রাপ্ত হয়েন তাহাতে তাঁহারই স্বামিত্ব কথিত হইয়াছে। স্বেচ্ছানুসারে ঐ ধন দান ও ভোগকরিবেন। তদভাবে পুত্রেরা সমানভাগি কথিত হইয়াছে *। যাজ্ঞবল্ক্য।

৵০ পৈতামহং হৃতং পিত্রা স্বশক্ত্যা যদুপার্জ্জিতং। বিদ্যাশৌর্য্যাদিনাপ্তঞ্চ, তত্রস্বাম্যং পিতুঃ স্মৃতং। প্রদানং স্বেচ্ছয়া কুর্য্যাদ্ ভোগঞ্চৈব ততোধনাৎ, তদভাবেতু তনয়াঃ সমানাংশাঃ প্রকীর্ত্তিতাঃ *। যাজ্ঞবল্ক্যঃ।

কিন্তু ভূমি বিষয়ে সংখ বিশেষ কহিয়াছেন—

ভূমৌতু বিশেষমাহ সঙ্খঃ—

ব্যবস্থা

১৯২ পূর্ব্বহৃত ভূমি একজন শ্রমে উদ্ধার করিলে, তাহাকে চারিঅংশের একাংশ দিয়া অন্যে স্ব২ ভাগ লইবে *।

১৯২ পূর্ব্বনষ্টাঞ্চ যো ভূমিমেক এবোদ্ধরেচ্ছ্রমাৎ যথা ভাগং ভজন্ত্যন্যে দত্ত্বাভাগং তুরীয়কং *।

যদ্যপি স্বকীয় ধনে ওশ্রমে উপার্জ্জন দর্শিত হয় তথাপি তাহা উদ্ধার কর্ত্তার অসাধারণ নয়, কিন্তু তাহাকে ঐ উদ্ধৃত ভূমির চতুর্থাংশ দাতব্য। কারণ বচনে ভূমিপদকথন আছে অতএব তাহার অবিবক্ষা হইতে পারে না *।

যদ্যপি অসাধারণ ধন শরীর ব্যাপারমেবকারেণ দর্শয়তি তথাপি উদ্ধর্ত্তুর্নাসাধারণ্যং কিন্তু প্রতিকৃত ভূমেশ্চতুর্থাংশোঽধিকস্তস্মৈ দাতব্যঃ ভূমি পদসামর্থ্যাৎ তদবিবক্ষাকারণাভাবাৎ *।

ব্যবস্থা

১৯৩ পৈতামহ স্থাবর ধন থাকিলে অস্থাবর পৈতামহ ধনে স্বার্জ্জিতের ন্যায় পিতাই প্রভু, ন্যূনাধিক বিভাগ করিতে পারেন।

১৯৩ সতি পৈতামহে স্থাবরে, অস্থাবরে পৈতামহে স্বার্জ্জিত ইব পিতুরের স্বাম্যং, ন্যূনাধিক বিভাগ দানার্হত্বং।

* দা. ভা. পৃ. ১৪৬। কোল্. দা. ভা পৃ. ১৩৪ ও ১৩৫।

Sir William Macnaghten writes: "But the doctrine laid down by *Harinátha* is, that if the father reserve two or more shares, no share need be assigned to the wives, because their maintenance may be supplied out of the portion reserved. It is also laid down in the *Vivádárnavashetu* that an equal share to a wife is ordained, in a case where the father gives equal shares to his sons; but that where he gives unequal portions, and reserves a larger share for himself, he is bound to allot to each of his wives, from the property reserved by himself, as much as may amount to the average share of a son. These shares to wives are allotted only in case of no property having been given to them. According to some authorities, if she had received property elsewhere, a moiety of a son's share should be allotted to them; but according to other authorities, the difference should be made up to them between what they have received and a son's share." (Vol. I. pp. 47, 48.)

These opinions are however very little respected.

## SELF-ACQUIRED AND ANCESTRAL PROPERTY DEFINED.

**190** Property originally acquired by the father is properly his own acquired property. Vyavasthá

**191** Ancestral property seized by strangers but recovered by the father with his own exertion and so forth, can be used as acquired by himself.

I. If a father recover the property of his father (seized by strangers and) which remained unrecoverd, he shall not, against his will, share it with his sons, for in fact it was acquired by himself.* MANU. Authority

II. "Over the grandfather's property which was seized (by strangers) and is recovered by the father through his own ability, and over (any thing) gained by him through science, valour, or the like, the father's full dominion is ordained. He may give it away at his pleasure, or he may defray his consumption with such wealth; but, on failure of him, the sons are pronounced entitled to equal shares."* JA´GNYAVALKYA.

SHANKHA propounds a special rule regarding land:—

**192** Land, inherited in regular succession, but which had been formerly lost, and which one shall recover solely by his own labour, the rest may divide according to their due allotments, having first given him a fourth part.* Vyavasthá

By the term 'solely' the author intimates, that neither common funds were used nor joint personal exertions made. Still it does not become the separate property of the person retrieving it: but a fourth part of the land recovered must be given to him in addition (to his regular allotment:) by force of the word '*land;*' and because there is no reason for supposing it to be vague.*

**193** Where there is ancestral real property, the father has *full* dominion over the personal property though inherited from the grandfather, and has power to distribute the same unequally just as his own acquisitions. Vyavasthá

* Coleb. Dá. bhá. pp. 134, 135.

প্রমাণ

মণিমুক্তা প্রবালাদি সকল (অস্থাবর) ধনেরই প্রভু পিতা। কিন্তু সমস্ত স্থাবরের কি পিতা কি পিতামহ কেহই প্রভু নহেন। যাজ্ঞবল্ক্যঃ। (দা. ভা. পৃ. ৪০)। কিন্তু যথা ভূম্যাদি নাই শুদ্ধ মণ্যাদি আছে তথা পিতা সমস্ত ব্যয় করিতে প্রভু নহেন যেহেতু হেতুতে বিশেষ নাই, এবং তৎপ্রভুত্বজ্ঞাপক বচন উভয়রূপ ধন থাকিলে খাটে ইহা দ্রষ্টব্য। দা. ভা. টী. পৃ. ৪২।

মণিমুক্তা প্রবালানাম্ সর্ব্বস্যৈব পিতা প্রভুঃ। স্থাবরস্যতু সর্ব্বস্য ন পিতা ন পিতামহঃ॥ যাজ্ঞবল্ক্যঃ। (দা. ভা. পৃ. ৪০)। যত্রতু ভূম্যাদিকং নাস্তি মণ্যাদিরেবাস্তি তত্র ন সর্ব্বব্যয়ে প্রভুত্বং। হেতোরবিশেষাৎ, তৎপ্রভুত্ব বচনস্তূভয় সদ্ভাববিষয়মিতি দ্রষ্টব্যং। দা. ভা. টী. পৃ. ৪২।

ব্যবস্থা

**১৯৪ পিতা নিজ পিতা হইতে সম্বন্ধজন্য যে ভূমি, নিবন্ধ ও দ্রব্য প্রাপ্ত হয়েন তাহা ব্যবহারে পৈতামহ ধন গণ্য।—যেহেতু তাহাতে স্বার্জিতের মত পিতার প্রভুত্ব নাই।**

**১৯৪ পিতৃতঃ সম্বন্ধাধীনং প্রাপ্তং ভূনিবন্ধ দ্রব্যমেব ব্যবহারে প্রকৃত পৈতামহং ধনং।—তত্র স্বার্জ্জিতইব পিতুঃ প্রভুত্বাভাবাৎ।**

যে ভূমি নিবন্ধ ও দ্রব্য (ন) পিতামহ হইতে পিতা প্রাপ্ত হয়েন তাহাতে পিতা পুত্র উভয়েরই সমান প্রভুত্ব *। যাজ্ঞবল্ক্য।

(ন) নিবন্ধ—অর্থাৎ প্রতি কার্ত্তিক মাসে দাতব্য এই রূপ নিবন্ধ বার্ষিকাদি *।

দ্রব্য—এস্থলে ভূমির সহিত ব্যবহৃত হওয়াতে দ্বিপদ অর্থাৎ দাস বুঝায় *।

ভূর্যা পিতামহোপাত্তা নিবন্ধোদ্রব্যমেব (ন) বা। তত্রস্যাৎ সদৃশ স্বাম্যং পিতুঃ পুত্রস্যচোভয়োঃ *॥ যাজ্ঞবল্ক্যঃ।

(ন) নিবন্ধঃ—ক্যার্ত্তিক্যাং কার্ত্তিক্যামিদং দাস্যামীতি যন্নিবন্ধং নিয়ত লভ্যমিতি *।

দ্রব্যং—ভূসাহচর্য্যাৎ দ্বিপদমহিতং *।

পৈতামহ ধন পদে প্রপিতামহ হইতে আগত ধন-ও যে বোধ্য ইহা নির্ব্বিবাদ। পরন্তু মাতামহ প্রভৃতি হইতে সম্বন্ধাধীন আগত ধন পৈতামহ ধনবৎ ব্যবহৃত হইবে অথবা স্বার্জ্জিতবৎ—এই পূর্ব্বপক্ষোত্তরে কেহ২ কহেন" বিষ্ণুবচনে লিখিত'যেস্বোপার্জ্জিত ধন' †, তাহার অর্থ নিজ কর্ম্মদ্বারা উপার্জ্জিত ধন। কিন্তু মাতামহাদির মরণে প্রাপ্ত ধন পিতার আয়াস বিনা লব্ধ হওয়াতে তাহা স্বোপার্জ্জিত নয়, অতএব সাধারণবিধানানুসারে তিনি তাহার দুই অংশ বা অর্দ্ধেক গ্রহণ করিবেন। পরন্তু এমত বাচ্য নয় যে পৈতামহ ধনেই পিতা পুত্রের তুল্য স্বামিত্ব বাচক বচন থাকাতে এমতে প্রাপ্ত ধনে তাহাদের তুল্য স্বামিত্ব নাই, কেননা পৈতামহ পদ উপলক্ষণ করা আবশ্যক। নতুবা জন্মান্ধ পুত্রের পিতা প্রপিতামহ ধনের দ্ব্যংশাদি গ্রহণ করণ নিয়ম হইত না। 'পৈতামহ ধন' পদে সম্বন্ধাধীন প্রাপ্ত ধন বোধ্য, তাহা পিতামহ হইতে প্রাপ্তি হউক অথবা মাতামহাদি হইতে হউক তাহাতে পিতা পুত্রের তুল্য স্বামিত্ব আছে। ইহা বাচ্য নয় যে পৈতামহ ধনপদে ক্রমাগত ধনই কেবল অভিপ্রেত, আর২ ধন অর্থাৎ মাতামহাদি হইতে লব্ধ ধন এবং প্রতিগ্রহাদিতে প্রাপ্তধন অর্জ্জকের অধিক গ্রহণবোধক ব্যবস্থানুসারে ব্যবহার্য্য, কেননা মাতামহাদি হইতে আগত ধন যে ক্রমাগত ধন নয় ইহার প্রমাণাভাব। এবং ঋষিরা এতদতিরিক্ত সঙ্ক্রান্ত ধনের বিশেষ করেন নাই"। পরন্তু বিবাদভঙ্গার্ণব কর্ত্তা কহেন "এই মত

পৈতামহ ধনপদে প্রপিতামহাদাগত ধনমপি বোধ্যমিতি নির্ব্বিবাদঃ। পরন্তু মাতামহাদিমরণোত্তরং সম্বন্ধাল্লব্ধ ধনে পৈতামহ বদ্ব্যবহারঃ অথবা স্বার্জ্জিতইব—ইতি পূর্ব্বপক্ষোত্তরে কেচিৎ 'স্বয়মুপাত্তেহর্থে, ইতি বিষ্ণু সূত্রে। স্বয়মুপাত্তে ইত্যত্র স্বয়ং কর্তৃক উপাদান বিষয় ইত্যর্থঃ, মাতামহাদি মরণানন্তরে লব্ধেতু পিতুঃ কৃতিং বিনৈবার্জ্জনাৎ ন স্বয়ং কর্তৃকমুপাদানং অত্র সামান্য প্রাপ্ত দ্ব্যংশ গ্রহণাদিকং কার্য্যং। নচ পৈতামহে তু পিতাপুত্রয়োস্তুল্যং স্বামিত্বমিতি বচনাদত্র তুল্য স্বামিত্বানুপপত্তিরিতি বাচ্যং পৈতামহ পদস্যোপলক্ষণতায়া আবশ্যকত্বাৎ অন্যথা জন্মান্ধ পুত্রস্য পিতুঃ প্রপিতামহাদাগত ধনে দ্ব্যংশাদি-গ্রহণ নিয়মো ন স্যাৎ। 'পৈতামহ' ইত্যনেন সম্বন্ধাল্লব্ধ ইত্যর্থ করণাৎ প্রপিতামহাদিতো মাতামহাদিতশ্চ লব্ধএব পিতাপুত্রয়োস্তুল্য স্বামিত্বং। নচ ক্রমাগত ধনানামেব পৈতামহ ধনেনোপদানং তদিতরেষাং মাতামহাদ্যাগত ধনানাং প্রতিগ্রহাদিলব্ধানাঞ্চ ভূয়িষ্ঠ দ্রব্যগ্রহণাদিরূপ ব্যবস্থা ইতি বাচ্যং মাতামহাদ্যাগতধনানামপি ক্রমাগতত্বাভাবে প্রমাণাভাবাৎ সঙ্ক্রান্ত ধনস্যাতিরিক্তস্য মুণিভিরপরিভাষণাৎ

* দা. ভা. পৃ. ৩৬ ও ৩৭। † দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৩৪০ এবং বি. দা. ভা. ম. র. ২।

The father is master of gems, pearls, and corals, and of all (other movable) property: but neither the father nor the grandfather is so of the whole real estate. JA'GNYAVALKYA. (Dá. bhá. p. 29). But where the (grandfather's) estate consists not of land, corrody, and slaves, but only of gems and other movable property, there the father has not power to consume or dispose of all; since the reason is the same, and the text which declares the father to be *master* applies where the estate consists of both movable and immovable property. SRI'KRISHNA'S Commentary on the *Dáyabhága*, Sans. p. 42. Authority

**194 Land, corrody, and chattels, inherited from the grandfather by the father in right of affinity, are held to be properly ancestral, the father having no power to use them as his self-acquired property.** Vyavasthá

"The ownership of father and son is the same in land, which was acquired by the father's father, or in corrody, or in chattels." (k).* JA'GNYAVALKYA. Authority

(k) A "corrody" signifies what is fixed by a promise in this form: "I will give that in every month of *Kártiki*.*

By "chattels," from their association with land, slaves must be here meant.*

That the property descended from the paternal great-grandfather is to be treated as that inherited from the paternal grandfather, appears to be indisputable. But the question is, whether property inherited from the maternal grandfather and the rest is or is not to be treated just as that devolved from the paternal grandfather? To this question some reply, "that 'his own acquired wealth,' in the text of VISHNU†, signifies that which was gained by his own act; but, what is received from the maternal grandfather, being gained without any exertion on the part of the father, is not acquired by his act; he shall therefore receive two shares or the like, as suggested by the general rule. It should not be objected, that the text only ascribing to the father and son equal dominion over property left by a paternal grandfather, they have not such claims in this case. Their equal dominion is a necessary consequence of considering the term, 'property left by the paternal grandfather,' as a mere instance of a general sense; else it would not be a rule, that the father, being the son of one born blind shall take two shares or other (greater) portion of property inherited from the paternal great-grandfather. The term 'property left by the paternal grandfather,' must be explained as 'property inherited in right of affinity:' whether it be received from the paternal great-grandfather, and so forth, the father and son have equal dominion over it. Nor should it be argued, that property regularly descending from ancestors, is alone intended by the term 'estate left by the paternal grandfather;' and that any other property, whether left by a maternal grandfather, or received in a present, or the like, is regulated by the law which allows he reserve of the greatest part and so forth. There is no argument to prove that 'an estate devolving from the maternal grandfather and the rest is not considered as regularly descending

* Coleb. Dá. bhá. pp. 25, 26.

† See *ante* p. 341 & Coleb. Dig. Vol. II. p. 538.

মনোরম নয়, কেননা তাহা হইলে বন্ধুহীন ব্যক্তির ধন সহাধ্যায়ি অথবা আচার্য্যকে যখন অর্শিবে তখনো পিতা পুত্রের তুল্য স্বামিত্বের আপত্তি থাকিবে। দৌহিত্র-পুত্রের সঙ্ক্রান্ত ধনে অধিকার না থাকাতে তাহার পিতা মরিলেও তাহার স্বত্ব নাই, তৎ পিতা বাঁচিয়া থাকিতেতো তদ্বার্ত্তাও নাই। এবং বৃদ্ধ প্রপিতামহের দায়রূপ ধনও ক্রমাগত * ধন না হওয়াতে তাঁহাতেও উক্তরূপ ব্যবস্থা খাটিবে। কিন্তু প্রপিতামহের দায়রূপ ধন পিতামহাদি হইতে পরম্পরা প্রপৌত্রকে অর্শানতে তাহাতে যে পিতা পুত্রের তুল্য স্বামিত্ব তাহা ইহা হইতেই উহ্য। যদি পিতৃ পিতামহহীন প্রপৌত্র প্রপিতামহের ধন প্রাপ্ত হয়, তাহাতেও পিতা পুত্রের তুল্যাধিকার বোধ্য যেহেতু তাহাও ক্রমাগত হইল। এবঞ্চ পৈতামহ ধন পদে স্বর্গ-জনক জন্মরূপ সম্বন্ধাধীন লব্ধধন ব্যাখ্যা করিলে কোন দোষ নাই, যেহেতু 'পুত্র-পৌত্র-প্রপৌত্র-দ্বারা বংশের অবিচ্ছেদ ও স্বর্গ প্রাপ্তি হয়,' এই বচনে এবং 'পুত্র-দ্বারা লোকজয়ী হয়, পৌত্র-দ্বারা অক্ষয় স্বর্গ পায়, ও প্রপৌত্র দ্বারা সূর্য্যলোক প্রাপ্ত হয়' †, এই বচনে পুত্র-পৌত্র-প্রপৌত্রের জন্ম দ্বারা স্বর্গলাভ বোধ হইতেছে। বি. দা. ভা. দী. র. ২। ইহাই ন্যায্য। অতএব—

ইত্যাহুঃ। পরন্তু বিবাদভঙ্গার্ণবকর্ত্রাভিহিতং—"তন্নমনোরমং সহাধ্যায়িত্বাৎশ্রোত্রিয় ব্রাহ্মণাদ্বালব্ধো যো নির্ব্বন্ধুদায়স্তত্রাপি পিতাপুত্রয়োস্তুল্য স্বামিত্বাপত্তেঃ। দৌহিত্রপুত্রস্য সঙ্ক্রান্ত ধনানধিকারিত্বকল্পেতু সুতরাং পুত্রস্য ন স্বামিত্বং পিতুর্মরণেঽপি জীবনেতু তদ্বার্ত্তাপি নাস্তি। এবঞ্চ বৃদ্ধ প্রপিতামহ দায়স্যাপি ক্রমাগতত্বাভাবাৎ *। কিন্তু প্রপিতামহদায়স্য পিতামহাদি পরম্পরয়া প্রপৌত্রেণ লব্ধস্যাতু ক্রমাগতত্বমিতি তত্রপিতাপুত্রয়োস্তুল্যং স্বামিত্বমিত্যনেনৈব ব্যবস্থা উহনীয়া। যদি প্রপিতামহধনং মৃতপিতৃ-পিতামহক প্রপৌত্রঃ প্রাপ্নোতি, তদপি ক্রমাগতত্বাৎ পিতাপুত্রয়োস্তুল্যস্বামিত্বমিতি মন্তব্যং, এবঞ্চ পৈতামহে ইত্যস্য স্বর্গজনক জন্মরূপ সম্বন্ধালব্ধে ইত্যর্থইতিনকোঽপিদোষঃ। লোকানন্ত্যং দিবঃ প্রাপ্তিঃ পুত্রপৌত্রপ্রপৌত্রকৈরিতি বচনেন, পুত্রেণ লোকান্ জয়তি পৌত্রেণনানন্ত্যমশ্নুতে। অথ পুত্রস্য পৌত্রেণ ব্রধ্নস্যাপ্নোতি পিষ্টপং †, ইতি বচনেনচ পুত্র-পৌত্র-প্রপৌত্র-জন্মনাস্বর্গপ্রাপ্তি বোধনাৎ। বি. দা. ভা. দী. র. ২। যুক্তঞ্চৈতৎ। তেন—

ব্যবস্থা

৩৯৫ ক্রমাগত ধন মাত্র পৈতামহ ধনের ন্যায় ব্যবহার্য্য।

৩৯৫ ক্রমাগত ধন মাত্রে পৈতামহ বদ্ব্যবহারঃ।

৩৯৬ মাতামহাদির মরণে অর্শে যে ধন তাহা স্বোপার্জ্জিতের ন্যায় ব্যবহার করা যাইতে পারে।

৩৯৬ মাতামহাদি মরণোত্তরং লব্ধ ধনং স্বার্জ্জিত বদ্ব্যবহর্ত্তুং শক্যতে।

"পিতা যদি পুত্রদিগকে বিভাগ করিয়া দেন তবে স্বোপার্জ্জিত বিষয় যেমন ইচ্ছা সেই রূপ ভাগ করিতে পারেন"। এই বিষ্ণু-বচনের পরে—'এস্থলে নিজ পিতৃ-দ্রব্যের অনুপঘাতে পিতার অর্জ্জিত যে ধন তাহাই বোধ্য'—এই চণ্ডেশ্বর মত, এবং 'পিতৃ-দ্রব্যের অনুপঘাতে যাহা অর্জ্জিত তাহার ন্যূনাধিক বিভাগ করিতে পিতা সক্ষম' এই মিশ্রমত লিখিয়া বিবাদভঙ্গার্ণবকর্ত্তা কহেন " ইহাই ন্যায্য, পিতৃদ্রব্যের উপঘাতে যাহা উপার্জ্জিত হয়, তাহাতে দ্রব্যদ্বারা তৎপিতারও স্বত্ব থাকাতে সে দ্রব্য (পিতার) পৈতৃকই হওয়া ন্যায্য"। কিন্তু এই মত বঙ্গদেশাদৃত নয়, যেহেতু এতদ্দেশে জন্মাধীন স্বত্ব স্বীকৃত না হওয়াতে পিতামহ হইতে পিতাকে অর্শে যে ধন তাহা তৎকালে পিতার বলিয়াই স্বীকৃত, অতএব তাদৃশ ধনের উপঘাতে পিতার অর্জ্জিত যে ধন তাহা সুতরাং পিতারই, পৈতামহ নয়। বি. দা. ভা. দী. র. ১।

"পিতাচেৎ পুত্রান্ বিভজেৎ তস্য স্বেচ্ছাস্বয় মুপাত্তেঽর্থে"। ইতি বিষ্ণুবচনানন্তরং 'অত্র স্বপিতৃ দ্রব্যানুপঘাতেন পিত্রার্জ্জিত ধন বিষয়মেতদিতি 'চণ্ডেশ্বরমতং ; 'পিতৃদ্রব্যানুপশ্লেষেণ যদর্জ্জিতং তস্য সমবিভাগে বিষম বিভাগেচ পিতাঃ প্রভুরিতি'মিশ্র-মতঞ্চ স্মৃত্বাবিবাদভঙ্গার্ণবকর্ত্রাভিহিতং "যুক্তঞ্চৈতৎ, পিতৃ দ্রব্যোপঘাতেন যদর্জ্জিতং তত্র দ্রব্যদ্বারা তৎপিতুরপি অর্জ্জকত্বাৎ তৎদ্রব্যং তৎপৈতৃকমেব যুক্তং"। কিন্তুনৈতন্মতংবঙ্গদেশাদৃতং,যতোঽস্মিন্দেশেজন্মাধীনস্বত্বাস্বীকারাৎ যদ্ধনং পিতামহাৎ পিতৃগতং তৎ তদানীং পিত্রমেব স্বীকৃতং,অতস্তদুপঘাতেন পিত্রাযদর্জ্জিতংতৎসুতরাংপিতৃধনং নতু পৈতামহং। বি. দা. ভা. দী. র. ১।

---

* ধন প্রপৌত্র পর্য্যন্ত আগত হইলেই কেবল ক্রমাগত হয়, তদভাবে ধন পত্নী প্রভৃতিকে অর্শে, এবং বিশৃঙ্খল রূপে দায়াদ কএক জনের অভাবে পুনর্ব্বার গোত্র-গামি হয়।

† দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৩৩৫।

from ancestors : and legislators have not distinguished property devolving eventually on collaterals or on descendants in the female line." Against this JAGANNA'THA affirms : "That reply is not satisfactory ; for, when the heritage of one who leaves no kinsman devolves on a fellow student, or on a learned priest, the father and son would have equal dominion. In the case where the son of a daughter's son does not succeed to property eventually devolving on a distant heir, by failure of the direct descent in the male line, surely that son has no dominion if his father be dead ; but, if his father be living, he is not even noticed. The very same exposition is proper in respect of the heritage devolving, from the father of the paternal great-grandfather, on the grandson of his grandson ; for that has not regularly descended* from ancestors. But the heritage of the paternal great-grandfather, successively devolving on his son and the rest until it reach the great-grandson, has regularly descended, in that case the rule of equal dominion vested in father and son must be argued : however, when a great-grandson, whose father and grandfather are both dead, succeeds to the estate of his paternal great-grandfather, he and his son have equal dominion. There is no objection to explain 'property left by the paternal grandfather' an estate inherited in right of birth whereby the ancestor attains a region of bliss ; for texts show, that a man reaches heaven by the birth of a son, of a son's son, and of the son of that grandson.†" Coleb. Dig. Vol. III. pp. 61—63.

This opinion of JAGANNA'THA is reasonable and just. Consequently,

**395** The property regularly descended is to be treated like that devolved from the paternal grandfather. Vyavasthá

**396** The property devolved from the maternal grandfather and the rest can be used as self-acquisitions.

"If a father make a partition between himself and his sons, he may give or reserve, at his pleasure, any part of his acquired wealth :" after this text of VISHNU, the author of *Vivádabhangárnava*, having cited the following opinions of CHANDESHWARA (1), and MISSRA (2):—"This concerns wealth acquired by the father without using the patrimony which had descended from his own father" (1); "what has been acquired without adventuring patrimony, a father has power to distribute in equal or unequal shares (2)"—says : "that is reasonable ; for, what is gained on the adventure of property left by his father, being considered as an acquisition of his father, by means of that property adventured, is deemed a part of his patrimony." (Dig. II. p. 539). This however is not the doctrine of the Bengal school, according to which, the inchoate right arising from birth not having been admitted, the son has no right to his grandfather's property wihile the father lives : so, any thing acquired by the use of the grandfather's property devolved on the father, and which is then held to be the father's, is of course his own acquired property, and not a part his patrimony.

* Regular descent extends only to the great-grandson ; on failure of him the estate devolves on the wife, &c. but after some deviations the line of successions reverts to the lineal kindred.

† *Ante* p. 33.

## অথ পিতৃকৃত পৈতামহধন-বিভাগ—

পিতা যদি পুত্রদিগকে বিভাগ করিয়াদেন, তবে স্বার্জ্জিত ধনে যেমত ইচ্ছা তেমনি করিতে পারেন। কিন্তু পৈতামহ ধনে পিতা পুত্রের তুল্যাধিকার (প) বিষ্ণু।

পিতাচেৎ পুত্রান্ বিভজেৎ তস্যস্বেচ্ছা স্বয়মুপাত্তেঽর্থে পৈতামহেতু পিতাপুত্রয়োস্তুল্যং স্বাম্যং (প)। বিষ্ণুঃ।

(প) পৈতামহ ধনে পিতা পুত্রের তুল্যাধিকার ইহা বলাতে—পিতা থাকিতেই তৎপিতৃধনে (পুত্রের) স্বামিত্ব কথিত হয়, কিন্তু একথা পূর্ব্বেই খণ্ডিত হইয়াছে, অতএব পিতারই স্বত্ব, তবে যে তুল্য স্বামিত্ব উক্ত হইয়াছে সে কেবল বিভাগে ব্যতিক্রম না করেন এই নিমিত্তে *।

(প) পৈতামহেতু পিতাপুত্রয়োস্তুল্যংস্বামিত্বমিতানেন সত্যেব পিতরি তত্পিতৃধনে স্বামিত্বমুক্তং তস্য পূর্ব্বমেব নিরস্তত্বাৎ পিতুরেব স্বত্বং তত্রচ বিভাগে বৈলক্ষণ্যাভাবায় তুল্যং স্বামিত্বমিত্যুক্তং *।

অস্বামি পুত্রে স্বামিত্বারোপিত হওয়াতে স্বামিগত ধর্ম্মমাত্র অর্থাৎ সর্ব্বধন-বিভাগ-প্রার্থনা করিতে এবং বিষম বিভাগ নিবারণ করিতে ক্ষমতা লভ্য এই জীমূতবাহনাদিমত সিদ্ধ। পিতার তুল্যাংশ গ্রহণে ক্ষমতা পাওয়া যায় না যেহেতু তাহা জীমূতবাহন কর্ত্তৃক স্বীকৃত হয় নাই *।

অস্বামিনি পুত্রে স্বামিত্বারোপাৎ স্বামিগত ধর্ম্মএব লব্ধব্যঃ সর্ব্বধন বিভাগে স্বতন্ত্রত্বং জীমূতবাহনাদি মতসিদ্ধং বিষমবিভাগ নিবর্ত্তকঞ্চ বিনিগমনা-বিরহাৎ নতু পিতৃতুল্যাংশগ্রাহিত্বং জীমূতবাহনেন ন তথা অঙ্গীকারাদিতি *।

ব্যবস্থা **১৯৬ পিতামহের ধন পিতা বিভাগ করিলে, নিজে দুই অংশ লইয়া পুত্রদিগকে এক এক অংশ দিবেন †।**

**১৯৬ পিতৃকৃত পিতামহধন বিভাগে পিতা-স্বয়মংশদ্বয়ং গৃহীত্বা পুত্রেভ্য একৈকাংশং দদ্যাৎ †।**

কারণ ও প্রমাণ যেহেতু "পিতার জীবনকালে বিভাগ হইলে তিনি স্বয়ং দুই ভাগ লইবেন" এই বৃহস্পতি বচন পিতামহ-ধনবিষয়ক *।

জীবদ্বিভাগেতু পিতা গৃহ্ণীতাংশদ্বয়ং স্বয়মিতি পিতামহধন গোচরবৃহস্পতিবচনাৎ *।

পৈতামহ ধন পিতা বিভাগ করিলে আপনি দুই অংশ লইবেন, ইহা নারদও অবিশেষে কহিয়াছেন।

দ্ব্যংশৌ প্রতিপদ্যেত বিভজন্নাত্মনঃ পিতেতি নারদেনাবিশেষেণ প্রতিপাদনাচ্চ। দা. ভা. প. ৪৫।

"স্থাবর বা অস্থাবর পৈতামহ ধন প্রাপ্তি হইলে তাহাতে পিতাপুত্র উভয়ই সমভাগি কথিত" এই বৃহস্পতি বচনে বিভাগে সমানাধিকার হয়, স্বোপার্জ্জিত ধনের ন্যায় ইচ্ছাক্রমে পিতা ন্যূনাধিক ভাগ দিতে পারেন না, পরন্তু তাহার অর্থ ইহা নয় যে পিতা পুত্রের অংশ সমান হইবে। দা. ভা. ৫৬। অতএব—

যচ্চ বৃহস্পতিবচনং—"দ্রব্যে পিতামহোপাত্তে স্থাবরে জঙ্গমে তথা। সমমংশিত্বমাখ্যাতং, পিতুঃ পুত্রস্যচৈবহি"॥ অংশিত্বং সমং সমানং, নচ স্বেচ্ছয়া স্বোপাত্তধনবৎ ন্যূনাধিকবিভাগং দাতুমর্হতি ন পুনরংশঃ সম ইতি তস্যার্থঃ। দা. ভা. ৫৬। তেন—

ব্যবস্থা **১৯৭ ক্রমাগত ধন হইতে পিতা দুই ভাগ গ্রহণ করিবেন। তদধিক ইচ্ছা করিলেও লইতে পারিবেন না। দা. ভা. ৬৪।**

**১৯৭ ক্রমাগতধনাৎ ভাগদ্বয়ং পিতাস্বয়ং গৃহ্ণীয়াৎ। অতোঽধিকমিচ্ছন্নপি নার্হতীতি। দা. ভা. ৬৪।**

**১৯৮ পূর্ব্বোক্ত গুণবত্ত্বাদি কারণে ও ভূমি নিবন্ধ বা দ্বিপদ রূপ পৈতামহ ধনের ন্যূনাধিক বিভাগ দিতে পিতার ক্ষমতা নাই †।**

**১৯৮ পূর্ব্বোক্ত গুণবত্ত্বাদি নিমিত্তেনাপি পিতামহধনস্য ভূ নিবন্ধ দ্বিপদান্যতমরূপস্য ন্যূনাধিকদানে পিতুর্নপ্রভুত্বং †।**

* দ্রষ্টব্য—বি. দা. ভা. দী. র. ২। কোল্. ডা. বা. ৩, প. ৩৭ ও ৪১।

† দা. ক্র. সং. প. ৪৪ ও ৪৫। উ. দা. ক্র. সং. প. ২৫ ও ২৬।

## PARTITION MADE BY A FATHER OF THE PROPERTY ANCESTRAL.

When a father separates his sons, (from himself,) his will regulates the division of his own acquired wealth; but, in the estate inherited from the grandfather, the ownership (i) of the father and son is equal. VISHNU.

(i) Ownership or dominion over the father's estate during his life is not propounded by declaring the equal dominion of father and son over property inherited from the grandfather; for that inference has been already disproved. But the father alone has absolute property; and equal dominion is affirmed to show that no unequal distribution can be made in this case.*

The ownership being figuratively attributed to the son, though he be not the true owner, a right attendant on ownership is alone assumed: and that right consists, according to JI'MU'TA-VA'HANA in the power of claiming partition, and in that of resisting unequal division; for there is no ground for selecting one of these rights to the exclusion of the other. It does not consist in taking an equal share with the father; for that is not acknowledged by JI'MU'TAVA'HANA.*

**196** When the father makes a partition of the ancestral property, he may take two shares for himself, and allot to each of his sons a single share.† *Vayavasthá*

For the text of VRIHASPATI, which declares: "The father may himself take two shares at a partition made in his life-time," relates to ancestral property.† *Reason & authority*

NA'RADA also saying: "Let the father, making a partition, reserve two shares for himself;" do so ordain without restriction. Dá. bhá. p. 35.

As for the text of VRIHASPATI: "In wealth acquired by the grandfather, whether it consist of movables or immovables, the equal participation of father and son is ordained:" its meaning is, that the participation shall be equal or uniform, and the father is not entitled to make a distribution of greater or less shares at his choice, as he may do in the instance of his own acquired goods. It does not imply that the shares must be alike. (Dá. bhá. p. 42.) Consequently,

**197** A father may reserve for himself two shares of wealth which has regularly descended in succession (from ancestors:) he is not entitled to more, however desirous of it he may be. Dá. bhá. p. 49. *Vyavasthá*

**188** A father has not power to make an unequal distribution of ancestral property, consisting either of land, or a corrody, or slaves, even though (any of) the causes before mentioned, namely superior qualifications, &c. exist.†

* Coleb. Dig. Vol. III. pp. 36 and 43.
† W. Dá. kra. Sang. pp. 95, 96.

যেহেতু পিতামহের প্রাপ্ত যে ভূমি নিবন্ধ অথবা দ্রব্য, তাঁহাতে পিতাপুত্র উভয়েরই তুল্য স্বামিত্ব—এই যাজ্ঞবল্ক্য বচনে পিতার যথেচ্ছা ব্যবহার নিবারণ হইয়াছে *।

ভূর্যা পিতামহোপাত্তা নিবন্ধোদ্রব্যমেব বা। তত্রস্যাৎ সদৃশং স্বাম্যং পিতুঃপুত্রস্যচোভয়োরিতি পিতুঃ স্বাচ্ছন্দ্যনিবৃত্তিপর যাজ্ঞবল্ক্য বচনাৎ *।

অতএব পিতার প্রসাদাৎ অর্থাৎ ভক্তত্ব বহুপোষ্যত্ব বা অক্ষমত্ব জন্য কৃপাতে পৈতামহ স্থাবর ধন কোন পুত্রকে বিষম বিভাগ রূপে দত্ত হইলে সে তাহা ভোগ করিতে পারিবে না, যেহেতু ইহা পিতাপুত্রের সম স্বামিত্ব সূচক বচনানুমত। বি দা. ভা. দ্বী. র. ২।

অতএব পিতুঃ প্রসাদাৎ ভক্তত্ব বহুপোষ্যত্বাক্ষমত্ব নিবন্ধন প্রসাদাৎ পৈতামহং স্থাবরং (বিষম) বিভাগরূপেণ দত্তং ন ভুঞ্জাতে পিতাপুত্রয়োস্তুল্যং স্বামিত্বমিত্যেকবাক্যত্বাৎ। বি. দা. ভা. দ্বী. র. ২।

ব্যবস্থা ১৯৯ কিন্তু মণি মুক্তাদি পৈতামহ অস্থাবর ধন পিতার উদ্ধৃত নাহইলেও স্বার্জ্জিতের ন্যায় তাহাতে পিতারই প্রভুত্ব, তিনি তাহা ন্যূনাধিক ভাগ করিতে পারেন *।

১৯৯ মণিমুক্তাদৌতু পুনঃ পৈতামহেপিত্রনর্জ্জিতেঽপি স্বার্জ্জিতইব পিতুরেবস্বাম্যং ন্যূনাধিকদানার্হত্বং *।

কিন্তু যেস্থলে ভূম্যাদি নাই কেবল মণ্যাদি আছে সেস্থলে পিতা সমস্ত ব্যয় করিতে প্রভু নহেন যেহেতু হেতুতে বিশেষ নাই, এবং তৎপ্রভুত্ব জ্ঞাপক বচন উভয় রূপ ধন থাকিলে খাটে *।

যত্রতু ভূম্যাদিকং নাস্তিমণ্যাদিরেবাস্তি তত্র ন সর্ব্বব্যয়ে প্রভুত্বং হেতোরবিশেষাৎ তৎপ্রভুত্ববচনন্তূভয় সদ্ভাববিষয়মিতি *।

পরন্তু গুণবান্ জ্যেষ্ঠাদিকে বিংশোদ্ধারাদি দিলে বিষম বিভাগ হয় না যেহেতু তাহা বিষম ভাগস্বরূপ নয়, এবং ন্যূনাধিক বিভাগইকেবল নিষিদ্ধ হইয়াছে।

পরন্তু গুণবতে জ্যেষ্ঠাদি পুত্রায় বিংশোদ্ধারাদি দানে ন বিষমবিভাগাশঙ্কা তস্য বিষমবিভাগরূপত্বাভাবাৎ, ন্যূনাধিক বিভাগস্যৈব নিষেধাদিতি †।

ব্যবস্থা **২০০ পিতা পুত্রকে যেমত তদ্‌যোগ্যাংশ দিবেন তেমনি পিতৃহীন পৌত্রকে এবং পিতৃপিতামহহীন প্রপৌত্রকে তত্তৎপিতৃ পিতামহ যোগ্যাংশ দিবেন।**

**২০০ পিত্রা যথা পুত্রায় তদ্‌যোগ্যাংশোদাতব্যস্তথা মৃতপিতৃক পৌত্রায় মৃতপিতামহক প্রপৌত্রায় চ তত্তৎ পিতৃপিতামহ যোগ্যাংশো দাতব্যঃ।**

ইহার বিস্তার ভ্রাতৃবিভাগে দ্রষ্টব্য।

এতত্ প্রপঞ্চিতং ভ্রাতৃবিভাগে।

"পৈতামহ ধনের-ও ন্যূনাধিক বিভাগ দত্ত হইলে, পুনর্ব্বার বিভাগ হইবে না, কিন্তু পিতার অধর্ম্ম মাত্র হইবে। যদ্যপি জীমূতবাহন কহিয়াছেন যে 'পিতা নিজধন ন্যূনাধিক ভাগ করিলে তাহা ধর্ম্ম্য, তথাপি তাঁহার আশয় এই বোধ হইতেছে যে পিতার নিজ ধনে প্রভুত্ব থাকাতে তাহা ন্যূনাধিক ভাগ করিলে ধর্ম্ম্য পরন্তু পৈতামহ বিষয়ের তাদৃশ বিভাগ ধর্ম্ম্য নয়।

"পৈতামহেঽপি ন্যূনাধিক বিভাগদানে ন পুনর্বিভাগঃ, কিন্তু পিতুরধর্ম্মএব। যদুক্তং জীমূতবাহনেন ন্যূনাধিকবিভাগঃ পিতৃকৃতঃ পিতৃধনএবায়ং ধর্ম্ম্য ইতি তথাচ পিতৃধনে প্রভুত্বাৎ কৃত ন্যূনাধিক বিভাগো ধর্ম্ম্যঃ পৈতামহেতু অধর্ম্ম্যইতি তদাশয়োঽবগম্যতে"।

বিবাদভঙ্গার্ণবকর্ত্তা জীমূতবাহনের আশয় টানিয়া এই অভিনব মত ব্যক্ত করিয়াছেন, কিন্তু ইহা যথার্থ নয়,—কেমনা জীমূতবাহনের যদি তেমত আশয় হইত তবে যেমত "দান বিক্রয় করা নিষিদ্ধ হইলেও তৎকরণে বিধ্যতিক্রম মাত্র হয় দানাদি অসিদ্ধ হয় না" লিখিয়াছেন, পৈতামহ স্থাবরধন বিভাগ বিষয়েও তদ্রূপ লিখিতেন। বস্তুতঃ কি জীমূতবাহন কি অন্য প্রামাণ্য গ্রন্থকর্ত্তারা কেহই এমত লিখেন নাই যে

বিবাদভঙ্গার্ণবকর্ত্তা জীমূতবাহনস্যাশয়মাকৃষ্য ইদমভিনবমতং ব্যক্তীকৃতং, তন্নন্যায্যং—যদি জীমূতবাহনস্য তাদৃশাশয়স্থিতস্তদা যথাতেন "দান বিক্রয় কর্ত্তব্যতা নিষেধাৎ তৎকরণাৎ বিধ্যতিক্রমোভবতি নতু দানাদ্যনিষ্পত্তিরিতি" বিশেষেণ লিখিতং তথা বিভাগেঽপি লিখিতমভূৎ। বস্তুতো ন জীমূতবাহনেন নাপ্যন্যৈঃ কৈঃ প্রামাণিক নিবন্ধৃভিরেবমুক্তং যৎ পৈতামহ স্থাবর ধনস্য বিষম বিভাগোঽসিদ্ধো ন

* দ্রষ্টব্য—দা ক্র. সং, পৃ ৪৫ এবং ব্য. দ. পৃ. ৩৭২ ও ৩৭৪। † দা. ভা. পৃ. ৭৯।

**For the text of JA'GNYAVALKYA, which declares— "The ownership of the father and son is the same in land which was acquired by the father's father, or in corrody, or in chattels," is intended to restrain the exercise of the father's will.***

**Consequently, immovable property inherited from the grandfather, and given or (unequally) divided through the indulgence of the father, or through his favour, in consideration of filial piety, of a large family to maintain, or of inability to earn a livelihood, shall not be consumed nor enjoyed (as so distributed); for this coincides with the text which declares the equal dominion of father and son.** Coleb. Dig. Vol. III. p.41.

199 The father has ownership in gems, pearls, and other movables, though inherited from the grandfather, and not recovered by him, just as in his own acquisitions, and has power to distribute them unequally,† provided the estate does not consist only of these.* Vyavasthá

100 But where the (grandfather's) estate consists not of land, corrody, and slaves, but only of gems and other movable property, there the father has not power to consume or dispose of all; since the reason is the same, and the text which declares the father to be *master* applies where the estate consists of both movable and immovable property.*

But if the father give a deduction of a twentieth part and so forth, to a virtuous or qualified eldest son and the rest, it is not an unequal distribution; for it is not of the nature of an unequal distribution; and the allotment of greater or less shares only is forbidden.†

200 As the father should give to his son his proper share, so should he give to his grandson whose father is dead, and to his great-grandson whose father and grandfather are dead, shares which their father and grandfather were respectively entitled to have. Vyavasthá

"Should an unequal distribution of the property inherited from the grandfather be nevertheless made, a second partition cannot be requested, but the father is guilty of a moral offence; as is intimated by JI'MU'TAVA'HANA in these words: 'unequal distribution made by the father is only lawful, (morally considered), in respect of property acquired by himself.' Consequently, since the father has full power over wealth which he himself acquired: his unequal distribution of it is lawful; but in respect of property inherited from the grandfather, that (unequal distribution morally considered) is unlawful. This appears to be his meaning."

Thus JAGANNA'THA has expressed a new opinion on the plea of such being the meaning of JI'MU'TAVA'HANA. This is not however right. For if such had been the meaning of that author, then, as in respect of sale and gift he has said: 'since it is denied, that a gift or sale should be made, the precept is infringed by making one; but the gift or transfer is not null;" (32) so also in respect of partition of ancestral real property, he would have declared a similar opinion. But neither he nor any of the leading authorities of the Bengal school has laid down that if the precept of the law is infringed in the distribution of ancestral real property, the partition shall

* Ante, pp. 363, 365. & W. Dá kra. Sang. p. 96. † See Coleb. Dá. bhá. pp. 29 & 53.

পৈতামহ স্থাবর ধনের বিষম বিভাগ হইলেও সে বিভাগ অসিদ্ধ হইবে না। অধিকন্তু নিম্নে উল্লিখিত অভিযোগে ভূরি২ প্রমাণদ্বারা ব্যবস্থাপিত এবং বিচারে স্থিরীকৃত হইয়াছে যে পৈতামহ স্থাবর ধনের বিষম বিভাগ অশাস্ত্র ও অসিদ্ধ।

তবেৎ, কিঞ্চ নানা প্রমাণৈরেবং ব্যবস্থাপিতং প্রাড্বিবাকৈঃ বিচার্য্য স্থিরীকৃতঞ্চ যৎপৈতামহ স্থাবরধনস্য বিষম বিভাগোঽশাস্ত্রীয়ঃ অসিদ্ধশ্চ।

## ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় আপিলাণ্ট—বনাম—রামকান্ত বন্দ্যোপাধ্যায়ের উত্তরাধিকারিগণ রেস্পণ্ডেণ্ট্।

১৭৪। ১৭৫। ১৭৬। ১৭৭। ১৭৮। ১২৮ ও ১৯২ সংখ্যক ব্যবস্থার নজীর।

এই মকদ্দমার আপীলাণ্ট জিলা চব্বিশপরগণার দেওয়ানী আদালতে নিজ পিতা রামকান্ত ও ভ্রাতা গয়ারাম ও আনন্দচন্দ্রের এবং অন্য ভ্রাতা লক্ষ্মীনারায়ণের পত্নী মোসম্মাৎ তারামণি ও পার্ব্বতীর নামে নালিশ উপস্থিত করে। এই নালিশের অল্পকাল পূর্ব্বে রামকান্ত এক বিভাগপত্র লিখেন, তাহাতে নিজ পৈতামহ ও স্বার্জ্জিত এবং স্থাবরাস্থাবর বিষয়ের অল্প অংশ আপনার বর্ত্তন নিমিত্তে ও ধর্ম্মকর্ম্মার্থে রাখিয়া পুত্রগণের মধ্যে বিষয় অসমান ভাগ করিয়া দেন। ঐ বিভাগপত্র রীতিমত রেজিষ্টরী হইয়াছিল, কিন্তু তদনুসারে কার্য্য করণের উদ্যোগ হওয়াতে এই মকদ্দমা উপস্থিত হয়।

ঐ বিভাগপত্রের অসিদ্ধি বিষয়ে বাদী যে২ আপত্তি করে তাহা এই যে, ঐ পত্র তাহার অজ্ঞাতসারে লিখিত হয়, এবং যৎকালে তৎপিতা ঐ বিভাগপত্র লিখিয়া দেন তখন তাঁহার বয়স অশীতি বৎসরের অধিক হইয়াছিল ও তাঁহার সম্পূর্ণ জ্ঞান ছিল না। অপিচ তাহার (অর্থাৎ বাদির) ভ্রাতা লক্ষ্মীনারায়ণের জীবনকালে ঐ লক্ষ্মীনারায়ণের পত্নীদের নাম ঐ বিভাগপত্রে ধরা যাইতে পারে না, যেহেতু তাহাদের অংশ পাইতে অধিকার নাই; অধিকন্তু বাদীর অসাধারণ বিষয়ও উক্ত দলীলভুক্ত করা হইয়াছে। অপরঞ্চ ঐ দলীলে বাণিজ্যের বিষয় এবং পৈতৃক বিষয়াদি বিশেষ করিয়া লিখা হয় নাই।

প্রতিবাদী রামকান্ত আপন জওয়াবে ওজর করেন যে পুত্রগণের মধ্যে স্থাবরাস্থাবর বিষয় তিনি যেমত উপযুক্ত বোধ করেন তেমত বিভাগ করিতে তাঁহার ক্ষমতা আছে; অপরিমিতাচার ও কুব্যবহারের নিমিত্তে লক্ষ্মীনারায়ণকে নিরাশ করিয়া তদংশ তৎপত্নীদিগকে দেওয়া গিয়াছে এই আশয়ে যে সে এককালে নিস্স্ব না হয়; সমুদয় পৈতামহ ধন বিভাগপত্রে ধরা হইয়াছে; এবং অবশেষে তিনি (অর্থাৎ রামকান্ত) বাণিজ্য বিষয়ের যেমত উচিত বুঝেন তেমত বিভাগ করিবেন।

জিলার জজের এই রায় হইল যে, বাদী ভাগীরূপে বিভাগপত্রে উল্লিখিত না হওয়াতে তাহা অসিদ্ধ ও অশাস্ত্রীয়, এবং অবিভক্ত পৈতামহ ধন-বিভাগ করণের পূর্ব্বে প্রতিবাদি-রামকান্তকে সকল পুত্রের সম্মতি লওয়া উচিত ছিল। এতাবতা ঐ বিভাগপত্র অকিঞ্চিৎ ও অকর্ম্মণ্য বিবেচিত হইয়া ডিক্রী হইল যে তাহা রদ হয়; বাদী তৎকালে যে বস্তু অধিকার করিয়াছিল ও স্বয়ং উপার্জ্জন করিয়াছিল তাহার দখল তাহাকে দেওয়ান যায়, এবং রামকান্তের মৃত্যুর পর সাধারণ বিষয় বিভাগ করা যায়।

প্রবিন্স্যাল্ কোর্টে আপীল উপস্থিত হইলে উক্ত ডিক্রী সর্ব্বথা ভ্রমময় বিবেচিত হইল। বাদী যে অস্থাবর বিষয় স্বার্জ্জিত স্বত্ব বলিয়া দাবী করিয়াছিল তাহা সপ্রমাণ বিবেচিত হইল না; এবং পৈতামহ ধনের তৃতীয়াংশে তাহার যে দাবী তাহা অগ্রাহ্য বিবেচিত হইল এই কারণে যে পিতার জীবনকালে পুত্র তাদৃশ ধনের বিভাগের নিমিত্তে নালিশ করিতে পারে না। আপীল রুজু থাকা কালীন (বাদির) পিতা রামকান্তের মৃত্যু হওয়াতে আদেশ হইল যে তাহার উত্তরাধিকারিরা যদি অসন্তুষ্ট হয় তবে আদালতে নালিশ করিতে ক্ষমতা রাখে, ঐ নালিশ হইলে মৃতের ধনের বিভাগ শাস্ত্রীয় ব্যবস্থার উপর নির্ভর করিবে।

তৎপরে এই ফয়সনার উপর সদর দেওয়ানী আদালতে আপীল হয়। প্রবিন্স্যাল্ কোর্টে আপীল দাএর থাকা কালীন ভবানীচরণ ঐ আদালতে এক দরখাস্ত এই প্রার্থনায় করে যে রামকান্তের বিষয় ক্রোকের হুকুম হয়, তাহা হইলে, তবে রামকান্তের মৃত্যুর পর সে (অর্থাৎ বাদী) নিজ যোগ্যাংশ পাইবার

not be invalid. Add to this, in the following case, it has been established by a mass of authorities, and determined after an ample discussion, that unequal distribution of ancestral real property is illegal and invalid.

## BHAWA'NI' CHARN BA'NARJYA' APPELLANT *versus* THE HEIRS OF RA'M KA'NTA BA'NARJYA' RESPONDENTS.

*Cases* bearing on the Vyavasth Nos. 174, 175, 176, 177, 1? 198 & 199.

The appellant in this case brought an action in the Zillah court of the 24-Pergunnahs against his father Rám Kánta, his brothers Gayárám and A'nanda Chandra, and against Musst. Táramani and Musst. Párbatí, wives of his brother Lakkhínáráyan. A short time before the institution of the suit, Rám Kánta had executed a *hissanámah* or deed of partition, allotting unequal shares of his estate, movable and immovable, ancestral and acquired, among his sons, after deducting a small portion of the estate for his own support and for charitable purposes. The deed of partition was duly registered; but on an attempt being made to carry it into effect, this suit was instituted.

The objections urged by him against the validity of the deed of partition are:—that it was written without his knowledge; that his father was more than eighty years of age when he executed it, and not in full possession of his senses; that during the lifetime of his brother Lakkhínáráyan, the wives of that person could not be legally included in the deed, as they had no right to a share; that the deed included his exclusive property; and that the deed contained no specification of the mercantile concerns or of the patrimonial estate and so forth.

The defendant Rám Kánta pleaded in answer that he had a right to make such partition among his sons, as he considered proper, of his estate real and personal; that with respect to Lakkhínáráyan, he had been excluded on account of his extravagance and bad conduct, and his share assigned to his wives, in order that he might not be left wholly destitute; that all the ancestral estate had been included in the deed of partition; and lastly, that he, Rám Kánta, would hereafter make such disposition of the mercantile concerns as he should judge proper.

The Zillah judge was of opinion that, as the plaintiff was not a party to the deed of partition, that instrument was invalid and illegal; as it was incumbent on the defendant Rám Kánta to have obtained the consent of all his sons previously to making a partition among them of joint ancestral property. A decree was therefore passed for setting aside the deed of partition as void and of no effect. Possession as usual, of what he then held and had personally acquired, was awarded to the plaintiff, the joint property to be legally distributed after the death of Rám Kánta.

On appeal to the Provincial Court of Calcutta, the above decree was considered as erroneous in every respect. The title of the plaintiff to the immovable property claimed by him, on the ground of its being his own exclusive acquisition, was considered as not being proved; and his claim to a third of the ancestral property was held to be inadmissible, because during a father's lifetime a son cannot sue for a division of such property; Rám Kánta the father, however, having demised pending the appeal, his heirs were declared to be at liberty to sue, if dissatisfied, in a court of justice, when the division of the property of the deceased would entirely depend on an exposition of the Hindu law.

This decision was appealed from to the Sudder Dewanny Adawlut. Bhawání Charan, while the appeal was pending in the Provincial Court, presented a petition to that court, praying that the property of Rám Kánta might be attached, in order that, after the death of that person, he might be able to

খাতিরজম্য পাইতে পারে। এই দরখাস্ত গ্রাহ্য হইয়া বিষয় ক্রোকের হুকুম সাদের হয়। কিন্তু রামকান্ত এই হুকুমের কার্য্য নিবারণ নিমিত্তে উচ্চ আদালতে দরখাস্ত করে এই হেতুতে যে তাঁহার লিখিত বিভাগ পত্রানুসারে কার্য্য হয় নাই; তখন পর্য্যন্ত তাঁহার বিষয় তাঁহারই দখলে আছে; এবং তিনি যে পর্য্যন্ত বাঁচিবেন সে পর্য্যন্ত কাহারো যোগ্যতা নাই যে ঐ বিষয়ের (তাহা স্থাবর বা অস্থাবর স্বার্জ্জিত বা পৈতামহ হউক) কোন অংশ দাওয়া করে। উচ্চ আদালতে এই সকল আপত্তি শাস্ত্রমূলক বোধ হওয়াতে প্রবিন্স্যাল কোর্টের প্রতি উক্ত হুকুম ফিরাইতে আদেশ হইল।

এই সকল অবস্থায় উক্ত বিভাগ পত্রের শর্ত্ত সকল আমলে না আসাতে সদর দেওয়ানী আদালতের দ্বিতীয় জজ শ্রীযুক্ত কল্বেল্ সাহেব (যাঁহার নিকটে এই মকদ্দমা প্রথমে শুনানি হয়,) এই বিবেচনা করিলেন যে পণ্ডিতদিগের নিকট ব্যবস্থা জিজ্ঞাসা করিলেই কেবল এই মকদ্দমার দোষ গুণ অবধারণ করা যাইতে পারে। তন্নিমিত্তে উক্ত বিভাগপত্র পণ্ডিতদিগের নিকট প্রেরিত হইল, এবং নিম্ন লিখিত প্রশ্নের উত্তর জিজ্ঞাসা করা গেল।

১। উক্ত বিভাগপত্রে ধৃত ধন তল্লেখক রামকান্তের পৈতৃক অথবা স্বার্জ্জিত হউক তাদৃশ বিভাগপত্র শাস্ত্রানুসারে সিদ্ধ কি না?

২। ঐ বিভাগপত্রে লিখিত বিষয়ের দখল যদি রামকান্ত ঐ দলীলে উল্লিখিত ব্যক্তিগণকে না দিয়া থাকে এবং তাহা পরিবর্ত্তন কিম্বা খণ্ডন না করিয়া অথবা তল্লিখিত বিষয় আর কোন রূপে হস্তান্তর না করিয়া যদি রামকান্ত মরিয়া থাকে তবে তাহার মৃত্যুর পর তাদৃশ বিভাগপত্র মানিতে তাহাতে লিখিত ব্যক্তিরা অথবা তাহাদের উত্তরাধিকারিরা বাধিত কি না?

৩। হিন্দু ধর্ম্ম-শাস্ত্রানুসারে উক্ত বিষয়ের দানাদি করিতে এবং এক পুত্রকে অংশ হইতে নিরাশ করিয়া তৎপুত্রের পত্নীদ্বয়কে অংশ দিতে উক্ত রামকান্তকে ক্ষমতা ছিল কি না?

এই সকল প্রশ্নের প্রতি পণ্ডিতেরা যে উত্তর করিলেন তদ্‌যথা—

১। পিতৃকৃত পৈতামহ ধন-বিভাগে ধর্ম্মশাস্ত্রে দুই প্রকার বিধান করিতেছেন। প্রথম এই যে ধন বিংশতি ভাগে বিভক্ত করিয়া তন্মধ্যে এক ভাগ জ্যেষ্ঠের নিমিত্তে উদ্ধার করিয়া রাখিয়া অবশিষ্ট ধন তাবৎ পুত্রগণকে সমান ভাগ করিয়া দেওয়া। দ্বিতীয় এই যে জ্যেষ্ঠের নিমিত্তে কোন বিশেষ অংশ উদ্ধার করিয়া না রাখিয়া সকল পুত্রকে সমান ভাগ করিয়া দেওয়া*। যেহেতু শাস্ত্রমত এই যে পৈতামহ ধনে পিতা ইচ্ছানুসারে ন্যূনাধিক বিভাগ পুত্রগণকে দিতে পারেন না, অতএব উক্ত বিভাগ পত্রের যে অংশ বিষম বিভাগ-বোধক তাহা সিদ্ধ নয় এবং তাহাতে উল্লিখিত ব্যক্তিরা তাহা মানিতে বাধ্য নয়। স্বার্জ্জিত বিষয়ে শাস্ত্রের মত এই যে পিতা পুত্রদিগকে ন্যূনাধিক বিভাগ দিতে পারেন। যদি কোন পুত্রকে সদ্গুণ নিমিত্ত সম্মান-চিহ্ন স্বরূপ অধিক দিতে কিম্বা বহু পোষ্য হেতু প্রতিপালনার্থ অথবা অক্ষমত্ব প্রযুক্ত কৃপাতে কোন পুত্রকে অধিক দিতে পিতা ইচ্ছা করেন তবে এমত করিলে তিনি ধর্ম্মকারী হইবেন। অতএব বিভাগপত্রের যে অংশ স্বার্জ্জিত ধনের সহিত সম্বন্ধ রাখে তাহা মানিতে তল্লিখিত ব্যক্তিরা এবং তাহাদের উত্তরাধিকারিরা বাধিত যদি ঐ বিষম বিভাগবিধায়ক বিভাগ-পত্র পীড়াদি জন্য আকুল চিত্ততা অথবা কোন পুত্রের প্রতি ক্রোধ নিমিত্ত না হইয়া থাকে, কেননা তদবস্থায় ঐ বিভাগপত্র লিখিত হইয়া থাকিলে তাহা নিঃসন্দ অশাস্ত্রীয় এবং অসিদ্ধ।

২। বিভাগপত্রে লিখিত বিষয়ের দখল তাহাতে উল্লিখিত ব্যক্তিগণকে যদি রামকান্ত নাদিয়া থাকেন, এবং ঐ বিভাগপত্র পরিবর্ত্ত কিম্বা রদ না করিয়া অথবা তাহাতে লিখিত বিষয়ের অন্যরূপে হস্তান্তর না করিয়া মরিয়া থাকেন, তবে রামকান্তের মৃত্যুর পর এমত বিভাগপত্র মানিতে তল্লিখিত ব্যক্তিরা ও তাহাদের উত্তরাধিকারিরা বাধ্য নয়।

৩। হিন্দুধর্ম্ম শাস্ত্রানুসারে রামকান্ত নিজ বিষয়ের অংশ জীবিত পুত্রকে নিরাশ করিয়া তৎপত্নীদিগকে দিতে বিশিষ্ট কারন বিনা ক্ষমতাবান নয়।

উপরি উক্ত ব্যবস্থা দৃষ্টি করিয়া দ্বিতীয় জজ বিবেচনা করিলেন যে দ্বিতীয় প্রশ্নের প্রতি পণ্ডিতদিগের দত্ত উত্তরই সিদ্ধান্ত; মকদ্দমার দোষগুণবিষয়ে সকল পক্ষই স্বীকার করে যে রামকান্তের লিখিত বিভাগপত্রের কার্য্য তাহার জীবন কালে হয় নাই, এবং তিনি তদ্বিষয় অন্যরূপে হস্তান্তর করেন নাই, পণ্ডিতেরাও স্পষ্ট উক্তি করিয়াছেন, যে এমত অবস্থায় ঐ বিভাগপত্র অকিঞ্চিৎ ও অসিদ্ধ। অতএব দ্বিতীয় জজ্ নিজ মত

*ভ্রাতৃ বিভাগ দ্রষ্টব্য।

secure his legal share of it. This petition was complied with, and an order was issued accordingly for the attachment; but Rám Kánta petitioned the Superior Court to prevent the execution of this order, on the grounds that the deed of partition executed by him had not been carried into effect, that he still retained exclusive possession of his property, and that so long as he lived no one was competent to prefer a claim to any part of it, movable or immovable, ancestral or acquired. These objections appeared to the Superior Court to be founded on law, and the Provincial Court was directed to withdraw the order of attachment.

Under these circumstances, the provisions of the deed not having been carried into effect, Mr. Fombell, the second Judge of the Sudder Dewanny Adawlut, before whom the cause was first heard, was of opinion that the merits of the case could be ascertained only by a reference to the Hindu law officers The deed of partition was therefore referred to them, and replies were required to the following questions:

1st. Is such a deed valid according to Hindu law, whether the property specified therein was the ancestral or acquired property of Rám Kánta, the person executing the same?

2nd. In the event of possession not having been given of the property specified in the deed of partition, to the parties therein mentioned by Rám Kánta, and of his dying without altering or revoking the same, or making any other disposition of the property specified in it, is such deed binding on the parties therein mentioned and their heirs after the death of Rám Kánta?

3rd. Was Rám Kánta authorised by the Hindu law, in the disposition of the property in question, to exclude one of his sons from all participation therein, and grant shares to the two wives of the said son?

To the above interrogatories the Pandits delivered the following answers:—

1st. The Hindu law prescribes two rules for the distribution, by a father, among his sons, of ancestral property. The first is, to divide it into twenty parts, and having made a deduction of one twentieth for the eldest, equal shares of the residue are to be allotted to all his sons.* The second is, to make an equal distribution among all his sons, without deducting any specific share for the eldest. As the father cannot legally make an unequal distribution of ancestral property among his sons, according to his will, the deed of partition, as far as it goes to make such unequal distribution, is not valid, and is not binding on the parties therein mentioned. With respect to acquired property, the law permits a father to make an unequal distribution of his own acquisitions among his sons; if he be desirous of giving more to one son as a token of esteem on account of his good qualities, or for his support on account of a numerous family, or through compassion by reason of his incapacity, the father so doing acts lawfully; therefore the deed of partition, as far as it relates to the acquired property, is binding on the parties mentioned in it and their heirs, unless the deed awarding an unequal distribution was made through perturbation of mind, occasioned by disease or the like, or through irritation against any one of his sons; in which case the said deed of partition is absolutely illegal and invalid.

2nd. In the event of possession not having been given of the property specified in the deed of partition, to the parties therein mentioned by Rám Kánta, and of his dying without altering or revoking the same, or making any other disposition of the property specified in it, such deed is not binding on the parties therein mentioned and their heirs after the death of Rám Kánta.

3rd. By the Hindu law Rám Kánta was not authorised to grant shares of his property to the wives of a living son, excluding that son from all participation, unless there should be a valid reason for that measure.

After inspecting the above opinions the second judge observed, that the answer delivered by the *Pandits* to the second question was conclusive as to the merits of the case, all parties having admitted that the deed of partition executed by Rám Kánta had not been carried into effect during his life-time and that he had not made any other disposition of his property, and the law-officers having distinctly declared the deed under such circumstances to be nugatory and of no avail. The second Judge therefore

* *Vide* Partition among brothers.

লিখিলেন যে প্রবিনস্যাল্ কোর্টের ডিক্রীর ঐ অংশ বহাল থাকে যদ্দ্বারা জিলা আদালতের ডিক্রীর ঐ ভাগ রদ হইয়াছে যাহাতে বাদী তৎকালীন নিজ কথিত অধিকৃত বিষয় নিজ স্বত্বরূপে দখল পাইয়াছে (যদ্যপি প্রতিবাদিরা তদ্বিষয়ে আপত্তি করিয়াছিল এবং জজসাহেবও তাহার বিচার করেন নাই), কিন্তু ঐ ডিক্রীর ঐ অংশ যদ্দ্বারা প্রকৃত প্রস্তাবে বিভাগপত্র বহাল রহিয়াছে তাহা রদ হয়, এবং জিলা আদালতের ডিক্রীর যে অংশে ঐ বিভাগপত্র অগ্রাহ্য বিবেচনায় নামঞ্জুর হইয়াছে তাহা স্থিরতর থাকে। কিন্তু এই মকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি আর একজন জজের বিচারের অপেক্ষা রাখে। অনন্তর এই মকদ্দমা প্রধান জজের এজলাসে উপস্থিত হয়। এবং বর্ত্তমান মকদ্দমা নিষ্পত্তির কারণ যথাসাধ্য যথার্থ রূপে নির্ণয় নিমিত্তে অথচ তৎ সদৃশ আর আর মকদ্দমায় হিন্দু ধর্ম্ম শাস্ত্রের বিধান নির্ণয় নিমিত্তে পণ্ডিতদিগকে আর দুই প্রশ্ন করা হইল।

১। রামকান্তের লিখিয়া দেওয়া বিভাগপত্র যদি শাস্ত্রসম্মত এবং সিদ্ধ দলীলও হয় তথাপি উক্ত দলীলে লিখিত বিভাগ যদি বাদির বাধাসত্ত্বে রামকান্তের জীবনকালে না হইয়া থাকে তবে ঐ বিভাগপত্র অকিঞ্চিৎ ও অকর্ম্মণ্য হইবে কি না?

২। যদি রামকান্ত নিজ জীবনকালে বিভাগপত্রে লিখিত অংশসকল বাদি ভিন্ন আর আর ব্যক্তিগণকে দখল দিয়া নিজে তাবৎ সত্ত্বাধিকার-বর্জ্জিত হইয়া থাকেন তবে পৈতামহ স্থাবর ধনের বিষম বভাগ অশাস্ত্রীয় কথিত হইলেও স্থাবরাস্থাবর ও স্বার্জ্জিত বা পৈতামহ ধনে রামকান্তের কৃত তাদৃশ বিভাগ সিদ্ধ হইবে কি না?

পণ্ডিতেরা নিম্ন লিখিত কএক বিষয়ে বিভিন্ন-মত হইলেন। চতুর্ভুজ পণ্ডিত যে ব্যবস্থা দেন তন্মর্ম্ম যথা—

১। উক্ত বিভাগপত্র যদি শাস্ত্রসম্মত এবং সিদ্ধও হয় তথাপি যে দলীলের বুনিয়াদে বিষয় দখল পাওয়া হয় নাই তাহা শাস্ত্রমতে স্বত্বের প্রমাণ বলিয়া গ্রাহ্য হইতে পারে না, এবং কেবল প্রতিপক্ষের বিপরীতাচরণ নিমিত্ত দখল না পাওয়া গেলেও শাস্ত্রের এমত বিধান নাই যে তাদৃশ দলীল কর্ম্মণ্য হইবে। শাস্ত্রে আরও কহিতেছেন যে এই দখল প্রতিপক্ষের দৃষ্টিগোচরে ও তাহার প্রতিবন্ধকতা বিনা হওয়া চাহি। প্রতিপক্ষের দৃষ্টিগোচরে ও সম্মতিতে না হইলে ক্রমিক তিন পুরুষের দখলও কার্য্যকারক নহে। বর্ত্তমান মকদ্দমায় প্রতিপক্ষরূপেস্থিত বাদির প্রতিবন্ধকতায় প্রতিবাদিরা উপরি উক্ত বিভাগপত্রে লিখিত বিষয়ের দখল যদি রামকান্তের জীবনকালে না পাইয়া থাকে তবে পূর্ব্বোক্ত কারণে (অর্থাৎ কোন দলীল তদনুসারে বিষয় দখল না হইলে স্বত্বের প্রমাণ বলিয়া গ্রাহ্য নয় এই কারণে) ঐ দলীল সিদ্ধ ও তত্তৎব্যক্তির উপর কার্য্যকারক বিবেচিত হইতে পারে না।

এই ব্যবস্থার পোষকতায় ধৃত প্রমাণ সকলের কতিপয় যথা,—

৪। পিতামহসংহিতা—"দলীল ব্যতীত কেবল দখল প্রচুর কারণ নয়, অধিকার বা দখল বিনা উপস্থিত দলীলও স্বত্বের প্রতি প্রচুর হেতু নয়। অতএব স্থিরীকৃত হইয়াছে যে দলীল ও দখল উভয় থাক স্বত্বে জননের প্রতি নিতান্ত আবশ্যক"।

৫। বৃহস্পতি-সংহিতা—"কেবল দখল করিলে অথবা কেবল দলীল উপস্থিত করিলে ভূমিতে স্বত্ব জন্মে না, তদুভয় একত্র ঘটিলে স্বত্ব হয়, নতুবা হয় না"।

৭। নারদ—"প্রথমে দান, মধ্যে দলীল অনুসারে দখল, পরে দীর্ঘকাল পর্য্যন্ত ক্রমিক দখল (স্বত্বের) প্রমাণ"।

৯। যাজ্ঞবল্ক্য—"যে স্থলে কিঞ্চিৎ কালের নিমিত্তেও দখল হয় নাই সে স্থলে দলীল কার্য্যকারক নয়। কিন্তু যে স্থলে কোন অংশে দখল আছে সে স্থলে সর্ব্বাংশে দখল বলা যাইতে পারে"।

১১। বৃহস্পতি—"বিভাগ ক্রয় বা উত্তরাধিকারিত্ব দ্বারা অথবা রাজাহইতে স্থাবর বিষয় উপার্জ্জিত হইলে তাহা দখলের দ্বারা স্থিরতর থাকে, এবং অমনোযোগে নষ্ট হয়"।

চতুর্ভুজ পণ্ডিত দ্বিতীয় প্রশ্নের যে উত্তর দেন তাহার মর্ম্ম যথা—

যদি এমত বিবেচনাই করা যায় যে উক্ত বিভাগপত্রে উল্লিখিত ব্যক্তিরা অর্থাৎ বাদি ব্যতিরেকে সকল দায়াদরা রামকান্তের জীবনকালে তাহার লিখিয়া দেওয়া ঐ বিভাগপত্র স্বীকার করিয়া লইয়াছে এবং বাদির দখলে থাকা স্থাবর বিষয়বিশেষ ভিন্ন যদি আর আর বিষয়ে তাহারা নিজ নিজ অংশ প্রকৃত প্রস্তাবে দখল করিয়া লইয়া থাকে, এবং রামকান্ত যদি উক্ত বিষয়ে তাহার যে স্বত্ব ছিল তাহা সম্যক্‌রূপে পরিত্যাগ করিয়া থাকেন তথাপি উক্ত বিভাগপত্রে দুই প্রকার বিষয় লিখিত

recorded his opinion that so much of the decree of the Provincial Court, as reversed that part of the Zillah court's decree which left the plaintiff in possession of the property then alleged to be held by him in his own right (although disputed by the defendants, and not investigated by the judge), should be affirmed, but that the part of it which virtually maintains the validity of the deed of partition should be reversed, and that such part of the decree of the Zillah court as rejects the said deed as inadmissible should be affirmed: but the final decision in this case was left for the sitting of another judge. Subsequently the cause was brought before the senior judge; and two other questions were put to the *Pandits*, partly with the view to define, as accurately as possible, the grounds of decision in the present case, and partly to ascertain the provisions of the Hindu law in other analogous cases.

1st. Supposing the deed of partition, executed by Rám Kánta, to be a legal and valid instrument, would it be rendered nugatory and of no avail from the circumstance of the distribution specified in it not having been carried into effect during the life-time of Rám Kánta, although the opposition shown by the plaintiff prevented its being carried into effect ?

2nd. If Rám Kánta in his life-time had put all the parties, excepting the plaintiff, into possession of the shares alloted to them in the deed respectively, and had divested himself of all proprietory right, would such distribution of the property, movable and immovable, whether acquired or ancestral, be valid (notwithstanding the declared illegality of an unequal distribution of ancestral immovable property) ?

The *Pandits* differed from each other on these points. The answer delivered by Chaturbhuj *Pandit* was to the following effect:—

1st. Supposing the deed of partition to be a legal and valid instrument, still a title deed, in virtue of which possession has not been taken, cannot be received in law as evidence of right, and there is no provision in the law to make such deed available, even though possession had not been obtained solely by reason of the opposition shown by an adverse party. The law declares further that this possession must have been in sight of the adverse party, without let or molestation on his part, and that possession for three successive generations even is not sufficient, unless it has been maintained in sight of the adverse party and with his acquiescence. Now, if by reason of the opposition created by the plaintiff, who in this case has stood forward as the adverse party, the defendants did not, during the life-time of Rám Kánta obtain possession of the property specified in the deed above alluded to, it cannot be deemed valid or binding on the parties, for the reason before assigned; viz. that a title deed unaccompanied by possession must be disallowed as evidence of right.

Some of the authorities cited in support of the above opinion are as follow:—

4th. *Pitámaha-sanhitá*:—"Occupancy alone is not sufficient to constitute right without a title, nor will the production of a title suffice unsupported by occupancy. It is therefore determined that the existence of both is essential to constitute a right."

5th. *Vrihaspati-sanhitá*:—"The right to land does not accrue from mere occupancy, nor by the production of a title alone. From the union of both results a right, not otherwise."

7th. NA'RADA:—"For the first, gift is evidence (of right); for the second, occupancy with a title; for the third, occupancy of long and uninterrupted continuance."

9th. JA'GNYAVALKYA:—"Where there has not been possession even for a short time, a title is of little avail. But where occupancy exists in one part, it may be said to exist with regard to the whole."

11th. VRIHASPATI:—"Immovable property acquired by partition, by purchase, by descent, or from the king, is confirmed by occupancy, and lost by neglect."

The answer delivered by Chaturbhuj to the second question was to the following effect:—

Supposing the deed of partition executed by Rám Kánta to have been acceded to during his life-time by all the parceners (excepting the plaintiff) whose names were therein specified; that they obtained actual possession of their respective allotments, with the exception, however, of the particular share of immovable property in the possession of the plaintiff; and that Rám Kánta divested himself of all proprietary right in the estate, yet the said deed specifies two descriptions of property, viz. ancestral, im-

আছে অর্থাৎ পৈতামহ স্থাবর বিষয় ও স্বার্জ্জিত স্থাবরাস্থাবর বিষয়। পরন্তু যেহেতু দায়ভাগে এবং ধর্ম্মশাস্ত্রের আর২ গ্রন্থে বিংশোদ্ধার ইত্যাদি * ব্যতীত পৈতামহ স্থাবর বিষয়ের বিষম বিভাগ শাস্ত্রীয় কথিত হয় নাই, ও যেহেতু পৈতামহ স্থাবর বিষয়ে যথেচ্ছাচার করিতে পিতার ক্ষমতা নাই, এবং যেহেতু দায়ভাগের যে স্থলে নিষিদ্ধ দান ও বিক্রয়কে সিদ্ধ বলা হইয়াছে সে স্থলে সর্ব্বদাই এই নিয়ম বুঝিতে হইবে যে দাতা তাদৃশ দানাদি করিতে ক্ষমতাবান্ অতএব (শাস্ত্রসম্মত পূর্ব্বোক্ত উদ্ধারাতিরেকে) পৈতামহ স্থাবর ধনের বিষম বিভাগ সিদ্ধ রাখা যাইতে পারেনা। পিতা যদি স্বার্জ্জিত বিষয় পুত্রগণকে ন্যূনাধিক ভাগ করিয়া দেন তবে তাদৃশ করণের প্রতি কারণ কি তাহা দেখিতে হইবে। যদি পিতা কোন পুত্রের গুণবত্ত্বপ্রযুক্ত সম্মান চিহ্নরূপে অথবা কোন পুত্রের বহুপোষ্যত্ব-প্রযুক্ত প্রতিপালনার্থে অথবা অক্ষমতাজন্য কৃপাতে অথবা ভক্তত্বজন্য স্নেহেতে তাহাকে অধিক দিতে ইচ্ছা করেন তবে তাদৃশ বিভাগ সিদ্ধ এবং অবশ্য স্থিরতর থাকিবে। কিন্তু পিতা যদি রোগাদিতে ব্যাকুল চিত্ততা প্রযুক্ত অথবা কোন পুত্রের প্রতি ক্রোধপ্রযুক্ত অথবা প্রিয়তমার পুত্রের প্রতি পক্ষপাত করিয়া তাদৃশ বিভাগ করেন তবে তাহা স্থিরতর থাকিতে পারে না; তৎপ্রতি কারণ এই যে তাহা কেবল শাস্ত্রাসম্মত এমত নহে কিন্তু দায়ভাগের যে বিধানে নিষিদ্ধ দান সিদ্ধ কথিত হইয়াছে ইহা তদন্তর্গত নয়, কেননা ঐ বিধানে দাতার ক্ষমতা থাকা উপলব্ধি হয়; কিন্তু উপরি উক্ত অবস্থা সকলে কথিত হইয়াছে যে বিষয়ের তাদৃশ বিভাগ করিতে পিতার ক্ষমতা নাই।

প্রমাণ—

১। দায়ভাগ—“যাজ্ঞবল্ক্য কহিয়াছেন—‘পিতামহের প্রাপ্ত যে ভূমি নিবন্ধ অথবা দ্রব্য তাহাতে পিতা পুত্র উভয়েরই তুল্য স্বামিত্ব’। ধারেশ্বরকৃত উপরি উক্ত বচনের অর্থ এই যে পিতা ইচ্ছাতে পৈতামহ বিষয় ভাগ করিতে গেলে তাহাতে পিতা পুত্রের তুল্য স্বামিত্ব। তাঁহার এমত ক্ষমতা নাই যে স্বার্জ্জিত ধনে যেমত বিষম বিভাগ করিতে পারেন পৈতামহ ধনের তাদৃশ করেন”।

২। বিষ্ণু। “পিতা যদি পুত্রদিগকে বিভাগ করিয়া দেন তবে স্বার্জ্জিত ধনে যেমত ইচ্ছা তেমত করিতে পারেন; কিন্তু পৈতামহ ধনে পিতা পুত্রের তুল্য স্বামিত্ব”।

৩। দায়ক্রম-সংগ্রহ—“পূর্ব্বোক্ত গুণবত্ত্বাদি কারণেও ভূমি নিবন্ধ বা দ্বিপদ রূপ পৈতামহ ধনের ন্যূনাধিক বিভাগ দিতে পিতার ক্ষমতা নাই,—‘যেহেতু পিতামহের প্রাপ্ত যে ভূমি নিবন্ধ অথবা দ্রব্য তাহাতে পিতা পুত্র উভয়েরই তুল্য স্বামিত্ব’ এই যাজ্ঞবল্ক্য বচনে পিতার যথেচ্ছা ব্যবহার নিবারণ হইয়াছে: কেননা পৈতামহ ধন-স্বামী পিতা জীবিত থাকিতে তৎ পুত্রেরা পৈতামহ ধন-স্বামি হওয়া সঙ্গত হইলে উক্ত বচনের যথাশ্রুত অর্থের বাধা জন্মে’।

৪ দায়ভাগ। “পিতা জ্যেষ্ঠকে পৈতামহ ধনের শ্রেষ্ঠভাগ অর্থাৎ বিংশোদ্ধার * দিয়া অথবা না দিয়া পুত্রগণকে বিভাগ করিয়া দিতে পারেন। কিন্তু তিনি যদি কোন পুত্রের গুণজন্য সম্মানার্থ অথবা বহু পোষ্যত্ব জন্য প্রতি পালনার্থ অথবা অক্ষমতা জন্য কৃপাতে অথবা ভক্তত্ব প্রযুক্ত স্নেহেতে তাহাকে অধিক দানেচ্ছু হইয়া স্বার্জ্জিত ধনের ন্যূনাধিক বিভাগ করেন তাহাতে তিনি ধর্ম্মকারী হইবেন।

৫ দায়ভাগ। “রোগগ্রস্ত ক্রোধাপন্ন প্রিয়তমাশক্ত অথবা অযথাশাস্ত্র কারী পিতা বিভাগে প্রভু নহেন’। এই নারদ বচন সেইস্থানে খাটে যে স্থলে পিতা রোগাদিতে আকুল চিত্ততা প্রযুক্ত কিম্বা কোন পুত্রের প্রতি ক্রোধ নিমিত্ত অথবা প্রিয়তমা স্ত্রীর পুত্রের প্রতি স্নেহপ্রযুক্ত অশাস্ত্রীয় বিভাগ করেন”।

অন্য পণ্ডিত শোভা শাস্ত্রী প্রথম প্রশ্নের প্রতি যে উত্তর দেন তদ্যথা—

ইহা মানিয়া লওয়া গিয়াছে যে প্রতিবাদিগণের প্রতি রামকান্তের লিখিয়া দেওয়া বিভাগপত্র শাস্ত্রসম্মত ও সিদ্ধ, অথচ বলা হইয়াছে যে যেসকল ব্যক্তির নামে ঐ বিভাগপত্র লিখিত হয় তাহারা রামকান্তের জীবন-কালে স্বস্ব অংশে দখল পায় নাই। দৃষ্ট হইতেছে যে বাদির প্রতিবন্ধকতা প্রযুক্ত রামকান্ত দখল দিতে সক্ষম না হওয়াতে এরূপ ঘটিয়াছে। বিভাগপত্রে এতদ্রূপে প্রকাশ পাইতেছে যে রামকান্ত স্বত্ব ত্যাগ করিয়াছেন, এবং ঐবিষয়ে তাঁহার যে স্বত্ব ছিল তাহা লুপ্ত হইয়াছে; এতাবতা যে২ ব্যক্তির নামে বিভাগপত্র লিখিত তাহা-দিগকে ঐ স্বত্ব অর্শিয়াছে। এবং যেহেতু তাহাদের দখল না হওয়া অমনোযোগ মূলক নহে, অতএব তাহাদের

* ভ্রাতৃ বিভাগ দ্রষ্টব্য।

movable property and acquired property, real and personal: now because no mention occurs in the *Dáyabhága* or other law tracts of the legality of an unequal distribution of ancestral immovable property, beyond the authorised deductions of a twentieth, half a twentieth, &c*; because a father has not unlimited discretion with respect to ancestral immovable property, and because where the *Dáyabhága* upholds the validity of a prohibited gift or sale it is always understood as a proviso, that the donor be vested with power to make such transfer, an unequal distribution (over and above the authorised deductions before alluded to) of ancestral immovable property cannot be maintained as valid. If the father make an unequal distribution among his sons of his own acquisitions, his motive must be looked into. If he were actuated by the desire of giving more to one son as a token of esteem on account of his good qualities, or for his support on account of a numerous family, or through compassion by reason of his incapacity, or through favor by reason of his piety, such distribution is valid and must be upheld. But if such distribution were made by the father through perturbation of mind occasioned by disease or the like, or through irritation against any one of his sons, or through partiality for the child of a favourite wife, it cannot be upheld; and the reason is, because it is not only not conformable to law but it does not fall under the provision of the *Dáyabhága* making a gift valid even though prohibited, as that provision presupposes a power in the donor, and as a father under the circumstances above mentioned, has been declared to have no power in the distribution of the estate.

*Authorities*:—

1st. *Dáyabhága*:—" JA'GNYAVALKYA has declared, the ownership of father and son is the same in land which was acquired by his father, or in corrody, or in chattels. The meaning of the above is as set forth by *Dháreshwara*: A father giving allotments at his pleasure has equal ownership with his sons in the paternal grandfather's estate. He is not privileged to make an unequal distribution of it at his choice, as he is in regard to his own wealth."

2nd. VISHNU:—" When a father separates his sons from himself, his will regulates the division of his own acquired wealth; but in the estate inherited from the grandfather, the ownership of father and son is equal."

3rd. *Dáyakramasangraha*:—" A father has not the power to make an unequal distribution of ancestral property, consisting either of land, or a corrody, or slaves, even though any of the causes before mentioned, namely the superior qualifications of one particular son, &c. should exist, and the text of JA'GNYAVALKYA which declares, 'the ownership of father and son is the same in land which was acquired by his father, or in a corrody, or in chattels,' is intended to restrain the exercise of the father's will, for it is impossible that, according to the literal meaning of the text (prescribing equal ownership between father and son) sons should have ownership therein so long as the father, the owner of the ancestral property, continues to survive."

4th. *Dáyabhága*:—"Among his sons a father may make distribution, either by giving to the first born or withholding from him the deduction of a twentieth part* of the grandfather's estate. But if he make an unequal distribution of his own acquired wealth, being desirous of giving more to one son as a token of esteem, or for his support on account of a numerous family, or through compassion by reason of his incapacity, or through favour by reason of piety, the father so doing acts lawfully."

5th. *Dáyabhága*:—" But the following text of NA'RADA: 'A father who is afflicted with disease, or influenced by wrath, whose mind is engrossed by a beloved object, or who acts otherwise than the law permits, has no power in the distribution of his estate,' relates to a case where the father through perturbation of mind by disease or the like, or through irritation against any one of the sons or through partiality for the child of a favourite wife, makes a distribution not conformable to law."

The answer delivered by Shobhá Shástrí, the other *Pandit*, to the first question, was as follows:—

It is assumed that the deed of partition executed by Rám Kánta in favour of the defendants, is a legal and valid instrument: but it is at the same time stated that, during his life-time, those in whose favour it had been executed did not obtain possession of their respective allotments. This circumstance was occasioned, it appears, from Rám Kánta's inability to give possession in consequence of the opposition shown by the plaintiff. The deed of partition, however, sufficiently demonstrates the relinquishment of right on the part of Rám Kánta, and extinction of property with regard to the estate in question, the title to which became consequently vested in those in whose favour the deed of partition was executed. And as the want of possession by those persons did not proceed from neglect, their title remains

* *Vide* Partition among brothers.

স্বত্বে দোষ জন্মে নাই, এবং এমত অবস্থায় যে পরিমিত সময় কেন ব্যবহিত হউক না তাহাতে তাহাদের স্বস্ব অংশ পাইবার অধিকার ধ্বংস হইতে পারে না। অতএব উক্ত বিভাগপত্র সিদ্ধ বলিয়া স্থিরতর থাকিবে এবং তৎসক্রান্ত ব্যক্তিরা তাহা মানিতে বাধিত হইবে।

এই ব্যবস্থার পোষকতায় যে ২ প্রমাণ ধৃত হয় তন্মধ্যে এক যথা—

বৃহস্পতি—"যদি হস্তক্ষেপ না করণের বিশিষ্ট কারণ থাকে তবে প্রতিপক্ষ পুর্ব্বস্বামি বিদ্যমানে তিন পুরুষ পর্যন্ত দখল করিলেও পুর্ব্বস্বামির হস্তক্ষেপ না করা তৎস্বত্বের ব্যাঘাত জনক নয়, এবং সপিণ্ডে অথবা সকুল্যে তাবৎ কাল দখল করিলেও প্রকৃত স্বামীর স্বত্বের ব্যাঘাত হইবে না"।

শোভা শাস্ত্রি-কর্তৃক দ্বিতীয় প্রশ্নের যে উত্তর দত্ত হয় তদ্যথা—

প্রশ্নে বর্ণিত অবস্থায় উক্ত বিভাগপত্র অসিদ্ধ, ও তাহার যে অংশ পৈতামহ স্থাবর বিষয় বিভাগবোধক তাহা মানিতে তল্লিখিত ব্যক্তিরা বাধিত নয়, কিন্তু তাহার যে অংশ রামকান্তের স্বোপার্জ্জিত বিষয়ের সহিত সম্বন্ধ রাখে তাহা সিদ্ধ বলিয়া অবশ্যই স্থিরতর থাকিবে এবং তৎসংক্রান্তব্যক্তিদিগকে তাহা মানিতে হইবে; কেননা নিজোপার্জ্জিত ধনে প্রত্যেক ব্যক্তিরই সম্পূর্ণ প্রভুত্ব, ও তৎপ্রভুত্বের মর্ম্ম এই যে স্বেচ্ছাক্রমে তাহা হস্তান্তর করিবার ক্ষমতা তাহার আছে। তথাপি বিবেচনা করিতে হইবে যে স্থলে পিতা শাস্ত্রীয় কোন কারণে অর্থাৎ কোন পুত্রের অধিক ভক্তত্ব জন্য অথবা বহুপোষ্যত্ব বা অক্ষমতাদি নিমিত্ত স্বোপার্জ্জিত বিষয়ের বিষম বিভাগ করেন সে স্থলে শাস্ত্রীয় বিধান উল্লঙ্ঘনাপরাধে পিতা অপরাধী হইবেন না; পক্ষান্তরে পিতা যদি আপনার ইচ্ছামাত্রানুসারে উপরি উক্ত কোন কারণ বিনা বিষম বিভাগ করেন তবে শাস্ত্র বিরুদ্ধ দানের ন্যায় বিধ্যতিক্রম নিমিত্ত তাহার প্রত্যবায় হইবে কিন্তু বিভাগ সিদ্ধ রূপে স্থিরতর থাকিবে এবং তৎসংক্রান্ত ব্যক্তিদিগকে তাহা মানিতে হইবে। এই মাত্র প্রভেদ কিন্তু (উপরি উক্ত মতে) পৈতামহ স্থাবর ধনে পিতার সম্পূর্ণ প্রভুত্ব নাথাকাতে তিনি তদ্ধনের অশাস্ত্র রূপে যে কোন বিভাগ কেন করুন না তাহা অসিদ্ধ বিবেচিত হইবে এবং তৎসম্পর্কীয় ব্যক্তিরা তাহা মানিতে বধিত হইবেন না।

প্রমাণ—

১। দায়ভাগ—"তথা বিষ্ণু কহেন 'পিতা যদি পুত্রগণকে বিভাগ করিয়া দেন তবে স্বোপার্জ্জিত বিষয়ে তিনি যেমত ইচ্ছা তেমত করিতে পারেন, কিন্তু পৈতামহ ধনে পিতা ও পুত্রের সমান প্রভুত্ব'। ইহা বিলক্ষণ স্পষ্ট। পিতা যখন আপন পুত্রগণকে পৃথক করিয়া দেন তখন স্বেচ্ছানুসারে স্বার্জ্জিত বিষয়ের ন্যূনাধিক বিভাগ দিতে পারেন, কিন্তু পৈতামহ ধনে তেমত করিতে পারেন না, যেহেতু তাহাতে উভয়ের সমস্বামিত্ব আছে।"

২। দায়ভাগ—"কিন্তু পিতা যদি কোন পুত্রের গুণবত্বনিমিত্ত সম্মানার্থ অথবা বহুপোষ্যত্ব নিমিত্ত প্রতিপালনার্থ অথবা অক্ষমত্ব নিমিত্ত কৃপাতে অথবা ভক্তত্ব নিমিত্ত স্নেহেতে তাহাকে অধিক দিতে ইচ্ছা করেন তবে পিতা ধর্ম্মকারী হইবেন। তাহা যাজ্ঞবল্ক্য কহিয়াছেন—'পিতৃকৃত যে ন্যূনাধিক বিভাগ তাহা ধর্ম্ম্য'। তথা বৃহস্পতি—'পুত্রদিগকে পিতা যে সমান বা ন্যূনাধিক ভাগ দিয়াছেন তাহারা তাহাই পালন করিবে অন্যথা তাহারা দণ্ডনীয় হইবে'। নারদও কহেন—'পুত্রেরা পিতা হইতে যে ন্যূনাধিকবিভাগ প্রাপ্ত হয় তাহাদের সেই বিভাগই ধর্ম্ম্য যেহেতু পিতা সকলের প্রভু'। পিতৃকৃত ন্যূনাধিক বিভাগ পিতার স্বার্জ্জিত ধনেই ধর্ম্ম্য যেহেতু তাহাতে তাঁহার সম্যক্ প্রভুত্ব আছে পৈতামহ ধনে তাহা নাই।

৩ দায়ভাগ—"মণি মুক্তাদি অস্থাবর পৈতামহ ধন পিতার উদ্ধৃত না হইলেও স্বার্জ্জিতের ন্যায় তাহাতে পিতারই প্রভুত্ব; তিনি তাহা ন্যূনাধিক ভাগ করিয়া দিতে পারেন; যথা যাজ্ঞবল্ক্য কহিয়াছেন 'মণি মুক্তা প্রবালাদি সকল (অস্থাবর) ধনেরই প্রভু পিতা, কিন্তু সমস্ত স্থাবর ধনের কি পিতা কি পিতামহ কেহই প্রভু নহেন'।

unimpeached, nor can any interval of time, under such circumstances, annul their privilege of taking possession of their repective allotments. The deed of partition must therefore be upheld as valid and binding on the parties.

The following is one of the authorities cited in support of the above opinion.

VRIHASPATI:—"The omission to interfere by the owner, even though popession has been held by the adverse party for three successive generations in his presence, will not avail against him, provided there exist some good cause for his non-interference, nor will possession held for the same length of time by a person standing within the degree of relationship (to the owner) termed the *Sapinda*, or *Sakulya*, avail against the owner.

The answer delivered by Shobhá Shástrí to the second question was to the following effect :—

The deed of partition under the circumstances specified in the interrogatory is invalid and not binding on the parties mentioned in it, as far as it goes to make an unequal distribution of the ancestral immovable property, but as far as it relates to the property acquired by Rám Kánta it must be upheld as valid and binding on the parties concerned; because a man is vested with full authority over his own acquisitions, which authority is defined to consist in the power of aliening it at pleasure. It must, however, be observed that, where a father makes an unequal distribution of his own acquired property by reason of any one of the legal causes, such as the greater filial piety of one son, his having a numerous family, incapacity, &c. &c. he (the father) does not incur the guilt attaching to a transgression of the law; but if, on the other hand, he make such unequal distribution by reason of his mere arbitrary will and uninfluenced by any one of the causes above mentioned, then (as in the case of a gift against which a prohibition exists) he incurs the guilt occasioned by an infringement of the law; but the distribution must be upheld, as valid and binding on the parties whom it concerns. This contitutes the difference. But as the father has not full authority (as defined above) over the ancestral immovable property, any distribution he may make, other than that which the law directs, must be considered invalid, and not binding on the parties concerned.

*Authorities :—*

1st. *Dáyabhága:*—"So VISHNU says: 'When a father separates his sons from himself, his will regulates the division of his own acquired wealth: but in the estate inherited from the grandfather the ownership of father and son is equal.' This is very clear. When the father separates his sons from himself, he may by his own choice give them greater or less allotments if the wealth were acquired by himself, but not so if it were property inherited from the grandfather, because they have an equal right to it. The father has not in such case an unlimited discretion."

2nd *Dáyabhága:*—"But if he make an unequal distribution of his own acquired wealth, being desirous of giving more to one as a token of esteem on account of his good qualities, or for his support on account of a numerous family, or through compassion by reason of his incapacity, or through favour by reason of his piety, the father so doing acts lawfully. JA´GNYAVALKYA declares that: 'A lawful distribution made by the father among sons, separated with greater or less allotments, is pronounced valid.' So VRIHASPATI: 'Shares which have been assigned by a father to his sons, whether equal, greater, or less, should be maintained by them; else they ought to be chastised.' NA´RADA likewise: 'For such as have been separated by their father with equal, greater, or less allotments of wealth, that is a lawful distribution; for the father is lord of all.' Since the circumstance of the father being the lord of all the weath is stated as a reason, and that cannot be in regard to the grandfather's estate, an unequal distribution made by the father is lawful only in the instance of his own acquired wealth."

3ad *Dáyabhága:*—"The father has ownership in gems, pearls, and other movables, though inherited from the grandfather and not recovered by him, just as in his own acquisitions, and has power to distribute them unequally, as JA´GNYAVALKYA intimates: 'The father is master of the gems, pearls, and of all (other movable property); but neither the father nor the grandfather is so of the whole immovable estate."

পণ্ডিতদিগের উপরি উক্ত বিভিন্ন মত সকল এবং তত্তৎ পোষকতায় ধৃত প্রমাণ সকল হইতে প্রকাশ যে তাঁহারা দুই প্রধান বিষয়ে একমত হয়েন নাই, অর্থাৎ প্রথম পণ্ডিত কহেন যে দলীল বা স্বত্ব বলে দখল হয় নাই তাহা অকর্ম্মণ্য। দ্বিতীয় পণ্ডিত আপত্তি করেন দলীল বা স্বত্বের উপার্জ্জক ব্যক্তির ইচ্ছাকৃত অমনোযোগে দখল না হওয়া প্রমাণ হইলে তবে তাহাতে উক্ত রূপ হইতে পারে। প্রথম পণ্ডিত আরো কহেন যে পিতা যদি শাস্ত্রোক্ত কোন প্রচুর কারণ বিনা পুত্রগণের মধ্যে স্বার্জ্জিত ধন ন্যূনাধিক ভাগ করিয়া দেন তবে তাহা ঐ পুত্রদের সম্বন্ধে অকাট্য হইবে না। তদ্বিপরীতে দ্বিতীয় পণ্ডিত কহেন তাদৃশ ন্যূনাধিক বিভাগ অধর্ম্ম্য হইলেও সিদ্ধ হইবে, এবং তৎ সম্পর্কীয় ব্যক্তিদিগকে তাহা মানিতে হইবে। প্রধান জজ্ এই সকল মত বিবেচনা করিয়া উভয় পক্ষকে সমাচার দিলেন যে মকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির পূর্ব্বে তাহারদিগকে দুই সপ্তাহের সময় দেওয়া যাইবেক এই নিমিত্তে যে তাহাদের পরস্পরের দাবীর পোষকতায় পণ্ডিতেরা যে ব্যবস্থা দিয়াছেন তাহার প্রমাণ দর্শাইতে তাহারা অবকাশ পায়।

তদনুসারে উভয় পক্ষই প্রমাণ ও আপত্তি উপস্থিত করিল।

প্রথম প্রশ্নের প্রতি পণ্ডিতেরা যে উত্তর দেন তাহাতে নিঃসন্দেহরূপে এই নিশ্চিত হওয়াতে যে রামকান্তের লিখিয়া দেওয়া বিভাগপত্র অনেক অংশে অশাস্ত্রীয়, ও তৎপরে দত্ত প্রশ্নের উত্তরে পণ্ডিতেরা যে পরস্পর বিপরীত মত প্রকাশ করেন তাহার যাথার্থ্যাযাথার্থ্য নির্ণয় করা এই মকদ্দমায় আবশ্যক নাই। উপরি উক্ত কারণে উক্ত প্রশ্ন সকলে কাল্পনিক রূপে মানিয়া লওয়া হইয়াছিল যে ঐ বিভাগপত্র শাস্ত্রীয় এবং রামকান্তের জীবনকালে তাহার কার্য্য হইয়াছিল, কিন্তু উভয় পক্ষের স্বীকার হইতে এবং প্রবিন্স্যাল কোর্টের ক্রোকী হুকুমের নারাজিতে সদর আদালতে রামকান্ত যে দরখাস্ত করিয়াছিল তাহা হইতে প্রকাশ যে উক্ত বিভাগপত্রের লিখিতানুরূপ কার্য্য হয় নাই, অতএব তাহা না হওয়াতে উক্ত বিভাগপত্র অসিদ্ধ এবং তাহা তল্লিখিত ব্যক্তিদিগের প্রতি অকাট্য বিবেচনা না হইয়া প্রধান জজ দ্বিতীয়জজের মতে মত দিলেন, এবং তদনুসারে এক ডিক্রী সাদের হইল *। স. দে. আ. রি. বা. ২, পৃ. ২০২—২১৫।

* যদ্যপি সদরদেওয়ানী আদালতের পণ্ডিতেরা এই মকদ্দমাতে দত্ত ব্যবস্থায় কোন ২ বিষয়ে বিভিন্ন মত দিয়াছেন, তথাপি তাঁহারা এবিষয়ে একমত হইয়াছেন যে পৈতামহ স্থাবর ধন পুত্রদিগের মধ্যে বিভাগ করিয়া দিতে গেলে বঙ্গদেশে প্রচলিত শাস্ত্রানুসারে পিতা তদ্বিষয়ের বিষমবিভাগ করিতে পারেন না, কেবল জ্যেষ্ঠপুত্রকে বিংশোদ্ধার দিতে পারেন। এবিষয়ে চতুর্ভুজ পণ্ডিত কহেন "যেহেতু বিংশতি অথবা চত্বারিংশৎ ইত্যাদি ভাগের ভাগ উদ্ধার বই পৈতামহ স্থাবর ধন বিষমবিভাগ করার কোন উল্লেখ দায়ভাগে অথবা দায়শাস্ত্রীয় আর২ গ্রন্থে নাই, ও যেহেতু পৈতামহ স্থাবর ধন বিষয়ে পিতার অসীম শক্তি নাই, এবং যেহেতু যে স্থলে দায়ভাগকর্ত্তা শাস্ত্রনিষিদ্ধ দান বা বিক্রয়কে সিদ্ধ কহেন সে স্থলেও সর্ব্বদা এই নিয়ম উক্ত যে দাতা এই রূপ হস্তান্তর করিতে ক্ষমতাবান্, অতএব উপরিউক্ত শাস্ত্রসম্মত উদ্ধার বই পৈতামহ স্থাবর ধনের বিষমবিভাগ সিদ্ধ বলিয়া মান্য যাইতে পারে না"। ঐ রূপ শোভাশাস্ত্রী এই কথা বলিয়া যে 'বর্ত্তমান মকদ্দমায় দর্শিত বিভাগপত্র সিদ্ধ নয় ও তাহার যে অংশ পৈতামহ স্থাবর ধনের বিষমবিভাগ বোধক তাহা তাহাতে বর্ণিত ব্যক্তিদিগের প্রতি অকাট্য নয়' এবং কোন ব্যক্তির স্বার্জ্জিত ধনে যে ক্ষমতা তাহা (অর্থাৎ স্বেচ্ছানুসারে হস্তান্তর করার ক্ষমতা থাকা) উল্লেখ করিয়া কহিতেছেন, "উপরিউক্ত মতে যেহেতু পৈতামহ স্থাবর ধনের উপর পিতার সম্যক্ প্রভুত্ব নাই, অতএব শাস্ত্রের বিধানের অন্যথায় তাহার যেরূপ বিভাগ কেন পিতা করুন না তাহা অসিদ্ধ এবং তল্লিখিত ব্যক্তিরা তাহা মানিতে বাধিত নয়"।

সদরদেওয়ানী আদালতের পণ্ডিতদিগের উপরিউক্ত বিষয়ে ঐক্যমত তদ্বিষয়ে আর২ যে সকল পণ্ডিতের মত জিজ্ঞাসা করা গিয়াছে তাহার সহিত মিলে, এবং দায়ভাগ ইত্যাদি হইতে যে সকল প্রমাণ ধৃত হইয়াছে তদ্দ্বারা তাহা সম্পূর্ণরূপে সপ্রমাণ।

এ মকদ্দমাতে পণ্ডিতদিগের দত্ত ব্যবস্থা হইতে এবং তাঁহাদিগের উল্লিখিত প্রমাণ হইতে আরো পাওয়া যাইতেছে যে পিতা স্বোপার্জ্জিত ধন পুত্রগণের মধ্যে বিভাগ করণে ভক্তত্ব নিমিত্ত অথবা শাস্ত্রসিদ্ধ অন্য কোন কারণে যদি কোন পুত্রকে অধিক দেন তবে তাঁহার ঐ কার্য্য ধর্ম্ম্য এবং সিদ্ধ। কিন্তু যদি শাস্ত্রসিদ্ধ কোন কারণ বিনা কেবল স্বেচ্ছাক্রমে বিষমবিভাগ করেন তবে ঐ বিভাগ ধর্ম্ম্য নয় কিন্তু সিদ্ধ। পরন্তু যদি ব্যাকুলচিত্ততাপ্রযুক্ত অথবা শাস্ত্রে যে কারণে কোন পুত্রকে ন্যূন ও কোন পুত্রকে অধিক দিতে পিতাকে অযোগ্য কহেন অথবা তাঁহার ক্ষমতা না থাকা কহেন সেই কারণবশতঃ পিতা যদি তাদৃশ বিভাগ করেন তবে তাহার ঐ কার্য্য অধর্ম্ম্য অশাস্ত্রীয় এবং অসিদ্ধ, ও তাঁহার কৃত তদ্বিভাগ নিতান্ত অকিঞ্চিৎ।

From the above conflicting opinions of the *Pandits*, and the authorities cited in support of them respectively, it will appear that they differed in two essential points; the first *Pandit* asserting that a title under which there had not been occupancy, is of no avail; and the second contending that, to have this operation, the non-occupancy must be proved to have arisen from the wilful neglect of the party assuming the title: the first *Pandit* also holding that an unequal distribution made by a father of his own acquired property among his sons, cannot be binding on them, unless the father in making such unequal distribution had been influenced by some of the motives which the law enumerates as sufficient to authorise it; the other, on the contrary, considering such unequal distribution to be, though a sinful act, valid and binding on the parties concerned. The chief Judge, after inspecting these opinions, gave notice to the parties that a fortnight should be allowed them, previously to a final decision with a view of affording them an opportunity of adducing proofs of the accuracy of the doctrines maintained by the *Pandits* in favor of their respective claims.

Accordingly proofs and objections were filed by all parties.

It being, however, satisfactorily ascertained from the replies of the *Pandits* to the first interrogatories, that the deed of partition executed by Rám Kánta was in several respects illegal; the necessity of ascertaining the relative accuracy of the conflicting opinions of the *Pandits*, delivered in reply to the queries subsequently put to them, was in this case superseded. In those queries it was hypothetically assumed, for the reason already stated, that the deed of partition was legal, and had been carried into effect during the life-time of Rám Kánta; which, from the admission of all parties and of Rám Kánta himself in the petition presented by him to the Sudder Dewanny Adawlut against the attachment ordered by the provincial Court, was certainly not the case. Considering, therefore, the deed of partition (which was never carried into effect) to be invalid, and not binding on the parties mentioned in it, the senior Judge concurred in the opinion expressed by the second Judge; and a final decree was passed accordingly in conformity to that opinion.* S. D. A. R. Vol. II. pp. 201—215.

*Although the *Pandits* of the Sudder Dewanny Adawlut have differed upon some points in their *Vyavasthás* delivered in this case, they concur in opinion that a father, in the partition of ancestral immovable property amongst his sons, is not authorised by the authorities of Hindu Law, which are admitted to prevail in the province of Bengal, to make any unequal distribution of such property, beyond a twentieth part, in favor of the eldest son. Chaturbhuj states on this point, that "because no mention occurs in the *Dáyabhága* or other law tracts, of the legality of an unequal distribution of ancestral immovable property, beyond the authorised deductions of a twentieth, half a twentieth, &c.; because a father has not unlimited discretion with respect to ancestral immoveable property; and because where the *Dáyabhága* upholds the validity of a prohibited gift or sale, it is always understood as a proviso that the donor be vested with power to make such transfer; an unequal distribution (over and above the authorised deductions before alluded to) of ancestral immovable property, cannot be maintained as valid." In like manner Shobhá Shástrí, after declaring "that the deed of partition exhibited in this cause is invalid, and not binding on the parties mentioned in it, as far as it goes to make an unequal distribution of the ancestral immovable property;" and after defining the full authority which a person has over his own acquired property, "to consist in the power of aliening it at pleasure," adds, "as the father has not full authority (as defined above) over the ancestral immovable property, any distribution he may make, other than that which the law directs, must be considered invalid, and not binding on the parties concerned."

The above concurring opinion of the Hindu law officers of the Sudder Dewanny Adawlut, which is confirmed by other *Pandits* who have been consulted on the subject, appears to be fully established by texts cited from the *Dáyabhága*, and other authorities.

It may further be deduced from the *Vyavasthás* of the *Pandits* in this case, and the authorities cited by them, that if a father make an unequal distribution among his sons of his own acquisitions, and be influenced by the desire of giving one son a larger portion on account of his piety, or from any other motive sanctioned by the law, his act is moral, legal, and valid. If he make an unequal distribution arbitrarily, without being actuated by any of the motives which the law sanctions, his act is immoral but valid. If in making such distribution he act under perturbation of mind, or under the operation of any cause which, in the eye of the law, renders the father incompetent to give more to one of his sons than to another; or in other words, disqualifies him for such a distribution, his act is immoral, illegal, and invalid, and the partition made by him is absolutely null and void.

## অথ পুত্রার্জ্জিত ধনে পিতার অংশ-

ব্যবস্থা

**২০১ পুত্রার্জ্জিত ধনেও পিতার দুই ভাগ*।**

**২০১ পুত্রার্জ্জিতেঽপি ধনে পিতুরংশদ্বয়ং*।**

প্রমাণ

৴০ যেহেতু "বিভাগকারী পিতা আপনার (নিমিত্তে) দুই অংশ লইবেন*"। ইহা, এবং "পিতার জীবদ্দশায় বিভাগ হইলে তিনি নিজে দুই অংশ লইবেন।" ইহাও অবিশেষে শ্রুত*।

"দ্বাবংশৌ প্রতিপদ্যেত বিভজন্নাত্মনঃ পিতা" ইতি, "জীবদ্বিভাগেতু পিতা গৃহ্ণীতাংশদ্বয়ং স্বয়ং" ইতি চাবিশেষেণ শ্রুতেঃ *।

৵০ সুব্যক্তরূপে কাত্যায়ন কহিতেছেন—"পুত্রের উপার্জ্জিত ধনের দুই ভাগ অথবা অর্দ্ধেক পিতা লইবেন*"।

সুব্যক্তমাহ কাত্যায়নঃ—"দ্ব্যংশহরোঽর্দ্ধহরো বা পুত্রবিত্তার্জ্জনাৎ পিতা*।

ব্যবস্থা

**২০২ পিতৃ-দ্রব্যের উপঘাতে পুত্রের অর্জ্জিত ধনে পিতার অর্দ্ধেক, তদর্জ্জক পুত্রের দুই অংশ, এবং আর ২ পুত্রের এক ২ অংশ*।**

**২০২ তত্র পিতৃদ্রব্যোপঘাতেন পুত্রার্জ্জিত বিত্তস্যার্দ্ধং পিতুঃ†, অর্জ্জকস্য পুত্রস্যাংশদ্বয়ং, ইতরেষামেকৈকাংশিতা*।**

**২০৩ পিতৃদ্রব্যের উপঘাত বিনা অর্জ্জিত ধনে পিতার দুই অংশ, অর্জ্জকপুত্রেরও তৎসমান, আর ২ পুত্রের অংশ নাই*।**

**২০৩ অনুপঘাতেতু পিতুরংশদ্বয়ং†, অর্জ্জকস্যাপি তাবদেব, ইতরেষামনংশিত্বং*।**

পুত্রার্জ্জিত ধনে যে পিতার দুই অংশ সে পিতৃদ্রব্যের অনুপঘাতে অথবা ভ্রাতৃ-দ্রব্যের উপঘাতে অর্জ্জিত হইলে‡। দা. ত. পৃ. ২৪।

পুত্রার্জ্জিতবিত্তাৎ পিতুর্দ্ব্যংশিত্বং পিতৃধনানুপঘাত বিষয়ং, ভ্রাতৃধনোপঘাতবিষয়ঞ্চ‡। দা. ত. পৃ. ২৪।

**২০৫ অথবা বিদ্যাদিগুণযুক্ত† পিতা অর্দ্ধেক লইবেন*।**

**২০৫ যদ্বা বিদ্যাদিগুণ সম্পন্নস্য† পিতুরর্দ্ধহরত্বং*।**

কারণ

যেহেতু বিদ্যাদিতে জ্যেষ্ঠের অধিকাংশ প্রাপ্তিবিধান দৃষ্ট হইতেছে*।

বিদ্যাদিনাপি জ্যেষ্ঠস্যৈবাধিকাংশ দর্শনাৎ*।

**২০৬ বিদ্যাদি-বিহীন পিতা কেবল জনকতা মাত্র নিমিত্ত দুই অংশ পাইবেন*।**

**২০৬ বিদ্যাদি শূন্যস্য (পিতুঃ) জনকতামাত্রেণ দ্ব্যংশিত্বং*।**

এতাবতা ক্রমাগত ধনহইতেই হউক অথবা পুত্রার্জ্জিত ধনহইতেই হউক (নিগুণ) পিতা দুই ভাগ লইবেন ইহার অধিক ইচ্ছা করিলেও পাইতে যোগ্য নহেন এই বচনার্থঃ*।

তেন ক্রমাগত ধনাদ্বা পুত্রার্জ্জিত ধনাদ্বা ভাগদ্বয়ং (নির্গুণঃ) পিতা গৃহ্ণীয়াৎ, অতোঽধিকমিচ্ছন্নপি নার্হতীতি বচনার্থঃ*।

---

* দা. ভা. বি. ভা. পৃ. ৩০, ৩৩, ও ৩৪। দা ত. পৃ. ২৪। বি. দা. ভা. দী. র. ২। কোল. দা. ভা. পৃ. ৪৩ ও ৪৯। কোল. ডা. বা. ৩. পৃ. ৫৫।

যেমত পুত্র পিতার স্বোপার্জ্জিত ধন-ভাগী, তেমনি পুত্রের নিজোপার্জ্জিত ধনে ভাগ-ভাগী পিতা এই তাৎপর্য্য, এই মতই সম্পূর্ণ। বি. দা. ভা. দী. র. ২।

*পিতুঃ স্বোপার্জ্জিত ভাগভাগী যথা পুত্রস্তথা পুত্রস্যাপি স্বমাত্রোপার্জ্জিতে পিতুর্ভাগভাগিত্বং ভবিতুমর্হতীত্যবশেষং। ইদমেবমতং সাম্যক্। বি. দা. ভা. দী. র. ২।

† পিতৃদ্রব্যের উপঘাতে অর্জ্জিত হইলে অথবা (পিতা) গুণবান্ হইলে অর্দ্ধেক পাইবেন এই দায়ভাগার্থঃ। অনুপঘাতে অর্জ্জিত হইলে পিতা দুই অংশ লইবেন, অর্জ্জকত্ব নিমিত্তে অর্জ্জকপুত্রও দুই অংশ লইবে, আর ২ পুত্রেরা ভাগ পাইবে না, এই দ্ব্যংশ ও অর্দ্ধ গ্রহণের ভেদ ব্যাখ্যা। দা. ত. পৃ. ২৪।

† পিতুরর্দ্ধহরত্বন্তু পিতৃদ্রব্যোপঘাতাদ্ গুণবত্ত্বাদ্বেতি দায়ভাগঃ। অনুপঘাতে পিতা দ্ব্যংশহরঃ, অর্জ্জকত্বাৎ স্বয়মপি দ্ব্যংশ হরঃ, ইতরেষামনংশিত্বং—ইতি দ্ব্যংশার্দ্ধাংশয়োর্ভেদ কথনং। দা. ত. পৃ. ২৪।

‡ সকল ভ্রাতার সাধারণ ধনের উপঘাতে পিতৃধনের অনুপঘাতে পুত্রের অর্জ্জিত ধনেও পিতার দুই অংশ মাত্র, এই স্মার্ত্তমত। বি. দা. ভা. দী. র. ২।

‡ সর্ব্বভ্রাতৃসাধারণ ধনোপঘাতেন পুত্রেণ যদর্জ্জিতং তত্রাপি পিতুর্দ্ব্যংশমাত্র লাভ ইতি স্মার্ত্তাঃ। বি. দা. ভা. দী. র. ২।

## FATHER'S SHARE IN THE SON'S ACQUISITIONS.

**201** The father has a double share even of the property acquired by his own son*. Vyavasthá

For the expression is general : " Let him reserve two shares ;" or " he may take two shares."* Authority

KA'TYA'YANA declares it very explicitly : " A father takes either a double share, or a moiety" of his son's acquisition of wealth."*

**202** Here the father has a moiety of the goods acquired by his son at the charge of his estate†; the son, who made the acquisition, has two shares; and the rest take one share each.* Vyavasthá

**203** But if the father's property have not been used, he has two shares† ; the acquirer as many; and the rest are excluded from participation.*

The father's participation of two shares in the property acquired by his son relates to the case where the acquisitition was made without adventuring the property or by using a brother's property.‡ Dá. T. Sans. p. 24.

**205** Or else, a father, endowed with knowledge and other excellencies†, has a right to a moiety.* Vyavasthá

For an increased allotment is granted to the eldest by science and other good qualities.* Reason

**206** A father destitute of such qualities has a double share in right merely of his paternity.* Vyavasthá

Therefore, the meaning of the text is, that a father may reserve for himself two shares of wealth which has descended in succession (from ancestors,) or of that which has been acquired by his son. He is not entitled to more, however desirous of it he may be.*

---

* Coleb. Dá. bhá. pp. 46 & 49. Dá. T. Sans. p. 24. Coleb. Dig. Vol. III. pp. 55

As a son partakes of wealth acquired by his father, so a father is likewise entitled to partake of property acquired solely by his son. This is the only accurate exposition. Coleb. Dig. Vol. III. p. 55.

† Where acquisition is made without adventuring a father's property, the father takes two shares, the acquirer, as such, takes also two shares, and the rest are excluded from participation. But the father takes a moiety if the acquisition is made by the use of his estate, or if he is endowed with good qualities. This is the distinction between participation of two shares and that of a moiety. Dá. T. Sans. p. 24.

‡ A father shall take two shares out of the property acquired by his son through the use of wealth common to all the brethren, and without employing the several property of the father. RAGHUNANDANA. Coleb. Dig. Vol. III. p. 54.

এ স্থলে অর্দ্ধেক পদে সমানই বোধ্য এই ন্যায়ে যে যেস্থলে অংশের পরিমাণ নির্দ্দেশ নাই সে স্থলে সমান অংশই অভিপ্রেত। ঐ অর্দ্ধেক দ্ব্যংশের একাংশ রূপ অথবা সমুদায় ধনের অর্দ্ধেক এই পূর্ব্বপক্ষোত্তরে জীমূতবাহন কহিতেছেন 'সমুদয় ধনের অর্দ্ধেক' কেননা যদি দ্ব্যংশের অর্দ্ধেক তাৎপর্য্য হইত তবে একাংশ-গ্রাহী এমত কেন উক্ত হইল না, যেহেতু দ্ব্যংশ পদের-ও তৎসঙ্গে সম্বন্ধ আছে। কিসের দ্ব্যংশ এই আকাঙ্ক্ষা সত্ত্বে পুত্রার্জ্জিত ধনেরই দ্ব্যংশ বক্তব্য *। দ্রষ্টব্য—দা. ভা. পৃ. ৬৩।

অর্দ্ধমাত্র সমমেব গ্রাহ্যং অনাদেশে সমমিতি ন্যায়াৎ। তচ্চার্দ্ধং দ্ব্যংশস্য একাংশরূপং অথবা সমুদায় ধনস্য ইতি সন্দেহে, জীমূতবাহনঃ 'সমুদায় ধনস্য অর্দ্ধং' ইত্যাহ, যতোদ্ব্যংশার্দ্ধে তাৎপর্য্য সত্ত্বে একাংশ-হরোবেতি কথং নোক্তমিতি দ্ব্যংশপদার্থস্যাপি সসম্বন্ধিত্বাৎ। কস্য দ্ব্যংশ ইত্যাকাঙ্ক্ষায়াং পুত্রার্জ্জিত বিত্তস্যৈবদ্ব্যংশোবক্তব্যঃ *। দা. ভা. পৃ. ৬৩ দ্রষ্টব্যা।

ব্যবস্থা

২০৭ যদি কোন পুত্র নিজ শ্রমে ভ্রাতার ধনের উপঘাতে উপার্জ্জন করে তবে তাহাতে পিতার দুই অংশ প্রাপ্য, এবং ঐ পুত্রদ্বয়ের এক২ অংশ। যদি কেহ ভ্রাতার ধনে ও নিজ শ্রমে ও ধনে উপার্জ্জন করে, তবে তদর্জ্জকের দুই অংশ প্রাপ্য, পিতার দুই অংশ এবং ধনদাতার একাংশ। উভয়াবস্থাতেই আর ২ ভ্রাতার অংশ নাই *।

২০৭ যদা স্বায়াসেন চ কেনচিৎ পুত্রেণ ভ্রাতৃ ধনোপঘাতেন বিত্তমর্জ্জিতং তত্র পিতুর্দ্ব্যংশিত্বং পুত্রয়োশ্চৈকৈকাংশিত্বং। যদিতু ভ্রাতৃধনেন স্বধনেন চ স্বায়াসেনার্জ্জিতং তদার্জ্জকস্যদ্ব্যংশঃ পিতুর্দ্ব্যংশঃ, ধনদাতুরেকাংশঃ। উভয়ত্রৈব ইতরেষাং ভ্রাতৃণাং অনংশিত্বং *।

" বাহন অস্ত্র অথবা (অন্য) যে কোন সাধারণ-দ্রব্য সাহায্যে কিম্বা শৌর্য্যাদিদ্বারা যে ধন উপার্জ্জিত ভ্রাতারা তদ্ভাগি॥" স্মার্ত্ত ভট্টাচার্য্য এই ব্যাসবচন ব্যাখ্যায় কহিয়াছেন, "ভ্রাতারা' এই পদ উপলক্ষণ—এতাবতা, তাহাতে পিতৃব্যাদিও বোধ্য, মূলপুরুষের ধন তৎপুত্র পৌত্র ও প্রপৌত্রের প্রাপ্তি সম্ভাবনায় তুল্য যুক্তি আছে, কেননা যেমত দাসের দাস প্রভুরই দাস, তেমনি পৌত্রও বীজপুরুষাধীন, প্রপৌত্রও তদ্রূপ, ইহা যুক্তিসিদ্ধ। অতএব পিতামহের ধনোপঘাতে পৌত্রের অর্জ্জিত ধনেও পিতামহের অর্দ্ধেক, পিতৃব্যাদির এক এক অংশ, অর্জ্জক পৌত্রের দুই অংশ। পৈতামহ ধনের অনুপঘাতে অর্জ্জিত ধনে পিতৃব্যাদির অংশ নাই, কিন্তু পিতামহের দুই অংশ *।

"সাধারণং সমাশ্রিত্য যৎকিঞ্চিৎ বাহনায়ুধং। শৌর্য্যাদিনাপ্নোতি ধনং ভ্রাতরস্তত্র ভাগিনঃ"। ইতি ব্যাস-বচন ব্যাখ্যানে স্মার্ত্তেন ভ্রাতর ইত্যুপলক্ষণং—তেন পিতৃব্যাদয়োঽপি বোধ্যাঃ, ইত্যুক্তং—বীজপুরুষ ধনপ্রাপ্তি সম্ভাবনা ভাগিত্বেন পুত্র পৌত্র প্রপৌত্রাণাং যুক্তি তুল্যত্বমাত্রবীজং দাসদাস ইব পুত্র-পৌত্রাণাং স্বত্বং প্রপৌত্রেঽপি ইত্যপি যুক্তির্ভবতি। তস্মাৎ পৌত্রার্জ্জিতেঽপি পৈতামহ ধনোপঘাতে সত্ত্বে পিতামহস্যার্দ্ধং, পিতৃব্যাদীনাঞ্চৈকৈকাংশিত্বং, অর্জ্জকস্য পৌত্রস্যাদ্ব্যংশিত্বং। পৈতামহধনানুপঘাতেতু পিতৃব্যাদীনামনংশিত্বং পিতামহস্য তু দ্ব্যংশিত্বং*।

দ্ব্যংশবাচক বচন পুত্রার্জ্জিত ধন বিষয়ক বাচ্য এতাবতা পিতামহ যে দুই অংশ পাইবেন ইহার প্রমাণাভাব এমত বাচ্য নয়, কেননা তাহাতে পিতামহের স্বোপার্জ্জিত ধনে পৌত্র ভাগী কিন্তু পৌত্রের অর্জ্জিত ধনে পিতামহ ভাগী নহেন এই বিষম শিষ্টব্যাপত্তি হয়, যেহেতু পুত্রপদ উপলক্ষণ মাত্র, নতুবা "ইচ্ছাতে সুতগণকে বিভাগ করিয়া দিবেন" এই যাজ্ঞবল্ক্য বচনেও 'সুত' পদের উপলক্ষণ হয় না *।

নচু দ্ব্যংশ ইতি বচনং পুত্রার্জ্জিত বিত্তপরং বক্তব্যং তথাচাত্র পিতামহস্য দ্ব্যংশহরত্বে প্রমাণাভাব ইতি চেন্ন—পিতামহস্য স্বোপার্জ্জিত ধনে পৌত্রোংঽশী ভবতি পৌত্রস্য স্বোপার্জ্জিতে পিতামহোনাংশীতি বিষম শিষ্টব্যাপত্তেঃ পুত্রপদস্য উপলক্ষণত্বাদন্যথা ইচ্ছয়া বিভজেৎসুতানিতি যাজ্ঞবল্ক্য বচনে সুতপদস্যোপলক্ষণং ন স্যাৎ।

* বিঃদা. ভা. দ্বী. র. ২। কোল. ডা. বা. ২. পৃ. ৫৭-৫৮।

Half must here signify equalable part, by the rule which expresses that 'equal parts are intended when the proportion is not specified.' On the question whether that half be one share as the moiety of two, or half of the whole, JI'MU'TAVA'HANA says: 'half of the whole sum.' For if half of two shares were implied, why not say, or he shall receive one share, since the term 'two shares' must have some connection, therefore, to satisfy the question, two shares of what? two shares of property acquired by a son must be affirmed.*

206 When the property is acquired by any one son through his own labour on his brother's stock, the father shall in that case have two shares, and both his sons one share each. But if it were acquired on his brother's stock and on his own, by his own labour, the acquirer shall have two shares, the father two shares,* and he, who supplied funds shall have one: and in both cases the rest of the brethren shall be excluded from participation.*

Vyavasthá

"The brethren participate in that wealth which one of them gains by valour or the like, using any common property, either a weapon or a vehicle."* In expounding this text of VYA'SA, RAGHUNANDANA says: 'brethren, are merely an instance from which uncles and the rest should be also understood. There is equal reson why sons, grandsons, and great grandsons in the male line shall share in the reversion of the property belonging to the common ancestor; and so does the great grandson in the male line: for the son of a son also belongs to his ancestor, as the slave of a slave belongs to the master: this is also reasonable. If therefore property be acquired by the son of a son through supplies from his grandfather's estate, the grandfather shall have half, the uncles and the rest a share each, and the grandson, who acquired the property, two shares: but if no supplies were received from the grandfather's estate, the uncles and the rest shall not participate.*

Must not the text which ordains two shares be considered as relating to the wealth acquired by a son, and there is consequently no authority for the receipt of two shares by a grandfather? No; for it would be unequal that the son of a son should partake of property acquired by the grandfather himself, but the paternal grandfather should not participate in property acquired by his grandson. The word 'son' is a mere instance of a general sense; else the same term could not be so accepted in the text of JA'GNYAVALKYA: "If the father make a partition, let him separate his sons (from himself) at his pleasure, and either (dismiss) the eldest with the best share or let all be equal shares."*

Coleb. Dig. Vol. III. pp. 56—58.

ব্যবস্থা

২০৮ যে পৌত্রের পিতা জীবিত তদর্জ্জিত ধন পিতামহ লইবেন না, কিন্তু পিতাই লইবেন *।

২০৮ জীবৎপিতৃক পৌত্রার্জ্জিতং ন পিতামহো গৃহ্নীয়াৎ অপিতু পিতৈব *।

কারণ

কেননা সেই অর্জ্জক পুরুষের পিতারই প্রধান স্বামিত্ব *।

তস্যৈব অর্জ্জক পুরুষস্য প্রধান স্বামিত্বাৎ *।

ব্যবস্থা

২০৯ পিতামহধনের উপঘাতে অর্জ্জিত হইলে (উপঘাতিত) ধনানুসারে পিতামহ একাংশ লইবেন।

২০৯ ধনোপঘৃষ্টন্তু নিমিত্তার্জ্জনাৎ ধনানুসারেণ একাংশং পিতামহো গৃহ্নীয়াৎ।

২১০ মাতামহের ধনোপঘাতে দৌহিত্র উপার্জ্জন করিলে উপঘাতিত ধনানুসারে মাতামহ অংশ লইবেন, মাতুলাদি অংশ পাইবেন না। যদি মাতামহ ধনের উপঘাত বিনা দৌহিত্র উপার্জ্জন করে তবে মাতামহ তাহার অংশ পাইবেন না *।

২১০ দৌহিত্রার্জ্জিতেতু মাতামহ ধনোপঘৃষ্টন্তু সত্বে মাতামহস্য উপঘৃষ্টানুসারেণাংশ হরত্বং মাতুলাদীনাং নাংশিত্বং। অনুপঘৃষ্টেনার্জ্জিতেতু মাতামহস্য নাংশিত্বং *।

সদর আদালতে গ্রাহ্য হওয়া এবং সর্ উইলিয়ম্ মেকনাটন্ সাহেবের পরীক্ষিত ও মনোনীত ব্যবস্থা।

প্রশ্ন। এক ব্যক্তির চারি পুত্র ছিল, তন্মধ্যে জ্যেষ্ঠ নিজ পিতার জীবনকালে দুই পুত্র রাখিয়া মরে এবং উইলের দ্বারা ঐ দুই পুত্রকে স্বার্জ্জিত বিষয় দিয়া যায়। অনন্তর মৃতের পিতা ও তিন ভ্রাতা প্রত্যেকে উইলেরদ্বারা দত্ত ঐ বিষয়ের অংশ দাওয়া করে। মৃতব্যক্তি যদি ঐ বিষয় কেবল নিজ ধনের ও শ্রমের দ্বারা উপার্জ্জন করিয়া থাকে তবে উক্ত দাবিদার সকলেরই কি তদুপার্জিত ধনের অংশ প্রাপ্য হইবে; যদি হয় তবে তাহার পরিমাণ কি? পক্ষান্তরে যদি পিতার ধনের ও শ্রমের সাহায্যে ঐ বিষয় উপার্জ্জিত হইয়া থাকে তবে উক্ত ব্যক্তিদিগের মধ্যে ঐ বিষয় কি প্রণালীতে বিভক্ত হইবে? তাহারা একান্নভুক্ত ও পৃথগন্ন থাকিলেই বা বিষয়ের অংশে তাহাদের অধিকার বিষয়ক শাস্ত্র কি?

চারি ভ্রাতার মধ্যে এক জন পিতার ধনের ও শ্রমের সাহায্যে ধন উপার্জন করিলে তাহা দশভাগে বিভক্ত হইবে, তন্মধ্যে পাঁচ ভাগ পিতাকে দুই ভাগ অর্জ্জককে এবং এক ভাগ প্রত্যেক ভ্রাতাকে অর্শিবে; কিন্তু ঐ ধন যদি কোন সাহায্য বিনা উপার্জ্জিত হইয়াথাকে, তবে দুই ভাগ হইবে, পিতা এক ভাগ লইবেন ও অর্জ্জক এক ভাগ লইবে।

উত্তর। চারি ভ্রাতার মধ্যে এক জন (সে আর২ ভ্রাতার সহিত একান্নভুক্ত হউক বা পৃথগন্ন হউক) যদি স্বার্জ্জিত বিষয় দিয়া পিতার পুর্ব্বেই মরিয়া থাকে; এবং ঐ বিষয় যদি পিতার ধনের ও শ্রমের সাহায্যে উপার্জ্জিত হইয়া থাকে তবে ঐ উপার্জ্জিত বিষয়ের অর্দ্ধেক পিতার প্রাপ্য, অন্য অর্দ্ধেক পাঁচ ভাগে বিভক্ত হইয়া তাহার দুই ভাগ অর্জ্জকের প্রাপ্য হইবেক, আর তিন ভাগ তিন ভ্রাতায় পাইবে। পরন্তু যদি ঐ বিষয় পিতার ধনের ও শ্রমের সাহায্য বিনা উপার্জ্জিত হইয়া থাকে, তবে উক্ত ভ্রাতাদের কোন অংশ পাইবার অধিকার নাই, কিন্তু পিতা অর্দ্ধেক পাইবেন। এবং উভয় অবস্থাতেই অর্জ্জকের পুত্রেরা নিজ পিতার প্রাপ্য অংশ পাইতে অধিকারি। এই ব্যবস্থা দায়ভাগ ও দায়তত্ত্ব প্রভৃতি গ্রন্থের মতানুগত।

প্রমাণ—

উক্ত গ্রন্থ সকলে ধৃত কাত্যায়ন-বচন, তদ্যথা—"পুত্রার্জ্জিত বিষয়ের দুই অংশ অথবা অর্দ্ধেক পিতা লইবেন"।

"এস্থলে পিতৃধনের উপঘাতে পুত্রকর্তৃক ধন উপার্জ্জিত হইলে পিতা তাহার অর্দ্ধেক লইবেন; অর্জক পুত্র দুই অংশ পাইবে; আর২ পুত্রেরা প্রত্যেকে এক ভাগ পাইবে। কিন্তু যদি পিতৃধনের উপঘাত না হইয়া থাকে তবে পিতা দুই অংশ লইবেন; অর্জক দুই অংশ লইবে; অন্যে নিরংশি হইবে"। দায়ভাগ।

সদরদেওয়ানী আদালত। মেক. হিং ল. বা. ২, চ্যা. ৫. মকদ্দমা ১৮, পৃ. ১৬৩ ও ১৬৪।

সর্ উইলিয়ম্ মেকনাটন সাহেব লিখেন "বঙ্গদেশে প্রচলিত শাস্ত্রানুসারে পিতা স্বার্জ্জিত ধনের ও পৈতামহ অস্থাবর ধনের এবং যে কোন রূপ উদ্ধৃত ধনের যে পরিমিত উপযুক্ত বোধ করেন তাহা আপনার

* বি. দা. ভা. মী. র. ২।

208 **The paternal grandfather does not partake of the wealth acquired by his grandson, whose own father is living, but that father alone (does participate.)*** Vyavasthá

For he has the chief dominion over the person who makes the acquisition. Reason

209 If the acquisition was effected by the use of his funds, the paternal grandfather may take one share in proportion to the wealth (employed).* Vyavasthá

210 In the case of an acquisition made by the son of a daughter, should the property of the maternal grandfather have been employed, he shall take a share proportionate to the capital used, and the maternal uncles and the rest shall have no shares. But if the acquisition were made without such use of property, the maternal grandfather shall have no share.*

*Legal opinion admitted by the Sudder Court, and examined and approved of by Sir William Macnaghten.*

Q. A man had two sons, the eldest of whom died before his father, leaving two sons, to whom he bequeathed by will certain self-acquired property. The father and three brothers of the deceased severally claimed a share of the property so bequeathed. Supposing the deceased to have acquired the property solely by his own funds and personal exertions, in this case, are all the claimaints entitled to share such acquisitions; and if so, in what proportions? On the other hand, supposing the property to have been acquired with the aid of the father's funds and labour, in this case too, how will the property be divided among the individuals in question? What is the law as to their right of sharing the property, whether living together or separately in respect of food?

R. Of the four brothers, if one (whether he lived jointly with the rest or separately in respect of food) bequeathed his self-acquired property to his two sons, and died before his father; in this case, if the property have been acquired with the aid of the father's funds and personal labour, a moiety of such acquisitions belongs to the father, and the other half will be made into five parts, of which two will go to the acquirer, and one to each of the three brothers: supposing the property to have been acquired without the aid of the father's funds or labour, in such case the brothers have no right to any share, but the father is entitled to a moiety. In both cases, the acquirer's sons are entitled to the portion to which their father was entitled. This opinion is conformable to the *Dáyabhága*, *Dáyatatwa*, and other authorities.

Property acquired by one of four brothers with the aid of his father's funds and labour, will on partition be made into ten parts, of which five will go to the father, two to the acquirer, and one to each of his brothers: if acquired without any aid, into two parts, the father taking one, and the acquirer one.

*Authorities:*

The text of KA'TYA'YANA cited in the above *authorities*:—"A father takes either a double share, or a moiety, of his son's acquisition of wealth."

"Here, the father has a moiety of the goods acquired by his son at the charge of his estate; the son who made the acquisition, has two shares; and the rest take one a piece. But, if the father's estate have not been used, he has two shares; the acquirer, as many; and the rest are excluded from participation." The *Dáyabhága*.

Sudder Dewanny Adawlut. Macn. H. L. Vol. II. Case 18, pp. 163, 164.

Sir William Macnaghten writes: "According to the law of Bengal, the father may make an unequal distribution of property acquired by himself exclusively, as well as of movable ancestral

* Coleb. Dig. Vol. III. p. 59.

নিমিত্তে রাখিয়া বিষম বিভাগ করিতে পারেন, এবং তিনি যে বিভাগ করেন তাহা যদি অসমান হয়, অথবা ন্যায্য কারণ ব্যতীত যদি কোন পুত্রকে নিরাশ করেন তবে তাদৃশ বিভাগ অধর্ম্ম্য হইলেও সিদ্ধ। জীমূতবাহন, রঘুনন্দন, শ্রীকৃষ্ণ এবং আর ২ গ্রন্থকর্ত্তাদের মতে পিতৃকৃত বিভাগকালে পুত্রের সমান অংশ অপুত্রা পত্নীকে দাতব্য পুত্রবতীকে দাতব্য নয়। যে স্থলে পিতা আপনার নিমিত্তে অধিকাংশ রাখেন সে স্থলে পত্নীরা কোন বিশেষ অংশ পাইতে অধিকারিণী নয়, কিন্তু পতিকর্ত্তৃক অবশ্যই প্রতিপালিতা হইবে; যে স্থলে পুত্রদিগকে ন্যূনাধিক দেওয়া যায় সে স্থলে পুত্রদিগের অংশ একত্র করিয়া সমান ভাগ করিলে যে পরিমাণ হয় সেই পরিমাণে পত্নীদিগের অংশ নির্ণীত হইবে"। (বা. ১. পৃ. ৪৪, ৪৭ ও ৪৯)।

এই সকল বঙ্গদেশীয় মতানুসারে সম্পূর্ণ শুদ্ধ ও যথার্থ নয়। যথা—১৯২, ১৯৩, ১৭৪, ১৭৫, ১৭৬, ১৭৭, ১৭৮, ১৮৩ ও ১৮৪ সংখ্যক ব্যবস্থা ও তত্তৎ পোষকতায় ধৃত প্রমাণাদিতে প্রকাশ পাইবে, কেননা এই ব্যবস্থাদি উক্ত সাহেবের উল্লিখিত গ্রন্থকর্ত্তাদের মতানুগত ও তৎসকলই প্রায় তাঁহাদের গ্রন্থহইতে উদ্ধৃত হইয়াছে।

## দ্বিতীয় পরিচ্ছেদ।—ভ্রাতৃকর্ত্তৃকবিভাগ

অথ তদ্বিভাগ-কাল—

ব্যবস্থা। ২১১ মরণ পাতিত্ব বা উপরতস্পৃহাদ্বারা কিম্বা গৃহস্থাশ্রম ত্যাগে পিতার স্বত্ব ধ্বংস হইলে * অথবা স্বত্ব থাকিতেও তাঁহার ইচ্ছা হইলে (পিতৃধন) বিভাগে পুত্রদের অধিকার জন্মে, অতএব তদবধি করিয়া ভ্রাতৃবিভাগ কাল †।

২১১ মরণ পাতিত্যোপরতস্পৃহত্বাশ্রমান্তর গমনৈঃ পিতুঃস্বত্বধ্বংসে * সত্যপি স্বত্বে তদিচ্ছাত এব পুত্রাণাং বিভাগাধিকারঃ, তেন ততঃপ্রভৃত্যেব ভ্রাতৃবিভাগ কালঃ †।

২১২ তথাপি মাতা বিদ্যমানে বিভাগ ধর্ম্ম্য নয় (অ) ‡।

২১২ তথাপি মাতরি জীবন্ত্যাং বিভাগো ন ধর্ম্ম্যঃ (অ) ‡।

(অ) অর্থাৎ ধর্ম্মতঃ সিদ্ধ নয়, কিন্তু ব্যবহারে সিদ্ধ। বি. দা. ভা. দ্বী. র. ৩।

(অ) অর্থাৎ ধর্ম্মার্থোঽসিদ্ধঃ, অর্থার্থস্তু সিদ্ধত্যেব। বি. দা. ভা. দ্বী. র. ৩।

প্রমাণ। পিতামাতা বাঁচিয়া থাকিতে পুত্রদের একত্র থাকাই উচিত। পিতামাতার অবিদ্যমানে পৃথক্ হইলে ধর্ম্মবৃদ্ধি হয়॥ ব্যাস। পিতামাতার ঊর্দ্ধ গমন হইলে, পুত্রেরা জুটিয়া পৈতৃক ধন ভাগ করিয়া লইবে, যেহেতু তাঁহারা বাঁচিয়া থাকিতে পুত্রেরা প্রভু নয়॥ মনু। তথাপি—

প্র.। কোন ভূম্যধিকারির দুই পুত্র ছিল, তন্মধ্যে এক জন চারি পুত্র রাখিয়া মরে—এই চারি পুত্রের মধ্যে দুই জন বর্ত্তমান আছে আর দুই জন আপন আপন পুত্র রাখিয়া মরিয়াছে। এমত অবস্থায় তৎপ্রত্যেকে ঐ ভূমির কি পরিমিত অংশে অধিকারী?

পিতৃহীন পৌত্র ও পিতৃ পিতামহহীন প্রপৌত্র পিতৃসংখ্যানুসারে অধিকারি, স্ব স্ব সংখ্যানুসারে নয়।

উ.। উক্ত ব্যক্তি যদি কিছু ভূমি ও দুই পুত্র রাখিয়া মরিয়া থাকে, আর ঐ দুই পুত্রের এক জন যদি চারি পুত্র রাখিয়া মরিয়া থাকে, এবং ঐ চারি পুত্রের মধ্যে যদি দুই জন মরিয়া থাকে আর দুই জন বিদ্যমান থাকে, তবে মুল ধনির ত্যক্ত বিষয় দুই ভাগে বিভক্ত হইবে, তাহার এক ভাগ তৎপুত্রকে অর্শিবে, অবশিষ্ট ভাগ চারি ভাগে বিভক্ত হইয়া দুই ভাগ জীবিত পৌত্রদ্বয়কে অর্শিবে, অন্য দুই ভাগ মৃত পৌত্রদ্বয়ের উত্তরাধিকারিদিগকে বর্ত্তিবে। মৃত পৌত্রদিগের মধ্যে যদি এক জনের বহুসংখ্যক অন্যের অল্প সংখ্যক পুত্র থাকে, তদবস্থায় তাহারা নিজ নিজ পিতৃ যোগ্যাংশ লইয়া ভ্রাতার সংখ্যানুসারে আপনাদিগের মধ্যে বিভাগ করিবে। এই মত দায়ভাগ দায়ক্রমসংগ্রহ ও মিতাক্ষরানুমত।

প্রমাণ—

“ভিন্ন ভিন্ন পিতার পুত্রদিগের মধ্যে তাহাদের পিতৃসংখ্যানুসারে বিভাগ হইবে”। এই বচনের ভাব এই যে যদি এক ভ্রাতার অনেক সন্তান ও অন্য ভ্রাতার অল্প সন্তান থাকে, তবে তাহাদের পিতৃসংখ্যানুসারে ভাগ হইবে। যদি এক পুত্র বর্ত্তমান থাকে ও অন্য (মৃত) পুত্রের পুত্রেরা থাকে, তবে ঐ জীবিত পুত্রকে এক ভাগ অর্শে, অন্য ভাগ ঐ পৌত্রেরা অনেক হইলেও তাহাদিগকে অর্শে—যেহেতু তাহাদের ধনাধিকার স্বপিত্রধীন জন্মমূলক তাহাদের পিতা যৎপরিমিত অংশে অধিকারী ছিলেন, তদংশে মাত্র তাহাদের অধিকার, এমতে যে প্রপৌত্রের পিতা (ও পিতামহ) মৃত, সে (মুল ধনির) পুত্র ও পৌত্রের সঙ্গে তুল্যাধিকারী, কেননা সেও (পার্ব্বণ) পিণ্ড দান করে। ইহা দায়ভাগে লিখিত হইয়াছে এবং দায়ক্রমসংগ্রহানুমত বটে।

যদি অবিভক্ত ভ্রাতারা পুত্র রাখিয়া মরে ও তাহাদিগের পুত্রসংখ্যা অসমান হয়, অর্থাৎ—এক জন দুই পুত্র রাখিয়া অন্যে তিন পুত্র রাখিয়া আর এক জন চারি পুত্র রাখিয়া যদি মরে, তবে উক্ত দুই পুত্র নিজ পিতৃ স্বত্বে একাংশ পাইবে, তিন পুত্র আপন পিতৃ সম্বন্ধীয় অংশ পাইবে, এবং তদ্রূপ অবশিষ্ট চারি পুত্রও নিজ পিতৃ যোগ্য এক অংশ পাইবে। এতাবতা পুত্রদের মধ্যে যদি কতিপয় বাঁচিয়া থাকে, এবং কতিপয় পুত্র রাখিয়া মরিয়া থাকে, তবে উক্ত প্রথানুসারে কার্য্য হইবে—অর্থাৎ জীবিত পুত্রেরা নিজ নিজ অংশ পাইবে, তাহাদের মৃত ভ্রাতাদের পুত্রেরা নিজ নিজ পিতৃ যোগ্যাংশ পাইবে। বচনাদিষ্ট বিধান এই। মিতাক্ষরা। কলিকাতা কোর্ট আপিল। মেক্‌ হি. ল. বা. ২. মকদ্দমা ৮, [পৃ. ১০ ও ১১]

in lieu of a maintenance.' So JA'GNYAVALKYA: 'The separation of one who is able to support himself, and is not desirous of participation, may be completed by giving some trifle.' Coleb. Dá. bhá. p. 62.

120 If any of the brothers in whom the inheritance vested die leaving no son, grandson and great grandson, still his other heir or heiress is entitled to take his share.

Vyavasthá

*Legal opinions delivered in, and admitted by, the several Courts of Judicature, and examined and approved of, by Sir William Macnaghten.*

Q. A landed proprietor had two sons. Of these, one died, leaving four sons, of whom two are living, and the other two dead, leaving their sons. In this case, to what proportion of the lands is each entitled?

R. Supposing the person in question to have died, leaving some landed property, and two sons, and, of the two sons, one to have died, leaving four sons, of whom two have since died, and the other two are living, then the property left by the original proprietor, should be made into two shares, of which one will devolve on his son, and the remaining one will be subdivided into four parts, of which two will go to the two surviving grandsons, and the other two portions to the heirs of the two deceased grandsons. If, of the deceased grandsons, one had many sons, and the other had less in number, they will, in that case, take their father's respective shares, and divide them, according to the numbers of the brothers, among themselves. This opinion is conformable to the *Dáyabhága*, *Dáyakramasangraha*, and *Mitákshará*.

Grandsons in the male line whose father is dead, and great grand sons whose father and grand father are dead, share with sons, and inherit *per stirpes*, not *per capita*.

*Authorities:*

"Among the issue of different fathers, the allotment of shares is according to the fathers." The purport of the text, however, is this: If there be a numerous issue of one brother, and few sons of another, then the allotment of shares is according to the fathers. If there be one son living, and sons of another son (who is deceased,) then one share appertains to the surviving son, and the other share goes to the grandsons, however numerous. For their interest in the wealth is founded on their relation by birth to their own father; and they have a right to just so much as he would have been entitled to. Accordingly, a great-grandson, whose father (as well as grand-father) is deceased, is in like manner an equal claimant with the son and grand-sons; for he likewise presents a funeral oblation." This is laid down in the *Dáyabhága*, and is conformable to the *Dáyakramasangraha.*

"If unseparated brothers die, leaving male issue, and the number of sons be unequal, one having two sons, another three, and a third four; the two receive a single share in right of their father; the other three take one share appertaining to their father; the remaining four similarly obtain one share due to their father. So, if some of the sons be living, and some have died leaving male issue, the same method should be observed; the surviving sons take their own allotments, and the sons of their deceased brothers receive the shares of their own fathers respectively. Such is the adjustment prescribed by the text. *Mitákshará.*

Calcutta Court of Appeal. Macn. H. L. vol. II. Ch. I. Case 8, (pp. 10,11.)

প্র.। চারি ভ্রাতা মাতামহ হইতে কিছু স্থাবরাস্থাবর বিষয় দান প্রাপ্ত হয়। সর্ব্বজ্যেষ্ঠ (ভ্রাতা) এক পুত্রকে (অর্থাৎ বাদিকে) রাখিয়া মরে, তৎপরে তাহাদের মাতা মরে। মাতার মৃত্যুর পর জীবিত তিন ভ্রাতার দুই জন মরে, তন্মধ্যে এক জন এক পুত্রবতী কন্যাকে অন্যে এক পত্নীকে উত্তরাধিকারিণী রাখিয়া যায়। উক্ত বিষয়ের মধ্যে কিয়দংশ সাধারণ আছে, অবশিষ্ট পৃথক্ ও স্বতন্ত্ররূপে উপরি উক্ত ব্যক্তিদের দখলে আছে। বাদী সর্ব্বজ্যেষ্ঠ ভ্রাতার পুত্র হওয়াতে ঐ বিষয়ের অংশের নিমিত্তে নালিশ করিল, প্রতিবাদী উক্ত কয়েক ভ্রাতার মধ্যে এক জন, সে বাদির স্বত্ব স্বীকার করিয়া কহিল যে আমি (প্রতিবাদী) বাঁচিয়া থাকিতে আমার ভ্রাতৃপুত্র আমার সহিত তুল্যাংশ পাইতে পারে না। এমত অবস্থায়, চারি ভ্রাতার মধ্যে এক জন বিদ্যমান থাকিতে ঐ বিষয় বিভাগ-যোগ্য কি না, অথবা ঐ জীবিত ভ্রাতা প্রধান অংশ পাইতে অধিকারী কি না?

কোন ব্যক্তি চারি পৌত্রকে বিষয় দিলে, ও তন্মধ্যে এক জন মরিলে, ঐ মৃতের পুত্র পিতৃব্য গণের স্থানে অংশ দাওয়া করিতে পারে।

উ.। মাতামহ-দত্ত বিষয়ে সকল দৌহিত্রই সমান রূপে অধিকারি; তন্মধ্যে এক জন যদি নিজ মাতার জীবন কালে পুত্র রাখিয়া মরিয়া থাকে, তবে ঐ বিষয় বিভক্ত হউক বা অবিভক্ত থাকুক তৎপুত্র তদ্বিষয়ের নিজ পিতৃ যোগ্যাংশ পাইতে সম্পূর্ণরূপে অধিকারী। মিতাক্ষরা ও দায়ভাগ প্রভৃতি স্মৃতি গ্রন্থের মত যথা,—ভ্রাতারা সাধারণরূপে যে বিষয় উপার্জ্জন করিয়াছে তাহাতে সকল ভ্রাতাই সমভাগি হইবে। বৃহস্পতিঃ।

জিলা হুগলি, ৩ এপ্রেল ১৮২১ সাল। মেক্. হি. ল. বা. ২. চ্যা. ৫, মকদ্দমা ৫ (পৃ ১৫০ ও ১৫১)।

প্র. ১। এক ব্যক্তির তিন পুত্র ছিল, তন্মধ্যে সর্ব্বজ্যেষ্ঠ পিতা হইতে পৃথক্ হইয়া স্বতন্ত্র বাস করিতে ছিল। অনন্তর পিতা লোকান্তর গত হইলেন। এমত অবস্থায়, যে পুত্রেরা পিতার সহিত একত্র ছিল তাহারাই কেবল তদ্ধনাধিকারি, অথবা তদ্ধনে সকল পুত্রেরই সমান স্বত্ব?

তিন পুত্রের মধ্যে এক জন পিতার জীবন কালে নিজ অংশ লইয়া পরিবার হইতে পৃথক্ হইলে, বিষয়ের উপর তাহার আর দাওয়া নাই।

উ. ১। পিতা যদি উভয়ের স্বেচ্ছা ও সম্মতি ক্রমে স্বোপার্জ্জিত বিষয় হইতে জ্যেষ্ঠকে কিছু ধন দিয়া পরিবার হইতে পৃথক্ করিয়া দিয়া থাকেন, তবে ঐ জ্যেষ্ঠ পিতার মরণে তদুপার্জ্জিত বিষয়ের আর কোন অংশ ভ্রাতাদিগের স্থানে পাইতে অধিকারী নয়।

প্রমাণ—

দায়ভাগে ও বিবাদ চিন্তামণিতে-ধৃত নারদ ও বৃহস্পতিবচন, তদ্যথা "পুত্রগণকে পিতা যে সমান, অধিক, বা ন্যূন ভাগ দেন, তাহাদিগকে তাহাই স্বীকার করিতে হইবেক; নতুবা তাহারা দণ্ডনীয় হইবেক"। "পিতা পুত্রগণকে যে সমান, অথবা ন্যূনাধিক ভাগ দিয়াছেন তাহাই ধর্ম্ম্য; যেহেতু পিতা সকলের প্রভু"।

প্র. ২। ঐ জ্যেষ্ঠ পুত্র পিতা হইতে পৃথক্ না হইয়া আপন স্ত্রীর সহিত পরিবারীর আর অপর ব্যক্তির কলহ হওয়াতে যদি কেবল পরিবার ত্যাগ করিয়া থাকে, তবে এমত অবস্থায় পিতৃধনের অংশ পাইতে ঐ জ্যেষ্ঠ পুত্রকে অধিকার আছে কি না?

কিন্তু কেবল পৃথক্ বাসে বিভাগে নিরাশ হয় না।

উ. ২। পিতা যদি জ্যেষ্ঠ পুত্রকে কোন অংশ না দিয়া থাকেন, অথবা বিষয়ের কোন বিভাগ না করিয়া থাকেন, এবং ঐ জ্যেষ্ঠপুত্র যদি পৃথক্ রহিয়া থাকে, তবে উক্ত ধনির মরণে সকল পুত্রই তত্ত্যক্ত বিষয়ের ভাগি হইবেক।

প্রমাণ—

দায়ভাগে ধৃত যাজ্ঞবল্ক্য-বচন—'পিতা মাতার মরণান্তে পুত্রেরা বিষয় ও ঋণ সমান ভাগ করিয়া লইবেক'।

মনু—'পিতা মাতার স্বত্ব ধ্বংস হইলে ভ্রাতারা একত্র হইয়া পৈতৃক বিষয় সমান ভাগ করিয়া লইবেক; পিতা মাতা বিদ্যমানে পুত্রদের তাহাতে প্রভুত্ব নাই।'

Q. Of four brothers, who had received some property, movable and immovable, by gift from their maternal grandfather, the eldest died, leaving a son (the complainant), and then their mother died. Subsequently to her death, two of the surviving three brothers died, one leaving a daughter, who was mother of male issue, and the other a widow, as their heirs. A part of the property is in joint tenancy, and the other portion is separate, and in the exclusive possession of the several individuals specified. The complainant, being the son of the eldest brother, sues for partition of the estate; and the defendant, one of the brothers, admitting the inchoate right of the plaintiff, states, that while he (the defendant) is living, his brother's son cannot have an equal share with him. In this case, is the property a fit subject of partition while one of the four brothers exists, or will the surviving brother be entitled to a superior portion?

Property having been given by a man to his four grandsons, and one of them dying, the son of the deceased is entitled to claim partition from his uncles.

R. All the grandsons were equally entitled to the gift of their maternal grandfather; and should one of them die during the lifetime of his mother, leaving a son, his son has the exclusive right to the property to which his father was entitled, whether divided or undivided. The following is the doctrine in the *Mitákshará*, *Dáyabhága*, and other books of law. VRIHASPATI: "All the brethren shall be equal sharers of that which is acquired by them in concert."

Zillah Hoogly. April 3rd, 1821. Macn. H. L. vol. II. Ch. 5. case 5 (pp. 150,151.)

Q. 1. A person had three sons, the eldest of whom, having been separated from his father, lived apart. Afterwards the father died. In this case, are only those sons who lived with him, entitled to succeed him; or have all his sons an equal right of succession?

R. 1. Supposing the father, by mutual free will and consent to have given some wealth out of his self-acquisitions to his eldest son, and separated him from his family; in this case, on the death of the father, the eldest son has no right to get any additional portion of his father's acquisitions from his brothers.

One of three sons having separated himself from the family, and taken a share during his father's lifetime, has no further claim on the estate.

*Authorities.*

The text of NA'RADA and VRIHASPATI cited in the *Dáyabhága* and *Viváda-Chintámani*: "Shares which have been assigned by a father to his sons, whether equal, greater, or less, should be maintained by them; else they ought to be chastised." "For such as have been separated by their father, with equal, greater, or less allotments of wealth, that is a lawful distribution: for the father is lord of all."

Q. 2. If there had been no separation from the father, and the eldest son had left the family on account of a dispute which had taken place between his wife and the other members of the family; in this case, has the eldest son any right to share his father's estate?

R. 2. Supposing the father not to have given any property to his eldest son, or to have made any division of it, and the eldest son to have lived apart, then on the death of the father, all his sons share the inheritance.

But mere living apart does not exclude.

*Authorities:*

The text of JA'GNYAVALKYA, cited in the *Dáyabhága*: "Let sons divide equally the effects and the debts, after the death of both parents."

MANU:—"After the (death of the) father and the mother, the brethren, being assembled, must divide equally the paternal estate; for they have not power over it while their parents live."

প্র. ৩। জ্যেষ্ঠপুত্র যদি পিতার বিষয় পাইতে অধিকারী হয়, তবে স্বার্জ্জিত ধনের কি পরিমিত পৈতৃকেরই বা কত তাহাকে অর্পিবে ?

পুত্রেরা সমভাগভাগী।

উ. ৩। পিতার মরণে তাহার সকল পুত্রই তাঁহার বিষয় (তাহা স্বার্জ্জিত বা পৈতামহ হউক) সমান ভাগ করিয়া লইবে।

পিতৃ ধনের উপঘাত বিনা স্বকীয় শ্রমমাত্রে উপার্জ্জিত ধন কেবল অর্জ্জককে অর্শে।

প্র. ৪। ঐ জ্যেষ্ঠ পুত্র যদি পিতাকে ছাড়িয়া পৃথক্ বাস করিয়া থাকে, তদনন্তর পিতা যদি আর আর পুত্রের সহিত একত্র রহিয়া থাকেন, এবং তদবস্থায় ঐ পুত্রেরা যদি কিছু কিছু ধন উপার্জ্জন করিয়া থাকে তবে ঐ ধন পুত্রগণের মধ্যে কিরূপে বিভক্ত হইবেক ?

উ. ৪। ঐ ধন যদি পিতৃধনের উপঘাতে উপার্জ্জিত না হইয়া থাকে তবে পুত্রেরা পিতার সহিত একান্নভুক্তাবস্থায় উপার্জ্জন করিলেও ঐ জ্যেষ্ঠ ভ্রাতার তাহাতে কোন স্বত্ব নাই।

প্রমাণ।—দায়ভাগাদি গ্রন্থে ধৃত ব্যাস-বচন—"কোন ব্যক্তি পিতৃ দ্রব্যের উপঘাত বিনা স্বশক্তিতে যাহা উপার্জ্জন করে তাহার অংশ সমদায়াদগণকে দিবে না, এবং বিদ্যাদ্বারা লব্ধধনের ভাগও দিবে না।

কিন্তু পিতা যে ধন উপার্জ্জন করেন পুত্রগণ তদুপার্জ্জনে সাহায্য করুক বা না করুক তন্মরণে তাহাতে সমানরূপে অধিকারি হয়।

প্র. ৫। জ্যেষ্ঠ পুত্র সাধারণ আবাস হইতে গেলে পর, পিতা যদি আর আর পুত্রের সহিত একত্র পরিশ্রম করিয়া কিছু ধন উপার্জ্জন করিয়া থাকেন, তবে ঐ জ্যেষ্ঠ পুত্র তাহার ভাগ পাইবে কিনা ?

উ. ৫। আর আর পুত্রের সহিত একত্র শ্রম দ্বারা পিতৃকর্ত্তৃক যে বস্তু উপার্জ্জিত হওয়া নিশ্চিত হইবে তাহার ভাগ ঐ জ্যেষ্ঠ পুত্র পাইবে।—কেননা সকল পুত্রই পিতৃধনাধিকারি হইতে অধিকারি।

প্রমাণ।—দায়তত্ত্ব ধৃত বৌধায়ন বচন—"অগ্রজ থাকিলে অর্থ তদ্‌গামি হয়।"

জিলা নদিয়া, ৩ ডিসেম্বর ১৮১১ সাল। গৌরাঙ্গ পাডুই—বনাম—রামপ্রসাদ পাডুই। মেক্. হি. ল. বা. ২. মকদ্দমা ৫ (পৃ. ৫—৭)

প্র.। তিন সহোদরে অবিভক্তাবস্থায় একত্র বাস করে। তন্মধ্যে সর্ব্ব কনিষ্ঠ নিজ নামে কোন ভূমির সনদ হাসিল করে, কিন্তু তাহার ভ্রাতারা ঐ ভূমির উপস্বত্ব সমানরূপে ভোগ করে। এমত অবস্থায় ঐ সকল ভ্রাতাই সাধারণ রূপে ঐ ভূমির স্বামি বিবেচিত হইবে অথবা যে ব্যক্তি ঐ সনদ উপার্জ্জন করিয়াছে সেই কেবল তাহা দখল করিবে ? যদি সকল ভ্রাতাই মরিয়া থাকে, এবং জ্যেষ্ঠভ্রাতাদ্বয়ের পুত্রসন্তান না থাকে কিন্তু সর্ব্ব জ্যেষ্ঠের এক দৌহিত্র থাকে, তবে ঐ দৌহিত্র উক্ত বিষয়ের কোন অংশ পাইতে অধিকারী হইবে, অথবা দ্বিতীয় ভ্রাতার পত্নী ও সনদ হাসিলকারির পুত্র উক্ত দৌহিত্রকে নিরাস করিয়া আপনারাই সকল বিষয় লইবে ?

উ.। সর্ব্বকনিষ্ঠ ভ্রাতা যদি কেবল নিজ ধনে ও শ্রমে আপন নামে সনদ হাসিল করিয়া থাকে, তবে এমত অবস্থায় সেই (কনিষ্ঠ ভ্রাতাই) কেবল যথা শাস্ত্র ধনস্বামী হইবে।

ঐ বিষয় সর্ব্ব কনিষ্ঠ ভ্রাতার নামে হাসিল হইয়া থাকিলেও যদি তাহা সকল ভ্রাতার সাধারণ ধনে ও শ্রমে উপার্জ্জিত হইয়া থাকে, তবে তিন ভ্রাতায় সমান ভাগ-ভাগি হইতে অধিকারি। তাহারা সকলেই যদি মরিয়া থাকে, তবে জ্যেষ্ঠ ভ্রাতাদ্বয়ের পুত্রাভাবে সর্ব্ব জ্যেষ্ঠের দৌহিত্র ও দ্বিতীয় ভ্রাতার পত্নী, এবং কনিষ্ঠ ভ্রাতার পুত্র ঐ বিষয় সমান ভাগ করিয়া লইবে, যেহেতু তাহা সাধারণ ধনে ও শ্রমে উপার্জ্জিত হইয়াছে। এই মত বঙ্গদেশে প্রচলিত শাস্ত্র সম্মত। জিলা ত্রিপুরা। ২৯ জুন ১৮১৫ সাল। মেক্. হি. ল. বা. ২. চ্যা. ১., মকদ্দমা ৪. (পৃ. ৪)।

১১৬ ও ১১৭ সংখ্যক ব্যবস্থার নজীর

৴০ ভৈরবচন্দ্র রায়—বনাম—রসমণি। ১৮ সেপ্টেম্বর ১৭৯৯ সাল। স. দে. আ. রি. বা. ১, পৃ. ২৭। দ্রষ্টব্য—বা. ম. পৃ. ২৯।

Q. 3. Should the eldest son be entitled to inherit from his father, what portion of the self-acquisitions and of the ancestral property will devolve on him?

R. 3. On the death of the father, all the sons will equally divide their father's property, whether it consist of self-acquisitions or patrimony.

Sons share equally.

*Authorities :*

The text of MANU. See Reply 2.

Q. 4. Supposing the eldest son to have left his father and to have lived apart, and, subsequently to such separation, the father to have lived in a joint state with his other sons, who acquired some property while they were living with their father; in this case, how will such acquisitions be distributed among the sons?

Property aquired by exclusive labour, without using the patrimony, goes to the acquirer solely.

R. 4. The eldest brother has no right to the acquisitions of his brethren, provided they were made without the use of the patrimony, even though they were acquired while the sons were living with their father.

*Authorities :*

The text of VYA'SA, cited in the *Dáyatatwa* and other law books: "What a man gains by his own ability without relying on the patrimony, he shall not give up to the co-heirs; nor that which is acquired by learning."

Q. 5. Subsequently to the eldest son's departure from the family house, the father, joining his labour to that of his other sons, acquired some property; in this case, will the eldest son share in the acquisition?

But property acquired by a father is on his death inherited equally by all his sons, whether they aided in the acquisition or not.

R. 5. Whatever property may be ascertained to have been the father's acquisitions made with the assistace of his other sons, his eldest son is entitled to a share in it, because all the sons have a right to inherit from the father.

*Authorities :*

The text of BOUDHA'YANA, laid down in the *Dáyatatwa*: "Male issue of the body being left, the property must go to them."

Zillah Nuddea, December 3rd, 1811. Macr H. L. vol. II. Chap. 1. case 5 (pp. 5—7.) Gourunga Párui *v.* Rám Prasád Párui

Q. Three uterine brothers lived in a joint and undivided state. The youngest of them obtained a grant of certain lands in his own name, but his brothers participated equally with him in the enjoyment of the produce. In this case, should all the brothers be considered joint proprietors of the land, or will the person who obtained the grant possess it exclusively? Should all the brothers be dead, the two elder leaving no son, but there being a daughter's son of the eldest, is such grandson in the female line entitled to receive any share of the property, or will the widow of the second brother and son of the person who acquired the grant exclude him, and take the entire state to themselves?

A. Should the youngest brother have acquired the grant in his own name, by means of his own funds and labour exclusively in this case, he (the youngest brother) is the sole legal proprietor.

If the property have been earned by means of the common funds and labour of all the brethren, though granted in the name of the youngest brother, then the three brothers will be entitled to equal participation. Should all of them be dead, on failure of sons of the two elder brothers, the grandson in the female line of the eldest brother, and the widow of the second and son of the youngest brother will participate in the estate equally, it having been acquired by means of common funds and labour. This opinion is conformable to the law as current in Bengal. Zillah Tipperah, June 29th, 1815. Mac. H. L. vol. II. Chap. I. Case 4 (p. 4).

*Cases* bearing on the Vyavásthás Nos. 114 & 117.

I. Bhoirab chandra Ráy *versus* Rasamani. 18th September 1799. S. D. A. R. vol. 1. p. 27—See *ante*, p. 23.

৭০ ঈশ্বরচন্দ্র কারফরমা প্রভৃতি—বনাম—গোবিন্দ চন্দ্র কারফরমা প্রভৃতি। সু. কো.। জানওরি ১৮২৩ সাল। কন্. হি. ল. পৃ. ৭৪ ও ৭৫। দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ২২।

জয়নারায়ণ মল্লিক প্রভৃতি—বনাম—বিশ্বম্ভর মল্লিক প্রভৃতি।

১১৭ ও ১১১ সংখ্যক ব্যবস্থার নজীর

৮০ রাধাচরণ উইল না করিয়া, চারি পুত্র রাখিয়া—অর্থাৎ হলধর, বিশ্বম্ভর, গোবর্দ্ধন, ও জয়নারায়ণকে রাখিয়া—মরে। রাধাচরণের গোকুলচন্দ্র নামে আর এক পুত্র ছিল কিন্তু সে নিজ পিতার জীবন কালেই—গৌরপ্রিয়া নাম্নী পত্নীকে এবং রামধন ও বৃজমোহন নামে দুই পুত্রকে রাখিয়া কাল প্রাপ্ত হয়। হলধর নিজ পিতার মরণ কালে জীবিত ছিল, পরে রামনারায়ণ নামে পুত্রকে ও প্যারী নাম্নী পত্নীকে রাখিয়া লোকান্তর গত হইল।

প্রকাশ হইল যে উক্ত ব্যক্তি সকলে এক অবিভক্ত পরিবার রূপে এক গৃহে একত্র বাস করিত।—শাস্ত্র বিষয়ে আদালতের এরূপ হৃদ্ বোধ হইবাতে যে ব্যক্তিরা এরূপ একত্র থাকিলেও পৃথক্ ধন উপার্জ্জন করিতে পারে, এবং তদ্রূপে উপার্জ্জিত ধন পৃথক্ রূপে ভোগ করিতে তাহাদিগের অধিকার আছে, বৃত্তান্ত নির্ণয়ার্থ ইষু করিতে আদেশ করিলেন, অর্থাৎ—উক্তরূপ পৃথক্ ধনের দাবীকারি ব্যক্তিরা ঐ ধন যথার্থতঃ নিজ নিজ পরিশ্রমে উপার্জ্জন করিয়াছিল কি না? (এই ইষু করিতে আদেশ করিলেন)।

যে ইষু হইয়াছিল তাহা ভিন্ন ভিন্ন দাবীদার ব্যক্তিদিগের অনুকূলেই বটে, ও তাহাতে এক চূড়ান্ত ডিক্রী হইয়া এই আদেশ হয় যে এক বাটী ও ২৭০০০ টাকার কোম্পানির কাগজ পৃথক্ রূপে নাবালগ রামনারায়ণের প্রাপ্য,—তিন খান বাটী ও ১১৭০০ টাকার কোম্পানির কাগজ বিশ্বম্ভরের প্রাপ্য।—অপর আদেশ হইল যে বক্রী ভূমি বিক্রীত হইয়া তাহার মূল্য ও ৯০০০ টাকার কোম্পানির কাগজ পাঁচ ভাগে বিভক্ত হয়, তন্মধ্যে বিশ্বম্ভর রামনারায়ণ জয়নারায়ণ ও গোবর্দ্ধন* প্রত্যেকে এক ভাগ, বৃজমোহন ও রামধন উভয়ে এক ভাগ পায়*। সু. কো.। কন্. হি. ল. পৃ. ৪৮—৫০।

৯০ গদাধর শর্ম্মা ও কালিদাস শর্ম্মা—বনাম—অযোধ্যারাম চৌধুরী। ৩০ আক্‌টোবর ১৭৯৪ সাল। স. দে. আ. রি. বা. ১, পৃ. ৬। ব্য. দ. পৃ. ১৮০ ও ১৮২।

## সাধারণ ধনোপঘাতে অর্জ্জিত বিষয়-বিভাগ।

ব্যবস্থা

১২১ সাধারণের উপঘাতে অর্জ্জিত ধনে অর্জ্জকের দুই ভাগ, অন্যের এক ভাগ†।

ইহা ন্যায্য বটে, যেহেতু অর্জ্জকের সাধারণ ধন-ব্যবহারে ও শরীরের শ্রমে, অন্যের কেবল সাধারণ ধন ব্যবহারে (সে ধন উপার্জ্জিত)।

১২১ সাধারণ ধনোপঘাতেনার্জ্জিত ধনে অর্জ্জকস্য ভাগদ্বয়ং, ইতরেষামেকাংশিত্বং†।

যুক্তঞ্চৈতৎ, অর্জ্জকস্য সাধারণ ধন ব্যাপারেণ শরীরায়াসেনচ অনর্জ্জকানান্তু কেবল সাধারণ ধন-ব্যাপারেণার্জ্জিতত্বাৎ।

* দৃষ্ট হইবে যে আমি এই মকদ্দমার রিপোর্ট শুদ্ধ ইহা দেখাইবার নিমিত্তে লিখিলাম যে আর সকল বিষয়ে অবিভক্ত এমত হিন্দু পরিবারীয় নানা ব্যক্তির স্বোপার্জ্জিত বিষয়ে আদালত কত দূর পর্য্যন্ত বিচার অর্থাৎ কিরূপ বিচার করিয়াছেন। রাধাচরণের ধন ও তদ্‌বৃদ্ধি তাহার পুত্রদের ও তৎস্থলাভিষিক্তদের মধ্যে বিভাগ করিয়া দিতে আজ্ঞা এবং অর্জ্জকদিগকে তাহাদিগের স্বীয় স্বীয় উপার্জ্জন দিতে আদালত আজ্ঞা করিয়াছেন—অর্থাৎ (আদেশ করিয়াছেন যে) বিশ্বম্ভরকে তাহার নিজ উপার্জ্জন ও রামনারায়ণকে তাহার পিতা হলধরের উপার্জ্জন দেওয়া যায়। এস্থলে দৃষ্ট হইতেছে যে রাধাচরণের মরণ কালে বিদ্যমান পুত্রেরা অর্থাৎ বিশ্বম্ভর গোবর্দ্ধন ও জয়নারায়ণ প্রত্যেকে এক অংশ লইল; হলধরের এক পুত্র রামনারায়ণ নিজ পিতৃ স্বত্বে এক অংশ লইল, গোকুলচন্দ্রের দুই পুত্র অর্থাৎ রামধন ও ব্রজমোহন উভয়ে পিতৃ যোগাংশ লইল। সর ফ্রন্সিস্ মেক্‌নাটন্ সাহেবের কন্‌সিডরেন্‌স্ অন্ দি. হিন্দু ল. (পৃ ৫০ ও ৫১)।

† দা. ক্র. সং. পৃ. ৩১। দা. ভা. পৃ. ১২৩। কোল্. দা. ভা. পৃ. ১১১। উ. দা. ক্র. সং. পৃ. ৭১। মেক্. হি. ল. বা. ১, পৃ৫২।

II. I'shwar Chandra Kárfarmá and others *versus* Gobinda Chandra Kárfarmá and others. S. C. January 1823. Cons. H. L. pp. 74, 75. See *ante*, p. 23.

*Joynárayan Mallik and others V. Bishwambhar Mallik and others.*

I. Ra'dha' Charan died intestate, leaving four sons, viz. Haladhar, Bishwambbar, Gobardhan, and Joy Na'ra'yan.—Gokul Chandra was another of Ra'dha' Charan's sons, but died in the lifetime of his father, leaving Gourpriyá his widow, and Ra'mdhan and Brajamohan his sons, surviving him. Haladhar survived his father, and died leaving Ra'm Na'ra'yan his son, and Piya'rí his widow.

*Cases* bearing on the Vyavasthás Nos. 117 & 119.

It appeared that the parties had all lived together in the same house as a joint and undivided family: and the Court having been satisfied as to the law, viz. *that parties so living together are capable of acquiring separate property, and have a right to enjoy property so acquired in severalty*, directed issues to try the facts, namely, whether or not the claimants of such separate property had actually acquired it by their *own several exertions*.

The issues were favorable to the claimants, severally; and the result was a final decree, declaring the infant Ra'm Náráyan entitled to a house, and Company's securities to the amount of 27,000 Rupees in severalty,—declaring Bishwambhar entitled to three houses and Company's securities to the amount of 11,700 Rupees in severalty,—ordering the remainder of the landed property to be sold, and decreeing that the purchase money, together with 9,000 Rupees in Company's securities, should be divided into five parts or shares; of which Bishwambhar, Ra'm Náráyan, Joy Na'ra'yan, and Gobardhan should each take one share, and Brajamohan and Ra'mdhan should take one between them.* S. C. Cons. H. L. pp. 48—50.

II. Gada'dhar Sarma' *versus* Ajodhya' Ra'm Choudhurí. 30th October 1794. S. D. A. R. vol. I. p. 6. See *ante*, pp. 181,183.

## PARTITION OF THE ACQUISITIONS MADE BY USING THE COMMON STOCK.

121. The acquirer has two shares of the property acquired by the use of the joint stock†.

Vyavasthá

This is reasonable; for the acquisition is made on the part of the acquirer both by the use of the common property, and by personal labour; but on the part of the rest, simply by means of the joint stock.

* It will be observed, that I have given this report of the case, merely for the purpose of showing how far the Supreme Court has gone in adjudicating self-acquired property, to the *several* members of a *Hindu* family, in *all other respects joint and undivided*. It was the property of Rádhá Charan, and the increase of that property, which was ordered to be equally divided among his sons, and their representatives—giving their own acquisitions to the acquirers, i. e. those of Bishwambhar to himself, and those of Haladhar to his son Rám Náráyan. Here it will be seen that Bishwambhar, Gobardhan, and Joy Náráyan, the surviving sons of Rádhá Charan, each took *per capita*; that Rám Náráyan the only son of Haladhar, took a share in right of his father;—and that Rámdhan and Brajamohan, the two sons of Gokul Chandra, took *per stirpes* his share between them. Sir Francis Macnaghten's Considerations on the Hindu Law. pp. 50,51.

† W. Dá. Kra. Sang. p. 70. Coleb. Dá. bhá. p. 111. Macn. H. L. vol. I. p. 52.

প্রমাণ

যৎকিঞ্চিৎ সাধারণ বস্ত্র (অ) বাহন বা অস্ত্র ব্যবহারে শৌর্য্যাদিদ্বারা (কেহ) ধন প্রাপ্ত হইলে (ই) ভ্রাতারা (উ) তাহার অংশ ভাগি ॥ তাহাকে (ও) দুই ভাগ দাতব্য, অবশিষ্টেরা সমভাগ ভাগি। ব্যাস।

(অ) এই ধন ব্যবহারে—ভোজনাচ্ছাদনাতিরিক্ত ধন-ব্যবহার বুঝায়, কেননা ভোজনার্থে ধনব্যবহার গৃহস্থিত ব্যক্তির অবশ্যই করিতে হয়। দা. ভা. টী. পৃ. ১২৪।

(ই) শৌর্য্যেপ্রাপ্ত ধনে—সাধারণ ধনের উপঘাতে শৌর্য্যদ্বারা অর্জ্জিত ধন বোধ্য;—যেহেতু সাধারণ-ধনের অনুপঘাতে অর্জ্জিত ধন বিভাজ্য নয় ইহা পরে কথিত হইবে। দা. ক্র. সং. পৃ. ৩৩।

শৌর্য্যাদিদ্বারা অর্জ্জিতধনের বর্ণন। কাত্যায়ন করিয়াছেন—"সংশয়কে তুচ্ছ করিয়া (কোন সেনা) দুঃসাহসীয় কর্ম্ম সম্পন্ন করিলে সেই কর্ম্মে তুষ্ট হইয়া প্রভু যে পারিতোষিক দেন, সেই পারিতোষিকরূপে লব্ধ যে কিছু তাহাই শৌর্য্যার্জ্জিত ধন।

(উ) ভ্রাতারা এই পদ উপলক্ষণ—ইহাতে পিতৃব্য প্রভৃতিও বুঝায়। দা. ত. পৃ. ২৭।

(ও) তাহাকে অর্থাৎ অর্জ্জককে। দা. ক্র. সং. পৃ. ৩১।

যেস্থলে এক জনের কেবল সাধারণ ধনোপঘাতমাত্র ব্যাপার, অন্যের (সাধারণ) ধন ও স্বকীয় শরীর দ্বারা ব্যাপার, সে স্থলে ঐ একজনের এক ভাগ, অন্যের দুই ভাগ ন্যায়পূর্ব্বকই নিবদ্ধ হইয়াছে। ইহাতে ইহাও সিদ্ধ হইতেছে যে—

ব্যবস্থা

**১২২ সাধারণ ধনের উপঘাত হইলে যাহার যদংশ বা যৎপরিমিত ধনের (তাহা অল্প বা অধিক হউক) উপঘাত হয় তদনুসারে তাহার ভাগ কল্পনা কর্ত্তব্য। দা. ভা. পৃ. ১২৫।**

ব্যবস্থা

**১২৩ অবিভক্ত দায়াদগণের মধ্যে কাহারো শ্রমে সাধারণ ধন বৃদ্ধি হইলে, তাহাতে তাহার দুই অংশ প্রাপ্য নয়।**

ব্যবস্থা

**১২৪ দায়াদগণের মিশ্রিত ধনে ও শ্রমে কোন বিষয় উপর্জ্জিত হইলে, যদি তত্তদ্দত্ত ধনের ও শ্রমের পরিমাণ জানাযায় তবে তাহারা তদনুসারে ভাগভাগি, নতুবা সমভাগি।**

সাধারণং সমাশ্রিত্য (অ), যৎকিঞ্চিদ্বাহনায়ুধং। শৌর্য্যাদিনাপ্নোতি (ই) ধনং ভ্রাতরস্তত্র (উ) ভাগিনঃ। তস্য [ও] ভাগদ্বয়ং দেয়ং, শেষাস্তু সমভাগিনঃ। ব্যাসঃ।

(অ) এতচ্চ ভোজনাচ্ছাদনাতিরিক্ত ধনাশ্রয় পরং, তদর্থ ধনোপঘাতস্য গৃহস্থিতেনাবশ্য কর্ত্তব্যত্বাৎ। দা. ভা. টী. পৃ. ১২৪।

(ই) শৌর্য্যপ্রাপ্তং—সাধারণ ধনোপঘাতেন শৌর্য্যার্জ্জিত ধন বিষয়ং;—সাধারণানুপঘাতার্জ্জিত ধনস্যাবিভাজ্যতয়া বক্ষ্যমাণত্বাৎ। দা. ক্র. সং. পৃ. ৩৩।

শৌর্য্যাদিধনমাহ কাত্যায়নঃ—"আরুহ্য সংশয়ং যত্র, প্রসভং কর্ম্মকুর্ব্বতে। তস্মিন্ কর্ম্মণি তুষ্টেন প্রসাদঃ স্বামিনাকৃতঃ ॥ তত্র লব্ধন্তু যৎকিঞ্চিৎ ধনং শৌর্য্যেণ তদ্ভবেৎ। দা. ভা. পৃ. ১৪৩।

(উ) ভ্রাতর ইত্যুপলক্ষণং—পিতৃব্যাদয়োঽপি বোদ্ধব্যাঃ দা. ত. পৃ. ২৭।

(ও) তস্য—অর্জ্জকস্য। দা. ক্র. সং. পৃ. ৩১।

যত্র সাধারণধনমাত্রেণৈকস্য ব্যাপারোঽপরস্য ধন-শরীরাভ্যাং তত্রৈকস্যৈকো ভাগোঽপরস্য ভাগদ্বয়ং ন্যায়াবগতমেব নিবদ্ধং। এতেন চৈতদপি সিধ্যতি, যৎ—

**১২২ সাধারণ ধনোপঘাতে সতি যস্য যাবতো ঽংশস্য স্বল্পস্য মহতোবোপঘাতঃ তস্য তদনুসারেণ ভাগকল্পনা কার্য্যা। দা. ভা. পৃ. ১২৫।**

**১২৩ অবিভক্ত দায়াদানাং কস্যাপ্যায়াসেন সাধারণ ধনে প্রবৃদ্ধে, ন তস্য দ্ব্যংশিত্বং।**

**১২৪ দায়াদানাং মিশ্রিত ধনায়াসাভ্যাং অর্জ্জিতবিত্তে, ধনায়াস পরিমাণ নির্ণয়ে তেষাং তদনুসারেণাংশিত্বং, অনির্ণয়ে সমাংশিত্বং।**

"The brethren (u) participate in that property which one of them gains by valour (i) or the like, using some common property (a) either a weapon or a vehicle. To him (o) two shares should be given: but the rest should share alike." VYA'SA. Dá. bhá. p. 111. Authority

(a) *The using of common property* must however be other than that of eating and clothing; inasmuch as a householder must use property for that purpose. SRI'KRISHNA'S comment on the *Dáyabhága*. Sans. p. 124.

(i) "*Gained by valour*"—refers (here) to what is acquired by valour by using the joint-stock; for it will be hereafter declared, that wealth acquired without the use of the joint stock is indivisible. Dá. Kra. Sang. p. 73.

KA'TYA'YANA propounds the gain of valour, &c.—"When (a soldier) performs a gallant action, despising danger; and favour is shown to him by his lord pleased with that action; whatever property is then received by him, shall be considered as gained by valour. Coleb. Dá. bhá. p. 131.

(u) The term '*brethren*' is merely illustrative, it comprehends also paternal uncles and the rest. Dá. T. Sans. p. 17.

(o) '*To him.*' That is to the acquirer. Dá. Kra. Sang. p. 70.

Where the exertion of one is merely through the joint property, and the other contributes to the acquisition by his person and wealth, it is a rule suggested by reason, that the one shall have a single share, and the other two. Hence like-wise it follows, that—

22. If the joint stock be used, shares should be assigned to each person in proportion to the amount of his allotment, be it little or much, which has been used.—Coleb. Dá. bhá. p. 114. Vyavastha

123 Should one member of an undivided family augment the joint stock by his sole exertions, he is not therefore entitled to a double share of the augmentation. Vyavastha'

124 Where several coparceners contribute means and labour in the acquisition, there they share in proportion to their contribution, if known; otherwise, in equal shares. Vyavastha

ব্যবস্থা · ১২৫ এক ভ্রাতার ধনোপঘাতে অন্য ভ্রাতার পরিশ্রমে ধন উপার্জ্জিত হইলে তদুভয়ে সমভাগি;—কিন্তু একের ধনে অপরের ধনে ও শ্রমে উপার্জ্জিত হইলে ধনমাত্র দাতার এক অংশ, অপরের দুই অংশ—উভয় অবস্থাতেই অন্য ভ্রাতাদের অংশ নাই।

১২৫ যদা একস্য ভ্রাতুরসাধারণ ধনোপঘাতেন অপরস্য ভ্রাতুরায়াসেনচ বিত্তমর্জ্জিতং তত্র তয়োঃসমাংশিত্বং; যদিতু একস্য ধনেন অপরস্য ধন শরীরাভ্যাঞ্চার্জ্জিতং তদা কেবল ধনদাতুরেকাংশঃ, অপরস্য দ্ব্যংশঃ—উভয়ত্রৈব ইতরেষাং ভ্রাতৃ্ণাং অনংশিত্বং

ভিন্ন ভিন্ন আদালতে ও গ্রাহ্য হওয়া, এবং সর্ উইলিয়ম মেকনাটন সাহেবের
পরীক্ষিত ও মনোনীত ব্যবস্থা।

প্র.। তিন হিন্দু (সহোদর ভ্রাতা) অবিভক্তাবস্থায় বাস করতঃ পিতৃ দ্রব্যের উপঘাত বিনা কিছু স্থাবরাস্থাবর বিষয় উপার্জ্জন করে। জ্যেষ্ঠ ভ্রাতা আর আর ভ্রাতা হইতে পৃথক্ হইয়া ভ্রাতাদিগকে কিছু ভাগ নাদিয়া তাবত্ বিষয় আপনি লইল। দৃষ্ট হইতেছে যে জ্যেষ্ঠ ভ্রাতার উপার্জ্জন আর আর ভ্রাতা হইতে অধিক। এমত অবস্থায় ঐ বিষয়ের কিরূপ বিভাগ হইবেক?

পৈতৃক ধনের উপঘাতে ধন উপার্জ্জিত হইলে বিভাগে অর্জ্জক দুই অংশ পায়।

উ.। এমকদ্দমাতে তিন ভ্রাতায় একত্র বাস করিয়া পৈতৃক ধনের আশ্রয় বিনা স্ব স্ব ধনে স্থাবরাস্থাবর বিষয় উপার্জ্জন করিয়াছে, অতএব প্রত্যেক ভ্রাতা ঐ বিষয় উপার্জ্জনের নিমিত্তে নিজ দত্ত পৃথক্ ধনের পরিমাণানুসরে ভাগ পাইতে অধিকারী। যদি তন্মধ্যে এক জন পৈতৃক সাধারণ দ্রব্যের সাহায্যে তাহা উপার্জ্জন করিয়া থাকে তবে ঐ উপার্জ্জক অন্য হইতে দ্বিগুণ পাইবে, অর্থাৎ দুই ভাগ পাইবে, যদি এক জনে সাধারণ ধনের সাহায্য বিনা স্বকীয় ধনে কোন বিষয় উপার্জ্জন করিয়া থাকে, তবে উপার্জ্জিত সকল বিষয় সেই উপার্জ্জক লইবেক। এই মতের প্রমাণ দায়ভাগে ধৃত ব্যাসের ও যাজ্ঞবল্কের বচন—"যদি সাধারণ ধন ব্যবহৃত হয়, তবে ব্যাবহৃত ঐ ধন অল্প হউক বা অধিক, প্রেত্যেক ব্যক্তিকে তাহার দত্ত ধনের পরিমাণানুসারে অংশ দাতব্য। কোন ব্যক্তি পৈতৃক দ্রেব্যের আশ্রয় বিনা আপন ক্ষমতায় যাহা উপার্জ্জন করে তাহা শরীকদিগকে দিবে না, এবং বিদ্যাদ্বারা উপার্জ্জিত ধন ও দিবে না॥ কোন সমদায়াদ পৈতৃক দ্রব্যের উপঘাত বিনা আপনি যে কিছু উপার্জ্জন করে—যথা বন্ধু হইতে প্রাপ্ত উপঢৌকন, অথবা বিবাহে প্রাপ্ত দান—তাহা সমদায়াদদিগের সহিত সম্বন্ধ রাখে না॥ সাধারণ ধনের আশ্রয়ে আর্থাৎ শস্ত্র বা যান ব্যবহারে কোন ব্যক্তি শৌর্য্যাদি দ্বারা যে ধন উপার্জ্জন করে ভ্রাতারা তাহার অংশি; পরন্তু ঐ অর্জ্জকে দুই ভাগ দাতব্য, অবশিষ্ট ভ্রাতারা সমান ভাগভাগি। সহর ঢাকা, ১২ মে ১৮১৭ সাল। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৫. মকদ্দমা ১২ (পৃ. ১৫৮—১৫৯)।

প্র.। এক ব্যক্তি চারি পুত্র ও কিছু স্বার্জ্জিত ভূমি রাখিয়া মরে। তাহার মৃত্যুর পর, তৎপুত্রেরা অবিভক্তরূপে একত্র বাস করতঃ প্রেত্যেকে আপন আপন উপার্জ্জন দ্বারা কিছু কিছু ভূমি ক্রয় করিয়া সাবেক বিষয়ে যোগ করে। এমত অবস্থায়, ঐ চারি ভ্রাতা সমুদয় বিষয়ের সমান ভাগ পাইবে অথবা অন্যরূপ অংশে অংশি হইতে অধিকারি?

Vyavasthá

125 Where a property is acquired by the use of one brother's money and by another brother's labour, there they both share it equally; but where it is acquired by one's money and another's money and labour, there the brother who supplied funds shall have one share, and the other shall have two shares: and in both cases the rest of the brethren shall be excluded from participation.

*Legal opinions delivered in, and admitted by, the several Courts of Judicature, and examined and approved of by Sir William Macnaghten.*

Q. Three Hindus (being uterine brothers) live as a joint and undivided family, and acquire some property real and personal, without relying on the patrimony. The eldest brother separates himself from his brothers, and takes the whole of the property exclusively, without coming to any division with his brethren. It appears that the acquisitions of the eldest exceeded those of his brothers. Under these circumstances, how should the property be distributed?

The acquirer takes a double share on partition, where ancestral property has been used in making the acquisition.

R. In this case, three brothers living in a joint state, acquired the property real and personal by their own respective funds, without relying on the patrimony, and therefore each brother is entitled to a share coresponding to the extent of his separate funds applied by him towards the acquisition. If one of them had acquired it, relying on ancestral joint stock, the acquirer shall have twice as much as the rest; in other words, a double share. Should any one acquire property by dint of his own funds without using the common stock, the acquirer takes the whole acquisition. The authority for this opinion is the following doctrine of VYA'SA and YA'JNYAVALKYA laid down in the *Dáyabhága*, &c.

"If the joint stock be used, shares should be assigned to each person in proportion to the amount of his allotment, be it little or much, which has been used." "What a man gains by his own ability, without relying on the patrimony, he shall not give up to the co-heirs; nor that which is acquired by learning." "Whatever else is acquired by the coparcener himself, without detriment to the father's estate, as a present from a friend, or a gift at nuptials, does not appertain to the co-heirs." "The brethren participate in that wealth, which one of them gains by valour or the like, using any common property, either a weapon or a vehicle, to him two shares should be given: but the rest share alike." City Dacca. May 12th 1817. Macn. H. L. vol. II. Ch. V. case 12 (pp. 158,159).

Q. A person died, leaving four sons, and some self-acquired landed property. After the father's death, his sons lived together as a joint and undivided family, and they each purchased with their respective acquisitions some lands, which they annexed to the original estate. Under such circumstances, are the four brothers entitled to share the whole property equally, or otherwise?

প্রত্যেক ভ্রাতার কৃত শ্রম ও দত্ত ধনের পরিমাণানুসারে তাহাদের উপার্জ্জিত বিষয় বিভাজ্য।

উ.। পিতার মরণোত্তর ভ্রাতারা একত্র বাসকালীন আপন আপন শারীরিক শ্রমে ও ধনে যে বিষয় উপার্জ্জন করিয়া পৈতৃক বিষয়ে মিসাইয়াছে, তৎক্রয়ের নিমিত্তে প্রত্যেক ভ্রাতা কত টাকা দিয়াছে ও শ্রম করিয়াছে তাহা যদি নিশ্চয় করিবার উপায় থাকে তবে ঐ বিষয় ভ্রাতাদের দত্ত ধনের ও শ্রমের পরিমাণে ভাগ হইবে। পরন্তু পৈতামহ বিষয় তাহাদের মধ্যে সমান ভাগ হইবে। রামচন্দ্র দাস—বনাম—গঙ্গাধর মহতী। মেক্. হি. ল. বা. ২. চ্যা. ৫, মকদ্দমা ১৪ (পৃ. ১৬০)।

প্র.। রেস্পণ্ডেণ্ট ও আপিলাণ্ট সহোদর ভ্রাতা হওয়াতে বাঙ্গালা ১২১০ সালের সেপ্টেম্বর মাস পর্য্যন্ত একত্র বাস করিয়াছিল। রেস্পণ্ডেণ্ট অর্থাৎ জ্যেষ্ঠ ভ্রাতা তহসিলদারী ও ইজারদারী এবং তদ্রূপ আর আর কর্ম্ম দ্বারা ধন উপার্জ্জন করিয়াছিল, আপিলাণ্টও গমস্তাগিরি মোক্তারি, ইজারদারী এবং আর কর্ম্ম দ্বারা ধন উপার্জ্জন করিয়াছিল। তাহারা একান্নভুক্ত থাকন কালীন আপন উপার্জ্জন দ্বারা অন্য ব্যক্তির নামে ভূমি ক্রয় করে। ঐ ভূমি ক্রয় করিতে কে কি পরিমিত টাকা দিয়াছিল তাহা নিশ্চয় রূপে দর্শাইবার কোন দলীল ছিল না; কিন্তু ইহা স্পষ্টরূপে সাব্যস্ত হইয়াছে যে রেস্পণ্ডেণ্ট যে টাকা দেয় তাহা আপিলাণ্টের দেওয়া টাকা হইতে অনেক অধিক। এমত অবস্থায় পিতৃধনের উপঘাত বিনা নিজ উপার্জ্জনে ভ্রাতারা যে বিষয় ক্রয় করিয়াছে তাহা তাহাদের মধ্যে সমান রূপে বিভক্ত হইবে অথবা জ্যেষ্ঠ ভ্রাতার ধনে অধিকাংশ বিষয় ক্রীত হওয়াতে তিনি জ্যেষ্ঠাংশ পাইতে অধিকারী হইবেন;—যদি হয়েন, তবে তাহার পরিমাণ কি?

বিষয় উপার্জ্জন নিমিত্ত অবিভক্ত ভ্রাতাদের প্রত্যেকে যৎপরিমিত ধন দিয়া থাকে তৎপরিমাণে তাহার ভাগ পাওয়া উচিত।

উ.। ভ্রাতার সহিত আপিলাণ্ট একত্র বাস করতঃ পিতৃধনের উপঘাত বিনা যে বিষয় উপার্জ্জন করিয়াছে তাহা তাহার অসাধারণ ধন; এবং উপরিউক্ত অবস্থায় রেস্পণ্ডেণ্ট যে বিষয় ক্রয় করিয়াছে, তাহা তাহার অসাধারণ ধন। একত্র বাস কালীন রেস্পণ্ডেণ্ট যদি বিষয় ক্রয় করিতে আপিলাণ্ট অপেক্ষা অধিক টাকা দিয়া থাকে তবে ঐ বিষয় ক্রয় করিতে যে পরিমিত টাকা দিয়াছে সে বিষয়ের সেই পরিমিত অংশ পাইতে অধিকারী; প্রত্যেক ব্যক্তি যে পরিমিত বিষয় ক্রয় করা সাব্যস্ত হইবে সে তাহা পাইতে অধিকারী এবং সেই পরিমিত বিষয় তাহার অসাধারণ ধন বিবেচিত হইবে; কিন্তু যে স্থলে (বিষয় ক্রয় করিতে) কে কত টাকা দিয়াছে তাহা স্থির হয় না সে স্থলে শাস্ত্রে এমত কোন বিধান নাই যদ্দ্বারা কাহার কি পরিমিত অংশ তাহা নির্ণয় করিতে পারা যাইতে পারে।

## প্রমাণ—

দায়ভাগাদি গ্রন্থে ধৃত যাজ্ঞবল্ক্য বচন—"পিতৃ ধনের ক্ষয় বিনা কোন সমদায়াদ স্বয়ং যে কিছু উপার্জ্জন করে,—যথা বন্ধু হইতে প্রাপ্ত উপঢৌকন, কিম্বা বিবাহে প্রাপ্ত দান,—তাহাতে তৎসমদায়াদদিগের অধিকার নাই।" "যে ব্যক্তি যৎপরিমিত ধন দিয়াছে, তাহা অল্প হউক বা অধিক হউক, ব্যবহৃত সেই পরিমিত ধনের পরিমাণে তাহাকে অংশ দাতব্য।" ইহা দায়ভাগ ও দায়রহস্য এবং আর আর গ্রন্থে লিখিত আছে। সদরদেওয়ানী আদালত, ২৮ মে, ১৮১১ সাল। কুশলচক্রবর্ত্তী—বনাম—রাধানাথ চক্রবর্ত্তী। মেক্. হি. ল. বা. ২. চ্যা. ৫. মকদ্দমা. ৮, (পৃ. ১৫৩ ও ১৫৪)।

প্র.। দুই ভ্রাতায় পৈতৃক শিকমী তালুকের আট আনা অংশ দখল করিত এবং ঐ বিষয় এজ্‌মালিতে দখলিকার থাকিয়াও তাহারা পৃথক্ বাস করিত। এই শিকমী তালুকের জমিদার অন্য আট আনা রকমের খাজানা বাকীর নিমিত্তে তালুক দখল করিয়া লইল। উক্ত ভ্রাতাদ্বয়ের জ্যেষ্ঠ এক স্ত্রীকে ও জ্যেষ্ঠা স্ত্রীর এক দৌহিত্রকে রাখিয়া কাল প্রাপ্ত হইল। অনন্তর কনিষ্ঠ ভ্রাতা দুই পুত্র রাখিয়া মরিল। উক্ত দুই ভ্রাতার মরণের পরও ঐ তালুক জমিদারের দখলে ছিল। কনিষ্ঠ ভ্রাতার এক পুত্র এবং অন্য আট আনা রকমের শরীকদারেরা জ্যেষ্ঠ ভ্রাতার পত্নী বাঁচিয়া থাকিতে ঐ তালুক ফিরিয়া পাইবার নিমিত্তে নালিশ করিল; এবং জমিদারের সহিত আপোস করিয়া পুনর্ব্বার ঐ বিষয় দখল পাইল,

R. The property acquired by the personal labour and funds of each of the brothers, and annexed to the original estate while they, after the death of their father, were living in a state of union, should there be any means of discriminating how much, either of funds or labour, was contributed by each of the brothers, will be distributed among them, according to their respective contributions. The ancestral property should however be distributed among them equally. Rám Chandra Dás *v.* Gangádhar Mahtí. Macn. H. L. vol. II. Ch. V. case 14 (p. 160).

Property acquired by brothers should be distributed among them according to the labour and funds employed by each.

Q. The respondent and appellant, being uterine brothers, lived jointly till the month of September 1210, B. S. The respondent (the elder brother) had acquired money by acting as *tehsildár* or collector, *ijárádár* or farmer, and the like capacities ; and the appellant also had earned money by acting as a *gomáshta* or agent, farmer, and in other employments. They purchased landed property, some in the names of other persons, with their acquisitions, while they were living in a joint state in respect of food. There were no documents to show, with any accuracy, the proportions in which the parties had respectively contributed to the purchase of the lands in question ; but it was clearly established, that the proportion contributed by the respondent was much the more considerable. Under these circumstances, will the estate which had been purchased by both the brothers, without the aid of patrimony, but with that of their own acquisitions, be equally divided among them, or is the elder brother, with whose money the greater part of the estates was purchased, entitled to any superior share ; if so, to how much ?

R. Property acquired by the appellant, living jointly with his brother, without using the paternal estate, becomes his exclusive property : and that purchased by the respondant, earned under the circumstances stated, becomes his own estate. If the property was purchased with a greater share of the respondent's funds, the less sum being contributed by the appellant, while they were living together, each of them is entitled to share the estate, in proportion to the funds respectively contributed by them to the purchase of the property. Whatever property may be ascertained to have been purchased by each of the parties, each is entitled to, and such portion should be considered the exclusive property of each ; but where the proportionate contribution of each may not be determined, there is no rule in the law by which the respective shares to which each is entitled, can be ascertained.

Brothers living jointly are entitled to share their acquisitions to the amount of the funds contributed by them respectively.

*Authorities :*

YA'JNYAVALKYA, cited in the *Dáyabhága* and other tracts : " Whatever else is acquired by the coparcener himself without detriment to the father's estate, as a present from a friend, or a gift at nuptials, does not appertain to the co-heirs." " Shares should be assigned to each person in proportion to the amount of his allotment, be it little or much, which has been used." This is laid down in *Dáyabhága*, *Dáyarahasya*, and other authorities. Sudder Dewanny Adawlut, May 28th, 1811. Kushal Chakravarttí *v.* Rádhánáth Chakravarttí. Macn. H. L. vol. II. Ch. V. case 8 (pp. 153,154).

Q. Two brothers possessed an eight-anna share of an ancestral dependant *talook*, and lived apart, though the estate continued to be held by them in joint tenancy. The *Zemindar* or proprietor of the dependant *talook* seized the whole estate for the arrears due from the other eight-anna share. The elder brother died, leaving a daughter's son by one of his wives, and a widow. The second brother next died, leaving two sons. After the death of two brothers, the *talook* was still in the *Zemindar's* possession. One of the younger brother's sons, and the proprietors of the other eight-anna share, brought an action against the *Zemindar* to recover the property in question, while the elder's widow was alive ; and afterwards settling the matter by compromise

কিন্তু যে আট আনা উক্ত দুই ভ্রাতার বিষয় ছিল তাহা এক্ষণে কনিষ্ঠ ভ্রাতার পুত্রেরা অসাধারণরূপে দখল করিল, এবং জ্যেষ্ঠ ভ্রাতার পত্নীকে দিয়া তৎপতির অংশ দানপত্র আপনাদিগের নামে লিখাইয়া লইল। প্রমাণ হইয়াছে যে ঐ দলীল লিখনের অল্পদিন পূর্ব্বে ঐ স্ত্রীলোক ক্ষিপ্তাবস্থায় থাকে এবং উক্ত দানপত্র লিখিত পড়িত হওনের আট কিম্বা নয় দিবস পরে তাহার মৃত্যু হয়। তাহার অন্ত্যেষ্টি ক্রিয়া ও শ্রাদ্ধাদি কনিষ্ঠ ভ্রাতার এক পুত্র করে। ঐ স্ত্রীলোকে দান করিবার পূর্ব্বে তাহার স্বামির দৌহিত্র তাহাতে আপত্তি করে এবং আপন আপত্তি সকল লিখিয়া হাকিমের নিকট এক দরখাস্ত গুজরায়। উক্ত জ্যেষ্ঠ ভ্রাতার পত্নীর মৃত্যুর পর তদ্দৌহিত্র ঐ শিকমী তালুকে তাহার যে অংশ ছিল তাহা দাওয়া করিল। এমত অবস্থায়, ঐ দৌহিত্র কোন অংশ পাইতে অধিকারী কি না? যদি হয়, তবে তাহার পরিমাণ কি? ঐ বিধবাকে নিজ পতির তাবত্ অংশ তদ্ভ্রাতৃপুত্রকে দিতে ক্ষমতা আছে কি না?

উদ্ধৃত ভূমির সিকি অংশ নিজাংশাতিরেকে উদ্ধারকর্ত্তাকে অর্শে।

উ.। উপরিউক্ত অবস্থায় ঐ শিকমী তালুকের আট আনার অর্দ্ধেক জ্যেষ্ঠ ভ্রাতার এবং অন্য অর্দ্ধেক কনিষ্ঠ ভ্রাতার ছিল; আর বোধ হইতেছে যে অন্য আট আনা রকমের দরুন খাজানা বাকীর জন্য জমিদার উক্ত দুই ভ্রাতার অংশ সমেত ঐ আট আনা দখল করিয়াছিল, পরে কনিষ্ঠ ভ্রাতার পুত্র ঐ বিষয় দখল করে। এমত সকল অবস্থায়, বিষয় বিভাগ কালে জ্যেষ্ঠ ভ্রাতার চারি আনা অংশের এক আনা ঐ অর্জ্জককে তাহার নিজ অংশের অতিরেকে অর্শিবে, এবং বক্রী তিন আনা ঐ দৌহিত্রকে বর্ত্তিবে। উক্ত জ্যেষ্ঠ ভ্রাতার পত্নী পতির কনিষ্ঠ ভ্রাতার পুত্রকে যে দান করিয়াছিল তাহা সিদ্ধ নয়। ইহা দায়ভাগ ও আর আর গ্রন্থসম্মত। সহর ঢাকা, ২৫ জুন, ১৮১১ সাল। মেক্. হি. ল. বা. ২. মকদ্দমা ১১ (পৃ. ১৫৭ ও ১৫৮)।

প্র.। অবিভক্ত রূপে একত্র বাসকারি দুই ভ্রাতার মধ্যে জ্যেষ্ঠ চারি পুত্র রাখিয়া মরে, কনিষ্ঠ ভ্রাতা ও তাহার পুত্র অদ্যাপি জীবিত আছে। জ্যেষ্ঠ ভ্রাতার মরণে তাহার চারি পুত্র ও জীবিত ভ্রাতা ও তৎপুত্র পৃথগন্ন হইল কিন্তু বিষয় এজমালিতে রহিল। সাধারণ বিষয়ের উপস্বত্ব দ্বারা এবং ঐ সকলের শারীরিক চেষ্টায় সাধারণে কর্জ্জ করা টাকা দিয়া কোন ভূমি জীবিত ভ্রাতার পুত্রের নামে ক্রয় করিল। উক্ত রূপে যে টাকা কর্জ্জ করা হইয়াছিল তাহা সাধারণ বিষয়ের উপস্বত্ব দ্বারা পরিশোধ হইল, এবং নূতন ক্রীত বিষয় রক্ষণাবেক্ষণের সম্পূর্ণ ভার জীবিত ভ্রাতার পুত্রের উপর থাকিল। এমত অবস্থায় উপরিউক্ত প্রত্যেক ব্যক্তি বিষয়ের কি পরিমিত অংশে অধিকারী?

কোন ব্যক্তি ভ্রাতার চারি পুত্রের সহিত সাধারণ ধনের উপঘাতে বিষয় উপার্জ্জন করিলে, তাহা দুই ভাগে বিভক্ত হইবে, এক ভাগ পিতৃব্য আপনি লইবে. অন্য ভাগ চারি ভ্রাতৃপুত্রে সমান অংশ করিয়া লইবে।

উ.। অবিভক্ত দুই ভ্রাতার মধ্যে এক জন যদি চারি পুত্র রাখিয়া মরিয়া থাকে, ও অন্য ভ্রাতা যদি পুত্রের সহিত বর্ত্তমান থাকে, এবং অনন্তর যদি ঐ পরিবার কেবল ভোজন বিষয়ে পৃথক্ হইয়া থাকে, আর জ্যেষ্ঠ ভ্রাতার মৃত্যুর পর যদি তাহারদের বিষয় অবিভক্ত রহিয়া থাকে, এবং ঐ ভূমি যদি তাহাদের সাধারণ ধনে ও শ্রমে জীবিত ভ্রাতার পুত্রের নামে উপার্জ্জিত হইয়া থাকে, এবং ঐ পুত্র যদি তাহা রক্ষণাবেক্ষণ করিয়া থাকে, তবে এমত অবস্থায় বিষয় দুই ভাগে বিভক্ত হইবে, তন্মধ্যে এক ভাগ মৃত ভ্রাতার চারি পুত্রকে তাহাদের পিতৃ স্বত্ব বলিয়া অর্শিবে, অবশিষ্ট ভাগ ঐ জীবিত ভ্রাতাকে বর্ত্তিবে; উক্ত মৃত ভ্রাতার চারি পুত্রকে যে অংশ অর্শিবে তাহা তাহারা সমান রূপে ভাগ করিয়া লইবে, এইমত দায়ভাগ, দায়তত্ত্ব, ও আর আর গ্রন্থ মতানুমত*। কলিকাতা কোর্ট আপিল। ১৩ জুন ১৮১৪ সাল। মেক্. হি. ল. বা. ২. চা. ৫. মকদ্দমা ১৭ (পৃ. ১৬২ ও ১৬৩)।

* কিন্তু এই মকদ্দমায় ইহা বোধ করিতে হইবে যে মৃত ভ্রাতার পুত্রেরা প্রত্যেকে ঐ বিষয় উপার্জ্জনের নিমিত্তে কিছু দেয় নাই। ঐ বিষয়ে তাহাদের যে স্বত্ব তাহা তাহাদের পিতার ধন দেওয়াতে তদ্দ্বারা হইল।

with the *Zemindar*, were reinstated in the possession of the property, but the whole eight anna-share which belonged to both the brothers, was retained exclusively by the younger brother's son, who caused the widow of the elder brother to draw up a deed of gift of her husband's share in their favour. It has been proved, that a few days prior to her executing that document, she was in a state of insanity, and that she died eight or nine days after the execution of the deed of gift. Her exequial rites were performed by one of the younger brother's sons. Previously to her making the gift, her husband's grandson in the female line made objections thereto, and presented a petition to the ruling power, setting forth his objections. On the death of the elder brother's widow, his grandson claims his share of the dependant talook. In this case, is the grandson entitled to any share; if so, to what portion? Was the widow competent to give away her husband's entire share to his brother's son or not?

One fourth over and above his own share of a recovered family estate, goes on partition to him who recovered it.

R. Of the eight-anna share of the dependant talook, in this case, one moiety belonged to the elder, and the other half to the younger brother; and the *Zemindar*, it appears, seized their shares, together with the other eight-anna share, for the rent due from the latter, and the younger brother's son recovered the property. Under these circumstances, a one-anna share out of the four anna-share which appertained to the elder brother will go, on partition of the estate, to the recoverer, over and above his own share, and the remaining three-anna share to the grandson. The gift which was made by the widow of the elder brother to her husband's younger brother's son, has no validity. This is conformable to the *Dáyabhága* and other authorities. City Dacca. June 25th, 1811. Macn. H. L. vol. II. Ch. V. case 11 (pp. 157,158).

Q. Of two brothers, who lived together as a joint and undivided family, the elder died, leaving four sons, and the younger brother and his son still living. On the death of the elder brother, his four sons and the surviving brother and his son separated in respect of food, but the property continued in joint tenancy. Certain landed property was purchased with the proceeds of the joint estate, as well as with money, which was jointly borrowed, by means of the personal exertions of the parties, in the name of the surviving brother's son. The debt so contracted was liquidated by the proceeds of the joint property, and the management of the estate newly purchased was wholly confined to the surviving brother's son. In this case, to what proportions of the property is each of the above individuals entitled?

Acquisitions made by a man jointly with his brother's four sons, by means of joint funds, will be divided into two portions, of which one will be taken by the man himself, and the other be shared equally by the four sons of his brother.

R. Supposing one of the two undivided brothers to have died, leaving four sons, and the other brother to be living, with a son, and the family to have subsequently separated in respect of food only, and after the elder brother's death, their property to have been undivided, and landed property to have been acquired by means of their joint funds and labour, in the name of the surviving brother's son, and that son to have managed the estate; in this case, the property will be made into two shares, of which one will go to the four sons of the deceased brother in right of their father, and the remaining one to the surviving brother. The portion which will go to the four sons of the deceased brother will be equally shared by them. This opinion is consonant to the *Dáyabhága*, *Dáyatatwa*, and other authorities.* Calcutta Court of Appeal, June 13th 1814. Macn. H. L. vol. II. Ch. V. case 17 (pp. 162,163).

---

* But it must be understood in this case, that the sons of the deceased brother did not individually contribute any thing to the acquisition. The right they derived was from their father, and in virtue of his contribution.

১২১ সংখ্যক ব্যবস্থার নজীর

গদাধর শর্ম্মা ও কালিদাস শর্ম্মা—বনাম—অযোধ্যারাম চৌধুরী। ৩০ আক্টোবর ১৭৯৪ সাল। সদর দেওয়ানী আদালতের রিপোর্ট বা. ১, পৃ. ৬। দ্রষ্টব্য বা. দ. পৃ. ১৮০ও১৮২।

মোসম্মাৎ দ্রৌপদী আপিলান্ট—বনাম—হারাধন সরকার প্রভৃতি রেস্পণ্ডেন্ট।

১২২ও১২৪ সংখ্যক ব্যবস্থার নজীর

৵৹ আপিলান্ট ও (নাবালগ্ রামচাঁদের নিযুক্ত ওসী) নন্দকিশোর নন্দী মুরসিদাবাদের প্রবিন্স্যাল কোর্টের নিষ্পত্তিতে অসম্মত হইয়া সদরদেওয়ানী আদালতে আপীল করে। আপীল মঞ্জুর হওয়ার অল্পকাল পরে, নাবালগ্ (রামচাঁদ) মরাতে, মোসম্মাৎ দ্রৌপদী ঐ মৃতের অব্যবহিত দায়দা ও স্থলাভিষিক্তা বলিয়া আপীল চালাইতে ক্ষমতা প্রাপ্তা হয়। এই আপীল (উক্ত আদালতের) চতুর্থ জজ ও প্রতিনিধি জজ (শ্রীযুক্ত এস্. টি. গোড্ ও ডব্লিউ ডোরিন্) সাহেবের হুজুরে শুনানি হয়, তাঁহারা যে প্রমাণ প্রাপ্ত হইয়া তদুপলক্ষে যে রায় লিখিলেন তদ্যথা—বাচনিক ও লেখ্যপ্রমাণের দ্বারা সাব্যস্ত হইয়াছে যে রেস্পণ্ডেন্টরা যে বিষয়ের অর্দ্ধেক দাওয়া করে তাহা কেবল ভগন্ত (অর্থাৎ ভক্ত) রামের নিজ শ্রমে ও ধনে মাত্র উপার্জ্জিত হয় নাই। যৎকালে চারি ভ্রাতাই (অর্থাৎ রামগোপালের চারি পুত্রই) অবিভক্ত পরিবার রূপে একত্র বাস ও সাধারণ ধনে বাণিজ্য করিত তৎকালে মহাল হাণ্ডিয়াল, জয়াসন, ও ছত্রহাটি উপার্জ্জিত হয়।—এই উপার্জ্জন ১২০৭ কিম্বা ১২০৮ সালে হইয়াছিল, তৎকালে তাহারা সকলেই অংশাধিকারি রূপে ঐ ভূমিতে দখিলকার ছিল। তদ্রূপ ১২১১ ও ১২১৯ সালের মধ্যে চন্দ্রহাটি, বামন গাঁও (বা গ্রাম) ও কৈবকল এই তিন মহাল শরীকদিগের সাধারণ ধন দ্বারা কেনা যায়। বিষয়ের যে অংশ নিলামে খরিদ করা হইয়াছিল তাহা পরে কাল্পনিক ক্রেতা বাস্তবিক ক্রেতাকে লিখিয়া দেয়। উভয় পক্ষীয় সাক্ষির সাক্ষ্যে এবং দলীলের দ্বারা স্পষ্ট জানাগেল যে উক্ত ভূমি সকল সাধারণ ধনে ক্রীত হয়, বিশেষতঃ ভক্তরামের উইলের দ্বারা—যাহাতে আনন্দিরামের অংশ পাইতে অধিকার স্পষ্টতঃ স্বীকৃত হইয়াছে, এবং পূর্ব্বতন এক মকদ্দমাতে উক্ত ব্যক্তি যে জওয়াব দিয়াছে ও যাহাতে উক্ত কথা অদ্বৈধভাবে স্বীকৃত হইয়াছে তদ্দ্বারা—উক্তরূপ ক্রয়স্পষ্টতঃ জানা যাইতেছে। ইহাও প্রকাশ পাইতেছে যে (রামগোপালের) তৃতীয় পুত্র রামকুমার মহাল হাণ্ডিয়াল জয়াসন ও ছত্রহাটি খরিদের পর বাঙ্গলা ১২০৮ সালে এক পত্নী রাখিয়া নিস্সন্তান মরে, ঐ বৎসরে চতুর্থ পুত্রও এক পত্নী রাখিয়া নিস্সন্তান মরে; অবশেষে আনন্দিরামও ঐ বৎসরে তিন পুত্র (অর্থাৎ রেস্পণ্ডেন্টদিগকে এবং আপিলান্টের স্বামি) নিজ ভ্রাতা ভক্তরামকে রাখিয়া মরে। ১২২২ সালে ভক্তরাম নিজ পত্নী ও দত্তক পুত্র রামচাঁদকে রাখিয়া কাল প্রাপ্ত হয়, ভক্তরাম মরণকালীন নিজ ভ্রাতুপুত্রদিগের (অর্থাৎ রেস্পণ্ডেন্টদিগের) সহিত অবিভক্তাবস্থায় ছিল। অনন্তর ঐ দত্তক পুত্র মরিয়াছে। রামগোপালের পরিবারের মধ্যে আনন্দিরামের তিন পুত্র (অর্থাৎ রেস্পণ্ডেন্টরা), ভক্তরামের পত্নী (অর্থাৎ আপিলান্ট), এবং রামকুমারের ও রাধামোহনের পত্নীরা বিদ্যমান থাকাতে এই সকল ব্যক্তিদের মধ্যে কি রূপে বিষয় বিভক্ত হইবে তদ্বিষয়ে জজেরা পণ্ডিতদিগের মত জিজ্ঞাসা করা উচিত বিবেচনা করিলেন। তদনুসারে পণ্ডিতদিগকে আদেশ করিলেন যে এবিষয়ে বঙ্গদেশে প্রচলিত শাস্ত্রের বিধান কি তাহা তাঁহারা জানান। পণ্ডিতেরা উত্তরে লিখিলেন যে অবিভক্ত পরিবারের উপার্জ্জিত বিষয় বিভাগের প্রকৃত পদ্ধা এই যে ঐ পরিবারের প্রত্যেকে (বিষয় ক্রয়ার্থে) কি পরিমিত ধন দিয়াছে ও শ্রম করিয়াছে তাহা নিশ্চয় করা, ও তদনুসারে অংশের পরিমাণ করা; কিন্তু যে স্থলে উক্ত কথার নিশ্চয় হইতে পারে না সে স্থলে বিধান এই যে শরীকদিগের মধ্যে বিষয় সমান রূপে বিভক্ত হয়; আনন্দিরামের তিন পুত্র, ভক্তরামের পত্নী, এবং রামকুমারের ও রাধাচরণের পত্নীরা যাহাদের দায়াদ এই বিধানানুসারে তত্তদ্‌যোগ্যাংশ পাইতে অধিকারি। উক্ত ব্যবস্থা পাঠান্তে ১৮২১ সালের ২০ ফেব্রুআরি তারিখে জজেরা যে রায় লিখিলেন তদ্যথা—যেহেতু প্রত্যেক ভ্রাতায় কত শ্রম করিয়াছে ও কি পরিমিত ধন দিয়াছে তাহা কিয়দংশেও নিশ্চিত করা অসাধ্য, এতাবতা পণ্ডিতদিগের ব্যবস্থায় লিখিত বিধানানুসারে বিদ্যমান দায়াদগণের মধ্যে বিষয় ভাগ করিয়া দেওয়া ন্যায্য। অতএব তদনুসারে নিম্ন আদালতের ডিক্রী শোধন পূর্ব্বক চূড়ান্ত ডিক্রী করিয়া বিষয়ের এক অংশ আপিলান্টকে ভক্তরামের পত্নী বলিয়া দেওয়াইলেন,

Gadádhar Sarmá and Kálidás Sarmá *versus* Ajodhyá Rám Choudhurí. 30th October 1794. Sudder Dewanny Adawlut Reports, vol. I. p. 6.

Cases bearing on the Vyavasthá No. 121.

*Musst. Droupadí, Appellant, v. Háradhan Sarkár and others, Respondents.*

Case bearing on the Vyavasthás Nos. 122 & 121.

I. The appellant and Nanda Kishor Nandí (who had since been appointed guardian to the minor Rámchánd) being dissatisfied with the decree passed by the provincial Court of Moorshedabad, appealed from it to the Court of Sudder Dewanny Adawalut. Shortly after the admission of the appeal, the minor (Rámchánd) deceasing, Musst. Droupadí was allowed to conduct the appeal, as his next heir and representative. The fourth and officiating Judges (S. T. Goad and W. Dorin) before whom the appeal was heard, made the following comments on the evidence adduced: It has been established both by oral and documentary evidence, that the estate of which the respondents claim one moiety was not acquired by Bhagatra'm by his own exclusive industry and his own exclusive funds. The *Mehals* of Hándiál, Joyásan, and Chhattarhátí, were acqured at a time when all the four brothers (sons of Rámgopál) were living together as a joint and undivided family, and were trafficking with joint stock. This was about the year 1207 or 1208 B. S.; and at that time they were all in possession of lands as coparceners. In like manner, the three other *Mehals* of Chandrahátí, Báhman-gáon, and Koibakal, were purchased between the years 1211 and 1219 by means of the joint funds of the copartners. Such parts of the estate as had been purchased at public auction were afterwards reconveyed by the nominal to the real purchasers. That the lands were purchased with the joint funds is clear from the evidence of the witnesses of both parties, as well as from the documentary evidence: especially from the will of Bhagatra'm, in which there is a distinct admission of A'nandira'm's right of participation, as well as from the answer of the same individual in a former suit, in which the same admission is unequivocally made. It also appears that Rámkumár, the third son (of Rámgopál,) died childless, leaving a widow, in the year 1208 B. S., after the purchase of the *Mehals* Hándiál, Joyásan, and Chhattarhátí; that in the same year Rádhámohan, the fourth son, also died childless, leaving a widow; and lastly, that A'nandirám died in the same year, leaving three sons, (the respondents,) and his brother Bhagatra'm, the husband of the appellant. In the year 1222, Bhagatrám died, leaving his widow and an adopted son, Rámcha'nd, he, at the period of his death, living with his nephews (the respondents) as a joint and undivided family. The adopted son has since died. There surviving, of Ra'mgopa'l's family, the three sons of A'nandira'm, who are the respondents, the widow of Bhagatra'm, who is appellant, and the widows of Ra'mkuma'r and Ra'dha'mohan, the Judges deemed it advisable to consult the pandits as to the mode in which the estate should be distributed among these survivors. They were accordingly desired to expound the law on this point, according to the doctrine current in Bengal. The pandits replied by stating that the proper mode of distributing an estate acquired by a joint and undivided family, was to ascertain the quantity of funds and labour supplied by each individual member of the family, and to apportion the shares accordingly; but that where this fact was not to be ascertained, the rule is, that the property should be equally divided among the coparceners; according to which rule, the three sons of A'nandira'm, the widow of Bhagatra'm, and the widows of Ra'mkuma'r and Ra'dhámohan, were entitled to the portions of those whom they represented respectively. After perusing the above opinion, the Judges, on the 20th of February 1821, recorded their judgment, that as it was impossible to ascertain with any degree of accuracy the quantum of labour and funds supplied by each of the brothers, it was equitable to

রেস্পণ্ডেণ্টদিগকে আনন্দিরামের পুত্র বলিয়া এক ভাগ দেওয়াইলেন, এবং রামকুমারের পত্নীকে ও রাধামোহনের পত্নীকে এক এক অংশ দেওয়াইলেন; অপিচ আদেশ করিলেন যে উভয় পক্ষে রামকুমার ও রাধামোহনের পত্নীদিগের নিকট তাহাদের বেদখলী কালের তত্তদংশীয় ওয়াসিলাতের দায়ি হয়; ঐ রূপ আপিলাণ্টের প্রতিও আদেশ হইল যে সে রেস্পণ্ডেণ্টদের নিকট তাহাদের অংশের ওয়াসিলাতের দায়ি হয়। ২০ ফেব্রুআরি ১৮২১ সাল। স. দে. আ. রি. বা. ৩, পৃ. ৭৪—৭৭।

কৃপাসিন্ধু পাটজুসী প্রভৃতি—বনাম—কানাইয়া আচার্য্য প্রভৃতি।

৶০ এই মকদ্দমায় সদরদেওয়ানী আদালত নিযুক্ত পণ্ডিতের মত গ্রহণব্যতিরেকে বিচার করিলেন যে যেস্থলে অবিভক্ত অনেক ভ্রাতায় বিষয় উপার্জ্জনে অসমানরূপে ধন দেয় ও শ্রম করে, সেস্থলে তন্মধ্যে যে ভ্রাতা বিষয় উপার্জ্জনে অধিক ধন দিয়া থাকে বা শ্রম করিয়া থাকে সে আচার ও ধর্ম্মশাস্ত্রানুসারে অধিক অংশ পাইবে। ১ ডিসেম্বর ১৮৩৩. সাল, স. দে. আ. রি. বা. ৫, পৃ. ৩৩৫।

কুশল চক্রবর্ত্তী আপিলাণ্ট (বাদী)—বনাম—রাধানাথ চক্রবর্ত্তী রেস্পণ্ডেণ্ট (প্রতিবাদী)।

৶০ সাক্ষির সাক্ষ্যে ও দলীল দস্তাবেজের দ্বারা প্রকাশ যে উভয় পক্ষের পিতা মৃত্যুকালীন কোন বিষয় রাখিয়া যান নাই; বাদী ও প্রতিবাদী তদবধি ১২১০ সাল পর্য্যন্ত একত্র বাসে ও শরীকরূপে বিরোধীয় ভূমি সাধারণে দখল করে। এই ভূমির কতক বাদির নামে কতক প্রতিবাদির নামে ও কতক অন্যের নামে ক্রীত হয়; এবং উভয়ে গমস্তাগিরি প্রভৃতি কর্ম্ম করিয়া ধন উপার্জ্জন করে, ও নিজ পিতার মরণের আর বিরোধীয় ভূমি ক্রয় করণের মধ্য সময়ে অনেক নিষ্কর ভূমি সাধারণে জমা বিলি করে। উক্ত ব্যক্তিদের মধ্যে ঐ সময়ে যে চিঠি লিখালিখি হয় তদ্দ্বারা আরো প্রকাশ যে তাহারা শরীকরূপে একত্র কার্য্য করিয়াছে। এমত কোন দলীল নাই যদ্দ্বারা ইহা প্রকাশ হইতে পারে যে বিরোধীয় ভূমি ক্রয়ের নিমিত্তে কে কত দিয়াছে; কিন্তু স্পষ্ট প্রমাণ হইয়াছে যে প্রতিবাদী যে পরিমিত দিয়াছে তাহা (বাদির দত্ত অংশ হইতে) অনেক অধিক। কথিত হইয়াছে যে প্রতিবাদির বিষয় কর্ম্ম আত্যন্তিক লাভ জনক ছিল। পক্ষান্তরে বাদী প্রধানতঃ সাধারণ ভূমির রক্ষণাবেক্ষণে নিযুক্ত ছিল এবং নিজ ভ্রাতার সহায়তায় ও অধীনে প্রাপ্ত কর্ম্মান্তরেও নিযুক্ত থাকিত।

কুশল চক্রবর্ত্তী সদর দেওয়ানী আদালতে খাস্ আপীল করিলে ঐ আদালতের পণ্ডিত ব্যবস্থা দিলেন যে—“ দুই ভ্রাতায় একত্র বাস করতঃ পৈতৃক ধন বিনা সাধারণে উপার্জ্জিত নিজ ধন দ্বারা ভূমি ক্রয় করিলে, জ্যেষ্ঠত্ব বিবেচনা ব্যতিরেকে প্রত্যেকে তাহাতে নিজ দত্তধনের পরিমাণানুসারে অংশভাগী, পরন্তু যেস্থলে দত্ত ধনের পরিমাণ নিশ্চিত না হয় সেস্থলে হিন্দু দায়শাস্ত্রে এমত বিধান নাই যদ্দ্বারা প্রত্যেকে কি পরিমিত অংশ ভাগী তাহা স্থির হইতে পারে।

অনুসন্ধানানুসারে পণ্ডিত আরো কহিলেন যে বিরোধীয় ভূমি যদি রেস্পণ্ডেণ্টের ধনে ও আপিলাণ্টের শ্রমে উপার্জ্জিত হইয়া থাকে, তবে তদবস্থায় প্রত্যেকে অর্দ্ধেক পাইতে অধিকারী; অথবা ঐ ধন যদি রেস্পণ্ডেণ্টের ধনে ও শ্রমে এবং আপিলাণ্টের কেবল শ্রমে উপার্জ্জিত হইয়া থাকে, তবে এমত অবস্থায় ঐ ভূমির দুই তেহাই পাইতে রেস্পণ্ডেণ্ট অধিকারী এবং এক তেহাইতে আপিলাণ্ট অধিকারী।

পণ্ডিতের দত্ত উপরি উক্ত ব্যবস্থা এবং মকদ্দমার সকল অবস্থা ন্যায্যরূপে বিবেচনায়, বিশেষতঃ সাক্ষ্যে অনুভূত এই কথায়—যে যে ধন দ্বারা ভূমি ক্রীত হয় তাহা প্রায় রেস্পণ্ডেণ্ট কর্ত্তৃকই দত্ত হয়, কিন্তু আপিলাণ্ট ভ্রাতার ও নিজের সাধারণ লাভের নিমিত্তে নিজ সময় ও শ্রম ব্যয় করিয়াছে,—আদালতের জজ শ্রীযুক্ত হ্যারিংটন ও কম্বেল সাহেব জিলা ও প্রবিন্স্যাল কোর্টের ডিক্রী শোধন করিয়া নাতক ডিক্রী করিলেন, ও তদ্দ্বারা আপিলাণ্টকে ঐ ভূমির তৃতীয় অংশ এবং তৎপরিমিত ওয়াসিলাৎ বেদখলির তারিখ হইতে ডিক্রীজারির তারিখ পর্য্যন্ত দেওয়াইলেন। ১১ জুন ১৮১১ সাল। স. দে. আ. রি. বা. ১, পৃ. ৩৩৫—৩৩৭।

distribute the property agreeably to the rule laid down by the *pandits* among the survivors. A final decree was accordingly passed amending that of the court below, and awarding one share of the estate to the appellant, as widow of Bhagatrám, one share to the respondents as sons of A'nandiràm, and one share each to the widows of Rámkumár and Rádhámohan. Both parties were ordered to account to the widows of Rámkumár and Rádhámohan for the mesne profits of their shares during the period of their dispossession, and the appellant was ordered in like manner to account to the respondents for the mesne profits of their shares. 20th February 1821. S. D. A. R. vol. III. pp. 74—77.

*Kripá Sindhu Pátjushí and others* v. *Kánkáyá Achárjya and others.*

II. In this case the Sudder Court, without reference to its Pandit, adjudged that where property was acquired by several joint brothers, who contributed unequally the means and labour, in the acquisition, the brother who contributed most to the acquisition should by usage and Hindu law receive a larger share. 1st December 1833. S. D. A. R. vol. V. p. 335.

*Kushal Chakrabartti, Appellant, (plaintiff,)* v. *Radhánáth Chakrabartti, Respondent, (defendant.)*

III. From the evidence of the witnesses, and documents, it appeared that the father of the parties had not left any property at his death; that the plaintiff and defendant had continued to live jointly from that time till the year 1210, and had held the lands in dispute, which had been purchased, some in the name of the plaintiff, some in that of the defendant, and some in that of other persons as common parceners; that they had both earned money by acting as *gomáshtahs*, and in other service, and had, in common, rented sundry lands, in the interval between their father's death and the purchase of the lands in dispute. From the tenor of the letters which had passed between the parties, during that time, it further appeared that they had acted together on terms of partnership. There were no documents to show, with any accuracy, the proportion in which the parties had contributed to the purchase of the lands in question; but it was clearly established that the proportion of the defendant was much the most considerable. His professional employments were stated to have been greatly the most lucrative. The plaintiff, on the other hand, had been chiefly engaged in the management of the joint lands, and in other employments, procured through his brother's means, or subordinate to him.

On a special appeal to the Sudder Dewanny Aawlut by Kushal Chakrabartti, the pandit of the Court delivered a *vyavasthá*, reciting that, "of lands purchased by two brothers, living together in common without any paternal fortune, from their joint earnings, *(Sádhárańopárjan,)* each was entitled to share in proportion to what he had contributed without regard to seniority; and that where the proportionate contribution of each was not determined, there was no rule in the Hindu law by which the respective shares, to which each was entitled, could be settled."

On enquiry by the Court, the pandits further stated that, if it should appear that the disputed lands were acquired partly by the capital of the respondent and partly by the labour of the appellant, in that case each would be entitled to a half share; or that if they were acquired with the joint labour and capital of the respondent, and of the labour only of the appellant, in this case the respondent was entitled to 2–3rds, and the appellant to 1–3rd of the land.

Upon the above opinions of the law officer, and on an equitable consideration of all the circumstances of the case, especially the presumption arising from the evidence, that the respondent had contributed chiefly the money by which the lands were purchased, but that the appellant gave his time and labour to the improvement of them, for the joint benefit of his brother and himself, the Court (present Harington and Fombelle) passed a final decree, amending the decrees of the Zillah and Provincial Courts, and adjudging to the appellant a third portion of the lands, with a proportionate share of the mesne profits from the date of his being ousted to the period of the execution of the decree. 11th June 1811. S. D. A. R. vol. I. pp. 335—337.

গুরুচরণ দাস প্রভৃতি—বনাম—গোকুলমণি দাসী।

১২১ ও ১২৩ সংখ্যক ব্যবস্থার নজীর

এই মকদ্দমায় বিচার হয় যে—অবিভক্ত হিন্দু পরিবারের সাধারণ বিষয়ের সর্ব্বাধ্যক্ষ, ঐ সাধারণ ধন তাহার অসাধারণ শ্রমে প্রবৃদ্ধ হইয়া থাকিলেও নিজ পরিশ্রম নিমিত্তে বাড়তি অংশের দুই ভাগ পাইতে অধিকারী নয়। অবিভক্ত (হিন্দু) পরিবারের মধ্যে কোন ব্যক্তি সাধারণ ধনের উপঘাত বিনা অথবা সাধারণের শ্রম সাহায্য বিনা পৃথক্ বিষয় উপার্জ্জন করিলে তাহাতে তাহার স্বতন্ত্র স্বত্ব, ও তাহা তাহার অসাধারণ ধন। সাধারণ ধনে ও শ্রমে পৃথক্ ধন উপার্জ্জিত হইলে অর্জ্জক তজ্জনের দুই অংশ পায়। এমত সাধারণ ধনের সহিত যাহা পৃথক্ রূপে অধিকৃত হইতে পারিত ধন মিশ্রিত হইলে তাহা সাধারণ ধন গণ্য, পৃথক্ নয়। সু. কো.। ফুলটনের রিপোর্ট বা. ১, পৃ. ১৬৫ ও ১৬৬।

## কাহার ইচ্ছায় বিভাগ ভবিতব্য।

ব্যবস্থা

১২৬ সমুদয় দায়াদের ইচ্ছা হইলেই যে বিভাগ হইবে এমত নহে, কিন্তু এক জনের ইচ্ছাতেও বিভাগ ভবিতব্য*।

১২৬ ন কেবলং সর্ব্বেষাং দায়াদানামিচ্ছয়া কিন্তু একস্যেচ্ছয়াপি বিভাগো ভবিতব্যঃ*।

কারণ ও প্রমাণ

যেহেতু এক জন দায়াদেরও স্বধনে স্বামিত্ব থাকাতে একের ইচ্ছাতেও বিভাগ দৃষ্ট হওয়াতে “পিতামাতার (স্বত্বনাশ) পরে ভ্রাতারা জুটিয়া ইত্যাদি” বচনে যে সহিতত্ব কথিত তাবহুত্বেরও বোধ হওয়াতে দুই জনের মধ্যে বিভাগ হইতে পারিত না, যেহেতু দুয়ের মধ্যে বিভাগ জ্ঞাপক শাস্ত্র নাই। দা. ভা. পৃ. ২৫ও২৬।

একস্যাপি স্বধনে স্বাম্যাদেকেচ্ছয়াপি বিভাগ প্রাপ্তেঃ‘সমেত্যেতি’ সহিতত্বং পক্ষ প্রাপ্তমনূদ্যতে। অন্যথা সাহিত্যবৎ বহুত্বস্যাপ্যবগতে দ্বয়োর্বিভাগো ন স্যাদেব—দ্বয়োর্ব্বিভাগ প্রতিপাদক শাস্ত্রাভাবাৎ দা. ভা. পৃ. ২৫ও২৬।

ব্যবস্থা

১২৭ তথাচ জননী কি পিতামহীর ইচ্ছাতে বিভাগ হইবে না।

১২৭ তথাচ ন জনন্যা নচ পিতামহ্যা ইচ্ছয়া বিভাগো ভবিতব্যঃ।

কিন্তু পুত্রদের বা পৌত্রদের ইচ্ছাতে অথবা তাহাদের কাহারো ইচ্ছাতে কিম্বা (মৃত) এক জনের

কিন্তু পুত্রাণাং পৌত্রাণামেচ্ছয়া, অথবা তেষাং কস্যাপীচ্ছয়া, একস্য (মৃতস্য) দায়াদস্যেচ্ছয়া বা

* ইহার বিস্তার সর্ ফ্রান্সিস্ মেকনাটন সাহেব-কর্ত্তৃক লিখিত হইয়াছে, তদ্‌যথা—

১ কোন সাধারণ বিষয়াধিকারিদের মধ্যে যে কেহ তাহা অংশ করাইতে পারে,—যথা পাঁচ ভ্রাতার মধ্যে এক জন অন্য চারি ভ্রাতাকে তাহার নিজ অংশ পৃথক্ করিয়া দিতে বাধিত করিতে পারে, কিম্বা এক ভ্রাতার পুত্রেরা পিতৃব্য দিগকে (তাহাদের) অংশ দিতে বাধিত করিতে পারে, অথবা (মৃত) এক ভ্রাতার পত্নী নিজ পতির অংশ পৃথক্ করিয়া দিতে পতির ভ্রাতাগণকে বাধিত করিতে পারে। কন্. হি. ল. পৃ. ৪৫।

২ অবিভক্ত পরিবারীয় দশ ভ্রাতার মধ্যে একজন পুত্র না রাখিয়া কিন্তু কন্যা-প্রসবিনী তিন বা ততোধিক পত্নী রাখিয়া মরিলে, ঐ বিধবারা নিজ পতির বিষয়ে অবশ্যই অধিকারিণী ; পরন্তু ঐ বিধবাদের যে কেহ সপত্নীদের অনিচ্ছাতে নিজ (মৃত) পতির নয় ভ্রাতা হইতে পৃথক্ হইতে পারে। ঐ পৃ. ৪৩।

৩ বিষয় পৈতৃক বা সাধারণে উপার্জ্জিত হউক তাহার স্থাবর ভাগ যেমত অংশ করান যাইতে পারে অস্থাবর ভাগও সেইরূপ অংশ করান যাইতে পারে। ঐ পৃ. ৪৩।

*Gurucharan Dás and others* versus *Gokúlmani Dási.*

In this case, it was held that the sole manager of the joint stock of a joint Hindu family, supposing that joint stock to be augmented by his sole exertions, is not entitled to a double share of the amount of the augmentation for his trouble. The acquisition of a distinct property by a member of a joint Hindu family without the aid of the joint funds or of joint labours gives a separate right, and creates a separate estate. The acquisition of a distinct property with the aid of joint funds and joint labours gives the acquirer a double share thereof. The union with the joint fund of that which might otherwise have been held in severalty, gives it the charracter of a joint and not a separate property. S. C. Fulton's Reports, vol. I. pp. 165,166.

*Case* bearing on the Vyavasthás Nos. 121 & 123.

## BY WHOM PARTITION CAN BE ENFORCED.

126 Partition is to take place not only when all the parceners choose, but even at the instance of any one* of them.

Vyavastha'

Since any one parcener is proprietor of his own wealth, partition at the choice even of a single person is thence deducible; and concurrence of heirs, suggested as one case of partition, is recited explanatorily in the text:—"After the (natural or civil death of the) father and mother, the brethren, *being assembled,* &c." Else, since assemblage implies many, there could be no distribution between the two: for no passage of law expressly propounds a division between two co-heirs. Coleb. Dá. bhá. p. 16.

Reason & Authority

127. The mother or grandmother however cannot enforce a partition.

Vyavastha'

But her right to a share will accrue on a division being made by the agency of her sons or

* This is illustrated by Sir Francis Macnaghten as follows:—

I. Any one of the parties possessing or inheriting a joint estate, may enforce a partition of it. One of five brothers, for instance, may compel the other four to give him a separate share, or the sons of a brother, may compel their uncles to give them a separate share, or the widow of a brother may compel the brothers of her husband to give her a separate share. Cons. H. L. p. 45.

II. If out of ten brothers of an undivided family, one shall die, leaving three or more childless widows or any number of widows having daughters only, and shall not leave a son, the widows will of course succeed to their husbands' estates; any *one* of these may then, against the will of her co-widows, separate herself from the nine surviving brothers of her deceased husband. *Ibid.* p. 46.

III. Partition may be enforced as well of the immovable as of the movable property, whether it be ancestral or jointly acquired. *Ibid.* p. 46.

উত্তরাধিকারির ইচ্ছাতে বিভাগ হওন সময়ে জননী বা পিতামহী যথা সম্ভব অংশাধিকারিণী*।

বিভাগে ক্রিয়মাণে জনন্যাঃ পিতামহ্যা বা যথা সম্ভবমংশিত্বং*।

১২৭ সংখ্যক ব্যবস্থার নজীর

শ্রীমতী জয়মণি দাসী ও দাসী দাসী—বনাম—অত্মারাম ঘোষ ও কালাচাঁদ ঘোষ।

এই মকদ্দমাতে মৃতপতির অংশাধিকারিণী পত্নীর প্রার্থনায় অবিভক্ত বিষয় বিভাগ করিতে আদালত আদেশ করিলেন। সু. কো.। ১০ ডিসেম্বর ১৮২৩ সাল। কন্. হি. ল. পৃ. ৬৪—৬৬।

## জননী অংশাধিকারিণী।

ব্যবস্থা ১২৮ যদি মাতা বিদ্যমানে পুত্রেরা বিভাগ করে, তবে মাতা স্বপুত্র তুল্যাংশ লইবেন†।

১২৮ যদি জীবন্ত্যাং মাতরি (ই) বিভাগং কুর্ব্বন্তি তদা মাতা (ই) স্বপুত্রতুল্যাংশহারিণী†

প্রমাণ পতি মরিলে মাতা পুত্রসমাংশহারিণী (ই)।
পিতা মরিলে মাতাও পুত্র তুল্যাংশহারিণী (ই)†

সমাংশহারিণীমাতা (ই) পুত্রাণাংস্যান্মৃতেপতৌ।
মাতাঽপি (ই) পিতরি প্রেতে পুত্রতুল্যাংশহারিণী†

(ই) এস্থলে মাতৃপদ জননী বোধক হওয়াতে বিমাতার অংশ নাই, কিন্তু প্রতিপালনীয়া।

(ই) অত্র মাতৃপদস্য জননীপরত্বাৎ বিমাতুর্নাংশিতা, কিন্তু গ্রাসাচ্ছাদিনাভর্ত্তব্যেতি।

ব্যবস্থা ১২৯ এক সমাংশ স্বামি প্রভৃতি স্ত্রীধন না দিলে প্রাপ্য, দিলে কিন্তু অর্দ্ধেক বই প্রাপ্য নয়†

১২৯ সমাংশতাচ মাতুর্ভত্রাদিভিঃ স্ত্রীধনাদানে, দত্তেতুপুনরর্দ্ধং†।

---

* আনন্দ বৈকুণ্ঠ ও চন্দ্রের পিতা যদি ইহাদের জননী দয়াময়ীকে রাখিয়া মরে—অনন্তর আনন্দ বৈকুণ্ঠ ও চন্দ্র যদি বিবাহ করিয়া স্ত্রীপুত্র রাখিয়া মরে; তবে আনন্দ বৈকুণ্ঠ ও চন্দ্রের পুত্রদের মধ্যে বিভাগে ঐ আনন্দ বৈকুণ্ঠ ও চন্দ্রের মাতা দয়াময়ী পৌত্র তুল্যাংশ গ্রহণ করিবেন। কিন্তু (মৃত) আনন্দ বৈকুণ্ঠ ও চন্দ্রের পত্নীরা তাহাদের নিজ নিজ পুত্রগণ মধ্যে বিভাগ না হইলে অংশ পাইতে অধিকারিণী হইবে না। যদি আনন্দের পুত্রেরা (আপনাদের মধ্যে) বিভাগ করে, তবে তাহাদের জননী অর্থাৎ আনন্দের পত্নী নিজ (এক) পুত্রের তুল্যাংশ পাইবে। তদ্রূপ বৈকুণ্ঠের পুত্রেরা যদি (পরস্পর) বিভাগ করে তবে বৈকুণ্ঠের পত্নী ভাগাধিকারিণী হইবে;—কিন্তু চন্দ্রের পুত্রেরা যদি অবিভক্তাবস্থায় থাকে তবে তাহাদের মাতা অংশে অধিকারিণী হইবে না। কন্. হি. ল. পৃ. ৫৩ ও ৫৪।

† দা. ক্র. সং. পৃ. ৪৮। দা. ভা. পৃ. ৮০। উ. দা. ক্র. সং. পৃ. ১০২ ও ১০৩। কোল. দা. ভা. পৃ. ৩৩। দ, ত, পৃ. ৩।
সর্ উইলিয়ম মেক্নাটন সাহেব (নিজ লিখিত হিন্দু ল'র ১ বালামের ৫০ পৃষ্ঠায়) বিভাগে মাতার অংশাধিকার লিখিয়াছেন, কিন্তু যাহা তৎকর্ত্তৃক লিখিত হইয়াছে তাহা সম্পূর্ণ ও সর্ব্বাঙ্গ শুদ্ধ নয়, যথা এই পুস্তকে লিখিত ব্যবস্থা ও প্রমাণাদি দৃষ্টে প্রকাশ পাইবে।

মাতার যে অধিকার সে আশঙ্কনীয় পতির ধন বিভাগে তিনি তাহা প্রবল করিতে পারেন। তাঁহার মূলাধিকার অন্নাচ্ছাদনে মাত্র,—তাঁহার পতি যে পরিমিত বিষয় অধিকার করিয়া লোকান্তর গত হয়েন তদনুসারে ঐ অন্নাচ্ছাদন যথা যোগ্য হওয়া চাই; পরন্তু তিনি অন্যের কার্য্য দ্বারা কোন বিশেষ অংশে অধিকারিণী হয়েন। ইহার প্রতি যে কারণ দর্শিত হইয়াছে তাহা যদিও নব্যের তথাপি সন্তোষ জনক বটে। তাঁহার পরিবারে অবিভক্তাবস্থায় যে সকল সুখভোগ করিয়াছে তাহার ভাগি ও ভোগি হইতে তাঁহার অধিকার আছে,এবং তাহার সন্তানেরা একত্র থাকিলে তিনি যে প্রকার আশ্রয়াশ্রিত থাকিতেন তদ্রূপ আশ্রয় পাইতে ধর্ম্মতঃ ও স্বভাবতঃ তাঁহার অধিকার আছে। অতএব তিনি যদি এমত লাভে বঞ্চিতা হয়েন তবে ন্যায় সম্মতই বটে যে তিনি যাহাতে আত্মরক্ষায় সমর্থা হয়েন ও প্রাণ ধারণের নিমিত্তে তাঁহাকে দ্বারে দ্বারে বেড়াইতে না হয় এমত কর্ত্তব্য। এই মত ন্যায়সম্মত, এবং ইহার বিরুদ্ধ আমি কোথাও দেখিতে পাই নাই। সর্ ফ্রান্সিস্ মেকনাটন সাহেবের বিবেচনা। পৃ. ৫১।

দৃষ্ট হইবে যে যাহারা বিভাগ করে বিভাগে তাহাদের উপরই মাতার অধিকার নির্ভর করে।—ঐ বিভাগ, তাঁহার নিজ সন্ততিগণ কর্ত্তৃক হওয়া চাই, এতাবতা স্বামির সন্ততিরা তদ্বিষয় বিভাগ করিলে অপুত্রা কিম্বা কন্যামাত্র-প্রসবিনী বিধবা অংশাধিকারিণী হয়েন না। ঐ. পৃ. ৫১।

grandsons, or any one of them, or by the heir of any of them (since deceased) as the case may be.*

*Srimati Joymani Dasi and Dasi Da'si v Atma'Ra'm Ghose and Kalachand Ghose.*

*Case* bearing on the Vyavasthá No. 126

In this case, partition was ordered upon the prayer of a widow who succeeded by her husband's death to his share of an undivided estate. S. C. 10th December 1823. Cons. H. L. pp. 64—66.

## THE MOTHER ENTITLED TO A SHARE.

Vyavastha'

128 If, however, partition be made during the lifetime of the mother, then she will get a share equal to that of her (each) son.†

Authority.

I. The mother on the death of her husband takes a share equal to that of (each of) her sons.† —VRIHASPATI.

II. The mother also, on the demise of the father, takes a share equal to her son's.- KA'TYAYANA.

(i) Here since the term mother relates to natural parent, the stepmother does not participate, but she must be maintained with food and raiment†.

Vyavastha'

129 The equal participation of the mother with the brethren takes effect, if no separate property have been given her by her husband and the rest : but if any have been given, she has half† (a share.)

---

* If the father of A, B, and C be dead, leaving their mother D surviving—If A, B, and C, shall then severally marry and die, each leaving a widow and sons, surviving ; upon a partition between the sons of A, the sons of B, and the sons of C, the mother of A, B, and C, (i. e. D,) shall take a grandson's share. But the widows of A, B, C will not be entitled to any share, unless their sons shall come to a partition among themselves. If the sons of A shall divide, then their mother (the widow of A) shall take a share equal to that of one of her sons. In like manner the widow of B will be entitled, if her sons shall divide ; —but if the sons of C shall continue undivided, their mother will not be entitled to any share. Cons. H. L. pp. 53,54.

† W. Da. Kra. Sang. pp. 102, 103. Coleb. Da. bha. p. 63. Da'. T. p. 16.

Sir William Macnaghten (in his book on the Hindu Law, vol. I. page 50) treats of the right of the mother in partition ; but what he has written is insufficient and inaccurate as will be found by reference to the *Vyavastha's* and authorities herein contained.

The mother has a contingent right which may be enforced by her upon a partition of her husband's estate being made. Her original right is to maintenance only—which is to be suitable to the wealth of which her husband died possessed ; but it is by the *act of others* that she becomes entitled to any specific share. The reason given for this is modern but satisfactory. She has a right to participate in all the comforts which are enjoyed by her family in its undivided state, and a legal as well as natural claim to that protection which may be derived from a union of her descendants. If therefore she is deprived of such advantages, it is but just that she should be enabled to take care of herself, and not be obliged to go from door to door for her support. The doctrine is rational, and I have not been able to discover that it is any where contested. Sir Francis Macnaghten's Considerations on the Hindu Law, p. 57.

It will have been seen that in cases of partition, the mother's right depends upon the parties by whom the division may be made ; that it must be made by her own descendants ; and that the childless widow, or the widow who had borne daughters only, will not be entitled to participate in the event of her husband's descendants coming to a partition of his estate. *Ibid.* p. 57.

কারণ

যেহেতু পূর্ব্বে উক্ত বচনে এমত কথিত হইয়াছে। দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৩৫৬।

জীমূতবাহন স্মার্ত্তভট্টাচার্য্য ও শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারাদির মতে—পিতৃকৃত বিভাগে অপুত্র পত্নীগণকে পুত্রতুল্যাংশ দাতব্য, পুত্রবতীকে নয়, সেস্থলে পুত্রই বিভাগ পাইবার যোগ্য ইহা বক্তব্য। পুত্রকৃত বিভাগে অপুত্রা বিমাতাকে অংশ দাতব্য নয়; কিন্তু গ্রাসাচ্ছাদন দাতব্য যেহেতু তিনি ধনির অবশ্য পোষ্যা*।

ব্যবস্থা

১৩০ যদি পুত্রেরা জননীর অংশ দিতে ইচ্ছা না করে, তবে জননী বলেও লইতে পারেন†।

নতুবা শাস্ত্র ব্যর্থ হয়।

ব্যবস্থা

১৩১ যেস্থলে একপুত্রক ব্যক্তির ভার্য্যা থাকে সে স্থলে অগত্যা গ্রাসাচ্ছাদন মাত্র দাতব্য†।

কারণ

যেহেতু তৎকালীন অংশ দানবোধক শাস্ত্র নাই। পুত্রদের মধ্যে বিভাগ হইলেই মাতাকে অংশ দান শাস্ত্রে উক্ত হইয়াছে।

যদি কাহারো দুই ভার্য্যা থাকে তন্মধ্যে একের দুই পুত্র অন্যের চারি পুত্র, ধনি মরিলে সহোদর ও বৈমাত্রেয় ভ্রাতাগণের মধ্যে বিভাগ যুক্তিযুক্ত। পরন্তু তাহাদের মাতারা কি প্রকার বিভাগ পাইবে, এস্থলে চণ্ডেশ্বরাদি কহেন—'আট ভাগ কর্ত্তব্য, দুই ভাগ দুই মাতাকে দাতব্য, যেহেতু তাঁহারা উভয়েই পিতৃপত্নী; এবং ছয় ভাগ ছয় ভ্রাতার প্রাপ্য'। কিন্তু

প্রমাণ

শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার জীমূতবাহনের কৃত (দায় ভাগ) গ্রন্থ টীকাতে কহিয়াছেন "তদুভয়েরই অংশ নাই যেহেতু তাঁহারা সকলের জননী নহেন, জননী মাত্রের অংশ বাদি জীমূতবাহনাদির মতে তাঁহারা অংশ পাইতে অধিকারিণী নয়"†। অতএব—

ব্যবস্থা

১৩২ সহোদর ও বৈমাত্রেয় ভ্রাতাদের মধ্যে বিভাগ হইলে মাতারা অংশভাগিনী নয়।

ব্যবস্থা

১৩৩ কিন্তু তখন বা তদনন্তর যদি সহোদর ভ্রাতারা পরস্পরে বিভাগ করে তবে

প্রাগুক্ত বচনাৎ। দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৩৫৬।

জীমূতবাহন স্মার্ত্ত শ্রীকৃষ্ণতর্কালঙ্কারাদীনাং মতে—পিতৃকৃত বিভাগে অপুত্রবত্যৈ পুত্রতুল্যাংশো দেয়ঃ নতু পুত্রবত্যৈ তত্র পুত্রো বিভাগ যোগ্য এব বক্তব্যঃ। পুত্রকৃত বিভাগে অপুত্রায়ৈর্ব্বিমাত্রেংশো ন দেয়ঃ; কিন্তু ধনিনাবশ্যং ভর্ত্তব্যত্বাৎ গ্রাসাচ্ছাদনমেবেতি*।

১৩০ যদি পুত্রাঃ জনন্যংশং দাতুং নেচ্ছন্তি তদা জননী বলাদপি হর্ত্তুং শক্নোতি†।

অন্যথা শাস্ত্রবৈয়র্থ্যাৎ।

১৩১ যত্র এক পুত্রকস্য ভার্য্যা বর্ত্ততে তত্র গ্রাসাচ্ছাদনমেব অগত্যা দাতব্যং†।

তদানীং অংশদান বোধকশাস্ত্রাভাবাৎ। পুত্রাণাং বিভাগ করণএব মাতুরংশ দানস্য শাস্ত্রেণোক্তত্বাদিতি।

অত্র যদি কস্যচিৎ দ্বেভার্য্যে, তত্রৈকস্যা দ্বৌ পুত্রৌ অন্যস্যাশ্চত্বারঃপুত্রাঃ, তস্মিন্ মৃতে তত্রভ্রাতৄণাং সহোদর বৈমাত্রেয়াণাং যুক্তোবিভাগঃ। তন্মাত্রোস্তু কিদৃশ বিভাগঃ, অত্র চণ্ডেশ্বরাদয়ঃ—'অষ্টভাগাঃ কর্ত্তব্যাঃ দ্বৌভাগৌ মাতৃভ্যাং দ্বয়োপিতৃপত্নীত্বাবিশেষাৎ ষট্চ ভ্রাতরঃ ষড্ভাগানিত্যাহুঃ'। শ্রীকৃষ্ণ তর্কালঙ্কারস্তু জীমূতবাহন গ্রন্থ (দায়ভাগ) টীকায়ামুক্তবান্—" দ্বয়োরেব সর্ব্বজননীত্বাভাবাৎ জননীমাত্রস্যাংশ হারিত্ব বাদি জীমূতবাহনাদীনাং মতে নাংশাধিকার" ইতি†। অতএব—

১৩২ সোদরাসোদরাণাং বিভাগে মাতরো নাংশভাগিন্যঃ।

১৩৩ কিন্তু তদানীং তদনন্তরং বা যদি সোদরাঃ পরস্পরং বিভাগং কুর্ব্বন্তি তদা

* বি. দা. ভা. দ্বী. র. ২। কোল. ভা. বা. ৩, পৃ. ১৩।

† বি. দা. ভা. দ্বী. র. ২। কোল. ভা. বা. ৩, পৃ. ৩০৩১,২৯। দ্রষ্টব্য—কল. হি. ল. পৃ. ৫৪, পারা. ৩৩।

According to the texts already cited. See *ante*, pp. 357. Reason.

According to JI'MU'TAVA'HANA, RAGHUNANDANA, SRI'KRISHNA TARKA'LANKA'RA, and the rest, when partition is made by a father, a share equal to that of a son must be given to the wife who has no son, not to her who has male issue; her son should be considered as alone entitled to (share in) the partition: this agrees with common sense. But, when partition is made by sons, no share need be allotted to the stepmother, who has no male issue, but food and raiment (must be assigned;) for the late owner of the property was bound to support her.*

130 If the sons refuse to deliver the share of their natural mother, she may exact it even by forcible means.† Vyavastha'

For the ordinance would be otherwise nugatory. Reason

131 When the father of an only son leaves one wife, then food and vesture only shall of course be allotted to her.† Vyavastha'

Since no text propounds the immediate appropriation of a share; and the law has only ordained the allotment of a share to the mother or stepmother when partition is made among sons. Reason

If a man leave two wives, and by one two sons, and by the other four, partition shall be made as above mentioned, among the brothers of the whole blood and half blood; but what shares shall be allotted to their respective mothers? To this CHANDESHWARA and the rest would reply, the estate must be divided into eight shares, and two must given to the mothers, for they are equally wives of the father; and the six brothers take six shares. However, SRI'KRISHNA TARKÁLANKÁRA observes in his commentary on the *Da'yabha'ga*, both are not entitled to shares, since both are not natural mothers of all the sons; and the natural mother, according to JI'MU'TAVA'HANA and the rest, is alone entitled to a share.† Hence— Authority

132 If the uterine brothers separate from their half brothers, their respective mothers will not be entitled to share. Vyavastha'

133 But when one set of uterine brothers shall come to a partition *among* Vyavastha'

* Coleb. Dig. vol. III. p. 13

† Coleb. Dig. vol. III. pp. 30, 31, 29. See Cons. H. L. p. 54. para. 33.

তজ্জননীও অংশহারিণী, নতুবা গ্রাসাচ্ছাদনমাত্র পাইতে অধিকারিণী*।

তেষাং জননী পুত্র সকাশাদংশহারিণী, অন্যথা গ্রাসাচ্ছাদন মাত্রাধিকারিণী*।

ব্যবস্থা ১৩৪ বৈমাত্রেয় ভ্রাতাদের সহিত বিভাগ কালে যদি সহোদরেরা অথবা তাহাদের মধ্যে এক জনও যদি আপন অংশ পৃথক্ করিয়া লয়, তবে তজ্জননীও অংশাধিকারিণী*।

১৩৪ সোদরাসোদরাণাং বিভাগকালে যদি সোদরাঅপি পরস্পরং বিভক্তাভবন্তি, অথবা তেষামেকোঽপি স্বাংশংগৃহ্নাতি তদা তজ্জননীচাংশাধিকারিণী*।

কারণ যেহেতু ঐকালে তাহার নিজ পুত্রদের মধ্যেও বিভাগ হইল।

তদানীং তত্তনয়ানাং মধ্যেঽপি বিভাগকৃতত্বাৎ।

ব্যবস্থা ১৩৫ যদি পুত্রদের মধ্যে এক জন অথবা কোন (মৃত) পুত্রের উত্তরাধিকারী আর আর সকল হইতে পৃথক্ হয় তখনো মাতা পুত্র তুল্যাংশ পাইতে অধিকারিণী†।

১৩৫ পুত্রাণাং যদ্যেকঃ একস্য (মৃত) পুত্রস্য দায়াদো বা বিভক্তো ভবতি তদা জনন্যপি পুত্রতুল্যাংশাধিকারিণী†।

ব্যবস্থা ১৩৬ পৈতৃক ধনের উপঘাতে অর্জ্জিত বিষয়ের অংশ পাইতে যেমত ভ্রাতা অধিকারী তেমত মাতাও অধিকারিণী‡।

১৩৬. পিতৃদ্রব্যোপঘাতার্জ্জিত ধনাংশে জননী ভ্রাতৃবদধিকারিণী‡।

ব্যবস্থা ১৩৭ মাতা যদি কোন মৃতপুত্রের উত্তরাধিকারিণী হয়েন তবে তদ্‌যোগ্যাংশাধিকারিণী

১৩৭ জননী যদ্যেকস্য মৃত পুত্রস্য দয়াদা তদা বিভাগে তদ্‌যোগ্যাংশ হারিণী, মাতৃ-

দৃষ্টান্ত—

* আনন্দ যদি তিন পত্নী রাখিয়া মরে—তন্মধ্যে এক জন—বৈকুণ্ঠ, চন্দ্র, ও দামোদরের মাতা;—এক জন ইন্দু, ফকির ও গোবিন্দের মাতা;—অন্যে হর, ঈশ্বর ও কালীর মাতা। এই তিন দল সহোদর ভ্রাতাগণের মধ্যে পরস্পর বিভাগে তাহারা অবিভক্ত তিন পরিবার হইবে, তাহাদের নিজ নিজ মাতারা পৃথক্ অংশ পাইতে অধিকারিণী হইবে না। কিন্তু যদি এক দল সহোদরেরা আপনাদের মধ্যে বিভাগ করে, তখন তাহাদের মাতা পৃথক্‌রূপে তাহাদের বিষয়ের সিকি অংশ পাইবেন। যদি আর এক দল সহোদরেরা (যথা ইন্দু, ফকির ও গোবিন্দ) বিভাগ না করিয়া মরে, ও যদি ইন্দু কএক পুত্রকে রাখিয়া, ফকির পৌত্রগণকে রাখিয়া, এবং গোবিন্দ প্রপৌত্রগণকে রাখিয়া মরে—তবে ইন্দুর পুত্রেরা ফকিরের পৌত্রেরা ও গোবিন্দের প্রপৌত্রেরা অবিভক্ত পরিবার হইবে, এবং ইন্দু ফকির ও গোবিন্দের মাতা পৃথক্ অংশ পাইতে অধিকারিণী হইবে না। কন্ হি. ল. পৃ. ৪২।

যদি তিন বিধবা থাকে—তন্মধ্যে এক জন তিন পুত্রের জননী, এক জন চারি পুত্রের জননী—অন্যে পাঁচ পুত্রের জননী—তবে তাহাদের সম সংখ্যক পুত্র থাকিলে যে নিয়মে বিভাগ হইত এস্থলে সেই নিয়মে বিভাগ হইবে;—অর্থাৎ সহোদর ভ্রাতারা যদি বৈমাত্রেয় ভ্রাতাদের হইতে পৃথক্ হয় এবং আপনারা পরস্পর একত্র থাকে, তবে তাহাদের নিজ নিজ মাতা পৃথক্ অংশ পাইতে অধিকারিণী নয়;—কিন্তু ঐ সহোদরেরা যদি আপনাদের মধ্যে বিষয় বিভাগ করে তবে পৃথক্‌রূপে তিন পুত্রের জননী চারি ভাগের ভাগ পাইতে—চারি পুত্রের জননী পাঁচ ভাগের ভাগ পাইতে ও পাঁচ পুত্রের জননী ছয় ভাগের ভাগ পাইতে অধিকারিণী ঐ, পৃ. ৪৩।

দ্রষ্টব্য—কোল. ডা. বা. ৩ পৃ. ২৯ ও ৩০।

† যদি কতিপয় সংখ্যক পুত্র থাকে, ও তন্মধ্যে এক জন যদি তাহাদের কাহারো অসম্মতিতে অথবা সকলের অনিচ্ছাতে কোন পতিকে অন্য হইতে পৃথক্ হয়, যদি হাকিমের হুকুম ক্রমেও পৃথক্ হয়, তবে মাতা নিজ পৃথক্ অংশে অধিকারিণী। কন. হি. ল. পৃ. ৪৭। দ্রষ্টব্য—ঐ পৃ. ৪৩।

‡ কোন পুত্র স্বকীয় অসাধারণ শ্রমে অথবা সকল পুত্রে সাধারণ শ্রমে ধন উপার্জ্জন করিলে জননী তাহার অংশভাগিনী নহেন—কিন্তু সে ধন যদি পিতৃধনের উপঘাতে অর্জ্জিত হইয়া থাকে তবে বিভাগে জননী ঐ প্রবৃদ্ধ ধনভাগিনী। কন্. হি. ল. পৃ. ৫১।

*themselves,* then their mother will be entitled to a share equal to that of one of her sons: otherwise not.*

134 At the time of partition with half brothers, if the uterine brothers also separate from each other, or any of them from the rest, taking their shares or his share in severalty, in that case the mother of these is entitled to an equal share out of her own son's shares.* Vyavastha'

Inasmuch as at the same time partition takes place amongst her own sons themselves.

135 If any of the sons or the heir of a son (deceased) be separated from the rest, then also the mother shall be entitled to a share equal to (that of one of) her sons.† Vyavastha'

136 Like a brother the mother also is entitled to a share of the property acquired by the use of the patrimonial wealth.‡ Vyavastha'

137 If the mother happen to be the heiress of a son deceased, she shall, as such, Vyavastha'

* If A shall leave three widows, one the mother of B, C, and D; one the mother of E, F, and G; and one the mother of H, I, and K; upon a separation of these three sets of uterine brothers from *each other*, they will form three joint and undivided families, and their respective mothers will not be entitled to a separate share, but if one set shall come to a partition *among themselves, then their* mother will be entitled in severalty to a fourth part of their estate. If another set (E, F, & G for instance,) shall all die without having come to a partition; E leaving sons, F leaving grandsons, and G leaving great grandsons—then the sons of E, the grandsons of F, and the great-grandsons of G, will form a joint and undivided family, and the mother of E, F, and G will not be entitled to any separate share. Cons. H. L. p. 42.

If there be three widows, one the mother of three, one the mother of four, and one the mother of five sons; the rule as to partition will be the same as it is when they are mothers each of an equal number of sons; that is, if the uterine brothers separate from their half-brothers, and continue united among themselves, their respective mothers will not be entitled to any several share;—but if they come to a partition *among themselves,*—then the mother of the *three* sons will be entitled to a fourth—the mother of the *four* sons to a *fifth,* or the mother of the *five* sons to a sixth part in severalty. *Ibid.* p. 43.

See Coleb. Dig. vol. III. pp. 29,30.

† If there be any number of sons, and one be by any means separated from the others; even if he should be separated by authority of the magistrate, without the consent of any one of them, or against the will of all, the mother shall be entitled to her several share. Cons. H. L. p. 47. See *Ibid.* p. 43.

‡ The mother shall not be entitled to share in the property acquired by the individual exertions of one of her sons, nor in the property acquired by the joint exertion of them all, unless it shall appear that such acquisitions were made out of the patrimonial wealth,—in which case, she shall be entitled to share in the *increase* of the patrimonial wealth, upon partition. Cons. H. L. p. 51.

হইবেন, অথচ বিভাগে মাতা বলিয়া (এক পুত্রের অংশ পরিমিত) অপরাংশ পাইবেন।

নচাপরাংশ ভাগিনী

ব্যবস্থা ১৩৮ জননী যে এক পুত্রের অংশ পরিমিত অংশভাগিনী সে কেবল স্বয়ং পুত্রগণের মধ্যে বিভাগেই নয় কিন্তু পুত্রের ও পুত্রের উত্তরাধিকারিগণের মধ্যে বিভাগেও বটে*।

১৩৮ ন কেবলং পুত্রাণাং স্বয়ং বিভাগে জননী পুত্র তুল্যাংশ ভাগিনী, কিন্তু পুত্রস্য (মৃত) পুত্র দায়াদস্যচ মধ্যে কৃত বিভাগেঽপি*

ব্যবস্থা ১৩৯ যদি এক ভ্রাতা কিম্বা কোন ভ্রাতার উত্তরাধিকারী স্থাবর বা অস্থাবর বিষয়ের

১৩৯ যদ্যেকো ভ্রাতা ভ্রাতৃদায়াদো বা স্থাবরাস্থাবরৈকতর ধনে স্বাংশমাদদীত তদা

* শিবচন্দ্র বসুপ্রভৃতির বিরুদ্ধে গুরুপ্রসাদ বসুর মকদ্দমাতে আদালত আরো অনুসন্ধান করিয়া অত্যুত্তমরূপে জ্ঞাত হইয়াছেন;—অবশেষে আমাদের হৃদ্‌বোধ হইয়াছে যে পুত্রদের মধ্যে বিভাগ হইলে খঞ্জমনি যেমত ভাগ ভাগিনী হইতেন পুত্র ও পৌত্রদের মধ্যে বিভাগেও সেইরূপ অংশভাগিনী। কন্. হি. ল. পৃ. ২৯।

আনন্দের যদি এক স্ত্রীর গর্ভজ বৈকুণ্ঠ, চন্দ্র ও দামোদর (নামক) তিন পুত্র থাকে, এবং আনন্দ যদি বৈকুণ্ঠ ও চন্দ্র নামক পুত্রকে এবং ইন্দু, ফকীর ও গোবিন্দ নামক পৌত্রদিগকে অর্থাৎ দামোদরের পুত্রদিগকে, এবং নিজ পত্নী অর্থাৎ বৈকুণ্ঠ, চন্দ্র, ও দামোদরের মাতাকে রাখিয়া মরিয়া থাকে. তাহাতে বৈকুণ্ঠ, চন্দ্র, ইন্দু, ফকীর ও গোবিন্দের মধ্যে বিভাগে—বৈকুণ্ঠ, চন্দ্র, ও দামোদরের মাতা (অর্থাৎ আনন্দের পত্নী) তদ্বিষয়ের সিকি ভাগ লইবেন অথবা সেই পরিমিত লইবেন যাহা (দামোদরের পুত্র) ইন্দু, ফকীর ও গোবিন্দ আপনাদের মধ্যে যৌতরূপে লইবে। যদি ঐ পত্নীর দুই পুত্র মরিত, এবং জীবিত পুত্রের ও মৃত দুই পুত্রের পুত্রদের মধ্যে বিভাগ হইত তথাপি ঐ রীতিতে কার্য্য হইত;—যথা চন্দ্র ও দামোদর যদি মরিয়া থাকে তবে এমত অবস্থাতেও ঐ পত্নী আনন্দের বিষয়ের চারি ভাগের ভাগ লইবেন—অর্থাৎ তিনি এক ভাগ লইবেন, তাঁহার জীবিত পুত্র বৈকুণ্ঠ এক ভাগ লইবে, চন্দ্রের পুত্রেরা একত্রে এক ভাগ লইবে, এবং দামোদরের পুত্রেরা আপনাদের মধ্যে এক ভাগ লইবে। কন্. হি. ল. পৃ. ৫২।

ইহা বিলক্ষণরূপে স্থাপিত হইয়াছে যে ঐ বিধবার পুত্রেরা, কিম্বা পৌত্রেরা অথবা পুত্রেরা ও পৌত্রেরা বিষয় ভাগ করিলে তিনি এক অংশ পাইতে অধিকারিণী।—এবং যেহেতু ঐ বিভাগে আরো দূর কোন সন্তান অংশী থাকিলেও উক্ত বিধবা কোন ক্রমে অনধিকারিণী হয় না, অতএব আমি বোধ করি যদি এমত ঘটে যে তাদৃশ ব্যক্তি ঐ বিভাগকারিদের মধ্যে এক জন হয় তথাপি ঐ বিধবার অংশ প্রাপ্তি কারণাধীন ও ন্যায্য। সর্. ফ্রান্সিস্ মেকনাটন্ সাহেবের বিবেচনা পৃ. ৩০।

যদি আনন্দ এক বিধবাকে ও তৎপুত্র বৈকুণ্ঠ, চন্দ্র ও দামোদরকে রাখিয়া মরে, এবং এই পুত্রেরা পিতার মরণকালে বিদ্যমান থাকে, পরে যদি ইন্দু, ফকীর ও গোবিন্দ নামক তিন পুত্র রাখিয়া বৈকুণ্ঠ মরে, এবং হরি, ঈশ্বর, কমল ও লক্ষ্মণ নামক চারি পুত্র রাখিয়া চন্দ্র মরে, ও মদন ও নন্দ নামক দুই পুত্র রাখিয়া লক্ষ্মণ মরে, তৎপরে যদি ঐ ভিন্ন ভিন্ন ব্যক্তিদের মধ্যে অর্থাৎ আনন্দের জীবিত পুত্র দামোদর; বৈকুণ্ঠের পুত্র ইন্দু, ফকীর ও গোবিন্দ; চন্দ্রের পুত্র হরি ঈশ্বর ও কমল; ও লক্ষ্মণের পুত্র মদন ও নন্দ এই সকলের মধ্যে বিভাগ হয় তবে আনন্দের বিষয় প্রথমতঃ চারিভাগে বিভক্ত হইবে—তন্মধ্যে তাহার পত্নী এক ভাগ লইবে; তাহার জীবিত পুত্র দামোদর এক ভাগ লইবে; বৈকুণ্ঠের পুত্র—ইন্দু, ফকীর ও গোবিন্দ এক ভাগ লইবে, ও চন্দ্রের সন্ততিরা—অর্থাৎ পুত্রেরা ও পৌত্রেরা এক ভাগ লইবে; অথবা যদি এই সকল ব্যক্তি পরস্পর পৃথক্ হয়, তবে আনন্দের বিষয় আটচল্লিশ ভাগে বিভক্ত হইয়া তাহার পত্নী বার ভাগ লইবে, দামোদর বার ভাগ লইবে; ইন্দু, ফকীর ও গোবিন্দ প্রত্যেকে চারি ভাগ পাইবে; হর, ঈশ্বর ও কমল প্রত্যেকে তিন ভাগ পাইবে; মদন ও নন্দ প্রত্যেকে দেড় ভাগ অথবা দুই জনে তিন ভাগ পাইবে। কন্. হি. ল. পৃ. ৪০।

আমরা দেখিয়াছি শেষোক্ত অবস্থাতে প্রথম বিভাগে আনন্দের পত্নী ঐ বিষয়ের চারি ভাগের ভাগ পাইতে অধিকারিণী হইবে; তাহার জীবিত পুত্র দামোদর চারিভাগের ভাগ পাইতে অধিকারী হইবে; বৈকুণ্ঠের পুত্রেরা চারি ভাগের ভাগ পাইতে অধিকারি হইবে; এবং চন্দ্রের সন্ততিরা চারি ভাগের ভাগ পাইতে অধিকারি হইবে। এক্ষণে অনুভব করা যাউক যে যৎকালে বৈকুণ্ঠ চন্দ্র ও লক্ষ্মণের পুত্রেরা আপনাদের মধ্যে বিভাগ করে তৎকালে বৈকুণ্ঠ চন্দ্র ও লক্ষ্মণের পত্নীরা জীবিত ছিল, তাহাতে ইন্দু ফকীর ও গোবিন্দের অংশ চারি ভাগে বিভক্ত হইবে, তন্মধ্যে বৈকুণ্ঠের পত্নী এক ভাগ লইবে, এবং ইন্দু, ফকীর ও গোবিন্দ প্রত্যেকে এক ভাগ লইবে; হর, ঈশ্বর ও কমলের অংশ চারিভাগে বিভক্ত হইবে, তন্মধ্যে চন্দ্রের পত্নী এক ভাগ লইবে, এবং হর, ঈশ্বর ও কমল প্রত্যেকে এক ভাগ লইবে। মদন ও নন্দের অংশ তিন ভাগে বিভক্ত হইবে, তন্মধ্যে লক্ষ্মণের পত্নী এক ভাগ লইবে, এবং মদন ও নন্দ প্রত্যেকে এক ভাগ লইবে। কিন্তু প্রথম বিভাগে কেবল আনন্দের পত্নীই এক অংশে অধিকারিণী হইবে। যেপর্য্যন্ত আর আর বিধবাদের পুত্রেরা ভাগ না করে সে পর্য্যন্ত ঐ বিধবাদের দাওয়া জন্মিবে না। কন্. হি. ল. পৃ. ৪০।

inherit his share, and also on partition she shall, as mother, get another share equal to that of one of her sons.

138 The mother is entitled to a share equal to that of a son not, only on partition between her sons themselves, but also between her son and the heir of a son deceased.* Vyavastha'

139 If one of the brothers or the heir of a deceased brother shall take his share of either of the movable or immovable property, this will give the mother a right Vyavastha'

* In the case of Guruprasád Bose *v.* Shibchandra Bose &c. the court made further enquiry, and obtained the best information;—we were ultimately satisfied that, upon a partition by her *son* and *grandsons, Khanjani* was entitled to share, as she would have been had the partition been made by her sons. Cons. H. L. p. 29.

If A shall have three sons B, C, and D, by one wife, and if A shall die, leaving his sons B & C, and his grandsons E, F, and G, by his son D, and his widow, the mother of B, C, & D, surviving, then upon partition made between B, C, E, F, and G, the mother of B,C, and D (i. e. the widow of A) shall take one fourth of his (A's) estate, or as much as E, F, and G (sons of D) shall take among them jointly. The same rule will hold, if two of her sons had died, and if partition had been made between her living son and the sons of her two deceased sons;—as, if C & D had died, she will in this case also take one fourth of A's estate—she shall take one share—her living son B shall take one share—the sons of C shall take one share among them, and the sons of D shall take a share among them.—Cons. H. L. p. 52.

It is well established that she is entitled to a share, if her sons, her grandsons, or her sons and grandsons should divide the estate.—As there is nothing to exclude her in the case of a more remote descendant being a party to the partition; it is, I think both reasonable and just that she should have her share, although such a person should chance to be one of the partitioners.—Cons H. L. p. 30.

If A shall die leaving a widow, the mother of B, C, and D, and these three sons surviving him; if B then shall die leaving three sons, E, F, and G,—and C die leaving four sons H, I, K, and L,—and L die leaving two sons M and N, and a partition then take place between the several parties, i. e. D the surviving son of A; E, F, and G, the sons of B; H, I, and K, the sons of C; and M and N, the sons of L; the estate of A shall in the first instance, be divided into four parts, of which his widow will take one; D his surviving son will take one; E, F and G, the sons of B, will take one; and the descendants, the sons and grandsons of C, will take one; or if all the parties separate from each other, then the estate of A being divided into forty-eight parts, his widow will take twelve, D will take twelve; E, F, and G, four each; H, I and K, three each; and M and N, one and a half each or three between them.—Cons. H. L. p. 40.

We have seen that on a primary partition in the last mentioned case, the widow of A will be entitled to a fourth part of his estate; that his surviving son D will be entitled to a fourth part; that the sons of B will be entitled to a fourth part; and that the descendants of C will be entitled to a fourth part. Now let us suppose the widows of B, C, and L, to be living when their sons respectively come to a partition among themselves; then the proportion of E, F, and G shall be divided into four parts, of which the widow of B will take one, and E, F, and G one each. The proportion of H, I, and K shall be divided into four parts, of which the widow of C will take one, and H, I, and K one each. The proportion of M and N shall be divided into three parts, of which the widow of L will take one, and M and N one each. But upon the primary partition, A's will be the only widow entitled to a share. The claims of the other widows will not arise, until partition be made among their own sons.—Cons. H. L. p. 40.

নিজ অংশ লয় তবে তাহাতে মাতাও ঐরূপ ধনে অংশ পাইতে অধিকারিণী*।

জনন্যপি তাদৃশ ধনাংশাধিকারিণী*।

ব্যবস্থা

১৪০ বিভাগে মাতা যে অংশ প্রাপ্ত হয়েন তাহা যাবজ্জীবন উপভোগের নিমিত্তে মাত্র —ঐ ধনের উপর মাতার যে ক্ষমতা সে পতি সংক্রান্ত ধনাধিকারিণী পত্নীর ন্যায়†।

১৪০ বিভাগে মাতা যমংশংপ্রপ্নোতি স আমরণাদুপভোগার্থমেব,—তাদৃশ ধনেতস্যা অধিকারঃ পতি সংক্রান্ত ধনে পত্ন্যধিকারবৎ†

ঈশ্বরচন্দ্র কারফরমা প্রভৃতি—বনাম—গোবিন্দচন্দ্র কারফরমা প্রভৃতি।

১২৮ও১৪০ সংখ্যক ব্যবস্থার নজীর

এই মকদ্দমায় কৃত ডিক্রীতে আদেশ হয় যে উইলকারি গোবিন্দচন্দ্র কারফরমার উইলের যে ভাগে তাহার বিমাতা গৌরমণি দাসীর সম্বন্ধে দান লিখা আছে তদ্ব্যতীত ঐ উইল সম্পূর্ণরূপে অকর্ম্মণ্য; অনন্তর আদেশ হয় যে প্রতিবাদিরা অর্থাৎ গোকুলচন্দ্রের প্রথম পত্নী রাসমণির গর্ভজ গোবিন্দচাঁদ, নির্ম্মলচাঁদ ও কানাইচাঁদ এবং ঐ গোকুলচন্দ্রের দ্বিতীয়া স্ত্রী রাধামণির গর্ভজ দুই পুত্র দয়ালচাঁদ ও (তদানীং মৃত) শরৎচাঁদ আর বাদিরা অর্থাৎ গোকুলচন্দ্রের তৃতীয়া পত্নী প্রতিবাদিনী নারায়ণীর গর্ভজ ঈশ্বরচন্দ্র ও (তদানীং মৃত) সুব্রত—গোকুলচন্দ্রের নিধন কালে জীবিত থাকাতে—গোকুলচন্দ্র মরণ কালীন যে স্থাবরাস্থাবর বিষয়ে দখলিকার ছিলেন তাহাতে এই সাত পুত্র অধিকারি, এবং সাত পুত্রেরই (পরস্পর) সমান ভাগ প্রাপ্য। তদনন্তর ঐ ডিক্রীতে আদেশ হয় যে শরচ্চাঁদের পত্নী অথচ উত্তরাধিকারিণী প্রতিবাদিনী রমণী নিজ পতির অংশের অস্থাবর বিষয়ে নির্ব্যূঢ় স্বত্ববতী‡ ও স্থাবর বিষয়ে যাবজ্জীবন উপভোগাধিকারিণী; আর বাদিনী নারায়ণী সুব্রতের জননী ও উত্তরাধিকারিণী রূপে তাহার অংশে উক্ত রূপে অধিকারিণী; ও গোবিন্দচাঁদ নির্ম্মলচাঁদ ও কানাইচাঁদের জননী রাসমণি তৎপুত্রেরা যে সাত ভাগের তিন ভাগ পাইয়াছে তাহারই চারি আনা রকমের অস্থাবরে নির্ব্যূঢ় স্বত্ববতী‡ ও স্থাবরে যাবজ্জীবন উপভোগাধিকারিণী‡; আর দয়ালচাঁদ ও শরৎচাঁদের জননী রাসমণি তৎপুত্রেরা বিষয়ের সাত ভাগের যে দুই ভাগ পাইয়াছে তাহার তিন অংশের এক অংশ পাইতে উক্তরূপে অধিকারিণী।

---

* যদি অবিভক্ত ভ্রাতাদের স্থাবর অস্থাবর উভয়রূপ বিষয় থাকে, এবং তন্মধ্যে এক ভ্রাতা যদি অস্থাবর বিষয়ের নিজ অংশ পৃথক্ করিয়া লয়, এবং স্থাবর ধন ভ্রাতাদের সহিত সাধারণে ভোগ করিতে থাকে; তবে তাহাতে অস্থাবর ধনের অংশ পৃথক্ করিয়া লইতে মাতাকে অধিকার জন্মিবে। কন্. হি. ল. পৃ. ৪৩।

† ১৯, ২০, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৮, ২৯, ৩১, ৩২, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ও ৪১ সংখ্যক ব্যবস্থা ও তদ্বিষয়ক টীকা ও নজীর সকল দ্রষ্টব্য।

আমার বিবেচনায় ইহা এক্ষণে শাস্ত্র বলিয়া লিখা যাইতে পারে যে বিভাগে মাতা যে অংশ পায়েন তাহা যাবজ্জীবন ভোগের নিমিত্তই পায়েন, এবং এমত বিষয়ের উপর তাঁহার যে ক্ষমতা তাহা পতির বিষয়ে অধিকারিণী পত্নীর ন্যায়। ইহা কথিত হইয়াছে বটে যে বিভাগে মাতা যে অংশ প্রাপ্ত হয়েন তাহা পতির মরণে পত্নীর অধিকৃত (সংক্রান্ত) ধনের ন্যায় না হইয়া বরং তাহা দানের ন্যায় গণ্য।(কিন্তু)যদি সকল পুত্রে বিভাগ করিতে সম্মত হয় তবে তাহা(একপ্রকার) দানের ন্যায় বলা যাইতে পারে, কেননা তাহারা সকলেই ঐ কার্য্যে সম্মতি দেয় যদ্দ্বারা তাহাদের মাতা বিষয়ের এক অংশে অধিকারিণী হয়েন—পরন্তু যদি দশ পুত্র থাকে তন্মধ্যে যে কোন ব্যক্তির চেষ্টায় বিষয় বিভাগ হইতে পারে, এবং যদিও অন্য নয় জনে অবিভক্ত রূপে বাস করিতে থাকে ও যদিও দশম তাহাদের অমতে তাহাদের হইতে পৃথক্ হয় তথাপি সে পৃথক্ হওয়াতেই বিষয়ের একাদশ ভাগের ভাগ পাইতে মাতার অধিকার জন্মিবে। এমত অবস্থায় মাতা যাহা প্রাপ্ত হয়েন তাহা প্রায় দান বলা যাইতে পারে না—যেহেতু (তখন) তাহা পুত্রদের হইতে দান প্রাপ্তি হইল না কেননা তাহাদের দশের মধ্যে নয় জন তাঁহাকে ঐ বিষয় না দিতে ইচ্ছুক হইয়াছিল যাহা তিনি এক পুত্রের সহকারিত্বে অন্য পুত্রগণ হইতে বলে লইতে সক্ষম হইলেন; কিন্তু হেতু যাহা কেন হউক না এবিষয়ে যে শাস্ত্র তাহা নির্ব্বিবাদ। যদিও অধিক সংখ্যক পুত্র বিভাগ করিতে অসম্মত হয় তথাপি বিভাগ হইলে মাতার অধিকার আছে। মাতা বিভাগে যে বিষয় পায়েন ও পতির মরণে পত্নী যে বিষয় প্রাপ্ত হয় এই দুয়ের মধ্যে সুপ্রীমকোর্ট এপর্য্যন্ত কোন প্রভেদ্ করেন নাই। কন্, হি, ল, পৃ, ৪৩, ৪৪।

‡ অস্থাবর বিষয়েতেও যাবজ্জীবন উপভোগাধিকারিণী—যেহেতু শাস্ত্রে স্থাবরাস্থাবর ধনের মধ্যে প্রভেদ্ নাই। দ্রষ্টব্য—পৃ, ১০০।

to her separate share of the same description of property*.

140 The mother who gets a share upon partition gets it *for life* only: with respect to dominion over the property, she stands upon the same footing with the widow who succeeds to her husband's rights.† Vyavasthá

*I'shwar Chandra Ka'rfarma' and another v. Gobinda Chandra Ka'rfarma' and others.*

*Case* bearing on the Vyavasthas Nos. 128 & 140.

In this case, it was declared by the decree, that the *will* of the testator Gokul Chandra Ka'rfarmá was wholly inoperative, except as to a disposition therein contained, in favour of Gourmani Da'sí, the step mother of the testator. It was then declared that the defendants Gobinda Cha'nd, Nirmal Cha'nd, and Ka'na'i Cha'nd, the sons of Gokul Chandra by the defendant Ra'smani, his first wife, together with the defendants Doyál Cha'nd and Sharat Cha'nd, (Sharat Cha'nd being then dead) two sons of Gokul Chandra by the defendant Ra'dha'mani, his second wife, together also with the complainants I'shwar Chandra and Su'rat, (Súrat being then dead,) two sons of Gokul Chandra by the complainant Na'ra'yani', his third wife, as the seven sons who survived Gokul Chandra, became entitled to his real and personal estate, of which he was seised or possessed at the time of his death; and that the said seven sons were so entitled in equal parts or shares.

The decree then declares, that the defendant Ramani, widow and heir of Sharat Cha'nd, is entitled absolutely to his share of the personal estate‡; and to his share of the real estate for her life: that the complainant Na'ra'yaní, as the mother and heir of Su'rat, is in the same manner entitled to his share: that Ra'smani, mother of Gobinda Cha'nd, Nirmal Cha'nd' and Ka'na'i Cha'nd, is entitled absolutely to one fourth of their three seven parts of the personal estate—and for her life to one fourth of their three seven parts of the real estate‡;–and that Ra'dha'mani, the mother of Doya'l Cha'nd and Sharat Cha'nd, is in the same manner entitled to one third of their two seven parts of the estate.

* If brothers of an undivided family, shall possess immovable as well as movable property, and if one brother shall take his share of the movable property to his own separate use, continuing to possess the immovable property joint and undivided, with his brothers; this will give the mother a right to her separate share of the movable, but not of the immovable property. Cons. H. L. p. 46.

† See *Vyavasthàs* Nos. 19, 20, 22, 23, 24, 25, 26, 27, 28, 29, 31, 32, 34, 35, 36, 37, 38, 39, 40, & 41, and commentaries and cases in illustration there of :—*Ante* pp. 55-103.

I believe it may now be laid down as the law, that mothers who take a share upon partition, take an estate *for life* only,—and with respect to dominion over the property, stand upon the same footing with widows who succeed to their husbands' right.—It has been said that what is taken by a mother upon partition, is more in the nature of a gift than that which is taken by widow on the death of her husband. If *all* the sons agreed to divide, it might indeed be said to be in the nature of a gift, because they would all have concurred in the act by which their mother became entitled to a share of the estate—yet if there be ten sons, any one of them may enforce partition; and although the other nine continue living in an undivided state, and although the tenth separated himself from them against their will, his separation alone will give the mother a right in severalty to one eleventh part of the estate. In such a case, what she takes can hardly be said to be in the nature of a *gift*—certainly it is not a gift from her sons; nine of them out of ten being desirous of withholding from her, that which one enables her to take by compulsion from the rest;—but whatever the reason may be, the law is conclusive upon the subject. She has a right on partition being made, although the greater number of her sons may have been unwilling to divide. The Supreme Court has not hitherto made any distinction between the interest taken by a mother upon partition, and that taken by a widow upon the death of her husband. Cons. H. L. pp. 43, 44.

‡ The extent of the right of a woman, so succeeding, in the personal estate is the same as that in the real estate, the Hindu law making no difference between the two sorts of property. See *Ante*. p. 101.

দৃষ্ট হইবে যে গোকুলচন্দ্রের তিন পুত্রের জননী রাসমণি ও দুই পুত্রের জননী রাধামণি বিভাগে ভাগাধিকারিণী হইল অর্থাৎ—প্রথমা নিজ তিন পুত্রের সহিত বিভাগে ভাগাধিকারিণী, দ্বিতীয়া এক পুত্র ও (মৃত) অন্য পুত্রের পত্নীর সহিত বিভাগে ভাগাধিকারিণী হইল; এবং শরতচাঁদের পত্নী রমণী ও সুরতের জননী নারায়ণী (ক্রমে) নিজ পতির ও পুত্রের উত্তারাধিকারিণী রূপে বিষয়াধিকারিণী হইল; জননী ও পত্নী এইরূপে বিষয়াধিকারিণী হইলে আদেশ হয় যে তাহারা পৃথক্ পৃথক্ রূপে যে বিষয়ে অধিকারিণী হইয়াছে তাহাতে তাহাদের উভয়েরই একরূপ ক্ষমতা অর্থাৎ অস্থাবরে নির্ব্ব্যূঢ় স্বত্ববতী ও স্থাবরে যাবজ্জীবন উপভোগাধিকারিণী*। সু. কো.। কন্. হি. ল. পৃ. ৭৪ ও ৭৫।

১২৮, ১৩২, ১৩৭ও১৩৮ সংখ্যক ব্যবস্থার নজীর

জয়মণি দাসী ও দাসী দাসী—বনাম—আত্মারাম ঘোষ ও কালাচাঁদ ঘোষ।

কৃষ্ণমোহন ঘোষ দুই পত্নী রাখিয়া অর্থাৎ করুণাময়ী দাসী ও লক্ষ্মীপ্রিয়া দাসীকে রাখিয়া কালপ্রাপ্ত হয়। কৃষ্ণমোহনের করুণাময়ীর গর্ভজাত গঙ্গাচরণ ঘোষ বদনচাঁদ ঘোষ ও কালাচাঁদ ঘোষ নামক তিন পুত্র থাকে, এবং লক্ষ্মীপ্রিয়ার গর্ভজাত আত্মারাম ঘোষ নামক এক পুত্র থাকে। গঙ্গাচরণ দুই বিবাহ করে, প্রথমা—জয়া দাসী যে শম্ভুচন্দ্র ঘোষ নামক এক পুত্র রাখিয়া কালপ্রাপ্তা হয়; গঙ্গাচরণের দ্বিতীয়া স্ত্রী বাদিনী জয়মণি দাসী—জয়মণির এক কন্যা ছিল কিন্তু সে তদনন্তর কালপ্রাপ্তা হইয়াছে। দাসী দাসী নাম্নী এক পত্নীকে অর্থাৎ বাদিনীকে রাখিয়া বদনচাঁদ কালপ্রাপ্ত হয় তাহার গর্ভে বদনচাঁদের এক কন্যা, হইয়াছিল মাত্র। কৃষ্ণমোহনের করুণাময়ীর গর্ভজাত অন্য পুত্র কালাচাঁদ, এবং লক্ষ্মীপ্রিয়ার গর্ভজাত এক মাত্র পুত্র—আত্মারাম, এই দুই জন প্রতিবাদি।

প্রথমতঃ হুকুম হয় যে কৃষ্ণমোহনের ওয়ারিস সূত্রে অন্য দাওয়াদার ব্যক্তিদের ও আত্মারামের মধ্যে বিষয়ের হিসাব ও অংশ হয়—যেহেতু আত্মারাম কৃষ্ণমোহনের চারি পুত্রের মধ্যে এক পুত্র বলিয়া ঐ বিষয়ের চারি অংশের এক অংশে অধিকারী। আত্মারাম কৃষ্ণমোহনের বিষয়ের চারি অংশের এক অংশে পৃথক্‌রূপে অধিকারী হওয়াতে ইহা বুঝাগিয়াছিল যে তাহার জননী লক্ষ্মীপ্রিয়া নিজ একক পুত্রের ও

---

* উক্ত ডিক্রীর যে অংশে জননীর অধিকার আদিষ্ট হইয়াছে তাহা অবশ্যই বোধ করিতে হইবে যে তৎপুত্রগণের মধ্যে বিভাগ কালে প্রাপ্য। রাধামণি দয়ালচাঁদের ও শরতচাঁদের জননী ছিলেন, শরতচাঁদ মরাতে তাহার পত্নী রমণী তদ্‌যোগ্যাংশে অধিকারিণী ইহা উক্ত হয়—অনন্তর দয়ালচাঁদ ও রমণীর মধ্যে বিভাগে শরতচাঁদের জননী রাধামণি এক অংশ পাইতে অধিকারিণী হয়। এই ডিক্রীর এই পর্য্যন্ত (আর) সকল নিষ্পত্তি পুত্রের সহিত ঐক্য হয়, কিন্তু ১৮২৩ সালের ডিসেম্বর মাসে আত্মারাম ঘোষ প্রভৃতির বিরুদ্ধে শ্রীমতী জয়মণি দাসী প্রভৃতির মকদ্দমাতে যে ডিক্রী হইয়াছে তাহার সহিত এই ডিক্রী এক বিষয়ে মিলে না। ঐ মকদ্দমাতে করুণাময়ী দাসী পৌত্রের দায়াদা বলিয়া তাহার অংশ পাইতে এবং পৌত্রের দায়াদ রূপে এজমালিতে বিভক্ত বিষয়ের (আংশিক) মালিক্ হইয়াও বিভাগকালে জননী বলিয়া আর এক অংশ পাইতে অধিকারিণী ইহা কথিত হয়। বর্ত্তমান মকদ্দমাতে নারায়ণীর দুই রূপ দাওয়ার প্রতি আদালতের উপেক্ষা হইয়া থাকিবেক। নারায়ণী ঈশ্বরচন্দ্রের ও সুরতের মাতা ছিলেন; সুরতের মৃত্যু হওয়াতে নারায়ণী তাহার উত্তরাধিকারিণী রূপে তাহার অংশাধিকারিণী ইহা স্বীকৃত হইয়াছে। এতাবতা যদি ১৮২৩ সালের ডিসেম্বর মাসের ডিক্রী যথার্থ হয় তবে নারায়ণী যাহা পাইয়াছিলেন তাহা হইতে অধিক পাইতে অধিকারিণী। আত্মারাম প্রভৃতির বিরুদ্ধে জয়মণি প্রভৃতির মকদ্দমাতে যেরূপ ব্যবস্থা কথিত হইয়াছে তদনুসারে নারায়ণীকে সুরতের দায়াদা বলিয়া তাহার অংশ লওয়া উচিত ছিল, অনন্তর ঈশ্বরচন্দ্র ও সুরতের জননী বলিয়া বিভাগ কালে অংশ লওয়া উচিত ছিল। আত্মারামের বিরুদ্ধে জয়মণির মকদ্দমায় পণ্ডিতেরা স্পষ্ট মত দিয়াছিলেন যে পৌত্রের দায়াদারূপে করুণাময়ী বিষয়াংশ লইতে অধিকারিণী ছিলেন, এবং তদবস্থায় তাঁহার ও তৎপুত্রের ও পুত্রবধূর মধ্যে বিভাগকালে জননী বলিয়া বিষয়ের সিকি অংশ পাইতে অধিকারিণী হইয়াছিলেন; তিনি তৎপুত্র ও তাঁহার মৃত পুত্রের পত্নী প্রত্যেকে তিন ভাগের ভাগ লইলেন, এবং বিভাগে তিনি সমুদায় বিষয়ের সিকি অংশ লইলেন। উক্ত মকদ্দমাতে পণ্ডিতেরা যে মত দেন বোধ হইতেছে যে তাহা যথার্থ বলিয়া স্বীকৃত হইয়াছে এবং পরে অনুসন্ধানে আমার হৃদ্‌বোধ হইয়াছে যে ঐ মত যথাশাস্ত্র বটে। উক্ত ব্যবস্থানুসারে বারো ভাগের মধ্যে আট ভাগ নারায়ণীর পাওয়া উচিত ছিল। প্রথমতঃ বিভাগে তাঁহার ছয় ভাগ অর্থাৎ অর্দ্ধেক পাওয়া উচিত ছিল; অনন্তর জননী বলিয়া তিন ভাগের ভাগ অর্থাৎ সমুদায় বারো ভাগের চারি ভাগ পাওয়া তাঁহার উচিত ছিল, এই চারি ভাগ পূরণ নিমিত্ত তাঁহার নিজ অংশ হইতে দুই ভাগ দাতব্য ছিল, এবং ঈশ্বরচন্দ্রের অংশ হইতে দুই ভাগ প্রাপ্য ছিল। এই দুই ভাগ পাইলে তিনি পূর্ব্বে যে ছয় ভাগ পাইয়াছিলেন এক্ষণে তাহাতে আর দুই ভাগ বৃদ্ধি হইয়া তাঁহার আট ভাগ পাওয়া হইত, এবং ঈশ্বরচন্দ্রের চারি ভাগ থাকিত। সর্ ফ্রান্সিস্ মেক্‌নাটন সাহেবের বিবেচনা। পৃ. ৭৬৩৭৭।

It will be observed that Ra'smani, the mother of three, and Ra'dha'mani. the mother of two, sons of Gokul Chandra, came in upon partition made, the first by her three sons, the second by one son, and the widow of her deceased son; and also that Ramani', the widow of Sharat Cha'nd, and Na'ra'yani, the mother of Su'rat, came in as heirs, one of her husband, and the other of her son; and that the mothers and widows so taking were all declared to have the same interest in the estates which they severally took, i. e. an absolute interest in the personal, and an estate for life in the real property.* Cons. H. L. pp. 74,75.

*Joymani Dási and Dási Dási v. Attá Rám Ghose and Kálá Cha'nd Ghose.*

Case bearing on the Vyavasthás Nos. 128,137,138.

Krishnamohan Ghose died leaving two widows, viz. Karuna'moyí Da'si' and Lakkhyí Priyá Da'si. By Karuna'moyí Krisnamohan left three sons, viz. Gangá Charan Ghose, Badan Cha'nd Ghose, and Kálá Chánd Ghose; and by Lakhyí Priyá he left Attá Rám Ghose. Ganga' Charan had married two wives, first Joya' Da'si, who died leaving a son Shambhu Chandra Ghose. The other wife of Ganga' Charan is the complainant Joymani Da'si. She had a daughter, who is since dead. Badan Cha'nd Ghose left one widow, the complainant Da'si Da'si, by whom he had one daughter only. Ka'la' Cha'nd the other son of Krisnamohan by Karunámoyí, and Attá Ra'm, the only son of Krishnamohan by Lakhyí Priya', are the two defendants.

An account and partition of the estate of Krishnamohan was in the first place ordered as between the other claimants under Krishna mohan, and (him) Atta' Ra'm, he being declared entitled to one fourth part or share thereof as one of the four sons of Krishnamohan. Atta' Ra'm, then, being solely entitled to a fourth separate part of the estate of Krishnamohan, it was understood and admitted, that his mother Lakkhyí Priya' was not entitled to any separate property upon

* That part of the decree which declared the rights of the mothers, proceeded, of course, upon the partition made by their sons. Rádhámani was the mother of Doyál Chánd and Sharat Chánd. Sharat Chánd had died, and his widow Rámani was declared entitled to his share—and then, on a partition between Doyál Chánd and Ramani, Radhamani, the mother of Doyál Chánd and Sharat Cha'nd was entitled to a share.

So far this decree is consistent with all the decisions; but there is one point in which it differs from the decree that was pronounced in December, 1823, in the cause of Sri'matí Joymani Dasí and others *versus* Atta Ram Ghose and others, in which Karunamoyí Dasí was declared entitled, as heir to her grandson, to his share—and also as parent, to a share upon partition; although as heir of her grandson, she had been joint owner of the property divided. In the present case, the double claim of Na'ra'yaní Da'si may have been overlooked. Na'ra'yaní was mother of I'shwar Chandra and Súrat. Súrat had died, and Narayani was declared, as his heir, to be entitled to his share. Thus then, if the decree of December, 1823, was right, Narayani was entitled to more than she received. According to the law as it was declared in the case of Joymani and others *versus* Attá Ra'm and others, Na'ra'yaní ought to have taken the share of Súrat, as his heir; and she ought then upon partition to have shared as the mother of I'shwar Chandra and Súrat, In the case of Joymani *versus* Atta' Ra'm, the *pandits* were clearly of opinion that Karunamoyi was entitled to take as *heir* of her grandson, and when in that capacity she came to a partition with her son and a son's widow, she was entitled as parent to one fourth of the estate; she and the son, and the deceased son's widow, each took one third; and upon partition she took one fourth of the whole. The correctness of the opinions which the *pandits* gave on this occasion, seemed to have been admitted; and from subsequent inquiry, I am satisfied that they were consistent with law; according to that principle Narayaní ought to have had eight shares out of twelve. First, upon partition, she ought to have had six parts, or one half; then as mother she was entitled to one third, or four parts of the whole, her own contributing to make up the four. This would have taken two parts from *Ishwar* Chandra, which would have increased her own six to eight and left him four. Sir Francis Macnaghten's Considerations. pp. 76,77.

তদ্বৈমাত্রেয় তিন ভ্রাতার মধ্যে বিভাগে বিষয়ের পৃথক্ অংশ পাইতে অধিকারিণী নয়। পরন্তু তিনি আপন অন্নাচ্ছাদন তাঁহার (অর্থাৎ নিজ পুত্রের) স্থানে পাইতে আশা রাখিবেন।

গঙ্গাচরণের ও জয়া দাসীর পুত্র শম্ভুচন্দ্র নিজ পিতার জীবনকালে মরিলে বোধ হইতেছে ইহা স্বীকৃত হইত যে (জয়াদাসী নিজ পতির পূর্ব্বে মরাতে) গঙ্গাচরণের মৃত্যুকালীন জীবিত তাহার (অন্যা) স্ত্রী জয়মণি তদ্বিষয়ের অধিকারিণী হইত, কিন্তু শম্ভুচন্দ্র নিজ পিতার জীবনকালে বাঁচিয়া থাকাতে স্থির হইল যে তৎপিতার অংশ তাহাকেই অর্শে এবং জয়মণি (তৎপিতার পত্নী হইয়াও শম্ভুর জননী না হওয়াতে) তাহার অর্থাৎ শম্ভুর বিষয় লইতে পারে না, কিন্তু তাহার পিতার মাতা (করুণাময়ী) তাহার দায়াদা; আরো আদেশ হইল যে (বদনচাঁদ পুত্র না রাখিয়া যাওয়াতে) তাহার পত্নী দাসী দাসী তাহার উত্তরাধিকারিণী বলিয়া তদ্বিষয়ের অধিকারিণী; এবং তাহার স্বত্বে কৃষ্ণমোহনের বিষয়ের চারি অংশের এক অংশে অধিকারিণী; এতাবতা আদেশ হইল যে কৃষ্ণমোহনের বিষয় সমান চারি ভাগে বিভক্ত হয়,ও কৃষ্ণমোহনের লক্ষ্মীপ্রিয়া নাম্নী পত্নীর গর্ভজাত আত্মারাম নামক একক পুত্র ঐ চারি ভাগের এক ভাগ পৃথক্‌রূপে লয়, অন্য তিন ভাগ সম্বন্ধে আদেশ হইল যে করুণাময়ী নিজ পৌত্র শম্ভুচন্দ্রের উত্তরাধিকারিণী রূপে এক ভাগ লয়, ও দাসী দাসী নিজ পতি বদনচাঁদের উত্তরাধিকারিণী রূপে এক ভাগ লয়, আর কালাচাঁদ কৃষ্ণমোহনের শেষ বিদ্যমান পুত্র বলিয়া এক ভাগ লয়। এইরূপ বিভাগ হইলে আরো আদেশ হইল যে উক্ত রূপে বিভক্ত তিন ভাগের সিকি অংশ পাইতে করুণাময়ী অধিকারিণী, তিনি বিভাগে যে তিন ভাগের ভাগ পাইয়াছেন তাহা হইতে ঐ সিকি অংশ পুরণ হইবে। অনন্তর এইরূপ দাঁড়াইল যে শম্ভুচন্দ্রের উত্তরাধিকারিণী করুণাময়ী আর বদনচাঁদের উত্তরাধিকারিণী দাসী দাসী ও কৃষ্ণমোহনের বিদ্যমান পুত্র কালাচাঁদের মধ্যে বিভাগ উপস্থিত হইলে শম্ভুচন্দ্রের পিতার ও দাসী দাসীর স্বামির আর কালাচাঁদের জননী বলিয়া করুণাময়ী ঐ অংশিদের তুল্য অংশে অধিকারিণী। অতএব উপরিউক্ত তিন অংশ পুনর্ব্বার একত্রিত হইয়া চারি অংশে বিভাজ্য তন্মধ্যে জননী বলিয়া করুণাময়ীর এক অংশ প্রাপ্য—এবং পৌত্রের উত্তরাধিকারিণী বলিয়া ঐ করুণাময়ীর আর এক অংশ প্রাপ্য ; নিজ পতির উত্তরাধিকারিণী রূপে দাসী দাসীর এক অংশ প্রাপ্য ; এবং নিজ স্বত্বে কালাচাঁদের এক অংশ প্রাপ্য।

নিজ পতির বিষয় হইতে অন্নাচ্ছাদন পাইতে জয়মণির অধিকার আছে এবং করুণাময়ীর স্থানে তাহা পাইবার নিমিত্তে তিনি চেষ্টা করিতে পারেন। মু: কো.। কন. ছি. ল. পৃ. ৬৪—৬৮।

## গুরুপ্রসাদ বসু—বনাম—শিবচন্দ্র বসু প্রভৃতি।

১২৮৩ ১৩৮সংখ্যক ব্যবস্থার নজীর

এই মকদ্দমাতে কোন স্ত্রিলোকের নিজ পুত্র ও পৌত্রদের মধ্যে বিভাগে অংশ পাইতে অধিকার আছে কি না এই বিষয়ের বিতর্ক হয়। উক্ত বিষয়ক মকদ্দমার অবস্থা সংক্ষেপতঃ এই যে কৃষ্ণরাম বসু দুই পুত্র রাখিয়া অর্থাৎ বাদি গুরুপ্রসাদকে ও মদনগোপালকে রাখিয়া মরে। মদনগোপাল এই নালিশি আর্জি দাখিল হওনের পূর্ব্বে ছয় পুত্র রাখিয়া মরে। কৃষ্ণরাম খঞ্জনী দাসী নাম্না এক পত্নী রাখিয়া মরে এই খঞ্জনী গুরুপ্রসাদ ও মদনগোপালের জননী। গুরুপ্রসাদ ও মদনগোপালের পুত্রদের মধ্যে (অর্থাৎ খঞ্জনীর পুত্র ও পৌত্রদের মধ্যে) বিভাগ প্রার্থিত হইলে উক্ত তকরার উপস্থিত হয়। সকল পণ্ডিতেই স্বীকার করিলেন যে নিজ পুত্র গুরুপ্রসাদ ও মদনগোপালের মধ্যে বিভাগ হইলে খঞ্জনী কৃষ্ণরামের (অর্থাৎ নিজপতির বিষয়ের) তিন অংশের এক অংশে অধিকারিণী। বর্ত্তমান মকদ্দমার বিচার্য্য বিষয়ে কোন কোন পণ্ডিতে উক্তি করিলেন যে মদনগোপালের মৃত্যুর পর পর্য্যন্ত বিভাগ না হওয়াতে খঞ্জনী কোন অংশে অধিকারিণী নয়, আর আর পণ্ডিতে উক্তি করিলেন যে মদনগোপালের জীবদ্দশায় খঞ্জনীর দুই পুত্রের মধ্যে বিভাগ হইলে খঞ্জনীর যেরূপ অধিকার জন্মিত তৎপুত্র ও পৌত্রদের মধ্যে বিভাগেও তাহার সেইরূপ অধিকার। আরো অনুসন্ধানে এ বিষয় আদালতের অত্যুত্তম রূপে জানা হইল। অবশেষে আমা-

a partition made between her *only* son and his three half brothers, and that she was to look to him for her maintenance.

If Shambhu Chandra, the son of Gangá Charan and Joyá Dásí, had died in the lifetime of his father, it seemed to be agreed, (Joyá Dásí having died before her husband,) that Joymani, the surviving wife of Gangá Charan, would have been entitled to his estate; but Shambhu Chandra having survived his father, it was held that his father's estate vested in him, and that Joymani (not being his mother although the wife of his father) could not take from him, (Shambhu Chndra,) but that his father's mother (Karunámoyí) was his heir. It was also declared that Dásí Dásí, the widow of Badan Chánd, (he not having left a son,) succeeded as his heir, and was in his right entitled to one fourth part of Krishnamohan's estate. It was therefore ordered that the estate of Krishnamohan be divided into four equal parts or shares, and that Attá Ra'm, the only son of Krishnamohan by Lakkhyí Priya', do take one of the said four parts or shares in severalty. Of the other three parts it was ordered that Karuna'moyí do take one as the heir of her grandson Shambhu Chandra, that Da'sí Da'sí do take one as the heir of her husband Badan Cha'nd—and that Ka'la' Cha'nd do take one as the survivor of Krishnamohan's sons.

This partition having been made, it was farther declared that Karuna'moyí was entitled to a fourth part of the three parts which had been so divided, the third part which she had taken upon partition contributing to make up the said fourth part. It then stood thus,—Karuna'moyì the representative of Shambhu Chandra, Da'sì Da'sì the representative of Badan Cha'nd, and Ka'la' Cha'nd the surviving son of Krishnamohan, having come to a partition—Karuna'moyì, as mother of Shambhu Chandra's father, as mother of Da'sì Da'sì's husband, and as mother of Ka'la' Cha'nd, became, upon a partition, entitled to a share equal to that of the several partitioners. The three parts were therefore again to be consolidated and then divided into four, of which Karunámoyì as mother was to have one,—the same Karunámoyì as representing her grandson, one—Da'sì Da'sì as representing her husband, one—and Ka'la' Cha'nd in his own right, one.

As to Joymani, she has a right to maintenance out of her husband's estate, and may follow it for the purpose of obtaining her right into the hands of Karuna'moyí. S. C. Cons. H. L. pp. 64—68.

*Guru prasád Bose* v. *Shib Chandra Bose and others.*

*Case* bearing on the Vyavasthá Nos. 128 & 138.

In this case, the right of a woman to come in for a share upon partition made by her son and grandsons was questioned. The case, so far as it relates to the present point, was shortly this. Krishna Rám Bose died leaving two sons, viz. Guru Prasa'd, the complainant, and Madan Gopál, who before the filing of this bill had died, leaving six sons.—Krishna Ra'm left a widow, named Khanjaní Da'sí, who was the mother of Guru Prasád and Madan Gopa'l.—Upon a partition prayed as between Guru prasa'd, and the sons of Madan Gopa'l, (that is, between Khanjaní's son and grandsons,) the question arose. It was admitted by all the *Pandits,* that she would have been entitled to one third of Krishna Ram's (her husband's) estate, if the partition had been made by her sons Guru Prasa'd and Madan Gopa'l. As to the point at issue, some Pandits declared, the partition having been postponed until after the death of Madan Gopa'l, that Khanjaní was not entitled to any share. Others declared that her right was the same, partition having been made between her son and grandsons, as it would have been had the partition been made, in the life-time of Madan Gopa'l, between her two sons. The Court made further inquiry, and obtained the best information;—we were ultimately satisfied that, upon a partition by her son and grandsons, Khanja-

দিগের হৃদ্বোধ হইল যে পুত্রদের বা পৌত্রদের মধ্যে বিভাগে খঞ্জনী যেমত অংশ পাইতে অধিকারিণী হইতেন পুত্র ও পৌত্রদের মধ্যে বিভাগেও সেইরূপ*। সু. কো.। কন. হি. ল. পৃ. ১৯।

প্রাণকৃষ্ণ মিত্র ও শঙ্করী দাসী—বনাম—মতিসুন্দরী দাসী। সু. কো.। ১২ ফেব্রুওরি ১৮৪১ সাল। ফুল্‌টনের রিপোর্ট বা. ১, পৃ. ৩৮৯।

১২৮, ১৩৫, ও ১৪০ সংখ্যক ব্যবস্থার নজীর

শিবচন্দ্র বসু—বনাম—গুরুপ্রসাদ বসু প্রভৃতি।

কৃষ্ণরাম বসু (যিনি এক্ষণে লোকান্তর গত হইয়াছেন) মদনগোপাল বসুর ও গুরুপ্রসাদের পিতা ছিলেন —মদনগোপাল বসু নিজ পিতার মৃত্যুর অল্পকাল পরে ছয় পুত্রকে অর্থাৎ বাদি শিবচন্দ্রকে এবং ভৈরবচন্দ্র, গোপীনাথ, বৃন্দাবন, নীলমাধব ও নবীনচন্দ্র এই পাঁচ প্রতিবাদিকে রাখিয়া মরে। মদন গোপালের এক স্ত্রী শশিমুখী কেবল এক পুত্রকে অর্থাৎ বাদি শিবচন্দ্রকে রাখিয়া লোকান্তর গতা হয়। মদনগোপালের দুই স্ত্রী—অর্থাৎ অবীরা মাধবী এবং ভৈরবচন্দ্র, গোপীনাথ, বৃন্দাবন, নীলমাধব ও নবীনচন্দ্র এই পাঁচ প্রতিবাদির জননী আনন্দময়ী বিদ্যমানা ছিলেন। এই দুই বিধবা এই মকদ্দমাতে প্রতিবাদিনী। এবং অন্য পক্ষে (প্রতিবাদিনী) খঞ্জনী; ইনি কৃষ্ণরামের পত্নী, এবং তাহার দুই পুত্র মদনগোপাল ও গুরুপ্রসাদের জননী।

১৮১৩ সালের ৭ আগষ্ট তারিখে আদালত ডিক্রী করিয়া আদেশ করেন যে কৃষ্ণরামের পত্নী খঞ্জনী তদ্‌ বিষয়ের তিন অংশের এক অংশে অধিকারিণী এবং ঐ অংশের অস্থাবর ভাগে নির্ব্যূঢ় স্বত্ববতী ও স্থাবরভাগে যাবজ্জীবন উপভোগাধিকারিণী। প্রতিবাদী গুরুপ্রসাদ বিষয়ের এক তেহাইতে পৃথক্‌ ও স্বতন্ত্র ভোগাধিকারী অন্য তেহাইতে মদনগোপালের উত্তরাধিকারিরা অধিকারি—ইহাতে মষ্টরের উপর আদেশ হইল যে তিনি অনুসন্ধান করিয়া রিপোর্ট করেন যে অবীরা মাধবীর উপযুক্ত যাবজ্জীবন অন্নাচ্ছাদনের খাতিরজমার নিমিত্তে কত টাকা স্বতন্ত্র করিয়া রাখিলে উপযুক্ত হয়। অনন্তর আদেশ হয় যে শেষোক্ত এক তেহাইর ছয় ভাগের ভাগ পাইতে শিবচন্দ্র অধিকারী—আর বক্রী পাঁচ ভাগ ছয় ভাগে বিভক্ত হয়, তন্মধ্যে ভৈরবচন্দ্র, গোপীনাথ, বৃন্দাবন, নীলমাধব ও নবীনচন্দ্র প্রত্যেকে এক ভাগ লয়, ও তাহাদের জননী আনন্দময়ী এক অংশ লয়েন—ঐ অংশের স্থাবর ভাগে তিনি যাবজ্জীবন উপভোগাধিকারিণী ও অস্থাবর ভাগে নির্ব্যূঢ় স্বত্ববতী। তদনন্তর তজবিজ্‌ সানিরূপে এক আর্জি দাখিল হইলে হরসুন্দরী দাসীর বিরুদ্ধে কাশীনাথ বশাক ও রমানাথ বসাকের মকদ্দমাতে যেরূপ হইয়াছিল সেইরূপ এ মকদ্দমাতেও আদালত ১৮১৩ সালের ৭ আগষ্টের হওয়া ডিক্রী পরিবর্তন করিলেন এবং তাহাতে লিখিত—'খঞ্জনী দাসী অস্থাবর ধনে নির্ব্যূঢ় স্বত্বতী ও স্থাবর ধনে যাবজ্জীবন উপভোগাধিকারিণী'—এই আদেশের পরি-

* উক্ত সময়াবধি সুপ্রীম কোর্টের পণ্ডিতদিগের সহিত আমার বারম্বার কথোপকথন হয় এই বিষয়ে যে কোন স্ত্রীলোকের প্রপৌত্র বিভাগ কারিদের মধ্যে এক জন হইলে ঐ বিভাগে ঐ স্ত্রীলোকের অংশ পাইতে অধিকার থাকিবে কিনা, তাহাতে তাঁহারা বরাবর একরূপ কহিয়াছেন যে—এবিষয়ে কোন শাস্ত্র নাই। কিন্তু হেতু ও যুক্তি বলে তাঁহার অংশ পাওয়া উচিত, এবং যদি এমত তকরার উপস্থিত হয় তবে আমরা বিবেচনা করি এই নিষ্পত্তি হইবে যে ঐ স্ত্রীলোকের এক অংশ প্রাপ্য। তথাচ বোধ হইতেছে যে স্ত্রীলোককে অংশ পাইতে হইলে যে কয়েক জনের মধ্যে বিভাগ হয় তাহাদের মধ্যে এক জন প্রপৌত্র হইতে নিকট সম্পর্কীয় হওয়া চাই কেননা বিভাগকারি ব্যক্তিরা যদি সকলেই প্রপৌত্রবৎ দূর সম্পর্কীয় হয় তবে বিবেচনা হয় না যে ঐ স্ত্রীলোকের দাওয়া কোন ক্রমেই বজায় থাকিতে পারে। পণ্ডিতদের মত এই যে, ঐ স্ত্রীলোকের কোন পুত্র যদি বিভাগকারিদের এক জন হয় তবে পুত্রতুল্যাংশ তাহার প্রাপ্য, যদি তাহার পুত্রেরা সকলেই মরিয়া থাকে ও কোন পৌত্র বিভাগকারিদের এক জন হয় তবে পৌত্র তুল্যাংশ তাহার প্রাপ্য। এই মত বিভাগ বিধানের অনুমত;—কেননা কোন স্ত্রীলোকের পুত্র ও প্রপৌত্রদের মধ্যে বিভাগে তিনি অবশ্যই পুত্রতুল্যাংশে অধিকারিণী হয়েন।

ইহা বিলক্ষণ রূপে সাব্যস্ত হইয়াছে যে কোন স্ত্রীলোকের পুত্রেরা (কিম্বা) পৌত্রেরা অথবা পুত্রেরা ও পৌত্রেরা বিষয় বিভাগ করিলে তিনি অংশ পাইতে অধিকারিণী। এবং যেহেতু আরো দূর সম্পর্কীয় কোন ব্যক্তি বিভাগকারিদিগের মধ্যে এক জন হইলে ঐ স্ত্রীলোক নিরাশ হইতে পারেন এমত কিছু দেখা যায় না অতএব আমি বোধ করি যে তাদৃশ দূর সম্পর্কীয় ব্যক্তি ঘটিলেও ঐ স্ত্রীলোকের নিজ অংশ পাওয়া ন্যায্য ও কারণাধীন। সর ফ্রান্সিস্‌ মেকনাটন সাহেবের বিবেচনা—পৃ. ৩০।

aní was entitled to share, as she would have been, had the partition been made by her sons.* S. C. Cons. H. L. pp. 29.

Pra'n Krishna Mittra and Shankarí Da'si *versus* Matisundarí Da'si.—S. C. 12th February 1841. Fulton I. p. 389.

*Shib Chandra Bose* versus *Guru Prasa'd Bose* & *others.*

*Case* bearing on the Vyavasthás Nos. 128, 134 & 140.

Krishna Rám Bose (now dead) had been the father of Madan Gopal Bose and of the defendant Guru prasád—Madan Gopal died shortly after his father, leaving six sons, viz. Shib Chandra, the complainant, and Bhoirab Chandra, Gopí Náth, Brindában, Nílmádhab, and Nabí'n Chandra, five of the defendants. Shashimukhí Da'sí one of the wives of Madan Gopál was dead, and she left an only son, Shib Chandra the complainant. Two widows of Madan Gopál were living,—they were, Madhabí who was childless, and A'nandamoyí who was mother of Bhoirab Chandra, Gopí Na'th, Brinda'ban, Nílma'dhab, and Nabín Chandra, five of the defendants. These two widows were defendants to the suit,—and the other party was the defendant Khanjaní, who was the widow of Krishna Ra'm, and mother of his two sons Madan Gopa'l and Guru Prasa'd.

On the 7th of August, 1813, the Court pronounced a decree declaring Khanjaní, the widow of Krishna Rám, entitled to one third part of the estate, the movable absolutely, and the immovable for her life; the defendant Guru Prasa'd was declared entitled to one third part to his own several and separate use;—the other third part was declared to belong to the representatives of Madan Gopa'l; —and as to it, the Master was ordered to inquire and report what would be an adequate sum to set apart for the purpose of securing to Ma'dhabí, the childless widow, a suitable allowance for her life. It was then declared that Shib Chandra was entitled in severalty to one sixth of the last mentioned third part,—and that the remaining five-sixths be divided into six parts, of which Bhoirab Chandra, Gopí Náth, Brinda'ban, Ní'lma'dhab, and Nabí'n Chandra, should each take one, and their mother A'nandamoyí', one —the immovable part of which she was to take for life only, and the movable absolutely.† Subsequently on a bill having been filed in the nature of a bill of review, the Court, as it had done in the case of Káshi' Na'th Basák and Ramá Náth Basa'k against Hara Sundari' Da'si', varied the decree made on the 7th of August 1813, and instead of declaring that Khanjani' Da'si' was entitled to the *movable* property *absolutely*, and to the *immov-*

* Since that time I have had several conferences with the Supreme Court pandits on the subject of a woman's right to a share, if one of the partitioning parties should be a great-grandson. They have invariably said that the law is silent; but that from reason and analogy, she ought to have a share, and if such a question arose, they supposed it would be decided that she should have one. Yet it would seem to entitle her to a share, that there must be some more proximate descendant than a great grandson, party to the partition —for if the partitioning parties be all so remote as great-grandsons, it does not appear that her claim can, in any manner, be supported. The pandits are of opinion, if one of her sons be a party, that she ought to have a son's share—and if her sons are all dead, and one of her grandsons be a party, that she ought to have a grandson's share. This is conformable to the principle of partition:—for in a division between her son and grandsons, she will undoubtedly be entitled to the share of a son.

It is well established that she is entitled to a share, if her sons, her grandsons, or her sons and grandsons should divide the estate. And as there is nothing to exclude her in case of a more remote descendant being a party to the partition, it is, I think, both reasonable and just that she should have her share although such a person should chance to be one of the partitioners.—Sir Francis Macnaghten's Considerations on the Hindu Law, p. 30.

বর্ত্তে আদেশ করিলেন যে হিন্দুশাস্ত্রের বিধানানুসারে স্থাবরাস্থাবর বিষয়ের এক তেহাইতে তিনি অধিকারিণী*। সু. কো.। কন. হি. ল. পৃ. ৬৯—৭২।

১৪০ সংখ্যক ব্যবস্থার নজীর

হরসুন্দরী দাসীর বিরুদ্ধে কাশীনাথ বসাক ও রমানাথ বসাকের মকদ্দমায় এবং শিবচন্দ্র বসু প্রভৃতির বিরুদ্ধে গুরুপ্রসাদ বসুর মকদ্দমায় এই (সুপ্রীম) কোর্টকে বিবেচনা করিতে হইয়াছিল যে অস্থাবর বিষয়ে পত্নী ও মাতার নির্ব্যূঢ় স্বত্ব আছে কি না। এই দুই মকদ্দমাতে তাদৃশ স্বত্ব থাকা উক্তিতে যে ডিক্রী হইয়াছিল তাহা সংশোধনে ঐ কথা উঠাইয়া দেওয়া হয়। জজেরা বিনা দ্বিধায় রায় দিলেন, এবং তাহাতে কৌন্সলী প্রভৃতি বিলক্ষণ রূপে বুঝিতে পারিলেন যে পতির স্বত্বাধিকারিণী পত্নী ও পুত্রকৃত বিভাগে অংশহারিণী জননী অস্থাবর বিষয়ে কেবল যাবজ্জীবন উপভোগাধিকারিণী বই নয়†। দ্রষ্টব্য—কন্. হি. ল. পৃ. ৪৪ ও ৪৫।

## পিতামহী অংশভাগিনী।

ব্যবস্থা

১৪১ পিতামহের ধন পৌত্রেরা বিভাগ করিলে পিতামহীও পৌত্রতুল্যাংশ ভাগিনী‡।

১৪১ পিতামহ ধনে পৌত্রৈর্ব্বিভজ্যমানে পিতামহ্যপি পৌত্রতুল্যাংশভাগিনী‡।

প্রমাণ

পিতার অপুত্রা পত্নীরা সমাংশভাগিনী। এবং সকল পিতামহীরা মাতৃতুল্যা কথিতা‡॥ ব্যাস।

মাতৃতুল্যা কথিতা হওয়াতে—যেমত ভর্ত্তার ধন নিজ পুত্রকর্ত্তৃক বিভক্ত হইলে মাতা পুত্রতুল্যাংশ ভাগিনী তেমনি পিতামহের ধন পৌত্রগণকর্ত্তৃক বিভক্ত হইলে পিতামহীও পৌত্রতুল্যাংশভাগিনী‡।

অসুতাস্তু পিতুঃপত্ন্যঃ সমানাংশাঃ প্রকীর্ত্তিতাঃ। পিতামহ্যশ্চ সর্ব্বাস্তা মাতৃতুল্যাঃপ্রকীর্ত্তিতাঃ‡। ব্যাসঃ।

মাতৃতুল্যা ইত্যনেন যথা স্বপুত্রকৃত স্বভর্ত্তৃধনবিভাগে মাতুঃ পুত্রতুল্যাংশিত্বং তথা পিতামহধনে পৌত্রৈর্ব্বিভজ্যমানে পিতামহ্যা অপি পৌত্রতুল্যাংশিত্বমিতি‡।

---

* এই উপলক্ষে আদালতের পণ্ডিতদিগের মত জিজ্ঞাসা করা হইল, তাঁহারা স্পষ্ট প্রকাশ করিলেন যে—মাতা বিভাগে যে ধন প্রাপ্ত হয়েন ও পত্নী স্বামির উত্তরাধিকারিণী রূপে যে ধন প্রাপ্ত হয়েন তাহাতে তাঁহাদের একই রূপ অধিকার। ফলতঃ (তদুভয়ের) অধিকারের সীমা বিষয়ে কোন প্রভেদ নাই, এবং আমার বিশ্বাস হইতেছে না যে হিন্দু শাস্ত্রে এই প্রভেদের কোন কারণ পাওয়া যাইতে পারে।

সুপ্রিমকোর্ট সর্ব্বদাই বিবেচনা করিয়াছেন যে মাতা বিভাগে ধন প্রাপ্ত হইলে এবং পত্নী উত্তরাধিকারিণী রূপে বিষয় পাইলে তাহাতে তাহাদের একইরূপ অধিকার। খেদের বিষয় এই যে দুই মকদ্দমার ডিক্রীতে এ বিষয়ে আদালতের যে চূড়ান্ত মত তাহা আদালত লিখেন নাই অর্থাৎ আদালত এমত প্রকাশ করেন নাই যে পত্নী ও মাতা যে বিষয় প্রাপ্ত হয়েন তাহা অস্থাবর হউক বা স্থাবর তাহাতে তাহারা যাবজ্জীবন উপভোগে মাত্র অধিকারিণী। নিশ্চয় হইয়াছে যে যে সকল ডিক্রীতে অস্থাবর ধনে উক্তরূপ ব্যক্তিদিগকে নির্ব্যূঢ় স্বত্ববতী বলা হইয়াছে তাহা পরিবর্ত্তিত হওয়া উচিত (উক্ত বিষয়ে) জজদিগের মত জানা হইয়াছে এবং প্রকাশও পাইয়াছে, এবং যেহেতু হিন্দুশাস্ত্রে এমত প্রমাণ নাই যদ্বারা মাতার কিম্বা পত্নীর অধিকৃত ধনের স্থাবর অস্থাবর ভাগের মধ্যে বিশেষ করা যাইতে পারে, অতএব আমি বোধ করি এই বিবেচনা করাই উপযুক্ত যে শাস্ত্রে যে বিধান ব্যবস্থাপিত হইয়াছে তদনুসারে চলাই শ্রেয়, এবং ভবিষ্যতে এই বিচার হওয়া উচিত যে কি পতিসংক্রান্ত ধনাধিকারিণী পত্নী কি বিভাগে অংশভাগিনী জননী কেহই অস্থাবর ধনে যাবজ্জীবন উপভোগিনী হওয়া অপেক্ষা অধিক ক্ষমতা পাইবেন না। বিশেষ বিশেষ অবস্থায় ব্যয়ের ক্ষমতা বিশেষরূপে দেওয়া যাইতে পারে। সর ফ্রান্সিস্ মেক্‌নাটন সাহেবের বিবেচনা। পৃঃ ৭৩ও৭৪।

† স্থাবর বিষয়েতেও ঐরূপ অধিকার যেহেতু শাস্ত্রে স্থাবরাস্থাবর ধনের মধ্যে প্রভেদ করেন নাই। দ্রষ্টব্য—পৃ.১০০

আমি এমত প্রমাণ বাহির করিতে পারিলাম না (এবং আমার বিশ্বাস হইতেছে যে এমত প্রমাণ নাই) যদ্বারা পতির মরণে পত্নী ধনাধিকারিণী হইলে অথবা নিজ সন্তানদিগের মধ্যে বিভাগে কোন স্ত্রীলোক ধন প্রাপ্ত হইলে তদ্ধনের স্থাবরাস্থাবর ভাগের মধ্যে বিশেষ কোন রূপে বজায় থাকিতে পারে, এবং এমত প্রমাণ থাকা আমার বিশ্বাস হয় না যদ্দ্বারা বলা যাইতে পারে যে স্ত্রীলোকে ধন প্রাপ্ত হইলে সে কি স্থাবরে কি অস্থাবরে যাবজ্জীবন উপভোগ করণাপেক্ষা অধিক ক্ষমতা রাখে। কন্. হি. ল. পৃ. ৩২।

‡ দা. ক্র. সং. পৃ. ৪৮ ও ৪৯। দ্রষ্টব্য—দা. ভা. পৃ. ৮১। বি. দা. ভা. দ্বী. র. ২। উ. দা. ক্র. সং. পৃ. ১০৩। কোল. দা. ভা. পৃ. ৩৪। কোল. ডা. বা. ৩, পৃ. ২৭।

*able* property *for her life*, declared her entitled to one third of the estate, real and personal, according to the rules of the Hindu law.* S. C. Cons. H. L. pp. 69—72.

Case bearing on the Vyavastha' No. 140.

In the case of Ka'shí Náth Basa'k and Rama' Náth Basa'k *versus* Hara sundari' Dási', and in that of Guru Prasa'd Bose *versus* Shib Chandra Bose and others, the (Supreme) Court was called upon to consider, whether or not, the widow and the mother had a right to an absolute estate in the movable property. In each case, the decree by which such a right had been declared, was *amended*, and the declaration was expunged. The opinions delivered by the Judges were unequivocal, and it was well understood by the profession, that no more than an estate *for life* in *movable* property could be taken by a widow in right of her husband, or by a mother upon partition made among her sons.† Cons. H. L. pp. 44, 45.

## THE PATERNAL GRANDMOTHER TAKES A SHARE.

Vyavastha

141 When the paternal grandfather's estate is divided by grandsons, the grandmother takes a share equal to that of a grandson.‡

Authority

Even childless wives of the father are pronounced equal sharers; so are all the grandmothers: they are declared equal to mothers VYA'SA.

By the exqression *'equal to mothers'* it is shown that as the mother is entitled to an equal share in the partition of her husband's property made by her own sons, so in the partition of the grandfather's property made by the grand sons, the grand mother has an equal share with them.‡

---

* Upon this occasion the Court *pandits* were consulted, and they expressly declared that the mother who took upon partition, and the widow who succeeded to the husband's property, stood upon the *same footing* with regard to *their interests* in the estates. There is not in fact any distinction as far as the right extends, nor do I believe that any ground of distinction can be found in the Hindu Law.

The Supreme Court has always considered the mother who takes upon partition, and the widow who succeeds to the estate of her husband, as *possessed of equal interests*. And it is to be lamented, when two opportunities occurred, that the Court did not insert, in its decrees, the decided opinion which it entertained upon the subject; that it did not declare the *widow* and the *mother* entitled to an estate for life only, whether the property of which they came into possession was movable or immovable.

That the Court thought the decrees, which declared such parties entitled to an absolute estate in movable property, ought to be altered, is certain. The opinions of the judges were known and even declared; and as we have not any authority in the books of Hindu law, by which a distinction between movable and immovable property in the possession of a mother or a widow can be justified, it will, I trust, be thought proper to abide by the rule which may be said to have been laid down, and to hold in future that neither widow succeeding to her husband, nor mother sharing upon partition, shall be entitled to more than a life interest in movable property. The power of expenditure may be especially given in particular cases.—Sir Francis Macnaghten's Considerations on the Hindu Law. pp. 73, 74.

† Such is also the case with immovable property—the Hindu law making no distinction between the movable and immovable parts of an estate inherited by a woman or received by her on partition. See *ante*, p. 101.

I have been unable to discover the authority, (and I believe there is not any) upon which a distinction between movable and immovable property coming to a widow by the death of her husband, or to a woman by partition made among her descendants, can possibly be supported;—nor do I believe there is any authority for saying that a female who so takes, shall have more than a life interest in either. Sir Francis Macnaghten's Considerations on the Hindu Law. p. 82.

‡ W. Da'. Kra. Sang. p. 103.—See Coleb. Da'. bha'. p. 64. Coleb. Dig. vol. III. p. 27.

বিবেচনা— ।০ এস্থলেও পিতামহীর সপত্নীদের অংশ নাই, কিন্তু পূর্ব্বোক্ত ন্যায়ে তাঁহারা প্রতিপালনীয়া, যেহেতু পিতামহী পদ ও পিতৃ জননী মাত্রের বোধক—এই সম্প্রদায় মত। কিন্তু বস্তুতঃ 'সকল পিতামহীরাও মাতৃতুল্যা কথিতা'—ইহাতে সকল শব্দ ব্যবহার হেতু ও বহুবচন হেতু পিতামহীর সপত্নীরাও তদংশভাগিনী, এই ন্যায্য*। দা. ক্র. সং. পৃ. ৪৯।

।০ অত্রাপি পিতামহীসপত্নীনাং নাংশিত্বং কিন্তু ভর্ত্তব্যমাত্রং পূর্ব্বোক্ত ন্যায়েন পিতামহী পদস্যাপি পিতৃজননীমাত্র বাচকত্বাদিতি সম্প্রদায়ঃ। বস্তুতস্তু—পিতামহ্যশ্চ সর্ব্বাস্তা মাতৃতুল্যাঃ প্রকীর্ত্তিতা ইত্যত্র সর্ব্বাপদোপাদানাৎ বহুবচনাচ্চ পিতামহীসপত্নীনামপি তত্রাংশিত্বমিতি যুক্তং*। দা. ক্র. সং. পৃ. ৪৯।

৵০ পৈতামহ ধন বিভাগ করণে পিতামহীদের অংশ প্রাপ্তি কথিত হইয়াছে, সে স্থলে অপুত্রা পিতামহী দিগকে ভাগদাতব্য, এই নব্য মত*। বি. দা. ভা. দ্বী. র. ২।

৵০ পিতামহ ধন বিভাগ করণে পিতামহীনাং ভাগভাগিত্বোক্তেঃ, তত্রাপুত্র পিতামহীভ্যোঽপি ভাগোদেয় ইতিনব্যানাং মতং*। বি. দা. ভা. দ্বী. র. ২।

ব্যবস্থা ১৪২ পিতামহী যদি কোন মৃত পৌত্রের উত্তরাধিকারিণী হয়েন তবে তৎসম্বন্ধে তদ্‌যোগ্যাংশ পাইবেন অথচ বিভাগে পিতামহী বলিয়া নিজ যোগ্যাংশ পাইবেন†।

১৪২ পিতামহী যদ্যেকস্য পৌত্রস্য দায়াদা তদা বিভাগে তদ্‌যোগ্যাংশহারিণী, পিতামহীত্বেনাপরাংশ ভাগিনীচ†।

ব্যবস্থা ১৪৩ পৌত্রদের স্বয়ং বিভাগেই যে পিতামহী ভাগহারিণী এমত নহে কিন্তু পৌত্র ও মৃত পৌত্রের উত্তরাধিকারির মধ্যে বিভাগেও তিনি পৌত্র তুল্যাংশে অধিকারিণী‡।

১৪৩ ন কেবলং পৌত্রাণাং স্বয়ং বিভাগে পিতামহী অংশভাগিনী কিন্তু পৌত্রস্য মৃত পৌত্রদায়াদস্য চ মধ্যে বিভাগেঽপি পৌত্র তুল্যাংশাধিকারিণী‡।

ব্যবস্থা ১৪৪ যদি পৌত্রদের মধ্যে কেহ অথবা কোন মৃত পৌত্রের দায়াদ (নিজ) অংশ লয় তবে তখন পিতামহীও অংশ পাইতে অধিকারিণী।

১৪৪ যদ্যেকঃ পৌত্র একস্য মৃত পৌত্রস্য দায়াদো বা বিভক্তো ভবতি তদা পিতামহ্যপি পৌত্রতুল্যাংশাধিকারিণী।

---

* প্রগুক্ত যুক্তিতে কেহ কেহ কহেন এস্থলে পিতামহীপদে পিতার জননীমাত্র বুঝায়। অন্যে কহেন—বহুবচন হেতু এবং সকল পদ ব্যবহার হেতু পিতামহীর সপত্নীরা অংশ ভাগিনী। দা. ভা. টী. পৃ. ৮২।

* অত্র পিতামহীপদং পিতৃজননীমাত্র পরং প্রাগুক্ত যুক্তেরিতি কেচিৎ। অপরেতু বহুবচনাৎ সর্ব্বাইত্যুপদানাচ্চ সর্ব্বাসামেব পিতামহী সপত্নীনামংশিত্বমিতি প্রাহুঃ। দা. ভা. টী. পৃ. ৮২।

† ১৩৭ সংখ্যক ব্যবস্থা ও তৎপ্রমাণে ধৃত যে কিছু তাহা দ্রষ্টব্য।

‡ সুপ্রিম কোর্টের পণ্ডিতেরা কহেন,—কোন স্ত্রীলোকের পুত্র এবং প্রপৌত্রদের মধ্যে যদি বিভাগ হয় তবে ঐ স্ত্রীলোকের পুত্র তুল্যাংশ পাওয়া উচিত, এবং যদি পৌত্র ও প্রপৌত্রদের মধ্যে বিভাগ হয় তবে তাহার পৌত্র তুল্যাংশ পাওয়া উচিত। যদ্যপি ইহা শাস্ত্রে স্পষ্ট উক্ত হয় নাই তথাপি তাঁহারা বিবেচনা করেন যে শাস্ত্রের তাৎপর্য্যানুসারে এই মত ন্যায্য। কন্‌. হি. ল. পৃ. ৫২।

সুপ্রিম কোর্টের পণ্ডিতদিগকে এই প্রশ্ন জিজ্ঞাসা করাতে যে ইন্দু ফকীর ও গোবিন্দের মাতা বিদ্যমান থাকন কালে ইন্দুর পুত্রেরা ফকীরের পৌত্রেরা ও গোবিন্দের প্রপৌত্রেরা যদি বিভাগ করে ও তাহাতে যদি ইন্দু ফকীর ও গোবিন্দের মাতা ভাগাধিকারিণী হয়েন তবে তাঁহার ভাগ কি পরিমিত হইবে ঐ বিভাগ তাহার পৌত্র প্রপৌত্র ও বৃদ্ধ প্রপৌত্রের মধ্যে হইবে। পণ্ডিতেরা আমাকে কহিলেন যে হিন্দু ধর্ম্মশাস্ত্র এমত স্থলে কোন বিধান করেন নাই। আমি তাঁহারদিগকে স্মরণ করিয়া দিলাম যে শাস্ত্রে পৌত্রদের মধ্যে বিভাগে পিতামহীকে পৌত্রযোগ্যাংশ দান এবং পুত্র ও পৌত্রদের মধ্যে বিভাগে পুত্রতুল্যাংশ দান বিধান হইয়াছে। অনন্তর জিজ্ঞাসা করিলাম যে পৌত্রদের কিম্বা আরো দূর সন্ততিদের মধ্যে বিভাগে পৌত্রতুল্যাংশ দেওয়ান শাস্ত্র কিনা? এমত হওয়া যে ন্যায্য তাহা স্বীকার করিয়া তাঁহারা কহিলেন যে যদি এমত মকদ্দমা উপস্থিত হয় তবে আমরা বিবেচনা করি তাহা উক্তরূপে নিষ্পন্ন হইবে। এবং ঐ স্ত্রীলোকে পৌত্র তুল্যাংশ পাইবে। সর ফ্রান্সিস মেকনাটন সাহেবের বিবেচনা। পৃ. ৪২ ও ৪৩।

I. In this instance likewise the contemporary wives of the grandmother are not entitled to participate; they need only be maintained. For the reason above stated, the term grandmother refers exclusively to the natural parent of the father. This is the received opinion. But in truth, the word *'all'* being used in the text above quoted, and the word *'grandmothers'* being in the plural number, it is reasonable that the contemporary wives of the grandmother be also entitled to participate.* — Remarks

II. When the patrimony left by the paternal grandfather is divided, the allotment of a share to the wives of that ancestor is ordained. Modern lawyers hold, that shares must in that case be allotted even to those wives of the paternal grandfather who have no sons.* Coleb. Dig. vol. III. p. 24.

142 If the grandmother happen to be the heiress of a grandson deceased, she will, as such, inherit his share, and also on partition, she will, as grandmother, get her proportionate share.† — Vyavasthá

143 The grandmother is entitled to take a grandson's share, not only on partition between her grandsons themselves but also between her grandson and the heir or heirs of a grandson deceased.‡ — Vyavasthá

144 If any of the grandsons or the heir of a (deceased) grandson take his share from the rest, even then the grandmother is entitled to her share. — Vyavasthá

* Some say that the grandmother here signifies the father's natural mother, for the reasons before explained. But others infer from the use of the plural number, and the mention of 'all', that all the wives of the grandfather shall have shares. SRI'KRISHNA's commentary on the *Dáyabhága*, Sans. p. 82.

† See *Vyavasthá* No. 137 and whatever is quoted in illustration thereof.

‡ The Supreme Court Pandits say, 'if a son be one of the partitioning parties, with great grandsons, that she ought to take a son's share; and if a grandson be such a party, that she ought to take a grandson's share.' They think themselves justified in this opinion by the principles of law, although the law itself is not expressly declared. Cons. H. L. p. 52.

The following case was put by me to the Supreme Court Pandits: 'Supposing the mother of E, F, and G to be living, when the sons of E, the grandsons of F, and the great grandsons of G come to a partition—what share, if any, will the mother of E, F, and G take upon that partition?' It will be between her *grandsons*, her *great* grandsons, and *great great* grandsons. I was told that the Hindu law did not make any provision for such a case. I reminded them that the Hindu law gave a grandson's share to the grandmother upon a partition made among her grandsons—and a son's share upon a partition made among her sons and her grandsons. This they admitted to be the law. I asked them if it was not reasonable that she should take a grandson's share upon a partition made among her grandsons, and her more remote descendants. The reasonableness of the thing they acquiesced in, and said, if such a case arose, they supposed it would be so decided, and that she would get a grandson's share. Sir Francis Macnaghten's Considerations, pp. 42,43.

ব্যবস্থা। ১৪৫ স্থাবর ও অস্থাবর মধ্যে একরূপ ধন বিভক্ত হইলেও পিতামহী তাদৃশ ধনে নিজ অংশ পাইবেন।

১৪৫ যদোক্তঃ পৌত্রঃ পৌত্রদায়াদো বা স্থাবরাস্থাবরৈকতর ধনে স্বাংশমাদদীত তদা পিতামহ্যপি তাদৃশ ধনভাগিনী।

১৪৬ মাতার ন্যায় পিতামহীও শাস্ত্রীয় কারণ বিনা বিভাগে প্রাপ্ত ধন দানাদি করিতে পারেন না*।

১৪৬ মাতৃবৎ পিতামহ্যপি শাস্ত্রোক্তং কারণং বিনা বিভাগপ্রাপ্ত ধনস্য দানাদিকং কর্ত্তুংনার্হতি*।

"পিতা সমান ভাগ করিলে পত্নীদিগকে সমান ভাগ দিবেন"—এই যাজ্ঞবল্ক্যবচনে যথা স্বোপার্জ্জিত ধন বিভাগে পুত্রহীনা পত্নীদিগকে পুত্র তুল্যাংশ পিতার দাতব্য, তথা তৎসাংদৃষ্টিকন্যায়ে—

"যদি কুর্য্যাৎ সমানাংশান্ পত্ন্যঃ কার্য্যাঃসমাংশিকাঃ" ইতি যাজ্ঞবল্ক্য বচনাৎ—যথা পিত্রর্জ্জিত ধনবিভাগে পুত্রহীন পত্ন্যৈ পুত্রতুল্যাংশোদেয়ঃ তথা তৎসাংদৃষ্টিক ন্যায়েন—

১৪৭ পিতামহের অর্জ্জিত ধন বিভাগে পিতামহীকে তথা পিতার অর্জ্জিত ধন বিভাগে জননীকে অংশ দাতব্য†।

১৪৭ পিতামহার্জ্জিত ধনবিভাগে পিতামহ্যৈ পিত্রর্জ্জিত ধন বিভাগে জননৈ অংশোদাতব্যঃ†।

কারণ একস্থলে নির্ণীত শাস্ত্রার্থ বাধা না থাকিলে স্থানান্তরেও সেইরূপ (খাটে), এই ন্যায়ে এস্থলেও পিতামহের ও পিতার কেবল অর্জ্জিত ধন বিভাগে ক্রমে পিতামহীকে ও জননীকে ভাগদান ন্যায্য হয়।

একত্র নির্ণীতঃ শাস্ত্রার্থো বাধকং বিনা অন্যত্রাপি তথেতি ন্যায়াৎ—অত্রাপি কেবলং পিতামহার্জ্জিত পিত্রর্জ্জিত ধন বিভাগে ক্রমেণ পিতামহ্যৈ জনন্যৈ চ ভাগদানং যুক্তং।

বিবেচনা— "পিতামহের ধন পৌত্রকর্ত্তৃক বিভজ্যমান হইলে পিতামহীও পৌত্র তুল্যাংশভাগিনী" (দা. ক্র. সং. পৃ. ৪৮)। "পিতা বিভাগ করিলে অপুত্রা পত্নীদিগকে পুত্রতুল্যাংশ দিবেন; পুত্র বা পৌত্রগণের মধ্যে বিভাগ হইলে তাহারা জননী বা পিতামহীকে স্ব স্ব তুল্যাংশ দিবে" (বি. দা. ভা. দ্বী. র. ২।) বঙ্গদেশে প্রচলিত স্মৃতি গ্রন্থের মধ্যে এই পংক্তি কতিপয়েতে বিভাগে পিতামহীর অধিকার অধিক স্পষ্টরূপে উক্ত হইয়াছে, এবং ইহাতে ইহাও স্পষ্ট ও নির্ব্বিবাদ বোধ হইতেছে যে একক পুত্রের পুত্রগণকর্ত্তৃক বিভাগ হইলে পিতামহী পৌত্রতুল্যাংশভাগিনী। কিন্তু যখন ভিন্ন ভিন্ন পুত্রের বিষম সংখ্যক পুত্রেরা পৈতামহ ধন বিভাগ করে তখন তদবস্থায় পিতামহীর কি পরিমিত অংশ হইবে ইহা ঐ সকল গ্রন্থে নির্দ্দিষ্ট নাই—অর্থাৎ যে পৌত্র সর্ব্বাপেক্ষা অধিকতম পায় তাহার তুল্যাংশ পিতামহী পাইবেন অথবা যে ন্যূনতম পায় তাহার অংশ তুল্য পাইবেন ইহা নির্ণীত হয় নাই।—যথা এক পুত্র যদি এক পুত্র রাখিয়া, দ্বিতীয় দুই পুত্র রাখিয়া ও তৃতীয় নয় পুত্র রাখিয়া যায়, তবে এই পৌত্রেরা প্রথমে পিতৃসংখ্যানুসারে বিভাগ করিবে, অনন্তর উক্ত দুই সহোদরে স্বপিতৃযোগ্যাংশ দুই ভাগ করিয়া লইবে, এবং নয় সহোদরে নিজ পিতৃযোগ্যাংশ নয় ভাগ করিবে, এমত অবস্থায় পিতামহী একক পৌত্রের অংশ তুল্য ভাগ পাইবেন কি দুই সহোদরের একের ভাগ পরিমিত ভাগ লইবেন অথবা নয় সহোদরের মধ্যে কাহারো অংশ তুল্য ভাগ পাইবেন?—সর ফ্রান্সিস মেক্‌নাটন্ সাহেব কহেন—"যদি আনন্দের পুত্র—বৈকুণ্ঠ, চন্দ্র ও দয়াল বিভাগ না করিয়া মরে,

* দ্রষ্টব্য—পৃ. ৪৩৮ ও ৪৪৩।

† যে বিভাগে মাতা অংশাধিকারিণী তাহা পৈতৃক ধনের অথবা তদুপঘাতে অর্জ্জিত ধনের হওয়াচাই—এতাবতা যদি বৈকুণ্ঠ চন্দ্র ও দয়ালের পিতা আনন্দের উপার্জ্জিত ধন ঐ বৈকুণ্ঠ চন্দ্র ও দয়াল কর্ত্তৃক বিভক্ত হয় তবে তাহাদের মাতা (অর্থাৎ আনন্দের পত্নী) অংশ পাইবেন, তাহাদের পিতামহী পাইবেন না; এবং যদি ঐ ধন বৈকুণ্ঠ ও চন্দ্র ও দয়ালের স্বোপার্জ্জিত হয় তবে বিভাগে কি পিতামহী কি জননী কেহই অংশ পাইতে অধিকারিণী হইবেন না। কম্. হি. ল. পৃ. ৫৫।

145 Of the immovable and movable property, if only one kind be divided, the grandmother will get her share in the same. Vyavasthá

146 Like the mother, the grandmother is not, without a legal cause, competent to dispose of the property received on partition.* Vyavastha´

" If he (the father) make the allotments equal, his wives must be made partakers of like portions." According to this text of JA'GNYAVHLKYA as the father on making a partition of his *own* acquired property should give a share equal to that of a son to such of his wives as are destitute of sons, so by parity of reasoning—

147 The grandmother should have a share on partition of the *grandfather's acquired* property, and the mother should have a share on partition of the *father's acquired* property.† Vyavastha

According to the maxim "the sense of the law ascertained in one instance, is applicable in others also, provided there be no impediment"—it appears to be reasonable that on partition the grandmother or the mother should have a share only of the estate acquired by her own husband. Authority

" In like manner, in a partition about to be made of the grandfather's wealth by the grandsons, the grandmother must be made an equal sharer." (Da´. Kra. Sang. p. 103). "When partition is made by a father, he must give to such of his wives as have no male issue an equal share with his sons; and when partition is made among sons or grandsons, they must allot to their natural mother or grandmother an equal share with themselves." (Coleb. Dig. vol. III.p. 27)—These are the passages of two of the law tracts prevalent in Bengal that speak with perspicuity of the grandmother's right to a share on partition; and from these it also appears to be clear and unquestionable that when the grandfather's property is divided by the sons of his only son, the grandmother is entitled to a share equal to that of any of the grandsons. But when the gradfather's property is divided by such grandsons as are sons of several fathers and each set of brothers is unequal in number with the sons of each of their uncles, the books do not lay down what should in that case be the extent of the gandmother's share—is she to receive a share equal to that of that grandson who receives the largest or who receives the smallest portion? For instance, if one son left an only son, another two sons, and a third nine, they at first divide *per stirpes*, and then the set composed of two brothers subdivide their joint portion into two shares, and the set composed of nine subdivide their joint share into nine shares: in this case, is the grandmother to get a share equal to that of the single grandson, or that of one of the two, or that of one of the nine grandsons? Sir Francis Macnaghten says: "If B, C, D, the sons of A, shall have died before Remark

* See *Ante*, pp. 139 & 147.

† Partitions, to entitle the mother to a share, must be made of ancestorial property or of property aquired by means of ancestorial wealth. Therefore if the property have been acquired by A, the father of B, C, and D, and B, C, and D come to a partition of it, their mother (the widow of A,) shall, but their grandmother shall not, take a share; and if the estate shall have been *acquired* by B, C, and D. themselves, then neither the grandmother, nor the mother, will be entitled to a share upon partition of it. Cons. H. L. p. 54

174 If one of the co-heirs, without expenditure of the joint funds or unaided by the exertions of the other co-heirs, recover ancestral property usurped (before), such property is not divisible among them.* Vyavasthá

He who recovers (g) hereditary property, which had been usurped, shall not give it up to the co-parceners: nor what has been gained by science*. JA'GNYAVALKYA. Authority

(g) The word "recovers" being used in the singular number, it is meant that the recovery must be even without the corporal aid of another. SRI'KRISHNA's commentary on the *Da'yabhaga*, Sans. p. 120.

Thus the author, denying the right of unseparated co-heirs, in the property, because it has been recovered, although a trace of the former right exist, denies the remoter title of the rest to wealth originally gained by the man himself*.

The declaring of property common, merely because it was gained by an unseparated co-parcener, is not (therefore) grounded on authority

The rule must be understood in the instance of any such hereditary property, other than land, exactly as in the case of property not hereditary, but acquired by the man himself. (Dá. bhá. p. 135). Regarding land there is an especial rule. See *ante*, pp. 363 & 461.

This therefore is ascertained from the above and other texts:— What has been acquired by a separated or an unseparated parcener without adventure of the joint stock, and without the corporal aid of another, belongs exclusively to the acquirer, and is indivisible with the rest.*

There is only a distinction in regard to the gains of science, which is as follows:—

175 What is gained through any science not acquired from a member of the family, and without the use of the joint-stock,† is not liable to partition among the less learned and ignorant co-heirs, although divisible among the parceners of equal or superior learning. Vyavastha'

* See W. Da'Kra. Sang. pp. 78, 79, 71 & 72. Coleb. Da'. bha'. pp. 117 & 120. Coleb. Dig. vol, III. pp. 332—385.

† See *Vyavastha's* Nos. 166. 167 & 168 and the authorities relative there to.

৶৹ বিদ্বান্ বিদ্যার্জ্জিত কোন ধন অবিদ্বান্‌কে দিবে না। কিন্তু সমান আর অধিক বিদ্বান্‌কে ঐ ধন দিবে। কাত্যায়ন।

৶৹ না বিদ্যানান্তু বৈদ্যেন দেয়ং বিদ্যাধনং ক্বচিৎ। সমবিদ্যাধিকানান্তু দেয়ং বৈদ্যেন তদ্ধনং। কাত্যায়নঃ।

৶৹ বিদ্যাদ্বারা যে ধন উপার্জ্জিত তাহা কেবল তদর্জ্জকের, (জ) এবং মিত্র হইতে প্রাপ্ত, ও মাধুপার্কিক (ট) ধনও তত্তদর্জ্জকের। মনু।

৶৹ বিদ্যাধনন্তু যদ্‌যস্য তত্তস্যৈব (জ) ধনং ভবেৎ। মৈত্রমৌদ্বাহিকঞ্চৈব মাধুপর্কিকমেবচ (ট)। মনুঃ।

(জ) সে ধন কেবল তদর্জ্জকেরই—ইহা বলাতে ন্যূন বিদ্বান্ আর অবিদ্বান্‌কে নিরাশ করা হইয়াছে। দা. ভা. টী. পৃ. ১২৩।

(জ) তত্তস্যৈবেত্যেবকারাৎ—ন্যূনবিদ্যাবিদা ব্যবচ্ছেদঃ। দা. ভা. টী. পৃ. ১২৩।

(ট) মাধুপর্কিক—অর্থাৎ যাজনকার্য্যে লব্ধ। দা. ভা. টী. পৃ. ১২৩।

(ট) মাধুপর্কিকং—আর্ত্বিজ্যলব্ধং। দা. ভা. টী. পৃ. ১২৩।

মাধুপর্কিক—মধুপর্ককালে পূজ্যতা প্রযুক্ত লব্ধ।

মাধুমর্কিকং—মধুপর্ককালে পূজ্যতয়া লব্ধং। কুল্লূকভট্টঃ।

* অতএব বিদ্যাধন বিষয়ে ব্যবহৃত অবিভাজ্য পদ কেবল ন্যূন বিদ্বান আর অবিদ্বানের প্রতি খাটে, কেননা যে বিদ্যাধন অবিভাজ্য কথিত হইয়াছে তাহাও সমবিদ্বান্ আর অধিক বিদ্বানের সহিত বিভাজ্য।

তেন বিদ্যাধন বিষয়ে ব্যবহৃতাবিভাজ্য পদং কেবলং ন্যূন বিদ্যাবিদায়ৌ প্রতি প্রযুজ্যং—যদ্বিদ্যাধনমবিভাজ্যমুক্তং তস্যাপিসমবিদ্যাধিকবিদ্যৈঃসহ বিভাজ্যত্বাৎ।

বিদ্যার্জ্জিত ধনের বর্ণনা কাত্যায়ন করিয়াছেন, তদ্‌যথা—পণযুক্ত কোটি বিদ্যাতে উদ্ধার করিলে যাহা লব্ধ হয় তাহা বিদ্যার্জ্জিত ধনজ্ঞেয়, তাহা বিভাজ্য নয়। শিষ্য হইতে, যাজনদ্বারা, প্রশ্নের (উত্তরকরণ) দ্বারা, সন্দিগ্ধ প্রশ্নের নির্ণয়দ্বারা, নিজ জ্ঞান প্রকাশ দ্বারা, বাদ (বিষয়ে জয়) দ্বারা, ও উত্তমরূপ পাঠদ্বারা লব্ধ যাহা তাহাকে বিদ্যার্জ্জিত ধন কহিয়াছেন, তাহা বিভাজ্য নয়। শিল্পেতেও এই নিয়ম, মূল্য হইতে অধিক যাহা প্রাপ্ত হয়, এবং ক্রীড়া বিষয়ে পরকে বিদ্যাদ্বারা পরাজয় করিয়া যাহা লব্ধ হয় তাহা বিদ্যার্জ্জিত ধন জানিবে, তাহা বিভাজ্য নয়, ইহা বৃহস্পতি কহিয়াছেন। দা. ভা. পৃ. ১৩৯ ও ১৪০।

বিদ্যাধনমাহ কাত্যায়নঃ—উপন্যস্তে তু যল্লব্ধং বিদ্যয়াপণপূর্ব্বকং। বিদ্যাধনন্তু তদ্বিদ্যাৎ বিভাগে ন নিযোজয়েৎ। শিষ্যাদার্ত্বিজ্যতঃ প্রশ্নাৎ সন্দিগ্ধ প্রশ্ননির্ণয়াৎ। স্বজ্ঞান শংসনাৎ বাদাৎ লব্ধং প্রাধ্যয়নাচ্চ যৎ। বিদ্যাধনন্তু তৎপ্রাহুর্বিভাগে ন নিযুজ্যতে। শিল্পেম্বপি হি ধর্ম্মোঽয়ং মূল্যাদ্‌যচ্চাধিকং ভবেৎ। ‘পরং নিরস্য যল্লব্ধং বিদ্যয়া দ্যূত পূর্ব্বকং। বিদ্যাধনন্তু তদ্বিদ্যান্নবিভাজ্যং* বৃহস্পতিঃ। দা. ভা. পৃ. ১৩৯ ও ১৪০।

* কোটিউদ্ধার—অর্থাৎ কেহ এমত পণ করিলে যে যদি উত্তমরূপে কোটিউদ্ধার করিতে পারেন, তবে আপনাকে এত দিব, সেই কোটি উদ্ধার করাতে যাহা লাভ হয় তাহা বিভাজ্য নয়। শিষ্য হইতে—অর্থাৎ অধ্যাপিত হইতে যাহা প্রাপ্ত; অথবা তান্ত্রিক মন্ত্রাধ্যেতা শিষ্য স্বদেব পূজানিমিত্ত যাহাদেয় কিম্বা বেদপাঠার্থ আগত শিষ্য গুরু পূজা নিমিত্তে যাহাদেয়। যাজনদ্বারা—অর্থাৎ যজমান হইতে দক্ষিণাদিরূপে যাহা লব্ধ হয়;—দক্ষিণা প্রতিগ্রহ নয়, কেননা তাহা বেতনস্বরূপ; এবং

* উপন্যস্তে—অর্থাৎ যদি ভবান্ ভদ্রকমুপন্যস্যতি তদাভবতে ময়া এতাবদ্দেয়মিতি পণিতং ভদ্রোপন্যাসংনিস্তীর্য যল্লব্ধং তন্ন বিভাজ্যং। শিষ্যাৎ—অধ্যাপিতাৎ যৎপ্রাপ্তং অথবা শিষ্যোঽয়ং তান্ত্রিক মন্ত্রাধ্যেতা স্বদেবপূজাদ্যর্থং যদ্দদাতি যদ্বা বেদপাঠার্থমাগতঃ শিষ্যো গুরুপূজাদ্রব্যং যদ্দদাতি। আর্ত্বিজ্যতঃ—যজমানাৎ দক্ষিণাদিনা যল্লব্ধং,—দক্ষিণাচ ন প্রতিগ্রহো, বেতনরূপত্বাৎ তস্যাঃ, এবং যাজন সময়ে দেবপূজার্থং দ্রব্যং ঋত্বিক্ পূজাদ্রব্যং বা। প্রশ্নাৎ—যৎ-

I No part of the property, which is gained by science, need be given by a learned man to his unlearned co-heir: but such property should be yielded by him to those who are equal or superior in sicence. KA'TYA'YANA.

Authority

II The gains of science do, however, belong exclusively (g) to him who acquired the same, and so does any thing given by a friend, received on account of marriage, and what is obtained as *ma'dhuparkika* (j). MANU.

Authority

(g) By the use of the term *'exclusively'* an illiterate person and one of inferior learning are excepted. SRI'KRISHNA's commentary on the *Da'yabha'ga.* Sans. p. 123.

Hence the term *'impartible'* as used in the present instance affects only an illiterate co-heir and one of inferior learing; inasmuch as the gains of science which are declared impartible are in fact divisible among the brothers of equal or superior learning.

(j) *'Ma'dhuparkika'*] Obtained by officiating as a priest. SRI'KRISHNA's commentary on the *Da'yabha'ga.* Sans. p. 123.

As a mark of respect at the time of giving a *madhuparka.* KULLU'KA.

The gains of science are explained by KA'TYA'YANA, thus: "what is gained by the solution (of a difficulty,) after a prize has been offered, must be considered as acquired through science, and is not included in partition (among co-heirs). What has been obtained from a pupil, or by officiating as a priest, or for (answering) a question, or for determining a doubtful point, or through display of knowledge, or by (success in) disputation, or for superior (skill in) reading (*the Vedas,*) the sages have declared to be the gains of science, and not subject to distribution. The same rule likewise prevails in the arts; for the excess above the price (of the common goods), and what is gained through skill by winning from another a stake at play, must be considered as acquired by science, and not liable to partition: so VRIHASPATI has ordained*."

* '*By the solution (of a difficulty*')—As where one agrees with another, 'If you solve this well, I will give you so much money': after such an offer, if one solve the difficulty and obtain the prize, it is not subject to distribution. '*From a pupil*'—that is, what is received from one to whom instruction has been afforded; or what the pupil, studying the texts of *Tantras,* gives for the worship of the gods, or similar purposes; or what a student, coming to read the *Vedas,* gives as a mark of respect to his preceptor. '*By officiating as priest*'—that is, what is received as a fee or gratuity from a person employing him to officiate at a sacrifice: these are fees, not presents; for they are similar to wages or hire; or what is given during sacrifice as a pious oblation to the gods, or as a mark of respect for the officiating priest. '*For (answering) a question*'—that is, a question relative to science being solved, if any one, through satisfaction, give any thing which had not been previously offered. '*For determining a doubtful point*'—that is, for determination on a question, proposed with a view to the removal of doubt, and in this

কাত্যায়ন আরো কহেন—পরকর্ত্তৃক প্রতিপালন হওনাবস্থায় অন্য হইতে শিক্ষিত যে বিদ্যা তদ্দ্বারা উপার্জ্জিত যে ধন তাহা বিদ্যাদ্বারা লব্ধ কথিত হয়*।

পুনঃ কাত্যায়নঃ—পরভক্তোপযোগেন বিদ্যা প্রাপ্তান্যতস্তু যা। তয়ালব্ধং ধনং যত্তু বিদ্যালব্ধং তদুচ্যতে*।

## ভিন্ন ভিন্ন আদালতে দত্ত ও গ্রাহ্য হওয়া, এবং সর্ উইলিয়ম্ মেকনাটন সাহেবের পরীক্ষিত ও মনোনীত ব্যবস্থা।

প্র.। পাঁচ ভ্রাতা ছিল, তন্মধ্যে এক জন পিতৃ মরণোত্তর একখানি নিষ্কর গ্রাম আপন নামে ও অন্য এক ভ্রাতার নামে হাসিল করে, এবং উপর্য্যুক্ত চারি ভ্রাতাকে আর এক পত্নীকে রাখিয়া কাল প্রাপ্ত হয়। এই গ্রামে সকল ভ্রাতার অধিকার, অথবা যে২ ভ্রাতার নামে দলীল লিখা গিয়াছে তাহাদেরই অধিকার?

শুদ্ধ নিজ ধনে ও শ্রমে উপার্জ্জিত ধন ভ্রাতাদের মধ্যে বিভাজ্য নয়।

উ.। পৈতৃক বিষয়ের উপঘাত বিনা কোন শারিকে স্থাবর অস্থাবর বিষয় উপার্জ্জন করিলে তাদৃশ উপার্জ্জিত বিষয়ে তাহারই কেবল অধিকার, তাহা দাওয়া করিতে তদ্‌-ভ্রাতাদের কোন অধিকার নাই। যদি তাহারা সাধারণে শ্রম করিয়া ও ধন দিয়া থাকে তবে উপার্জ্জিত ঐ বিষয় ভ্রাতাদের মধ্যে সমানরূপে বিভক্ত হইবে, যথা মনু ও যাজ্ঞবল্ক্য কহিয়াছেন—" পৈতৃক দ্রব্যের উপঘাত বিনা কোন ব্যক্তি আপন ক্ষমতায় যাহা উপার্জ্জন করে, তাহা সে সমদায়াদদিগকে দিবে না, এবং বিদ্যাদ্বারা যাহা উপার্জ্জিত হয় তাহাও দিবে না "। " পৈতৃক ধন ক্ষয় বিনা কোন সমদায়াদ যাহা স্বয়ং উপার্জ্জন করে, যথা বন্ধু হইতে প্রাপ্ত উপঢৌকন, অথবা বিবাহে প্রাপ্ত দান, তাহার সহিত সমদায়াদের সংশ্রব নাই "। মেক্. হি. ল. বা. ২. চ্যা. ৫. মকোদ্দমা ১৬. (পৃ. ১৬১ ও ১৬২)।

---

যাজন সময়ে দেবপূজার্থে অথবা পুরোহিত পূজার্থে দত্ত দ্রব্য। প্রশ্নের (উত্তরকরণ) দ্বারা—অর্থাৎ বিদ্যাবিষয়ক কৃত কোন প্রশ্নের সদুত্তর করিলে পণ বিনাও পরিতোষ হেতু যে যৎকিঞ্চিৎ দত্ত হয়। সন্দিগ্ধ প্রশ্নের নির্ণয়দ্বারা—সন্দিগ্ধ বিষয়ের নির্ণয়ার্থে প্রশ্নকৃত হইলে তন্নির্ণয়করণ দ্বারা, যথা যে এই শাস্ত্রার্থে আমার সংশয় দূর করিবে তাহাকে এই সুবর্ণাদিদিব এইরূপ উপস্থিত সংশয় দূরকরণ দ্বারা যাহা লব্ধ হয়, অথবা বিবাদ নিষ্পত্যর্থে আগত দুই বাদির সম্যক্ সিদ্ধান্ত দ্বারা যে ষষ্ঠাংশাদি লাভ হয়। নিজজ্ঞান প্রকাশ দ্বারা—অর্থাৎ শাস্ত্রাদিতে নিজ প্রকৃষ্ট জ্ঞান প্রকাশ দ্বারা যাহা লব্ধ হয়। বাদ (বিষয়ে জয়) দ্বারা—অর্থাৎ দুই জনের শাস্ত্র জ্ঞান বিবাদে অথবা জ্ঞান বিষয়ে অন্য যে কোন পরস্পর বিবাদে জয়ী হইলে যাহা লব্ধ হয়। তথা দাতব্য এক বস্তুর অনেকে প্রার্থক হইলে উত্তম পাঠ জন্য যাহা লব্ধ হয়। শিল্প বিদ্যাদ্বারা—অর্থাৎ চিত্রকর স্বর্ণকারাদি কর্ত্তৃক যাহা লব্ধ। মূল্য হইতে অধিক যাহা প্রাপ্তি হয়—অর্থাৎ সাধারণ সুবর্ণাদি আনিয়া কুণ্ডলাদি নির্ম্মাণে স্বর্ণাদির মূল্য হইতে শিল্পগুণে অধিক যাহা লাভ হয়, অপিচ দ্যূত ক্রীড়ায় অন্যকে হারাইলে যাহা লাভ হয়, সেই সমস্ত বিদ্যার্জ্জিত ধন, তাহা অন্যের সহিত বিভাজ্য নয়। দা. ভা. পৃ. ১৪০। দা. ক্র, সং, পৃ, ৭৪। দা, ভা, টী, ১৪০। বি, দা, ভা, দী, র, ৫।

কিঞ্চিৎ বিদ্যায়াং প্রশ্নে নিস্তীর্ণে অপণিতমপি যদি কশ্চিৎ পরিতোষাদ্দদাতি। সন্দিগ্ধ প্রশ্ননির্ণয়াৎ—সন্দিগ্ধার্থে নিশ্চয়ার্থং প্রশ্নেকৃতে তন্নির্ণয় জননাৎ—যোহস্মিন্ শাস্ত্রে মমসংশয়মপনয়তি তস্মৈ সুবর্ণাদিকমিদং দদামীত্যুপস্থিস্য সংশয়মপনীয় যল্লব্ধং, বাদিনোর্ব্বা সন্দেহ ন্যায়করণার্থমাগতয়োঃ সম্যঙ্ নিরূপণেন যল্লব্ধং ষষ্ঠাংশাদিকং। স্বজ্ঞান সংশনাৎ—শাস্ত্রাদিষু প্রকৃষ্ট জ্ঞানং প্রকাশ্য প্রতি গ্রহাদিনা যল্লব্ধং। বাদাৎ—দ্বয়োঃ শাস্ত্রজ্ঞান বিবাদে অন্যত্রাপি যত্র কুত্রচিদন্যোন্য জ্ঞানবিবাদে নির্জ্জিত্য যল্লব্ধং, তথৈকস্মিন্ দেয়ে (বস্তুনি) বহূনামুপস্থাপে যেনপ্রকৃষ্টমধীত্য যল্লব্ধং। শিল্পবিদ্যয়া—চিত্রকর সুবর্ণকারাদিভির্যল্লব্ধং। মূল্যাৎ যচ্চাধিকং ভবেৎ—অর্থাৎ সাধারণ স্বর্ণাদিকমাদায় কুণ্ডলাদিকং নির্ম্মায় স্বর্ণাদি মূল্যাৎ শিল্পগুণেন যদধিকং মূল্যং লব্ধং; দ্যূতেনাপি পরং নির্জ্জিত্য যল্লব্ধং, তৎসর্ব্বং বিদ্যাধনং অবিভাজ্যমিতরৈঃ সহেতি। দা. ভা. পৃ. ১৪০। দা. ক্র. সং. পৃ. ৭৪। দা. ভা. টী. পৃ. ১৪০। বি. দা. ভা. দী, র. ৫।

* পরন্তু জীমূতবাহনাদির মতে পরকর্ত্তৃক প্রতিপালিত হওয়া বিদ্যার্জ্জিত ধনের অবিভাজ্যতার প্রতি আবশ্যক নিয়ম নয়, যেহেতু ভক্ষণাদির নিমিত্তে সাধারণ ধনের যে ভোগ তাহা ধনার্জ্জনার্থ উপঘাত নয়।

* পরন্তু জীমূতবাহনাদীনাং মতে বিদ্যাধনস্যাবিভাজ্যত্বে পরভক্তোপযোগস্যাবশ্যকতাভাবঃ ভক্ষণাদ্যর্থং সাধারণ ধনভোগস্য ধনার্জ্জনার্থমুপঘাতত্বাভাবাৎ।

KA'TYA'YANA further says: "Weatlh gained through science, which was acquired from a stranger, while receiving a foreign maintenance, is termed acquisition through learning."*

*Legal opinions delivered in, and admitted by, the several courts of judicature, and examined and approved by Sir William Macnaghten.*

Q. There were five brothers, one of whom, subsequently to the father's death, obtained a rent-free *Mouza* in his own name and in the name of one of his brothers, and died, leaving the four brothers above alluded to and a widow. Does the *Mouza* in question belong to all the brothers, or only to those in whose names the grant of it was drawn out?

The aquisition of a man made by own his means alone is not divisible among his brothers

R. Whenever property, movable or immovable, may have been gained by a co-parcener without detriment to the paternal estate, such acquisition becomes his sole property, and the other brothers have no right to claim it. Should there have been joint labour and joint funds used, the acquisition must be equally divided among the brothers, as declared by MANU and JA'GNYAVALKYA: "What a man gains by his own ability, without relying on the patrimony, he shall not give up to the co-heirs, nor that which is acquired by learning." "Whatever else is acquired by the co-parcener himself, without detriment to the father's estate, as a present from a friend, or a gift at nuptials, does not appertain to the co-heirs." Macn. H. L. vol. II. Ch. 2. Case 16 (pp. 161, 162).

form: 'I will give this gold or other consideration to him who dispels my doubts on this point of the *sha'stra*; or a fee such as the sixth part or the like received for a correct decision between two litigant parties who apply for the determination of a dubious and contested point. '*Through display of knowledge*'—[illegible]eived in a present or the like for luminously displaying his knowledge in the sacred [illegible]orth. '*By (success in) disputation*'—that is, what is gained by surpassing the opponent in a contest between two persons respecting their knowledge of sacred ordinances, or in any other controversy whatsoever concerning their respective attainments. '*For superior* [illegible] what is recieved for reading in a superior manner where a single article is to be given, and there are many competitors. '*In arts*'—that is, what is gained by painters, goldsmiths, and other artists, through skill in the arts and so forth, '*For the excess above the price*,'—that is, what is gained by getting common gold &c. and making earrings, &c. above the value of the gold &c. by the exercise of art. And also what is won by beating another at play: all these are gains of science, and indivisible with the rest. *Vide* Coleb. Dá. bha'. pp. 127-129. W. Da'. Kra. Sang. pp. 173—176. Coleb. Dig. Vol. III. pp. 336.—339. SRI'KRISHNA's commentary on the *Da'yabha'ga*, Sans. pp. 140,141.

*. According to JI'MU'TAVA'HANA and the rest, the circumstance of receiving foreign maintenance while tought by a stranger is not however a requisite condition for the wealth gained through science being indisivible, inasmuch as an expenditure for food and so forth is not considered as being designed or used for the acquisition of wealth. See *ante* p. 467.

প্র.। এক ব্যক্তি বৈমাত্র ভ্রাতার সহিত অবিভক্তরূপে একত্র বাস করতঃ অবিভক্তাবস্থায় দেশান্তরে গেল, এবং সেখানে বিষয় কর্ম্ম করিয়া কিছু ভূমি ক্রয় করিল। এমতে ঐ বৈমাত্রেয় ভ্রাতা বিষয় উপার্জ্জন কালে অর্জ্জকের সহিত কেবল অবিভক্ত থাকা হেতু ঐ বিষয়ের কোন অংশে অধিকারী হইবে কি না; যদি হয়, তবে তাহাদের মধ্যে কিরূপে বিষয় বিভাগ হইবে?

কোন ব্যক্তি অবিভক্ত ভ্রাতার স্বোপার্জ্জিত ধনের ভাগী নয়।

উ.। উপরিউক্ত অবস্থায় দায়ভাগাদি গ্রন্থে লিখিত মতানুসারে বিষয় উপার্জ্জন কালে উপার্জ্জকের সহিত অবিভক্ত থাকন কারণে ঐ বিষয়ের ভাগ লইতে বৈমাত্রেয় ভ্রাতার কোন অধিকার নাই। ১৭ এপ্রেল ১৮১৫ সাল। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৫. মকদ্দমা ১৫. (পৃ. ১৬১)।

প্র.। দুই জন হিন্দু একান্নভুক্ত থাকিয়া এজমালিতে তালুকের উপস্বত্বভোগ করিতেছিল। তন্মধ্যে এক জন ধার করা টাকা দিয়া কিছু ভূমি ক্রয় করিল। এমত অবস্থায় উক্তরূপে ক্রীত ভূমির অংশ পাইতে অন্য ব্যক্তি অধিকারী কি না?

এক শরীকে যদি ধার করা টাকা দিয়া ভূমি ক্রয় করিয়া থাকে তবে অন্য শরিকে তদ্ব্যাপারে অসংসৃষ্ট থাকিলে তাহা দাওয়া করিতে পারে না।

উ.। এই মকদ্দমাতে এমত দৃষ্ট হইতেছে যে উপরিউক্ত ব্যক্তিদের মধ্যে এক জন নিজ সমদায়াদের সহিত পৈতৃক স্থাবর বিষয় এজমালিতে দখল এবং একান্নভুক্ত রূপে বাস করণাবস্থায় ধার করা টাকা দিয়া কিছু ভূমি ক্রয় করিয়াছিল। কিন্তু স্পষ্ট রূপে এমত লিখিত হয় নাই যে উক্ত শরিকের সম্মতি পূর্ব্বক অথবা বিনা সম্মতিতে ঐ টাকা ধার করিয়া বিষয় ক্রয় করা হয়। উক্ত অন্য শরিকের সম্মতিতে যদি ঐ কর্ম্ম করা হইয়া থাকে তবে সে ভাগ পাইতে অধিকারী, কিন্তু সে অংশমত ঋণ পরিশোধ করিবে; পরন্তু উক্ত ব্যাপারে যদি সে সংসৃষ্ট না রহিয়া থাকে তবে যে ব্যক্তি ঐ বিষয় ক্রয় করিয়াছে সেই কেবল তাহাতে অধিকারী, এবং তাহাকেই কেবল ঐ ঋণ শোধ দিতে হইবে। শহর ঢাকা, ২১ জুন ১৮১০ সাল। মেক্. হি. ল. বা. ২. চ্যা. ৫, মকদ্দমা ৬ (পৃ. ১৫১)

প্র. ১। রেস্পণ্ডেন্টের পিতামহ জমিদারি ক্রয় ও গৃহ নির্ম্মাণ করণ-কালীন আপিলান্টদের পিতা তাহার সহিত কেবল একান্নভুক্ত ছিল, ঐ ব্যয়ের কোন অংশ দেয় নাই, এবং পৈতৃক সাধারণ ধনও ছিল না, এমতে কেবল একান্নভুক্ত থাকা কারণে শাস্ত্রমতে ঐ বিষয়ের ও বাটীর কোন অংশে আপিলান্টদের কোন দাওয়া ছিল কি না?

কোন ব্যক্তি অসাধারণ রূপে বিষয় উপার্জ্জন করিলে তদ্ভ্রাতা একান্নভুক্ত থাকিলেও তাহার ভাগী নয়। এবং এক ব্যক্তি সাধারণ ভূমির উপর বাটী নির্ম্মাণ করিলে তাহাতে অন্যের ভাগ নাই, কেবল স্থানান্তরে তৎপরিমিত ভূমি দাওয়া করিতে পারে।

উ. ১। রেস্পণ্ডেন্টের পিতামহ যদি পৈতামহ বা পৈতৃক ধনের কোন সাহায্য বিনা নিজ স্বতন্ত্র শ্রমার্জ্জিতধনের উপস্বত্ব দিয়া একাকী ঐ জমীদারি ক্রয় করিয়া থাকে তবে তাদৃশ জমিদারী তাহারই স্বকীয় বিষয় তাহার অংশ লইতে অন্যকে অধিকার নাই। আর যদি সে আপনার নিজ নামে ব্রহ্মোত্তর ভূমির সনদ্ হাসিল করিয়া থাকে (এবং দৃষ্টও হইতেছে যে সে করিয়াছে) তবে অন্য ব্যক্তি তাহার ভাগ লইতে পারেনা। অপিচ সে যদি আপন স্বতন্ত্র ধনের দ্বারা পৈতামহ ভূমির উপর পাকা বাটী নির্ম্মাণ করিয়া থাকে তবে তদবস্থাতেও ঐ বাটী এমত বিষয় হইবে না যাহার দাবী সমদায়দেরা করিতে পারিবে; ভূমির শরিকদের স্ব২ অংশ পরিমাণে কেবল তদ্রূপ অন্য ভূমি পাইতে তাহার উপর দাওয়া থাকিবে। এই রীতি, অর্থাৎ অলিখিত শাস্ত্র এই, কেবল একান্নভুক্ত থাকিলেই বিষয় ভাগি হয় না।

প্র. ২। যদি উক্ত ব্যক্তিদের দাওয়াই থাকে, তবে তৎপ্রত্যেকের অংশের পরিমাণ কি? এবং রেস্পণ্ডেন্টের পিতামহ ও পিতা ৩৮ বৎসর পর্য্যন্ত দখলিকার থাকার পর পৃথক্ অংশ পাইতে আপিলান্টদিগের দাওয়া গ্রাহ্য কি না?

উ. ২। আপিলান্টরা যদি আদৌ অংশে অধিকারি হইয়া থাকে, তবে তাহারা ঐ অংশ আটত্রিশ বৎসর পরে অথবা অধস্তম চারি-পুরুষ পর্য্যন্ত যে কোন কালে লইতে পারে।

Q. A person, living with his half-brother as a joint and undivided family, without having come to a separation, proceeded to a foreign country, where he held an official situation, and purchased some landed property. In this case, is the half-brother, from the circumstance of his living in copartnership with the acquirer while the acquisition was made, entitled to any portion of the estate; if so, how will the property be shared between them?

A man has no title to share in acquisitions exclusively made by his unseparated brother.

R. Under the circumstances above stated, according to the doctrine contained in the *Dáyabhága* and other law books, the brother of the half blood has no title to participate in the property, from the circumstance of his continuing with the acquirer as a joint and undivided family when the acquisition was made. April 17th, 1815. Macn. H. L. vol. II. Ch. 5. Case 15 (p. 161.)

Q. Two Hindus were living undivided in respect of food, and in joint enjoyment of the produce of their ancestral *talook*. One of them, by means of borrowed money, purchased some lands. In this case, is the other individual entitled to participate in the lands so purchased?

Land purchased by one co-parcener with borrowed money, can not be claimed by another who was not joining in the transaction.

R. It appears in this case, that one of the individuals above alluded to, while he and his co-parcener were living in the joint possession of their patrimonial real property, and jointly in respect of food, purchased some land with borrowed money; but it is not distinctly stated whether the debt was contracted, and the purchase was made, with or without the consent of the co-parcener. Supposing the transaction to have happened with the consent of the other partner, then he is entitled to participate, and must pay the debt proportionally; but, on the other hand, if he was no party to the transaction, the purchaser has an exclusive right to the property, and he is alone bound to liquidate the debt. City Dacca. June 21st, 1810. Macn. H. L. vol. II. Ch. 5. Case 6. (pp. 151).

Q. 1. Whether, by reason of the father of the appellants having messed jointly with the grandfather of the respondent, at the time he purchased the *Zemindaree* and built the house, but without paying any part of the cost, and without there being any joint hereditary funds, the appellants had any claim in law to share in the estate or house?

Property exclusively acquired by one man is not to be shared by his brethren, though messing with him.

R. 1. If the grandfather of the respondent purchased the *Zemindaree* singly, with the produce of his separate industry, and without any aid from funds ancestral or paternal, such *Zemindaree* is property exclusively his, in which no other can have a right to participate. And if he obtained a *brohmottur sunud* for land in his own name, (which it appears he did,) no one else can participate in it. And supposing him to have built a brick house on ancestral land, with separate funds of his own, even in that case such house would not be property in which shares might be claimed by any co-parcener he might have: co-parceners in the land would only have a claim on him for other similar land, equal to their respective shares. Such is the custom, or unwritten law. From the mere circumstance of messing conjointly, co-partnership in property does not follow.

Q. 2. Supposing them to have a claim, what would be the share of each? and whether after the lapse of thirty eight years, during which the respondent's grandfather and father had been in possession, a claim on the part of the appellants, for separate shares, was maintainable?

R. 2. Had the appellants been originally entitled to shares, they could have taken them after thirty eight years, or after any length of time as far as the fourth in descent.

প্রমাণ।

দায়ভাগ-ধৃত মনুর ও বিষ্ণুর বচন—"কোন ভ্রাতা পিতৃধনের উপঘাত বিনা যাহা আপনি শ্রমে উপার্জ্জন করিয়াছে তাহা স্বেচ্ছা বিনা দেওয়ার আবশ্যক নাই, যেহেতু তাহা তাহার নিজ চেষ্টায় উপার্জ্জিত"।

শংখ ও লিখিত।—"কোন পুত্র আপনার নিমিত্তে যে বাটী বা বাগান প্রস্তুত করে তাহা এবং জলপাত্র, অলঙ্কার, ভোজনাদির পাত্র, অবরুদ্ধা, বস্ত্র, জলাশয়ের বা কূপের জল, পশুচরণ স্থান ও পথ বিভাজ্য নহে; প্রজাপতি এইরূপ কহিয়াছেন"। দেবল—"অবিভক্ত দায়াদদিগের মধ্যে বিভাগ এবং বিভাগান্তে সংসৃষ্ট ব্যক্তিদের মধ্যে পুনর্ব্বিভাগ অধস্তন চারি-পুরুষ পর্য্যন্ত হইতে পারে; এই ব্যবস্থা"।

সদরদেওয়ানী আদালত। ৪ সেপ্টেম্বর ১৮০১ সাল। খুদিরাম শর্ম্মা ও উদ্ধবানন্দ শর্ম্মা—বনাম—ত্রিলোচন। মেক, হি, ল, বা, ২, চ্যা, ৫, মকদ্দমা ৭ (পৃ, ১৫১—১৫৩)॥

প্র.। দুই ভ্রাতায় নিজ পিতার জীবন-কালে এবং আপনারা এক পরিবার রূপে একত্র বাস করণ কালে আপন২ স্বতন্ত্র ধনে কিছু ভূমি ক্রয় করিয়া তাহা পৃথক্ রূপে দখলে রাখে; পিতার মরণে তাহার বিষয় দুই পুত্রে সমান ভাগ করিয়া লয়। তন্মধ্যে এক ভ্রাতা (যে এক্ষণে মৃত হইয়াছে) আপন পত্নীর ধন দিয়া পিতার জীবন কালীন এবং আপনারা একত্র বাস করণ কালীন যে বিষয় নিজ পুত্রের নামে ক্রয় করিয়াছিল তাহাই (এক্ষণে) বিবাদাস্পদ। এমত অবস্থায়, মৃত ব্যক্তি কর্ত্তৃক এরূপে ক্রীত বিষয়ের কোন অংশ দাওয়া করিতে জীবিত ভ্রাতার অধিকার আছে কি না?

কোন ভ্রাতা নিজ ধনে ও শ্রমে বিষয় করিলে অন্য ভ্রাতা অবিভক্ত থাকিলেও তাহাতে অধিকারী নয়।

উ.। উপরিউক্ত অবস্থায়, এমত বোধ হইতেছে না যে বিরোধীয় বিষয় পিতার অথবা জীবিত ভ্রাতার ধনে ও শ্রমে উপার্জ্জিত হইয়াছে; অতএব ঐ ভ্রাতা অর্জ্জকের সহিত একত্র থাকিলেও তদুপার্জ্জিত বিষয়ের সহিত তাহার কোন সম্পর্ক নাই।

প্রমাণ—

দায়ভাগে ও মিতাক্ষরাতে ধৃত নিম্ন লিখিত বচন—"পৈতৃক ধন ব্যবহার বিনা কোন ভ্রাতা নিজ পরিশ্রমে যে কিছু উপার্জ্জন করিয়া থাকে তাহা সমদায়াদদিগকে দিবার আবশ্যক নাই, এবং বিদ্যাদ্বারা যাহা উপার্জ্জিত হইয়াছে তাহাও দিবার আবশ্যক নাই॥ পৈতৃক দ্রব্যের ক্ষয় বিনা কোন দায়াদ যে কিছু উপার্জ্জন করিয়া থাকে—যথা বন্ধু হইতে প্রাপ্ত উপঢৌকন অথবা বিবাহে প্রাপ্ত দান—তাহার সহিত দায়াদের সংশ্রব নাই"।

ঢাকা কোর্ট আপিল, ১৮ জানুয়ারি ১৮২০ সাল। মেক্. হি. ল. বা. ২. চ্যা. ৫. মকদ্দমা ১০. (পৃ ১৫৬)।

প্র.। এক বালক অন্নপ্রাশন-কালে কিছু অলঙ্কার ও আর২ দ্রব্য যৌতক* পায়, তাহার মাতা ঐ সকল বিক্রয় করিয়া সেই টাকা দিয়া তাহার নামে এক স্থাবর বিষয় ক্রয় করে, এমত অবস্থায় তাহার সহোদর ভ্রাতা ঐ বিষয়ে তাহার সহিত ভাগী হইতে অধিকারী কি না?

কোন বালকের যৌতুক ধনে ক্রীত ভূমি বিভাজ্য নয়।

উ.। যে কোন বস্তু তাহা অলঙ্কার বা অন্য পদার্থ হউক কোন বালককে যদি যৌতক রূপে দত্ত হয় অর্থাৎ তাহার কোন সংস্কার কালে তাহাকে দেওয়া যায়, তাদৃশ দান নিতান্তই তাহার অসাধারণ সম্পত্তি, অতএব তাহার ধন দিয়া তাহার মাতা যে বিষয় ক্রয় করিয়াছেন তাহাতে তৎসহোদর ভ্রাতার কোন অধিকার নাই। জিলা মেদিনীপুর, ২৫ নবেম্বর ১৮১৭ সাল। মেক্. হি. ল. বা. ২. চ্যা. ৫, মকদ্দমা ৩, (পৃ ১৫৯—১৬০)।

---

* বিবাহ কালে প্রাপ্ত যাহা তাহার নাম যৌতক। মিশ্রণ বোধক যু-ধাতুতে প্রত্যয় যোগে—বর ও কন্যাদ্বের মিলন বোধক—যৌতক পদ নিষ্পন্ন; তৎকালে যাহা প্রাপ্তি হয় তাহার নাম যৌতক; কিন্তু প্রত্যেক সংস্কার কালে যাহা দত্ত হয় তাহা বুঝাইতে সচরাচর যৌতক পদ ব্যবহৃত হইয়া থাকে।

*Authorities.*—The text of MANU and VISHNU, *laid down* in the *Da'yabha'ga*: "What a brother has acquired by his labour, without using the patrimony, he need not give up without his assent; for it was gained by his own exertion."

SANKHA and LIKHITA:—"There is no division of a house or garden made by one son for himself; nor of water-pots, ornaments, utensils for food, and the like, nor of concubines or clothes, nor of water in pools or wells, nor of pasture grounds and roads: so said the lord of created beings."

DEVALA:— "Partition of heritage among undivided parceners, and a second partition among divided relatives living together after re-union, shall extend to the fourth in descent: this is a settled rule."

Sudder Dewanny Adawlat. September 4th 1801. Khudira'm Sarmá and Uchchhabánanda Sarmá *v.* Tirlochan. Macn. H. L. (vol. II.) Ch. 5, Case 7 (pp. 151—153).

Q. There were two brothers who during the life-time of their father, and while they were living together as an united family, purchased some landed property with their respective separate funds, and retained their respective acquisitions severally, not jointly. On the death of the father, his property was shared equally by his two sons. The property in dispute is that which one of the brothers, since deceased, purchased in the name of his son with his wife's money, while his father was alive, and while they were living in a state of union. In this case, is the surviving brother entitled to claim any share of the property so purchased by the deceased?

One brother, though of an united family, has no claim to the property of another, if acquired with separate funds and labour.

R. Under the circumstances above stated, it does not appear that the property in question was acquired either with the funds or labour of the father or of the surviving brother; consequently the brother, though living in a state of union with the acquirer, has no concern with his acquisition.

*Authorities.*—

The following texts are laid down in the *Da'yabhag'a* and *Mita'kshara'*: "What a brother has acquired by his labour without using the patrimony, he need not give up to the co-heirs; nor what has been gained by science."

"Whatever else is acquired by the co-parcener himself, without detriment to the father's estate, as a present from a friend, or a gift at nuptials, does not appertain to the co-heir." Dacca Court of Appeal. January 18th. 1820. Macn. H. L. vol. II. Ch. 5, Case 10 (p. 156).

Q. A boy received some jewels and other articles as *joutuka* * at the time of his *anna-pra'suna*; and his mother having sold those presents, purchased a landed estate with the produce of the sale in his name. In this case, is his other uterine brother entitled to share it with him?

Land purchased for a boy by means of his *joutuka* is not liable to partition.

R. Whatever property (whether consisting of ornaments or other effects) is given as *joutuka* to a boy, that is to say, presented to him at the period of one of his initiatory ceremonies, such gift is his exclusive and absolute property; consequently his uterine brother has no title to share the property which was purchased by his mother with his funds. Zillah Midnapore, November 25th, 1817. Macn. H. L. vol. II. Ch. 5, Case 13 (pp. 159, 160).

* The term "*joutuka*" signifies any thing received at the time of marriage. It is derived from the verb *ju* (to mix) by adding the neuter suffix, as an union of bride and bridegroom takes place at the time of marriage. What is then received is called *joutuka*; but the term is generally used to signify donations given at the time of each of the *Sanska'ras* or ceremonies.

রাধাচরণ রায় (প্রতিবাদী) আপিলান্ট—বনাম—কৃষ্ণচরণ রায় ও গুরুচরণ রায় রেস্‌পণ্ডেন্ট্‌।

১৭৩ সংখ্যক ব্যবস্থার নজীর

প্রতিবাদী সদর দেওয়ানী আদালতে প্রধানতঃ যে সকল ওজরে আপিল করে তদ্‌যথা, প্রথমতঃ—'যেহেতু বিরোধীয় বিষয় আমি নিজ চেষ্টায় উদ্ধার করিয়াছি অতএব রেস্‌পণ্ডেন্টদের অপেক্ষা অধিক অংশ আমার পাওয়া উচিত; দ্বিতীয়তঃ—মৃত রামদুলালের পত্নী যে ১৭৯৩ সালের ৩ আইনের ১৩ ধারা ক্রমে দাবীদার হইয়া উপস্থিত হইয়াছে তাহার অন্নাচ্ছাদনের অতিরিক্ত পাইতে অধিকার নাই; যদি কস্মিন্‌ কালে তাহার কোন অধিকার হইয়াও থাকে, আমি (আপিলান্ট) সাক্ষিদ্বারা প্রমাণ করিতে পারি যে সে তাহা পরিত্যাগ করিয়াছে'। এই মকদ্দমাতে রায় দেওনে আদালত বিবেচনা করিলেন যে আপিলান্ট (১৭৭৮ সালে যে মকদ্দমার বিচার নিষ্পত্তি হয় তাহাতে) পরিশ্রম ও ব্যয় করিয়া সন্তোষ রায়ের অপহৃত ঐ বিষয় উদ্ধার করিয়াছে বলিয়া যে নিজ ভ্রাতাদের অপেক্ষা অধিকাংশ দাওয়া করে তাহা টিকিতে পারে না—কেননা ঐ দাওয়া যদি ন্যায়মূলক হইত তবে যৎকালে ১৭৭৮ সালে নিষ্পন্ন মকদ্দমা দায়ের ছিল তৎকালেই সে তাহা উপস্থিত করিত, তাহাতে যে কারণের উপর এক্ষণে নির্ভর করে তদ্দ্বারা আর ২ দাওয়াদার অপেক্ষা সমুদয় জমিদারির অধিকাংশ পাইতে যোগ্য হইত—প্রত্যুত যে ডিক্রীর উপর বর্ত্তমান মকদ্দমাতে উভয় পক্ষের অধিকার স্থির করে সেই ডিক্রি অনুসারেই জমীদারী সমান ছয় ভাগে বিভক্ত হইয়াছে। উক্ত বিধবার অধিকার বিষয়ে আদালত নিযুক্ত পণ্ডিতদিগের প্রতি প্রশ্ন করিলেন তাঁহাদের দত্ত উত্তর অথচ বিবাদ ভঙ্গার্ণবের অনুবাদ দৃষ্টে প্রকাশ হইল যে সে নিজ পতির সমুদয় বিষয়ে অধিকারিণী; এবং অপিলান্টের এই এজহার যে ঐ বিধবা নিজ স্বত্ব বাচনিক রূপে পরিত্যাগ করিয়াছে আদালতের বিবেচনায় বিশ্বাস যোগ্য নহে কেননা উক্তরূপ মকদ্দমা সকলে বাচনিক প্রমাণ গ্রাহ্য হইলে অনেক ক্লেশ ও অন্যায়ের সোপান হইবে। এতাবতা সদর দেওয়ানী আদালতের জজ শ্রীযুক্ত স্পেকি সাহেব জিলার ডিক্রী স্থিরতর রাখিলেন, অধিকন্তু আদেশ করিলেন যে ঐ বিধবাকে তৎপতির অংশে অর্থাৎ কুশল রায়ের অংশের চারি ভাগের ভাগে দখল দেওয়ান উচিত হয়।* ২৫ ফেব্রুয়ারি ১৮০১ সাল। স. দে. আ. রি. বা. ১, পৃ. ৩৩ ও ৩৩৪।

মৃত গদাধর সেনের পত্নী কিশোরীমণি দাসী (বাদিনী) আপিলান্ট—বনাম—শ্রীকান্ত সেন ও পার্ব্বতি দাসী (প্রতিবাদি) রেস্‌পণ্ডেন্ট।

১৭৩ সংখ্যক ব্যবস্থার নজীর

জিলার জজ শ্রীযুক্ত রবর্ট টরেন্স্‌ সাহেব নিম্ন লিখিত মর্ম্মে বিচার করিলেন—প্রকাশ যে বাদিনির স্বামী ও প্রতিবাদিরা এক অবিভক্ত পরিবার ছিল; এবং ইহাতেও সন্দেহ নাই যে বিরোধীয় বিষয় নিলামে শ্রীকান্ত সেনের নামে খরিদ হয়। যে কথার নির্ণয় আবশ্যক তাহা এই যে ঐ খরিদ সাধারণ ধনে হয় কি বাদিনীর স্বামির ধনে, অথবা রেজেষ্টরি বহিতে লিখিত খরিদার শ্রীকান্ত সেনের ধনে হয়। প্রমাণেরদ্বারা সাব্যস্ত যে খরিদের নিমিত্তে যে টাকা দেওয়া হয় তাহা শ্রীকান্ত সেনের, এমত অবস্থায় হরিবংশ লাল প্রভৃতির বিরুদ্ধে সুবংশ লালের মকদ্দমায়, ও তিলকধারি সিংহের বিরুদ্ধে প্রতাপ বাহাদুর সিংহের মকদ্দমায় হয় যে নজীর (যাহা সদর দেওয়ানী আদালতীয় রিপোর্টের প্রথম বালামের ৯১ ও ১৮৭ পৃষ্ঠায় দ্রষ্টব্য) তদনুসারে সে (অর্থাৎ শ্রীকান্ত সেন) একাকী উক্ত বিষয়ে অধিকারী। অপিচ ঐ খরিদ ১২৩১ সালের ২৮ ফালগুন মোতাবেক ১৮২৫ সনের ১০ মার্চ তারিখে হয় এবং এই মকদ্দমা ১২৪৪ সালের ২২ বৈশাখ মোতাবেক্‌ ১৮৩৭ সালের ৩ মে তারিখে হয়। এতাবতা যেহেতু সাক্ষ্যদ্বারা সাব্যস্ত যে

---

* এই মকদ্দমাতে পৈতৃক বিষয় নিজ চেষ্টায় উদ্ধার করণের জন্য পুরস্কার স্বরূপ অধিকাংশ পাইবার যে দাবী তাহা এই মকদ্দমার বিশেষ অবস্থা জন্যই নামঞ্জুর হয়, শাস্ত্রানুসারে অগ্রাহ্য বলিয়া হয় নাই, কেননা কোন দায়াদ সাধারণ বিষয় উদ্ধার করিলে শাস্ত্রে বিধান করিয়াছেন যে সে নিজ অংশাতিরেকে চতুর্থাংশ পাইবে। দ্রষ্টব্য—দা. ভা. পৃ. ১৫৩।—উক্ত ফয়সলার নীচে লিখিত মন্তব্য কথা।

*Rádhá Charan Ráy, (Defendant,) Appellant,* versus *Krishna Charan Ráy and Guru Charan Ráy, Respondents.*

Case bearing on the Vyavasthá No. 163.

The defendant appealed to the Sudder Dewanny Adawlut, insisting, chiefly, 1st, that as the estate was recovered to the family by his exertions, he was entitled to a larger portion of it than the respondents; 2nd, that the widow of Rámdulál (who had come forward with a claim under section 13, Regulation III of 1793) had no right to more than a maintenance; and that if she ever had any such right, she, as the appellant could prove by witnesses, had relinquished it. In passing judgment on the case, the Court remarked that the claim of the appellant to hold a larger share of the family estate than his brothers, on the ground of his having undertaken the trouble and expence of recovering it from the usurpation of Santosh Ráy (by suit in which judgment was obtained in 1778) could not now be supported, for that were it founded on justice, it would have been brought forward by him when the cause, determined in 1778, was depending; as it would have entitled him, on the principle now insisted on, to a larger portion of the whole *Zemindaree* than the other claimants; whereas by that decree on which the rights of both parties in this case were grounded, the *Zemindaree* was divided into six equal portions. With respect to the right of the widow, the Court put a question to their *pandits*, by whose answer, as well as by a reference to the Digest of Hindu Law, it appeared, that she was entitled to the whole estate of her deceased husband; and the Court considered that the assertion of the appellant, that the widow had verbally relinquished her right, was not entitled to any weight, inasmuch as the admission of oral testimony in cases of this nature would open a door to much fraud and injustice. The Sudder Dewanny Adawlut (present P. Speke) therefore affirmed the zillah decree, further directing that the widow should be put into possession of her husband's fourth share of the portion of Kushal Ráy*. 25th February 1801. S. D. A. vol. I. pp. 33, 34.

*Kishori mani Dási, widow of Gadádhur Sen, (plaintiff,) appellant,* versus *Srikánta Sen and Párbatí Dási, (Defendants,) Respondents.*

Cases bearing on the Vyavasthá No. 173.

I. The zillah judge, Mr. R. Torrens, gave judgment to the following effect.—It is clear that the plaintiff's husband and the defendants formed a joint undivided family and there is no doubt that the property in dispute was purchased at public sale in the name of Srikánta Sen. The question to be cleared up is whether the purchase was made with joint funds or with money belonging to the plaintiff's husband or to Srikánta Sen, the recorded purchaser. The evidence goes to the proof, that the money paid for the purchase belonged to Srikánta Sen, under such circumstances he is exclusively entitled to the property under the precedent of Subans Lál *versus* Harbans Lál and another; and of Pratáp Bahádur Singh *versus* Tilokdhárí Singh, at pages 91 and 187, vol I. Sudder Dewanny Adawlut Reports. Further, the sale took place on 28th Phalgun 1231, corresponding with 10th March 1825 B. S., and this suit was instituted on the 22nd Bysack 1244, corresponding with the 3rd May 1837. As Srikánta

* The rejection of the appellant's claim in this case to a remuneration, which would consist in the allotment of a superior portion for his exertions in the recovery of his patrimony, was founded on special circumstances in this case, and did not proceed on the legal inadmissibility of that claim, the Hindu law sanctioning the allotment for an additional portion in such cases, with one quarter to the heir who retrieves the common property. *Dáybhága,* Ch. VI· Sect. II. p. 29. Coleb. Note on the above decision.

শ্রীকান্ত নিজ ক্রয়ানুসারে নালিশ উপস্থিতির পূর্ব্বে ১২ বৎসর দখিলকার ছিল, অতএব ইহা শুনা যাইতে পারে না। এতাবতা প্রধান সদর আমিনের ডিক্রীর যে অংশে উক্ত ক্রয় সাধারণ ধনে হওয়া কথিত হইয়াছে এবং যাহাতে বাদিকে সরেনও নালিশ করিতে ক্ষমতা দেওয়া হইয়াছে তাহা অবশ্য রদ হইবে।

অনন্তর আসল বাদির আবেদনক্রমে সদর আদালতে খাস আপীল মঞ্জুর হয়।

উক্ত আদালতের জজ মে. রবর্ট বারলো সাহেব জিলার জজের ডিক্রী বহাল রাখিলেন। ৪ জানুআরি ১৮৪২ সাল। স. দে. আ. রি. বা. ৭. পৃ. ৬৭ ও ৬৮।

কালী প্রসাদ রায় প্রভৃতি আপিলান্ট—বনাম—দিগম্বর রায় রেস্পণ্ডেন্ট।

৶০. পরগণা বিনোদ নগরের অন্তর্গত মৌজে গহরির ১১ আনা অংশ যাহা কৃষ্ণদেব রায়ের জমীদারি বটে তদ্বিষয়ে আদালতে ইহা সাব্যস্ত হওয়া বোধ হইতেছে যে তাহার মৃত্যুর পর ঐ বিষয় তৎপুত্র কাশীনাথের ও রাজচন্দ্রের ও বাদির যৌত দখলে ছিল; কাশীনাথ ও রাজচন্দ্রের মৃত্যুর পর তাহা বাদির ও প্রতিবাদিগণের ও রাজচন্দ্রের স্ত্রী মোসম্মাৎ গৌরমণির দখলে ছিল; এবং ঐ পরিবারীয় ব্যক্তিরা পৃথক্ হইয়া ছিল। লাট মোস্তলের বিষয়ে আর পত্তনি তালুক নিজগহরি—যাহার অর্দ্ধেক রেস্পণ্ডেন্ট এই এজাহারে দাওয়া করে যে তাহা তৎকর্ত্তৃক পরিবারের এজমালি ধনে রামসুন্দর রায়ের নামে খরিদ হইয়াছে—তদ্বিষয়ে আদালত বিবেচনা করেন সাবুদের দ্বারা ইহা সপ্রমাণ হইয়াছে যে ঐ সকল জমী যৎকালে রামসুন্দর রায় পরিবারের সহিত একত্রিত ছিল তৎকালে সে তাহার নিজ নামে ও এক চাকরের নামে খরিদ করে; ঐ বিষয় পরিবারের যৌত ধনের দ্বারা যে সে ক্রয় করিয়াছে ইহার কোন প্রমাণ নাই; প্রত্যুত, প্রকাশ পাইতেছে যে ঐ সকল ভূমির উপস্বত্ব সে (অর্থাৎ রাম সুন্দর) একাকী ভোগ করিয়াছে; এবং সমস্ত প্রমাণের দ্বারা প্রকাশ যে সে ঐ ভূমি নিজ ধনে ক্রয় করিয়াছে। অতএব মকদ্দমার অবস্থানুসারে শাস্ত্র কি তাহা নির্ণয় নিমিত্ত আদালত নিযুক্ত পণ্ডিতদিগের প্রতি নিম্ন লিখিত প্রশ্ন করিলেন।

১। যদি কোন অবিভক্ত পরিবারের মধ্যে রামসুন্দর রায় নামক এক জন স্বকীয় পরিশ্রমার্জ্জিত ধনের দ্বারা পরিবারের যৌত ধনের সাহায্য বিনা লাটমস্তোল ও পত্তনি তালুক নিজগহরি খরিদ করিয়া থাকে, তবে ঐ সকল ভূমির অংশ পাইতে পরিবারীয় অন্য ব্যক্তিরা অধিকারি কি না?

২। অবিভক্ত পৈতৃক বিষয়ের কোন অংশে মোসম্মাৎ গৌরমণি অধিকারিণী কি না, যদি হয়, তবে কি পরিমিত অংশে অধিকারিণী?

৩। উপরি উক্ত অবস্থায়, রামসুন্দরের ক্রীত বিষয়ের অংশে গৌরমণির যথা শাস্ত্র কোন অধিকার আছে কিনা?

পণ্ডিতেরা যে উত্তর করিলেন তাহা এই যে—যদি রামসুন্দর নিজ পরিশ্রমার্জ্জিত পৃথক্ ধনে পরিবারের সাধারণ ধনের সাহায্য বিনা লাট মস্তোল ও পত্তনি তালুক নিজ গহরি ক্রয় করিয়া থাকে তবে ঐ সকল ভূমি কেবল তাহার, এবং তৎপরিবারের আর কাহারো তদংশ লইতে অধিকার নাই। মোসম্মাৎ গৌরমণির পতি বাঁচিয়া থাকিলে তাহাকে পৈতৃক বিষয়ের যে এক তেহাই অর্শিত তাহাতে গৌরমণি যাবজ্জীবন অধিকারিণী, কিন্তু রামসুন্দরের নিজ ধনে অর্জ্জিত বিষয়ের অংশ লইতে তাহার অধিকার নাই।

পণ্ডিতদিগের এই মত বিবেচনা করিয়া সদর দেওয়ানী আদালতের জজ শ্রীযুক্ত আর. কর সাহেব ও জি. অস ওয়াল্ড্ সাহেব স্থির করিলেন যে কৃষ্ণদেব রায়ের পৈতৃক বিষয় তিন ভাগে বিভক্ত হওয়া

was in possession, as proved by the evidence, under the purchase made by him, for a period of 12 years prior to the institution of the suit, it cannot be heard. So much of the Principal Sudder Ameen's decree, therefore, as declares that the purchase was made with the joint funds and gives the plaintiff leave to sue *de novo*, must be reversed.

A special appeal was then admitted by the Sudder Dewanny Adawlut on the application of the original plaintiff.

The Court (present Mr. R. Barlow) confirmed the decree of the Zillah judge. 4th January 1842. S. D. A. R. vol. VII. pp 67,68.

*Ka'li'prasa'd Ra'y and others, Appellants* versus *Digambar Ra'y, Respondent.*

II. With respect to 11 annas share of mouza Guhree, &c., situated in purgunnah Binodnagar, which formed the Zemindaree of Kishen Deb Ra'y, it appeared to the Court to be established that, on his death, it was held in co-partnership by his sons Káshi' Na'th, Ra'j Chandra, and the plaintiff, and, on the death of Ka'shi' Na'th and Ra'j Chandra by the plaintiff, the defendants, and Musst. Gourmani, the widow of Ra'j Chandra; and that there had been a separation of the family. Whith respect to Lot Mustole and the *putnee talook* Nij Guhree, of which a moiety was claimed by the respondent, as having been purchased by him in the name of Ra'm Sundar Ra'y with money advanced from the joint funds of the family, the Court observed, that it had been established by the evidence, that these lands were purchased by Ra'm Sundar Ra'y, in his own name and in that of his servant, at a time when he was a member of an undivided family; but that there was no proof whatever of the fact of his having purchased them with money advanced from the joint funds of the family; that, on the contrary, it appears the profits of these lands had been enjoyed solely and exclusively by him; and that the whole evidence went to show that he had purchased the said lands with his own money. In order, therefore, to determine the law, as connected with the circumstances of the case, the Court proposed the following questions to their Hindu law officers.

1st. If Lot Mustole and the *putnee talook* Nij Guhree were purchased by Rám Sundar Ráy a member of an undivided family, with money realized from his separate industry, without aid, from the joint funds of the family, will the other members of the family be entitled to share in the said lands?

2nd Is *Mussummat* Gourmani entitled to any, and what, share of the undivided ancestral estate?

3rd Has she a legal right to share the property purchased by Ra'm Sundar Ra'y, under the above mentioned circumstances?

The *pandits* returned the following answer :—If Ra'm Sundar Ra'y purchased Lot Mustole and *putnee talook* Nij Guhree, with the produce of his exclusive and separate industry, and without aid from the joint funds of the family, these lands belong exclusively to him and none of the other members of the family have a right to participate therein. *Mussummat* Gourmani is entitled (during her life) to one third share of the ancestral property, which, had her husband been alive, would have fallen to him; but she has no right to participate in the acquisition of Ra'm Sundar Ra'y from his separate funds.

On considering this opinion of the *pandits*, the Court of Sudder Dewanny Adawlut (present R. Ker and G. Oswald) determined, that the ancestral estate of Krishna Deb Ra'y should be divided into three shares, whereof *Mussummat* Gourmani, in right of succession to her husband

উচিত, তন্মধ্যে গৌরমণি নিজপতি রাজচন্দ্র রায়ের উত্তরাধিকারিণী সুত্রে, এবং কাশীনাথ রায়ের উত্তরাধিকারি ও রেস্পণ্ডেন্ট দিগম্বর রায় প্রত্যেকের এক ভাগ পাওয়া উচিত, কিন্তু রামসুন্দরের নিজ ধনে অর্জ্জিত বিষয়ের অংশ রেস্পণ্ডেন্টদের প্রাপ্য নয়, তাহা সমদায়াদদিগের মধ্যে অবিভাজ্য কথিত হইয়াছে। তদনুসারে সদর দেওয়ানী আদালত রেস্পণ্ডেন্টের হকেক হওয়া প্রবিন্স্যাল কোর্টের ডিক্রী সংশোধন পূর্ব্বক চূড়ান্ত ফয়সলা করিয়া আদেশ করিলেন যে পৈতৃক বিষয় উপরি উক্ত বিভাগ ক্রমে অগৌণে বিভক্ত হয়। ১৮ মে ১৮৫৭ সাল। স. দে. আ. রি. বা. ২. পৃ. ২৩৭—২৪০।

## অবিভাজ্য বস্তু।

ব্যবস্থা

১৭৬ শৌর্য্যদ্বারা অর্জ্জিত ধন ও ভার্য্যাধন* ও বিদ্যার্জ্জিত ধন এই তিন এবং পিতৃপ্রসাদাৎ লব্ধধন বিভাজ্য নয়†। নারদ।

১৭৬ শৌর্য্য ভার্য্যা ধনে* হিত্বা যচ্চ বিদ্যাধনং ভবেৎ। ত্রীণ্যেতান্যবিভাজ্যানি প্রসাদো যশ্চ পৈতৃকঃ†। নারদঃ।

ইহার অর্থ এই যে শৌর্য্যদ্বারা প্রাপ্ত ধন, বিবাহ করণ নিমিত্ত শ্বশুরাদি হইতে লব্ধ ধন, বিদ্যাদ্বারা অর্জ্জিত ধন ও পিত্রাদি হইতে প্রসাদরূপে লব্ধ ধন যেহেতু এই চারি বিভাজ্য নয়, অতএব এই সকল ভিন্ন অন্য বিষয় ভাগ করিবেক।

অস্যার্থঃ—শৌর্য্যধনং ভার্য্যাপ্রাপ্তি নিমিত্তং শ্বশুরাদিভ্যো লব্ধধনং বিদ্যাধনং পিত্রাদিতঃ প্রসাদ-রূপেন লব্ধধনং এতানি চত্বারি অবিভাজ্যানি, যতোঽতস্তানি হিত্বা অন্যদ্বিভজেদিতি॥

ব্যবস্থা

১৭৭ পিতামহ বা পিতা স্নেহ পূর্ব্বক যাহা দিয়াছেন অথবা মাতা যাহা দিয়াছেন তাহা তদ্গ্রহীতা হইতে লইবে না†। ব্যাস।

১৭৭ পিতামহেন যদ্দত্তং পিত্রা বা প্রীতি পূর্ব্বকং। তস্য তন্নাপহর্ত্তব্যং মাত্রাদত্তঞ্চ যদ্ভবেৎ†॥ ব্যাসঃ।

ব্যবস্থা

১৭৮ বস্ত্র, পত্র, অলঙ্কার, কৃতান্ন, উদক, স্ত্রীগণ, যোগক্ষেম প্রচার, যাজ্য, ও ক্ষেত্র বিভাজ্য নয়†।

১৭৮ বস্ত্রং, পত্রং, অলঙ্কারং, কৃতান্নং, উদকং, স্ত্রিয়ঃ, যোগক্ষেম প্রচারং, যাজ্যং, ক্ষেত্রঞ্চাবিভাজ্যং†।

প্রমাণ

বস্ত্র, পত্র, অলঙ্কার, স্ত্রীলোক, আর যোগক্ষেম প্রচার (অ) অবিভক্ত কথিত হইয়াছে। মনু ও বিষ্ণু।

বস্ত্রং পত্রমলঙ্কারং কৃতান্নমুদকং স্ত্রিয়ঃ। যোগক্ষেম প্রচারঞ্চ (অ) ন বিভাজ্যং প্রচক্ষতে॥ মনু বিষ্ণু।

(অ) বস্ত্র—অর্থাৎ অঙ্গযোজিত, এবং সভায় পরিধানার্থও বটে।
পত্র—অশ্বাদি বাহন।
অলঙ্কার—অঙ্গুরীয়কাদি।
কৃতান্ন—লড্ডুকাদি।

(অ) বস্ত্রং—অঙ্গযোজিতং, পংক্তি পরিচ্ছদার্থঞ্চ।
পত্রং—বাহনং অশ্বাদি।
অলঙ্কারং—অঙ্গুরীয়কাদি।
কৃতান্নং—লড্ডুকাদি।

---

* ভার্য্যা প্রাপ্তিকালে লব্ধ যে ধন তাহা ভার্য্যাধন বলাযায়—অর্থাৎ বিবাহ সম্বন্ধীয় ধন, এই সকল ভিন্ন অন্য ধন বিভাজ্য ইহা বাক্যান্তরে অনুবৃত্ত। দা. ভা. পৃ. ১২২।

* ভার্য্যা প্রাপ্তিকালে লব্ধং ভার্য্যাধনং ঔদ্বাহিক মিত্যর্থঃ। এতানিবর্জ্জয়িত্বা অন্যদ্বিভজেদিত্যনুবর্ত্ততে বাক্যান্তরীয়ং। দা. ভা. পৃ. ১২২।

† দ্রষ্টব্য—দা. ভা. পৃ. ১২২ ও ১৪৪। দা. ক্র. সং. পৃ. ৩৫—৩৭। বি. দা. ভা. ষী. র. ৫। কোল. দা. ভা. পৃ. ১১০ ও ১৩২। উ. দা. ক্র. সং. পৃ. ৭৭ ও ৮০। কোল. ডা. বা. ৩. পৃ. ৩৪৪।

Ra'j Chandra Ráy, the heir of Ka'shi' Na'th, and the respondent Digambar Ráy should each receive one share, but that the respondent should not participate in the acquisitions of Ra'm Sundar Ra'y, from his own funds, which were declared not liable to partition among the co-parceners. Final judgment was given by the Sudder Dewanny Adawlut accordingly amending the decree passed in favour of the respondent by the provincial Court, and directed an immediate partition to be made of the ancestral estate, according to the distribution above determined on. 28th May 1817. S. D. A. R. vol. II. pp. 237—240.

## PROPERTY NOT LIABLE TO PARTITION

176 Excepting what is gained by valour, the wealth of a wife*, and what is acquired by science, which are three sorts of property exempt from partition; and any favour conferred by a father."†—NA'RADA. Vyavastha'

The meaning of this text is, that since the gains of valour, what has been obtained from the parents in law, &c. on account of having espoused a wife, the gains of science, and what has been received through affection from a father and others, are indivisible; therefore, setting these four aside, the rest (of wealth) is divisible†.

177 What is given by a paternal grandfather, or by a father, as a token of affection, belongs to him who receives it; neither that, nor what is given by a mother, shall be claimed by co-heirs†.—VYA'SA. Vyavastha'

178 Clothes, vehicles, ornaments, prepared food, water, women, furniture for repose or for meals, a place of sacrifice, and a field, are not divisible†. Vyavatha'

I. "Clothes, vehicles, ornaments, prepared food, water, women, and furniture for repose or for meals (a), are declared not liable to distribution."—MANU & VISHNU†. Authority

(a) '*Clothes*'—personal apparel and raiment intended to be worn at assemblies.

'*Vehicles*'—carrsiges or horses and the like

'*Ornaments*'—Rings and so forth.

'*Prepared food*'—sweetmeats, &c.

* What was received at the time of obtaining a wife is here called the "wealth of a wife;" meaning effects obtained on account of marriage. Excepting these acquisitions let him divide other property; for this phrase is here understood, as expressed in another sentence. Coleb Da'. bha'. p. 111.

† Vide Coleb. Da'. bha'. pp. 110, 182. W. Da'. Kra. Sang. p. 76, 77 & 80. Coleb. Dig. vol. III. d. 344.

উদক—পিত্রাদি সম্পর্কীয় কূপ ও পুষ্করিণী প্রভৃতি স্থিত জল, অন্য ধনবৎ বিভাজ্য নয়, কিন্তু স্ব২ ব্যয়ানুসারে গ্রহীতব্য,—'যেহেতু বৃহস্পতির বচন এই যে কূপ ও বাপির জল কার্য্যানুসারে তুলিয়া লইবে।*'

যোগক্ষেমপ্রচার—স্বস্ব ব্যবহার যোগ্য শয্যাসন ভোজন আচমনাদির উপযুক্ত পাত্রাদি।*

স্ত্রীগণ—দাসীব্যতিরিক্ত, যেহেতু 'এক স্ত্রীকে (অর্থাৎ দাসীকে) সমাংশে গৃহে গৃহে কর্ম্ম করাইবে' এই বৃহস্পতি বচনে দাসী-বিভাগ কথিত হইয়াছে*।

৵০ যাজ্য (আ) ক্ষেত্র, বাহন, মিষ্টান্ন, জল ও স্ত্রীলোক সগোত্রের মধ্যে সহস্র পুরুষ হইতে আগত হইলেও বিভাজ্য নয়। ব্যাস।

(আ) যাজ্য—যাগস্থান বা দেব-প্রতিমা, যাজনে প্রাপ্ত বস্তু নয়, যেহেতু তাহা বিদ্যার্জ্জিত ধনান্তর্গত।

ব্যবস্থা ১৭৯ গরুর পথ, গাড়ির পথ, পরিধেয় বস্ত্র, প্রয়োজ্য (এ), বাস্তু, জলপাত্র, অলঙ্কার, অনুপযুক্ত, (ও) স্ত্রীলোক ও জলপ্রণালী বিভাজ্য নয়।

প্রমাণ ৴০ গরুরপথ, ও গাড়ির পথ, পরিধেয় বস্ত্র ও প্রয়োজ্য (ই), এবং শিল্পার্থ দ্রব্য বিভাজ্য নয়, ইহা বৃহস্পতি কহিয়াছেন *।

(ই) প্রযোজ্য—যাহার যাহা প্রয়োজনার্হ যথা শ্রুত প্রভৃতির গ্রন্থাদি তাহা মূর্খের সহিত বিভজনীয় নয়, তথা শিল্পোপযোগি দ্রব্য কেবল শিল্পজ্ঞের তদনভিজ্ঞের নয় †। অতএব—

ব্যবস্থা ১৮০ মূর্খে পুস্তক লইবে না তাহা কেবল পণ্ডিতের গ্রহণীয়, কিন্তু তদন্তর্গত নিজ অংশের তুল্য মূল্য অন্য দ্রব্য অথবা মূল্য পণ্ডিতের স্থানে তাহার প্রাপ্য।†

উদকং—পিত্রাদি সম্বন্ধি কূপ বাপ্যাদি গতং জলং, নান্য ধনবৎ বিভাজ্যং, কিন্তু স্বস্ব ব্যয়ানুসারেণ গ্রহীতব্যং,—'উদ্ধৃত্য কূপবাপ্যাম্ভস্তু নুসারেণ গৃহ্যত' ইতি বৃহস্পতি বচনাৎ *।

যোগক্ষেমপ্রচারং—স্বস্ব ব্যবহারোপযুক্ত শয্যাসনভোজনাচমনাদ্যুপযুক্ত ভাজনাদীনি*।

স্ত্রিয়ো—দাসীব্যতিরিক্তাঃ—'একাংস্ত্রীং কারয়েৎ কর্ম্ম সমাংশেন গৃহে গৃহে' ইতি বৃহস্পতিনা দাসী বিভাগোক্তত্বাৎ *।

৵০ অবিভাজ্যং সগোত্রাণামাসহস্র কুলাদপি। যাজ্যং (আ) ক্ষেত্রঞ্চ পত্রঞ্চ কৃতান্নমুদকং স্ত্রিয়ঃ *। ব্যাসঃ।

(আ) যাজ্যং—যাগস্থানং দেব-প্রতিমা বা, নতু যাজন লব্ধং—তস্য বিদ্যাধনত্বেনৈব গতার্থত্বাৎ*।

১৭৯ গোপ্রচারঃ রথ্যা বস্ত্রং অঙ্গযোজিতং প্রযোজ্যং (এ), বাস্তু, উদকপাত্রালঙ্কারানুপযুক্তং (ও) অপাংপ্রচারঃ ন বিভাজ্যাঃ।

৴০ গোপ্রশ্চারশ্চ রথ্যাচ বস্ত্রং যচ্চাঙ্গযোজিতং। প্রযোজং (ই) নবিভাজ্যন্তু শিল্পার্থঞ্চ বৃহস্পতিঃ*।

(ই) প্রযোজ্যং—যদ্যস্য প্রয়োজনার্হং যথা শ্রুতাদৌ পুস্তকাদি ন তন্মূর্খৈর্বিভজনীয়ং। শিল্পোপযুক্তঞ্চ শিল্পিনামেব নাতদ্বিদাং†। তেন—

১৮০ পুস্তকং মূর্খৈর্নগ্রাহ্যং, পণ্ডিতানামেবতৎ, তদন্তর্গত স্বাংশস্য তুল্য মূল্যদ্রব্যান্তরং মূল্যমেব বা পণ্ডিতাত্তেন গ্রাহ্যং †।

* দ্রষ্টব্য—দা. ক্র. সং. পৃ. ৩১ ও ৩৮। দা. ভা. পৃ. ১৪৪ ও ১৪৫। দা. ভা. টী, পৃ, ১৪৫। বি,দা. দ্বী. র. ৫। উ. দা. ক্র. সং. পৃ, ৮০—৮২। কোল. দা. ভা. পৃ. ১৩২ ও ১৩৩। কোল. ডা. বা. ৩. পৃ. ৩৭৩—৩৮৫।

পরন্তু অপ্রাপ্ত ব্যবহার পুত্রেরা পিতৃ ঋণ দিতে ধর্ম্মতঃ বাধিত নয়, কিন্তু প্রাপ্ত ব্যবহার হইলে অবশ্য দিবে, নতুবা নরকস্থ হইবে, তাহা কাত্যায়ন কহিয়াছেন, যথা—"পিতার মৃত্যু হইলে অপ্রাপ্ত ব্যবহার পুত্রেরা পিতৃঋণ কোন মতে দিবে না, কিন্তু প্রাপ্ত ব্যবহার হইলে দিতে হইবে, নতুবা নরকবাসি হইবে।" বি. রি. র. ৮।

অপ্রাপ্ত-ব্যবহার পুত্রাস্তু পিতৃ-ঋণ শোধনে ন ধর্ম্মতো বাধিতাঃ, পরন্তু কালে তেষামবশ্যমেব দেয়ং, তদাহ কাত্যায়নঃ—"নাপ্রাপ্ত ব্যবহারশ্চ পিতর্য্যুপরতে ক্বচিৎ। কালেতু বিধিনা দেয়ং, বসেন্নরকেঽন্যথা।।" বি. রি, র, ৮।

এবং পিতামহের ঋণও পরিশোধ কর্ত্তব্য, তাহা বৃহস্পতি কাত্যায়ন ও নারদ কর্ত্তৃক উক্ত হইয়াছে, যথা—"প্রথমে পিতার পরে আপন ঋণ পরিশোধ কর্ত্তব্য, এতদুভয়ের অগ্রে পিতামহের ঋণ পরিশোধনীয়"—বৃহস্পতি ॥ "ভৃগু কহেন পিতামহ হইতে ক্রমে আগত ও পিতা কর্ত্তৃক স্বীকৃত ঋণ নির্দ্দোষ কার্য্যে কৃত হইয়া পুত্রগণ কর্ত্তৃক পরিশোধ না হইয়া থাকিলে পৌত্রেরা তাহা পরিশোধ করিবে। পিতামহের যে ঋণ দৃষ্ট, অথবা কতক শোধা গিয়া অবশেষ থাকে তাহা পরিশোধ কর্ত্তব্য কিন্তু সদোষ কার্য্যে অথবা তৎপিতৃকর্ত্তৃক কৃত হইয়া থাকিলে তাহা পৌত্রের দাতব্য নয়, পিতার মৃত্যুর পর পৌত্রে পিতামহের ঋণ যত্ন পূর্ব্বক পরিশোধ করিবে, কিন্তু চতুর্থের অর্থাৎ প্রোপৌত্রের তাহা পরিশোধনীয় নয়"—কাত্যায়ন ॥ "পিতামহের যে ঋণ বিনা আপত্তিতে ক্রমাগত হয় ও যাহা পুত্রগণ কর্ত্তৃক পরিশোধ না হইয়া থাকে তাহা পৌত্রে দিবে, চতুর্থে রহিত হইবে"—নারদঃ।

এবং পিতামহঋণমপি শোধনীয়ং, তদুক্তং বৃহস্পতি কাত্যায়ন নারদৈঃ—"পিত্রমেবাদ্যতো দেয়ং পশ্চাৎ আত্মীয়মেবচ। তয়োঃ পৈতামহং পূর্ব্বং দেয়মেবং ঋণংসদা"—বৃহস্পতিঃ ॥ "পিত্রাদৃষ্টমৃণং যত্ত ক্রমায়াতং পিতামহাৎ। নির্দোষেণোদ্ধৃতং পুত্রৈর্দেয়ং পৌত্রৈস্তু তদ্ভৃগুঃ ॥ যদ্দৃষ্টং দত্তশেষং বা দেয়ং পৈতামহস্ত তৎ। সদোষং ব্যাহতং পিত্রা নৈব দেয়ং ঋণং ক্বচিৎ॥ পিত্রভাবে তু দাতব্যং ঋণং পৌত্রেণ যত্নতঃ। চতুর্থেন যদাদত্তং তস্মাত্তন্নিবর্ত্তয়েৎ"—কাত্যায়নঃ। ক্রমাদব্যাহতংপ্রাপ্তং পুত্রৈর্যন্নর্ণমুদ্ধৃতং। দেয়ং পৈতমহং পৌত্রৈস্তচ্চতুর্থান্নিবর্ত্ততে"—নারদঃ।

বস্তুতঃ—পিতামহের যে ঋণ তাহা পিতারই,—পিতামহের ঋণ আদৌ পিতাকে পরে তৎপুত্রকে অর্শে। বি. দা, ভা, ধী, র, ৪।

বস্তুতস্তু পৈতামহ ঋণংপিত্র্যমেব,—পৈতামহঋণং আদৌ পিতরং ভজতে, ততঃ পুত্রমিতি। বি, দা. ভা, ধী, র, ৪।

পুত্রে যদি পিতৃ ঋণ শোধ না করে তবে তৎপৌত্রও তাহা শোধ করিবে, যেহেতু তাহা তৎ পিতৃঋণ, যে ঋণ এরূপ ক্রমাগত নয় তাহা পুত্রের পৌত্রে অনিচ্ছুক হইলে পরিশোধ করিবে না।

পিতৃঋণস্য পুত্রেণাপরিশোধনে তৎ পৌত্রেণাপি শোধনীয়ং তৎপিতৃ ঋণত্বাৎ। যত্রত্বেবং ঋণ সঙ্ক্রমণং, নাস্তি তত্রতু পুত্রস্য পৌত্রেণ অকামতঃ ন শোধনীয়ং।

প্রপিতামহের ঋণ প্রপৌত্রে শোধ দিবে না, কিন্তু যদি তাহার দায়রূপ ধন প্রাপ্ত হইয়া থাকে, তবে ঋণ পরিশোধ করিতে হইবে। বি. রি. র. ৮।

প্রপিতামহ ঋণন্তু প্রপৌত্রেণ ন শোধনীয়ং, তদ্দায়গ্রহণে যদি প্রপৌত্রো গৃহ্ণাতি তদানুশোধনীয়মেব। বি, রি, র, ৮।

Sons,[1] while minors, are not, however, under the religous obligation to pay their ancestor's debts, but it has been enjoined that they shall pay the same at their full age: otherwise, they shall be doomed to hell. Thus KA'TYA'YANA :—"On the death of a father, his debt shall in no case be paid by his sons incapable from nonage of conducting their own affairs; but at their full age, they shall pay it in proportion to their shares: otherwise they shall dwell hereafter in a region of horror." Coleb. Dig. vol. I. p. 298.

The paternal grandfather's debts also ought to be paid.—This is declared by VRIHASPATI, KATYA'YANA, and NA'RADA:—"The father's debt must be first paid, and next a debt contracted by the man himself; but the debt of the paternal grandfather must even be paid before eitheir of those."—VRIHASPATI. "BHRIGU ordains that a debt, devolving from the grandfather, which was proved, and acknowleged by the father, must be discharged by grandsons, if it were not contracted for immoral uses, nor (already) paid by the sons. A debt of the paternal grandfather, which is proved, or which is partly liquidated, must be discharged (by the grand son;) but never shall a debt, contracted for immoral uses, or which was contested by his father, be paid (by the grandson). After the death of his father, debts (of his grandfather) must be carefully discharged by the grandson; but a debt contracted by an ancestor is not recoverable from the fourth in descent."—KA'TYA'YANA. "An undisputed debt of the grandfather, which has been successively due by him and his sons, but has remained undischarged by them, shall be paid by his grandsons; but it is not recoverable from a person, who is fourth (in descent from the debtor)."—NA'RADA. *Ibid.* pp. 307—309.

In fact, debts of the paternal grandfather become debts of the father; they are chargeable on him in the first place; next on his son. *Ibid.* vol. III. p. 87.

If the son did not pay his father's debt, the son's son ought to pay it, because it became his father's debt; where the debt did not descend so regularly, the great grandson ought not to pay it, if unwilling to do so.

The great grandson of the original debtor shall not be compelled to pay his debts, unless he take the assets. Coleb. Dig. vol. III. p. 87.

প্রপৌত্রের দায়রূপ ধন প্রাপ্তি কি প্রকার—যে স্থলে পুত্র পৌত্রের মৃত্যুর পর বীজপুরুষ মরে সে স্থলে প্রপৌত্র তাহার দায়াদ হয়, কি যেস্থলে বীজ পুরুষের মৃত্যুর পর তাহার পুত্র ধন পায় তাহার মরণে পৌত্র পায় পরে তম্মরণে প্রপৌত্র পায়? ইহার উত্তর এই যে—বীজপুরুষ ও তৎপুত্র পৌত্র ক্রমে মরাতে প্রপৌত্রকে ধন অর্শিলে প্রপৌত্র প্রপিতামহের ধনাধিকারী হয় না কিন্তু নিজ পিতার ধনাধিকারী হয়; পরন্তু যে যাহার সম্বন্ধাধীন ধনগ্রাহী হয় সেই তাহার দায়াদ। বি. দা. দ্বী. ভা. র. ৪.॥

ঋক্‌থগ্রাহিত্বং কিদৃশং—যত্র বীজপুরুষস্য পুত্র পৌত্র মরণান্তরং নাশস্তত্র তদৃক্‌থগ্রাহীপ্রপৌত্রঃ অথবা যত্র বীজপুরুষস্য মরণোত্তরং তৎপুত্রমায়াতি ঋক্‌থং ততস্তন্মরণে পৌত্রং তন্মরণে প্রপৌত্রং ইত্যত্রাপি, অত্রোচ্যতে—বীজপুরুষস্য তৎপুত্র পৌত্র প্রপৌত্র ক্রমেণ যত্র প্রপৌত্রমাগতং তত্র প্রপৌত্রো ন প্রপিতামহ ঋক্‌থগ্রাহী, পরন্তু স্বপিতুরেব; তথাচ যৎসম্বন্ধেন যো যস্য ঋক্‌থং গৃহ্নাতি স তস্যৈব ঋক্‌থগ্রাহীতি ফলিতার্থঃ। বি, দা, ভা, দ্বী, র, ৪।

ঋণকারিপিতার অভাব হইলে অর্থাৎ তিনি মরিলে প্রব্রজিত হইলে, অথবা বিদেশ গমন করিলে সবৃদ্ধি তদৃণ পুত্রের পরিশোধ কর্ত্তব্য, পৌত্রদেরও পরিশোধ কর্ত্তব্য কিন্তু বৃদ্ধির সহিত নয়। তাহা বৃহস্পতি বিষ্ণু যাজ্ঞবল্‌ক্য ও কাত্যায়ন কহিয়াছেন, যথা—"পিতৃ ঋণ সপ্রমাণ হইলে পুত্রেরা আপন ঋণের ন্যায় তাহা পরিশোধ করিবে, পিতামহের ঋণ পৌত্রে বৃদ্ধি ব্যতিরেকে দিবে, কিন্তু তাহা প্রপৌত্রের পরিশোধনীয় নয়"—বৃহস্পতি ॥ "ঋণগ্রাহী ব্যক্তি মরিলে, প্রব্রজিত অথবা বিংশতি বৎসর প্রবাসি হইলে তাহার পুত্রে বা পৌত্রে ঋণ পরিশোধ করিবে, প্রপৌত্র ইচ্ছুক না হইলে করিবে না" —বিষ্ণু॥ পিতা মরিলে, প্রবাসী বা বিপদগ্রস্ত হইলে তৎ পুত্র পৌত্রে ঋণ পরিশোধ করিবে, কিন্তু সে ঋণের অপহ্নব হইলে সাক্ষি দ্বারা সপ্রমাণ হওয়া চাই"—যাজ্ঞবল্‌ক্য॥ পিতামহের যে ঋণ (অন্য) পৌত্রে বা তাঁহার (নিজ) পুত্রে না দিয়া থাকে তাহাতেও ঐ রূপ নিয়ম, কিন্তু পিতামহের ঋণ পৌত্রে বৃদ্ধিব্যতিরেকে দিবে"—কাত্যায়ন। বি. রি. র. ৮।

ঋণকর্ত্তুঃ পিতুরভাবে অর্থাৎ মরণে প্রব্রজ্যায়াং বিদেশ গমনে বা সুতৈঃ ঋণং সবৃদ্ধিকমেব দেয়ম্, এবং পৌত্রেণাপি নির্ব্বৃদ্ধিকং দেয়ং,—তদাহ-বৃহস্পতি বিষ্ণু যাজ্ঞবল্ক্য কাত্যায়নাঃ—"ঋণমাত্মীয় বৎপিত্র্যং পুত্রৈর্দেয়ং বিভাবিতং। পৈতামহং সমং দেয়ং ন দেয়ং তৎসুতস্য তু"—বৃহস্পতিঃ॥ "ঋণগ্রাহিণি প্রেতে প্রব্রজিতে দ্বিশাঃ সমাঃ প্রবসিতে বা তৎপুত্র-পৌত্রৈর্ঋণং দেয়ং নাতঃপরমনিপ্সুভিঃ"—বিষ্ণুঃ॥ "পিতরি প্রোষিতে প্রেতে ব্যসনাভিপ্লুতেঽপি বা। পুত্র-পৌত্রৈর্ঋণং দেয়ং, নিহ্নবে সাক্ষিভাবিতং"—যাজ্ঞবল্ক্যঃ। "তথা পৈতামহন্তু যৎ পৌত্রৈর্নদত্তং বাপি তৎসুতৈঃ। তৎস্যাদেবং বিধং পৌত্রৈর্দেয়ং পৈতামহং সমং"—কাত্যায়নঃ॥ বি. রি. র. ৮।

তথা—"পিতা গৃহে থাকিয়া দীর্ঘরোগী হইলে, অথবা স্বদেশ হইতে দেশান্তরে থাকিলে, পুত্রেরা পিতৃ কৃত ঋণ বিংশতি বৎসরের পর* দিবে" —কাত্যায়নঃ॥ "পিতা জন্মান্ধ (বা জন্মবধীর) পতিত বা উন্মত্ত অথবা ক্ষয় ও শ্বিত্রাদি রোগগ্রস্ত হইলে, তিনি বাঁচিয়া থাকিতে পুত্রেরা তাঁহার ঋণ পরিশোধ করিবে"—বৃহস্পতি॥

তথা—"বিদ্যমানেতু রোগার্ত্তে, স্বদেশাৎ প্রোষিতে তথা। বিংশাৎ সম্বৎসরাদ্দেয়ং*, ঋণং পিতৃকৃতং সুতৈঃ"—কাত্যায়নঃ॥ "সান্নিধ্যেঽপি পিতুঃপুত্রৈ ঋণং দেয়ং বিভাবিতং। জাত্যন্ধ পতিতোঽন্মত্ত ক্ষয়শ্বিত্রাদি-রোগিণঃ"—বৃহস্পতিঃ॥

---

* রোগার্ত্ত ব্যক্তির পীড়া সারিবার সম্ভাবনা থাকিলে, ও বিদেশগত ব্যক্তির প্রত্যাগমনের আশা থাকিলে উক্ত

* এতচ্চ রোগার্ত্তস্য শক্যপ্রতিক্রিয়ত্ব সম্ভাবনায়াং, প্রোষিতস্য পুনরাগমন সম্ভাবনায়াঞ্চ জ্ঞেয়ং। যদিতু

In what circumstances is he considered as holding the assets? Is it only when he becomes the *(immediate)* heir of his ancestor, who has survived his own son and grandson? or (is he) likewise (considered as such) when the son succeeded to the estate on the death of the proprietor, and after him the grandson; and on his demise the great grandson? The answer is, when the estate of the ancestor passes successively to his son, grandson, and great grandson, this last is not the (immediate) heir of his grandfather, but of his own father. But he who succeeds to the estate of another in right of his relation to him, is considered as holding assets of that person. Coleb. Dig. vol. III. pp. 87, 88.

On failure of the father, who contracted the debt;—that is, if he die, or be secluded from the world, or go to a foreign country; the debt must be paid by his sons with interest. It must be paid even by his son's son (but) without interest. So said VRISHASPATI, VISHNU, JA'GNYAVALKYA, and KA'TYA'YANA:—"The sons must pay the debt of their father, when proved, as if it were their own; the son's son must pay the debt of his grandfather, (but) without interest; and his son (or the great grandson) shall not be compelled to discharge it."—VRIHASPATI. "If he, who contracted the debt, should die, or become a religious anchoret, or remain abroad for twenty years, that debt shall be discharged by his sons or grandsons, but not by remotor descendants against their will."—VISHNU. "The father being gone to a foreign country, or deceased (naturally or civilly) or wholly involved in distress, the sons, or their sons, must pay the debt; but, if disputed, it must be proved by witnesses."—JA'GNYNAVALKYA. "The rule shall be the same in regard to the debts of the grandfather, which have not been discharged by (other) grandsons, nor by his (own) sons: but a debt of the grandfather shall be paid by his grandsons without interest."—KA'TYA'YANA. See Coleb. Dig. vol. I. pp. 273—320.

"If the father be at home, but afflicted with a chronic disorder, or live in a foreign land, his debt shall be paid by his sons after a lapse of twenty years."*—KATYA'YANA. "A debt of the father being proved, it must be discharged by his sons, even in his life time, if he were blind (or deaf) from his birth, or be degraded, insane, or afflicted with phthisis or leprosy, or other hopeless disorder."—VRIHASPATI. *Ibid.* pp. 285, 286.

* This must be understood when the cure of the deceased is possible, or when the return of the absent (parent) may be expected. But when the distemper is deemed incurable, or the return of the absent

এই রূপ পিতা যাহা দিতে প্রতিশ্রুত হইয়া থাকেন, অথবা তিনি যাহা আহিত রাখিয়া বা বন্ধক দিয়া থাকেন কিম্বা ক্রয় করিয়া মূল্য না দিয়া থাকেন তৎ সমুদায় সমাধান পুত্রের কর্ত্তব্য,—কেননা, "যে বস্তু বাক্য দ্বারা প্রতিশ্রুত কিন্তু কার্য্যে দত্ত হয় নাই তাহা ইহ লোকে ও পরলোকে ঋণই ॥ যে প্রতিশ্রুত না দেয় ও দিয়া পুনর্হরণ করে সে বিবিধ নরকগামী হয়, এবং তির্যগ্যোনিতে জন্মে" হারীতঃ ॥ "কোন ব্যক্তি সুস্থ বা আর্ত্তাবস্থায় ধর্ম্মার্থ প্রতিশ্রুত হইলে তাহা অবশ্য দাতব্য, না দিয়া মরিলে তৎপুত্রে দিবে ইহাতে সন্দেহ নাই" —কাত্যায়ন ॥

এবং পিত্রাবদ্ধাভুং প্রতিশ্রুতং যচ্চাহিতং বন্ধক বিধয়া দত্তং বা ক্রীত্বা মুল্যং ন দত্তং বা তৎসর্ব্বং পুত্রস্য সমাধেয়মেব, যতঃ—"বাচা যচ্চপ্রতিজ্ঞাতং কর্ম্মণানোপপাদিতং তদ্ধনং ঋণসংযুক্তং ইহলোকে পরএচ। প্রতিশ্রুত্যাপ্রদানেন দত্তস্যোচ্ছেদনেন চ॥ বিবিধান্ নরকান্ যাতি, তির্য্যগ্ যোনৌচ জায়তে"—হারীতঃ। সুস্থেনার্ত্তেন বা দেয়ং শ্রাবিতং ধর্ম্ম-কারণাৎ। অদত্ত্বাতু মৃতেদাপ্যস্তৎসুতো নাত্রসংশয়ঃ"—কাত্যায়নঃ ॥

পরন্তু—"মদ্যপান ও ক্রীড়া বিষয়ক দেনা, ও বৃথাপ্রতিশ্রুত, ও কাম ক্রোধ ঘটিত প্রতিশ্রুত*, কিম্বা প্রতিভূ হওন বিষয়ক দেনা, দণ্ড শুল্ক অথবা উভয়ের বক্রী পুত্রেরা দিবে না"—বৃহস্পতি ॥ "প্রতিভূ হওন বা বাণিজ্য বিষয়ক দেনা, শুল্ক, মদ্যের মূল্য, খেলার হারি ও দণ্ড পুত্রকে অর্শেনা"—গোতম ॥ "দণ্ড বা দণ্ডের শেষ শুল্ক বা শুল্কের শেষ, এবং নীতি বিরুদ্ধ কার্য ঘটিত যে দেনা তাহা পুত্রের দাতব্য নয়"—ব্যাসঃ ॥ মদ্যপানে কাম কেলিতে ও দ্যূত ক্রীড়ায় পিতার কৃত যে ঋণ এবং যে দণ্ড ও শুল্ক পিতা দেন নাই কিম্বা যাহা বৃথা প্রতিশ্রুত হইয়া থাকেন তাহা ইহ লোকে পুত্রের দাতব্য নয়"—যাজ্ঞবল্ক্যঃ ॥

পরন্তু—"সৌরাক্ষিকং বৃথাদানং কামক্রোধ প্রতিশ্রুতং*। প্রাতিভাব্যং দণ্ড শুল্কং শেষং পুত্রান্ন দাপয়েৎ"—বৃহস্পতিঃ॥ "প্রতিভাব্য বণিক্শুল্ক মদ্যদ্যূতদণ্ডাঃ পুত্রান্ নাধ্যাবহেয়ুঃ"—গোতমঃ॥ "দণ্ডংবা দণ্ড শেষো বা, শুল্কং তৎ শেষএব বা। নদাতব্যস্তু পুত্রেণ যচ্চ ন ব্যবহারিকং"—ব্যাসঃ॥ সুরাকাম দ্যূতকৃতং, দণ্ডশুল্কাবশিষ্টকং। বৃথাদানং তথৈবেহ, পুত্রো দদ্যান্নপৈতৃকং"—যাজ্ঞবল্ক্যঃ। বি. রি. র. ৮।

কিন্তু এতদ্দেশে অধুনা ব্যবহারে এই ব্যবস্থাপিত হইয়াছে, যে—

কিন্ত্বধুনা এতদ্দেশে ইদমেব ব্যবহারে ব্যবস্থাপিতং, যৎ—

ব্যবস্থা জ্ঞেয়া। কিন্তু যদি এমত অবধারণ হয় যে ঐ রোগ সারিবে না ও প্রবাসী ব্যক্তি পুনরাগমন করিবে না তবে তাদৃশ পিতা জীবিত থাকিতেও তাঁহাকে মৃতবৎ জ্ঞানে পুত্রে তাঁহার ঋণ পরিশোধ করিবে। বিংশতি বৎসর প্রতিক্ষা কর্ত্তব্য নয়। বি. রি. র. ৮।

অসাধ্যত্বেনৈব রোগাবধারণং প্রবাসিনশ্চ পুনরাগমনব্যতিরেকাবধারণঃ তদা জীবতোঽপি মৃতস্যেব পিতুঃ পুত্র এব ঋণং দাতুমর্হতি। বিংশতি বর্ষাণি যাবৎ প্রতীক্ষা ন কর্ত্তব্যা। বি. রি. র. ৮।

* "পূর্ব্বে যাহার অন্য পতি ছিল এমত স্ত্রীকে লিখিত দ্বারা অথবা বাচনিক যাহা দিতে প্রতিশ্রুত হইয়া থাকে তাহাকে [প্রাড়বিবাক] কামকৃত ঋণ জানিবেন॥ [কোহারো] হিংসা করিয়া অথবা ক্রোধভরে দ্রব্য নষ্ট করিয়া যাহা তুষ্টিকররূপে বলা যায় তাহা ক্রোধকৃত ঋণ জ্ঞেয়"—কাত্যায়ন।

* "লিখিত্বাউক্তকং বাপি, দেয়ং যত্তু প্রতিশ্রুতং। পরপূর্ব্বস্ত্রিয়ৈযত্তু বিদ্যাৎ কামকৃতং ঋণং॥ যত্রহিংসাংসমুৎপাদ্য ক্রোধাৎ দ্রব্যং বিনাশ্য বা। উক্তং তুষ্টিকরং যত্তু বিদ্যাৎ ক্রোধকৃতন্তুতৎ"—কাত্যায়নঃ।

In like manner, whatever the father had promised, whatever he had deposited, mortgaged, or whatever price he did not pay after purchasing (a thing,) all these should be discharged by the son. *(ante* 491*)*. For, "a promise made in words, but not performed in deed, is a debt (of conscience) both in this world and in the next. He who gives not what he has promised, and he who takes what he has given, sinks to various regions of torment, and springs again to birth from the womb of some brute animal"—NA'RADA. "What a man has promised, in health or in sickness, for a religious purpose, must be given; and if he die without giving it, his son shall doubtless be compelled to deliver it."—KA'TYA'YANA. Coleb. Dig. vol. I. pp. 299—307.

However,—"The sons are not compellable to pay sums due by their father for spirituous liquors, for losses at play, for promises made without any consideration or under the influence of lust or wrath*; or sums for which he was a surety, or a fine, or a toll, or the balance of either."—VRIHASPATI. "Money due by a surety, a commercial demand, a toll, the price of spirituous liquors, a loss at play, and a fine, shall not involve the sons (of the debtor)"—GOTAMA. "Neither a fine, nor a toll, nor the balance due for either, shall be (necessarily) paid by the son of the debtor; nor any debt for a cause repugnant to good morals."—VYASA. "A son need not pay in this world money due by his father for spirituous liquors, for lustful pleasures, for losses at play; nor what remains unpaid of a fine or toll; nor any thing idly promised."—JA'GNYAVALKYA. Coleb. Dig. vol. I. pp. 312—318.

But in this country it is now a settled point that,-

parent is impracticable, the son shall pay the debt of his father, though living, as if he were dead. The creditor need not wait twenty years. Coleb. Dig. vol. I. p. 285.

* What a man has promised, with or without a writing, to give to a woman who had another husband before, let the judge consider as a debt contracted under the influence of lust. But what has been promised to gratify resentment by hurting (another) or destroying his property, let the judge consider as (a debt) incurred under the influence of wrath."—KA'TYA'YA'NA. Coleb. Dig. vol. I. p. 316.

ব্যবস্থা ২১৪ পিতার বা পিতামহের অথবা অন্য কোন পূর্ব্ব স্বামির দায়রূপ ধন প্রাপ্ত না হইলে তাঁহার ঋণ শোধনে বাধিত নয়*

২১৪ পিতুঃ পিতামহস্য কস্যাপ্যন্যস্য পূর্ব্ব স্বামিনো বা দায়াগ্রহণে তদৃণ শোধনে ন বাধিতঃ

ব্যবস্থা ২১৫ পূর্ব্বস্বামির ঋণ তাঁহার ত্যক্ত ধনের পরিমাণানুসারে পরিশোধ কর্ত্তব্য†।

২১৫ পূর্ব্ব স্বামিনঃ ঋণং দায়স্য পরিমাণানুসারেণ পরিশোধনীয়ং†।

ব্যবস্থা ২১৬ মৃত ধনির ত্যক্ত ধন অনেকে গ্রহণ করিলে তৎ প্রত্যেকের নিজ অংশ পরিমাণে পূর্ব্ব স্বামির ঋণ পরিশোধনীয়।

২১৬ মৃতস্য ধনিনো দায়ে বহুন্য গৃহীতে তৎ প্রত্যেকস্য স্বাংশ পরিমাণেন পূর্ব্ব স্বামিনো ঋণং শোধনীয়ং।

ব্যবস্থা ২১৭ পিতামহের জীবনকালে পিতার মরণ হেতু পৌত্রেরা পৈতামহ ধনাধিকারি হইলে আদৌ পিতামহের ঋণ পরিশোধ করিবে, অনন্তর দায়রূপ ধন যদি অবশিষ্ট থাকে তবে পিতার ঋণও পরিশোধ কর্ত্তব্য‡।

২১৭ পিতামহ জীবনকালে পিতুঃ মরণাৎ যদা পৌত্রাঃ পৈতামহ ধনাধিকারিণস্তদা আদৌ তস্যৈব ঋণং পরিশোধনীয়ং অনন্তরং গৃহীতদায়ে অবশিষ্টে সতি পিতৃ ঋণমপি শোধনীয়ং‡।

যেহেতু স্বপিত্রাধীন জাত হওয়াতে পিতৃদ্বারাই তাহাদের অধিকার।

যতঃ স্বপিত্রাধীন জন্মমূলত্বাৎ পিতৃদ্বারেণৈবতেষামধিকারঃ।

উক্ত কারণে এবং উক্ত প্রকারে—

উক্ত কারণেনোক্তপ্রকারেণচ—

ব্যবস্থা ২১৮ অনধিকারি পিতার ঋণ তাঁহার জীবনকালেই পৈতামহ ধনাধিকারি পুত্রদের পরিশোধ কর্ত্তব্য।

২১৮ অনধিকারিণঃ পিতুর্ঋণং তৎসান্নিধ্যেঽপি পিতামহ ধনাধিকারি পুত্রৈঃ পরিশোধনীয়

* পিতৃ ঋণ দিতে পুত্র ধর্ম্মতঃ বাধিত ইহা সর্ব্বত্রই অনেক কথিত হইয়াছে, কিন্তু বোধ হইতেছে বঙ্গদেশে এই নির্দ্ধারিত হইয়াছে যে দায়রূপ ধন প্রাপ্ত না হইলে পূর্ব্বস্বামির ঋণ ব্যবহারে শোধনীয় নয়। এস্ ট্রেঞ্জ সাহেবের হিন্দু ল, বা, ১. পৃ, ২২৭।

† কোলব্রুক্ সাহেব নিজ প্রণীত—"ট্রিটিস্ অন্ অব্লিগেসন্ এণ্ড কন্ট্রাক্ট্স্" নামক গ্রন্থের ২ অধ্যায়ের ৫১ পারেগ্রাফে কহিয়াছেন—'পূর্ব্বস্বামির ঋণাদি তত্ত্যক্ত ধনের সমপরিমিত কিনা তাহার প্রতি দৃষ্টি ব্যতিরেকে উত্তরাধিকারিরা দায়রূপ ধন গ্রহণ করে, অতএব পূর্ব্ব স্বামির ঋণাদি শোধনে অস্বীকৃত হইলে দায়াধিকারিত্ব পরিত্যাগ কর্ত্তব্য'। সুপণ্ডিত সাহেবের এই মতই ধর্ম্ম শাস্ত্রের মর্ম্মানুযায়ি।

‡ যদি পিতার ধন না থাকে, সমস্তই পিতামহের হয়, তথাপি পিতামহের ধনও পিতৃধন হওয়াতে পিতৃ-ঋণ শোধ করিয়া বিভাগ কর্ত্তব্য (বি, দা, ভা, ধী, র, ৩)। পরন্তু ইহা যেস্থলে পিতামহের স্বত্ব নাশান্তে তদ্ধনে পিতার স্বত্ব জন্মে তদ্বিষয়ক।

‡ যদিতু পিত্র্যধনং নাস্তি সর্ব্বমেব পৈতামহধনমস্তি, তথাপি পৈতামহস্যাপি পিত্র্যধনত্বাৎ তদৃণং সংশোধ্য বিভাগঃ কর্ত্তব্যঃ [বি, দা, ভা, ধী, র, ৩]। ইদন্তু পরতে পিতামহেপিতুরধিকার জাতস্থল বিষয়কং।

214 One is not legally bound to pay the debts of his ancestor or any relation unless he inherit his property.* Vyavastha'

215 The heir of a deceased proprietor is liable for his debts to the extent of the property inherited†. Vyavasthá

216 Where the property of a deceased debtor is inherited by several persons, each of them is bound to pay his debts in proportion only to the property received. Vyavasthá

217 If the father die before the grandfather, and the sons (of the deceased) inherit from their grandfather, they must first pay the grandfather's debt, and then, if assets remain, pay the father's debt also‡. Vyavasthá

Because begotten by the father, they received that estate through him.

For the same reason, and in the same manner—

218 Persons inheriting the grandfather's property by reason of their father's incompetency to inherit should pay the debts of the father even in his lifetime. Vyavastha'

* Much as is said every where of the religious tie the son is under to pay the debts of his ancestor it seems settled at Bengal that it has no legal force independant of assets. Strange's Hindu Law. vol. I. p. 227.

† Colebrooke in his Treatise on Obligations and Contracts, (Ch. II. para. 51,) has laid it down that "heirs succeed to the obligations of ancestors without any reference to the adequacy of the property, and the rights of inheritance must be relinquished, when its obligations are repudiated. This opinion of that eminent scholar is in accordance with the letter of the law.

‡ "If there be no property acquired by the father, and the whole estate were left by the paternal grandfather, since it became property of the father, his debts must be paid before partition can take place." (Coleb. Dig. vol. III. p. 87). This must relate to the case where the father died after inheriting the grandfather's property.

প্রমাণ

৵০ জন্মান্ধ, উন্মত্ত, বা ক্ষয় শ্বিত্রাদি রোগগ্রস্ত পিতার ঋণ তাঁহার জীবনকালেই পরিশোধ কর্ত্তব্য। বৃহস্পতিঃ।

৵০ সান্নিধ্যেঽপি পিতুঃ পুত্রৈঃ ঋণং দেয়ং বিভাবিতং। জাত্যন্ধ পতিতোন্মত্ত ক্ষয়শ্বিত্রাদি রোগিণঃ॥ বৃহস্পতিঃ।

৶০ দীর্ঘপ্রবাসি নির্ব্বন্ধু জড় উন্মত্তাদির* ও প্রব্রজিতের ঋণ সে বাঁচিয়া থাকিতেই তাহার স্ত্রী বা ধনগ্রাহী ব্যক্তি দিবে॥ কাত্যায়ন। বি. রি. র. ৮।

৶০ দীর্ঘপ্রবাসি নির্ব্বন্ধু জড়োন্মত্তাদি* লিঙ্গিনাং। জীবতামপি দাতব্যং তৎস্ত্রীদ্রব্যসমাশ্রিতৈঃ॥ কাত্যায়নঃ॥ বি. রি. র. ৮।

ব্যবস্থা

২১৯ ঋণগ্রাহী ব্যক্তি বিংশতি বৎসর যাবৎ প্রবাসী হইলে তৎপুত্র পৌত্র অথবা ধনহারী বিংশতি বৎসরের পর তাহার ঋণ দিবে।

২১৯ ঋণগ্রাহিণি দ্বিদশাঃ সমাঃ প্রবসিতে তৎকৃত ঋণং পুত্র পৌত্রৈঃ ঋক্থগ্রাহিণা বা বিংশাৎ সম্বৎসরাদ্দেয়ং॥

প্রমাণ

৵০ ঋণগ্রাহী মরিলে প্রব্রজিত হইলে কিম্বা বিংশতি বৎসর প্রবাসে থাকিলে তাহার পুত্র পৌত্র ঋণ দিবে, প্রপৌত্রাদি (বিষয় না পাইলে) অনিচ্ছাতে দিবে না। বিষ্ণু।

৵০ ঋণগ্রাহিণি প্রেতে প্রব্রজিতে দ্বিদশাঃ সমাঃ প্রবসিতে বা তৎপুত্রপৌত্রৈঃ ঋণং দেয়ং নাতঃ পরমনিচ্ছুভিঃ॥ বিষ্ণুঃ।

৶০ পিতা রোগার্ত্ত হইলে অথবা স্বদেশ হইতে প্রবাসে থাকিলে (অ) তাহার ঋণ তৎপুত্রেরা বিংশতি বৎসরের পর দিবে। কাত্যায়ন।

৶০ বিদ্যমানেতু রোগার্ত্তে স্বদেশাৎ প্রোষিতে (অ) তথা। বিংশাৎ সম্বৎসরাদ্দেয়ং ঋণং পিতৃকৃতং সুতৈঃ॥ কাত্যায়নঃ।

(অ) যে স্থলে প্রোষিতের প্রত্যাগমন সম্ভাবনা থাকে সেই স্থলেই উক্ত ব্যবস্থা খাটে, কিন্তু যদি এমত অবধারণ হয় যে প্রোষিত ব্যক্তি আর আসিবে না, তবে পিতা বাঁচিয়া থাকিতেই মৃত কল্পনায় পুত্রে তাহার ঋণ দিবে, বিংশতি বৎসর পর্য্যন্ত প্রতীক্ষা করিবে না। বি. রি. র. ৮।

(অ) এতচ্চ প্রোষিতস্য পুনরাগমন সম্ভাবনায়াং জ্ঞেয়ং। যদিতু প্রবাসিনঃ পুনরাগমন ব্যতিরেকাবধারণং তদা জীবতোঽপি মৃতস্যেব পিতুঃ পুত্রএব ঋণং দাতুমর্হতি, বিংশতি বর্ষাণি যাবৎ প্রতীক্ষা ন কর্ত্তব্যা। বি. রি. র. ৮।

যে স্থলে বিদেশগত ব্যক্তির দ্বাদশ বৎসর পর্য্যন্ত বার্ত্তা না শুনা যায়, সেস্থলে অনন্তর তাহার পুত্র তাহার মরণ অবধারণ করিয়া শ্রাদ্ধাদি করিবে, এই ধর্ম্ম শাস্ত্রের বিধি, তদানীং যদি বিংশতি বৎসর সমাপ্তির অপেক্ষায় ঋণ শোধ না করে তবে অনুভব ও যুক্তির বিরুদ্ধ হয়। বি. রি. র. ৮।

যত্র বিদেশগতস্য কস্যচিৎ দ্বাদশ বর্ষ পর্য্যন্তং বার্ত্তা ন শ্রূয়তে ততস্তৎপুত্রস্তস্য মরণমবধার্য্য শ্রাদ্ধাদিকং কুর্য্যাদিতি ধর্ম্মশাস্ত্রং, তদানীঞ্চেৎ বিংশতি বর্ষ সমাপ্তি পর্য্যন্তাপেক্ষয়া ঋণং ন পরিশোধয়তি তদানুভববিরোধঃ যুক্তিবিরোধশ্চ স্যাদিতি। বি. রি. র. ৮।

ব্যবস্থা

২২০ বার্দ্ধক্য বা দীর্ঘ রোগার্ত্ততা জন্য কর্ম্মাক্ষম ব্যক্তির ঋণ তদ্ধনরক্ষণাবেক্ষণকারি পুত্রাদি পরিশোধ করিবে।

২২০ বার্দ্ধকেন দীর্ঘ রোগার্ত্তত্বেন বা কর্ম্মানর্হস্য ঋণং তদ্ধনরক্ষকাবেক্ষক পুত্রাদিনাবশ্যং পরিশোধনীয়ং।

* আদিপদে আর আর অনধিকারিরা বোধ্য। অনধিকার প্রকরণ দ্রষ্টব্য।

* আদিপদেনান্যেঽনধিকারিণঃ বোধ্যাঃ। অনধিকারি প্রকরণং দ্রষ্টব্যং।

I. A debt of the father being proved, it must be discharged by sons, even in his lifetime, if he were blind from his birth, or be degraded, insane, or afflicted with phthisis or leprosy, or other hopeless disorder. VRIHASPATI. Authority

II. The debts of men long absent in a foreign country, of idiots, mad men, and the like,* who have no male kindred, and of religious anchorets, must be paid, even during their lives, by such as have the care of the (debtors') wives and goods. KA'TYA'YANA. Coleb. Dig. vol. I. pp. 286, 338.

219 If a person after contracting a debt remain abroad for twenty years, his debt shall, after that period, be paid by his son grandson, or the person who held his property. Vyavastha'

I. If he, who contracted the debt, should die, or become a religious anchoret or remain abroad for twenty years, that debt shall be discharged by his sons or grandsons, but not by remoter descendants against their will, VISHNU. *Ibid.* p. 274. Authority

II. If the father be at home, but afflicted with a chronic disorder, or live in a foreign land (a), his debt shall be paid by his sons after the lapse of twenty years. KA'TYA'YANA.

(a) This must be understood when the return of the absent (parent) may be expected. But, when the return of the absent parent is impracticable, the son shall pay the debt of his father though living, as if he were dead. The creditor need not wait twenty years.

If no intelligence be received, during twelve years, concerning any man who has travelled to a foreign country, the law requies his son to perform obsequies and the like, presuming his death; if the son did not *then* pay the debt until twenty years had elapsed, that would be inconsistent with common sense, and with the reason of the law. Coleb. Dig. vol. I. pp. 285, 286.

220 If a person be incapacitated by extreme old age, or by chronic disease, his son or another who holds or manages his estate, must pay his debts. Vyavasthá

* The term 'and the like' comprehends the other persons incompetent to inherit. See the Chapter treating of exclusion from inheritance.

প্রমাণ ১/০ ব্যাধিত উন্মত্ত বৃদ্ধ(ই) তথা দীর্ঘপ্রবাসি ব্যক্তিদের ঋণ তাহারা বাঁচয়া থাকিতেই তৎপুত্রদের দিয়া দেওয়াইবে। কাত্যায়ন।

(ই) বৃদ্ধ—অর্থাৎ জরা প্রযুক্ত কর্ম্মাক্ষম।

১/০ ব্যাধিতোন্মত্ত বৃদ্ধানাং (ই) তথা দীর্ঘপ্রবাসিনাং। ঋণমেবংবিধং পুত্রান্ জীবতামপি দাপয়েৎ॥ কাত্যায়নঃ।

(ই) বৃদ্ধেতি জরয়াকর্ম্মানর্হঃ॥ বি. রি. র. ৮।

৶০ "পিতা জীবিত থাকিতে ধন গ্রহণ ও ব্যয় এবং বন্ধক বিষয়ে পুত্রেরা স্বাধীন নয়, (কিন্তু) পিতা জরাগ্রস্ত বা প্রবাসস্থ অথবা পীড়িত হইলে জ্যেষ্ঠ পুত্র বিষয় দেখিবে"—হারীত। পিতা অশক্ত হইলে জ্যেষ্ঠ পুত্র বিষয় কার্য্য নির্ব্বাহ করিবে, অথবা কার্য্যজ্ঞ অন্য ভ্রাতা তদনুমতিতে কার্য্য করিবে, কিন্তু পিতা বৃদ্ধ, বিপরীত চিত্ত, অথবা দীর্ঘরোগী হইলেও তাঁহার ইচ্ছা না হইলে বিভাগ হয় না। জ্যেষ্ঠই পিতার ন্যায় আর আর ভ্রাতার বিষয় রক্ষা করিবেন। ব্য. দ. পৃ. ৩৯২।

৶০ "জীবতি পিতরি পুত্রাণাং অর্থাদান বিসর্গাক্ষেপেষু ন স্বাতন্ত্র্যং, কামং দীনে প্রোষিতে আর্ত্তিং গতে বা জ্যেষ্ঠোঽর্থাংশ্চিন্তয়েৎ॥"—হারীতঃ। "পিতর্য্যশক্তে ব্যবহারান্ জ্যেষ্ঠঃ প্রতিকুর্য্যাৎ, অনন্তরো বা কার্য্যজ্ঞস্তদনুমতো, নত্বকামে পিতরি ঋক্থ বিভাগো, বৃদ্ধে বিপরীত চেতসি দীর্ঘরোগিনি বা জ্যেষ্ঠএব পিতৃবদর্থান্ পালয়েদিতরেষাং। ব্য, দ, পৃ, ৩৯২।

ব্যবস্থা ২২১ যদি পিতা পুত্রদের মধ্যে নিজধন ও ঋণ বিভাগ করিয়া দিয়া আপনি নিজ অংশ লইয়া অন্য পুত্র উৎপন্ন করেন, তবে বিভাগের পর জাত পুত্র পিতার গৃহীত ও পরে উপার্জ্জিত ধন লইবে, ও ঋণ দিবে।

২২১ যদি পিত্রা পুত্রাণাং মধ্যে স্বধনং ঋণঞ্চ বিভজ্য স্বয়ঞ্চ স্বাংশং গৃহীত্বা পুত্রান্তর উত্পাদিতস্তদা ভিগানন্তরোৎপন্ন পুত্রঃ পিতুর্গৃহীতমনন্তরার্জ্জিতঞ্চ ধনং গৃহ্নীয়াত্, ঋণঞ্চ দদ্যাত্।

কারণ যে হেতু পূর্ব্বজ ভ্রাতারা পিতৃকৃত বিভাগে স্ব২ স্বীকৃত ঋণাপেক্ষা অধিক পরিশোধ করিতে বাধিত নয়।

পিতৃ কৃতবিভাগে স্বীকৃত ঋণাদধিক পরিশোধনে পূর্ব্বজ ভ্রাতৃণামবশ্যস্তাবাভাবাৎ।

প্রমাণ বিভাগের পূর্ব্বে জাতপুত্র পিতার ধনে অধিকারি নয়, এবং বিভাগের পর জাত পুত্র ভ্রাতার প্রাপ্ত ভাগে অধিকারী নয়, যেমত ধনে তেমনি ঋণেও নয়, কেবল অশৌচ আর উদকক্রিয়াতে পরস্পর সংসৃষ্ট।

অনীশঃ পূর্ব্বজঃ পিত্রে ভ্রাতৃভাগে বিভক্তজঃ। যথা ধনে তথার্ণেঽপি মুক্ত্বাশৌচোদকক্রিয়াং॥ বৃহস্পতিঃ। বি. রি. র. ৮। দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৪৮৮, ৪৯০।

ব্যবস্থা ২২২ দর্শনে প্রত্যয়ে ও দানে প্রতিভূ হওয়ার বিধান আছে, উপস্থিতি ও প্রত্যয় বিষয়ে অন্যথা হইলে আদ্যদ্বয়কে নিজ২ স্বীকৃত ধন নিজেইদিতে হইবে, কিন্তু দানপ্রতিভূর দায়াদকেও দিতে হইবে।

২২২ দর্শনে প্রত্যয়ে দানে প্রাতিভাব্যং বিধীয়তে। আদ্যৌতু বিতথে দাপ্যাবিতরস্য সুতা অপি॥ যাজ্ঞবল্ক্যঃ।

দ্রষ্টব্য—মনু—অ. ৮, ব. ১৫৮, ১৬০, ১৬১ ও ১৬২। এবং ৫০৩ পৃষ্ঠার নীচে প্রকটিত নোট দ্রষ্টব্য।

I. A creditor may enforce payment of such debts from the sons of his debtors, who though alive,* are incurably diseased, mad, or extremely aged (i), or have been very long in a foreign country, (provided the sons have assets of the debtor.) KA'TYA'YANA. Authority

(i) 'Extremely aged'—that is incapcitated by old age for (the management of) affairs. Dig. I. p. 286.

II. "While the father lives, sons have no independent power in regard to the receipt, expenditure, and bailment of wealth. But, if he be decayed, remotely absent, or afflicted with disease, let the eldest son manage the affairs as he pleases."—HA'RITA. "If the father be incapable, let the eldest manage the affairs of the family, or, with his consent, a younger brother conversant with business: partition of the wealth does not take place, if the father be not desirous of it: when he is old, or his mental faculties are impaired, or his body is afflicted with a lasting disease, let the eldest, like a father, protect the goods of the rest.—SANKHA & LIKHITA. Coleb. Dá. bhá. pp. 19, 20.

221 If a person, after dividing his estate and debts amongst his sons, be separate from them, taking his portion, and beget, another son, then the son begotten after partition shall inherit the father's property both reserved and subsequently acquired, and pay his debts. Vyavastha

The sons born before partition being responsible for no more of the debts than the portions undertaken by them in partition. Reason.

A son born before partition has no claim on the paternal estate, nor a son born after it on the portion of his brother, whether in respect of property or debts; nor have they any claims on each other except to purification and oblation of water (if either of them die.) VRIHASPATI. Coleb. Dig. vol. I. p. 287. See *Ante* pp. 489 491. Vyavasthâ

222 Suretiship is ordained for appearance, for honesty, and for payment; the two first (sureties, and not their sons,) must pay the debt, on failure of their engagements, but even the sons of the last (may be compelled to pay it). JA'GNYAVALKYA. Coleb. Dig. vol. I. p. 246. Vyavastha

* *Vide* MANU, Ch. VIII. V. 158, 160, 161, and 162. See also the note under page 537.

ভিন্ন২ আদালতে দত্ত ও গ্রাহ্য হওয়া, এবং উইলিয়ম্ মেকনাটন্ সাহেবের পরীক্ষিত ও মনোনীত, ব্যবস্থা।

প্র.—ঋণগ্রস্ত এক ব্যক্তি কিছু বিষয় রাখিয়া মরে, কিন্তু তাহা তৎসমুদায় ঋণ পরিশোধে কুলায়না। ঐ মৃত ব্যক্তির তিন অপ্রাপ্ত ব্যবহার পুত্র ও স্ত্রী তত্ত্যক্ত বিষয় অধিকার করে। এমত অবস্থায় এই ব্যক্তিরা মৃত ধনির ঋণ পরিশোধ করিতে বাধিত কি না?

মৃতব্যক্তির ত্যক্ত ধনগ্রাহি উত্তরাধিকারিরা তাহার ঋণ অবশ্য পরিশোধ করিবে।

উ.—মৃত ব্যক্তির ত্যক্ত বিষয় যদি তাহার স্ত্রী ও পুত্রেরা লইয়া থাকে তবে তদৃণ তাহারা অবশ্যই পরিশোধ করিবে। পুত্রের কর্ত্তব্য যে পিতৃঋণ শোধদিয়া পিতাকে মুক্ত করে, এবং ইহা পিতৃধন পুত্রদের মধ্যে বিভাগের পূর্ব্বেই কর্ত্তব্য। অপ্রাপ্ত ব্যবহার পুত্রেরা প্রাপ্ত ব্যবহার নাহওয়া পর্য্যন্ত পিতৃত্যক্ত বিষয়ের উপরকর্ত্তৃত্ব করিতে পারে না বটে, পরন্তু তাহাদেরও পিতৃঋণ পরিশোধ অবশ্য কর্ত্তব্য। পত্নী যদি ঐ ধন অধিকার করিয়া থাকে তবে তাহার কর্ত্তব্য যে ঐ ঋণ পরিশোধ করে; কিন্তু বিষয়ের পরিমাণ হইতে ঋণ যদি অধিক হয়, তবে মৃত ব্যক্তির ত্যক্ত সমুদায় বিষয় উত্তমর্ণকে দিতে হইবে, তাহা দিলে পর উত্তরাধিকারিরা সকল দাওয়া হইতে বিমুক্ত বিবেচিত হইবে।

রাম রতন দাস—বনাম—রাজু প্রভৃতি। মেক্. হি ল. বা. ২, চ্যা. ১০. মকদ্দমা ১ (পৃ. ২৭৭)।

প্র.—কোন ঋণী ব্যক্তি মরিলে তাহার উত্তমর্ণ তদুত্তরাধিকারিদিগের নামে অর্থাৎ, তৎপত্নী ও ভ্রাতাদের নামে অভিযোগ করে; কিন্তু ঋণপত্রে এমত নিয়ম লিখিত হয় নাই যে ঋণির উত্তরাধিকারি ও স্থলাভিষিক্তেরা ঐ ঋণ পরিশোধ করিবে। এমত অবস্থায়, মৃত ব্যক্তির উত্তরাধিকারিরা ঐ ঋণ দিতে বাধিত কি না?

মৃতব্যক্তির ত্যক্ত ধনগ্রাহি উত্তরাধিকারিকে গৃহীত ধনের পরিমাণে ঋণ দিতে হইবে।

উ.—ঋণপত্রে লিখিত ঋণ যদি মৃত ব্যক্তি যথার্থতঃ লইয়া থাকে, তবে তাহার পত্নী ঐ ঋণাদানে সংসৃষ্ট থাকিলে কিম্বা তৎশোধনে স্বীকৃত হইয়া থাকিলে, অথবা তাহার ত্যক্ত ধনাধিকারিণী হইলে—উত্তরাধিকারী ঋণের দায়ী এমত কথা ঋণপত্রে না থাকিলেও—ঐ ঋণ পরিশোধ করিবে। অপৃথক্ ভ্রাতাদের মধ্যে এক জনে যৌত পরিবার পালন নিমিত্তে ঋণ করিলে অন্য অংশিরা ঐ ঋণ অবশ্য পরিশোধ করিবে। এই মত শাস্ত্র সম্মত।

জিলা যশোহর। মেক্. হি. ল. বা. ২. চ্যা. ১০, মকদ্দমা ৬ (পৃ. ২৮৩)।

প্র.—এক ব্যক্তি এক পত্নী রাখিয়া মরে, ঐ পত্নী—মরণ পর্য্যন্ত ক্ষান্তা হইয়া ভোগ করিবে দান বা বিক্রয় করিতে পরিবে না—এই শাস্ত্রাধীন তদ্বিষয়াধিকারিণী হইয়া পতিরত্যক্ত বিষয় রক্ষার্থে অথবা অন্য কর্ম্মে ঋণ করিয়া ঐ ঋণে ঋণগ্রস্তাবস্থায় পতির ভ্রাতা ও ভ্রাতৃপুত্রকে দায়াদ রাখিয়া মরে। তাহার পতির ভ্রাতা ঐ বিষয় অধিকার করে, এবং অন্য ভ্রাতৃপুত্র তাহার অর্দ্ধেকের ডিক্রী প্রাপ্ত হয়। এমত অবস্থায় ঐ ঋণ পরিশোধ তৎপতির ভ্রাতার ও ভ্রাতৃপুত্রের কর্ত্তব্য কি না?

যে অবস্থায় (দায়াদ) পত্নীর কৃত ঋণ ধনির উত্তরাধিকারিদের শোধনীয় তাহা।

উ.—ঐ ধনির ধনাধিকারিণী পত্নী যদি রাজকর দিবার নিমিত্তে কিম্বা বিষয় রক্ষার্থে আর আর আবশ্যক ব্যয় নিমিত্তে অথবা পতির পারলৌকিক উপকারার্থে কিম্বা পরিবার পালনার্থে অথবা পতির কৃত নিয়ম যথাযোগ্য রূপে নিষ্পাদনার্থে ঋণ করিয়া ঐ ঋণ পরিশোধের পূর্ব্বে কালপ্রাপ্ত হইয়া থাকে তবে ধনির উত্তরাধিকারিরা অর্থাৎ তদ্ভ্রাতা ও ভ্রাতৃপুত্রেরা ঐ ঋণ পরিশোধ করিতে বাধিত। কিন্তু যদি উপরি উক্ত কর্ম্ম ভিন্ন অন্য কর্ম্মে ব্যয় নিমিত্ত ঐ টাকা ধার করা হইয়া থাকে তবে যে ব্যক্তি ঐ পত্নীর অলঙ্কার এবং অন্য অস্থাবর ধন লইয়া থাকে সেই ঐ ঋণ দিবে। এই মত দায়ভাগ, মিতাক্ষরা, বিবাদ চিন্তামণি, দীপকলিকা ও আর২ গ্রন্থানুমত।

*Legal opinions delivered in, and admitted by, several courts of judicature, and selected and approved of by Sir William Macnaghten*

Q. A person died involved in debt, leaving some property, but not sufficient to answer all legal demands. His three minor sons and his widow took possession of the assets of the deceased's estate. In this case, are the individuals in question bound to liquidate the debts contracted by him?

The heirs who take the assets, are bound to discharge the debts of the deceased.

R. If the assets of the estate of the father have been taken by the widow of the deceased and his sons, they are bound to pay his debts. It is incumbent on a son to exonerate his father by liquidating his debts, and this should be done before any partition of the paternal estate among the sons. The minor sons cannot exercise any power over the patrimony until they come of age, but then the liquidation of the father's debts becomes incumbent on them also. If the widow succeed to the estate, she should discharge the debts; but if the amount of the debt be larger than the property is capable of satisfying, the whole property which the deceased left must be given to the creditors, and then his heirs must be considered as absolved also from all claims.

Ba'mratan Da's v. Raju and others. Macn. H. L. vol. II. Ch. 10, case 1, p. 277.

Q. A creditor, on the death of a debtor, sues his heirs, namely, his widow and brothers; but it is not conditioned in the bond that the debtor's heirs and representatives shall discharge the debt. In this case, are the heirs of the debtor bound to liquidate that debt or not?

The heir who takes the assets of a deceased debtor, must satisfy his creditors, as far as the assets go.

R. If the deceased debtor should have *bona fide* borrowed the sum mentioned in the obligation, his widow must fulfil the conditions, provided she was a party to the contract, or promised to discharge the debt, or provided she received his assets, even though there be no mention of the heir's responsibility for the payment. If one of the associated brothers contract debts for the support of the joint family, the other parceners must discharge them. This opinion is consonant to law.

Zillah Jessore. Macn. H. L. vol. II. ch. 10, case 6 (p. 283).

Q. A person died, leaving a widow, who succeeded to his estate subject to the law which allows her only to enjoy the property with moderation until her death, but not to give or sell it; and having contracted a debt either to save the property left by her husband or for other purposes, died without liquidating such debt, leaving her husband's brother and brother's son claimants to the property. Her husband's brother took possession of the property, and the other brother's son attained a decree for a moiety of the same. In this case, will the liquidation of the debt rest with the brother and the brother's son of her husband?

Circumstances under which the husbands heirs are lible for a debt contracted by his widow.

R. Supposing the proprietor's widow, who succeeded him, to have contracted the debt for the payment of rent due to Government, or other necessary disbursements, to save the estate, or for the purpose of promoting her husband's spiritual welfare, or for the support of the family, or for the due execution of any conditions made by her husband, and to have died prior to the liquidation of such debt, the proprietor's heirs, that is, his brother and brother's son, are bound to discharge the debt. And if the amount was borrowed for the purpose of being appropriated to any other purposes than those specified, such debt must be satisfied by him who becomes possessed of her jewels and other movable property. This opinion is conformable to the *Da'yabha'ga, Mita'kshara', Vivada'chinta'mani, Di'pakalika'*, and other legal authorities.

**প্রমাণ—**

দায়ভাগধৃত নারদ বচন—দ্রষ্টব্য বা. দ. পৃ. ৫১৮।

ঋণশোধের আবশ্যকতা মিতাক্ষরাধৃত গৌতম বচনে উক্ত হইয়াছে, তদ্‌যথা "যে অপুত্রকের ধন গ্রহণকরে সে অবশ্য তাহার ঋণ পরিশোধ করিবে"; এবং বিবাদচিন্তামণি ধৃত বৃহস্পতি বচনেও কথিত আছে, তদ্‌যথা—"পিতা মরিলে, তৎপুত্রেরা বিভাগের পরে বা পূর্ব্বে স্ব স্ব অংশানুসারে পিতৃঋণ পরিশোধ করিবে, কিম্বা যে পুত্রে সে ভার গ্রহণ করিয়া থাকে সেই কেবল তাহা দিবে"*।

দীপকলিকাধৃত মনু বচন, তদ্‌যথা—"ঋণী যদি মরে ও তদৃণ যদি পরিবারের নিমিত্তে ব্যয় হইয়া থাকে তবে ঐ পরিবারে বিভক্ত বা অবিভক্ত হউক নিজ বিষয় হইতে ঐ ঋণ দিবে"। এই সকল বচনে ব্যবহৃত পিতৃপদে পিতা এবং অন্য ব্যক্তি বোধ্য।

যেরূপ ঋণ পরিশোধনীয় নয় তাহা বিবাদচিন্তামণিতে উক্ত হইয়াছে, তদ্‌যথা—"মদকপানীয় দ্রব্যে কামকেলিতে ও খেলার হারিতে পিতার যে দেনা হয় অথবা দণ্ডের বা শুল্‌কের বক্রী ও বৃথা প্রতিশ্রুত যাহা তাহাইহালোকে পুত্রের দাতব্য নয়"॥

ঢাকা কোর্ট আপীল, ২৯ মে ১৮২০ সাল। মেক্‌. হি. ল. বা. ২. চ্যা. ১০, মকদ্দমা ৭ (পৃ. ২৮৩—১৮৫)।

প্র.। এক ব্যক্তি শূদ্র টাকা ধার লওনে স্বজাতীয় এক জন তাহার প্রতিভূ হইয়া এই টাকা পরিশোধের পূর্ব্বে কালপ্রাপ্ত হয়। এমত অবস্থায়, এই উত্তমর্ণ মৃতপ্রতিভূর বিষয় হইতে ঐ ঋণের টাকা আদায় করিতে পারে কি না?।

কাহারো জামিন হইয়া মরিলে তাহার দেনা মৃত প্রতিভূর বিষয় হইতে পরিশোধনীয় নয়।

উ.। ঋণি ব্যক্তি টাকা পরিশোধ না করিয়া থাকিলেও মৃত প্রতিভূর বিষয় হইতে উত্তমর্ণ ঐ ঋণ আদায় করিতে পারে না। এই প্রচলিত মতা।

জিলা চট্টগ্রাম, ২৫ সেপ্‌টেম্বর ১৮২০ সাল। মেক্‌. হি. ল. বা. ২, চ্যা. ১০, মকদ্দমা ৮. (পৃ. ২৮৫).

প্র.। এক ব্যক্তি কিছু টাকা ধার করিয়া ঐ টাকার এক বিপণি করণান্তে কাল প্রাপ্ত হয়। তাহার মৃত্যুর-পর তৎপিতা ও ভ্রাতারা ঐ দোকানে যেং দ্রব্য ছিল তৎসমুদায় গ্রহণ করে। এমত অবস্থায় ঐ মৃতব্যক্তির কৃত ঋণ তৎপিতার ও ভ্রাতৃগণের অবশ্য শোধনীয় কি না? এবং ঐ ঋণী ব্যক্তি যদি এক পত্নী রাখিয়া গিয়াথাকে ও সে যদি ঐ বিপণিতে স্থিত দ্রব্যের কোন অংশ না লইয়া থাকে তথাপি সে ঐ ঋণের দায়িনী কি না?

মৃত ব্যক্তির বিষয় গ্রাহিরা তাহার ঋণ পরিশোধ অবশ্য করিবে।

উ.। উপরি উক্ত অবস্থায়, ঐ ঋণির পিতা ও ভ্রাতৃগণ তদৃণ পরিশোধ করিতে বাধিত, তৎপত্নী তাহার দায়িনী নয়।

---

* ডাই জেষ্টের ১ বালামের ২৭৫ পৃষ্ঠাতে ইহা নারদের বচন বলিয়া ধৃত হইয়াছে, বৃহস্পতির নয়।

† যদিও প্রশ্নের মজ্‌মুনে বোধ হইতে পারে যে ব্যবহৃত প্রতিভূপদে ঋণের প্রতিভূ-ই অভিপ্রেত তথাপি উত্তরে কোন্‌ প্রতিভূ অভিপ্রেত ইহা স্পষ্ট লিখিতহয় নাই। যদি ঋণের প্রতিভূ হয়, তবে উত্তরাধিকারিরা তাহার দায়ি. ও প্রশ্নের উত্তর ভ্রমময়। হিন্দুদের ধর্ম্ম শাস্ত্রে তিনপ্রকার প্রতিভূ আছে.—'প্রত্যয় প্রতিভূ. দানপ্রতিভূ, ও দর্শনপ্রতিভূ'—তন্মধ্যে প্রথম বিশ্বাসম্বন্ধিরক প্রতিভূ বুঝায়. এবং ইহার কার্য্য. যথা কোল ব্রুকসাহেব বর্ণনা করেন, এই যে—"কাহারো উপকারার্থে অন্যকে বলা যে তাহাকে বিশ্বাস করে. টাকা ধার দেয়, ধারে দেয়, তাহার কার্য্য চালায়, অথবা তাহার ক্রুটির দায়ী হয়"। দ্বিতীয় যথা [তিনি কহেন]—এক ব্যক্তির স্থিত ঋণ পরিশোধ করিতে স্বীকার করিয়া ভবিষ্যতে তাহার দায়ী হওয়া" [কোলব্রুকের 'অব্‌লিগেসন্‌ ও কন্‌ট্রাক্ট' নামকগ্রন্থ, চ্যা. ১০, পরিচ্ছেদ ২৮২]। ইহা দেনার প্রতিভূ বুঝায়। তৃতীয়, উপস্থিতির প্রতিভূ বুঝায়, ইহা পারস্য হাজির জামিন্‌ পদের সমান,—এইরূপে বাধিত ব্যক্তি আসামী গরহাজির হইলে তাহাকে হাজির করিয়া দেওনের ভার গ্রহণকরে বা দায়ী হয়। প্রথম ও শেষোক্ত বিষয়ে ভার গ্রহণকারি ব্যক্তির নাশে তাহার ভরেরও নাশ হয়, কিন্তু দ্বিতীয় রূপ বিষয়ে ঐ ভার প্রতিভূ মরিলে তাহার উত্তরাধিকারিকে বর্ত্তে। এষ্ট্রেঞ্জ-সাহেবের হিন্দু ল-র ১০ সংখ্যক আপেণ্ডিক্সের ৪৭৩ ও ৪৭৪ পৃষ্ঠা দ্রষ্টব্য।

*Authorities* :—

The text of NA'RADA cited in the *Da'ya'bhaga*. See *ante*, p. 519.

The necessity of liquidating the debt is recognised by the text of GOUTAMA cited in the *Mita'kshara* :—" He who takes the assets of a man leaving no male issue, must pay the sum due by him ; " and by the text of VRIHASPATI laid down in the *Viva'dachinta'mani* :—" A father being dead, his sons, whether after partition or before it, shall dicharge his debt, in proportion to their shares ; or that son alone, who has taken the burthen upon himself."*

In the *Di'pakalika'* MANU :—" If the debtor be dead, and if the money borrowed was expended for the use of his family, it must be paid by the family, divided or undivided, out of their own estate." By the term " father," mentioned in all the texts, must be understood the father and others.

The debts which are not chargeable are noticed in the *Viva'dachinta'mani* :—" A son need not pay in this world money due by his father for spirituous liquors, for lustful pleasures, for loss at play ; nor what remains unpaid of a fine or toll ; nor any thing idly promised."

Dacca Court of Appeal. May 29th, 1830. Macn. H. L. vol. II. Ch. 10, case 7 (pp. 283—285).

Q. A *Su'dra* became surety for a person of his own class, to whom a sum of money had been lent, and died previously to the liquidation of the debt. In this case, is the creditor entitled to realize the debt out of the deceased surety's property?

The estate of a deceased surety is not liable for the debts of his principal : but quere ?

R. The creditor cannot realize his debt out of the deceased surety's property, even though payment should not have been made by the debtor. This is the received opinion.†

Zillah Chittagong, September 25th 1820. H. L. vol. II. Ch. 10, case 8 (p. 285).

Q. A person having borrowed a sum of money, established a shop with the said money, and then died : subsequently to his death, his father and brothers appropriated all the goods that were in the shop. In this case, is the satisfaction of the debt, contracted by the deceased, incumbent on his father and brothers, or not ? and supposing the debtor to have left a widow, who took no part of the property left in the shop, is she nevertheless responsible for his debt, or otherwise ?

Those who take the property of the deceased are bound to liquidate his debts.

R. Under the circumsatnces stated, the debtor's father and brothers are bound to liquidate his debt, but his widow cannot be held liable for it.

---

* This is not the text of *Vrihaspati* but of *Na'rada*, in Digest vol. I. page 275.

† It is not distinctly stated what description of surety was meant, though from the terms of the question it may be apprehended that security for the loan was intended. Supposing this to be the case, the heirs are answerable, and the reply to the question is erroneous. According to the Hindu law, there are three sorts of accessary obligations, the PRATYA PRATIBHU', DA'NA PRATIBHU', and DURSHANA PRATIBHU'. The first signifies a security for the purpose of confidence, and his undertaking is that which has been described by Mr. Colebrooke as a " mandate, or precedent undertaking of a mandate, for another's benefit, bidding one trust another, lend him money, allow him credit, manage business for him, or become answerable for his default." The second is that which he terms " *constitute*, or subsequent undertaking of a person, who engages to pay a subsisting debt, or fulfils an existing obligation of a third party."—Colebrooke Obl. and Cont. Chap X. Section 282. It signifies a surety for payment. The third signifies a surety for appearance, and answers to the Persian term *Házirzámin*, the obligor undertaking to produce the person of the principal, in the event of his not being forthcoming. In the first and last mentioned sorts of engagement, the death of the contracted party extinguishes the obligation ; but in the second case, the obligation devolves on the representatives of the deceased surety. See Colebrooke, cited in *Elem. Hindu Law.* Appendix X. pp. 463, 464.

প্রমাণ—

মিতাক্ষরাতে ও আর২ গ্রন্থে ধৃত যাজ্ঞবলক্য বচন, তদ্যথা—"দুই বা অধিক অংশিদের অথবা অবিভক্ত দায়দদের মধ্যে এক জন যদি পরিবার পালনার্থে ঋণ করিয়া মরে, অথবা অতিদীর্ঘকাল প্রবাসী হয়, তবে অন্য দায়াদেরা অথবা অবিভক্ত অংশিরা তাহা পরিশোধ করিবে"।

মেক্. হি. ল. বা. ২. চ্যা. ১০, মকদ্দমা ১০ (পৃ. ২৮৬ ও ২৮৭)।

প্র.। এক ব্যক্তি ঋণ করিয়া প্রব্রজিত হয়, অর্থাৎ সন্ন্যাস ধর্ম্মাশ্রয় করে। ও তাহার পৈতৃক ভূমিসম্পত্তি ভ্রাতার উত্তরাধিকারিগণকে অর্শে। এমত অবস্থায় উত্তমর্ণ ঐ বিষয় হইতে নিজ পাওনা আদায় করিতে পারে কি না?

প্রব্রজিত ব্যক্তির ঋণ তদ্বিষয়গামি, যে তাহার বিষয়-গ্রাহী সেই তাহার ঋণের দায়ী।

উ.। ঐ ব্যক্তি যদি টাকা ধার করিয়া জ্ঞাতির হস্তে পৈতৃক স্থাবর বিষয় রাখিয়া গৃহস্থাশ্রম ত্যাগ করিয়া থাকে, তবে তাদৃশাবস্থায় তাহার বিষয়াধিকারি জ্ঞাতারা ঐ ঋণের দায়ি; যদি তাহারা ঐ টাকা পরিশোধ না করে, তবে উত্তমর্ণকে ক্ষমতা আছে যে অধমর্ণের বিষয় হইতে নিজ প্রাপ্য টাকা আদায় করে, যথা যাজ্ঞবল্ক্য কহিয়াছেন "যে ব্যক্তি অধিকার যোগ্য পুত্র হীন ধনির ধন প্রাপ্ত হয়, সে তদ্বিষয়ের উপর যে দেনা তাহা দিবে, অথবা তদভাবে যে ব্যক্তি (ঐ মৃতের) স্ত্রীলয় সেই দিবে, কিন্তু সে পুত্রে দিবে না যাহার পিতৃবিষয় অন্যে অধিকার করিয়াছে"। মিতাক্ষরা ও আর২ গ্রন্থের ঋণ শোধন প্রকরণে এতদ্বিষয়ক বিধান অধিক স্পষ্টরূপে লিখিত আছে। সহর চুঁচুড়া। ১৩ জুন ১৮ ১৫ সাল। মেক্ হি. ল. বা. ২, চ্যা. ১০, মকদ্দমা ১২ (পৃ. ২৮৮ ও ২৮৯)।

প্র.। এক ব্যক্তি ভ্রাতাদের সহিত একত্র এক পরিবার রূপে বাস করতঃ কিছু টাকা ধার লইয়া এক ঋণপত্র লিখিয়া দেয়, তাহাতে কিস্তি২ করিয়া ঐ ঋণ শোধদিবার নিয়ম করে। পরে ঋণী তদ্রূপ পরিশোধ না করিয়া পরিবার অবিভক্ত থাকন কালে দূর দেশে গমন করে, এবং নয় বৎসর পর্য্যন্ত তাহার বর্ত্তা পাওয়া যায় নাই। এক্ষণে ঐ ঋণির ভ্রাতৃগণ ও পত্নী পরিবারীয় স্থাবরাস্থাবর বিষয় যৌতরূপে ভোগ করিতেছে। এমত অবস্থায় ঋণির বিষয়াধিকারিদের স্থানে উত্তমর্ণ নিজ প্রাপ্য টাকা দাওয়া করিতে পারে কি না; অথবা যে দিবস ঐ ঋণী গৃহ হইতে প্রস্থান করিয়াছে সেই দিবস হইতে বারবৎসর পর্য্যন্ত দাওয়া স্থগিত থাকিবে?

অনুদ্দিষ্ট ব্যক্তির ঋণ তাহার বিষয়া-কারিদিগকে দিতে হইবে, বার বৎসর পর্য্যন্ত তাহার প্রত্যাগমনের প্রতীক্ষা করা হইবে না।

উ.—কোন ব্যক্তি ভ্রাতাদের সহিত একত্র একপরিবার রূপে বাস করণকালীন ঋণ করণান্তে যদি অনুদ্দিষ্ট হইয়া থাকে, তবে তাহার বিষয়াধিকারি ভ্রাতারা ও পত্নী অবশ্য তাহার ঋণ শোধ করিবে, বারবৎসর উত্তীর্ণ হওয়ার অপেক্ষা করিবেনা।

প্রমাণ—

যাজ্ঞবল্ক্য বচন, দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৫৪০ ও ৫৪২॥ নারদ—"উত্তমর্ণের বিশেষ কালপর্য্যন্ত অপেক্ষা করার আবশ্যকতা নাই; কারণ (তাদৃশ আশঙ্কার) প্রমাণাভাব।

জিলা ত্রিপুরা, ৯ই জুলাই ১৮ ১২ সাল। মেক্. হি. ল. বা. ২. চ্যা. ১০, মকদ্দমা ৫ (পৃ. ২৮২)

যমুনা বিধবা—বনাম—মদন দে প্রভৃতি। ২০ জানওরি ১৭৮৫ সাল। হাইড্ সাহেবের নোট্। সু. কো. রি. ১৪৩।

বারানসী ঘোষ—বনাম—রামতনু দত্ত প্রভৃতি। ২০ নবেম্বর ১৭৮৮ সাল। চেম্বর সাহেবের নোট্। সু. কো' রি. ১৪৪।

*Authorities—*

The text of YA'GNYAVALKYA, cited in the *Mita'kshara'* and other books of law:—"If one of two or more parceners or undivided kinsmen contract a debt for the support of his family, and either die, or be very long absent abroad, the other parceners or joint tenants shall pay it.

Macn. H. L. vol. II. Ch. 10, case 10, (pp. 286, 287).

Q. A person having contracted a debt, becomes a recluse; that is, enters into the order of an ascetic. His ancestral landed property falls into the hands of his brother's representatives. In this case, can the creditor realise his debt out of such property?

R. If the individual in question borrowed a sum of money, and relinquished the order of a house keeper, leaving a patrimonial immovable estate in the possession of his relatives, in this case, those relatives who are in the enjoyment of his property are liable for the debt, and if they do not liquidate it, the creditor is competent to recover his money due from the debtor out of his property, as JA'GNYAVALKYA propounds; "He who has received the estate of a proprietor leaving no son capable of business, must pay the debts of the estate, or, on failure of him, the person who takes the wife of the deceased; but not the son whose father's assets are held by another."

The debts of an ascetic follow his assets in the hands of his representatives.

The law on this subject is more distinctly laid down in the *Mita'kshara'* and other authorities, in the chapter treating of the payment of debts.

City Chinsurah, June 13th 1815. Macn. H. L. vol. II. ch. 10, case 12 (pp. 288, 289).

Q. A man, living with his brothers as a joint and undivided family, borrowed a certain sum of money, and executed a bond, obliging himself to pay the debts by instalments. He (the debtor) proceeded to a distant country without liquidating the debt, while the family was undivided, and for the period of nine years no intelligence of him has been received. Now the debtor's brothers and wife are in the joint enjoyment of the family property, movable and immovable. In this case, can the creditor claim payment of his debt from the occupiers of the debtor's estate, or must the claim be deferred until the expiration of twelve years from the date on which the debtor departed from his family house?

R. If a man contract a debt while he lives with his brothers, as an undivided and united family, and subsequently become missing, the debtor's brothers and wife who possess his estate must pay his debts, without waiting for the expiration of twelve years.

The debts of a missing person must be paid by those in possession of his estate, without waiting twelve years for his reappearance.

*Authorities—*

The texts of JA'GNYAVAKYA cited in this and in the next page.

NA'RADA:—"The creditor need not wait a specific time; for there is no authority (for such a supposition)."

Zillah Tipperah, July 16th 1812. Macn. H. L. vol. II. ch. case 5, (p.) 282.

A Hindu possessing himself of the land of his father is bound to pay his debts. Jamuna Raur *versus* Muddun Day. 20th January 1785. Hyde's Notes, S. C. R. 143.

Banarussy Ghose *versus* Ram Tunnoo Dutt and others. 20th November 1788. Chambers' Notes, S. C. R. 144.

## পরিবারের নিমত্তে কৃতঋণ পরিশোধ বিষয়ক।

প্র.—এক ব্যক্তি ঋণগ্রস্থাবস্থায় দুইটী অপ্রাপ্ত ব্যবহার পুত্র রাখিয়ামরে,—জ্যেষ্ঠ পুত্র কেবল তের বৎসর বয়স্ক, ও মৃত ব্যক্তির বয়ঃপ্রাপ্ত উত্তরাধিকারী কেহ নাই। যদি ঐ অপ্রাপ্ত ব্যবহারদিগের উপর কেহ নালিশ করে, সে নালিষ গবর্ণমেন্টের আইনের ও দেশের ব্যবস্থাপিত রীতির অনুসারে গ্রাহ্য হইতে পারে না; এবং বিধান হইয়াছে যে বয়স আটার বৎসর পূর্ণ না হওয়া পর্য্যন্ত অপ্রাপ্ত ব্যবহার থাকে, তৎ পরে প্রাপ্ত ব্যবহার হয়। এমত অবস্থায় মৃত ব্যক্তির জ্যেষ্ঠ পুত্রের নামে যে নালিশ হইয়াছে তাহা হিন্দু স্মৃতি শাস্ত্রানুসারে গ্রাহ্য কি না? এবং পিতার কৃত ঋণ পরিশোধ ঐ পুত্রের আবশ্যক কি না?

উ.—মৃত ব্যক্তির জ্যেষ্ঠ পুত্র কেবল তের বৎসর বয়স্ক হওয়াতে তাহার উপর যে নালিশ হইয়াছে তাহা শাস্ত্রানুসারে গ্রাহ্য নয়। অপ্রাপ্ত ব্যবহার (পুত্র) প্রাপ্ত ব্যবহার হইলে পিতার কৃত ঋণ অবশ্য পরিশোধ করিবে, তৎ পূর্ব্বে করিবে না*। জিলা মেদিনীপুর। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ১০, মকদ্দমা ১১ (পৃ. ২৮৭ ও২৮৮)।

## দ্বিতীয়পরিচ্ছেদ।—নিসৃষ্টার্থ বিষয়ক।

ব্যবস্থা। ২৪২ আপনাকে ও আপনধন রক্ষণাসমর্থ ব্যক্তিদের রাজা সর্ব্বাধ্যক্ষ†।

২৪২ আত্মানং ধনঞ্চ রক্ষিতুমসমর্থানাং রাজা সর্ব্বাধ্যক্ষঃ†।

অতএব—

তস্মাৎ—

ব্যবস্থা। ২৪৩ অধ্যক্ষরূপে রাজা বালকের ধন তদ্বয়ঃপ্রাপ্তি পর্য্যন্ত রক্ষণাবেক্ষণ করিবেন†।

২৪ অধ্যক্ষরূপেণ রাজা বালস্যাব্যবহার প্রাপ্তেস্তদ্ধনং পরিপালয়েৎ†।

প্রমাণ ১০ বালকের ও স্ত্রীর পুরুষের ধন (পুরুষ প্রোষিত হইলে) রাজা রক্ষণাবেক্ষণ করিবেন†। বিষ্ণু।

১০ বালধনানি স্ত্রীপুংধনানি রাজা পরিপালয়েত্†। বিষ্ণুঃ।

৶০ অপ্রাপ্তব্যবহার বালকদের, এবং শ্রোত্রিয়ের ও বীরের পত্নীদের ধন রাজা রক্ষা করিবেন, স্বামিহীন ধন রাজগামি†। শংখ ও লিখিত।

৶০ রক্ষেদ্রাজা বালানাং ধনান্যপ্রাপ্তব্যবহারাণাং শ্রোত্রিয় পত্নী বীরপত্নীনাং, প্রহীনস্বামিকানি রাজগামীনি†। শঙ্খলিখিতৌ।

৷৶০ দায় রূপ যে ধন বালককে অর্শিয়াছে, তাহা রাজা তাবৎ রক্ষণাবেক্ষণ করিবেন যাবৎ সে অতীত শৈশব না হয়†॥ মনু। বি. দ অ.।

৷৶০ বালদায়াগতং ঋক্থং তাবদ্রাজানুপালয়েৎ। যাবত্ সস্যাৎ সমাবৃত্তো যাবদ্বাতীতশৈশবঃ। মনুঃ। বি. দ. অ.।

---

* যেকাল পর্য্যন্ত অপ্রাপ্ত ব্যবহার থাকে তাহা উত্তীর্ণ হইলে কোন মৃত ব্যক্তির পুত্র ও পৌত্র পূর্ব্ব পুরুষের দেনা পরিশোধ করিতে বাধিত, এবং আর আর উত্তরাধিকারি ও তদ্রূপ, যদি তাহারা মৃতের ত্যক্ত বিষয় গ্রহণ করিয়া থাকে; পরন্তু কোন অবস্থাতে অপ্রাপ্তব্যবহার এমত দেনার দায়ী নয়; এবং মৃত ব্যক্তি যে কোন ঋণ কেন করিয়া থাকুক না উত্তরাধিকারী যে পর্য্যন্ত অপ্রাপ্ত ব্যবহার থাকে সে পর্য্যন্ত মৃতের ত্যক্ত বিষয় তাহার ঋণ পরিশোধে বিক্রয় হইতে পারে না।

পরন্তু সদরদেওয়ানী আদালত এইমতের বিপরীত নিষ্পত্তি করিয়াছেন, তাহা পরে দৃষ্ট হইবে।

† দ্রষ্টব্য—বি. দা. ভা. দ্বী. র. ৮। কোল. ডা. বা. ১, ৫০৪। এসট্রেঞ্জসাহেবের হিন্দু ল. বা. ১, পৃ. ১০৩ ও ১০৪। মেক্. হি. ল. বা. ১, পৃ. ১০৪।

*Legal opinion delivered in, and admitted by a court, and examined and approved of by Sir William Macnaghten.*

Q. A man dies involved in debt, and is survived by two minor sons, the elder of whom is only thirteen years of age, and there is no adult representative of the deceased. If any person bring an action against the minors, that action, according to the privileges conferred by the regulations of Government, and to the established usage of the country, cannot be admitted, and it has been provided, that minority continues until the completion of eighteen years of age, after which period majority commences. In this case, according to the Hindu law, is an action brought against the elder son of the deceased debtor admissible or not? And does the liquidation of the debt contracted by the father become incumbent on him?

R. According to the law, the action for debt brought against the elder son of the deceased debtor, who is only thirteen years old, is not admissible. When the minor may attain the age of majority, he must discharge the debt contracted by the father, and not previously.*

Zillah Midnapore. Macn. H. L. vol. II. ch. 10, Case 11 (pp. 287, 288).

## SECTION II—ON GUARDIANSHIP.

242 The sovereign (a) is the universal superintendant of those who cannot take care of themselves.† Vyavasthá

243 In this capacity, he (a) is to take care of, and to look after, the property of a minor until he attain majority.† Vyavasthá

(a) The sovereign or the court representing the sovereign. *Ibid*, 202.

Authorities

I. The king should guard the property of an infant, and the effects of the husband and wife (in the absence of the husband). VISHNU.

II. Let the king protect the effects of infants who are incapable from nonage of conducting their own affairs, and the goods belonging to widows of learned priests and of valiant soldiers; but effects of which there are no owners escheat to the king. SANKHA and LIKHITA.

III. The king should guard the property which descends to an infant by inheritance, until he return from the house of his preceptor, or until he have passed his minority. MANU.

* At the expiration of the term of minority, the son and son's son of a person deceased are bound to discharge the obligations of their ancestor; and other heirs are so, provided they take his assets: but under no circumstances is a *minor* answerable for such obligation: and so long as the minority continues, the property left by the deceased cannot be sold for the liquidation of any debt he may have contracted The Sudder Court, however, has, decided against this opinion, as will be presently seen.

† *Vide* Coleb. Dig. vol. III. p. 504; Strange's Hindu Law. vol. I. pp. 103, 104; Macn. H. L. vol. I. p. 104.

অর্থাৎ—অপ্রাপ্তব্যবহার বালককে বঞ্চনা করিয়া যাহাতে অন্য দায়াদরা সর্ব্বস্ব গ্রহণ না করে (রাজা) তাহা করিবেন। অথবা দায়াদদের মধ্যে কোন ব্যক্তিকে কিম্বা অন্য ব্যক্তিকে ঐ বালকের অংশ সমর্পণ করিবেন। যাবৎ সমাবৃত্ত না হয়—ইহা বলা ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্য এই তিন বর্ণাভিপ্রায়ে—যেহেতু সমাবর্ত্তনের পূর্ব্বে তাহারা ব্যবহার কার্য্যে অনধিকারি। এবং যাবৎ বয়ঃপ্রাপ্ত না হয় ইহা বলা শূদ্রাভিপ্রায়ে। অতীত শৈশব ষোড়শ বর্ষের অন্যূন বয়স্ক। বি. দা. ভা. দ্বী. র. ৮। এতাবতা—

অপ্রাপ্তব্যবহারং বালং বঞ্চয়িত্বা যথা অন্যেদায়াদাঃ সর্ব্বং ন গৃহ্নীয়ুস্তথা কুর্য্যাদিত্যর্থঃ। যদ্বা-দায়াদে এব কস্মিংশ্চিৎ অন্যস্মিন্ বা তদংশং বা নিক্ষেপেদিত্যর্থঃ। যাবৎ সমস্যাদিতি বর্ণত্রয়াভিপ্রায়েণ, তেষাং সমাবর্ত্তনাৎ প্রাক্ ব্যবহারানধিকারাৎ। যাবদ্বেতি শূদ্রাভিপ্রায়েণ। অতীতশৈশবঃ ষোড়শ বর্ষান্যূন বয়াঃ। বি. দা. ভা. দ্বী. র. ৮। এতাবতা—

ব্যবস্থা ২৪৪ বালকের ও তদ্ধনের রক্ষণাবেক্ষণ অথবা দতর্থে নিস্থৃষ্টার্থনিযোগ রাজারই কার্য্য*।

২৪৪ বালস্য তদ্ধনস্য চ রক্ষণাবেক্ষণং তদর্থে নিসৃষ্টার্থ নিযোগোবা রাজ্ঞাএব কার্য্যঃ*।

ব্যবস্থা ২৪৫ পরন্তু বালকের জ্ঞাতিকুটুম্বের মধ্যে যে যোগ্য সেই নিসৃষ্টার্থ হইবে।—তথাচ জ্ঞাতি বন্ধু ও স্ত্রীদের মধ্যে জ্ঞাতি প্রশস্ত*।

২৪৫ নিসৃষ্টার্থস্তু বালস্য কুটুম্বানাং যো যোগ্যঃ সএব ভবিতব্যঃ। তথাচ গোত্রজ বন্ধুস্ত্রীণাং মধ্যে গোত্রজ এব প্রশস্তঃ*।

তৎ ক্রম যথা—

তৎক্রমো যথা—

ব্যবস্থা ২৪৬ আদৌ পিতাই স্বভাবতঃ ও শাস্ত্রতঃ বালক সন্তানের রক্ষক ও নিসৃষ্টার্থ†।

২৪৬ আদৌ পিতা এব স্বভাবতঃ ধর্ম্মতশ্চ বাল সন্তানস্য রক্ষকো নিসৃষ্টার্থশ্চ†।

মাতা স্বভাবতঃ বালকের রক্ষিকা অতএব তিনি স্ত্রীগণ মধ্যে পরিগণিতা নহেন, পরন্তু পিতার পরেই তাহার প্রাশস্ত্য থাকাতে—

স্বভাবেন মাতা বালস্য রক্ষিকা, অতঃসা ন স্ত্রীণাংমধ্যে পরিগণিতা, পরন্তু পিতুঃ পরত এব তস্যাঃ প্রাশস্ত্যাৎ—

ব্যবস্থা ২৪৭ পিতার অভাবে মাতা (অ) নিসৃষ্টার্থ হইতে পারেন†।

২৪৭ পিত্রভাবে মাতা (অ) নিসৃষ্টার্থা ভবিতুমর্হতি†।

(অ) এস্থলে মাতৃপদে‡ বিমাতাও বোধ্য

(অ) অত্র মাতৃপদং‡ বিমাতৃপরমপি।

*, দ্রষ্টব্য—বি. দা. দ্বী. র. ৮। কোল্. ডা. বা. ৩, পৃ. ৫৪৪। মেক্. হি. ল. বা. ১, পৃ. ১০৩ ও ১০৪। এস্ট্রেঞ্জ সাহেবের হিন্দু ল. বা. ১. পৃ. ১০৪।

† দ্রষ্টব্য—মেক্. হি. ল. বা. ১. পৃ. ১০৪।

‡ ইহাতে (অর্থাৎ মাতৃপদে) বিমাতাও বুঝাইবে ইহা বিচরিত হইয়াছে, যেহেতু নিস্ষ্টার্থ হওনে বিমাতার অধিকার পিতৃব্য হইতে প্রশস্ততর কথিত হইয়াছে। মেক্. হি. ল. বা. ১, পৃ. ১০৩।

সর্ উইলিয়ম্ মেক্নাটন সাহেব কহেন—"কিন্তু যে স্থলে নিসৃষ্টার্থের ও রক্ষকের কার্য্য একত্র হয়," সে স্থলে মাতা নিসৃষ্টার্থতা সম্পাদনে অবশ্যই পতিপক্ষের অধীনা। এবং অপ্রাপ্তব্যবহার পুত্রের দৈহিক কোনং কার্য্য অর্থাৎ সংস্কার করণেও মাতা অধিকারিণী নয় কিন্তু জ্ঞাতি অধিকারী (বা. ১, পৃ. ১০৩)।

যদ্যপি এইমত আমাদের ধর্ম্মশাস্ত্রানুমত বটে, তথাপি আধুনিক প্রাড়বিবাকেরা এমত নির্ণয় না করাতে যে অপ্রাপ্ত ব্যবহার পুত্রের বিষয়ব্যাপার নির্ব্বাহে মাতাকে পতিপক্ষের অধীনা হইতেই হইবে এক্ষণে ব্যবহারে দৃষ্ট হইতেছে যে বিষয় ব্যাপার নির্ব্বাহ কার্য্যে পতিপক্ষের অধীনা হওয়া না হওয়া তাঁহার ইচ্ছার উপর নির্ভর করে।

The meaning is, let him act in such a manner that other heirs may not take the whole, defrauding the infant, who is incapable from nonage of conducting his own affairs; or the sense may be, let him commit the share of the minor in trust to any one co-heir or other guardian. Until he return from "the house of his preceptor;" this alludes to the (first) three classes, for persons of those tribes are not qualified to conduct their own affairs before they return home. "Or until he have past his minority;" this alludes to the servile class: a young man has past minority when his age is not less than sixteen years, (that is, when he has completed his fifteenth year).Coleb. Dig. vol. III. p. 512. Thus,—

244 It rests with the sovereign to take care of the infant and his property, or to appoint a guardian for the purpose.* Vyavastha'

245 The guardian should be a fit person from amongst the infant's relations, the paternal male kindred being always preferred to the maternal relations and females.* Vyavastha'

The order is as follows:—

246 The father is recognised as the natural as well as legal guardian of his minor children.† Vyavastha'

The mother, being the natural guardian of her infants, is not included among the females, but is ranked next to the father. Consequently,—

247 The mother (a) assumes the guardianship on failure of the father.† Vyavasthá

(a) The term 'mother' ‡ comprehends also the step-mother.

* *Vide* Coleb. Dig. vol. III. p. 544. Macn. H. L. vol. I. pp. 103, 104.

† See Macn. H. L. vol. I. p. 104.

‡ And this has been held to include the step-mother, whose right of guardianship was declared to be superior to that of the minor's paternal uncle. Mac. H. L. Vol. I. p 104.

Sir William Macnaghten says: "But where the duties of manager and guardian are united, she is, in the exercise of the former capacity, necessarily subject to the control of her husband's relations: and with respect to the minor's person likewise, there are some acts to which she is incompetent, such as the performance of the several initiatory rites, the management of which rests with the paternal kindred." (Vol. I. p 103).

Although this is according to the spirit of our law, yet the necessity of a mother's being subject to the control of her husband's relations in the management of her minor son's affairs not being recognized by the present courts of justice, it has in practice become quite optional with her to be or not to be under the control of the husband's relations in the exercise of her capacity as manager.

ব্যবস্থা

২৪৮ তদভাবে বালকের জ্যেষ্ঠ ভ্রাতা নিসৃষ্টার্থ; তদভাবে জ্ঞাতিরা তদভাবে কুটুম্বরা নিকটতরতা ও যোগ্যতানুসারে নিসৃষ্টার্থ হইতে পারে*।

২৪৮ তদভাবে বালস্য জ্যেষ্ঠভ্রাতা নিসৃষ্টার্থঃ; তদভাবে জ্ঞাতয স্তদভাবে বন্ধব আসন্নতরত্বেন যোগ্যতানুসারেণচ নিসৃষ্টার্থাঃ ভবিতুমর্হন্তি*।

তথাচ নিসৃষ্টার্থ নিয়োগের ক্ষমতা রাজারই আছে*।

তথাচ নিসৃষ্টার্থ নিয়োগযোগ্যতা রাজন্যেব বর্ত্ততে*।

ব্যবস্থা

২৪৯ যাবৎ বিবাহিতা না হয় পিতাই কন্যার রক্ষক ও নিসৃষ্টার্থ, তদভাবে পিতার নিকটতর জ্ঞাতিকুটুম্ব। বিবাহান্তে ভর্ত্তাদি*।

২৪৯ যাবন্ন ভর্ত্তৃসাৎ কৃতা পিতা এব কন্যায়াঃ রক্ষিতা নিসৃষ্টার্থশ্চ, তদভাবে আসন্নতর পিতৃকুটুম্বঃ। বিবাহান্তেতু ভর্ত্রাদিঃ*।

ফলতঃ আমাদের ধর্ম্মশাস্ত্রানুসারে স্ত্রীলোকের স্বাধীনত্ব কখনো নাই।—"কুমারীকালে পিতা রক্ষাকরেন, যৌবনে স্বামী রক্ষা করেন, বৃদ্ধাবস্থায় পুত্র রক্ষাকরে, স্ত্রীলোক স্বাধীনা হইতে পারে না" (মনু)। "ভর্ত্তা মরিলে অপুত্রা নারীর পতিপক্ষই রক্ষক, এবং দানাদি ও অর্থরক্ষাতে ও ভরণ পোষণেও তাহারাই কর্ত্তা। যদি পতিকুল ক্ষয়পায় নির্ম্মনুষ্য বা নিরাশ্রয় হয়, এবং ভর্ত্তার সপিণ্ডও না-থাকে, তবে ঐ বিধবার পিতৃপক্ষ রক্ষক" (নারদ)।

বস্তুতস্তু অস্মদ্ধর্ম্মশাস্ত্রানুসারেণ স্ত্রীণাং ন ক্বাপি স্বাতন্ত্র্যং।—"পিতা রক্ষতি কৌমারে ভর্ত্তারক্ষতি যৌবনে। রক্ষন্তি স্থাবিরে পুত্রা ন স্ত্রী স্বাতন্ত্র্যমর্হতি" (মনুঃ)। "মৃতে ভর্ত্তর্য্যপুত্রায়াঃ পতিপক্ষঃ প্রভুঃ স্ত্রিয়াঃ। বিনিয়োগেঽর্থ রক্ষাসু ভরণেচ স ঈশ্বরঃ॥ পরিক্ষীণে পতিকুলে নির্ম্মনুষে নিরাশ্রয়ে। তৎ সপিণ্ডেষু চা সৎসু পিতৃপক্ষঃ প্রভুঃস্ত্রিয়াঃ" (নারদঃ)।

অপ্রাপ্ত ব্যবহার ধর্ম্মশাস্ত্রের আশ্রয়ান্বিত ও সকল বিষয়েই তৎস্বকীয় লাভার্থ অনুগ্রহপাত্র হওয়াতে, এবং অলাভার্থ প্রতিকূলতার ভাজন না হওয়াতে—

অপ্রাপ্ত ব্যবহারস্য ধর্ম্মশাস্ত্রাশ্রিতত্বাৎ সর্ব্বস্মিন বিষয়ে তৎ স্বকীয় লাভায়ানুগ্রহপাত্রত্বাৎ অলাভায় প্রাতিকূল্যাভাজনত্বাচ্চ—

ব্যবস্থা

২৫০ কোন অপ্রাপ্ত ব্যবহারের নিসৃষ্টার্থ তাহার ক্ষতিকর কর্ম্মকরিতে পারেনা, পরন্তু যাহা তাহার লাভজনক তাহাই তৎ কর্ত্তব্য।

২৫০ অপ্রাপ্তব্যবহারস্য নিসৃষ্টার্থ স্তৎ ক্ষতিকরকর্ম্ম কর্ত্তুং নার্হতি, পরন্তু তল্লাভজনক কার্য্যমেব তেন কর্ত্তব্যং।

---

* দ্রষ্টব্য—মেক্. হি. ল. বা. ১, পৃ. ১০৩, ১০৪।

স্বাভাবিক ও শাস্ত্রসম্মত রক্ষক জীবিত থাকুক বা না থাকুক অপ্রাপ্ত ব্যবহার পুরুষ বা স্ত্রী মাত্রেরই বিষয়ের রাজা যথাশাস্ত্র ও সর্ব্বোপরি সর্ব্বথা রক্ষকাবেক্ষক। মেক্. হি. ল. বা. ১. পৃ. ১০৪।

এমতে, স্ত্রী লোকের ও বালকের ধন রাজার ক্ষমতাধীন হইলে তিনি তাহা স্বয়ং অধিকারী বলিয়া লইবেন না. ইহা পূর্ব্বেই কথিত হইয়াছে। কিন্তু এস্থলে ইহা বলা যাইতে পারে যে অপ্রাপ্তব্যবহারের ধন তাহার সম্মতিতে কিম্বা সে নিতান্ত বিবেচনাশক্তিহীন হইলে তাহার নিকট অথচ নির্দ্দোষ আত্মীয়ের (যথা মাতা প্রভৃতির) সম্মতিতে নিযুক্ত সমদাধাদ প্রভৃতির হস্তে ন্যস্ত রাখা কর্ত্তব্য। বি. দা. তা. স্বী. র. ৮।

† দ্রষ্টব্য—কোলব্রুকের অব্লিগেশন ও কন্ট্রাক্টস্ নামক গ্রন্থ। চ্যা. ১০, পারা ৫৮৫।

248 In default of the mother the elder brother of a minor is competent to assume his guardianship: in default of such brother, the relations of the same race are entitled to hold the office of the guardian, and failing such relatives, the guardianship devolves on other relations according to fitness and the degree of proximity.* Vyavastha'

But the appointment of a guardian universaslly rests with the ruling power.*

249 The guardianship of a female until she be disposed of in marriage rests with her father: if he be dead, with her nearest paternal relations. After her marraige, her husband and the rest are her guardians.* Vyavastha'

In point of fact, females, according to our law, are kept in a continual state of pupilage. "Their fathers protect them in childhood, their husbands protect them in youth, their sons protect them in age: a woman is never fit for independence" (MANU). "When the husband is deceased, his kin are the guardians of his childless widow. In disposal and preservation of property, as well as in her maintenance, they are her *I'shawara* (lord). But if the husband's family be extinct, or contain no male, or be helpless, the kin of the widow's father are her guardians, if there be no relations of her husband within the degree of a *sapinda*." (NA'RADA).

Minors being under the protection of the law; favoured in all things which are for their benefit; and not prejudiced by any thing to their disadvantage,†

250 The guardians of minors cannot do any thing injúrious to the interest of their wards, but may do what is advantageous to them. Vyavasthá

* See Macn. H. L. vol. I. pp. 103, 104.

The ruling power is in every instance, whether the natural or legal guardians be living or dead, recognised to be the legitimate and supreme guardian of the property of all minors, whether male or female. Macn. H. L. vol. I. p. 104.

Thus the property of a woman and the goods of a minor, falling into the king's power, should not be taken by him as owner: this has been already noticed. But it may be here remarked, that the property of a minor should be entrusted to co-heirs and the rest appointed with his concurrence; or if the infant be absolutely incapable of discretion, with the consent of a near and unimpeachable friend such as his mother and the rest. Coleb. Dig. vol. III. pp. 543, 544.

† *Vide* Colebrooke on Obligations and Contracts. Ch. X, para 585.

ব্যবস্থা

| | |
|---|---|
| ২৫১ বালকের ও অবশ্য পোষ্য পরিবারের গ্রাসাচ্ছাদন নিমিত্ত আবশ্যক হইলে, অথবা অনিবার্য্য কার্য্য নির্ব্বাহার্থে নিসৃষ্টার্থ বিষয়ের কিয়দংশ বিক্রয় করিতে পারে। | ২৫১ অপ্রাপ্ত ব্যবহারস্য অবশ্যপোষ্য পরিবারস্যচ গ্রাসাচ্ছাদনার্থমাবশ্যকে সতি অথবানিবার্য্য কার্য্যনির্ব্বাহার্থং নিসৃষ্টার্থস্তদ্বিষয়স্যাংশিক বিক্রয়ং কর্ত্তুমর্হতি। |

সর্ উইলিয়ম্ মেক্‌নাটন সাহেবের হিন্দু লতে বক্ষ্যমাণ মকদ্দমা ধৃত হইয়াছে—"আনন্দ নামক বঙ্গদেশস্থ কোন হিন্দু জমীদার নিজ জমীদারির কিয়দংশ সম্বন্ধে বৈকুণ্ঠের নিকট কবালা লিখিয়া দেয়; বৈকণ্ঠ এই শর্ত্তে এক পৃথক্ একরার দেয়যে এক বৎসর মেয়াদের মধ্যে সুদ শুদ্ধ টাকা দিলে বিক্রীত বিষয় ফিরিয়াদিবে। ঐ মেয়াদ পুর্ণ নাহওয়ার পুর্ব্বে ঐ জমীদার এক পত্নী আর অপ্রাপ্ত ব্যবহার এক দত্তক পুত্র রাখিয়া কাল প্রাপ্ত হয়। উক্ত মেয়াদপূর্ণ হওনের অর্থাৎ ঐ বিক্রয় নাস্তক হওনের অল্পদিন থাকিতে ঐ বিধবা তদ্বালকের নিসৃষ্টার্থরূপে স্থানান্তরে চন্দ্রনামক এক ব্যক্তির স্থানে ঐ ভূমি দ্বিতীয় বার এই শর্ত্তে বিক্রয় করতঃ যে নিরূপিত মেয়াদের মধ্যে (টাকা দিলে) খালাস্ হইতে পারে টাকা ধার করিল এবং এই টাকার দ্বারা বৈকুণ্ঠের ঋণ পরিশোধ করিয়া ঐ বিষয় খালাস্ করিল; পরন্তু এ মেয়াদও গত হইল টাকা দিতে পারিল না। এস্থলে জিজ্ঞাস্য এই যে, প্রথমতঃ—প্রথম বিক্রয়ের মেয়াদ যদি টাকা পরিশোধ বিনা গত হইত তবে হিন্দু ধর্ম্মশাস্ত্রের কোন বিধানমতে ঐ বিষয় বৈকুণ্ঠের হওয়ার বাধা ছিল কি না? দ্বিতীয়তঃ; যদি এমত কোন বিধান নাথাকে আর ঐ বিধবা যদি দ্বিতীয় শর্ত্তী বিক্রয়ের দ্বারা ঐ ভূমি কিছুকালের নিমিত্তে রক্ষা করিয়া থাকে তবে তৎকরণের এমত আবশ্যকতা হইয়া ছিল কি না যদ্দ্বারা নিজবালকের নিমিত্তে কৃত তাহার ঐ কার্য্য তদ্বালকের নিতান্ত উপকারি বোধে তাহা করা উচিত ছিল ইহা বলা যাইতে পারে। তৃতীয়তঃ—পিতা যদি আপন ভূমি সম্পত্তির কিয়দংশ খালাস্ করিবার শর্ত্তে বিক্রয় করেন আর তাঁহার (বালক) উত্তরাধিকারী অথবা ইহার নিসৃষ্টার্থ যদি তাহা খালাস্ নাকরে, তবে ঐ ভূমি এককালে যায় কি না? চতুর্থতঃ,—(মৃত) পিতার বিষয় তাঁহার (অপ্রাপ্ত ব্যবহার) উত্তরাধিকারির হস্তে থাকিলেও তাঁহার ঋণ নিসৃষ্টার্থের স্থানে দাওয়া করাগেলে তাহা তদ্বিষয় হইতে পরিশোধনীয় কি না? এবিষয়ে নিযুক্ত পণ্ডিতদিগের মত জিজ্ঞাসিত হওয়াতে তাঁহারা যে উত্তর দিলেন তাহার চুম্বক এই যে—বিক্রয়ের আবশ্যকতা দৃষ্ট হয় না, যেহেতু বালক অপ্রাপ্তব্যবহার থাকা পর্য্যন্ত তৎ পুর্ব্ব-পুরুষের ঋণের নিমিত্তে মৃত ধনির (ত্যক্ত) বিষয় শাস্ত্রমতে হস্তান্তর করা যাইতে পারিত না। পরন্তু মকদ্দমা ক্রেতারই পক্ষে ডিক্রী হইল ও তাহা যে যে হেতুবাদে হইল তদ্‌যথা—নিয়মিত মেয়াদ গত ও রীতিমত ইশ্‌তেহার জারি হইলে পর যদি ঐ শর্ত্তী বিক্রয়ের মুল্যের টাকা পরিশোধ নাহইয়া থাকিত তবে ঐ ভূমি অবশ্যই প্রথম উত্তমর্ণের হস্তে পড়িত; কিছু কাল রক্ষার নিমিত্তে এবং আরো সময় প্রাপ্তির নিমিত্তে মাতার কৃতঐ কার্য্যকে স্পষ্টতঃ বালকের উপকারি বিবেচনায় গ্রাহ্য না হওয়ার আপত্তিকরা পাগলামি মাত্র, কেননা তিনি নিসৃষ্টার্থরূপে আবার টাকাধার করিয়া নুতন করিয়া বন্ধক না দিলে ঐ শর্ত্তী বিক্রয় উত্তমর্ণের পক্ষে নাস্তক হইত অত্র সন্দেহ নাস্তি; অপিচ আদালতসকল বরাবর যেরূপ করিয়া আসিতেছেন তদনুসারে বালকতার আপত্তি শুনা যাইতে পারে না; এবং 'বঙ্গদেশীয় কোন হিন্দু মরিলে তাহার ত্যক্ত বিষয় হইতে তাহার যথার্থ ঋণ পরিশোধনীয়' এই মত ভিন্ন আর কোন মত স্বীকার করা যাইতে পারে না; বিশেষতঃ মৃত ব্যক্তি যখন ঐ ঋণের প্রতিভূ রূপে নিজ ভূমি বন্ধক দিয়া যায় এবং শাফ অথবা শর্ত্তীরূপে নিজ ভূমির কিয়দ্দংশ বা সমুদয় বিক্রয় করণে তাহার যে ক্ষমতা (ছিল) তাহা নির্ব্বিবাদ (তখন উক্ত আপত্তি আদিগ্রাহ্য নয়)। অপিচ আদালত যে মত স্থির রাখিলেন টীকাকর্ত্তা জগন্নাথের মত তাহার পোষক দৃষ্ট হইতেছে, এবং শাস্ত্রে পরস্পর বিপরীত মত থাকিলেও সংস্থাপিত প্রথা ও ব্যবহার প্রবল হওয়া উচিত। সঙ্ক্ষেপতঃ তদ্বিষয়ে হিন্দুদের ধর্ম্মশাস্ত্রের যথার্থ মত যাহা কেন হউক না,

Vyavasthá

**251 The guardian can dispose of a portion of his ward's estate, to meet a necessity arising for the subsistence of him and of those members of the family who must be supported out of the estate; and also for any act the performance whereof is unavoidably necessary.**

Sir William Macnaghten cites a case which is as follows:—"A, a Hindu *Zemindar* of Bengal, executed a deed of sale for a portion of his estate to B; B executing a separate engagement that the sale should be redeemable by payment of the money with interest within the term of a year. Before the term expired, the *Zemindar* A died, leaving a widow and an adopted minor son. Within a few days of the completion of the term when the sale would have become absolute and irrevocable, the widow, as guardian of the minor, borrowed money of C, with which she paid the debt of B, and freed the land, executing to the lender a similar second sale of the same land, redeemable within a given term; which term, however, expired without repayment on her part. The question then here was, First, Could any rule of Hindu law prevent the land from becoming the property of B, on the term of the sale expiring without repayment? Secondly, If there be no such rule, and the widow saved the land for a time by the second conditional sale, was it not a case of necessity, such as to justify her act in behalf of her ward, as clearly beneficial to him? Thirdly, If a father sell a portion of his land, with a condition for redemption, and his heir (a minór), or the guardian on the part of the heir do not redeem, is not the land gone irrevocably? And Fourthly, Do not the debts of a father become payable out of his assets even in the hands of his heir (who is a minor), on demand from the guardian? The substance of the reply of the Hindu law officers consulted on this occasion was, that no necessity for the sale had been made out, inasmuch as the estate of the deceased could not have been legally alienable for his ancestor's debts until after the minor had attained majority. Judgment was, however, given in favor of the purchaser; and the following arguments were used on the occasion: That supposing the ancestor's conditional sale to have remained unredeemed after the expiration of the period stipulated, and the usual term of notice, the land would, of necessity, have fallen to the former creditor: That it was mere folly to urge that the act of the mother, in saving it for a time and obtaining a further period, was not to be held good as an act evidently for the benefit of the minor, inasmuch as, but for her renewal by a fresh loan in her capacity of guardian, the conditional sale must undoubtedly have become absolute to the creditor: That according to the invariable practice of the courts, no plea of minority could be listened to, or any other doctrine recognized than that the estate of a Hindu of Bengal becomes liable at his death for the satisfaction of his just debts, especially where he has pledged his land as security for those debts, and that his power of selling outright, or conditionally, any part of or all his landed property, could not be questioned: That the doctrine maintained by the court appeared to be supported by the opinion of the commentator *Jagannátha*, and that, though there should prove to be conflicting opinions as to the law, the established usage and practice ought to prevail: And, in short, that whatever might be the real doctrine of the Hindu law on the subject, the court was bound to follow that law in

দায়াধিকার, বিবাহ, জাতি ও শাস্ত্রীয় আচার বিষয়েই কেবল আদালত ঐ শাস্ত্রানুগামী হইতে বাধিত, ঋণাদানাদি বিষয়ে নয়, যৎ প্রকরণীয় বর্ত্তমান অভিযোগ বোধ হইতেছে"।

বিজ্ঞবর সংগ্রহকর্ত্তা সাহেবে উক্ত নিষ্পত্তিতে দোষারোপে অনেক ক্ষমতা প্রকাশ করিয়াছেন। তাঁহার কতিপয় হেতুবাদ যথা—"ইহা অনুভব করা যাইতে পারে যে ঐ বালকের বিষয় যদি ঋণের দায়ি নাহইত তবে শরতী বিক্রয় করণে ঐ বিধবার কোন আবশ্যকতা ছিল না। ইহাও ধরা যাইতে পারে যে আমাদের আপন (অর্থাৎ গবর্ণমেণ্টের) আইনমতে বালকের বিরুদ্ধে বয়বাত সিদ্ধ হয় না, বয়ঃপ্রাপ্ত হইলে খালাস করিবার ক্ষমতা তাহাকে দেওয়া যায়। অতএব বন্ধকের মেয়াদ গত হওয়ার অল্প বক্রী থাকুক বা নাথাকুক তাহাতে কিছু আইসে যায় না। যে বন্ধকে ঋণকর্ত্তার স্বত্ব মেয়াদ গত হওয়ার পূর্ব্বেই যাইতে পারে সেস্থলে বন্ধক গ্রহীতা আপন ঝুঁকিতে বন্ধক লয়"। অনন্তর বিজ্ঞবর সংগ্রহ-কর্ত্তা উক্ত বিষয়ে শাস্ত্র কি তাহার অনুসন্ধান সংক্ষেপতঃ করিয়া কহিতেছেন "জগন্নাথের টীকা হইতে শাস্ত্রকে অনাবৃত করিলে তাহা পরিষ্কার বোধ হয়, জগন্নাথের উক্তি দেববাণী নয় এবং কোন বিষয়ে অখণ্ডনীয়ও নয়, বিশেষতঃ যেস্থলে তদ্বিরুদ্ধে নির্ব্বিবাদ ও নিস্সন্দেহ রূপে প্রামাণিক বচন থাকে (সেস্থলে তাহা আদর-ণীয় নয়)"। অনুসন্ধানানন্তর উক্ত সাহেব যে উক্তিতে ব্যবস্থা স্থির করিয়াছেন তদ্‌যথা—"এতাবতা যেস্থলে পুত্রের বালকতা প্রযুক্ত পিতার ত্যক্ত বিষয় অন্য ব্যক্তি রক্ষণাবেক্ষণার্থে গ্রহণ করে, সে স্থলে সে ব্যক্তি ঐ বিষয়ের কোন অংশ (বালকের) পিতৃ ঋণ শোধে শাস্ত্রমতে প্রয়োগ করিতে পারে না। যে স্থলে কোন ব্যক্তি নিজ স্বত্বে ধনাধিকারী হয় সে স্থলেই কেবল তাহার ক্ষমতা আছে যে তদ্বিষয়ের দ্বারা পিতৃপুরুষের ঋণ পরিশোধ করে। বালকের জীবন ধারণার্থ আবশ্যক হইলে নিসৃষ্টার্থ বিষয়ের কিয়দংশ বিক্রয় করিতে পারে বটে, কিন্তু তৎপিতৃঋণ পরিশোধের নিমিত্তে কোন আবশ্যকতা ঘটিতে পারেনা, যেহেতু ঐ বালক প্রাপ্তব্যবহার না হইলে (তাহার) দায়ী নয়। এবং এমত নিয়ম অধিক কঠিনও বোধ হয় না। ইংলণ্ডীয় আইনের বিধান ইহা হইতেও কঠিন; কেননা তাহাতে, উইলে লিখিত নাহইলে সাদা লেনা দেনা স্থাবর বিষয় হইতে পরিশোধনীয় নয়। বোধ হইতেছে ন্যায্য এই যে দেনা দেওয়া সেই পর্য্যন্ত স্থগিত রাখা হয় যেপর্য্যন্ত ঐ বালক জ্ঞানাপন্ন হইয়া আপনার কিছুমাত্র ক্ষতি বিনা উত্তমর্ণের প্রাপ্য পরিশোধের উপায় করিতে পারে। বা. ১, পৃ. ১০৮—১১১।

কিন্তু যখন আদালত ঋণাদান বিষয়ে শাস্ত্রানুগামী হইবেন না, তখন তদ্বিষয়ে যে শাস্ত্র কি তাহার অনুসন্ধান বৃথা বোধ হইতেছে। পরন্তু উক্ত সাহেব যে লিখেন—"যেস্থলে পুত্রের বালকতা প্রযুক্ত তৎ পিতার ত্যক্ত বিষয় অন্য ব্যক্তি রক্ষণাবেক্ষণার্থে গ্রহণ করে সেস্থলে সে ব্যক্তি ঐ বিষয়ের কোন অংশ তৎ পিতার ঋণ শোধে শাস্ত্রমতে প্রয়োগ করিতে পারে না। যে স্থলে কোন ব্যক্তি নিজ স্বত্বে ধনাধিকারী হয় সেস্থলেই কেবল তাহার ক্ষমতা আছে যে তদ্বিষয়ের দ্বারা পিতৃ পুরুষের ঋণ পরিশোধ করে। নিসৃষ্টার্থ বিষয়ের কিয়দংশ বালকের পালনার্থে বিক্রয় করিতে পারে, কিন্তু পিতৃ ঋণ পরিশোধের নিমিত্তে বিক্রয়ের আবশ্যকতা ঘটিতে পারে না, যেহেতু ঐ বালক প্রাপ্তব্যবহার না হইলে (তাহার) দায়ী হয় না"—এই মত সর্ব্বাবস্থায় ন্যায্য বোধ হইতেছে না, কারণ যখন নিসৃষ্টার্থ বালকের কেবল ভরণ পোষণের যোগাড় নিমিত্তে নিযুক্ত নয়, কিন্তু তাহার বিষয় রক্ষা নিমিত্তে এবং তাহার লাভজনক যত কর্ম্ম তাহা করিতেও নিযুক্ত বটে, তখন যদি বিষয়ের কিয়দংশ বিক্রয় করিলে তৎপিতৃ ঋণ পরিশোধ হয় ও তাহা না করিয়া বালকের বয়ঃপ্রাপ্তি কাল পর্য্যন্ত অপেক্ষা করিলে ঐ ঋণের প্রবৃদ্ধ লাভ শোধ দিতেই বক্রী অংশ শুদ্ধ যাওয়ার বিলক্ষণ সম্ভাবনা থাকে তখন ঐ বালককের বক্রী বিষয়কে ও তাহাকে হৃতসর্ব্বস্ব হওন হইতে বাঁচাইবার জন্যে বিষয়ের কিয়দংশ বিক্রয় আবশ্যকতা জন্যই বটে ও নিসৃষ্টার্থের কর্ত্তব্য, যেহেতু তাহা ঐ বালকের শুদ্ধ লাভের নিমিত্তে। বিজ্ঞবর সংগ্রহকর্ত্তা আরো কহেন "যেহেতু নিসৃষ্টার্থ নিজ

matters of inheritance, marriage, caste, and religious usages only, and not in matters of contract, of which nature the case in question appeared to be." Macn. H. L. vol. I. pp. 106—108.

The learned compiler has very ably impeached the above decision. Some of his arguments are as follows :—" It may be observed that, supposing the minor's estate not to be liable, there did not exist any necessity for the widow's making a conditional sale. It may be assumed too, that, according to our own regulations, a mortgage would not be foreclosed against a minor, and that he would be allowed his equity of redemption on coming of age. It did not, therefore, signify whether the term of the mortgage was near expiring or not. It was at the lender's own risk to take a mortgage, in which the borrower's interest might expire before expiration of the term." The learned compiler then makes a brief inquiry as to the law of the case, and says that the law appears to be quite clear, when disencumbered of the commentary of *Jaganna'tha*, whose authority cannot be held to be oracular and incontrovertible in any instance, especially where it is opposed by texts of unquestionable weight and indubitable import. And after finishing the inquiry, he concludes thus : " It follows, that where, owing to a son's minority, the father's assets are taken in charge by another person, such person cannot legally apply any portion of the assets to the payment of the father's debts ; and that it is only where a person succeeds to property in his own right, that he is at liberty to pay the debts of the ancestor by means of such property. A guardian may, indeed, dispose of a portion to meet a necessity arising for the minor's subsistence ; but no necessity can by possibility arise for disposing of any portion to pay the minor's father's debts, for he must cease to be a minor before he can be liable. Nor does there appear to be much of hardship in this rule. The provisions of the English law savour of much more hardship ; for, according to it, real estates are not subject at all to the payment of debts by simple contract, unless made by will. It may be, perhaps, but just, that the period for exacting payment should be postponed, until he comes to years of discretion sufficient to enable him to realise the means of satisfying the creditors with the least detriment to himself." vol. I. 108—111.

But his inquiry as to the law of the case appears however to be useless when the court would not follow that law in matters of contract. As to his opinion " that where, owing to a son's minority, the father's assets are taken in charge by another person, such peson cannot legally apply any portion of the assets to the payment of the father's debts ; " and that " a guardian may, indeed, dispose of a portion to meet a necessity arising for the minor's subsistence ; but no necessity can by possibility arise for disposing of any portion to pay the minor's father's debts, for he must cease to be a minor before he can be liable," it does appear to be equitable in every case ; for, when a guardian is appointed not only to provide for his ward's subsistence, but also take care of and save his property and to do every thing for his benefit, then, if the sale of a portion of the estate could liquidate the father's debts and save the remainder, which, on waiting till the minor's full age, would very probably be lost in satisfaction of the accumulating interest, the sale of such portion was certainly warranted by the necessity of saving the remaining estate and the minor from deprivation and ruin, and consequently it is the duty of a guardian to do so, as such an act would be evidently for the benefit of the minor. The learned compiler further

স্বত্বে বিষয় অধিকার করে না, অতএব তদধিকৃত বিষয়ের দ্বারা ঐ বালকের পূর্ব্ব পুরুষীয় ঋণ পরিশোধ করিতে তাহার ক্ষমতা নাই, কেননা ঐ বালকপ্রাপ্ত ব্যবহার না হইলে (তাহার) দায়ী নয়"। কিন্তু আদালত তাহাদের কাহাকেও দায়ি করিতেছেন না, শুদ্ধ ঋণির ত্যক্ত বিষয়কে তদ্ঋণের দায়ি করিয়া কহিতেছেন—"আদালত সকল বরাবর যেরূপ (আচরণ) করিয়া আসিয়াছেন তদনুসারে বালকতার আপত্তি শুনা যাইতে পারে না, অপিচ বঙ্গ দেশীয় কোন হিন্দু মরিলে তাহার ত্যক্ত বিষয় হইতে তদ্ঋণ শোধনীয়—এইমত ভিন্ন আর কোন মত স্বীকার করা যাইতে পারে না"। পরন্তু এই উক্তির যদি এমত অভিপ্রায় হয় যে যেস্থলে কোন বালক নিসৃষ্টার্থহীন নিরুপায় থাকে সেস্থলেও বালকতার আ-পত্তি শুনা যাইবে না, এবং অধমর্ণের ত্যক্ত বিষয়ের বিরুদ্ধে উত্তমর্ণের নালিশী মকদ্দমাতে ঐ ঋণ যথার্থ কি অযথার্থ তদ্বিষয়ে বালকের পক্ষেকোন উত্তরাদি দত্ত না হইলেও যদি মৃতের ত্যক্ত বিষয় দায়ী বিচরিত হয় তবে এমত বিচার বা বিধান নিতান্ত অন্যায় ও নিষ্ঠুর বটে, কেননা আদালত যে আইনের অনুসারে কর্ম্ম করিতে বাধিত তাহাতে কখনো এমত বিধান নাই, প্রত্যুত এতাদৃশ মকদ্দমা সকলে (আইনের) বিধি এই যে বালকতার ওজর শুনিতেই হইবে। কিন্তু যেস্থলে বালকের বিষয় রক্ষণা-বেক্ষণ ও অভিযোগাদি ব্যাপার নির্ব্বাহ নিমিত্ত রীতিমত নিসৃষ্টার্থ নিযুক্ত হইয়া থাকে সেস্থলে ঐ বালক নিরুপায় রূপে গণিত নয়, যেহেতু অপ্রাপ্ত ব্যবহার ব্যক্তি নিসৃষ্টার্থ দ্বারা অথবা নিকট বন্ধু দ্বারা অভিযোগ করিতে কিম্বা অভিযোগে উত্তর দিতে পারে,* অতএব সেস্থলে উক্ত বিচার বা বিধান প্রযুজ্য, তাহাতে নিষ্ঠুরতার ও অবৈধ বিচারের দোষস্পর্শে না।

ব্যবস্থা

৫৫২ বালকেদের বান্ধবেরা তৎপক্ষে অভিযোগ করিতে এবং উত্তরদিতে পারে।

৫৫২ বান্ধবাঃ বালানাং পক্ষে অভিযোগং কর্ত্তুং উত্তরং দাতুঞ্চার্হাঃ।

প্রমাণ

কুলস্ত্রী বালক উন্মত্ত জড় ও রোগার্ত্তদিগের বান্ধবেরা (তন্নিমিত্তে) অভিযোগ করিতে এবং উত্ত-রদিতে পারে†। ব্যবহারতত্ত্বধৃত ব্যাস বচন। পৃ. ৭।

কুলস্ত্রী বালকোন্মত্ত জড়ার্ত্তানাঞ্চ বান্ধবাঃ। পূ-র্ব্বপক্ষোত্তরে ব্রূয়ুর্নিযুক্তো ভৃতকস্তথা†॥ ব্যবহার-তত্ত্বধৃত ব্যাসবচনং॥ পৃ. ৭।

ব্যবস্থা

২৫৩ নিসৃষ্টার্থ স্ব সমর্পিত বিষয়ের আয় ব্যয় ও হ্রাস বৃদ্ধির নিকাশ দিবে, নিজ কৃত কর্ম্মের দায়ী হইবে, এবং অবি-শ্বাসের কর্ম্মকরিলে পদচ্যুত করাযাইবে।

২৫৩ নিসৃষ্টার্থঃ স্বসমর্পিত বিষয়স্যায়ব্যয়ৌ হ্রাস বৃদ্ধীচ প্রদর্শয়েৎ, হানিশ্চেৎ স্বীয়-দোষেণ তাং শোধয়েৎ, এবমবিশ্বাসার্হে ক-র্ম্মণি কৃতে স্বপদাৎ প্রচ্যুতো‡ ভবেৎ॥

ভিন্ন২ আদালততে দত্ত ও গ্রাহ্য হওয়া এবং সর্ উইলিয়ম মেক্ নাটেন সাহেবের পরীক্ষিত ও মনোনীত ব্যবস্থা।

প্র.—এক বিধবা নিজ অপ্রাপ্ত ব্যবহার পুত্রের আবশ্যক ব্যয় নিমিত্তে কিছু টাকা ধার করিয়া (আ-পন সহি সহিত) তদপ্রাপ্ত ব্যবহার পুত্রের নামে উত্তমর্ণকে ঐ ঋণের এক খত লিখিয়া দেয়। এমত অবস্থায়, শাস্ত্রানুসারে ঐ ঋণপত্র সিদ্ধ এবং তদপ্রাপ্ত ব্যবহারের অবশ্য মান্য কি না?

---

* কোলব্রুক সাহেবের মত. দ্রষ্টব্য—এস্ট্রেঞ্জ সাহেবের হিন্দু ল. বা. ২. পৃ. ২০৯।

† টীকাকর্ত্তারা বিবেচনা করেন—তারপ্রাপ্ত না হইলেও তাদৃশ অক্ষম ব্যক্তিদের হিতৈষিরা তাহাদের পক্ষে অ-ভিযোগাদি করিতে পারে। দ্রষ্টব্য—এস্ট্রেঞ্জ সাহেবের হিন্দু ল. বা. ২, পৃ. ২০৯।

‡ দ্রষ্টব্য—এস্ট্রেঞ্জ সাহেবের হিন্দু ল. বা. ১. পৃ. ১০৪।

observes that, because a guardian does not hold in his own right, he is not at liberty to pay the debts of his ward's ancestor by means of the property he holds, and that the minor must cease to be a minor before he can be liable. But the court held neither the minor nor his guardian liable, but the property left by the debtor, declaring—" that, according to the invariable practice of the courts, no plea of minority could be listened to, or any other doctrine recognised than that the estate of a Hindu in Bengal becomes liable at his death for the satisfaction of his just debts." By this if the court meant that no plea of minority could be listened to even where a minor is left helpless without a guardian, and that the estate left by a deceased debtor must be held liable to satisfy his debts even in a suit by the creditor against such estate, without any defence on behalf of the minor as to the justness or otherwise of the demand, then, indeed, there is hardship and want of equity in the rule: a rule not at all supported by the Regulations which the court was bound to follow; and which in such cases enjoins that the plea of minority must be listened to. But where a minor has a regularly appointed guardian for taking care of his estate and managing his law affairs, there the minor should not of course be taken in the light of a helpless one; inasmuch as a minor can institute or defend suits through his guardian or *procein amy*.* and there and then the decision or rule in question can apply without complaint of severity or illegality.

552 A kinsman or next friend may institute and defend suits for a minor. Vyavasthá

Kinsmen may institute or defend suits for women, minors, idiots, and sick men: servants, appointed, may do the same.† VYA'SA cited in *Vyavaha'ratatwa*. p. 7. Authority

253 A guardian must render an account regarding the property he was in charge of, is responsible for his acts, and removable for abuse of his trust.‡ Vyavastha'

*Legal opinions delivered in, and admitted by, the several courts of judicature, and examined and approved of by Sir William Macnaghten.*

Q. A widow borrowed some money to defray the necessary expenses of her minor son, and executed a bond in the name of her son (with her own signature) to the creditor for the debt. In this case, according to law, is the bond valid and binding on the son?

* Colebrooke's opinion, *apud* Strange's Hindu Law, vol. II. p. 209.

† Upon this the commentators have observed that whether delegated or not, a well wisher of persons so incapacitated may plead on their parts. See Strange's H. L. vol. II. p. 209.

‡ *Vide* Strange's Hindu Law, vol. I, p. 104.

বালকের নিমিত্তে আবশ্যক কার্য্যে কৃত ঋণ তাহাকে অবশ্য শোধ দিতে হইবে।

উ.—অপ্রাপ্ত ব্যবহার পুত্রের প্রতিপালন নিমিত্তে তাহার মাতা ঋণ করিয়া ঐ বালক পুত্রের নামে উত্তমর্ণকে যে খত লিখিয়া দিয়া থাকে তাহা বিবাদরত্নাকর, বিবাদচিন্তামণি, দায়তত্ত্ব ও আর২ গ্রন্থ ধৃত বৃহস্পতি প্রভৃতির বচনানুসারে সিদ্ধ ও মান্য।

প্রমাণ—

"বিভাগের পূর্ব্বে পিতৃব্য কিম্বা ভ্রাতা অথবা মাতা পরিবার পালনের নিমিত্তে যে ঋণ করেন তাহা সকল দায়াদের বা যৌতরূপে অধিকারিদের পরিশোধনীয়।

গৃহির (অনুপস্থিতি কালে তাহার) পিতৃব্য, ভ্রাতা, পুত্র, পত্নী, শিষ্য, বা অধীনেরা পরিবার পালন নিমিত্তে যে ঋণ করে গৃহী তাহা অবশ্য দিবে"।

জিলা বর্দ্ধমান, ৪ ডিসেম্বর ১৮১৭ সাল। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ১০, মকদ্দমা ১৩ (পৃ. ২৮৯।

প্র.। এক ব্যক্তি এক পত্নী ও পুত্র রাখিয়া কালপ্রাপ্ত হয়। এই বিধবা নিজ পুত্রের জীবনকালে এক ব্যক্তির উপর পতির কোন স্থাবর বিষয়ের নিমিত্তে নালিশ করে। এমত অবস্থায়, তাহার কৃত নালিশ সাস্ত্রানুসারে গ্রাহ্য কি না?

পুত্র বালক থাকিলে মাতা মৃত পতির বিষয়ের নিমিত্তে নালিশ করিতে পারেন।

উ.। যেস্থলে মৃত ধনির পুত্র জীবিত থাকে সেস্থলে সে বালক না হইলে তাহার ধনের দাবীতে তদ্বিধবার কৃত নালিশ গ্রাহ্য হইতে পারেনা, অর্থাৎ ঐ বালক যোল বৎসরের ন্যূন বয়স্ক হইলে নিসৃষ্টার্থ রূপে তাহার পক্ষে কৃত ঐ বিধবার নালিশ গ্রাহ্য হওয়া উচিত।

মুরসিদাবাদের কোর্ট আপীল, ১৫ ফেব্রুওরি ১৮১৪ সাল। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৭, মকদ্দমা ৫ (পৃ ২০৫)।

প্র.। এক ভূম্যধিকারী দুই বালক পুত্র রাখিয়া লোকান্তর গত হয়। এই বালক দ্বয়ের মাতা ও পিতৃব্য বর্ত্তমান। এমত অবস্থায় ঐ বালকদের ও তদ্বিষয়ের রক্ষণাবেক্ষণ ভার তাহাদের মাতাকে অথবা পিতৃব্যকে অর্শে?

নিজ সন্তানদের নিসৃষ্টার্থ হইতে পিতৃব্যগণ অপেক্ষা মাতা প্রশস্ত অধিকারিণী।

উ.। ঐ বালকেদের ও তদীয় বিষয় রক্ষণাবেক্ষণ ভার তাহাদের মাতাকে অর্শে। কিন্তু আবশ্যক কার্য্য নিমিত্ত (যথা ভরণ পোষণ যাহা না হইলে নয় তাহার নিমিত্ত) ব্যতিরেকে যদি মাতা বিষয় বিক্রয় অথবা অন্য রূপে হস্তান্তর করেন, তবে ঐ বিষয় ব্যাপার নির্ব্বাহের ভারচ্যুতা হইবেন, এবং তাহা ঐ পিতৃব্যকে অর্পিত হইবে—যদি তিনি যোগ্য ও সদ্ব্যক্তি বিবেচিত হয়েন।

জিলা ২৪ পরগণা, ১০ মে ১৮১০ সাল। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৭ মকদ্দমা ৪ (পৃ ২০৫।

প্র.। এক ব্যক্তি কিছু পৈতৃক ও স্বার্জ্জিত স্থাবরাস্থাবর বিষয় এবং এক বালিকা স্ত্রী রাখিয়া মরে। এমত অবস্থায় তাহার শ্বশুর (অর্থাৎ ঐ বিধবার পিতা) অথবা পিতামহের ভ্রাতা (তিনি তাহার সহিত একত্র বা তাহা হইতে পৃথক্ থাকুন) ঐ বিষয় রক্ষণাবেক্ষণ করিতে অধিকারী?

বালিকা বিধবার বিষয় ব্যাপার নির্ব্বাহের ভার তৎ পতিপক্ষকে অর্শে, তদভাবে পিতৃপক্ষকে অর্শে।

উ। ঐ বালিকা বিধবার বিষয় রক্ষণাবেক্ষণ ভার প্রথমতঃ তৎ পতির জ্ঞাতিকে অর্থাৎ পিতামহের ভ্রাতাকে অর্শে, তাদৃশজ্ঞাতি থাকিতে বিধবার নিজ পিতাকে অর্শে না। পতিপক্ষের অভাবে তাহার পিতা নিসৃষ্টার্থ হয়, যথা দায়ভাগধৃত নারদ বচনে ব্যবস্থাপিত (দ্রষ্টব্য—বা. দ. পৃ. ১০৬)

জিলা হুগলি। ৮ জুলাই ১৮১৫ সাল। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৭, মকদ্দমা ১ (পৃ. ২০৩)।

প্র.। কোন অবীরা বালিকা বিধবার পিতা ও পতির ভাগিনেয় বর্ত্তমান থাকিলে তাহাদের কে ঐ বিধবার বিষয় ব্যাপার নির্ব্বাহ করণে অধিকারী?

R. Any bond which a mother, having contracted a debt for the maintenance of her minor son, may have executed in the name of such minor son in favour of the creditor, is valid and binding, according to the texts of *Vrihaspati* and other sages, cited in the *Vira'daratna'kara*, *Viva'dachinta'mani*, *Da'yatatwa*, and other authorities.

Necessary debts contracted for an infant are binding on him.

*Authorities.*

" A debt contracted before partition by an uncle, or a brother, or a mother, for the support of the family, all the parceners or joint tenants shall discharge. "

" A housekeeper shall discharge a debt contracted by his uncle, brother, son, wife, servant, pupil, or dependants, for the support of the family (during his absence). "

Zillah Burdwan, December 4th, 1817. Mac. H. L. vol. II. Chap. IX. p. 289.

Q. A person died, leaving a widow and son. The widow, during the life-time of her son brings an action against an individual for some of her husband's immovable estate. In this case, should the action by her, according to law, be held to be admissible, or not?

R. Where the son of the deceased proprietor is living, the suit instituted by his widow claiming his property cannot be admitted unless the son be a minor, that is, unless he be under sixteen years old, in which case the action by her on his behalf should be held to be admissible, she acting the part of his guardian.

A widow having a son may sue for her husband's property, if her son be a minor.

Moorshedabad court of appeal, February 15th, 1814. Macn. H. L. V. II. Chap. VII. Case 5, (p. 205).

Q. A landed proprietor died, leaving two minor sons. The mother and paternal uncle of the minors are living. In this case, does the guardianship of the minors' persons and estate rest with their mother, or with their paternal uncle?

R. The guardianship of the infants in respect of their persons and property, rests with their mother; but if the mother sell or otherwise alienate their property, excepting always a case of necessity, as if food and raiment be absolutely requisite, she should be divested of the management of the estate, and it should be confided to their uncle, supposing him to be competent and honest.

The mother is entitled to the guardianship of her minor children, in preference to their uncles.

Zillah 24 Pergunnahs, May 20th, 1810. Macn. H. L. Vol. II. Chap VII. Case 4, (p 205).

Q. A person died possessed of some real and personal property, partly ancestral and partly acquired, leaving a widow under age. In this case, is his father-in-law (the father of his widow,) or his grandfather's brother (whether he lived with the deceased in union or separated from him), entitled to manage the estate?

R. The management of the estate of the infant widow first rests with her husband's relation, that is, his grandfather's brother, but not with her own father, while such relation exists: in default of the husband's relations, her father becomes her guardian; as is laid down in the text of NA'RADA quoted in the *Da'yabha'ga* (*Vide ante*, p. 107).

The management of an estate which devolved on a minor widow rests with her husband's relations, and with her own relations only in their default.

Zillah Hoogly, July 8th, 1815. Macn. H. L. V. II. Chap. VII. Case 1. (p 203).

Q. In the case of a childless widow who is a minor, and whose father and husband's sister's son are both living, which of the individuals in question is entitled to the management of her property?

পতির ভাগিনেয় বাঁচিয়া থাকিতে বালিকা বিধবার পিতা ওসী হইতে পারেন না।

উ.। উপরি উক্ত ব্যক্তিদের মধ্যে অর্থাৎ বিধবার পিতা ও পতির ভাগিনেয় এই দুয়ের মধ্যে শেষোক্ত ব্যক্তিই ঐ বিধবাকে প্রতি পালন করিতে ও তদ্বিষয়ের দানাদিতে ও তাহার আত্ম রক্ষাতে যথা-শাস্ত্র প্রভু বা অভিভাবক যেহেতু ঐ বিধবার মরণে সেই তদ্ধনাধিকারী। এইমত দায়ভাগ, দায়ক্রমসংগ্রহ, দায়তত্ত্ব ও আর২ গ্রন্থ সম্মত।

জিলা জঙ্গল মহাল, ২ জুলাই ১৮২২ সাল। মেক্. হি. ল. বা. ২, চা. ৭, মকদ্দমা ৩ (পৃ. ২০৪)।

২৩৮ সংখ্যক ব্যবহার নজীর

৴০ কাশীনাথ বসাক ও রামনাথবসাকের বিরুদ্ধে হরসুন্দরী দাসী ও কমল মণিদাসীর মকদ্দায় সুপ্রীম্-কোর্টে বিচার হইয়াছে যে বিশ্বনাথ বসাক মরণ কালীন ষোল বৎসরের ন্যূন বয়স্ক অপ্রাপ্ত ব্যবহার থাকাতে হিন্দু শাস্ত্রানুসারে তাহার ক্ষমতা ছিলনা যে উইল করিয়া নিজ মৃত্যুর পর স্বীয় বিষয় বিভব প্রতি বাদি-দগকে দেয়। ক্লার্ক সাহেবের রিপোর্ট পৃ. ৯২। কন্. হি. ল. পৃ. ৮৩।

৵০ কমলা পত (পতি) ঝা প্রভৃতির বিরুদ্ধে কল্পনাথ সিংহের মকদ্দমায় বিচার হইয়াছে যে অপ্রাপ্ত ব্যবহার ব্যক্তি পাট্টা দিতে পারে না অথবা বিষয় সম্বন্ধে আর কোন দলিল লিখিয়া দিতে পরে না। ১২ মে ১৮২৯ সাল। স. দে. আ. রি. বা. ৪, পৃ. ৩৩৯।

২৪১ ও ২৪৭ সং-ব্যবস্থার নজীর

কাশীনাথ বসাক ও রামনাথ বসাকের বিরুদ্ধে হরসুন্দরী দাসীর মকদ্দমায় এই বালিকা বিধবার (অর্থাৎ হরসুন্দরীর) মাতা তাহার ওসী নিযুক্ত হইলেন, এবং আজ্ঞা হইল যে সে যেপর্য্যন্ত বয়ঃপ্রাপ্তা না হয় সে পর্য্যন্ত তৎ পতির ত্যক্ত বিষয় হইতে উপযুক্ত মসহরা তাহার ভরণ পোষণার্থে দেওয়া যায়। ১৮১৫ সাল। কন্ হি. ল. পৃ. ৮৭।

২৫১ সংখ্যক ব্য-বস্থার নজীর

দ্রষ্টব্য—বিশ্বনাথ দত্ত—বনাম—দুর্গাপ্রসাদ রায় ও শিবচন্দ্র রায়। ৪ জুলাই ১৮১৫ সাল। সু. কো. (সর্ এড্ওয়ার্ড্ হাইড্) ইষ্ট্ সাহেবের নোট ন. ৩৪। ব্য. দ. পৃ. ৭৪—৭৮।

২৫২ ও ২৫৩ সং-খ্যক ব্যবস্থার নজীর

বিভাগের নিমিত্তে কোন বিধবার কৃত নালিশ দায়ের থাকিতে সে (মৃত) পতির অনুমত্যনুসারে এক দত্তক গ্রহণ করিল, তাহাতে শাস্ত্রানুসারে বিষয়ে বিধবার স্বত্ব লোপ হইয়া তাহা ঐ দত্তক পুত্রে বর্ত্তিল, কেবল গ্রাসাচ্ছাদন পাইতে ঐ বিধবার অধিকার রহিল। পরন্তু দত্তক গ্রহণ করাতেও (উক্ত) মকদ্দমা ঐ বিধবার নামেই চলিল এবং তাহাকে দখল দিবার হুকুমে ডিক্রী হইল। প্রিবি কৌন্সিলের জুডিস্যাল কমিটি বিচার করিলেন যে এমত অবস্থায় ঐ বিধবা দত্তক পুত্রের নিসৃষ্টার্থ অর্থাৎ ওসী স্বরূপে মকদ্দমা চালাইয়াছে, ও সে ঐ পুত্রের ট্রস্‌টী অর্থাৎ জিম্মাদার রূপে বিষয়ে দখল পাইতে অধিকারিণী, এবং তাহার পক্ষে এইরূপে যে বিষয়ে ডিক্রী করাগেল সে তাহার মুনফার নিকাস্ ঐ পুত্রকে দিবে। ধর্ম্মদাস পাঁড়ে প্রভৃতি—বনাম—মোসম্মাৎ শ্যামাসুন্দরী দেবী। ৮ডিসেম্বর ১৮৪৩ সাল। মুর্স ইণ্ডিয়ান আপীল বা. ৩, পৃ. ২২৯।

R. Of the individuals above specified, that is, the widow's father and her husband's sister's son, the latter is her proper guardian in respect of her maintenance, and in the disposal of the property and care of herself, as, on her death, he is the successor to the property. This opinion is conformable to the *Da'yabha'ga*, *Da'yakramasangraha*, *Da'yatatwa*, and other authorities.

Zillah Junglemehals; July 2nd 1822. Macn. H. L. Vol. II. Chap. VII. Case 3, p. 204).

The father can not act as guardian to a minor widow, while her husband's sister's son is living.

I. In the case of Ka'shí Na'th Basák and Rama' Na'th Basák *versus* Hara Sundarí Da'si' and Kamal mani Da'si', it was ruled by the Supreme Court that Bishwa Na'th Basák, being at the time of his death, an infant under sixteen years, could not by the Hindu law make a will, bequeathing his estate and property to the defendants after his death. Clarke's Notes of Decided Cases, p. 92. Cons. H. L. p. 83.

*Cases* bearing on the vyavastha' No. 238.

II. In the case of Kalp Na'th Singh *versus* Kumla'pat Jha' and others it was determined that an infant cannot execute a lease, nor enter into any other engagement. 21st May 1829. S. D. A. R. vol. II. p. 333.

In the case of Ka'shí Na'th Basa'k and Rama' Na'th Basa'k *versus* Hara Sundarí Dási' and Kamal mani Das'si', the mother of the infant widow Hara Sundari' was appointed her guardian, and a competent monthly allowance was ordered to be paid out of her husband's estate for her support during her infancy. Cons. H. L. p. 83.

*Case* bearing on the vyavastha's No. 241 & 247.

*Vide* Bishwa Na'th Datta *versus* Durga' Prasa'd Dey and Shib Chandra Dey. 4th July 1815. S. C. (Sir Edward Hyde) East's Notes No. 34. *Ante*, pp. 75 -79.

*Case* bearing on the vyavastha' No. 251.

Pending a suit for partition by a widow, she adopted a son by the direction of her late husband; by the Hindu law the act of adoption diverted the property from the widow and vested it in the adopted son subject to the maintenance of the widow. Notwithstanding the adoption, however, the suit was prosecuted in the widow's name, and a decree was made directing her to be put in possession. It was held by the Judicial Committee of the Privy Council, that, in such circumstances, she prosecuted the suit as guardian of the adopted son, and that she was entitled to possession as his trustee, and accountable to him for the profits of the property so decreed to her. Dharma Da's Pánde and others *versus* Shya'má Sundari' Debi'. 8th December 1843. Moore's Indian Appeals, vol. III. p. 229.

*Case* bearing on the vyavastha's No. 252 & 253.

# চতুর্থ অধ্যায়।

## ধনির ক্ষমতার সীমা বিষয়ক।

### প্রথম পরিচ্ছেদ।—অবিভক্ত বা একের অধিকৃত ধন বিষয়ে।

বিভাগ বিষয়ক শাস্ত্রীয় মতের কোন পরিবর্ত্তন না হওয়াতে, বিভাগে পিতার বা ধনির ক্ষমতা পূর্ব্বে যেমত ছিল অদ্যাপি সেই রূপ আছে*। কিন্তু পৈতামহ বা স্বোপার্জ্জিত স্থাবর ধনের দানাদিতে অধুনা তাঁহার ক্ষমতার অনেক পরিবর্ত্তন হইয়াছে, কেননা পূর্ব্বে (ধর্ম্মশাস্ত্রের) ব্যবস্থা এই ছিল যে, পুত্রের অনুমতি বিনা পিতা উক্তরূপ বিষয়ের দানাদি করিতে পারিতেন না, যথা নিম্ন ধৃত বচন কতিপয়ে প্রকাশ—

"ভূর্যা পিতামহোপাত্তা নিবন্ধো দ্রব্যমেব বা। তত্রস্যাৎ সদৃশস্বাম্যং পিতুঃপুত্রস্য চোভয়োঃ" ॥ অর্থাৎ—পিতামহের অর্জ্জিত যে ভূমি নিবন্ধ বা দাসাদি তাহাতে পিতা পুত্র উভয়ের সমান স্বামিত্ব। যাজ্ঞবল্ক্য।

"মণিমুক্তা প্রবালানাং সর্ব্বস্যৈব পিতা প্রভুঃ। স্থাবরস্যতু সর্ব্বস্য ন পিতা ন পিতামহঃ"+ ॥ অর্থাৎ—মণিমুক্তা প্রবালাদি অস্থাবর বস্তুসমস্তেরই প্রভু পিতা; কিন্তু কি পিতা কি পিতামহ কেহই সমস্ত স্থাবরের প্রভু নহেন ॥ যাজ্ঞবল্ক্য।

"স্থাবরং দ্বিপদঞ্চৈব যদ্যপি স্বয়মর্জ্জিতং। অসম্ভূয় সুতান্ সর্ব্বান্ নদানং নচ বিক্রয়ঃ" ॥ অর্থাৎ—স্থাবর ও দাসাদি স্বয়ং উপার্জ্জন করিলেও সকল পুত্রের একত্রতা (অর্থাৎ সম্মতি) বিনা তাহার দান বিক্রয় হইবে না। "যে জাতা যে প্যজাতাশ্চ যেচ গর্ব্ভে ব্যবস্থিতা। বৃত্তিঞ্চ তেহভি কাঙ্ক্ষন্তি ন দানং নচ বিক্রয়ঃ" ॥ অর্থাৎ—যাহারা জন্মিয়াছে, যাহারা জন্মে নাই, আর যাহারা গর্ব্ভে আছে তাহারা (সকলেই) জীবিকা চায়, অতএব বৃত্তির দান বিক্রয় হইবে না॥ মিতাক্ষরাদি গ্রন্থ ধৃত ব্যাস বচন।

স্থাবর বিষয় দানাদি করিতে নিষেধের কারণ এই যে পরিবার জীবিকাভাবে ক্লেশ না পায়—যেহেতু স্থাবরাদি পরিবার পালনের উপায়, ও পরিবার পালন অবশ্য কর্ত্তব্য কার্য্য, এবং পরিবারের জীবিকা লোপ অতি গর্হিত কর্ম্ম। যথা মনু—"ভরণং পোষ্য বর্গস্য প্রশস্তং স্বর্গসাধনং। নরকং পীড়নেচাস্য তস্মাদ্ যত্নেন তং ভরেত্"। অর্থাৎ—পোষ্য বর্গের পালন স্বর্গ ভোগের প্রশস্ত উপায়, তৎ পীড়নে নরক (হয়), অতএব যত্নে পরিবার পালন করিবে। "শক্তঃ পরজনে দাতা স্বজনে দুঃখ জীবিনি। মধ্বাপাতো বিষাস্বাদঃ

---

* বিভাগে ধনির যে ক্ষমতা তাহা ১৬৭, ১৬৮, ১৭২, ১৭৩, ১৭৪ ১৭৭, ১৭৮, ১৮০, ১৮৭, ১৯২, ১৯৩, ১৯৬, ১৯৭, ১৯৮, ২০১, ২০২, ২০৩, ২০৫, ২০৬, এবং ২০৭ সংখ্যক ব্যবস্থা পাঠে, এবং রামকান্ত বন্দোপাধ্যায়ের উত্তরাধিকারিদের বিরুদ্ধে ভবানী চরণ বন্দোপাধ্যায়ের মকদ্দমা পাঠে জ্ঞাতব্য। দ্রষ্টব্য বিভাগ প্রকরণ, পৃ. ৩৪০—৩৮৮।

+ পিতামহ শ্রুতেস্তৎজ্ঞান বিষয়কং বচনং। মণি মুক্তাদ্যুপাদায় পুনঃ সর্ব্বস্যেত্যুপাদানাৎ সর্ব্বেষাং ভূম্যাদি ব্যতিরিক্তানাং দানাদিষু পিতুঃ প্রভুত্বং ন স্থাবর নিবন্ধ দ্রব্যাণাং—অর্থাৎ পিতামহের উল্লেখ হওয়াতে তাঁহার ধন বিষয়ক এই বচন। মণি মুক্তাদির উল্লেখ করিয়া পুনঃ সর্ব্ব শব্দের উল্লেখ করাতে ভূম্যাদি ব্যতিরিক্ত বিষয়ের দানাদিতে পিতার প্রভুত্ব (আছে) কিন্তু স্থাবর নিবন্ধ দ্রব্য (অর্থাৎ দাসাদি) দানাদিকরিতে তাঁহার ক্ষমতা নাই। দা. ভা. ৪১।

‡ পরন্তু যেস্থলে পুত্রেরা (বা মৃতপিতৃক পৌত্রেরা) সকলেই তৎকালে বালক থাকে ও দানাদিতে সম্মতি দিতে অশক্ত হয় এবং পরিবারের ক্লেশ (নিবারণ) নিমিত্ত কিম্বা পরিবারের পালন নিমিত্ত অথবা অবশ্য কর্ত্তব্য কর্ম্ম নিমিত্ত (যথা পিতৃ প্রেত ক্রিয়াদি নির্ব্বাহ নিমিত্ত) বিষয় হস্তান্তর করা নিতান্ত আবশ্যক হয়, সেস্থলে তাহাদের সকলের সম্মতির অনাবশ্যক। কারণ বৃহস্পতি কহিয়াছেন—"আপত্ কালে ও কুটুম্বার্থে এবং বিশেষতঃ ধর্ম্মার্থে এক জনও স্থাবর বিষয় দান বিক্রয় করিতে বা বন্ধক দিতে পারে"। দ্রষ্টব্য—মিতাক্ষরা পৃ. এস্ট্রেঞ্জ সাহেবের হিন্দু ল. বা. ১, পৃ. ১৯।

## CHAPTER IV.

### ON THE EXTENT OF A PROPRIETOR'S POWER

### SECTION 1.—IN DIVIDED OR SOLE PROPERTY.

In partition the power of a father or proprietor is still the same as it was before,* no change having taken place in that branch of the law. But the doctrine regarding his power of making a gift or other disposition of real property ancestral or self-acquired has, of late, undergone a great change. For, anciently the doctrine of the law was, that a father could not make a gift or other disposition of such property without the consent of his sons, as is clear from the following texts :—

"The ownership of father and son is the same in land which was acquired by his (the father's) father, or in a corrody, or in chattels." JA'GNYAVALKYA.

"The father is master of the gems, pearls, and corals, and of all (other movable property :) but neither the father nor the grandfather is so of the whole immovable estate."† JA'GNYAVALKYA.

"Though immovables and bipeds have been acquired by a man himself, a gift or sale of them *should* not *be made* without convening all the sons.‡ They, who are born, and they who are yet unbegotten, and they who are still in the womb, require the means of support : no gift or sale should, therefore, be made." VYA'SA as cited in the *Mita'kshara'* and other compilations.

The reason for prohibiting the disposition of real property was that the family may not suffer for want of maintenance, since immovables and similar possessions are means of supporting the family, and the maintenance of the family is an indispensable obligation, and the dissipation of the means of subsistence is censured. Thus MANU :—"The support of persons who should be maintained is the approved means of attaining heaven. But hell is the man's portion if they suffer. Therefore let (a master of a family) carefully maintain them." "He who bestows

* The extent of his power in this respect will be known on perusal of *Vyavastha's* Nos. 167, 168, 172, 173, 174, 177, 178, 180, 187, 192, 193, 196, 197, 198, 201, 202, 203, 205, 206, and 207 ; and the Case of Bhawa'ni' Charan Ba'narjya' *versus* the heirs of Ra'm Ka'nta Ba'narjya'. See Partition, pp. 341—389.

† Since the grandfather is (here) mentioned, the text must relate to his effects. By again saying "all" after specifiying "gems, pearls, &c." it is shown, that the father has authority to make a gift or any similar disposition of all effects other than land, &c. but not of immovables, a corrody, and chattels (i. e. slaves). Coleb. Da'. bha'. p. 29.

‡ The concurrence of all the sons (and fatherless grandsons) in the disposition of real property is however dispensed with in the case where they happen to be all minors (at the time) and incapable of giving their consent to the disposition, and a calamity affecting the family require it, or the support of the family render it necessary, or indispensable duties, such as the obsequies of the father or the like, make it unavoidable. For *Vrihaspati* ordains : "Even a single individual may conclude a donation, mortgage, or sale of immovable property, during a season of distress, for the sake of the family, and especially for pious purposes. See *Mita'kshara'*, p. 257. Strange's H. L. vol. I. p. 19.

সধর্ম্ম প্রতিরূপকঃ"। অর্থাৎ—যাহার শক্তি থাকিতেও স্বজন দুঃখ পায় ও সে পরজনকে দান করে, সে প্রথমে মধুরআস্বাদন করে কিন্তু পরে তাহা বিষ হয়, এমত কর্ম্ম ধর্ম্ম নয় কিন্তু ধর্ম্মের প্রতিরূপক। যে জাতা যেপ্যজাতাবা যেচ গর্ভে ব্যবস্থিতাঃ। বৃত্তিং তেঽপিহি কাঙ্ক্ষন্তি, বৃত্তি লোপো বিগর্হিতঃ"। অর্থাৎ—যাহারা জন্মিয়াছে, যাহারা জন্মে নাই, এবং যাহারা গর্ভে আছে, তৎ সকলেই জীবিকার আশা করে, অতএব (তাহাদের পৈতৃক) বৃত্তি লোপ অতি গর্হিত কর্ম্ম।

যাজ্ঞবল্ক্যও কহিয়াছেন দানের প্রতি নিষেধ যে কথিত হইয়াছে সে কেবল পাছে পরিবারের জীবিকাভাব ক্লেশ হয় এই নিমিত্ত।

এমতে সদ্বিবেচনা পূর্ব্বক বিধান হয় যে কোন ব্যক্তি দানাদি করিলে যদি তাহার পরিবার যথেষ্ট জীবিকাভাবে কষ্ট পায় তবে সে দানাদি করিতে পারে না। পরন্তু পরিবারের প্রচুর জীবিকা সংস্থান করিয়া যাহা উদ্বৃত্ত থাকে তাহা সে দিতে পারে, যথা—

বৃহস্পতিঃ—"কুটুম্ব ভক্ত বসনাদ্দেয়ং যদতিরিচ্যতে। মধ্বাস্বাদো বিষং পশ্চাৎ দাতুর্ধর্ম্মোঽন্যথা ভবেৎ"। অর্থাৎ—পরিবারের অন্ন বস্ত্র হইয়া যাহা উদ্বৃত্ত থাকে তাহা দিতে পারে, কিন্তু যে তদতিরিক্ত (দিয়া পরিবারকে অন্ন বস্ত্রের ক্লেশ) দেয়, সে প্রথমে মধু পরে বিষ আস্বাদন করে॥

কাত্যায়নঃ—"সর্ব্বস্ব গৃহবর্জন্তু কুটুম্ব ভরণাধিকং। যৎদ্রব্যং তৎস্বকং দেয়মদেয়ং স্যাদতোঽন্যথা"॥ সমুদায় বিষয় ও বসৎ বাটী ব্যতিরেক, পরিবারের অন্নাচ্ছাদন হইয়া স্বকীয় যাহা উদ্বৃত্ত থাকে তাহা দিতে পারে, উদ্বৃত্ত না থাকিলে দিতে পারে না।

যাজ্ঞবল্ক্যঃ—"স্বংকুটুম্বাবিরোধেন দেয়ং দারসুতাদৃতে। নান্বয়ে সতি সর্ব্বস্বং যচ্চান্যস্মৈ প্রতিশ্রুতং"। অর্থাৎ—নিজ পরিবারের কষ্ট না হইলে স্ত্রী পুত্র ব্যতিরেকে দান করিতে পারে, কিন্তু সন্তান থাকিলে সর্ব্বস্ব দিতে পারে না, এবং যাহা অন্যকে প্রতিশ্রুত হইয়াছে তাহাও দিতে পারে না।

জীমূত বাহনও পূর্ব্বোক্ত যাজ্ঞবল্ক্য বচনস্থ 'সর্ব্ব' পদ লক্ষ করিয়া কহিয়াছেন—"অত্রাপি সর্ব্বস্বোভ্যুপাদানাৎ সর্ব্বস্য কুটুম্ব বর্ত্তন হেতোর্দ্দানাদি নিষেধঃ, কুটুম্বস্যাবশ্যং ভরণীয়ত্বাৎ। অল্পস্যাতু কুটুম্ব বর্ত্তনাবিরোধিনো ন দানাদি নিষেধঃ, সর্ব্বস্যোত্যানর্থক্যাপত্তেঃ।

এই সকল হিতার্থক ও দুরদর্শিতা সম্পন্ন বিধান অধুনা নিতান্ত অমান্য ও অকর্ম্মণ্য হইয়া পড়িয়াছে। ইতি পূর্ব্বে এতদ্দেশীয় মত এই ছিল যে—ধনি স্বোপার্জ্জিত ও উদ্বৃত অস্থাবর বা স্থাবর বিষয়ের দানাদি করিতে সক্ষম, এবং সমুদয় স্থাবর বিক্রয়াদি বিনা পরিবার পালন নির্ব্বাহ না হইলে তাহাও করিতে পারিত,* কিন্তু অন্য কারণে পুত্রেদের সম্মতি বিনা সমুদয় পৈতামহ স্থাবর অথবা পৈতামহ বিষয় কেবল অস্থাবর হইলে তৎ সমুদায় দানাদি করিতে পিতার ক্ষমতা ছিল না।

অনন্তর জীমূত বাহনের ঐ প্রসিদ্ধ বিবেচনাতে (যাহা উপরিলিখিত বচনাদিস্থ নিষেধ ও বিধি উলাটিয়া দিবার নিমিত্তে ধূর্ত্ত শিরোমণি স্মার্ত্তদের বিলক্ষণ এক কারণ বা উপায় বটে) যো পাইয়া জগন্নাথ প্রভৃতি তদবলম্বি হইলেন। তদ্বিবেচনা যথা—"ব্যাস বচনন্তু স্বামিত্বেনদুর্ব্বৃত্ত পুরুষ গোচর বিক্রয় দানাদিনা কুটুম্ব বিরোধাৎ অধর্ম্ম ভাগিতা জ্ঞাপনার্থং নিষেধ রূপং নতু বিক্রয়াদ্যনিষ্পত্ত্যর্থং। এবঞ্চস্থাবরং দ্বিপদঞ্চৈব যদ্যপি স্বয়মর্জ্জিতং। অসম্ভূয় সুতান্ সর্ব্বান্ ন দানং ন চ বিক্রয় ইত্যেবমাদিকং তদপ্যেবমেব বর্ণনীয়ং। তথাহি কর্ত্তব্য পদমবশ্যমত্রাধ্যাহার্য্যং তেন দান বিক্রয় কর্ত্তব্যতা নিষেধাৎ তৎকরণাৎ বিধ্যতি ক্রমো ভবতি নতু দানাদ্যনিষ্পত্তিঃ; বচন শতেনাপি বস্তুনোঽন্যথা করণাশক্তেঃ; ইহার অর্থ এই যে কিন্তু ব্যাসের বচন স্বামিত্ব হেতু দুর্ব্বৃত্ত পুরুষস্থানে বিক্রয়াদি করিলে পরিবারের ক্লেশ জন্য অধর্ম্ম ভা-

gifts (on strangers with a view to worldly fame) while he suffers his family to live in distress, though he has power to support them, touches his lips with honey, but swallows poison: such virtue is counterfeiet." VYA´SA:—"They who are born, they who are (yet) unbegotten, and they who are (actually) in the the womb, all require the means of support; and the dessipation of their hereditary maintenance is censured."

The prohibition as to gifts is declared by JA´GNYAVALKYA to be made, lest by alienation the family may suffer for want of maintenace.

Accordingly it was wisely ordained that a man could not make a gift or other disposition, if by such disposition his family may suffer for want of sufficient maintenance, but he could alienate what remained aftar providing sufficiently for the family. Thus—

VRIHASPATI:—"A man may give what remains after food and clothing of his family: the giver of more may taste honey at first, but shall afterwards find it poison."

KA´TYA´YANA:—"Except his whole estate and his dwelling house, what remains after food and clothing of his family a man may give away, whatever it be, (whether fixed or movable;) otherwise it may not be given."

JI´MU´TAVA´HANA too, in expounding the text of JA´GNYAVALKYA already cited (p. 577), after remarking, "Since here also it is said 'the whole,' has laid down—"this prohibition forbids the gift or other alienation of the whole. The prohibition is not against a donation or other transfer of a small part not incompatible with the support of the family. For the insertion of the word 'whole' would be unmeaning (if the gift of even a small part were forbidden.)"

These salutary and prudent precepts have of late been rendered totally inoperative and ineffectual. It was already the Bengal doctrine that a proprietor was at liberty to make a gift or other disposition of his self-acquired or recovered property, real as well as personal; and that he could sell the whole of the immovable and other property, if the family could not otherwise be supported; but that for any other cause he had no power to dispose of the whole of the ancestral real property, nor even that movable property which alone formed the ancestral estate.

But lately the famous observation of JI´MU´TAVA´HANA, which furnished a fine ground to subtle lawyers to baffle the efficacy of the ordinances inculcated by the texts above cited, was taken advantage of and followed by JAGANNA´THA and the rest. That observation is as follows:—"But the texts of VYA´SA exhibiting a prohibition, are intended to show a moral offence: since the family is distressed by a sale, gift, or other transfer, which argues a disposition in the person to make an ill use of his power as owner. They are not meant to invali-

পিতা জ্ঞাপনার্থক নিষেধরূপ, তাহা বিক্রয়াদির অসিদ্ধি বোধক নয়। এবঞ্চ—"স্থাবর ও দ্বিপদ স্বয়ং-উপার্জ্জন করিলেও সকল পুত্ত্রের সম্মীলন অর্থাৎ সম্মতি বিনা তাহার দান বিক্রয় নাই" ইত্যাদি বচনেরও ঐ রূপ অর্থ করিতে হইবে, কারণ এস্থলেও কর্ত্তব্য পদ অবশ্য ঊহ্য করিতে হইবে। এতাবতা দান বিক্রয় করা নিষিদ্ধ হওয়াতে তাহা করিলে বিধির অতিক্রম হয় কিন্তু দানাদি অসিদ্ধ হয় না, যেহেতু শত বচনেও বস্তুর অন্যথা করা যাইতে পারা যায় না"*।

এই উক্তি বলে বঙ্গস্থলে তৎকালীন বিরাজিত কতিপয় পণ্ডিত মহোদয় ব্যবস্থা দেন যে সমুদয় পৈতামহ বিষয়ের দানাদি অশাস্ত্রীয় ও অধর্ম্ম্য হইলেও সিদ্ধ, ও তাৎকালিক বিচারপতিরা পণ্ডিতদিগের ঐ ব্যবস্থা গ্রাহ্য ও তদনুসারে কার্য্য করেন, (পরন্তু তৎকালে পণ্ডিতদিগের অধীন না হইয়া কার্য্য করণে তাঁহাদের উপায়ান্তরও ছিল না)। এই রূপে—'যাহা কর্ত্তব্য নয় তাহা কৃত হইলে স্থিরতর থাকিবে'—এই মত পুরুষকর্ত্তৃক পৈতামহ ও স্বার্জ্জিত স্থাবরাস্থাবর যে কোন রূপ বিষয়ের দানাদিতে চলিত হইল, এবং তদবধি প্রবল আছে। এতাবতা অধুনা ব্যবস্থাপিত ও প্রবল মত এই যে—

ব্যবস্থা

৩৫৪ বঙ্গদেশে পুত্ত্রবান্ পুরুষ পৈতামহ বা স্বার্জ্জিত স্থাবরাস্থাবর বিষয় পুত্ত্রদের সম্মতি বিনা দান বিক্রয় করিতে অথবা বন্ধক দিতে পারে, অপিচ পুত্ত্রদের সম্মতি বিনা উইলের দ্বারা সে ঐ বিষয়ে তাহাদের অধিকার বারণ বা পরিবর্ত্তন করিতে অথবা তাহাতে ব্যাঘাত জন্মাইতে পারে†।

৩৫৪ বঙ্গদেশে পুত্ত্রবান্ পুরুষঃ স্বার্জ্জিতং পৈতামহঞ্চ স্থাবরমস্থাবরঞ্চ ধনং পুত্ত্রাণাং সম্মতিং বিনা বন্ধক দান বিক্রয়ান্ কর্ত্তুং শক্নোতি, অপিচ স পুত্ত্রাণাং সম্মতিমন্তরেণৈব উইলপত্রদ্বারেণ তদ্ধনে তেষামধিকারং নিবারয়িতুং পরিবর্ত্তয়িতুং ব্যাঘাতয়িতুঞ্চ শক্নোতি†।

প্রমাণ

/০ পিতারই স্বত্ব, তবে বিভাগে বৈলক্ষণ্য না থাকাহেতু তুল্য স্বামিত্ব উক্ত হইয়াছে। এতাবতা স্বামিকৃত দান সিদ্ধ যেহেতু তাহা উন্মত্তাদি কৃত নয়। এবঞ্চ পিতার প্রভুত্ব নাই ইহা বলার দ্বারা তাঁহাকে বিষম বিভাগ করিতে নিবৃত্ত করা হইয়াছে। অপিচ

/০ পিতুরেব স্বত্বং, তত্রচ বিভাগ বৈলক্ষণ্যাভাবায় তুল্যংস্বমিত্বমিত্যুক্তং, তথাচ স্বামিকৃতং দানং সিদ্ধ্যেত স্বামিনউন্মত্তাদি ভিন্নত্বাদিতি। এবঞ্চ ন প্রভুরিত্যনেনাপি বিষম বিভাগ নিবৃত্তিরেব কৃতা। এবং দান বিক্রয় করণ নিষেধশ্চ অধর্ম্ম জ্ঞাপনার্থং

* "শত বচনেও বস্তুর অন্যথা করিতে পারা যায় না" যথা—যদি এক ব্রাহ্মণ হত্যা হয়, তবে "ব্রহ্মহত্যা কর্ত্তব্য নয়" এই বচনে সে হত্যা আর ফিরে না, এবং ব্রহ্মহত্যা করাও অসাধ্য হয় না; তবে এই যে—তাহা পাপের জ্ঞাপক হয়। রঘুনন্দনের দায়ভাগ টীকা।

† এই আদালতের নিষ্পত্তি ও লোকের আচার ও ব্যবহারানুসারে সদরদেওয়ানী আদালত কর্ত্তৃক যে মত স্থিরীকৃত ও স্থাপিত হইতে পারে, তাহা এই যে—'পুত্ত্রবান্ হিন্দু (পুরুষে) পুত্ত্রদের সম্মতি বিনা বঙ্গদেশস্থিত পৈতামহ স্থাবর বিষয় বিক্রয় বা দান করিতে অথবা বন্ধক দিতে পারে; অপিচ পুত্ত্রদের সম্মতি বিনা উইলের দ্বারা সে ঐ বিষয়ে তাহাদের অধিকার বারণ বা পরিবর্ত্তন করিতে অথবা তাহাতে ব্যাঘাত জন্মাইতে পারে। সুপ্রীম কোর্টের জজদিগের প্রার্থনানুসারে সদর দেওয়ানী আদালতের দত্ত মত। দ্রষ্টব্য—ক্লার্ক সাহেবের প্রকটিত নিষ্পন্ন মকদ্দমাতের রিপোর্ট, পৃ. ১০৪ ও ১০৫।

বঙ্গদেশীয় হিন্দু (পুরুষে) নিজ অধিকৃত বিষয় তাহা সঙ্ক্রান্ত বা স্বার্জ্জিত হউক উইল বা দান পত্রদ্বারা দিয়া যাইতে পারে, এবং ঐ দান বা লিগাসি তাহা পুত্ত্রের বা অপরের প্রতি হউক শাস্ত্রীয় বিধানের বিরুদ্ধ বলিয়া নিন্দিত বা সদোষ হইলেও স্থিরতর থাকিবে। কোলব্রুক্ সাহেবের মত। ঐ, পৃ. ১১১। দ্রষ্টব্য—এস্ট্রেঞ্জ সাহেবের হিন্দু ল. বা. ২, পৃ. ৪২৩।

date the sale or other transfer. So likewise other texts (as this 'though immovables or bipeds have been acquired by a man himself, a gift or sale of them *should* not be *made* by him, unless convening all the sons,') must be interpreted in the same maner. For here the words "should be made" must necessarily be understood. Therefore, since it is denied that a gift or sale should be made, the precept is infringed by making one. But the gift or transfer is not null: for a fact cannot be altered by a hundred texts.*"

It was on the ground and plea of this passage that gift or other disposition of the whole of ancestral property, though illegal and sinful, was declared valid by some *pandits* who flourished at that time, and their opinion was followed by the then dispensers of justice, who had no means of acting independantly of the *pandits*. Thus the doctrine of '*factum valet quod fieri non debuit*' was introduced into our country with regard to alienation by males of any description of property, whether ancestral or acquired, real or personal; and it has been prevailing since. So now the settled and prevalent rule is, that—

Vyavasthá

354 A man, who has sons, can give, sell, or pledge, without their consent, his possessions, whether inherited or acquired, real or personal, and that, without the consent of the sons, he can, by will, prevent, alter, or affect their succession to such property.†

Authority

1. The father alone has absolute property; and equal dominion is affirmed to show that no unequal partition can be made in this case. Consequently, a gift made by the owner is valid, for he is not insane nor otherwise incapacitated. In like manner, by declaring that "the father has no power" &c. he is prevented from making an unequal division without a sufficient cause.

* 'A fact cannot be altered by a hundred texts:'—If a *bra'hmana* be slain, the precept "slay not a *bra'hmana*" does not annul the murder, nor does it render the killing of a *bra'hmana* impossible. What then? it declares the sin. RAGHUNANDANA on *Dáyabha'ga*, p. 32.

† "The only doctrine that can be held by the Sudder Dewanny Adawlut, consistently with the decisions of the Court, and with the customs and usages of the people, is, that a *Hindu*, who has sons, can sell, give, or pledge, without their consent, immovable ancestral property situate in the province of Bengal; and that, without the consent of the sons, he can, by will, prevent, alter, or affect their succession to such property." Opinion of the Sudder Dewanny Adawlut given on the requisition of the Supreme Court. See Clarke's Notes of the Decided Cases, pp. 104, 105.

A *Hindu* in Bengal may leave by will, or bestow by deed of gift, his possessions, whether inherited or acquired; and the gift or the legacy, whether to a son or to a stranger, will hold, however reprehensible it may be as a breach of an injunction and precept. Colebrooke's opinion. *Ibid*, p. 111. *Vide* Strange's Hindu Law. vol. II. p. 426.

দান বিক্রয় করণ নিষেধও অধর্ম্ম জ্ঞাপনার্থ দানাদির অসিদ্ধি নিমিত্ত নয়। ইহা জীমূতবাহনাদি মতে ব্যক্ত হইবে। বিবাদ ভঙ্গার্ণব।

৵ যে পিতা শাস্ত্রবিধান উল্লঙ্ঘন করিয়া কোন পুত্রকে অথবা অন্যকে নিজ পৈতৃক বা স্বার্জ্জিত সমস্ত বা অর্দ্ধেক স্থাবর দান করেন তাঁহার ঐ দান সিদ্ধ হইবে যদি তাহা কাম ক্রোধচ্ছলাদিতে না হইয়া থাকে, পরন্তু শাস্ত্র বিধান উল্লঙ্ঘন জন্য দুরদৃষ্ট হইবে। জীমূত বাহনাদির মতানুসারে পরে আরো বলা যাইতেছে। ঐ।

৶৹ এস্থলে সমস্ত স্থাবর দানে পরিবার পালনাভাবরূপই অধর্ম্মের কারণ দানাদি অসিদ্ধ নয় যেহেতু তাহা উন্মত্তাদি দোষ বর্জ্জিত স্বামিকৃত কর্ম্ম। জীমূতবাহন ধৃত (ব্যাস) বচন দ্বয়ও অধর্ম্ম জ্ঞাপনার্থ, বিক্রয়াদির অসিদ্ধ নিমিত্ত নয়। ঐ।

।৹ পৈতামহ সঙ্ক্রান্ত ধন অসিদ্ধ দান প্রকরণান্তর্গত না হওয়াতে—'মণিমুক্তা প্রবলানাং ইত্যাদি'—যাজ্ঞবল্ক্য বচন তাদৃশ দানে অধর্ম্ম ভাগিতা জ্ঞাপনার্থ নিষেধরূপ বিবেচিত। ঐ।

।৴৹ কেহই স্পষ্ট কহেন নাই যে পুত্রাদির সম্মতি বিনা পৈতৃক স্থাবর বিষয় দত্ত হইলে তদ্দান সিদ্ধ হইবে না। ঐ।

।৵৹ সর্ব্বস্ব দত্ত হইলে তদ্দান সিদ্ধ যেহেতু তাহা স্বামি কৃত, পরন্তু নিষেধ না মানার নিমিত্তে দাতার অধর্ম্ম হয়। স্মৃতি সার।

নতু দানাদ্যনিষ্পত্ত্যর্থং, এতচ্চ জীমূতবাহনমতে ব্যক্তী ভবিষ্যতি। বিবাদ ভঙ্গার্ণবঃ।

৵৹ যঃ কশ্চিত্ পিতা শাস্ত্রমুল্লঙ্ঘ্য কস্মৈচিৎ পুত্রায় অন্যস্মৈ বা পৈতৃকং স্বার্জ্জিতং বা সমস্তমর্দ্ধম্বা স্থাবরং দদাতি তত্তু দানং সিদ্ধ্যত্যেব, ইদং কাম ক্রোধচ্ছলাদি বিমুক্তত্বে সত্যেব, পরন্তু শাস্ত্রোল্লঙ্ঘন জন্য দুরদৃষ্টং ভবতি। অধিকমগ্রে জীমূতবাহনাদিমতে বক্ষ্যতে। ঐ।

৶৹ অত্রচ সমস্ত স্থাবর দানে কুটুম্ব ভরণাভাব এবাধর্ম্মবীজংনতু দানাদ্যনিষ্পত্তিঃ উন্মত্তাদি ভিন্ন স্বামিকৃতত্বাৎ। জীমূতবাহন ধৃত (ব্যাস) বচন দ্বয়মপি অধর্ম্ম জ্ঞাপনার্থং নতু বিক্রয়াদ্যনিষ্পত্ত্যর্থং। ঐ।

।৹ 'মণিমুক্তা প্রবালানামিত্যাদি' যাজ্ঞবল্ক্য বচনংদানস্যাধর্ম্মভাগিতা জ্ঞাপনার্থং নিষেধ রূপমিতি বিবেচিতং—পৈতামহ সঙ্ক্রান্ত ধনস্যাদত্ত প্রকরণান্তর্গতত্বাভাবাৎ। ঐ।

।৴৹ কেনাপি ন স্পষ্টমভিহিতং যৎ পুত্রাদীনাং সম্মতিং বিনা পৈতৃক স্থাবরে দত্তে তদ্দানং ন সিদ্ধ্যেদিতি। ঐ।

।৵৹ সর্ব্বস্বে দত্তে তদ্দানং সিদ্ধ্যেৎ স্বামিকৃতত্বাৎ তস্য, পরন্তু নিষেধাতিক্রমাৎ দাতুরধর্ম্ম ইতি স্মৃতি সারঃ।

সর্ উইলিয়ম্ মেক্নাটন্ সাহেব হিন্দু ল বিষয়ক নিজ পুস্তকের প্রথম অধ্যায়ে পাঁচটি মকদ্দমা তুলিয়াছেন, তাহার প্রথম, দ্বিতীয় ও তৃতীয় মকদ্দমাতে উক্তমত আদৃত ও স্থাপিত হইয়াছে। ঐ তিন মকদ্দমাতে যে নিষ্পত্তি হইয়াছে তাহা দানাদি বিষয়ে প্রধান নজীর। অতএব ঐ তিন মকদ্দমা এস্থলে সংক্ষেপে উল্লিখিত হইল, এবং তৎ প্রতি উক্ত বিজ্ঞবর সাহেব ও সর্ টামস্ এস্ট্রেঞ্জ সাহেব যে বিবেচনা প্রকাশ করিয়াছেন তাহা তত্তন্নিম্নে লিখাগেল। প্রথম মকদ্দমা চৈতন্য চরণ দত্তের বিরুদ্ধে মদন মোহন দত্তের উইলের এক্জিকিউটর রসিক লাল দত্তের ও হরলাল্ দত্তের (উপস্থিত)। এই মকদ্দমা সর্ উইলিয়ম্ মেক্নাটন্ সাহেব সর্ টামস্ এস্ট্রেঞ্জ সাহেবের কৃত (এলিমেন্ট্স্ অব্ দি হিন্দু ল নামক) গ্রন্থ হইতে তুলিয়া লয়েন। শেষোক্ত সাহেব লিখিয়াছেন—'অনুমান ১৭৮৯ সালে এই মকদ্দমার নিষ্পত্তি হয়; উইল কর্ত্তা হিন্দু জাতীয় ও চারি পুত্রের পিতা ছিল, এবং পৈতৃক ও স্বার্জ্জিত উভয় রূপ বিষয় তাহার ছিল; সে নিয়োগের দ্বারা জ্যেষ্ঠ পুত্রের সংস্থান করিয়া দিয়া এবং নিজ জীবন কালেই কনিষ্ঠ পুত্রের নিয়মিত ব্যয়ের

নজীর

**Again : donation and sale are forbidden, to show the immorality of the act, not to annul the gift or alienation ; and that is evident on the exposition of JI'MU'TAVA'HANA and the rest. Coleb.** Dig. vol. III. pp. 36, 37.

II. If any father, infringing the law, absolutely give away the whole or part of the immovable property acquired by himself, or inherited from his own father, that gift is valid, provided he be not impelled by lust, (or) wrath, (nor act with) guile, or the like. However, he commits the moral offence of violating the law. More on this subject will be subsequently delivered with the opinion of JI'MU'TAVA'HANA and the rest. *Ibid.* p. 37.

III. If the whole immovable property be given away, the consequent distress of the family, through want of subsistence, is the sole cause of moral guilt : the gift or alienation is not annulled ; for it is made by an owner, who is neither insane nor otherwise incapacitated. The two texts (of VYA'SA) cited by JI'MU'TAVA'HANA are also intended to show the immorality of the act, not to annul the sale or other alienation. *Ibid.* p. 39.

IV. The gift of wealth inherited from a grandfather not being included under the title of VOID GIFTS, the text of JA'GNYAVALKYA ('the father is master of gems,' &c.) is considered as a moral prohibition of such gifts. *Ibid.* vol. II. p. 118.

V. No one has expressly said, that the immovable patrimony, given without the assent of sons and the rest, is not a valid gift. *Ibid.* p. 159.

VI. The gift of a man's whole estate is valid, for it is made by the owner : but the donor commits a moral offence, because he observes not the prohibition. The *Smritisa'ra*. *Ibid.* p. 118.

Five cases have been cited by Sir William Macnaghten in the first chapter of his book on the Hindu law, in the first, second, and third of which the doctrine in question was held and inculcated. The decisions in those cases are the leading ones on the subject in question. They are therefore briefly noticed here with the able remarks thereon by the learned gentleman aforesaid and Sir Thomas Strange. The first case (on record) is that of Rasik La'l Datta and Hari La'l Datta, executors of the will of Madan Mohan Datta *versus* Choitanya Charan Datta. This case was taken by Sir William Macnaghten from the Elements of the Hindu Law by Sir Thomas Strange, who states that the case was decided about the year 1789 ; that the testator, a Hindu, the father of four sons, and possessed of property of both descriptions, ancestral and self-acquired, having provided for his eldest son by appointment, and advanced to the three younger ones in his life-time

Precidents

উপায় করিয়া দিয়া, জ্যেষ্ঠ ও মধ্যম পুত্রকে দায়াধিকারে নিরাশ পূর্ব্বক তৎ কনিষ্ঠদিগকে স্বাধিকৃত সর্ব্বস্ব দিয়া যাওয়া উপযুক্ত বিবেচনা করিলেন। নিরাশকৃত পুত্র দ্বয়ের মধ্যে দ্বিতীয় ঐ উইলের প্রতি আপত্তি উপস্থিত করিল; পরন্তু আদালতের পণ্ডিতদিগের মত গৃহীত হইলে ঐ উইল্ স্থিরতর থাকিল। তাঁহারা শাস্ত্রানুসারে ঐ উইল সিদ্ধ ইহা বলিয়া সঙ্ক্ষেপে উত্তর দিলেন,* এবং সর্ রবর্ট চেম্বরস্ ও সর্ উইলিয়ম্ জোন্স্ সাহেব এই মতানুসারি হইয়া নিষ্পত্তি করিলেন†। এস্ ট্রেঞ্জ সাহেবের হিন্দু ল. বা. ১, পৃ. ২৬২। মেক্. হি. ল. বা. ১ পৃ. ৬।

দ্বিতীয় [illegible]দমা রেস্পণ্ডেন্ট্ (রাজা) ঈশ্বর চন্দ্র রায়ের বিরুদ্ধে আপিলান্ট্ ঈশান চন্দ্র রায়ের উপস্থিতী কৃত। তদ্ যথা—

১৭৮১ সালে নদিয়ার জমীদার কৃষ্ণ চন্দ্র নিজ মৃত্যুর অল্প কাল পূর্ব্বে এক দান পত্র এই বয়ানে লিখিয়া যে তিনি স্থবিরাবস্থ ও আসন্ন মৃত্যু হইয়াছেন, তাঁহার জমীদারী (যাহাকে তিনি রাজ্য কহিয়া থাকেন) কখোন বিভক্ত হয় নাই, এবং তাঁহার বাঞ্ছা এই যে তাঁহার মরণান্তর পুত্রদের মধ্যে তদ্বিষয়ে বিরোধ নাহয়—ঐ দান পত্রদ্বারা সমুদায় জমীদারী তদীয় সত্ত্বাদি সম্বলিত ব[illegible]রি পুত্রের মধ্যে জ্যেষ্ঠ শিব চন্দ্রকে দিয়া কনিষ্ঠ তিন পুত্রের এবং অন্য দুই (মৃত) পুত্রের পোষ্য সন্তানদিগের জীবিকার্থ জমীদারীর আয় হইতে টাকা দেওয়ার নিয়ম করিয়া দিলেন। তদনুসারে তাঁহার জ্যেষ্ঠ পুত্র তদ্বিষয়ে অধিকার প্রাপ্ত হইলেন এবং তাঁহার মরণে তৎপুত্র ঈশ্বর চন্দ্র তদুত্তরাধিকারী হইলেন। ১৭৮৯ সালের আগষ্ট মাসে কৃষ্ণ চন্দ্রের কনিষ্ঠ পুত্রদের মধ্যে ঈশান চন্দ্র আপনাকে কৃষ্ণ চন্দ্রের পুত্রদের মধ্যে এক জন করার দিয়া ঐ জমীদারীর চারি ভাগের ভাগ পাইবার নিমিত্তে নিজ ভ্রাতৃ পুত্র ঈশ্বর চন্দ্রের নামে জিলা নদিয়ার আদালতে এই নালিশ উপস্থিত করিলেন—এই হেতুবাদে যে হিন্দুর দায়শাস্ত্রানুসারে প্রত্যেক পুত্র অংশ পাইতে অধিকারী। কৃষ্ণ চন্দ্র যে রূপ হস্তান্তর করিয়াছেন তাহা দান নয়, এবং একান্ত পক্ষে দান করিতে শাস্ত্রানুসারে তাঁহার ক্ষমতা ছিল না। এতদ্বিরুদ্ধে প্রতিবাদী নিজ পিতাকে লিখিয়া দেওয়া দলীলের অনুসারে সমুদায় বিষয়ে তাঁহার অধিকার থাকা এজাহার করিলেন। (বিরোধীয় জমীদারী বিভাজ্য কি না এই কথার অতিরেক) এ মকদ্দমাতে এই কথা বিচারের বিষয় হইল যে প্রতিবাদীর এজহারী দান করিতে শাস্ত্রানুসারে উক্ত জমীদারের ক্ষমতা ছিল কি না। ইহাতে এতদ্দেশের ভিন্ন ভিন্ন স্থানস্থ বহু পণ্ডিতের মত জিজ্ঞাসা করাহয়; এবং তাঁহাদের অধিকাংশের মতে—ঐ জমীদারী পূর্ব্বে বিভক্ত হইয়া থাকুক বা না থাকুক—উক্ত জমীদার কনিষ্ঠ পুত্রদিগের বর্ত্তনোপায় করিয়া দিয়া জ্যেষ্ঠপুত্রকে জমীদারী অর্পণ রূপে যে দান করিয়াছেন তাহা যথাশাস্ত্র উক্ত হইল। নদিয়ার জজ ঐ দান এবং তাহাতে জাত যে অধিকার তাহা সিদ্ধ বলিয়া সমুদায় জমীদারী প্রতিবাদির হক্কে ডিক্রী করিলেন—এই নিয়মে যে বাদী মুদ্রারূপ জীবিকা পাইবেন। অনন্তর আপীলে সদর দেওয়ানী আদালতের জজেরা —শ্রীযুক্ত সি. ইষ্টুয়ার্ট সাহেব, এফ্. এসপিক সাহেব ও ডবলিউ কৌপর সাহেব—ঐ ডিক্রী স্থিরতর রাখিলেন। বিখ্যাত পণ্ডিত দ্বয় জগন্নাথ ও কৃপারাম যেসকল হেতুবাদে ব্যবস্থা দেন তদ্ যথা—প্রথম (হেতু) এই যে পিতা স্নেহ বশতঃ (কোন) পুত্রকে যাহা দান করেন তাহার অংশ ভ্রাতারা পাইবে না। দ্বিতীয় এই যে—দায়াধিকার প্রভৃতি

* কিন্তু উইল্ যে কিরূপ লেখ্য শাস্ত্র তাহা জানেন না। পণ্ডিতেরা যে কারণে ঐ ব্যবস্থা দেন বোধ হয় তাহা (ঐ স্বকীয় বিধান অর্থাৎ) এইযে কোন কর্ম্ম যদ্যপি দায়শাস্ত্রীয় বিধানুযায়ি না হয় এবং ব্যক্তিদের শাস্ত্রানুসারে অধিকার থাকে তথাপি কৃত হইলে তাহা যে সিদ্ধ ইহা নির্ব্বিবাদ। সর্ টামস্ এস্ট্রেঞ্জ্ সাহেবের বিবেচনা। দ্রষ্টব্য এলিমেন্ট্স অব্ দি হিন্দু ল. বা. ১, পৃ· ২৭২।

† ইহার (অর্থাৎ উক্ত ব্যবস্থার) উত্তর কেবল ইহাই দেওয়া যাইতে পারে যে সকল কারণ [illegible]তেরা ঐ ব্যবস্থা [illegible] ও জজেরা নিষ্পত্তি করিতে রত হইয়াছিলেন তাহা স্পষ্টতঃ আনুমানে মাত্র কথিত হইয়া[illegible] যদি তাদৃশ [illegible] প্রবল [illegible] কর্ম্মণ্য হইতে পায় তবে শাস্ত্রসমস্তের দফা রফা হইবে, ‘কৃত হইলে সিদ্ধ’ এই [illegible]রে সকল [illegible]ই সিদ্ধ হইবে। সর্ উইলিয়ম মেক্নাটন্ সাহেবেরবিবেচনা, দ্রষ্টব্য—মেক্. হি. ল. বা. ১, পৃ. ৩ ও ৭।

the means of their establishment, thought proper to leave the whole of what he possessed to his younger ones, to the disherision of the two elder, of whom the second disputed the will; but it was established on reference to the *pandits* of the Court. Their answers were short; simply affirming the validity of the instrument according to the *Sha´stra.** Sir Robert Chambers and Sir William Jones concurred in this determination.† Strange's Hindu Law, vol. I. p. 262.

The second case is that of Eshan Chand Roy (Isha´n Chandra Ra´y) Appellant *versus (Ra´ja)* Eshor Chand Roy (I´shwar Chandra Ra´y) Respondent, which is as follows:—

In the year 1781, Kishen Chand, *Zemindar* of Nuddea, by a deed of gift executed shortly before his decease, reciting, that he was infirm and approaching to his end; that his *Zemindaree* (termed by him his *ra´j* or principality) had never been divided; and that he wished to prevent quarrels respecting it among his sons, after his death; settled the whole *Zemindaree* with its honours on Sheo Chand, the eldest of his four surviving sons, with pecuniary provision for the three younger, and for the adopted chidren of two other (deceased) sons, payable out of the proprietary income of the *Zemindaree.* The eldest son was accordingly put in possession of the estate; and at his demise was succeeded by Eshor Chand, his son. In August 1789, Eshan Chand, one of the younger sons of Kishen Chand, brought this suit in the Zillah Court at Nuddea, against his nephew Eshor Chand, for a fourth share of the *Zemindaree,* as one of the sons of Kishen Chand, on the ground that by the Hindu law of inheritance, each of the sons was entitled to a portion; that the disposition made by Kishen Chand was not a gift, and at all events that he had not by law power to make one; against which the defendant pleaded his title to the whole estate, under the deed in his father's favour: and the question in the case (independently of the point as to whether the *Zemindaree* was or was not subject to division) was whether the *Zemindar* was legally empowered, or not, to make the gift pleaded by the defendant. Numerous *pandits,* of different parts of the country, were consulted; and, according to the majority of their opinions, by which whether the *Zemindaree* had been previously exempt from division or not, the gift made by the *Zemindar,* settling the *Zemindaree* on the eldest son, with a provision for the younger ones, was declared legal. The Judge of Nuddea, maintaining the validity of the gift, and of the title derived from it, decreed the whole *Zemindaree* to be the right of the defendant, subject to a pecuniary provision for the plaintiff. And the Sudder Dewany Adawlut, in appeal, (present C. Stuart, F. Speke, and W. Cowper,) affirmed his decree. The opinion delivered by the two distinguished *pandits, Jaganna´th* and *Kripa´ra´m,* was founded on the following reasons: 1st, that, according to law, a present made by a father to his son through affection, shall not be shared by the brethren: 2nd, that, what has been acquired by

* Now the *Sha´stra* knows no such instrument as a will. The ground with the *pandits* probably was (the Bengal maxim) that however inconsistent the act with the ordinary rules of inheritance and the legal pretensions of the parties, *being* done, its validity was unquestionable. Remark by Sir Thomas Strange. See Elements of the Hindu Law vol. I. p. 262.

† To this it can only be answered, that the motives which actuated the *Pandits* in their exposition of the law and the judges in their decision, are avowedly stated on conjecture only; and that if such motives be allowed to operate, there must be an end to all law, the maxim of *factum valet* superseding every doctrine and legalising every act. Remark by Sir William Macnaghten. See his work on the Hindu Law, vol. I. . 6, 7.

পরিগণিত ধর্ম্ম্য উপায় কয়েকের যে কোন উপায়দ্বার যাহা উপার্জ্জিত হয় তাহা দানোপযুক্ত বিষয় বটে। তৃতীয় এই যে—সমদায়াদ অবিভক্ত বিষয়ের নিজ অংশ দানাদি করিতে পারে। চতুর্থ এই যে—যদিও পিতা ভূমি দিতে প্রতিষিদ্ধ হইয়াছেন তথাপি যদি তিনি তাহা দেন তবে কেবল তাহার অধর্ম্ম হয় মাত্র কিন্তু দান সিদ্ধ হয়। পঞ্চম এই যে—রঘুনন্দন দায়তত্ত্বে পুত্রদের মধ্যে এক জনকে ভূমি দান নিষেধকরিয়া কেবল বস্ত্রালঙ্কার (দেওনের বিধান করিয়াছেন) তাঁহার এই মত তিনি যে জীমূতবাহনের মতানুসারী তন্মতের সহিত অনৈক্য—কেননা জীমূতবাহন কেবল ইহাই কহিয়াছেন যে তাহা করিলে পিতার গর্হিত কর্ম্ম করা হয়। ষষ্ঠ এই যে—রাজ্য ধর্ম্মতঃ ও ন্যায়তঃ জ্যেষ্ঠ পুত্রকে দেওয়া যাইতে পারে*। ২৩ ফেব্রুওরি ১৭৯২। স. দে. আ. রি. বা. ১, পৃ. ২ ও ৩।

* পৈতামহ ধনাধিকারী পিতা জ্যেঃ পুত্রকে বিষয় দিলে তাহা যদিও পিতার অকর্ত্তব্য কর্ম্ম স্বীকার করাযায় তথাপি পিতা প্রকৃত প্রস্তাবে দান করিলে তাহা জীমূত বাহন কর্ত্তৃক সিদ্ধ কথিত হইয়াছে (দ্রষ্টব্য কোল দা. ভা. চ্যা. ২. পারা ২৯. ও ৩০)। কেননা যেহেতু অপরকে সমুদয় বিষয় দান করিলে (তাহা দাতার নিন্দিত কর্ম্ম হইলেও) সিদ্ধ, অতএব অন্য পুত্রদের জীবিকা সংস্থান করিয়া দিয়া এক পুত্রকে বিষয় দিলে তাহা বঙ্গদেশে প্রচলিত শাস্ত্রানুসারে সমভাবে সিদ্ধ বোধ্য। শাস্ত্র বিধান উল্লঙ্ঘন করিয়া দানাদি করাগেলেও তৎসিদ্ধি বিষয়ক জীমূতবাহনের মত যেমত উদাসীনের প্রতি তেমনি পুত্রদের প্রতি খাটনর পর ঐ মতের সঙ্গতি নিমিত্ত আবশ্যক হইতেছে যে তাহা পিতৃ কৃত বিভাগে তৎ পৈতামহ ধনের বিষম বা শাস্ত্র নিষিদ্ধ বিভাগ করণেও সমভাবে স্থাপিত হইয়া তাদৃশ বিভাগ পিতার পক্ষে অধর্ম্ম্য হইলেও সিদ্ধ বিচরিত হয়। এমকদ্দমাতে সদর কোর্টে নিযুক্ত পণ্ডিতদিগের মত গ্রহণ করা হয় নাই। কিন্তু ইহা নজীর স্বরূপ গৃহীত হইয়াছে, ও ইহাতে শাস্ত্র বিধানের বিপরীতে দান বা উইল দ্বারা অথবা বিভাগ রূপে বিষয় যথার্থতঃ দিতে পিতার ক্ষমতা বিষয়ক কথার নিস্পত্তি হইয়াছে। ঐ।

এই নোটে পৈতামহ ধন বিষম বিভাগ করিতে পিতার যে ক্ষমতা উক্ত হইয়াছে তাহা (সদর) আদালতের নিষ্পত্ত্যাদি মতে অশুদ্ধ ও ভ্রম ময় বোধ হইতেছে। স র টামস এস ট্রেঞ্জ সাহেবের প্রতি কোলব্রুক সাহেবের লিখিত চিঠী (যাহা এলিমেণ্টস অব দি হিন্দু ল. নামক গ্রন্থের ২ বালামের ৪২৩ ও ৪২৮ পৃষ্ঠায় প্রকটিত) এবং রাম কান্ত বন্দ্যোপাধ্যায়ের উত্তরাধিকারিদের বিরুদ্ধে ভবানী চরণ বন্দ্যোপাধ্যায়ের মকদ্দমা (যাহা সদর আদালতের রিপোর্ট বহির ২ বালমের ২০১ পৃষ্ঠায় প্রকটিত) দৃষ্টি করিলে বোধ হইবে যে পৈতামহ বিষয়ের বিষম বিভাগ করিতে পিতার ক্ষমতা নাই। পিতা তাদৃশ বিভাগ করিলে তাহা অসিদ্ধ ও নিবর্ত্তনীয়।

উক্ত হইয়াছে যে পণ্ডিতেরা উক্ত মতের প্রতি ছয় কারণ দর্শান, তাহার শেষ কারণ ভিন্ন অন্য কোন কারণ কোন ক্রমে আদরণীয় নয়। ঐ শেষ কারণ এই যে—রাজ্য ধর্ম্মতঃ ও ন্যায়তঃ জ্যেষ্ঠ পুত্রকে দেওয়া যাইতে পারে, ইহা যে যথার্থ তাহাতে সন্দেহ নাই. এবং জমীদারীকে রাজ্য বলিয়া ধরিলে ঐ কারণ ইহাতেও প্রযুজ্য ও বিরোধীয় দান সিদ্ধির নিমিত্তে যথেষ্ট ছিল। অবিভক্ত বস্তু সমুহের মধ্যে রাজ্যও পরিগণিত হইয়াছে। কিন্তু আর যেসকল কারণ প্রদর্শিত হইয়াছে তাহার উত্তর সঙ্ক্ষেপে এই রূপে দেওয়া যাইতে পারে। প্রথম (কারণ) এই যে—'পিতা স্নেহ বশতঃ (এক) পুত্রকে যাহা দান করেন তাহার অংশ ভ্রাতারা পাইবে না'। ইহার প্রতি আপত্তি এই যে ঐ মত পৈতামহ ভিন্ন অন্য বস্তু বিষয়ক যাহার উপর পিতার প্রভুত্ব থাকা স্পষ্টতঃ কথিত হইয়াছে। দ্বিতীয় এই যে—'দায়াধিকার প্রভৃতি পরিগণিত ধর্ম্ম্য উপায় কয়েকের যে কোন উপায় দ্বারা যাহা উপার্জ্জিত হয় তাহা দানের উপযুক্তবস্তু'—পরন্তু ইহা ঐ রূপ উপার্জ্জন যাহার ভাগী হইতে অন্য ব্যক্তি অধিকারী নয়, কিন্তু ইহা পৈতামহ বিষয়ে খাটেনা—যাহাতে পিতা পুত্রের তুল্য স্বামিত্ব কথিত হইয়াছে। তৃতীয় এই যে—'সমদায়দ অবিভক্ত বিষয়ের নিজ অংশ দানাদি করিতে পারে'—(উত্তর) তাহার এই ক্ষমতাস্বীকৃত হইয়াছে বটে. কিন্তু ইহাতে তাহার এমত ক্ষমতা পাওয়া যায় না যে সে অন্যের অংশও দানাদি করিতে পারে। চতুর্থ এই যে—'যদিও পিতা ভূমি দিতে প্রতিষিদ্ধ হইয়াছেন তথাপি যদি তিনি তাহা দেন তবে কেবল তাঁহার অধর্ম্ম হয় মাত্র কিন্তু দান সিদ্ধ হয়'—এই উক্তি সেই বস্তুর প্রতি খাটে যাহাতে পিতার সম্পূর্ণ প্রভুত্ব আছে। পরন্তু শাস্ত্রে যে উক্ত হইয়াছে যে পৈতামহ ধনে পুত্রাপেক্ষা পিতার ক্ষমতা অধিক নাই ইহা তাহার বাধক হইতে পারেনা। পঞ্চম এই যে—'রঘুনন্দন [illegible] তত্ত্বে পুত্রমধ্যে এক জনকে ভূমি দান নিষেধ করিয়া কেবল বস্ত্রালঙ্কার (দেওনের বিধান করিয়াছেন) তাঁহার [illegible] যে জিমূতবাহনের মতানুসারী তন্মতের সঙ্গেঐক্য হয় না—কেননা জীমূতবাহন কেবল ইহাই কহিয়াছে যে তাহা করিলে পিতার গর্হিত কর্ম্ম করা হয়'। কিন্তু প্রকৃত প্রস্তাবে (উভয় মতের মধ্যে) তাদৃশ অনৈক্য নাই। মেক. হি. ল. বা. ১, পৃ. ৭ ও ৮।

any of the enumerated lawful means, among which inheritance is one, is a fit subject of gift: 3rd, that a co-heir may dispose of his own share of undivided property: 4th, that although a father be forbidden to give away lands, yet, if he nevertheless do so, he merely sins, but the gift holds good: 5th, that RAGHUNANDANA, in the *Da'yatatwa*, restricting a father from giving lands to one of his sons, but clothes and ornaments only, is at variance with JI'MU'TAVA'HANA, whose doctrine he espouses, and who only says that a father acts blamably in so doing: 6th, that a principality may lawfully and properly be given to an eldest son.* 23rd February 1792. S. D. A. R. vol. I. pp. 2, 3.

* Admitting the father's disposition of his estate in favour of his eldest son to have been an improper exercise of power on his part, as possessor of the hereditary patrimony, still the validity of a gift actually made by a father is affirmed by JI'MU'TAVA'HANA (Ch. 2, paras. 29 and 30). For since the gift of the entire estate to a stranger would have been valid, (however blamable the act of the giver might be), the donation in favour of one son, with provision for the support of the rest, would seem to be equally valid according to the doctrine received in the province of Bengal. And after extending to the case of sons, no less than to that of strangers, JI'MU'TAVAHANA's position, respecting gifts valid, though made in breach of the law, it becomes necessary to the consistency of the doctrine equally to maintain, that a father's irregular distribution of the patrimony at a partition made by him in his life time, in portions forbidden by the law, shall in like manner be held valid, though on his part sinful. No opinion was taken from the law officers of the Sudder Court in this case. But it has been received as a precedent, which settles the question of a father's power to an actual disposition of his property, even contrary to the injunctions of the law, whether by gift, or by will, or by distribution of shares. *Ibid.*

According to the (Sudder) Court's decisions &c. this note seems to be erroneous and incorrect, as far as it regards the father's power of making irregular or unequal distribution of ancestral property. See Colebrooke's letter to Sir Thomas Strage (Elements of the Hindu Law, vol. II. pp. 223, 224,) and Bhowani' Charan Ba'narjya' *versus* the heirs of Ram Ka'nta Ba'narjya' (S. D. A. R. vol. II. p. 201, from which it will be seen that the father has no power to make unequal distribution of ancestral property, and that such distribution, if made, is invalid and revokable.

In this case the *Pandits* are stated to have assigned six reasons for this opinion, not one of which, except the last, appears entitled to any weight. The last reason assigned, namely, that a principality may lawfully and properly be given to an eldest son, is doubtless correct, and taking a *zemindaree* in the light of a principality, is applicable, and would alone have sufficed to legalize the transaction. . A principality has indeed been enumerated among things not partible. But with respect to the other reasons assigned, they may be briefly replied to as follows. To the first, that, "according to law, a present made by a father to his son, through affection, shall not be shared by the brethren," it may be objected, that this relates to property other than ancestral, over which the father is expressly declared to have control. To the second, "That what has been acquired by any of the enumerated lawful means, among which inheritance is one, is a fit subject of gift," that this supposes an acquisition in which no other person is entitled to participate, and not the case of an ancestral estate, in which the right of the father and son has been declared equal. To the third, "That a coheir may dispose of his own share of undivided property," that his right to do so is admitted; but this does not include his right to alienate the shares of others. To the fourth, "That although a father be forbidden to give away lands, yet if he nevertheless do so, he merely sins, and the gift holds good," that the precept extends only to property over which the father has absolute authority, and cannot affect the law, which expressly declares him to have no greater interest than his son in the ancestral estate. And to the fifth, "That *Raghunandana* in the *Da'yatatwa*, restricting a father from giving lands to one of his sons, but clothes and ornaments only, is at variance with JI'MU'TAVA'HANA, whose doctrine he espouses, and who only says that a father acts blamably in so doing," that no such variance in reality exists. Macn. H. L. vol. I. pp. 7, 8.

উক্ত রিপোর্টে তাবদ্বৃত্তান্ত না থাকাতে তৎসমুদায়ের অবগতি নিমিত্তে সর্ টামস্ এস্ট্রেঞ্জ সাহেবের প্রকটিত রিপোর্ট যোগ করা গেল, তদ্যথা—

রেস্পণ্ডেণ্ট নবদ্বীপের বর্ত্তমান রাজা, আপিলাণ্ট তাঁহার পিতৃব্য হয়েন, এবং তাঁহার স্থানে জমীদারীর চারি ভাগের ভাগ দাওয়া করেন—এই হেতুবাদে যে তিনি (রেস্পণ্ডেণ্টের পিতামহ) রাজা কৃষ্ণ চন্দ্রের চারি পুত্রের মধ্যে এক জন, এবং তাহা হওয়াতে হিন্দুর ধর্ম্মশাস্ত্রানুসারে তিনি ঐ রাজার (ত্যক্ত) ভূমি সম্পত্তির চারি ভাগের ভাগ পাইতে অধিকারী। প্রকাশ যে (এক বঙ্গ ভাষায় আর এক পারস্য ভাষায় লিখিত এই) দুই উইলের দ্বারা রাজা কৃষ্ণচন্দ্র আপনার সমুদয় জমীদারী জ্যেষ্ঠ পুত্র শিব চন্দ্রকে দিয়া যান, এবং ইনি তদনুসারে ঐ জমীদারী অধিকার করিয়া গবর্ণমেণ্ট হইতে দেওয়ানী সনদ হাসিল করেন। রাজা শিব চন্দ্রও উইলের দ্বারা আপনার সমুদয় জমীদারী জ্যেষ্ঠ পুত্র (রাজা) ঈশ্বর চন্দ্রকে অর্থাৎ রেস্পণ্ডেণ্টকে দিয়া যান। ঐ দুই উইলের সত্যতা সপ্রমাণ হইল, এবং পণ্ডিতদিগের অধিকাংশে উক্তি করিলেন যে তাহা শাস্ত্রানুসারে সিদ্ধ। অপিচ কানুনগোদিগের দাখিল করা ঐ রাজবংশাবলিপত্র হইতে প্রকাশ যে নদিয়ার জমীদারী কথনো বিভক্ত হয় নাই; এবং আইনের ১৩৭ আর্টিকেলে আদিষ্ট হইয়াছে যে জমীদারীর উত্তরাধিকারিত্ব বিষয়ক মকদ্দমাতে জজসাহেবের উচিত যে যে পরগনাতে বিরোধীয় ভূমি থাকে তৎ পরগনার রীত্যনুসারে অথবা বাদির পরিবারের বিশেষ কুলাচারানুসারে তাহা স্থিরীকৃত হইয়া আসিয়াছে কিনা তাহা তদারক করিয়া নিশ্চয় করেন, এবং এ বিষয়ে যে প্রমাণ প্রাপ্ত হয়েন তাহা যে কেমত প্রামাণ্য তাহা নিজ বিচারপত্রে বিবেচনা করেন। এতাবতা আপিলণ্টের দাওয়া শাস্ত্র ও জমীদারীর আচার উভয়ের বিপরীত দৃষ্ট হইতেছে।

পরন্তু আপিলাণ্ট জীবিকা পাইতে অধিকারী; এবং তিনি পূর্ব্বে যে মাসিক ২৫০ টাকা করিয়া পাইতেন তদতিরেকে (জিলার) জজ তাঁহাকে (আর) ২৫০ টাকা জমীদারী হইতে দেওয়ার আদেশ করিয়াছেন—এই হেতুতে যে পূর্ব্ব নিয়মিত সংখ্যা তাঁহার পদ ও অবস্থার উপযুক্ত নয়*। ২৩ ফেব্রুওরি ১৭৯২ সাল। জি. এইচ্ বার্লো (সাহেব) সদর দেওয়ানী আদলতের পরীক্ষক ও রিপোর্ট লেখক। দ্রষ্টব্য—এস্ট্রেঞ্জ সাহেবের হিন্দু. ল. বা' ২, পৃ. ৪৩৫ ও ৪৩৬।

---

* এই মকদ্দমা এতদ্দেশের বৃহৎ জমীদারী সকলের মধ্যে এক জমীদারী বিষয়ক। উইলকর্ত্তা রাজা নিজ পিতার উইল অনুসারে তিন ভ্রাতাকে নিরাশ পূর্ব্বক যাবজ্জীবন তাহা ভোগ করিয়া নিজ পুত্রকে উইল করিয়া দিয়া যান. তাঁহার বিরুদ্ধে তৎপিতৃব্য ত্রয়ের এক জন চারি ভাগের ভাগ পাইবার নিমিত্তে নালিশ উপস্থিত করেন—এই আপত্তিতে যে পৈতামহ বিষয় এরূপে হস্তান্তর করিতে (প্রতিবাদির) পিতামহের ক্ষমতা ছিলনা। প্রতিবাদির পিতামহের কৃত উইল লইয়া তর্ক বিতর্ক হইল, ঐ দলীল মৃত্যুর আশঙ্কায় জ্যেষ্ঠ পুত্রকে (অর্থাৎ বাদির জ্যেষ্ঠ ভ্রাতাকে) দান রূপে অর্পন করা দৃষ্ট হইতেছে, তাহাতে আর আর পুত্রের বর্ত্তনের উপায় কিয়দংশে করা হয়, কিন্তু ঐ পুত্রেরা নিজ নিজ প্রাপ্য অংশ পাইলে যৎ পরিমাণে অধিকারি হইতেন তাহার সহিত মিলাইলে তাহা অত্যল্প ছিল। উক্ত দুই উইলের শেষখানাতে লিখিত আছে যে ঐ জমীদারী কথনো বিভক্ত হয় নাই; দেশাচারানুসারে জ্যেষ্ঠপুত্রই তাহা বরাবর ভোগ করিয়া আসিয়াছেন, তদ্বিবেচনায় উইলকর্ত্তা নবদ্বীপের ব্রাহ্মণদিগের সম্মুখে জ্যেষ্ঠপুত্রকে তাহা দিয়া যান, এবং ঐ দানের সাক্ষি হইবার নিমিত্তে ঐ ব্রাহ্মণদিগের সমাগম করান। তদনুসারে উইলের অতিরেক প্রতিবাদী হেতুবাদ করিলেন যে বিরোধীয় বিষয় যে প্রকার তাহাতে তাহা দায়াধিকারসূত্রে তাঁহারই, এবং মকদ্দমাতে ইহা বস্তুতঃ সপ্রমাণ হইয়াছে যে আর আর পুত্রকে নিরাশ করিয়া এক পুত্রই বরাবর তাহাতে ভোগবান্ হইয়া আসিয়াছেন, পরন্তু বরাবর জ্যেষ্ঠই যে ভোগবান্ এমত নহে কিন্তু (তদ্বিষয়ক) ধর্ম্মশাস্ত্রের মর্ম্মানুসারে কথনো তাদৃশ বিষয় রক্ষণাবেক্ষণে পুত্রদের মধ্যে সর্ব্বাপেক্ষা যোগ্য যে পুত্র তিনিই হইয়াছেন। এবিষয়ে শাস্ত্র কি তাহা জানিবার নিমিত্তে আপিল আদালতে যে সকল উপায় চেষ্টা হইয়াছিল তাহা যত দূর হইতে পারে সেই পর্য্যন্তই বটে; উভয়পক্ষে যে বহুপণ্ডিতের নাম করিয়াছিলেন কেবল তাঁহাদের মত জিজ্ঞাসা করা হইয়াছিল এমত নহে কিন্তু প্রদেশস্থ আদালতের পণ্ডিতদিগকে এবং সদরমোকামের পণ্ডিত দিগকেও জিজ্ঞাসা করা হইয়াছিল, শেষোক্ত সম্প্রদায়ের মধ্যে (কোলব্রুকের অনুবাদিত) ডাইজেষ্টের সংগ্রহকর্ত্তা জগন্নাথ তর্কপঞ্চানন ছিলেন। এবং যদ্যপি জগন্নাথ লইয়া অধিকাংশ পণ্ডিতে বিষয় কিপ্রকারের—তাহা পৈতামহ বা স্বার্জ্জিত সাধারণ বা কাহারো স্বকীয়—তৎ প্রতি দৃষ্টি না করিয়া কোন হিন্দু স্বেচ্ছাক্রমে তাহার বিষয় দান করিতে পারে—এই সাধারণ কারণের উপর উভয় উইলকর্ত্তার পক্ষে মত দিলেন, তথাপি (সদর) আদালত্ প্রতিবাদির পক্ষে হইয়াছিল যে ডিক্রী তাহা স্থিরতর রাখিয়া, ঐ বিষয় যে প্রকারের এবং যে প্রকারে তাহা দেশাচারানুসারে বরাবর ভোগ হইয়া আসিয়াছে

The above report does not give all the details: the report published by Sir Thomas Strange is therefore added to supply the deficiency. This is as follows;—

Appellant is the uncle of respondent, the present *Ra'ja'* of Nuddea; and claims from him one-fourth of that *zemindaree*, upon the ground of his being one of the four sons of *Ra'ja'* Krishna Chandra (the grandfather of respondent,) and therefore entitled to one-fourth of his landed property, agreeably to the Hindu law. It appears that *Ra'ja'* Krishna Chandra bequeathed by two wills (the one in the Bengalee, and the other the Persian language) the whole of the *zemindaree* to his eldest son *(Ra'ja')* Shib Chandra, who accordingly succeeded to the *zemindaree*, and obtained a *Dewanny Sunud* from Government. *Ra'ja'* Shib Chandra also bequeathed the whole of the *zemindaree* by will to his eldest son *(Ra'ja')* Ishwar Chandra, the respondent. The authenticity of the above wills is established; and a majority of the *Pandits* referred to have declared them valid according to the Hindu law. It further appears from the genealogical table of the family, dilivered in by the Ka'nu'ngos, that the *zemindaree* of Nuddea has never been divided; and by the 137th article of the Regulations, it is directed that, in cases of succession to *zemindarees*, the judge do ascertain whether they have been regulated by any general usage of the pergunnah where the disputed land is situated, or by any particular usage of the family suing; and do consider in his decision the weight due to the evidence on this head. It appears therefore that the appellant's claim is contrary both to law and the usage of the *zemindaree*

The appellant, however, is entitled to a maintenance; and the judge has awarded to him the further sum of Sicca Rupees 250 per month, to be paid from the *zemindaree*, in addition to the sum of 250 Rupees before received by him; upon the ground that the former sum was inadequate to his situation and circumstances.* 23d February 1792. (Strange's H. L. vol. II. pp. 435, 436). G. H. Barlow, *Examiner and Reporter to the Sudder Dewanny Adawlut.*

---

* It was the case of one of the great *zemindarees* of the country, which the testator, the *Ra'ja'*, having enjoyed during his life under the will of his father, to the exclusion of his three brothers, left by will to his son; against whom one of his uncles instituted a suit for the recovery of his fourth share, disputing the right of the grandfather, so to dispose of property that was ancestral. The question was discused upon the will of the grandfather of the defendant, which appears to have been an assignment in trust, by way of gift to his eldest son, the elder brother of the plaintiff, in contemplation of death; providing to a certain degree for his other sons, but very inadequately, compared with what they would have been entitled to had they been allowed to succeed to their legal shares. The latter of the two wills recited that the *zemindaree* never had been divided; but that, pursuant to the custom of the country, it had always been enjoyed by the eldest son; in consideration of which the testator had left it to his eldest son, in the presence of the Brahmins of Nuddea, whom he had assembled to be witnesses of the gift. Accordingly, the defendant contended, independent of the will, that the estate in question, according to the nature of it, was his, in right of inheritance; and it was proved in the cause in point of fact, that it had alwas been enjoyed by one son, in exclusion of the rest, though not uniformly by the eldest; but sometimes by the one deemed the fittest to manage a property of that description, pursuant to the spirit of the Hindu law in that respect. The means resorted to by the Court of Appeal, for information as to the the law, appears to have been as extensive as possible; references having been made, not only to numerous *Pandits* named by either party, but to the *Pandits* of the several courts in the provinces, as well as to those at the Presidency; among which latter was JAGANNA'TH TARKAPANCHA'NAN the compiler of the Digest. And, though a great majority, including JAGANNA'TH, were in favour of the acts of the two testators, upon the general ground of the competency of a Hindu to dispose of his property as he pleases, without regard to the nature of it, whether ancestral or acquired, public or private, yet the Court, affirming the decree which had been in favour of the defendant, expressly made the nature of the property, and the course in which it had always

তৃতীয় মকদ্দমা কৃষ্ণ কিঙ্কর তর্কভূষণের বিরুদ্ধে রামকুমার ন্যায়বাচস্পতির। তাহার নিষ্পত্তি ১৮১২ সালের ২৪ নবেম্বর তারিখে সদর দেওয়ানী আদালতে হয়। ঐ মকদ্দমাতে বিচরিত হয় যে আর আর পুত্রকে নিরাশ করিয়া পিতা এক পুত্রকে সমুদয় পৈতামহ বিষয় দিলে অথবা অপরকে দান করিলে (ঐ দান অধর্ম্ম্য হইলেও) বঙ্গদেশে স্বীকৃত মতানুসারে সিদ্ধ*। দ্রষ্টব্য—স. দে. আ. রি. বা. ২, পৃ. ৪২।

'কন্‌সিডরেসন্‌স্ অন্ দি হিন্দু ল' নামক পুস্তকে অনেক মকদ্দমা উল্লিখিত হইয়াছে, যাহাতে হিন্দুদের কৃত উইল সুপ্রীম কোর্ট কর্ত্তৃক স্থিরতর রহিয়াছে। উল্লিখিত মকদ্দমা সকলের মধ্যে নিম্ন ধৃত কএক মকদ্দমা বিশেষে মনোযোগার্হ।

হরিশ্চন্দ্র মিত্র প্রভৃতির বিরুদ্ধে নবকৃষ্ণ মিত্র প্রভৃতির মকদ্দমায় উইল-কর্ত্তা গোকুলচন্দ্র মিত্র নিজ উইল পত্রে ৺ মদন মোহন-জী প্রভৃতি বিগ্রহের সেবার নিমিত্তে বিশেষ বিষয় দেবোত্তর দানের পর স্পষ্টতঃ এমত উক্তি† করাতেও যে তাঁহার বিষয় অবিভক্ত থাকিবে আর্জি দাবীতে ঐ বিষয় বিভাগের প্রার্থনা করা হয়।

ডিক্রীতে উইল সাব্যস্ত হইল, এবং উইল-কর্ত্তা বিগ্রহের নিমিত্তে যেসকল নিয়ম করিয়াছিলেন তৎপ্রতি বিশেষ বিবেচনা করা হইল, কিন্তু বিষয় বিভাগ নাহওন বিষয়ে তাঁহার সুব্যক্ত অভিপ্রয়ের বিরুদ্ধে তাঁহার উইলে লিখিত অংশ পরিমাণে বিভাগ করিতে আদেশ করা হইল।

সর্ ফ্রান্সিস্ মেকনাটন্ সাহেব বিবেচনা করেন—"যদি উইলের অনুরোধে না হইত তবে অবশ্যই ভাগ সকল সমান হইত। এতাবতা আমার অনুমানে এই স্থির হয় যে যদিও সুপ্রীমকোর্ট পিতাকে

---

এই মোরাভিবকে বিচারের এক অঙ্গ করিয়া নিষ্পত্তি করিলেন, যথা উপরি প্রকটিত (আপেণ্ডিক্‌সে লিখিত) আবেস্ ট্রাক্ট-দৃষ্টে প্রকাশ পাইবে)। আর এক বিষয় দেখা কর্ত্তব্য, তাহা এই যে উক্ত দুই উইলের প্রথম খানাতে বাদির জীবিকা সরূপ (মাসিক কেবল ২৫০ টাকা) যাহা লিখিত ছিল আদালত তাহাতে সন্তুষ্ট নাহইয়া তাহা বাড়াইয়া ৫০০ টাকা করিতে স্বয়ং ক্ষমতা গ্রহণ করিলেন—এই হেতুবাদে যে পূর্ব্ব নিয়মিত সংখ্যা বাদির পদের ও অবস্থার উপযুক্ত নয় (যথা ডিক্রীতেই লিখিত আছে)। ইহাতে এক প্রকার দেখান হইয়াছে যে বঙ্গদেশেও আধুনিক ব্যবহারানুসারে পিতা পরিবারকে এককালে নিরাশতো করিতে পারেন না, পরন্তু নিজ সন্ততির পরিমাণে অনুপযুক্ত জীবিকা দিয়া যাইতেও পারেন না। এস্ট্রেঞ্জ সাহেবের হিন্দু ল. বা. ১, পৃ. ২৭২—২৭৫।

* ঐ মকদ্দমায় পণ্ডিতেরা যে ব্যবস্থা দিয়াছেন তৎ খণ্ডনার্থ তাঁহাদের ধৃত প্রমাণ কয়েকটি মাত্র লিখা আবশ্যক, ঐ প্রমাণ সকল তদ্বিপরীত মতের পোষকতাতেই বরং প্রযুজ্য। উক্ত ব্যবস্থার পোষকতায় যে সকল প্রমাণ ধৃত হয়, তদ্ যথা—১ দায়ভাগধৃত বিষ্ণু বচন—"পিতা যদি পুত্রগণকে বিভাগ করিয়া দেন, তবে স্বোপার্জ্জিত ধন যখন ইচ্ছা তখনি বিভাগ করিতে পারেন"। দায়ভাগে লিখত আছে—"মণিমুক্তা প্রবালাদি অস্থাবর ধন পিতামহ হইতে দায়রূপে প্রাপ্ত হইলে এবং উদ্ধৃত না হইলেও তাহাতে স্বার্জ্জিত ধনের ন্যায় পিতার প্রভুত্ব আছে, আর তাহা বিষম বিভাগ করিতে পিতার ক্ষমতা আছে; যথা যাজ্ঞবল্ক্য কহেন,—'মণিমুক্তা প্রবালাদি অস্থাবর বস্তু সমস্তেরই প্রভুপিতা, কিন্তু কি পিতা কি পিতামহ কেহই সমস্ত স্থাবরধনের প্রভু নহেন'। এস্থলে পিতামহের উল্লেখ হওয়াতে তাঁহার ধন বিষয়ক এই বচন। মণিমুক্তার উল্লেখ করিয়া পুনঃ সমস্ত শব্দের উল্লেখ করাতে ভূম্যাদি ব্যতিরিক্ত বিষয়ের দানাদিতে পিতার প্রভুত্ব (আছে) কিন্তু স্থাবর নিবন্ধ ও দ্রব্য (অর্থাৎ দাসপ্রভৃতি) দানাদি করিতে তাহার ক্ষমতা নাই। যেহেতু এস্থলে 'সমস্ত' কথিত হইয়াছে অতএব এই নিষেধে সমস্তবিষয়ের দানাদি প্রতিষেধ করা হইয়াছে যেহেতু (স্থাবরাদি বিষয়) পরিবারের পালনোপায়, যথা মনু নিশ্চয়রূপে কহিয়াছেন—'পোষ্যবর্গের পালন স্বর্গ ভোগের প্রশস্ত সাধন, পরিবারকে ক্লেশ দিলে নরক হয়, অতএব যত্নে পরিবার পালন করিবে'। পরিবারের ভরণ পোষণে ব্যাঘাত না হয় এমত অল্পবিষয় দানাদির বাধক ঐ নিষেধ নয়; কেননা (তদ্দ্বারা অল্প বিষয়েরও দান নিষিদ্ধ) হইলে 'সমস্ত' শব্দের উক্তি ব্যর্থ হইবে। প্রায়শ্চিত্তবিবেকে ধৃত যাজ্ঞবল্ক্য বচন—"যে ব্যক্তি শাস্ত্রাদিষ্ট কর্ম্ম নাকরে, ও যাহা দুষ্কর্ম্ম উক্ত হইয়াছে তাহা করে, এবং ষড়রিপুকে বশে নারাখে, সে পরলোকে শাস্তি পাইবে"। উক্ত মকদ্দমাতে পণ্ডিতেরা যে সকল প্রমাণ তুলিয়াছেন বিবেচনা করিলে স্পষ্টতঃ বোধ হইবে তাহা যে মতের পোষকতায় প্রয়োগ করার মনস্থ করা হইয়াছে তাহার যথেষ্ট প্রমাণ কিছু মাত্র নয়। মেক্. হি. ল. বা. ১, পৃ. ৯ ও ১০।

† অর্থাৎ—উপরিস্থ লিখনানুসারে স্থাবরাদি বিষয় যাহা বিগ্রহদিগকে দিয়াছি তদ্ভিন্ন আমার পৈতৃক ও স্বোপার্জ্জিত স্থাবরাদি সকর ও নিষ্কর জমীদারী ও তালুক ও বাগান ও বাজার ও বাটী ও ভূমি প্রভৃতি স্থাবরাদি বিষয় যাহা আছে

The third case is that of Ra'm Kuma'r Nya'yaba'chaspati *versus* Krishna Kinkar Tarkabhú-shan, decided by the Sudder Dewanny Adawlut on the 24th of November 1812. In that case it was maintained that the gift by a father of the whole ancestral estate to one son, to the prejudice of the rest, or even to a stranger is a valid act, (although an immoral one,) according to the doctrine received in Bengal.*

Various cases have been cited in the "Considerations on the Hindu Law," in which wills made by Hindus have been upheld by the Supreme Court. The following perhaps are the most remarkable of the cases cited :—

In the case of Nabakrishna Mittra and others *versus* Harish Chandra Mittra and another, the bill of complaint prayed a partition notwithstanding the testator Gokul Chandra Mittra in his will, after giving certain property as *devottar* for the worship of the deity *Madan Mohan Ji'* and other idols, declared in the most express terms that his estate should remain undivided.†

By the decree the will was established, and the provisions which the testator made for his idols were particularly considered, but inspite of his express intention a partition was ordered according to the proportions directed by him in his will.

Sir Francis Macnaghten remarks : 'had it not been for the will, it (the partition) must of course have been equal. Hence, I think, we may conclude, although a father may be allowed by the

---

been enjoyed, according to the custom of the country, an ingredient in their determination ; as may appear from the extract inserted in the appendix. Another thing to be remarked is, that the Court, not satisfied with the sum specified in the former of the two wills, as a provision for the plaintiff, (being only 250 rupees per month), took upon itself to increase it to 500, upon the ground, as the decree declares, that the former sum was inadequate to his "situation and circumstances." This tends to show that even, in Bengal, under the modern practice, the father of a family, according to his means, cannot leave it inadequately provided for, much less entirely destitute. Strange's Hindu Law, vol. I. pp. 262—265.

* To refute the opinion declared by the *Pandits* on that occasion, it is merely necessary to state the authorities quoted by them, which would have been more applicable to the maintenance of the opposite doctrine. The following were the authorities cited in support of the above opinion. 1st. The text of *Vishnu*, cited in the *Da'yabha'ga* : "When a father separates his sons from himself, his will regulates the division of his own acquired wealth." 2nd. A quotation also from the *Da'yabha'ga* : "The father has ownership in gems, pearls, and other movables, though inherited from the grandfather, and not recovered by him, just as in his own acquisitions ; and has power to distribute them unequally ; as JA'GNYAVALKYA, intimates : The father is master of the gems, pearls, and corals, and of all (other movable property,) but neither the father nor the grandfather is so of the whole immovable estate. Since the grandfather is here mentioned, the text must relate to his effects. By again saying, "all" after specifying 'gems, pearls,' &c. it is shown, that the father has authority to make a gift or any similar disposition of all effects other than land, &c. but not of immovables, a corody, and chattels, (i. e. slaves ; ) since here also it is said 'the whole,' this prohibition forbids the gift or other alienation of the whole, because (immovables and similar possessions are) means of supporting the family. For the maintenace of the family is an indispensable obligation, as MANU positively declares : 'The support of persons who should be maintained, is the approved means of attaining heaven : but hell is the man's portion if they suffer. Therefore (let a master of a family) carefully maintain them. The prohibition is not against a donation or other transfer of a small part, not incompatible with the support of the family : for the insertion of the word 'whole' would be unmeaning (if the gift of even a small part were forbidden.) The text of JA'GNYAVALKYA, cited in *Pra'yashchitta-viveka* : "From the non-performance of acts which are enjoined, from the commission of acts which are declared to be criminal, and from not exercising a control over the passions, man incurs punishment in the next world." An examination of the authorities above quoted, as given by the law officers in the case in question, will make it evident that they are totally insufficient for the support of the doctrine to which they were intended to apply. Macn. H. L. vol. I. pp. 8—10.

† Namely ; 'Exclusive of the fixed &c. property, which I give to the deities as written above, my paternal and self-acquired fixed &c. property, subject to rent and rent-free zemindarees and talooks,

তাঁহার বিষয় অসমান বিভাগ করিতে ক্ষমতা দিতে পারেন, তথাপি তৎ সন্তানদিগকে তাঁহার নির্দ্দিষ্ট অংশ পরিমাণানুসারে বিভাগ করণে নিবৃত্ত করিতে ক্ষমতা দিবেন না। যদিও ইহা সত্য বটে যে অসমান অংশ-পরিমাণের ও বিভাগের প্রতি আপত্তি উপস্থিত হয় নাই, তথাপি ইহাও সত্য যে অসমান বিভাগে যে যে ব্যক্তির ক্ষতি হয় তাহারা তাহাতে সম্মত হইলে আদালত ন্যায়্যরূপেই ঐ বিভাগ জারি করিতে পারেন, এবং উইল-কর্ত্তা যে দৃঢ়রূপে বিভাগ নিষেধ করিয়াছিলেন যদি তাহা করণে শাস্ত্রানুসারে তাঁহার অধিকার থাকিত তবে বিভাগ করণে কোনক্রমে আদালত ন্যায়্যতঃ আদেশ করিতে পারিতেন না, অধিকারি ব্যক্তিরা নিজ নিজ অধিকার বিষয়ে ন্যূনতা স্বীকার করিতে সক্ষম বটে, কিন্তু উইল-কর্ত্তা যথাশাস্ত্র কোন নিয়ম করিলে তাহা রহিত করিতে আদালত সক্ষম নহেন।

কোন হিন্দুর মৃত্যুর পর তৎপুত্রেরা অথবা সন্ততিরা আপনাদের মধ্যে যে ভাগ করে তাহা উইলদ্বারা নিবারণ করিতে ঐ ব্যক্তির ক্ষমতা আছে কি না তাহা নিশ্চয় করা নিতান্ত আবশ্যক, পরন্তু (উইলের শেষ ভাগ যাহা আমি তাহা হইতে তুলিয়া লইলাম তাহার যে প্রকার অর্থ কেন করা যাউক না তদ্দ্বারা) আমার বোধ হইতেছে যে তেমত করিতে তাঁহার ক্ষমতা নাই। কন্. হি. ল. পৃ. ৩২৩—৩২৮।

রামগোপাল মল্লিকের ও রামরতনু মল্লিকের বিরুদ্ধে রামতনু মল্লিক প্রভৃতি কর্ত্তৃক উপস্থিত তাহাদের পিতা মৃত নিমাই চরণ মল্লিকের কৃত উইল বিষয়ক মকদ্দমাতে সুপ্রীম কোর্টের জজেরা নিযুক্ত পণ্ডিতদিগের মত গ্রহণ না করিয়া উইল বিষয়ক মত পূর্ব্বেই ব্যবস্থাপিত বিবেচনায় ঐ উইল মঞ্জুরি বিষয়ে সকলেই ঐক্যমত হইয়া যে ডিক্রী করিলেন তদ্যথা—"এই আদালত এই রূপ হুকুম দেওয়া ও ডিক্রী করা উচিত বোধ করেন (যথা তদনুসারে ডিক্রী ও উক্তি করা হইল) যে এই মকদ্দমার আর্জ্জী জওয়াব ইত্যাদিতে উল্লিখিত মৃত নিমাই চরণ মল্লিক হিন্দুর ধর্ম্মশাস্ত্রানুসারে নিজ স্থাবরাস্থাবর পৈতৃক ও স্বার্জ্জিত বিষয় সমুদায় উইলের দ্বারা দানাদি করিতে পারিতেন ও সক্ষমছিলেন।

এক্ষণে বিবেচ্য এই যে—উইল-কর্ত্তার উইলের ভাবার্থানুসারে এবং তাঁহার অভিপ্রায়ানুসারে তাৎপর্য্য গ্রহণাশয়ে আদালতের নিষ্পত্তি হয় যে—উইল-কর্ত্তা যত ধর্ম্মকর্ম্ম করিতে আদেশ করিয়াছেন ঐ সকলের সম্পন্নতার নিমিত্তে তাঁহার বিষয় হইতে তদুপযুক্ত টাকা দিতে হুকুম হইল; তিনি উইলের দ্বারা যাহাকে যাহা দিয়াছেন তৎসমুদয় দান স্থিরতর থাকিল; এবং নিমাই চরণ মল্লিক উইল না করিয়া মরিলে যেরূপে তাঁহার ধন বিলি হইত আর আর বিষয়ে তাহা তদ্রূপে বিলি হইল। অপিচ উইলের দ্বারা পৈতৃক স্থাবর বিষয় দানাদি করিতে হিন্দুর যে অধিকার তাহা আদালত স্পষ্টতঃ স্বীকার করিলেন; আমার বোধ হয় ইহার ভাবার্থ এই যে তাহা ইচ্ছানুসারে করিতে পারে। সর্ ফ্রান্সিস্ মেক্নাটন্ সাহেবের বিবেচনা। ঐ. পৃ. ৩৪০—৩৪৮।

উইল-কর্ত্তা দর্পনারায়ণ শর্ম্মার বহুতর স্থাবরাস্থাবর বিষয় ছিল। ঐ সমুদায় (যথা তৎকর্ত্তৃকই কথিত হইয়াছে) তাঁহার স্বোপার্জ্জিত। তাঁহার উইলে যেসকল নিয়ম লিখিত হয় তদ্যথা—"যেহেতু আমার জ্যেষ্ঠ পুত্র শ্রীরাধামোহন বাবু ও তৃতীয় পুত্র শ্রীকৃষ্ণমোহন বাবু গুরু ত্যাগ করিয়াছেন এবং মদ্য পান করেন ও আমাকে শাসাইয়াছেন যে হত্যা করিবেন, অতএব আমি তাঁহারদিগকে ত্যাজ্য করিলাম, আর

তাহা অবিভক্ত থাকিবে। তাহা দান বা বিক্রয় দ্বারা হস্তান্তর করিতে আমার উত্তরাধিকারিদের অধিকার থাকিবে না। এবং তাহা বিভাগ করিতে বা অংশ করিয়া লইতে তাহাদের কখনো ক্ষমতা থাকিবে না, তাহা বন্ধক দিতেও কাহারো ক্ষমতা থাকিবে না,—তাহা পুত্র পৌত্রাদিক্রমে অবিভক্ত ও সাধারণ রহিবে"। অনন্তর তিনি নিজপুত্র জগমোহনকে নিজ বিষয়ের অধ্যক্ষ করিলেন, এবং উক্তি করিলেন যে তিনি যাহাকে যাহা দিয়াছেন, তাহা তাহারই হইবে, এবং ভাগের অসমানতা বিষয়ে তাহাদের মধ্যে কোন দাওয়া হইবে না। কন্. হি. ল. পৃ. ৩২৪ ৩২৫।

Supreme Court to make an unequal distribution of his estate, that it will not allow him to restrain his descendants from partitioning according to the distribution he has made. It is true that the unequal distribution was not objected to, and that partition was not opposed, but it is also true that an acquiescence in the unequal partition by those parties whom it affected, would be sufficient to justify the Court in carrying it into effect, and that the Court could not be justified, under any circumstances, in directing a partition, the testator having peremptorily prohibited it, if he had had a right to prohibit it according to law, that the parties were competent to a surrender of their own rights, but that the Court was not competent to annul a provision which the testator might lawfully make.

It is certainly of importance to ascertain, whether or not a *Hindu* can, by his will, prevent his sons or descendants from making partition amongst themselves, after his death; and it appears to me (whatever construction may be put upon the last clause which I have quoted from the will) that he cannot do so. Cons. H. L. pp. 323—328.

In the case of Ra'm Tanu Mallik and others *versus* Ra'm Gopa'l Mallik and Ra'm Ratan Mallik, regarding the will made by their father Nima'i Charan Mallick, deceased, the Supreme Court, without referring to their Pandits, were unanimous in its favour, considering the point as already settled, and decreed as follows: "This Court doth think fit to order and decree, and it is accordingly decreed and declared, *that by the Hindu Law Nima'i Charan Mallik, deceased, in the pleadings of this cause mentioned, might and could dispose, by will, of all his property, as well movable as immovable, and as well ancestral as otherwise.*"

It is now to be observed, that the Court's decision was founded upon a construction of the testator's will, and an intention to construe it according to his meaning; that a sum sufficient for effectuating all the acts of piety he directed was ordered to be provided out of his estate for the purpose; that the legacies were all confirmed; that the estate was in other respects disposed of as it would have been had Nima'i Charan Mallik died intestate; and that the Court expressly declared the right of a *Hindu* to dispose of his ancestral immovable property by his will; which, as I conceive, meant according to pleasure. Sir Francis Macnaghten's Consideration, pp. 340—348.

The testator Darpa Na'ra'yan Sarmano *(Sharma')* was possessed of very large property, both movable and immovable. It was all, as he recited, self-acquired. His will contained the following provisions: "As my eldest son Sri' Ra'dha' Mohan Bábu and third son Sri' Krishna Mohan Ba'bu have discarded their *guru* (spiritual teacher,) and drink sprituous liquors, and

and gardens, bazars, and houses, and lands, and so forth, immovable, &c. property whatever, the same shall all remain undivided. My heirs shall not have or hold the right of disposing thereof by gift or sale, nor shall my heirs ever have power to divide and share the same, nor shall any one have power to mortgage the same, and the same shall in the succession of sons, grandsons, &c. remain undivided in common concern." He then makes his son Jaga Mohan, the manager of his property, and declares that what he has given to any one, shall be his, and there shall not be any claim among them on account of disproportion therein. Cons. H. L. pp. 324, 325.

তাঁহারদিগকে আমার অন্ত্যেষ্টি ক্রিয়া ও শ্রাদ্ধাধিকারে বর্জ্জিত করিলাম"। পরন্তু তাঁহাদের প্রতিপালন ও জীবিকার্থে তৎপ্রত্যেককে তিনি ১০০০০ টাকা দিলেন, এবং জ্যেষ্ঠাপত্নীর গর্ভজাত কনিষ্ঠপুত্র প্যারী মোহন বাবুকে (যিনি কালা ও গোঙ্গা ছিলেন) তাঁহার ভরণ পোষণার্থে ২০০০০ টাকা দিলেন।।

ত্যাজ্য পুত্রদ্বয়ের এক জন (অর্থাৎ) কৃষ্ণমোহন লোকান্তর গত হইলে তৎপিতা (অর্থাৎ) দর্প-নারায়ণের বিষয়ে তাঁহার যোগ্যাংশের নিমিত্তে ইজেক্‌ট্‌মেন্টের এক মকদ্দমা হয়। তাহাতে (দর্পনারায়ণ শর্ম্মার আর আর পুত্র অর্থাৎ) বাবু গোপীমোহন, হরিমোহন, লাডলি মোহন ও মোহিনী মোহন জওয়াব দাখিল করিলেন, এবং দর্প নারায়ণ প্রকৃত রূপে উইল করিয়াছেন ইহা সপ্রমাণ হওয়াতে প্রতিবাদিদের হকে ডিক্রী হইল। কন্. হি. ল. পৃ. ৩৪৯।

রামকৃষ্ণ মল্লিকের দুই পুত্র ছিলেন,* নামতঃ—বৈষ্ণব দাস ও সোনাতন, এবং নীলমণি নামক এক ভ্রাতৃপুত্র ছিলেন তিনি ঐ পুত্রদ্বয়ের জ্যেষ্ঠ। বাঙ্গালা ১২০০ সালের বৈশাখ মাসে অথবা ইংরাজি ১৭৯৩ সালের এপ্রেল মাসে (যৎকালে নীলমণি ষোল কি সতের বৎসর বয়স্ক ছিলেন) রামকৃষ্ণ উইলরূপে এক কাগজ লিখিত পঠিত করিয়া দেন ও তাহাতে তিনি উক্তি করেন যে তাঁহার ভ্রাতৃপুত্র (নীলমণি) ও পুত্রেরা সমুদয় বিষয়ের সমভাগে (অর্থাৎ প্রত্যেকে তিন ভাগের ভাগে) অধিকারি, এবং তাঁহার (অর্থাৎ রামকৃষ্ণের) মরণান্তর তিন জনে এইরূপে বিষয়ে ভোগবান্ হইবে। এই কাগজে রাম কৃষ্ণের দুই পুত্র ও ভ্রাতৃপুত্র নীলমণি স্ব স্ব সম্মতি লিখিয়া দিলেন।

সোনাতন মল্লিক এক পত্নী ও দুই দুহিতা রাখিয়া মরেন, তিনি এক উইল করেন যদ্দ্বারা নিজ স্থাবরাস্থাবর তাবদ্রূপ বিষয় ভ্রাতাকে দিয়া যান। সোনাতনের মৃত্যুর ষোল সতের বৎসর পরে ঐ পত্নী এই এজহারে যে তাহার স্বামী উইল করেন নাই নালিশ করিয়া তদ্বিষয় দাওয়া করিল, কিন্তু ঐ উইল সাব্যস্ত হইল।

নীলমণি নিজ মৃত্যুর প্রায় আটার মাস পূর্ব্বে রাজেন্দ্রকে দত্তক গ্রহণ করিলেন, পরন্তু রামকৃষ্ণ যে বিভাগ করিয়া ছিলেন তাহাতে এবং সোনাতনের উইলেও তিনি সম্মত হইয়া বৈষ্ণব দাসের সহিত একত্র থাকিতে লাগিলেন; উক্ত দুই দান দ্বারা ঘরাও বিষয়ের দুই তেহাইতে বৈষ্ণব দাস এবং এক তেহাইতে নীলমণি অধিকারি হইলেন।

রাজেন্দ্র ও বৈষ্ণব দাসের মধ্যে যে মকদ্দমা ও পালটা মকদ্দমা হয় তাহার ইশু হওয়ার পর ১৮২৪ সালের ১৮ ফেব্রুয়ারি তারিখে আরো আদেশের নিমিত্তে দর পেশ হইল; এবং তখন (আদালতের) উক্তি হইল যে আরবা কাগজে লিখিত স্থাবরাস্থাবর বিষয়ের দুই তেহাইতে বৈষ্ণব দাস অধিকারী। কন্. হি. ল. পৃ. ৩৬১, ৩৬২, ৩৬৩ ৩৬৬, ৩৩৬৯।

এই মকদ্দমার কতক কাগজ (যাহা সোনাতনের অংশ সম্বন্ধীয় তাহার) দ্বারা অনুভব হইতে পারে যে কোন হিন্দু উইলের দ্বারা নিজ স্থাবরাস্থাবর পৈতৃক বিষয় হস্তান্তর করিতে পারে। এবং উইলের দ্বারা যে ব্যক্তিকে বিষয় দত্ত হইয়া থাকে তদপেক্ষা পত্নী ও দুহিতারা তৎসমুদয় বিষয়ে নির্ব্বিবাদ রূপে প্রশস্ততর অধিকারি হইলেও ইহারদিগেকে নিরাশ করিয়া তাদৃশরূপে দানাদি করিতে পারে। সর্ ফ্রানসিস্ মেকনাটন্ সাহেবের বিবেচনা।

অপিচ সাধারণ বিষয় পৈতৃক স্থাবরাস্থাবর উভয়রূপ উইলেও কোন হিন্দু অর্দ্ধেকের পরিবর্ত্তে এক তেহাই লইতে স্বীকার করিলে উইল দ্বারা সে নিজ দত্তক পুত্রকে ঐ স্বীকারে বদ্ধ করিতে পারে। সর্ ফ্রান্সিস্ মেকনাটন্ সাহেবের বিবেচনা। ঐ, পৃ. ৩৬৯।

রাজা নবকৃষ্ণের—রাজা রাজকৃষ্ণ নামক ঔরস ও গোপীমোহন দেব নামক দত্তক পুত্র থাকিতেও, তিনি উইলের দ্বারা একখান পৈতৃক তালুক ভ্রাতৃপুত্রদিগকে দিলেন। এবং উইলের এক ভাগে নির্দ্দ

have threatened to murder me, I have discarded them, and debar them from performing the ceremonies of burning my body and *sra´ddha*." He then gives to each of them 10,000 rupees, for their support and maintenance, and bequeaths to his youngest son, by his first wife, Pya´rí Mohan Ba´bu, he being deaf and dumb, 20,000 rupees for his maintenance.

An action of ejectment was brought upon the demise of Krishna Mohan, one of the discarded sons, for his share of Darpa Na´ra´yan's (his father's) estate. To this Ba´bus Gopi´ Mohan, Hari Mohan, La´dli Mohan, Mohani Mohan (the other sons of Darpa Ná´ra´yan Sarma´) took defence, and upon proof of Darpa Na´ra´yan's will being duly made, there was a verdict for the defendants. Cons. H. L. p. 349.

Ra´mkrishna Mallik had two sons,—namely, Boishtam Da´s and Sona´tan Da´s, and one nephew named Nîlmani, who was elder than the sons. In the month of Boisák, Bengal year 1200 or April 1793, (Ni´lmani then being sixteen or seventeen years of age,) Rám Krishna executed a paper in the nature of a will, by which he declared his nephew (Nîlmani) and his sons entitled in equal shares (each one third) to the whole of the property, and that it was to be so enjoyed by the three upon the death of him (Ra´m Krishna.) To this paper the two sons of Rám Krishna and his nephew Nîlmani signified their assent in writing.

Sona´tan Mallik, who left a widow and two daughters surviving him, made a will by which he left his property, which consisted of every description, to his brother. Nearly sixteen years after the death of Sonátan, the widow filed her bill, alleging her husband's intestacy, and claiming his estate, but the will was established.

Nîlmani, about eighteen months before his death, adopted Ra´jendra as his son, but he continued to live with Boistam Da´s, acquiescing in the apportionment of the estate which had been made by Ra´m krishna, and also in the will of Sona´tan; by which two dispositions, Boishtam Da´s became entitled to two-thirds, and Nîlmani entitled to one-third of the family estates.

The cause and cross cause, between Ra´jendra and Boistam Da´s, after the finding of the issue, came on for further directions upon the 8th of February, 1824; when it was declared that Boistam Da´s Mallik was entitled to two-thirds of the property, movable and immovable, in the pleadings mentioned. Cons. H. L. pp. 361, 362, 363, 366, & 369.

It may be inferred from the part of this proceeding, which relates to Sonatan's share of the estate, that a Hindu may by will dispose of his ancestral immovable, as well as movable property, and that he may do so to the prejudice of his wife and daughters, although they were unquestionably entitled, by the Hindu law, to the whole of his estate in preference to the person to whom it was given by will.

And further, that a *Hindu* may by his will bind his adopted son to an agreement, into which he himself had entered, to receive one-third, instead of one half, of the joint family estate; although it consists of ancestral immovable as well as movable property. Sir Francis Macnaghten's Considerations, p. 369.

Ra´ja´ Nabakrishna, although he had a begotten son Ra´ja´ Ra´jkrishna, and an adopted son Gopi´ Mohan Deb, left by his will an ancestral *ta´look* to the sons of his brother; and in one

রূপে দান করিয়া পুনরায় তৎপর ভাগে ইহা কহিয়া যে—'এই উইলে বাদি প্রভৃতি যাহাকে যাহা দত্ত হইল যদি তাহারা কেহ কিম্বা তদুত্তরাধিকারিরা রাজকৃষ্ণের স্থানে [illegible]রিক্ত দাওয়া করে তবে এই উইল অনু-সা[illegible]হার যে স্বত্ব তাহা ধ্বংস হইবে'—ঐ দানকে শরত্তি ও প্রত্যাহার্য্য করিলেন। এমত করিতে তাঁহার অধিকার থাকার বিষয়ে কেহ কোন আপত্তি করিলেক না; এবং (গোপীমোহন দেব ও রাজা রাজকৃষ্ণ আপোসে বিরোধ নিষ্পত্তি করণের পর) [illegible] সালের জুন মাসে কৃত ডিক্রীতে উক্তি হইল যে তাঁহারা যৌত অধিকারি রূপে রাজা নবকৃষ্ণের বিষয় লইবেন,—তথাচ রাজা নবকৃষ্ণ নিজ শেষ উইলে যে সকল নিয়ম করিয়াছেন তন্মধ্যে যাহা গোপীমোহন দেবের ও রাজা রাজকৃষ্ণের সহিত সম্বন্ধ রাখে তদ্ব্যতিরেকে আর সকল নিয়ম তাঁহারদিগকে পালন করিতে হইবে। দ্রষ্টব্য কন্. হি. ল. পৃ. ৩৫৬। মর্লি্তর সংগ্রহীত হিন্দু ল. ঘটিত মকদ্দমাং পৃ, ৩৯৯।

পরে উপস্থিত দান[illegible] উইল বিষয়ক সকল মকদ্দমাতেই প্রায় উক্ত রূপে বিচার হইয়াছে, তন্মধ্যে কতিপয় নিষ্পত্তির ম[illegible]

সৎবংশী প্রভৃতির বিরুদ্ধে রামনারায়ণ দত্ত প্রভৃতির মকদ্দমাতে বিচরিত হইয়াছে যে দানপত্রে বিশেষ শরত্ থাকিলেও তাহা গ্রাহ্য হইতে পারে। এবং দানপত্রে এমত নিয়ম করিয়াও যে গ্রহীতা দাতাকে যাবজ্জীবণ প্রতিপালন করিবে, এবং ঐ দান জন্য গ্রহীতা দাতার অন্ত্যেষ্টিক্রিয়া করিবে, কোন ব্যক্তি অন্যকে সর্ব্বস্ব দান করিতে পারে। ২৩ জুন ১৮৪২ সাল। স. দে. আ. রি. বা. ৩, পৃ. ৩৭৭।

মোসম্মাৎ দাসী দাসীর বিরুদ্ধে তারিণী চরণের মকদ্দমাতে বিচরিত হইয়াছে যে বঙ্গদেশীয় কোন হিন্দু পত্নী জীবিত থাকিতেও আপনার সমুদায় বিষয় দানপত্র দ্বারা যথা শাস্ত্ররূপে ভ্রাতাকে দিতে পারে। ৩১ জুলাই ১৮৩২ সাল। স. দে. আ. রি. বা. ৩ পৃ. ৩৯৭।

শ্রীমতী নিমু দাসীর বিরুদ্ধে জগমোহন রায়ের মকদ্দমাতে বিচরিত হইয়াছে যে কোন হিন্দু তৎপুত্রেরা জীবিত থাকিতে তাহাদের সম্মতি বিনা পৈতামহ স্থাবর বিষয় উইল দ্বারা দানাদি করিতে পারে। ২১ জুন ১৮৩১ সাল। নিষ্পন্ন মকদ্দমাৎ বিষয়ক ক্লার্কের নোট, পৃ. ১০১—১১৯।

(মৃত) সূর্য্যকুমার ঠাকুরের পত্নী পতির উত্তরাধিকারিণী করায়ে এবং যে উইলের দ্বারা তিনি পত্নীকে কিছু টাকা দিয়া বকী সমুদায় স্থাবরাস্থাবর পৈতামহ ও স্বার্জ্জিত বিষয় ভ্রাতাদিগকে দিয়া যান সেই উইল অস্বীকার পূর্ব্বক নালিসী আর্জি দাখিল করিলেন, পরন্তু উক্ত উইল উত্তম রূপে সাব্যস্ত হইল এবং আর কোন আপত্তি উপস্থিত হইল না। কন্. হি. ল. পৃ. ৩৬০ ও ৩৬১।

রঘুনাথ পালের উইল বিষয়ক মকদ্দমাতে বিচরিত হইয়াছে যে পিতা জ্যেষ্ঠ পুত্রকে মাসিক অল্প বরাদ্দ করিয়া দিয়া স্বার্জ্জিত স্থাবরাস্থাবর বিষয় কনিষ্ঠ পুত্রদের মধ্যে অসমান ভাগ করিয়া দিতে পারেন। কন্. হি. ল. পৃ. ৩৭৯, ৩৭৯।

রামহরি বিশ্বাস উইলের দ্বারা ভূমিরূপ স্থাবর বিষয়ের বারআনা প্রাণকৃষ্ণ (বিশ্বাসকে) ও চারিআনা জগমোহনকে দেন। এই উইল সাব্যস্ত ও সিদ্ধ হইল, রামহরি উইলের দ্বারা স্থাবর বিষয়ের অসমান বিভাগ করিতে পারেন কি না এ আপত্তি উপস্থিত হইল না। কন্. হি. ল. পৃ. ৩৭০ ও ৩৭১।

অনেক উইলে দেবসেবার বৃত্তি ও ধর্ম্মকর্ম্মের ব্যয় বিধান করা হইয়াছে এবং তৎসমুদায় আদালত কর্ত্তৃক প্রতিপালিত ও নিষ্পাদিত হইয়াছে। কন্. হি. ল. পৃ ৩২২।

শ্রীমতী সোনা দেবী প্রভৃতির বিরুদ্ধে রামদুলাল সরকার ও চৈতন্য চরণ সেটের মকদ্দমাতে রাধাকান্ত চট্টোপাধ্যায়ের উইল সকল বিষয়ে সম্পূর্ণরূপে স্থাপিত হয়, ধর্ম্ম কর্ম্ম করণের ও পরিবারীয় দেবসেবার উপায় বিধান করিতে কোন হিন্দুকে যে ক্ষমতা আছে ইহা আদালত সম্পূর্ণরূপে স্বীকার করিয়াছেন। কন্. হি. ল. পৃ. ৩৩১—৩৩৫।

part of the will he made an absolute gift, and again in a subsequent part he made it conditional and retractable, declaring "plaintiff and the other legatees or their respective heirs to forfeit all right under the will respectively, in case of making any claim upon Rajkrishna for more than is bequeathed by the will." His right to do so was not questioned by any one; and by a decree passed in June 1800, (after Gopi' Mohan Deb and Ra'ja' Ra'jkrishna had settled their disputes,) it was declared that they should take the estate and property of Ra'ja' Nabakrishna as tenants in common; subject neverthless, to *all the provisions, made by the last will and testament of Ra'ja' Nabakrishna,* except only as to those provisions which respect Gopì Mohan Deb and Ra'já Ra'jkrishna. See Cons. H. L. p. 356. And Montriou's Cases of the Hindu Law, p. 399.

Similar judgments have been passed in almost all the subsequent cases regarding gift or will. Some of them in substance are as follows :—

In the case of Ra'm Na'ra'yan Datta and others *versus* Satbansi' and others, it was held that a deed of gift may be valid though clogged with certain conditions, and a person may convey all his property to another, though there be stipulations in the deed, that the donor should be maintained by the donee during his life-time, and that the exequial ceremonies of the former should be performed by the latter in consideration of the gift. 23rd June 1842. S. D. A. R. vol. III. p. 377.

In the case of Ta'riní Charan *versus* Mussumat Da'sí Da'sí, it was held that a *Hindu* of Bengal may lawfully convey all his property, by a deed of gift, to his brother, notwithstanding that he has a wife living. 31st July 1842. S. D. A. R. vol. III. p. 397.

In the case of Jaga Mohan Ra'y *versus* Sri'matì Nímu Da'sí, it was held that a Hindu having sons living may dispose of immovable ancestral estate by will, without their consent. 21st June 1831. Clarke's Notes of decided Cases, pp. 101—119.

Shúrja Kuma'r Tha'kur's widow filed a bill claiming as her husband's heir, and denying the existence of the will, by which he left a sum of money to his wife, and all the rest of his property, movable and immovable, ancestral and self-acquired, to his brothers: the will was well proved and no further question was raised. Cons. H. L. pp. 360, 361.

In the case of Raghu Na'th Pa'l's will it was held that a father may distribute self-acquired property, movable and immovable, by will unequally among younger sons, leaving his eldest son a small monthly allowance. Cons. H. L. pp. 369, 370.

The will of Ra'm Hari Bishwa's, by which he left Pra'n Krishna three-fourths, and Jaga Mohan one-fourth, of his landed or immovable property, was established and held valid, no objection being raised whether Ra'm Hari could not make an unequal distribution of immovable property by his will. Cons. H. L. pp. 370, 371.

Many of the wills made a provision for idols' establishments, and directed an expenditure for superstitious purposes; and they all have been carried to effect. Cons. H. L. p. 322.

In the case of Ra'm Dula'l Sarka'r and Choitanya Charan Set *versus* Srimatì Sona' Debí and others, the will of Ra'dha' Ka'nta Chattopa'dhya'y was completely established as to all its provisions, and the court most fully recognised the right of a Hindu to make provision by his will for the performance of religious ceremonies and the maintenance of his family idols. Cons. H. L. pp. 313—335.

প্যাট্রিক ট্রেল্যাণ্ড ও হেনরি ভোজ সাহেবের বিরুদ্ধে দেবনাথ সান্যাল প্রভৃতির মকদ্দমাতে দৃষ্ট হইবে যে ৩৩৫৫০১ সংখ্যক টাকার বিষয়ের মধ্যে হইতে ২২৬২৫০ টাকার অর্থাৎ দুই লক্ষের অধিক টাকা উইলকর্ত্তা নিজ উইলে যেমত ধর্ম্ম কর্ম্মে ব্যয় করিতে কহিয়াছিলেন তদনুসারে আদালত ঐ টাকা তত্তৎ কর্ম্মে ব্যয় করিতে আদেশ করিলেন। কন্. হি. ল. পৃ. ৩৭৬।

এইরূপে যে কোন রূপ উইল ও দানপত্র আদালতে গ্রাহ্য হইতে থাকিল। তাহা শাস্ত্র বিরুদ্ধ ও অন্যায় হওন বিষয়ে কেহ কথাটিও কহিল না। পরে সদরের বেঞ্চ সংস্কৃতশাস্ত্র বিসারদ বিখ্যাত কোলব্রুক সাহেবে সুশোভিত হইলে ইনি সর্ টামস্ এস্ট্রেঞ্জ সাহেবের প্রেরিত প্রশ্নের উত্তরে বঙ্গাদি দেশ প্রচলিত শাস্ত্রের যথার্থ মত লিখিয়া নিজ মত প্রকাশ করিলেন, তদ্যথা—"কিয়ৎ বৎসর গত হইল এই প্রশ্ন আন্দোলিত হইয়া তৎকালে তৎপ্রতি অনেক বিবেচনার পর এখানে ব্যবস্থাপিত হয় যে (যদ্যপি সর্ উইলিয়ম্ জোন্স্ সাহেবের উক্তিমতে হিন্দুদের ধর্ম্ম শাস্ত্রে উইলের প্রসঙ্গ মাত্র নাও থাকে তথাপি) হিন্দুর মকদ্দমাতে উইল অবশ্য গ্রাহ্য ও সিদ্ধ হইবে—কেননা তাহা বস্তুতঃ মৃত্যুর আশঙ্কায় কৃত দান মাত্র, যদিও হিন্দুদের ধর্ম্ম শাস্ত্রে তদ্বিষয়ে অনুমতি নাই তথাপি তদ্বিষয়ে কোন নিষেধও নাই; অতএব তাহা এমত দান বিবেচনা করিয়া যাহা বিশেষ ঘটনায় (অর্থাৎ দাতার মরণে) ভবিষ্যতে কার্য্য কারক হইবে, আমি বোধকরি তাহা দান বিষয়ক সাধারণ বিধানের অধীন হইবে"। এস্ট্রেঞ্জ সাহেবের হিন্দু ল. বা. ২, পৃ. ৪১৯।

উক্ত উত্তর দেওনের অল্পদিবস পরে তিনি আরো প্রচুররূপে উক্ত বিষয়ে শাস্ত্রের মর্ম্ম প্রকাশ পূর্ব্বক নিজমত লিখিলেন, তদ্যথা—

"অল্প দিবস হইল লিখনে ব্যক্ত করিয়াছি যে আমার বিবেচনায় হিন্দুদের উইল অবশ্যই দান বিষয়ক সাধারণ বিধানের অধীন হইবে। আমি বিবেচনা করি যে যে বিষয় কোন ব্যক্তি জীবন কালে দান করিলে দান সিদ্ধ হয় সেই সেই বিষয়ে ইহাও সিদ্ধ থাকিবে, অন্যতঃ থাকিবে না। আমার আরো বক্তব্য এই যে পিতা জীবনকালে বিভাগ করণের (অর্থাৎ পিতৃকৃত বিভাগের) যে সকল বিধান আছে উইলকর্ত্তা নিজ পরিবারকে যে সকল লিগাসি দেন তাহা অবশ্য ঐ সকল বিধানান্তর্গত হইবে। আমি যে ব্যবস্থা করি তাহা এই যে—কোন ব্যক্তি দানপত্র দ্বারা অথবা পৈতৃক বিষয় বিভাগে যাহা দিতে পারে না তাহা উইলের দ্বারা (যাহা আমার বিবেচনায় মৃত্যুর আশঙ্কায় দান বই নয়) অপরকে অথবা স্বসম্পর্কীয়কে দিতে পারে না। এবিষয়ে যতদুর বলা যাইতে পারে তাহা এই যে—কোন ব্যক্তি বিভাগে অথবা জীবিত অবস্থায় দান রূপে যাহা দিতে বা করিতে পারে উইলের দ্বারা তাহাই দিতে বা করিতে পারে। যাহা দিতে উইলকর্ত্তার ক্ষমতা আছে উইলকে তদ্বিষয়ক দান বিবেচনা করিয়া, এবং সে যাহা বিভাগে ভাগ করিয়া দিতে পারে কিন্তু দান করিতে পারে না উইলকে তদ্বিভাগ রূপ জ্ঞান করিয়া, উইলের যত শক্তি হইতে পারে তাহা স্বীকার পূর্ব্বক ইহা লিখিত হইল।

আমি যে ব্যবস্থা কহিলাম তদনুসারে বঙ্গদেশস্থ হিন্দু স্বোপার্জ্জিত সমুদয় দিয়া যাইতে পারে; কিন্তু পুত্র সত্ত্বে পৈতামহ ধন স্বেচ্ছানুসারে দিতে প্রতিষিদ্ধ হইবে। যে যে প্রদেশে মিতাক্ষরার মত প্রবল তাহাতে কোন হিন্দু স্থাবর ধন দিতে এবং স্বাধিকৃত ধন শাস্ত্রের বিধান ভিন্ন অন্য রূপে পুংসন্ততির মধ্যে বিভাগ করিতেপ্রতিষিদ্ধ। এতাবতা শাস্ত্রবিরুদ্ধ রূপে স্থাবর ধন বিভাগ করিলে সে নিবারিত হইবে। কিন্তু স্বাভাবিক স্নেহ বশতঃ অস্থাবর ধন শাস্ত্রের অনুমতানুসারে দিতে পারে, তথাচ তৎ সর্ব্বস্ব দিতে পারে না।

সংক্ষেপতঃ, যদি পুত্র অথবা পুংসন্ততি না থাকে, এবং বিষয় সমদায়াদগণের সহিত ভাগে না থাকে, তবে কোন ব্যক্তি স্বাধিকৃত সকল ধন (তাহা পৃথক্ ও ভিন্ন হওয়াতে) ইচ্ছানুসারে উইলের দ্বারা দিতে পারে। সমদায়াদ থাকিলে যৌত বিষয়ের নিজ অংশ সমুদয় দান করিতে পারে না; এবং পুত্র থাকিলে স্বাধিকৃত সমস্ত বিষয় দান করিতে পারে না। এস্ট্রেঞ্জ সাহেবের হিন্দু ল. বা. ২, পৃ. ৪২৩ ও ৪২৪।

In the case of Deb Na'th Sa'ndyál and others *versus* Patrick Maitland and Henry William Doz, it will be seen that out of an estate amounting to 335,501 rupees, the Court ordered the sum of 226,250 rupees, or upwards of two *laks* of the whole, to be applied to religious purposes, as the testator had directed by his will. Cons. H. L. pp. 371—376.

Thus the courts of justice went on upholding wills and deeds of gift of any description, and no one said a word againt the legality and propriety of the same, until the Sudder bench was graced by Mr. Henry Colebrooke, that emiment Sanscrit scholar, who, in reply to the questions sent by Sir Thomas Strange, gave his opinion on the subject, stating the true doctrine of the Hindu law as current in Bengal and elsewhere, which is as follows:—"After much consideration of the question, when agitated some years ago, it was here settled, that a will (though this disposal of property be unknown to the law, as was remarked by Sir William Jones) must neverthless be held valid in the case of a Hindu; being in fact a gift made in contemplation of death, which the Hindu law, if it do not directly sanction, contains at least nothing to prohibit. Considering it then as a gift to take effect at a future time, determinable by a certain event, (decease of the giver.) I apprehend it must be governed and controlled by the general rules regarding gift." Strange's Hindu Law, vol. II. p. 419.

Then in a letter written a few days after the above, he gives an ampler exposition of the law, with his own opinion on the subject, as follows:—

"When writing a few days ago, I stated that I thought a Hindu's will and testament must be governed and controlled by the general rules respecting gifts. It will hold good, I think, for the same things for which a gift made in his life-time would do so, and no otherwise. I should have added, however, that his legacies to his family must be controlled by the rules regarding partition made in his life-time by him, as father of the family. The principle I would lay down is, *that a man cannot confer on a stranger, or his own kin, by will, (which I consider to be a donation in contemplation of decease,) what he could not bestow by deed of gift, or partition of patrimony*. The utmost that can be said, is, that he may do that by testament, which he could have done by partition or donation between living persons. This is allowing all the force that can be given to a will, by taking it as a gift, in regard to what the testator has power to give; and, as a partition to inheritance, in regard to what he can distribute, but not give away."

"Upon the principle which I have stated, *a Hindu in Bengal may leave by will all his own acquisitions: but would be restricted, if he have sons, from distributing ancestral property according to his mere pleasure.* In provinces, in which the authority of *Mita'kshara'* prevails, a Hindu is restrained from giving away immovables, and from making any other partition of his possessions among his male descendants, than such as the law has sanctioned. Consequently, he would be withheld from distributing immovables in a mode unauthorised by the law, but may bestow movables of which the law permits him to make gifts on motives of natural affection: not, however, to the extent of his whole property."

"In short, if there be no sons, or male descendants, and the property be not shared by a co-heir, the whole of his possessions, being his separate and distinct property, may be disposed of by will, as he pleases. If he have a co-parcener, he cannot give away his entire share of the joint property; nor the whole of his possessions, if he have sons." Strange's Hindu Law, vol. II. pp. 423, 424.

এই ব্যবস্থা যথার্থতঃ শাস্ত্রসম্মত, এতদনুসারেই কার্য্য হওয়া উচিত ছিল; পরন্তু তাহা হওয়ার সময় বহিয়া গিয়াছিল। পৈতামহ ও স্বার্জ্জিত স্থাবরাস্থাবর বিষয় দান বিষয়ক অনেক দানপত্র ও উইল তৎপূর্ব্বে গ্রাহ্য ও সিদ্ধ হইয়া তদ্দ্বারা—"কৃত হইলে সিদ্ধ"—এই মত এমত প্রগাঢ় রূপে বদ্ধমুল হইয়াছিল যে তাহা তখন লড়ান দুষ্কর, এমত যে কোলব্রুক সাহেব নিজেই ইহা দেখিয়া যে তাঁহার ব্যবস্থাপিত মত পুনঃ স্থাপিত হওয়া অতি কঠিন, অনন্তর সর্ টামস এস্ট্রেঞ্জ সাহেবকে লিখিত লিখনে তৎকালীন প্রচলিত আচার ব্যবহারের ও নিষ্পত্তিপত্রের অনুসারে নিজ মত মতান্তর করিলেন, উক্ত লিখনের সঙ্ক্ষেপে যথা—

"নিষ্পন্ন মকদ্দমা সকল বিবেচনায় ও তাহা হইতে যাহা নিষ্কর্ষ হইতে পারে তাহা বিবেচনায় এবং ঐসকল নিষ্পত্তিপত্রেতে যে মত স্থিরীকৃত হইয়াছে তদ্বিবেচনায় হিন্দুদের উইল বিষয়ে আমার লিখিত চিঠির ঐ অংশ শোধন করার আবশ্যক দৃষ্ট হইতেছে যাহাতে আমি কহিয়াছি যে বঙ্গদেশস্থ কোন হিন্দু স্বার্জ্জিত সমস্ত বিষয় উইলের দ্বারা দিয়া যাইতে পারে, কিন্তু যথেচ্ছাচারে পৈতামহ বিষয় সন্তানদিগের মধ্যে ভাগবিলি করিতে তাহাকে নিষেধ আছে। দায়রূপ ধন সন্তানদের মধ্যে রীতিমত বিভাগ করিতে গেলে তাহাকে ঐ নিষেধ মানিতে হইবে ইহা যথার্থ, এবং প্রকাশ্য কোন বিচার-নিষ্পত্তি দ্বারা তদ্বিষয়ক শাস্ত্রবিধান নির্ম্মূল হয় নাই। কিন্তু যে দানপত্র দ্বারা পৈতামহ বিষয় অসমান রূপে দেওয়া হয় (অথবা আর আর পুত্রকে অত্যল্প জীবিকা দিয়া এক পুত্রকে দেওয়া হয়) তাহা সদর দেওয়ানী আদালতের পূর্ব্বজজেরা প্রগাঢ় ফয়সালা দ্বারা সিদ্ধ করিয়াছেন; এবং অবগতি হইয়াছে যে ভুয় ভুয় মকদ্দমাতে হিন্দুদের কৃত উইল (যদ্দ্বারা পৈতামহ ও স্বার্জ্জিত ধন উইলকর্ত্তার ইচ্ছানুসারে দত্ত হইয়াছে) সুপ্রীমকোর্ট স্থিরতর রাখিয়াছেন"।

"ইহা আমার নিকট অসঙ্গত বোধ হইতেছে যে কোন পুরুষ বিভাগে যাহা করিতে পারে না, তাহা দান বা উইলের দ্বারা করিতে পারে। এবং যদি (বিষম বিভাগকে) বিভাগ না বলিয়া দান ছলে সহজে বিভাগ বিষয়ক সমস্ত বিধান এড়ান যাইতে পারিত তবে হিন্দুর ধর্ম্মশাস্ত্রকর্ত্তারা পিতৃকৃত বিভাগ বিষয়ক বিধানসকল করিতে কষ্ট স্বীকার করিতেন না। পরন্তু যেহেতু একথা এখানে স্থির হইয়া গিয়াছে, অতএব তদ্বিষয়ে আমি যাহা কহিয়াছি তাহা মতান্তর করা আবশ্যক;—বঙ্গদেশীয় হিন্দু (পুরুষ) নিজ অধিকৃত বিষয় তাহা সঙ্ক্রান্ত বা স্বার্জ্জিত হউক উইল বা দানপত্র দ্বারা দিয়া যাইতে পারে; এবং ঐ দান বা লিগাসি, তাহা পুত্রের বা অপরের প্রতি হউক, শাস্ত্রীয় বিধানের বিরুদ্ধ বলিয়া নিন্দিত বা সদোষ হইলেও স্থিরতর থাকিবে। ২২ জুলাই, ১৮১২ সাল। দ্রষ্টব্য এষ্ট্রেঞ্জ সাহেবের হিন্দু ল. বা. ২ পৃ. ৪২৫ ও ৪২৬।

যদ্যপি কোলব্রুক সাহেব উক্ত মতের বিরুদ্ধে বিশিষ্ট হেতুবাদ পূর্ব্বক উক্তি করিয়া পরে কেবল নিষ্পত্তিপত্র সকলের অনুরোধে মাত্র ঐ মতে সম্মতি দেন, তথাপি তৎসম্মতিতে ঐ মত নির্ব্বিবাদ রূপেই প্রায় স্থাপিত হইয়া গেল। অনন্তর সর্ উইলিয়ম্ মেকনাটন্ সাহেব বিশিষ্ট হেতু বাদে শাস্ত্রের অর্থবাদ পূর্ব্বক উক্ত মত দুষিয়া তাহা অশাস্ত্রীয় জানাইয়াছেন বটে,* কিন্তু তাহা বৃথা হইয়াছে; তৎকালে ঐ মত এমত

* মেকনাটন সাহেবের কতিপয় হেতুবাদ ও তৎকথিত শাস্ত্রার্থ যথা—'পৈতামহ স্থাবর ধনে পিতার যে স্বত্ব তাহা সর্ব্বদা সঙ্কুচিত; (শাস্ত্রের) উক্তি এই যে বর্ত্তমান অধিকারির পুত্র পৌত্র ও প্রপৌত্র যদি অধিকারের ধ্বংসক শারীরিক ও মানসিক দোষে দুষ্ট না হয় তবে তদ্দ্বারা ঐ বর্ত্তমানাধিকারির সহিত তাহাদের তুল্য স্বামিত্ব; এমত যে বিশেষ ও আবশ্যক অবস্থায় ভিন্ন তাহাদের অনুমতি বিনা ঐ বিষয় হস্তান্তর করিতে অথবা এক সন্তানকে অন্যাপেক্ষা অধিকাংশ দিতে পিতার ক্ষমতা নাই। তাবৎ প্রকার অস্থাবর, বিষয় তাহা স্বার্জ্জিত বা পৈতামহ হউক, এবং ধনির স্বার্জ্জিত বা উদ্ধৃত স্থাবর বিষয়, ধনী যেমত উচিত বিবেচনা করে তদ্রূপে হস্তান্তর বা বিলি করিতে পারে, কেবল তাহাতে ধর্ম্মের দ্বারে দায়ী হইতে হয় মাত্র। যেহেতু পৈতামহ স্থাবর বিষয়ে পিতার অধিকার এই রূপে সঙ্কুচিত আছে, এবং হিন্দু ধর্ম্মশাস্ত্রে উইলের প্রসঙ্গ মাত্র নাই, অতএব (শাস্ত্রের) সঙ্গতির নিমিত্তে এই হইতে পারে যে যেস্থলে তাহা শাস্ত্র বিরুদ্ধ সে স্থলে তাহা সম্পূর্ণরূপে অকর্ম্মণ্য ও তল্লিখিত নিয়ম সকল অগ্রাহ্য হইবে; নতুবা কোন ব্যক্তি জীবন কালে যে দানাদি করিয়া সিদ্ধ করিতে পারে না

These are true expositions of the law and ought to have been acted upon; but it was too late. Numbers of wills and deeds of gift relative to the transfer of entire estates, movable and immovable, acquired and ancestral, had already been admitted and affirmed, and thereby the doctrine of '*factum valet*' was too deeply rooted to be shaken, so much so that Mr. Colebrooke, seeing it too difficult to re-establish the doctrine laid down by him, at length wrote a letter to Sir Thomas Strange modifying his expositions in accordance with the prevalent practice and the decisions then in existence. The following is an extract of this letter:—

"Upon reference to adjudged cases, and upon consideration of the inferences to be drawn from them, and principles held to have been settled by these judgments, I find occasion to correct that part of my letter on the subject of wills by *Hindus*, in which I said that a *Hindu* in Bengal may leave by will all his own acquisitions, but is restricted from distributing ancestral property among his children, according to his own pleasure. It is true that, if he make a formal partition of heritage, he is subject to restrictions; and no express decision has weakened the strict rule of law on this point. But a deed of gift, by which the ancestral property was unequally distributed, (or was given to one son with a very inferior provision for the rest,) has been held valid by a solemn decision of the former Court of Sudder Dewanny Adawlut; and I understand that, in numerous instances, wills of *Hindus*, disposing of the ancestral as well as acquired property, according to the testators' pleasure, have been allowed by the Supreme Court.

"It appears to me an inconsistency, that a man may do that by gift or will which he may not do by a formal partition; and the *Hindu* legistators might have saved themselves the trouble of providing rules to regulate a father's distribution, if the whole may be evaded by the easy expedient of calling the distribution a gift, instead of a partition. But since the point is here a settled one, what I said on the subject may require modification. *A Hindu in Bengal may leave by will, or bestow by deed of gift, his possessions, whether inherited or acquired; and the gift or legacy, whether to a son or stranger, will hold, however reprehensible it may be, as a breach of an injunction and precept.* July 22, 1812. See Strange's Hindu Law, vol. II. pp. 425, 426.

This ultimate acquiescence of Mr. Colebrooke in the doctrine in question, although it was after a remonstrance against it, and merely to accord with the adjudged cases, rendered the point almost unquestionable. In vain did Sir William Macnaghten afterwards contest the doctrine and declare it illegal, giving expositions of the law, and showing reasons for the same:*

* Some of his reasons and expositions are as follows:—"In ancestral real property, the right is always limited; and the sons, grandsons, and great grandsons of the occupant, supposing them to be free from those defects, mental or corporeal, which are held to defeat the right of inheritance, are declared to possess an interest in such property equal to that of the occupant himself; so much so that he is not at liberty to alienate it, except under special and urgent circumstances, or to assign a larger share of it to one of his descendants than to another. With respect to personal property of every description, whether ancestral or acquired, and with respect to real property acquired or recovered by the occupant, he is at liberty to make any alienation or distribution which he may think fit, subject only to spiritual responsibility. The property of the father being thus restricted in respect of ancestral real property, and wills and testaments being wholly unknown to the Hindu law, it follows, for the sake of consistency, that they must be wholly inoperative, and that their provisions must be set aside, where they are at variance with the law; otherwise a person would be competent to make a disposition to take effect after his death, to which he could not have given effect during his life-time. A will is nothing more or less than "the legal declaration

তাহা মৃত্যুর পর কার্য্যকারক করাইতে যোগ হইবে। উইল কেবল কোন ব্যক্তির বাসনা বোধক বৈধ উক্তি মাত্র, যাহা সে বাঞ্ছা করে যে তাহার মৃত্যুর পর কার্য্যে পূর্ণ হয়। কিন্তু যাহা শাস্ত্র বিরুদ্ধ তাহা বাসনা করিলে তদুক্তিকে ঐ ব্যক্তির বাসনার বৈধ উক্তি বলা যাইতে পারে না। মৃত্যুর আশঙ্কায় দান হইতে পারে, কিন্তু ইংরাজের আইনে উইলের যে অর্থ বুঝায় তাহা হিন্দুদের ব্যবহারে মোটে জানিত নয়; এবং তাদৃশ দান সেই সেই অবস্থাতেই কেবল সিদ্ধ হইতে পারে যে যে অবস্থাতে সাধারণ দান সিদ্ধ বিবেচিত হয়। যাহা জীবিতদের মধ্যে হইতে পারে না, তাহা উইলের দ্বারাতেও হইতে পারে না। মেক্. হি. ল. বা. ১, পৃ. ২—৪।

রামকান্ত বন্দ্যোপাধ্যায়ের উত্তরাধিকারিদের বিরুদ্ধে ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়ের মকদ্দমাতে (যাহা ১৮১৩ সালের ২৭ ডিসেম্বর তারিখে সদর দেওয়ানী আদালতে নিষ্পন্ন হয়) পিতার ক্ষমতা বিষয়ে সম্পূর্ণ অনুসন্ধান করা হইয়াছে। সদর দেওয়ানী আদালতে নিযুক্ত পণ্ডিতদের মধ্যে মতের অনৈক্য হওয়াতে সুপ্রীম কোর্টের পণ্ডিত তারাপ্রসাদ ও মৃত্যুঞ্জয়ের নিকট ও কলিকাতার প্রবিন্‌স্যাল কোর্টের পণ্ডিত নরহরির নিকট এবং ফোর্ট উইলিয়ম্ কালেজের পণ্ডিত রামজয়ের নিকট এই প্রশ্ন করা হয় যে—"এক ব্যক্তি জ্যেষ্ঠ পুত্র জীবিত থাকিতে সমস্ত স্থাবরাস্থাবর পৈতামহ ও স্বার্জ্জিত বিষয় কনিষ্ঠ পুত্রকে দান করে। বঙ্গদেশ প্রচলিত শাস্ত্রানুসারে এমত দান সিদ্ধ কিনা; যদি অসিদ্ধ হয় তবে তাহা রদ হইবে কি না?"

এতদ্বিষয়ে উপরি উক্ত চারি পণ্ডিতের স্বাক্ষরে যে উত্তর প্রাপ্তি হইল, তদ্ যথা—জ্যেষ্ঠ পুত্র জীবিত থাকিতে পিতা যদি কনিষ্ঠ পুত্রকে আপনার সমস্ত স্বার্জ্জিত স্থাবরাস্থাবর বিষয় এবং পৈতামহ সমস্ত অস্থাবর বিষয় দেন, তবে ঐ দান সিদ্ধ, কিন্তু তিনি অধর্ম্ম করেন। যদি জ্যেষ্ঠ পুত্রের জীবনকালে পিতা নিজ কনিষ্ঠ পুত্রকে পৈতামহ স্থাবর বিষয় সমুদায় দেন, তবে তাদৃশ দান সিদ্ধ নহে; অতএব যদি তাহা দেওয়া হইয়া থাকে তবে তদ্দান অবশ্য রদ হইবে। পণ্ডিতদিগের পরামর্শ এই যে তাহা অবশ্য রদ হইবে যেহেতু তাদৃশ দান আদৌ অসিদ্ধ কেননা তিনি অর্থাৎ (পিতা) পুত্রদের মধ্যে পৈতামহ স্থাবর ধনের বিষম বিভাগও করিতে পারেন না,—কারণ তিনি সমস্তের প্রভু নহেন; যেহেতু শাস্ত্রের বিধান এই যে পিতা অনিচ্ছুক হইলেও তাঁহার উদ্ধৃত নয় এমত পৈতামহ ধন পুত্রদিগের মধ্যে বিভাগ করিয়া দিতে হইবে, যেহেতু মাতার রজোনিবৃত্তি না হইলে তাদৃশ ধন পুত্রদের মধ্যে বিভাগ করিয়া দিতে তাঁহার ক্ষমতা নাই, পাছে অনন্তর জাত পুত্র আপনার অংশে বঞ্চিত হয়; এবং যেহেতু সন্তান জীবিত থাকিলে পৈতামহ বিষয়ে তাঁহার প্রভুত্ব নাই।

উক্ত মতের পোষকতায় ধৃত প্রমাণ—১ দায়ভাগ ধৃত বিষ্ণু বচন—"স্বার্জ্জিত বিষয় বিভাগ তাঁহার ইচ্ছানুসারি"। ২ দায়ভাগ ধৃত যাজ্ঞবল্ক্য বচন—"মণিমুক্তা প্রবালাদি সমস্ত অস্থাবর বিষয়ের প্রভু পিতা। ৩ দায়ভাগ—'মণিমুক্তা প্রবালাদি অস্থাবর বিষয় পিতামহ হইতে অধিকৃত হইলে এবং পিতৃ কর্ত্তৃক উদ্ধৃত না হইলেও স্বার্জ্জিত ধনের ন্যায় তাহাতে পিতার প্রভুত্ব আছে'। ৪ দায়ভাগ—'কিন্তু তাহা যদি পিতামহ হইতে অধিকৃত স্থাবর ধন হয় তবে তাহাতে তাদৃশ প্রভুত্ব নাই—যেহেতু তাহাতে পিতা পুত্রের সমান স্বামিত্ব। এমত অবস্থায় পিতার যথেষ্ট বিনিযোগার্হত্ব নাই। যথেষ্ট বিনিযোগার্হত্বের অর্থ শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার কহেন ইচ্ছানুসারে দানাদির যোগ্যতা। ৫ দায়ভাগ—'যেহেতু সমস্ত ধনে পিতার প্রভুত্ব এক কারণ কথিত হইয়াছে; এবং (যেহেতু) তাহা পৈতামহ ধনে হইতে পারে না, অতএব পিতৃকৃত বিষম বিভাগ তাঁহার স্বার্জ্জিত বিষয়েই কেবল ধর্ম্ম্য। শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার কৃত উক্ত উক্তির টীকা যথা—যদিও পিতামহ সক্রান্ত সকল ধনের যথার্থতঃ (স্বত্ববান্) প্রভুই পিতা, তথাপি ঐ স্বত্বের এস্থলে অভিপ্রেত অর্থ শুদ্ধ স্বামিত্ব নয়; কিন্তু ইচ্ছাক্রমে ধন দানাদি করিতে যোগ্যতা; পরন্তু পৈতামহ বিষয়ে পিতার তাদৃশ প্রভুত্ব নাই। পৈতৃক বিষয় অপর কর্ত্তৃক হৃত হইলে এবং অন্য দায়াদ বা তাঁহার নিজ পিতৃকর্ত্তৃক উদ্ধৃত না হইলে যদি পিতা তাহা উদ্ধার করেন তবে ইচ্ছা না হইলে তাহার ভাগ পুত্রাদিগকে দিবেন না যেহেতু বস্তুতঃ তাহা তাঁহার স্বোপার্জ্জিত। এস্থলে মনু ও বিষ্ণু ইহা বলাতে যে—"ইচ্ছা না হইলে তাহার ভাগ দিবেন না যেহেতু তাহা তাঁহার স্বার্জ্জিত"—বোধ হয় তদ্দারা ইঙ্গিত করিয়াছেন যে স্বার্জ্জিত নয় (অর্থাৎ উদ্ধৃত নয়) যে পৈতামহ ধন তাহার বিভাগ পিতার অনিচ্ছাতে পুত্রদের মধ্যে হইবে। ৭ দায়ভাগ—"মাতার রজো নিবৃত্তি হইলে" এই কথা পৈতামহ ধন বিষয়ক; যেহেতু রজো নিবৃত্তি হইলে তদ্‌গর্ভে আর সন্তান জন্মিতে পারে না, অতএব তৎকালে পুত্রেদের মধ্যে বিভাগ হইতে পারে; তথাচ তাহা পিতার ইচ্ছাতে হয়। কিন্তু মাতার পুত্র জনন সম্ভাবনা থাকিতে যদি পৈতামহ বিষয় বিভাগ হয়, তবে তৎপরে জাত পুত্র বৃত্তিতে বঞ্চিত হইবে, তাহা উচিত নয়, কেননা বচন আছে যে—"যাহারা জাত, যাহারা অদ্যাপি অজাত, এবং যাহারা গর্ভস্থিত, সকলেই জীবিকা আকাঙ্ক্ষা করে, তাহাদের বৃত্তিলোপ বিগর্হিত কর্ম্ম"। শ্রীকৃষ্ণ কহেন বৃত্তিলোপের অর্থ পৈতামহ ধনের অংশে বঞ্চিত হওয়া। দ্বৈতনির্ণয়—যদি (পুং) সন্ততি থাকে তবে পৈতামহ ধনে পিতামাতার প্রভুত্ব নাই; এবং 'তাঁহাদের প্রভুত্ব নাই' এই কথা বলাতে, তাঁহারা শাস্ত্র বিরুদ্ধ কোন কর্ম্ম করিলে তাহা অসিদ্ধ হইবে। মেধাতিথি ধৃত বিজ্ঞানেশ্বরের উক্তি—"স্বামিত্ববিহীনের কৃত বিক্রয় ও স্বামির বিনা অনুমতিতে কৃত দানাদি প্রভু বিবাক কর্ত্তৃক অসিদ্ধ হইবে"। স্বামিত্ব বিহীন এই কথার অর্থ—যথেষ্ট বিনিযোগে যোগ্যতাহীন। নারদ বচন—"অপ্রাপ্ত ব্যবহার কর্ত্তৃক অথবা ক্ষমতা প্রাপ্ত নয় এমত ব্যক্তি কর্ত্তৃক যে কর্ম্ম কৃত হয় তাহা অবশ্যই অকৃত বিবেচনা করিতে হইবে"। স্মৃতি বিসারদেরা এই রূপ উক্তি করিয়াছেন।

of a man's intentions, which he wills to be performed after his death:" but willing to do that which the law has prohibited, cannot bé held to be a legal declaration of a man's intentions. There may be a gift in contemplation of death, but a will, in the sense in which it is understood in the English law, is wholly unknown to the Hindu system; and such gift can only be held valid under the same circumstances as those under which an ordinary gift whould be considered valid. What may not be done *inter vivos*, may not be done by will. Of this description is the unequal distribution of ancestral real property. Macn. H. L. pp. 2—4.

In the case of Bhowa'ni' Charan Ba'narjya' *versus* the heirs of Ra'm Ka'nta Ba'narjya', which was decided by the Sudder Dewanny Adawlut on the 27th of December, 1816, the question as to the father's power was thoroughly investigated. There being a difference of opinion between the Pandits attached to the Sudder Dewanny Adawlut, the following question was proposed to the Pandits of the Supreme Court, Ta'ra'prasad and Mrityunjoy, to Naraharri, Pandit of the Calcutta Provincial Court, and Ra'mjoy, a Pandit attached to the College of Fort William: "A person whose elder son is alive, makes a gift to his younger, of all his property, movable and immovable, ancestral and acquired. Is such a gift valid, according to the law authorities current in Bengal, or not? and if it be invalid, is it to be set aside?

* But such is the case only, when of these two the priority is undistinguishable ; but when it is ascertained which is first in point of date, and which posterior, then the simple prior title affords the stronger evidence. Or the interpretation of the text, " A title is more powerful than possession unaccompanied by hereditary succession : where there is not the least possession, there a title is not weighty," may be as follows :—In the case of the first acquirer, if a title be proved by witnesses, it is of greater weight than possession unaccompanied by hereditary succession. Again, possession accompanied by hereditary succession, vested in the fourth descendant, is more weighty than a title proved by document ; but in the case of an intermediate (claimant,) a title accompanied with even a small degree of possession is better than a title destitute of possession. This has been expressly declared by NA'RADA : " For the first, gift is a cause ; for an intermediate (claimant,) possession with a title ; but long and hereditary possession alone, is also a good cause." *Mi'ta'kshara'*. See Macn. H. L. vol. I. p. 219. Such is also the opinion of RAGHUNANDANA. See *Vyavaha'ratatwa*.

(অ) "আগম"—প্রতিগ্রহ ক্রয়াদি (যাহা) স্বত্বের কারণ। মি. পৃ. ৫৮।

(অ) স্বত্বহেতুঃ প্রতিগ্রহ ক্রয়াদিরাগমঃ। মি-পৃ. ৫৮।

৵০ সর্ব্বপ্রকার অর্থবিবাদে পরে কৃত যাহা তাহাই বলবতী; কিন্তু বন্ধক প্রতিগ্রহ ও ক্রয়ে পূর্ব্বে কৃত ক্রিয়া বলবত্তরা॥ যাজ্ঞবলক্য, ব. ২৩।

৵০ সর্ব্বেষ্বর্থ বিবাদেষু বলবত্যুত্তরাক্রিয়া। আধৌ প্রতিগ্রহে ক্রীতে পূর্ব্বাতু বলবত্তরা॥ যাজ্ঞবলক্যঃ ব. ২৩।

ব্যবস্থা

৩৬৫ যে যে বিধান দান বিষয়ক তাহা বিক্রয়ে এবং বন্ধকেও সমভাবে প্রযুজ্য।

৩৬৫ যদ্যদ্বিধানং দানবিষয়কং তৎ বিক্রয়ে আধমনেচ সমং প্রযুজ্যং।

যেহেতু সাধারণ বিষয়ের কিয়দংশ দান অথবা কাহারো সমগ্র বিষয় দান নিষেধক যে যে বচন তাহাবিক্রয় ও বন্ধকেরও নিষেধ জ্ঞাপক। কেননা তাহা পরিবারের ক্লেশাশঙ্কা মূলক, ও তৎ ক্লেশ সম্ভাবনা যেমত দানে তেমনি বিক্রয়াদিতেও আছে।

যতঃ সাধারণধনস্য কিয়দংশ দান নিষেধকং বিভক্ত সমগ্রধনদান নিষেধকঞ্চ যদ্যদ্বচনং তদাধমন বিক্রয় পরমপি, তেষাং বচনানাং পরিজন ক্লেশাশঙ্কা মূলকত্বাৎ, এবং যথাদানে তথা বিক্রয়াদাবপি তৎ ক্লেশসম্ভাবিতত্বাচ্চ।

ভিন্ন ভিন্ন আদালতে দত্ত ও গ্রাহ্য হওয়া, এবং সর্ উইলিয়্ মেক্‌নাটন্ সাহেবের পরীক্ষিত ও মনোনীত ব্যবস্থা।

প্র. ১। কোন বিভক্ত হিন্দু, জনসমূহের বৈঠকে বাচনিক রূপে বাদিকে তদন্ত্যেষ্টিক্রিয়াদি করণে ও তৎ সমগ্র বিষয় গ্রহণে যোগ্য পাত্র মনোনীত করে। এমত অবস্থায়, তাহার মৃত্যুর পর বাদী তদুত্তরাধিকারী হইতে অধিকারী কি না?

অবিভক্ত কোন হিন্দু এই নিয়মে বাচনিক দান করিলে যে গ্রহীতা তাহার শ্রাদ্ধাদি করিবে ঐ দান দাতার মরণান্তে সিদ্ধ।

উ. ১। মৃত ব্যক্তি যদি নিজ কুটুম্বের পুত্রকে (অর্থাৎ বাদিকে) তাহার অন্ত্যেষ্টি ক্রিয়াদি করিতে নিযুক্ত করিয়া তাহাকে বাচনিক দান করিয়া থাকে; এমত অবস্থায়, বাদী যদি ঐ মৃত ব্যক্তির আবশ্যক শ্রাদ্ধাদি করে, তবে সে ঐ বিষয় পাইতে অধিকারী।

প্র. ২। ঐ মৃত ব্যক্তির যদি সহোদর ভ্রাতা প্রভৃতি জ্ঞাতি জীবিত থাকে, তবে তাহারা তদ্দায়রূপ ধনভাগি হইতে অধিকারি কি না?

উ. ২। ভ্রাতাদের এবং অন্যান্য সম্পর্কীয়দের ঐ বিষয়াধিকারি হইতে অধিকার নাই যেহেতু ঐ মৃত ব্যক্তি সর্ব্ব প্রকার নিজ ধনের প্রভু ছিল।

জিলা শ্রীহট্ট, ৬ জুন ১৮১২ সাল। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৮, মকদ্দমা ২১, পৃ. ২৩০ ও ২৩১।

প্র. ১। কোন্ কোন্ অবস্থায় দান অদত্ত এবং অসিদ্ধ?

যেং অবস্থায় দান অসিদ্ধ তাহা।

উ. ১। কোন কামাতুর বা রাগাতুর অথবা অধিকার বা স্বামিত্ব বিহীন কিম্বা অত্যন্ত ব্যাকুল, বা অস্থির চিত্ত, কিম্বা মত্ত বা উন্মত্ত অথবা পীড়ার্ত্ত ব্যক্তি কর্ত্তৃক কৃতদান, অথবা ভ্রমে বা পরিহাসে বা ভয়ে কৃত দান, অথবা শোকাদিতে আর্ত্ত ব্যক্তির কৃত দান অদত্ত এবং অসিদ্ধ বিবেচিত হইয়াছে।

প্রমাণ—কাত্যায়ন বচন, "কামার্ত্ত বা রাগার্ত্ত ব্যক্তি কর্ত্তৃক যাহা দত্ত, তথা অধীন, রুগ্ন, নপুংসক, মত্ত বা বিকলচিত্ত কর্ত্তৃক যাহা দত্ত, কিম্বা যাহা ভ্রম বা পরিহাস ক্রমে দত্ত তাহা ফিরিয়া লওয়া যাইতে পারে"।

প্র. ২। কোন ব্যক্তি যে রোগে কালপ্রাপ্ত হয় সেই রোগাবস্থায় যদি নিজ বিষয় দান করিয়া থাকে, তথাচ যদি তৎকালে তাহার মানস ইন্দ্রিয় অবিকল থাকে, তবে ঐ দান শাস্ত্রসম্মত ও সিদ্ধ কি না?

(a) A title arises from gift, sale, or other cause of right, *Ibid.* p. 212.

II. "In all other matter, the latest act shall prevail; but in the case of pledge, gift, or sale, the prior contract has the greatest force." JA'GNYAVALKYA, cited in the *Mita'kshara'*. See Macn. H. L. vol. I. pp. 199, 200.

365 The rules which respect the gift of a property equally apply to the sale or mortgage of it.

Vyavastha'

For the texts which prohibit gifts of any portion of joint property, or of the whole of a man's sole property, equally forbid the sale and mortgage of it; because such prohibition is grounded on the appprehension of the family being distressed, and the family may be distressed by sale and mortgage as well as by gift. See St. H. L. vol. II. p. 421.

*Legal opinions delivered in, and admitted by, the several Courts of judicature, and examined and approved by Sir William Macnaghten.*

Q. 1. An unassociated Hindu, before a large assembly of persons, verbally nominated the plaintiff as a fit subject to perform his exequial rites, and to take his entire property. In this case, is the plaintiff, after his death, entitled to succeed him ?

A verbal gift of property by an unassociated Hindu, on condition that the donee will perform his exequial rites, is good, on the death of the donor.

R. 1. Supposing the deceased to have appointed his relation's son (the plaintiff) to perform his exequial rites, and to have verbally made a gift in his favour; in this case, the plaintiff, if he offer up the requisite oblations to the manes of the deceased, is entitled to succeed to his property.

Q. 2. If there be the deceased's brothers of the whole blood or other relations living, have they any right to share the inheritance ?

R. 2. The brothers and other relations have no right to the succession, because the deceased was master of his own wealth of all sorts.

Zillah Sylhet, June 6th, 1812. Macn. H. L. vol. II. Ch. 8, Case 21, pp. 230, 231.

Q. 1. What are the circumstances which render a gift null and void ?

Circumstances under which a gift is invalidated.

R. 1. If a gift is made by a person under the influence of lust or anger, or having no title or ownership, or being grievously disordered or disturbed in mind, or intoxicated, or during madness, or in pain, through mistake, or in jest, under impulse of fear, or afflicted with grief, or the like, such gift is considered null and void.

*Authority* :—KA'TYA'YANA :—"What has been given by a man under impulse of lust, or anger, or by such as are not their own masters, or by one diseased, or deprived of virility, or inebriated, or of unsound mind, or through mistake, or in jest, may be taken back."

Q. 2. If a person, while afflicted by a sickness from which he died, made a gift of his property, being however at the time in full possession of his mental faculties, in this case, is the gift legal and valid ?

মরণ কালীন কৃত দান সিদ্ধ।

উ. ২। সাজ্যাতিক পীড়িতাবস্থায় দান কৃত হইলেও যদি দাতা দান করণকালে স্থিরচিত্ত রহিয়া থাকে তবে সে দান শাস্ত্র সম্মত ও সিদ্ধ*।

প্র. ৩। স্ত্রীলোকের অপ্রাপ্তব্যবহারতা কতকাল পর্য্যন্ত?

উ. ৩। পোনের বৎসর সম্পূর্ণ না হওয়া পর্য্যন্ত স্ত্রীলোক নাবালগ থাকে।

জিলা দিনাজপুর, ২৬ মার্চ ১৮১৪ সাল। মেক্. হি. ল. বা. ২, পৃ. চ্যা. ৮, মকদ্দমা ১২, পৃ. ২১৮—২২০।

প্র.। কোন হিন্দু সহোদর ভগিনীর পুত্র জীবিত থাকিতে নিজপরিশ্রমার্জিত সমুদয় স্থাবরাস্থাবর বিষয় দানপত্র দ্বারা অবরুদ্ধা রূপে রাখা এক স্ত্রীকে দান করিল। দানপত্র লিখিত পঠিত হওনকালে দাতা পীড়িত ছিল ও সেই পীড়াতে দুই দিবস পরে কালপ্রাপ্ত হইল। এমত অবস্থায়, ঐ দান যথাশাস্ত্র কি না; যদি তাহা অদত্ত ও শাস্ত্রবিরুদ্ধ বিবেচিত হয়, তবে তাহার সমগ্র বিষয় কি তদ্ভগিনীর পুত্রকে অর্শিবে?

স্বার্জিত বিষয় মৃত্যুকালীন দান করিলেও তাহা সিদ্ধ হয় যদি তৎকালে দাতা স্থির-চিত্ত থাকে।

উ.। প্রশ্নে উল্লিখিত ব্যক্তি যদি সহোদর ভগিনীর পুত্র জীবিত থাকিতে স্বোপার্জিত স্থাবরাস্থাবর বিষয় অবরুদ্ধাকে দান করিয়া থাকে, এবং ঐ দানপত্র লিখিত পঠিত হওন কালে দাতা যদি স্থিরচিত্ত থাকা বিবেচিত হয়, তবে তদবস্থায় ঐ দান নির্দ্দোষ ও সিদ্ধ; নতুবা অসিদ্ধ, এবং ঐ ভগিনীর পুত্র অধিকারী হইবে†।

মনু কহেন—“সে এইরূপ ধন ইচ্ছানুসারে দিতে পারে, অথবা তদ্দ্বারা নিজ ব্যয় নির্ব্বাহ করিতে পারে”।

নারদ—“(সচরাচর) নিজ প্রভু হইলেও কোন ব্যক্তি মনের বিকলাবস্থায় যাহা করে বুধেরা তাহা অকৃত কহিয়াছেন, যেহেতু তৎকালে সে নিজ প্রভু নয়”।

পাটনা কোর্ট আপীল। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৮, মকদ্দমা ৩৯, পৃ. ২৪৬ ও ২৪৭।

প্র.। এক ব্যক্তির এক পত্নী ও দুই দুহিতা ছিল, সে তন্মধ্যে এক জনকে আপনার সমুদয় পৈতামহ ভূমি সম্পত্তি এবং অন্য বিষয় বাচনিক দান করিল। এমত অবস্থায় ঐ দান শাস্ত্রসম্মত কি না?

কোন ব্যক্তি পত্নী ও এক দুহিতাকে নিরাশ পূর্ব্বক অন্য দুহিতাকে নিজ সমস্ত বিষয় দিতে পারে।

উ.। উপরি উক্ত অবস্থায় যৎকালীন পিতা এক কন্যাকে বাচনিক দান করেন তৎকালীন তাঁহার পত্নী ও আর এক কন্যা জীবিত থাকিলেও ঐ দান শাস্ত্রসম্মত ও সিদ্ধ।

জিলা বর্দ্ধমান, ১৪ এপ্রেল ১৮২১ সাল। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৮, মকদ্দমা ৩৫, পৃ. ২৪৩।

প্র.। এক ব্যক্তি নিজ দৌহিত্রদিগকে কিছু স্থাবর বিষয় দান করে, ঐ দৌহিত্রেরা (তদানীং) অপ্রাপ্তব্যবহার ও তাহার অধীন থাকে, এবং দাতা আপনার দত্ত বিষয় আপন দখলেই রাখে। এমত অবস্থায় ঐ দান সিদ্ধ ও বলবৎ কি না?

অপ্রাপ্তব্যবহারকে কিছু দত্ত হইলে সে যদি প্রাপ্তব্যবহার হইয়া ঐ বিষয়ে স্বামিত্ব করে তবে তদ্দান সিদ্ধ।

উ.। ঐ দাতা যদি অপ্রাপ্ত ব্যবহার দৌহিত্রগণকে বিষয় দিয়া থাকে এবং তাহারা তাহার রক্ষণাবেক্ষণ ও আশ্রয়াধীন থাকে, আর ঐ দাতা যদি গ্রহীতাদের অপ্রাপ্তব্যবহার থাকা পর্য্যন্ত ঐ বিষয় আপন দখলে রাখিয়া থাকে, এমত অবস্থায় ঐ দান সিদ্ধ। কিন্তু যদি গ্রহীতারা প্রাপ্তব্যবহার হইলে পর দাতা

* ৩১ সংখ্যক মকদ্দমার নোট অর্থাৎ নিম্ন নোট দেখ।

† এই ব্যবস্থা এবং এতৎ পূর্ব্ববর্ত্তি এইরূপ ব্যবস্থাকে কিছু বিবেচনা পূর্ব্বক স্বীকার করিতে হইবে। অবলিগেশনস্ ও কন্ট্রাক্টস্ বিষয়ক নিজ প্রণীত গ্রন্থে (বুক্ ৪, পরিচ্ছেদ ৩৪৫) কোল্‌ব্রুক সাহেব সাধারণ বিধান রূপে লিখিয়াছেন যে—“হিন্দুদের ধর্ম্মশাস্ত্রানুসারে অচিকিৎস্য রোগার্ত্ত ব্যক্তি কোন দান বা ইচ্ছানুযায়ি নিয়ম বা ব্যবহার কার্য্য করিলে তাহা অসিদ্ধ। যেহেতু তাহার চিত্তের স্থৈর্য্য না থাকাতে, নিজ বিষয় শাস্ত্রসিদ্ধ রূপে দানাদি করিতে যেপর্য্যন্ত আত্মধৈর্য্য আবশ্যক তাহা তাহার থাকেনা”। এতাবতা মৃত্যু শয্যায় অর্থাৎ মরণের প্রাক্‌কালীন কৃত দান স্থিরতর রাখিতে হইলে দাতার স্থির চিত্ততার অত্যন্ত স্পষ্ট প্রমাণ থাকা আবশ্যক যে তদ্বিপরীতে কোন সন্দেহ উপস্থিত হইলে দূরকরা যাইতে পারে।

R. 2. Notwithstanding the fact that the gift was made during a mortal illness, if the donor, at the time of his making the donation, was of sound mind, this gift is legal and valid.*

A death-bed gift is valid.

Q. 3. How long does the minority of the female continue?

R. 3. The minority of a female continues until she has attained fifteen complete years of age.

Minority extends to the end of fifteen year.

Zillah Dinagepore, March 26th 1814, Macn. H. L. Vol. II. Ch. 8, Case 12, pp. 218—220.

Q. A *Hindu*, having an uterine sister's son living, made over his entire estate, consisting of movable and immovable property, which he had acquired by dint of his own industry, by gift to a woman whom he kept as a concubine. At the time when the deed of gift was executed, he was afflicted by illness, which terminated in his death two days afterwards. In this case, is the gift legal; or supposing it to be void and illegal, will his entire property devolve on his sister's son?

R. Supposing the person alluded to in the question to have made over his self-acquired real and personal estate by gift to his concubine, while his uterine sister's son was living, and presuming him to have been, at the time when the deed was executed, of sound disposing mind, in that case, the alienation is good and valid; otherwise it has no validity, and the sister's son will inherit.†

The gift of a man's own acquisitions is valid, though made on his death-bed if he was of sound disposing mind at the time.

MANU says:—"He may give it away at his pleasure, or he may defray his expenses with such wealth.*"

NA'RADA:—"Though generally his own master, what a man does while disturbed from his natural estate of mind, the wise have declared not done, because he is not then his own master."

Patna Court of Appeal. Macn. H. L. vol. II. Ch. 8, Case 39, pp. 246, 247.

Q. A person having a wife and two daughters, made a verbal gift in favour of one of them of his whole ancestral landed and other property: in this case, is the gift legal or otherwise?

R. Under the above circumstances, the gift orally made by the father to one of his daughters, though when he made the gift there were his wife and another daughter living, is legal and valid.

A man may give his whole property to one daughter, to the exclusion of his wife and another daughter.

*Zillah Burdwan, April* 14th, 1821. Macn. H. L. Vol. II. Ch. 8. Case 35, p. 243.

Q. 1. A person makes a gift of some immovable property to his daughter's sons, who are under age, and live under his control. The donor keeps the property given in his own possession. Under these circumstances, should the gift be considered valid and binding, or otherwise?

R. 1. Supposing the donor to have bestowed the estate on the minor sons of his daughter, who are under his care and protection, and that he retained the property in his own possession during the donees' minority, in this case the gift is legal; but if, on the expiration of the donees'

A gift to a minor is valid, provided on his coming of age he exercise ownership over it.

* But see note to case 39.

† This opinion, and the one which preceded it to the like effect, must be received with some degree of qualification. It has been laid down as a general principle by Mr. Colebrooke, in his treatise on Obligations and Contracts (book IV. §§. 645,) that, "by the Hindu law, a gift or gratuitous contract made by a person afflicted with an incurable distemper, is void. His equanimity being disturbed, he does not possess the self-control requisite to a valid act and legal disposal of his property." It follows that, to uphold a gift made on a death bed, there should be the clearest proof of sound disposing mind, to repel any presumption which might exist to the contrary.

ঐ বিষয় আপন দখলে রাখিয়া থাকে, আর গ্রহীতারা যদি কোন রূপে ঐ বিষয়ের উপর স্বামিত্বাচরণ করিয়া থাকে, তবে তদবস্থায় ঐ দান সিদ্ধ ও বলবত্ নয়।

প্র. ২। উক্ত দাতা যদি পৈতামহ স্থাবর বিষয়ের অল্প অংশ নিজ পুত্রদের সম্মতি বিনা দৌহিত্রদিগকে দান করিয়া থাকে, তবে তাদৃশ বিষয়ের দান সিদ্ধ কি না?

পুত্রদের সম্মতি বিনা কোন পুরুষ নিজ বিষয়ের অল্পাংশ দৌহিত্রদিগকে দিতে পারে।

উ. ২। দাতার পুত্রেরা যদি ঐ দানে সম্মতি নাও দিয়া থাকে তথাপি দাতা দায়রূপে প্রাপ্ত ভূমির অল্পাংশ দৌহিত্রদিগকে দিতে ক্ষমতাবান্; অতএব ঐ দান নির্দ্দোষ ও সিদ্ধ।

জিলা ২৪ পরগণা, ৩১ জানওরি, ১৮১০ সাল। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৮, মকদ্দমা ৩৬, পৃ. ২৪৩ ও ২৪৪।

প্র. ১। তিন ভ্রাতায় পৈতৃক স্থাবরাস্থাবর বিষয় বিভাগ করিয়া পরস্পর পৃথক্ হইয়া আপন আপন অংশ ভোগ করে। এমত অবস্থায় তাহাদের মধ্যে এক ভ্রাতা এক পত্নী, দুহিতা, দৌহিত্র ও অবীরা পুত্রবধূ থাকিতে তাহাদের সম্মতি বিনা নিজ স্থাবর বিষয় দুই কনিষ্ঠ ভ্রাতাকে দিতে যোগ্য কি না? যদি এমত অবস্থায় সম্মতি আবশ্যক হয়, তবে কাহার সম্মতি আবশ্যক?

বঙ্গদেশ প্রচলিত শাস্ত্রমতে কোন ব্যক্তি পত্নী ও দুহিতাকে নিরাশ পূর্ব্বক পৈতামহ বিষয়ের নিজ অংশ সমুদায় হস্তান্তর করিতে পারে।

উ. ১। অবিভক্ত ভ্রাতারা যদি পরস্পর বিভক্ত হইয়া পৈতৃক বিষয়ের নিজ নিজ অংশ ভোগ করতঃ পৃথক্ বাস করে, ও তন্মধ্যে এক জন যদি পত্নী, দুহিতা, দৌহিত্র এবং অবীরা পুত্রবধূর জীবন কালে তাহাদের সম্মতি বিনা নিজ অংশ কনিষ্ঠ ভ্রাতাদ্বয়কে দিয়া থাকে, তবে তাহা দিতে সে যোগ্য বটে; যেহেতু সে স্বকীয় অংশের প্রভু, এবং কোন মতে ঐ বিষয়ে অস্বাধীন নয়। এই মত বঙ্গদেশ প্রচলিত দায়ভাগ প্রভৃতি গ্রন্থ সম্মত।

প্রমাণ—দায়ভাগধৃত নারদ বচন। দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৬২৪।

প্র. ২। যদি দানপত্রে এমত নিয়ম করা হইয়া থাকে যে দাতার মরণ কালে গ্রহীতারা তাহাকে গঙ্গাতীরে লইয়া যাইবার ব্যয় দিবে, এবং অন্ত্যেষ্টি ক্রিয়াদির ব্যয় আর তাহার অবীরা পুত্রবধূর অন্নাচ্ছাদন দিবে, ও সকল ঋণ পরিশোধ করিবে, আর ঐ গ্রহীতারা যদি কতিপয় নিয়ম পালিয়া অবশিষ্ট নিয়ম পালন না করিয়া থাকে, তবে তদবস্থায় ঐ দানপত্র সিদ্ধ কি অসিদ্ধ?

দাতা যে যে নিয়ম পূর্ব্বক দান করে গ্রহীতা সেই সকল নিয়ম পালন না করিলে ঐ নিয়ম পূর্ব্বক দান অসিদ্ধ।

উ. ২। দাতা যদি দানপত্রে এমত নিয়ম করিয়া থাকে যে তাহার মরণ কালে গঙ্গাতীরে নীত হইবার ব্যয় গ্রহীতারা দিবে, এবং তাহার অন্ত্যেষ্টি ক্রিয়াদির ব্যয় ও অবীরা পুত্রবধূর অন্নাচ্ছাদন দিবে, আর তাহার ঋণ পরিশোধও করিবে, ও গ্রহীতারা যদি দানপত্রে লিখিত তাবৎ নিয়ম পালন করিয়া থাকে, তবে ঐ দলীল বলবৎ; কিন্তু যদি সকল নিয়ম প্রতিপালন না করিয়া থাকে, তবে ঐ দানপত্র সিদ্ধ নয়। দান বিষয়ে দাতার ইচ্ছাই বলবতী; এবং যে স্থলে দানপত্রে তৎকৃত সকল নিয়ম গ্রহীতারা প্রতিপালন না করে, তবে দানহেতু যাহাতে তাহাদের স্বত্ব জন্মে তাহা করা হইল না, যেহেতু নিয়মপূর্ব্বক দান ঐ নিয়মের প্রতি পালন অপেক্ষা করে, যখন ঐ নিয়ম সকল প্রতিপালিত হয় তখন ঐ দান সম্পূর্ণ হইল।

প্রমাণ—"যেহেতু দাতার ইচ্ছাই স্বত্বের কারণ"। দায়ভাগ। "প্রজা যদি কর না দেয়, তবে নিয়মমূলক যে পট্টক তাহা নিয়মের অপালনে অসিদ্ধ হয়" বিবাদভঙ্গার্ণবাদি প্রামাণিক গ্রন্থ।

minority, the donor continued to retain possession of the property, and the donees had not in any manner exercised onwership over it, the gift in such case is not valid or binding.

Q. 2. Supposing the donor above mentioned to have disposed of a small portion of his ancestral landed property also by a gift to his daughter's sons without the consent of his own sons, is the gift of such property legal, or otherwise?

A man, without the consent of his sons, may give a small portion of his property to his daughter's sons.

R. 2. Though the donor's sons may not have consented to the gift, yet he was authorised to give a small portion of the landed estate which descended to him, to his grandsons in the female line: consequently the gift is good and valid.

*Zillah 24-Pergunnahs, January* 31st 1810. Macn. H. L. vol. II. Ch. 8, Case 36, pp. 243, 244.

Q. 1. A family, consisting of three brothers, having come to a division of their ancestral movable and immovable property, separated themselves from each other, and enjoyed their respective shares. Under these circumstances, is one of the brothers having a wife, a daughter, a daughter's son, and a childless widow of his son, without their consent, competent to give his landed estate to his two younger brothers? If consent be necessary in this case, whose consent is required?

According to the law of Bengal, a person may dispose of his entire portion of ancestral property, to the exclusion of his wife and daughters.

R. 1. If the associated brothers, having separated themselves from each other, live apart in the enjoyment of their respective shares of the patrimony, and one of them, during the life time of his wife, daughter, daughter's son, and son's childless widow, without their consent, give his own share to his two younger brothers, he is competent to do so, because he is master of his own share, and is by no means dependent in respect of it. This opinion is conformable to the *Da'yabha'ga* and other authorities current in Bengal.

*Authorities:*—The text of NA'RADA, cited in the *Da'yabha'ga*, &c. See *Ante* p. 625.

Q. 2. If it were conditioned in the deed of gift, that the donees should supply the expense attendant on the donor's being carried to the river side, when at the point of death, also the expense attendant on his exequial rites, the maintenance of his son's childless widow, and should discharge all his debts; and if the donee fulfilled some of the conditions, leaving others unperformed, in this case, has the deed of gift validity or other wise?

A conditional gift is rendered null and void by the omission of the donee to perform all the conditions stipulated by the donor.

R. 2. Supposing the donor to have conditioned in the deed of gift, that the donees should defray the necessary expenses of his being carried to the river side at the point of death, of his exequial rites, of the subsistence of his son's childless widow, and should also satisfy his debts, and the donees to have fulfilled the whole of the conditions as mentioned in the deed, then the instrument becomes binding; but not so, if the whole of the conditions are not fulfilled, in which case the deed of gift has no validity. In the case of a gift, the donor's will is predominant; and where all the conditions made by him in the deed of gift are not fulfilled by the donees, it is not followed by the creation of their property in the gift, as a conditional gift depends on the performance of its conditions, and when those are fulfilled, it becomes complete.

*Authorities:*—"For the will of the giver is the cause of property." *Da'yabha'ga.* "If the subject pay not revenue, the grant, being conditional, is annulled by the breach of the condition." *Viva'dabha'nga'rnava* and other authorities.

মৃত্যু শয্যায় লিখিয়া দেওয়া দানপত্র সিদ্ধ।

প্র. ৩। ঐ দাতা যদি পীড়িতাবস্থায় কিন্তু সম্পূর্ণ জ্ঞানসত্ত্বে দানপত্র লিখিয়া দিয়া থাকে; তবে এমত অবস্থায় তাহা সম্পূর্ণ ও বলবৎ কি না?

উ. ৩। উক্ত অবস্থায় ঐ দানপত্র অবশ্যই নির্দ্দোষ ও সিদ্ধ বিবেচিত হইবে।

প্রমাণ। বিবাদ ভঙ্গার্ণবাদি গ্রন্থে লিখিত আছে যে—"ভয়ার্ত্ত, কামার্ত্ত, শোকার্ত্ত বা অচিকিৎস্য রোগার্ত্তাদি ব্যক্তি কর্ত্তৃক যাহা দত্ত তাহা অদত্ত বিবেচনা করিতে হইবে"।

জিলা। বীরভূম। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৮, মকদ্দমা ১৫, পৃ. ২২১—২২৩।

প্র.। এক বৈরাগী অথবা প্রব্রজিত তৎ পথাবলম্বি অন্য ব্যক্তির প্রতি এক দানপত্র লিখিয়া দিয়া তদ্দ্বারা তাহাকে নিজ সমস্ত স্থাবরাস্থাবর বিষয় সমর্পণ করে, এবং ঐ দানপত্রে এই নিয়ম করে যে তাহার (অর্থাৎ দাতার) মরণান্তে সে তদ্দত্ত বস্তুর উপর স্বামিত্ব করিবে। পরন্তু দাতার পূর্ব্বেই গ্রহীতার মৃত্যু হইল, এবং দাতা ঐ বস্তু যাবজ্জীবন ভোগ করতঃ কিছুকাল পরে কালপ্রাপ্ত হইল। এক্ষণে ঐ গ্রহীতার শিষ্য শাস্ত্রানুসারে তাহার উত্তরাধিকারী বিবেচিত হওয়াতে সে ঐ দত্ত বিষয় দাওয়া করে। এমত অবস্থায়, গুরুর প্রতি লিখিত দানপত্রানুসারে তৎ শিষ্য ঐ বিষয়ে অধিকারী কি অনধিকারী?

গ্রহীতা দাতার মরণান্তে অধিকারী হইবে এমত নিয়ম পূর্ব্বক দান কৃত হইলে ও গ্রহীতা দাতার পূর্ব্বে মরিলে গ্রহীতার উত্তরাধিকারী তদধিকারের নিয়ম লিখিত না থাকিলে ঐ দত্ত বস্তুতে অধিকারী হয় না।

উ.। ঐ দাতা যদি গ্রহীতা বৈরাগিকে নিজ স্থাবরাস্থাবর বিষয় এই রূপে দান করিয়া থাকে যে "আমার মরণে আমার বিষয়ে তোমার স্বত্বাধিকার জন্মিবে," এবং দাতার পূর্ব্বে যদি গ্রহীতা মরিয়া থাকে, তবে দত্ত বস্তুতে গ্রহীতার স্বত্ব হয় নাই; এবং দানপত্রে যদি এমত বিশেষ নিয়ম না থাকে যে গ্রহীতা দাতার পূর্ব্বে মরিলে গ্রহীতার উত্তরাধিকারী ঐ বিষয় পাইবে, তবে তাদৃশ বিষয়ে গ্রহীতার শিষ্যের যথা শাস্ত্র কোন অধিকার নাই।

জিলা জঙ্গলমহাল, ২৭ মার্চ ১৮১৯ সাল। মেক. হি. ল. বা. ২, চ্যা. ৮, মকদ্দমা ১১, পৃ. ২১৮।

প্র. ১। এক ব্যক্তি আপন সমুদয় বা কতক বিষয় লেখাদ্বারা অন্যকে দান করে, এবং ঐ দানপত্রে লিখে যে তাহার ও তৎস্ত্রীর জীবন পর্য্যন্ত ঐ দত্ত বস্তু তাহারা আপন দখলে রাখিবে, এবং তাহাদের মৃত্যুর পর সে (অর্থাৎ গ্রহীতা) তাহাদের অন্ত্যেষ্টি ক্রিয়াদি করিয়া ঐ বিষয় ভোগ করিবে; কিন্তু কিছুকাল পরে সে (অর্থাৎ দাতা) তদ্দত্ত বিষয়ের কিয়দংশ অন্য ব্যক্তিকে দিয়া তাহাতে তাহাকে দখল দেয়। এমত অবস্থায়, শেষের দান সিদ্ধ, অথবা তাহা প্রথম দানের বলবত্তা জন্য অসিদ্ধ হইবে?

কোন বস্তু ধর্ম্ম কর্ম্মার্থে ব্রাহ্মণকে দত্ত হইলে তাহা ঐ গ্রহীতার সম্মতি বিনা (অন্যকে) শাস্ত্রমতে দেওয়া যাইতে পারে না।

উ. ১। ঐ ব্যক্তি যদি বিগ্রহ সেবা এবং অন্ত্যেষ্টি ক্রিয়াদি ধর্ম্ম কর্ম্ম নির্ব্বাহার্থে এক ব্রাহ্মণকে বিষয় দিয়া থাকে, এবং গ্রহীতা যদি আবশ্যক নিয়ম সকল পালন করিয়া থাকে, তবে শেষের দান নির্দ্দোষ ও সিদ্ধ বিবেচিত হইতে পারে না; কিন্তু দাতা যদি ঐ বিষয় পূর্ব্ব গ্রহীতার সম্মুখে দান করিয়া থাকে, ও শেষ গ্রহীতা যদি তাহা নির্ব্বিবাদে ভোগ করিয়া থাকে, তবে শেষের দান অনিবর্ত্তনীয়।

প্র. ২। আপন হস্তে রাখন কালীন ঐ দাতা যদি বিষয়ের কিয়দংশ আর এক জনকে দানপত্র দ্বারা দিয়া ইহাকে (অর্থাৎ শেষ গ্রহীতাকে) দত্ত বস্তুতে দখল দিয়া থাকে, এবং পুনশ্চ যদি তাহাকে তাহা হইতে বেদখল করিয়া থাকে, তবে এমত অবস্থায় ঐ দানপত্র বলে শেষ গ্রহীতা দাতার নামে অভিযোগ করিতে পারে কি না?

দাতার নামে গ্রহীতার অভিযোগ করিতে পারে।

উ. ২। উপরি উক্ত অবস্থায় শেষ গ্রহীতা দান প্রাপ্ত বস্তুর দখলের নিমিত্তে দাতার নামে নালিশ করিতে অধিকারী, এবং ঐ দাতা অবশ্য তাহার দাবী বুঝিয়া দিবে।

প্র. ৩। প্রথম গ্রহীতা দাতার মৃত্যুর পর অর্পণপত্রে লিখিত ক্রিয়া সকল নিষ্পাদনান্তে শেষ গ্রহীতার ভোগ করা বস্তু দাওয়া করে, এমত অবস্থায় তাদৃশ বিষয় পাইতে সে অধিকারী কি না?

দত্ত বস্তুতে ভোগবান্ গ্রহীতা পূর্ব্ব গ্রহীতার নিকট দায়ী নয়।

উ. ৩। ঐ দাতা যদি নিজ অধিকৃত স্থাবরাদি বিষয় অন্যকে দান করিয়া থাকে, এবং গ্রহীতাকে যদি ঐ বিষয়ে দখল দিয়া থাকে, তবে, দাতার মরণে (পূর্ব্ব) গ্রহীতা শাস্ত্রমতে শেষ গ্রহীতার নামে নালিশ

Q. 3. Supposing the donor, during his illness, but in the full enjoyment of his faculties, to have executed the deed of gift; in this case, is it complete and binding?

R. 3. Under the circumstances stated, the deed of gift must be considered good and valid.

*Authorities*:—The following passage is cited in the *Viva'davanga'rnava* and other tracts; "What has been given by men agitated with fear, lust, grief, or the pain of an incurable desease, &c. must be considered as ungiven."

Zillah Beerbhoom. Macn. H. L. vol. II. Chap. 8, Case 15, pp. 221—223.

Q. A *Boira'gi'*, or religious mendicant, executed a deed of gift in favour of a person of his own order, by which he assigned over to him his entire property, movable and immovable, stipulating in the deed, that on his (the donor's) death, the donee should exercise proprietary right over the property given. The donee died before the donor, who continued in possession of the property during his life-time, and some time afterwards died. Now the donee's pupil, who is by law considered as his heir, claims the property assigned. In such case, is such pupil entitled to the property in virtue of the deed drawn out in favour of his preceptor, or otherwise?

A gift conditioned to take effect after the death of the donor, does not go to the heir of the donee, if the latter died before the former, unless expressly stipulated.

R. Supposing the donor to have assigned his property, movable and immovable, to the mendicant (the donee) in this form, "you will derive the right of ownership over my property after my death," and the donee to have died previously to the death of the donor, the donee's property had not accrued over the thing given, and if there was no particular provision in the deed that the donee's heir should take, in case he died before the donor, the donee's pupil has no legal claim to such property.

Zillah Jungle Mehals, March 29th, 1819. Macn. H. L. Vol. II. Ch. 8. Case, II. p. 218.

Q. 1. A person assigns his whole property, or a part of it, by a written instrument, to another, mentioning in the instrument that, during his and his wife's lifetime, they should retain the property assigned in their own possession, and that, after their death, he (the assignee,) having performed their exequial rites, should enjoy it; but some time afterwards he gives a part of the property so assigned to another person, and delivers the gift into the latter donee's possession. Under these circumstances, has the last gift validity, or will it be annulled on the strength of the former one?

Property having been assigned to a Brahmin for spiritual purposes, cannot legally be given away without the assignee's consent.

R. 1. Supposing the person to have assigned the property in favour of a *Bra'hmana* for performing religious ceremonies, as the worship of idols, solemnization of obsequies, and the like, and the assignee should perform the required conditions, the latter gift cannot be considered good and valid, but if he have bestowed it in the presence of the former assignee, and the latter donee have enjoyed it without molestation, then the last gift is irrevocable.

An action for dispossession will lie by a donee agaist the donor.

Q. 2. If the assignor, during the time he retained the property in his hand, transferred a part of it to another person by deed of gift, and put him (the latter donee) into possession of the gift, and again dispossessed him therefrom, in this case, can the latter donee bring an action against the donor for the gift in virtue of the deed?

R. 2. Under the circumstances stated, the latter donee is authorised to sue the donor to obtain possession of the gift, and the donor is bound to satisfy his claim.

And a donee in actual possession is not accountable to a previous assignee.

Q. 3. The former assignee, on the death of the assignor, having performed the acts required in the deed of assignment, claims the property occupied by the latter donee; in this case, is the assignee entitled to such property?

R. 3. Supposing the assignor to have bestowed immovable or other property which he had in his own possession to another person, and to have put the donee into possession of

করিতে পারে না। গ্রহীতা যদি দলিলে লিখিত আদেশ সকল প্রতিপালন করিয়া থাকে, তবে শেষ গ্রহীতাকে যে বস্তু দত্ত হইয়াছে তদ্ভিন্ন দাতার সমুদায় বস্তুতে সে অধিকারী।

প্র. ৪। এক ব্যক্তি নিজ স্থাবরাস্থাবর বিষয় অন্যকে দান করিল, তদ্বিষয়ক এক দানপত্র লিখিয়া দিয়াছিল, এমতাবস্থায়, সে (অর্থাৎ ঐ দাতা) তদ্দত্ত বিষয় পনেরো কিম্বা বিশ বৎসর পর্য্যন্ত নিজ দখলে রাখিতে যোগ্য কি না?

দাতা দত্ত বস্তু স্বহস্তে রাখিতে পারে না।

উ. ৪। দাতা ঐ দত্ত বস্তু নিজ দখলে রাখিতে যোগ্য নয়। এই প্রচলিত মত।

কলিকাতা কোর্ট আপিল। ৩ মার্চ ১৮০৩ সাল। গোবিন্দরাম মিশ্র—বনাম—কিশোরি লাল শুকল। মেক্‌. হি, বা, ২, চ্যা, ৮, মকদ্দমা ১, পৃ. ২০৭ ও ২০৮।

প্র.। এক শূদ্রজাতীয়া অপুত্রা বিধবা স্বামির ত্যক্ত স্থাবর বিষয়ের মধ্যে নিজ অন্নাচ্ছাদনের নিমিত্তে কিছু রাখিয়া অবশিষ্ট এক দানপত্র দ্বারা স্বামির ভ্রাতৃপুত্রদিগকে দান করিল, তৎকালে তাহার নিজ দৌহিত্র উপস্থিত ছিল সে তাহাতে আপত্তি করে নাই। এই দানের পনেরো বৎসর পরে সে (অর্থাৎ ঐ বিধবা) তৎ (পূর্ব্বদত্ত) বস্তু অপর এক জনের নিকট বিক্রয় করে, এবং এই বিক্রয়পত্র তদ্দৌহিত্রকর্তৃক স্বাক্ষরিত হয়। এমত অবস্থায় এই দুই কার্য্যের মধ্যে কোন্‌টি স্থির থাকিতে পারে?

পূর্ব্ব দান দ্বারা পনেরো বৎসর পরে কৃত বিক্রয় অসিদ্ধ।

উ.। অনুভব করা যাইতে পারে যে দাত্রীর দৌহিত্র তৎকালে ও তৎপরে পনেরো বৎসর পর্য্যন্ত আপত্তি না করাতে ঐ দানে সম্মত ছিল, অতএব ঐ দান সিদ্ধ ও বলবৎ বিবেচনা কর্ত্তব্য। দৌহিত্রে যে বিক্রয়ের সাক্ষী হইয়াছে তাহা সম্পূর্ণ বিবেচিত হইতে পারে না, যেহেতু ঐ বিক্রীত বিষয়ে ঐ বিধবার স্বত্ব ছিল না। দান ও বিক্রয় উভয়ই স্বত্ব ধ্বংসের হেতু। এস্থলে প্রথম কার্য্য, অর্থাৎ দান, প্রবল হইবে।

প্রমাণ—

নারদ কাত্যায়ন ও বৃহস্পতির বচন—"যদি কোন ব্যক্তি এক জনের নিকট কোন বস্তু গচ্ছিত বা বন্ধক রাখিয়া তাহা আর এক জনের কাছে বন্ধক রাখে বা বিক্রয় করে, তবে প্রথম কার্য্য বলবৎ হইবে"॥ আর আর সমস্ত বিবাদীভূত বিষয়ে শেষ কার্য্য বলবৎ; কিন্তু বন্ধক কিম্বা দান বা বিক্রয়ে পূর্ব্ব কার্য্যই প্রবল"।

মেক্‌. হি. ল. বা. ২, চ্যা. ১১, মকদ্দমা ২৫, পৃ. ৩১৫।

প্র.। কোন ভূম্যধিকারী আপন বিষয় বাদির পিতার নিকট বিক্রয় করিয়া ঐ ক্রেতাকে তদ্বিষয়ক বিক্রয়পত্র লিখিয়া দেয়, কিন্তু যখন ঐ বিক্রয় করা হয়, তখন তাহা বন্ধক ছিল, তন্নিমিত্তে বিক্রেতা তদ্বিক্রীত বিষয়ে ক্রেতাকে দখল দিতে পারে নাই। এই ব্যাপারের পাঁচ বৎসর পরে বিক্রেতা ঐ বিষয় প্রতিবাদির নিকট বিক্রয় করিল এবং মূল্যের টাকার দ্বারা বিষয় খালাস করিয়া তাহা প্রতিবাদিকে (অর্থাৎ দ্বিতীয় ক্রেতাকে) সমর্পণ করিল, সে অদ্যাপি ঐ বিষয়ভোগী। এমত অবস্থায়, উক্ত বিষয় প্রথম ক্রেতাকে অর্শিবে অথবা দ্বিতীয় ক্রেতার থাকিবে?

বন্ধক দেওয়া বিষয়ের বিক্রয় সিদ্ধ এবং তাহা ঐ বন্ধকের দেনা শোধ গেলে সম্পূর্ণ হয়।

উ.। যদি কোন ব্যক্তি এক জনকে নিজ ভূমি বিক্রয় করিয়া, তাহা আবার অন্য ব্যক্তির কাছে বিক্রয় করে, তবে প্রথম ক্রেতা ঐ বিষয় পাইতে অধিকারী। এই মত শাস্ত্রীয় সাধারণ মতানুমত*।

* আর আর সমস্ত বিবাদীভূত বিষয়ে শেষের ব্যাপার বলবৎ, কিন্তু বন্ধক, দান বা বিক্রয়ে পূর্ব্ব ব্যাপার প্রবল"। এমত আপত্তি করা যাইতে পারে যে এই মতানুসারে বন্ধকের দ্বারা প্রথম বিক্রয়ের অন্যথা হইতে পারে যেহেতু ঐ বন্ধক

it, then, on the death of the assignor, the assignee cannot legally sue the latter donee for the property. Should the assignee have fulfilled the injunctions prescribed in the deed, he is entitled to the assignor's whole property, excepting that part which was given to the latter donee.

Q. 4. A peson having made a gift of his real and personal property to another, executed a deed to that effect. In this case, is he (the donor) competent to retain the gift in his own possession for the period of fifteen or twenty years?

A gift cannot be retained in the hands of the donor.

R. 4. The donor is incompetent to keep the gift in his own possession. This is a received maxim.

Calcutta Court of Appeal, March 3rd, 1803. Govindra'm Misra *versus* Kishore La'l Sukal. Mac. H. L. Vol. II. Ch. 8, Case 1. pp. 207—208.

Q. A widow of the fourth class who had no son, having reserved some immovable property left by her husband for her own maintenance, disposed of the remainder by a deed of gift in favour of her husband's brother's sons, her own daughter's son being present at the time, and not objecting. Fifteen years after the gift, she sold the property (which had been already given) to a stranger, and the deed of sale was attested by her daughter's son. In this case, which of these transactions should be upheld?

Prior gift invalidates subsequent sale after the lapse of fifteen years.

R. It may be inferred that the donor's daughter's son consented to the gift, from his making no objection at the time, or during the period of fifteen years subsequently to the gift. The gift, therefore, should be consided valid and binding. The sale which was witnessed by the daughter's son cannot be considered complete, for there existed no right in the widow over the property sold. Both gift and sale are the means of the extinction of property. Here the first act, in other words, the gift, shall prevail.

*Authorities:—*

The following are the texts of NA'RADA, KA'TYAYANA, and VRIHASPATI:—"If a man, having bailed or pledged a thing to one person, pledge or sell it to another, the first act shall prevail." "In all *other* contested matters, the latest act shall prevail; but in the case of a pledge, a gift, or a sale, the prior contract has the greatest force."

Macn. H. L. Vol. II. Ch. 11. Case 25, p. 315.

Q. A landed proprietor sold his estate to the plaintiff's father, and he executed a deed of sale for the same in the purchaser's favour; but, when the sale was contracted, the estate was under a mortgage, on which account the seller was unable to deliver the property sold into the purchaser's possession. Five years after the transaction, the vendor sold the same estate to the defendant, and, having redeemed the mortgage with the purchase money, delivered it to the defendant (the second vendee), who is still in possession of the estate. In this case, will the property in question revert to the first purchaser, or will it remain with the second one?

A sale of mortgaged property is valid, and becomes complete on discharging the incumbrance.

R. If a person having sold his lands to one individual, again sell the same property to another person, the first purchaser is entitled to the property. This is consistent with the general opinion.*

* "In all other contested matters, the latest act shall prevail; but, in the case of a pledge, a gift, or a sale, the prior contract has the greatest force." It may be objected that, according to this doctrine,

জিলা চট্টগ্রাম, ৩০ জুলাই ১৮১৩ সাল। মাগণ দাস—বনাম—মদনমোহন প্রভৃতি। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ১১, মকদ্দমা ১১, পৃ. ৩০৩।

৩৭০ সংখ্যক ব্যবস্থার। নজীর।

বিচরিত হইয়াছে যে অষ্টাদশ বৎসরের অধিক বয়স্ক কোন হিন্দু কর্ত্তৃক নিজ মৃত্যুর পূর্ব্বদিন সম্পূর্ণ জ্ঞান সত্ত্বে কৃত বাচনিক দান সিদ্ধ। গোসাঁই চাঁদ কবিরাজ—বনাম—কৃষ্ণমণি প্রভৃতি। ৮ জুলাই ১৮-৩৬ সাল। স. দে. আ. রি. বা. ৬. পৃ. ৭৭।

৩৭১ সংখ্যক ব্যবস্থার। নজীর।

সদর দেয়ানী আদালতের জজ হেনরি কোলব্রুক সাহেব ও ইষ্টুয়ার্ট সাহেব কর্ত্তৃক বিচরিত হইয়াছে যে মিথিলা প্রচলিত শাস্ত্রানুসারে* দশ বৎসরের নিমিত্তে স্থাবর বিষয়ের বাচনিক বন্ধক সিদ্ধ হইবে যদি ঐ বিষয় বন্ধক গ্রহীতার হস্তে থাকে। শ্যাম সিংহ—বনাম—মোসম্মাৎ ওমারাওতী। ২৮ জুলাই ১৮১৩ সাল। স, দে, আ, রি, বা. ২, পৃ, ৭৪।

মিথিলা প্রচলিত শাস্ত্রানুসারে* স্থাবর বিষয়ের বাচনিক দান অসিদ্ধ হইবে যদি ঐ দত্ত বস্তু গ্রহীতা কখনো অধিকার না করিয়া থাকে। ঐ।

## প্রথম পরিচ্ছেদ।—অদেয় প্রকরণ।

(অর্থাৎ অদেয় বিষয়ের দানাদি বিষয়ক প্রকরণ)।

যাহা যাহা অদেয় তাহা বৃহস্পতি কাত্যায়ন নারদ ও দক্ষ কর্ত্তৃক কথিতহইয়াছে, যথা—

অদেয়মাহুর্ব্বৃহস্পতি কাত্যায়ন নারদ দক্ষাঃ, তদ্যথা—

বৃহস্পতি—"সাধারণ বিষয়, পুত্র, দারা, বন্ধক গৃহীত, সর্ব্বস্ব, গচ্ছিত, ব্যবহারার্থ যাচিত, এবং অন্যকে প্রতিশ্রুত এই অষ্ট প্রকার বস্তু অদেয় কথিত।

বৃহস্পতিঃ—"সামান্যং পুত্রদারাধি সর্ব্বস্বং ন্যাস যাচিতং। প্রতিশ্রুতং তথান্যস্য নদেয়ন্ত্বষ্টধা-স্মৃতং"॥

কাত্যায়ন—"দারা, পুত্র ও সর্ব্বস্ব অনিচ্ছাতে (অ) বিক্রয় বা দান করবে না, আপনার কাছে রাখিবে, কিন্তু আপৎকালে দান বা বিক্রয় কর্ত্তব্য, অন্যথা তাহাতে প্রবৃত্ত হইবেনা, এই শাস্ত্র নির্ণয়" † ॥

কাত্যায়নঃ—"বিক্রয়ঞ্চৈব দানঞ্চ ননেয়াঃ স্যুরনিচ্ছয়া (অ)। দারাঃপুত্রশ্চ সর্ব্বস্বমাত্মন্যেব প্রয়োজয়েৎ। আপৎকালেতু কর্ত্তব্যং দানং বিক্রয়এব বা। অন্যথা ন প্রবর্ত্তেত ইতিশাস্ত্র বিনির্ণয়ঃ"†।

(অ) "অনিচ্ছাতে"—অর্থাৎ পুত্র দারা ও সন্ততি প্রভৃতির (অনিচ্ছাতে)।

(অ) "অনিচ্ছয়া"—পুত্রদারান্বয়াদীনামিতি শেষঃ বি. দ.।

নারদ—"অনাহিত, যাচিত, বন্ধক গৃহীত, সাধারণ বা গচ্ছিত যাহা এবং পুত্র, দারা, ও যাহা অন্যকে প্রতিশ্রুত তাহা ও সন্ততি থাকিলে সর্ব্বস্ব, আচার্য্যেরা কহিয়াছেন কষ্টজনক আপদেও দেহির অদেয়"॥

নারদঃ—"অন্বাহিতং যাচিতকমাধিসাধারণঞ্চ যৎ। নিক্ষেপঃ পুত্রদারাশ্চ স্বর্ব্বস্বঞ্চান্বয়েসতি॥ আপৎস্বপিহি কষ্টাসু বর্ত্তমানেন দেহিনা। অদেয়ান্যাহুরাচার্য্যাঃ যচ্চান্যস্মৈ প্রতিশ্রুতং"॥

---

বিক্রয়ের পূর্ব্বে হইয়াছে। কিন্তু উক্ত বচনের অর্থ এই যে যে স্থলে এক ব্যক্তি স্বমূল্যে এক জনের কাছে নিজ বিষয় বন্ধক দিয়া ঐ বস্তু আবার অন্যের নিকট বন্ধক দেয় সেই স্থলে প্রথম বন্ধক সিদ্ধ; কিন্তু যেস্থলে কোন ব্যক্তি নিজ বিষয় বন্ধক দিয়া পরে তাহা বিক্রয় করে সেস্থলে ঐ বন্ধক দিয়া যে ঋণ করা হয় তৎ পরিশোধান্তে সর্ব্বশেষ ব্যাপার বলবত্তর হইবে অর্থাৎ পূর্ব্ব বন্ধক দ্বারা পরের বন্ধক অন্যথা হইবে, কিন্তু পূর্ব্ব বন্ধকে পরের দান বা বিক্রয় অন্যথা হইবে না।

* বাচনিক দানাদিতে বিষয়ে মিথিলা ও বঙ্গদেশ প্রচলিত শাস্ত্রে প্রভেদ নাই।

† কাত্যায়নের এই বচনে—অনিচ্ছাতে ও আপৎকালে পুত্র বা দারার দান বিক্রয় প্রবৃত্তি নিষিদ্ধ হইয়াছে, কিন্তু দান বিক্রয় অসিদ্ধ ইহা প্রতিপাদিত হয় নাই। বি. দ.।

† ইতি কাত্যায়ন বচনে অনিচ্ছাবাপৎ কাল যাঃ পুত্রাদি দান বিক্রয় প্রবৃত্তিরেব নিষিদ্ধা নতু দান বিক্রয়াসিদ্ধিঃ প্রতিপাদিতা। বি. দ.।

*Zillah Chittagong, July* 30th, 1813. Ma'gan Dáss, *versus* Madanmohan and others. Macn. H. L. vol. II. Ch. 11, Case 11. p. 303.

It has been held by Messrs Colebrooke and Stewart, Judges of the Sudder Dewanny Adawlut, that, according to the law as current in *Mithila'*,* a verbal mortgage of immovable property for a period of ten years is valid, provided such property remain in the hands of the mortgagee. Sha'm Singh *versus Musst.* Umráoti', 28th July 1813. S. D. A. Rep. vol. II. p. 74.

*Case* bearing on the Vyavasthá No. 360.

According to the law as current in *Mithila'*, a verbal gift of immovable property is invalid, where the donee has never been in the possession of property.* *Ibid.*

A verbal gift by a *Hindu*, who was upwards of eighteen years of age, made the day before his death, he being at the time in full possession of his senses, is held to be valid. Gosáín Chánd Kabiráj *versus* Musst. Krishnamani and another. 8th July 1836. S. D. A. Rep. vol. VI. p. 77.

*Case* bearing on the Vyavasthá No. 361.

## SECTION 1.—ON UNFIT GIFTS.

*(That is on gifts and other transfers of property inalienable.)*

Inalienable things enumerated by VRIHASPATI, KA'TYA'YANA, NA'RADA, and DAKSHA, are as follows :—

VRIHASPATI :—"The prohibition of giving away is declared to be eight fold : a man shall not give joint property, nor his son, nor his wife, nor a pledge, nor all his wealth, nor a deposit, nor a thing borrowed for use, nor what he has promised to another."

KA'TYA'YANA :—"A wife, or a son, or the whole of a man's estate, shall not be given away or sold without the assent of the persons interested (a) ; he must keep them himself ; but, in extreme necessity, he may give or sell them ; otherwise, he must attempt to do no such thing : this has been settled in codes of law.†"

(a) "Without the assent of the persons interested,"—that is, of the son, wife, kinsmen, and so forth. Coleb. Dig. vol. II. p. 106.

NA'RADA :—"What is bailed for delivery, what is lent for use, a pledge, joint property, a deposit, a son, a wife, and the whole estate of a man who has issue living, the sages have declared inalienable even by a man oppressed with grievous calamities, and (of course) what has been promised to another." Coleb. Dig. vol. II. p. 97.

the first sale should be avoided by the mortgage, from its having been made previously to the sale. The meaning of the text, however, is, that where a person mortgages his property for a valuable consideration to one person, and mortgages the same property to another, the first mortgage shall hold good ; but in a case where a man mortgages his property, and subsequently makes a sale of the same property, the latest contract will have superior force, on the satifaction of the debt for which the property was mortgaged : in other words, that a prior pledge shall avoid a subsequent pledge, not that a prior pledge shall avoid a subsequent gift or subsequent sale.

* In the matter of verbal gift, &c. there is no difference between the *Hindu* law current in *Mithila'* and that in *Bengal.*

† In this text of KA'TYA'YANA the gift or sale of a son or wife, without the assent of the parties interested, and without extreme necessity, is forbidden : it is not said that the gift or sale is void. Coleb. Dig. vol. II. p. 105.

"কষ্টজনক, আপদাপন্নাবস্থাতেও দেহির অদেয়, ইহা আচার্য্যেরা কহিয়াছেন" এই নারদ বচনে অত্যন্ত আপদেও দান বিক্রয় নিষিদ্ধ হওয়াতে কাত্যায়ন বচনের বিরোধরূপ আপত্তি হয়,—অতএব আপৎ কালে পুত্রাদির অনুমতিতে দান কর্ত্তব্য বিনা অনুমতিতে আপৎ কালেও দান কর্ত্তব্য নয় এই ব্যবস্থা সিদ্ধ। বি. দ.।

"আপৎ স্বপিহি কষ্টাসু বর্ত্তমানেন দেহিনা অদেয়ান্যাহুরাচার্য্যা" ইতি নারদেন মহত্যামপ্যাপদি দানবিক্রয়নিষেধাৎ কাত্যায়নবিরোধাপত্তেঃ,—তস্মাৎ আপদি পুত্রাদীনামনুমত্যা দানং অননুমতৌ তদাপি ন দানমিতি সিদ্ধা ব্যবস্থা। বি. দ.।

দত্তক পুত্র করণার্থে যে পুত্রদান তাহা গ্রহীতার পুত্রাভাবরূপ আপৎ নিবারণ নিমিত্তে ধর্ম্মবোধে কৃত অতএব তাহাতে দণ্ড নাই।

দত্তক পুত্রার্থং পুত্রদানমপি গ্রহীতুঃ পুত্রাভাবরূপাপন্নিবৃত্ত্যর্থমেব স্বধর্ম্মবুধ্যা অতোনাত্র দণ্ডঃ।

প্রতিষেধ না হইলেই অনুমতি হইল, যেহেতু অপ্রতিষেধে অনুমতি হয় এই ন্যায় আছে*। ঐ।

অনুমতিঃ—প্রতিষেধাভাবঃ, অপ্রতিষিদ্ধমনুমতম্ভবতীতি ন্যায়াৎ*। ঐ।

দক্ষ—"সাধারণ, যাচিত, ন্যাসরূপে গচ্ছিত ও বন্ধকের দ্রব্য এবং স্ত্রী ও স্ত্রীধন, আর আহিত ও নিঃক্ষেপ এবং সন্ততি† থাকিলে সর্ব্বস্ব—এই নয় বস্তু আপৎ কালেও দাতব্য নয় ইহা পণ্ডিতেরা কহিয়াছেন; যে দেয় সে মূঢ়াত্মা সে নর প্রায়শ্চিত্ত করিবে"॥

দক্ষঃ—"সামান্যং যাচিতং ন্যাস আধির্দারাশ্চ তদ্ধনং। আহিতঞ্চৈব নিক্ষেপঃ সর্ব্বস্বঞ্চান্বয়ে সতি†॥ আপৎস্বপি ন দেয়ানি নব বস্তূনি পণ্ডিতৈঃ। যো দদাতি সমূঢ়াত্মা প্রায়শ্চিত্তীয়তে নরঃ॥

এস্থলে নয় বস্তু অদেয় উক্ত হইয়াছে; কিন্তু পুত্র লইয়া দশ বস্তু অদেয় হয়। বৃহস্পতি কর্ত্তৃক আট বস্তু অদেয় উক্ত, তাহাতে ন্যাসপদে নিক্ষেপ সংগৃহীত ইহা বলিলেও স্ত্রীধন ধরা হইল না। নারদ প্রতিশ্রুত ধরেন নাই। কিন্তু বৃহস্পতি তাহা ধরিয়াছেন, এই পরস্পর বিরোধে চণ্ডেশ্বর কহিতেছেন—অদেয় গণনায় প্রবৃত্ত মুনিরা স্ব স্ব উক্তিদ্বারা অন্যের উক্তির ব্যবচ্ছেদক নহেন তথাচ তাবার্থ।

অত্র নবানামদেয়ত্বমুক্তং, কিন্তু পুত্রস্য তেনসহ দশানামদেয়ত্বং স্যাৎ। বৃহস্পতিনাচ অষ্টানামদেয়ত্বমুক্তং তেনচ ন্যাস পদেনৈব নিক্ষেপস্য সংগ্রহঃ কৃত ইত্যুক্তাবপি স্ত্রীধনস্য সংগ্রহো ন ভবতি। নারদেনচ প্রতিশ্রুতস্য সংগ্রহো ন কৃতঃ বৃহস্পতিনাচ তৎ সংগৃহীতমিতি পরস্পর বিরোধে আহ—অত্রচ অদেয় পরিগণন প্রবৃত্তানাং মুনীনাং স্বস্বোক্তাবচ্ছেদেন তাৎপর্য্যমিতি চণ্ডেশ্বরঃ।

* এতাবতা পঞ্চম বর্ষের ন্যূন বয়স্ক পুত্র দান করিলে তাহা সিদ্ধ। ইহাতে (অধিকারি) ব্যক্তিদের বিমতেও দান সিদ্ধ ইহা প্রতিপাদিত হইয়াছে।

* তেন—পঞ্চম বর্ষোনবয়স্ক পুত্রস্যাপি দান সিদ্ধিরিতি। এতেনাপি বিমতয়োর্দানং সিদ্ধ্যতীতি প্রতিপাদিতং।

তথাপি পুত্র দান বশিষ্ট বচনানুসারে কর্ত্তব্য, তদ্‌যথা—"শুক্র শোণিত সম্ভূত পুত্র মাতাপিতার নিমিত্তে। তাহা দান বিক্রয় বা ত্যাগে মাতাপিতা প্রভু। (পরন্তু) একক পুত্র দিবে না বা গ্রহণ করিবে না (যেহেতু) সে পূর্ব্বপুরুষের বংশ রক্ষার নিমিত্তে, এবং নারী ভর্ত্তার অনুজ্ঞা ব্যতিরেক পুত্র দান বা প্রতিগ্রহ করিবে না"।

তথাচ পুত্রদানং বশিষ্ট বচনানুসারেণৈব কর্ত্তব্যং, তদ্‌যথা—"শুক্রশোণিত সম্ভবঃ পুত্রোমাতাপিতৃ নিমিত্তকঃ, তস্য প্রদান বিক্রয় ত্যাগেষু মাতাপিতরৌ প্রভবতঃ; নত্বেকং পুত্রং দদ্যাৎ প্রতিগৃহ্নীয়াদ্বা, সহি সন্তানয় পূর্ব্বেষাং নতু স্ত্রীদদ্যাৎ প্রতিগৃহ্নীয়াদ্বা অন্যত্রানুজ্ঞানাদ্ভর্ত্তুঃ"॥

† "সন্ততি থাকিতে"—অর্থাৎ পুত্র, পৌত্র ও প্রপৌত্র রূপ তুল্য স্বামিত্ববিশিষ্ট সন্তান থাকিতে। নারদাদি বহু ঋষি কহিয়াছেন সর্ব্বস্ব অদেয়, যদি কেহ সন্ততি থাকিতে দেয় সে দণ্ডনীয় ইহা ব্যক্ত। বি. দ.।

† 'অন্বয়ে'—সন্তানে, পুত্র পৌত্র প্রপৌত্ররূপে তুল্য স্বামিত্ব ভাগিনি সতি। সর্ব্বস্বং অদেয়মিতি নারদাদিভির্বহুভির্মুনিভিরুক্তিভিঃ যদিচ কোহপি তথাভাবেহপি দদাতি তদা সদণ্ডনীয়ইতি ব্যক্তং। বি. দ.।

NA'RADA, forbidding (such a) gift or sale even in extreme distress would contradict KA'TYA'-YANA. Therefore, in the utmost distress, a son and the rest may be given away, with the assent of the persons interested; but even in such circumstances, the gift may not be made without their assent. Such is the demonstrated rule. Coleb. Dig. vol. II. p. 106.

A son is also given for the purpose of adoption; (this being done) as an act of duty to relieve the adoptor's distress arising from the want of male issue, no penalty is incurred.

The assent (required) is (found in) the want of opposition; for it is a rule that not to forbid is to assent.* Coleb. Dig. Vol. p. 106.

DAKSHA:—"Joint property, deposits for use, bailments in the form called *Nya'sa*, pledges, a wife, her property, deposits for delivery, bailment (in general,) and the whole of a man's estate, if he have issue alive,† are things which the learned have declared inalienable even in times of distress: the man who gives them away is a fool, and must expiate (the sin) by penance." Coleb. Dig. Vol. II. p. 106.

Here nine things are declared inalienable; but a son is not mentioned: including a son, ten things (and persons) may not be given. VRIHASPATI declares the prohibition of giving away to be eight-fold: though deposits may be considered as comprehended in his text under the term "*nya'fa*," still female property is not included in that text; and what is promised, not included by NA'RADA (in the number of eight unalienable things,) is included in that number by VRIHASPATI. On this mutual contradiction CHANDESHAWARA remarks: "it is not implied, that the enumeration of inalienable things, as delivered by other sages, is curtailed by what each himself

* Therefore the gift of a son under the age of five years may be valid; and it appears that donations may have force, even without the assent (of the persons interested). Coleb Dig. Vol. p. 106.

The gift of a son should however be according to the text of VASHISHTA:—"A son formed of seminal fluids and of blood proceeds from his father and mother, as an effect from its cause: both parents have power (for just reasons,) to give, to sell, or to desert him; but let no man give or accept an only son, since he must remain to raise up a progeny for (the obsequies of) ancestors. Nor let a woman give or accept a son, unless with the assent of her lord." See Coleb. Dig. vol. II. p. 108. See also the chapter treating of adoption.

† "If there be issue alive:"—if there be a son, grandson, or great grandson, who have equal dominion (over the property,) it is ordained by NA'RADA and many other sages, that the whole of a man's estate may not be given away: and if any person, though he have issue living, do give away his whole estate, he shall be fined. Coleb. Dig. vol. II. p. 111.

এই যে নয় বস্তু অদেয় হইলে তাহাতে অষ্ট বস্তু ও অদেয় হইল, এই রূপ দশ বা একাদশ বস্তু অদেয় হইলে নয় বা আট বস্তুও অদেয়। বি. দ.

যদ্যপি দক্ষ বচনে আপৎকালেও স্ত্রীধন অদেয় কথিত হইয়াছে তথাপি আর আর ঋষির বচনানুসারে ভর্ত্তা আপৎকালে স্ত্রীধন গ্রহণ ও বিক্রয়াদি করিতে পারে ইহা ব্যবস্থাপিত হইয়াছে। স্ত্রীধন প্রকরণ দ্রষ্টব্য।

উ.। ঐ ভূমি যদি কোন দেবতার পূজার্থে দেওয়া হইয়া থাকে, এবং সে বাটীতে যদি ঐ বিগ্রহ থাকেন, তবে ঐ দত্ত বস্তুতে দাতার স্বত্ব নাই, অতএব সে ঐ বস্তু বিক্রয় করিতে ক্ষমতা রাখে না। শ্রীমদ্ভাগবতের একাদশ অধ্যায়ে লিখিত মত এই যে "যে ব্যক্তি দেবতা ও ব্রাহ্মণের বৃত্তি (তাহা তৎকর্তৃক অথবা অন্য কর্তৃক দত্ত হইয়া থাকুক) হরণ করে, সে শত লক্ষ বৎসর বিষ্ঠাতে কৃমি হইয়া জন্মে"।

ঢাকা কোর্ট আপীল, ২৭ নবেম্বর ১৮২০ সাল। মেক্, হি, ল, বা, ২, চ্যা, ১১, মকদ্দমা ১৩, পৃ ৩০৫।

প্র. কোন হিন্দু স্ত্রীলোক নিজ মৃত্যুর তিন বা চারি ঘন্টা পূর্ব্বে, এবং অত্যন্ত ক্ষীণতাবস্থায় স্থাবরাস্থাবর বিষয় অপরকে দান করে, এমত অবস্থায়, ঐ দান সম্পূর্ণ ও বলবৎ কি না?

উত্তরাধিকারি বিহীনা স্ত্রী নিজ বিষয় অপরকে দান করিলে তাহা সিদ্ধ।

উ.। যদি ঐ স্ত্রীর সন্তান বা অন্য উত্তরাধিকারী না থাকে, এবং ঐ দত্ত বস্তু যদি তাহার পতির বিষয় না হয়, ও দান করণ কালীন যদি তাহার বিলক্ষণ জ্ঞান রহিয়া থাকে, তবে ঐ দান শাস্ত্রসম্মত ও সিদ্ধ। সহর ঢাকা, ২৪ ফেব্রুওরি ১৮১৩ সাল। মেক্, হি, ল, বা, ২, চ্যা, ৮, মকদ্দমা ১০, পৃ, ২১৭।

প্র.। এক ব্যক্তি পৈতৃক স্থাবর বিষয়ের উপস্বত্ব দিয়া অথবা ক্রমাগত বৃত্তির টাকা দিয়া কিছু স্থাবর বিষয় ক্রয় করে, এমত অবস্থায় ঐ ব্যক্তি পুত্র পৌত্র থাকিতে তাদৃশ বিষয়ের সমুদায় অথবা কিয়দংশ তাহাদের অনুমতি বিনা দুহিতা ও ভাগিনেয়দের অন্নাচ্ছাদন নিমিত্ত অথবা তাহাদের নিকট বিক্রয় করিতে যোগ্য কি না?

পৈতৃক বিষয়ের উপস্বত্ব দিয়া ক্রীত স্থাবর বিষয়ের কিয়দংশ বা সমুদায় বিক্রয় নির্দ্দোষ ও সিদ্ধ।

উ। উপরি উক্ত ব্যক্তি যদি পূর্ব্বপুরুষ হইতে ক্রমাগত ভূমির উপস্বত্ব ও বার্ষিক বৃত্তির টাকা দিয়া কিছু ভূমি ক্রয় করিয়া থাকে, ও পুত্র পৌত্রদের সম্মতি বিনা যদি ঐ বিষয়ের সমুদয় বা কিয়দংশ দুহিতাকে বা ভাগিনেয়কে বিক্রয় করিয়া থাকে, তাদৃশ হস্তান্তর করিতে সে ক্ষমতাবান্, যেহেতু ঐ দত্ত বিষয় পৈতৃক বিষয়ের উপস্বত্ব দিয়া ক্রীত হইয়াছে, তাদৃশ ধন পৈতৃক ধন নয়, এবং এমত বিষয়ের সমুদায় অথবা কিয়দংশ বিক্রয় করণে পিতার প্রতি নিষেধ নাই, যেহেতু তদ্দ্বারা তৎপরিবারের জীবন ধারণে ক্লেশ হয় না, তিনি তাদৃশ বিষয়ে স্বাধীন। এই মত বঙ্গদেশপ্রচলিত দায়ভাগানুমত।

প্রমাণ—"যেহেতু এস্থলেও সর্ব্ব শব্দের উল্লেখ আছে, (অতএব) এই নিষেধে সমুদায় বিষয়ের দান বা প্রকারান্তরে হস্তান্তর করা নিষিদ্ধ হইয়াছে, কেননা স্থাবরাদি বিষয় পরিবার পালনের উপায়, পরিবার পালনে ব্যাঘাত না হয় এমত অল্প অংশ দানাদি করণে নিষেধ নাই"।

জিলা বীরভূম। মেক্, হি, ল, বা, ২, চ্যা, ৮, মকদ্দমা ১৪, পৃ. ২২১।

A will made by a Hindu during his minority was declared to be void. Harosundari' Dási' v. Ka'shi' Na'th Ba'sak. December, 1814. Cons. H. L. p. 11.

In a claim, under a deed of gift executed by the widow of a Hindu Zemindar of Bengal who died childless, for the Zemindaree formerly possessed by him, which at his death devolved on the widow, it was held that the widow could not alienate the estate, which at her death must pass to the husband's heirs. Mahoda' and another v. Kalya'ni' and others. 14th March 1803, S. D. A. R. Vol. I. p. 62.

A gift by a widow after the death of a son adopted by her, without issue, to the son of her younger daughter, was set aside, as prejudicial to the rights of a daughter, who at the time of the gift had not, but afterwards had, male issue. Musst. Bijoya' Debi' v. Musst. Annopu'rná Debi'. 26th September, 1806, S. D. A. R. Vol. I. p. 162.

*Legal opinions on various contracts delivered by the law officers, admitted by the civil courts of judicature, and examined and approved of by Sir William Macnaghten.*

Q. Are *Devottar* lands and houses appropriated to religious uses, fit subjects of sale or not?

R. If the lands have been endowed for the worship of some deity, and the house be occupied by it, the donor has no right in the endowment, and consequently he is incompetent to sell such property. The following is the doctrine laid down in the eleventh section of the *Sri'mad-bha'gavata*. "He who seizes the subsistence of the gods or of priests, whether given by himself or another, is born a reptile in ordure for a million of milion of years."

The sale of endowed property is void.

Dacca Court of Appeal, November 27th, 1820. Macn. H. L. Vol. II. Cha. 11, Case 13, p. 305.

Q. A Hindu woman, about three or four hours previously to her death, and while she was in a state of extreme weakness, made a gift of her estate, consisting of lands and other property, to a stranger. In this case, is the gift complete and binding?

R. If there be neither issue nor any other heir of the woman, and the property given be not her husband's property, and if when she made the donation she was in full possession of her mental faculties, the gift is legal and good. City Dacca, February 27th, 1813. Macn. H. L. V. II. Cha. 8, Case 10, p. 217.

A gift by a woman of her own property to a stranger is good, if she have no heirs.

Q. A person purchased some real property with the produce of his ancestral lands, or with his hereditary annual allowance of money. In this case, is he having sons and son's sons, competent to give the whole or a part of such property, without their consent, to his daughter and sister's son for their subsistence, or to sell it to them?

R. If the individual above alluded to purchased some landed property with the produce of lands descended to him from his ancestors, or with his annual pecuniary allowance, and give or sell a part or the whole of such estate (without the consent of his sons and son's sons) to his daughter and sister's son, he is competent to make such alienation, because the property given was purchased with the produce of the patrimonial estate, which does not constitute patrimony; and there is no prohibition recorded against gift by a father of the whole or a part of such property, as his family does not thereby suffer for maintenance, and he is independent with regard to such property, This opinion is consonant to the *Da'yabha'ga*, as current in Bengal.

The gift of part or the whole of the landed property purchased with the produce of an ancestral estate is good and valid.

*Authorities*:—Since here also it is said "the whole," this prohibition forbids the gift or other alienation of the whole, because immovables and similar possessions are means of supporting the family. The prohibition is not against the donation or other transfer of a small part not incompatible with the support of the family.

Zillah Beerbhoom. Macn. H. L. Vol. II. Cha. 8, Case 14, p. 221.

প্র.। এক ব্যক্তি দ্বিতীয় বিবাহ করণের পূর্ব্বে প্রথম স্ত্রীকে এই মর্ম্মে একরার লিখিয়া দেয় যে—"তুমি রদসেতা (নামক স্থানের) গদির (অর্থাৎ দেবোত্তর বিষয়ের) উপর স্বামিত্বাচরণ করিবে, তাহার সহিত আমার কোন এলাকা নাই, এবং আমার দ্বিতীয়া স্ত্রী বামন গড়ের গদিতে অধিকারিণী হইবে। যদি (আমার) সন্তান না হয়, তবে তুমি তদতিরেকে বামনগড়ের গদির (যাহা দ্বিতীয়া স্ত্রীকে দত্ত হইয়াছে) দশ আনা অংশ পাইবে, ও আমার দ্বিতীয়া স্ত্রী বক্রী ছয় আনা পাইবে।" এমত অবস্থায় ঐ দলীল শাস্ত্রানুসারে সিদ্ধ ও বলবৎ কি না?

কোন পুরুষের দুই স্ত্রীর যদি অন্নাচ্ছাদনের যথেষ্ট সংস্থান থাকে ও তাহার উত্তরাধিকারী না থাকে তবে সে দুই স্ত্রীকে অসমান পরিমাণে নিজ বিষয় সমুদায় দিতে পারে।

উ.। ঐ স্বামী নিজধনের স্বামী ছিল, পরিবারের অন্নাচ্ছাদনে ক্লেশ না হইলে নিজ বিষয় দিতে তাহাকে ক্ষমতা আছে, এতাবতা যদি বামনগড়ের গদির ছয়আনা অংশের উপস্বত্ব দ্বিতীয়া স্ত্রীর অন্নাচ্ছাদনের ব্যয়ার্থ যথেষ্ট হয় ও সন্তান না হইয়া থাকে তবে দ্বিতীয় বিবাহ করণের পূর্ব্বে একরারের দ্বারা বামন গড়ের গদির যে দশআনা অংশ জ্যেষ্ঠা স্ত্রীকে শরতী দান করিয়াছে তাহা তাহাকে (অর্থাৎ ঐ জ্যেষ্ঠা স্ত্রীকে) বর্ত্তিবে, এবং ঐ একরার নির্দ্দোষ ও বলবৎ।

প্রমাণ—

দায়ভাগ ধৃত নারদ বচন—"তাহারা নিজ অংশ দান করুক বা বিক্রয় করুক, যাহা ইচ্ছা তাহাই করিতে পারে, যেহেতু তাহারা স্বস্ব ধনের প্রভু।"

বৃহৎ মনু:—"পোষ্যজনের পালন স্বর্গসাধনের প্রশস্ত উপায়; পরিজনকে পীড়া দিলে নরক হয়, অতএব যত্নে পরিবার পালন করিবে।"

সহর মুরসিদাবাদ, ১১ জুন. ১৮১৮ সাল। মেক্, হি, ল, বা, ২, চ্যা, ৮, মকদ্দমা ১৮, পৃ. ২২৬ও ২২৭।

প্র.। কোন ব্রাহ্মণের জ্যেষ্ঠ ভ্রাতা ঐ ব্রাহ্মণের সহিত অবিভক্ত পৈতৃক ও স্বোপার্জ্জিত বিষয় পরিত্যাগ পূর্ব্বক ব্রহ্মচর্য্যাশ্রম গ্রহণ করিয়াছে এবং অদ্যাপি জীবিত আছে, এমত স্থলে উক্ত ব্রাহ্মণ ঐ সমুদায় অবিভক্ত বিষয় নিজ দুহিতাদিগকে বাচনিক দান করিতে পারে কি না!

হিন্দুদের স্মৃতি শাস্ত্রানুসারে গৃহস্থাশ্রম ত্যাগ মৃত্যু গণ্য।

উ.। ঐ জ্যেষ্ঠ ভ্রাতা গৃহস্থাশ্রম ত্যাগ করিয়া ব্রহ্মচর্য্যাশ্রম গ্রহণ করাতে, পৈতৃক বিষয়ে তাহার স্বত্ব লোপ হইয়াছে, অতএব নিজ দুহিতাদিগের প্রতি কনিষ্ঠ ভ্রাতার কৃত অবিভক্ত বিষয় দান শাস্ত্রসম্মত ও সিদ্ধ।

প্রমাণ,—রত্নাকরাদি ধৃত বশিষ্ঠ বচন "যাহারা গৃহস্থাশ্রম ত্যাগ করিয়াছে তাহারা অংশে অনধিকারি।"

জিলা বর্দ্ধমান, ১৫ জানওয়ারি ১৮১৭ সাল। মেক্, হি, ল, বা, ২, চ্যা, ৮, পৃ. ২৩২ ও ২৩৩।

প্র.। কোন স্ত্রীলোক এক দানপত্র লিখিয়া দিয়া তদ্দ্বারা এক ব্যক্তিকে নিজ স্থাবরাস্থাবর বিষয় সমর্পন করিয়া তাহাকে বিদ্যা শিক্ষা করাইলেক ও প্রতিপালন করিলেক, এবং যে মজলিসে ঐ দলীল লিখিত পঠিত হয় তাহাতেই ও সেই দিবসে গ্রহীতার স্থানে এই মজমুনে একরার লিখাইয়া লইল যে সে ঐ দাত্রীকে যাবজ্জীবন প্রতিপালন করিবে, ও তাহার অনুজ্ঞার বিরুদ্ধে কোন কর্ম্ম করিবে না, এই সকল নিয়ম পালনে ত্রুটি হইলে ঐ দান অকর্ম্মণ্য ও অসিদ্ধ হইবে। ঐ দলীলে লিখিত বিষয়ের কিয়দংশ গ্রহীতা অধিকার করিল, অনন্তর দাত্রীর ও গ্রহীতার মধ্যে বিরোধ উপস্থিত হওয়াতে, দাত্রী গ্রহীতার অধিকৃত বিষয় দখল করিতে চাহে। এমত অবস্থায় ঐ দাত্রী দত্তহারিণী হইতে পারে কি না?

যে শরতে দান করা হয়, গ্রহীতা সেই শরতের ব্যতিক্রম করিলে দত্ত বস্তু ফিরিয়া লওয়া যাইতে পারে।

উ। এই মকদ্দমাতে প্রকাশ পাইতেছে যে ঐ স্ত্রী এক ব্যক্তির স্থানে এই মজমুনে একরার লইয়া যে সে তাহাকে যাবজ্জীবন প্রতিপালন করিবে ও তাহার মত ছাড়া হইবে না, নিজ ভূম্যাদি বিষয় দেয়, কিন্তু গ্রহীতা কৃত নিয়ম সকল পালন করে নাই, এমত অবস্থায় দাত্রী গ্রহীতা হইতে দলীল ফিরিয়া লইতে পারে এবং দানের প্রত্যাহার করিতে পারে।

জিলা চট্টগ্রাম, ৫ এপ্রেল ১৮১৬। মেক্, হি, ল, বা, ২, চ্যা, ৮, মকদ্দমা ৩০, পৃ, ২৩৭ ২৩৮।

Q. A person, previously to contracting a second marriage, executed an agreement in behalf of his eldest wife to the following effect: "you will exercise authority as proprietor over a *Guddee* (religious endowment) at *Rudsetta*, and I have no concern with it, and my second wife will have the right over the *Guddee* at *Bahman Gurh*. If there be no issue (of mine) you will moreover have a ten anna share of the *Guddee* at *Bahman Gurh* (which he assigned to the second wife,) and my second wife the remaining six anna share." In this case, is the instrument, according to law, good and binding?

A man may give all his property to his two wives in unequal allotments, provided they each have enough for maintenance, and he have no other heirs.

R. The husband was the master of his own wealth, and has the power to give away property, provided his family do not suffer on account of maintenance; consequently, if the produce of the six anna share of the *Guddee* at *Bahman Gurh* will suffice for the expenses attendant on his second wife's maintenance, and there be no issue, then the ten-anna share of the *Guddee* at *Bahman Gurh*, which he, previously to contracting a second marriage, conditionally assigned by the agreement in favour of his eldest wife, will go to her (the eldest wife,) and the agreement is good and binding.

*Authorities :—*

The text of NA'RADA quoted in the *Da'yabha'ga*: "Should they give or sell their own shares, they do all that as they please, for they are masters of their own wealth."

VRIHUT MANU: "The support of persons who should be maintained, is the approved means of attaining heaven; but hell is the man's portion, if they suffer. Therefore let a master of a family carefully maintain them."

*City Moorshedabad*, June 11th, 1818. Macn. H. L. Vol. II. Cha. 8, Case 18, pp. 226, 227.

Is a *Bra'hman*, whose eldest brother, leaving his ancestral and self-acquired property in a joint estate with him, had entered into the order of a religious student, and is still living, competent to make a verbal gift of the whole undivided estate to his daughters, or otherwise?

Retirement from the world is civil death, according to the Hindu law.

R. When the eldest brother, having left the order of a housekeeper, entered into that of a religious student, his right to the paternal estate became extinct, therefore the gift of the undivided property made by the younger brother to his daughters is legal and valid.

*Authorities :*—The text of VASHISHTA, as laid down in the *Ratna'cara* and other books of law: "They who have entered into another order, are debarred from shares."

Zillah Burdwan, January 15th, 1817. Macn. H. L. Vol. II. Cha. 8, Case 25, pp. 232, 233.

Q. A woman executed a deed of gift, in which she assigned her property, movable and immovable, to a person whom she educated and supported, and she (the donor,) on the same date, and before the same company in whose presence the deed was executed, obtained an agreement from the donee, purporting that while the donor lived the donee would support her, and not act contrary to her directions, on failure of which conditions the gift should be held null and void. The donee having got possession of a part of the immovable property mentioned in the deed, and subsequently a dispute having arisen between the donor and donee, the former wishes to revoke the gift, and to recover possession of the property occupied by the donee. In this case, is the donor competent to recede from her former disposition, or not?

A gift may be taken back, on the donee's violation of the conditions annexed.

R. It appears in this case, that the woman, having received an agreement from a person, purporting that he should support her until her death, and not deviate from her commands, gave to him her own estate, consisting of lands and other property, and that the donee did not fulfil the conditions stipulated. In this case, the donor is entitled to take back the document from the donee, and to revoke the gift.

Zillah Chittagong, April 5th, 1816. Macn. H. L. Vol. II. Cha. 8, Case 29, pp. 237, 238.

প্র.। কোন স্ত্রীলোক নিজ দুহিতা ও জামাতাকে নিজ বিষয় এক দানপত্র দ্বারা দান করিল। এমত অবস্থায় সে (দাত্রী) ঐ দানের প্রত্যাহার করিতে যোগ্য কি না?

যথাশাস্ত্র দত্ত বস্তু ফিরিয়া লওয়া অশাস্ত্রীয়।

উ.। যথা শাস্ত্র কৃত দান কেহ রদ করিতে পারে না, এবং দান দ্বারা দত্ত বস্তুর দখলও কেহ ফিরিয়া পাইতে পারে না।

জিলা চট্টগ্রাম, ৩০ জানুয়ারি ১৮১৬। মেক্. হি. ল. বা. ২. চ্যা. ৮. মকদ্দমা ৩০, পৃ. ২৩৮।

প্র.। কোন ব্যক্তি কিছু ভূমি রাখিয়া কাল প্রাপ্ত হইলে, তদ্বীর্য্যে অবরুদ্ধার গর্ভজাত পুত্র ঐ বিষয় অধিকার করিয়া সন্তান রহিতাবস্থায় মরিলে তাহার স্ত্রী তদুত্তরাধিকারিণী হইল। মূল ধনির দৌহিত্র অথবা আর এক অবরুদ্ধা থাকিতে, ঐ মৃত পুত্রের স্ত্রী ঐ বিষয় দান বিক্রয়াদি করিতে পারে কি না? যদি দান বিক্রয়াদির কোন প্রকারে বিষয় হস্তান্তর করিয়া থাকে তবে তাহা নির্দ্দোষ ও বলবৎ কি না?

অবরুদ্ধার বা দাসী পুত্রের গর্ভজাত শূদ্রের তনয় ধনাধিকারী কিন্তু তাহার স্ত্রী অন্য উত্তরাধিকারির হানি করিয়া তদ্বিষয় হস্তান্তর করিতে যোগ্য নয়।

উ.। মূল ধনি কোন্ জাতীয় তাহা বিশেষ রূপে বর্ণিত হয় নাই। যদি সে শূদ্র হয়, এবং যে দুহিতার পুত্র বাঁচিয়া আছে সে যদি অবরুদ্ধার গর্ভে তাহার জনিত হয়, তবে অন্য অবরুদ্ধার পুত্রবধূ তৎসমুদয় বিষয় তাহা স্থাবর বা অস্থাবর হউক যাবজ্জীবন ভোগ করিতে পারে, এবং পতির শ্রাদ্ধ ও পারলৌকিক উপকার নিমিত্তে এবঞ্চ নিজ জীবন ধারণ নিমিত্ত ঐ বিষয়ের অল্পাংশ বিক্রয় করিতে পারে; কিন্তু এ সকল ব্যতীত সে প্রাপ্ত পতি সংক্রান্ত ধন হস্তান্তর করিতে যোগ্য নয়, এবং তৎকৃত তাদৃশ ধনের দান অকৃত বিবেচনা করিতে হইবে।

মহাভারতীয় দান ধর্ম্ম বচনাদি দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৫৮। এইমত দায়ভাগানুমত।

কাত্যায়ন—দ্রষ্টব্য ব্য. দ. পৃ. ৫৪। নারদ—দ্রষ্টব্য ব্য. দ. পৃ. ১০৬।

যাজ্ঞবল্ক্য—"দাসীর গর্ভজাত শূদ্রের তনয়ও পিতার ইচ্ছাক্রমে অংশহারী হয়; পিতার যদি মৃত্যু হইয়া থাকে তবে ভ্রাতারা তাহাকে অর্দ্ধাংশ দিবে"।

দাসীর গর্ভে জাত শূদ্রের তনয় পদে—দুহিতা ও দৌহিত্রাদি দায়াদ বুঝিতে হইবে, এইমত দায়ভাগ, দায়তত্ত্ব, বিবাদ চিন্তামণি, মিতাক্ষরা ও মনু প্রভৃতি গ্রন্থ সম্মত*।

ঢাকাসহর, ১ মে ১৮১৬ সাল। মেক্. হি. ল. বা. ২. চ্যা, ৮, মকদ্দমা ৪৮. পৃ. ২৫৬—২৫৮।

প্র.। দুইজনে যৌতরূপে কোন স্থাবর বিষয়ে অধিকারি ছিল, তন্মধ্যে একজন ঐ বিষয়ের নিজ অংশ বিক্রয়ে উদ্যত হইলে, অন্য ব্যক্তি তাহার মূল্য দিতে চাহিল, তথাপি সে নিজ স্বত্ব অপরের স্থানে বিক্রয় করিল, এমত অবস্থায় ঐ বিক্রয় সিদ্ধ ও বলবৎ কি না?

সাধারণ বিষয়ে হকসফার দাওয়া স্বীকৃত হইয়াছে।

উ.। ঐ স্থাবর বিষয় যদি দুইজনে যৌতরূপে অধিকার করিয়া থাকে, এবং তন্মধ্যে একজন নিজ অংশ পরিমাণে বিক্রয়ের যোগাযোগ করণ সময়ে তাহা সহভাগী যদি ক্রেতার চুক্তিকরা মূল্য দিতে চাহিয়া থাকে, তবে এমত অবস্থায় ঐ বিষয় তদংশের নিকট বিক্রয় করিতে হইবে, এবং তাহা যদি অপরের নিকট বিক্রয় করা হইয়া থাকে তবে ঐ বিক্রয় অবশ্য রদ হইবে †।

* বিষ্ণু চন্দ্র রায়ের বিরুদ্ধে বৃন্দাবনচন্দ্র রায়ের মকদ্দমাতে রেস্পণ্ডেণ্ট কোন ভূমি দখলে রাখিবার দাবী করে এই হেতুতে যে ঐ ভূমি কোন হিন্দু বিধবা নিজ পতির মরণে দায়াদগণের মধ্যে কৃত বিভাগে প্রাপ্তা হইয়া তাহাকে দান করিয়াছে। সদরদেওয়ানী আদালত বিচার করিলেন যে ঐ হেতুবাদের প্রমাণ নাই, এবং উত্তরাধিকারিদের সম্মতি বিনা ঐ দান সর্ব্বথা অসিদ্ধ (স, দে. আ, রি, বা, ৪, পৃ. ১৪৩)। এবং (ঐ বালামের ১১৭ পৃষ্ঠায় প্রকটিত) আর এক মকদ্দমাতে বিচরিত হইয়াছে যে সন্তানহীন মৃত হিন্দুর স্ত্রী পতির পারলৌকিক উপকারার্থে তদ্বিষয়ের কিয়দংশ বিক্রয় করিতে ক্ষমতাবতী বটে, কিন্তু তাদৃশ মানসে দান করা ঐ মকদ্দমাতে প্রকাশ না পাওয়াতে গ্রহীতার দাওয়া অগ্রাহ্য।

† হিন্দুদের ধর্ম্মশাস্ত্রানুসারে, বাঙ্গলা কাশী বা মিথিলা প্রদেশে হক্-শফার অধিকার নাই; কিন্তু কাশী ও মিথিলাতে সাধারণ বিষয়ের বিক্রয় প্রতিষিদ্ধ বটে। এমত কোন গ্রন্থ দেখিতে পাই নাই, যাহাতে হক্-শফার বিষয়ে মহানির্ব্বাণ তন্ত্রে লিখিতমত দৃঢ়ীকৃত হইয়াছে। এবং এই মত যথার্থ কি না তাহাতে আমার কিছু সন্দেহ আছে। বোধ হয় এই মত নৈকট্যমূলক হওনাপেক্ষা বরং সাধারণ বিষয় এক শরীকের বিক্রয় করিতে অক্ষমতামূলক. পরন্তু যেহেতু বঙ্গ দেশে সে অক্ষমতা নাই, অতএব আমার বোধে শাস্ত্রমতে হক্‌শফার দাবী নাই। ঐ। ৮ সংখ্যক মকদ্দমা দ্রষ্টব্য।

Q. A woman made a gift of her property to her daughter and son-in-law by a written instrument. In this case, is she (the donor) competent to revoke the gift, or otherwise?

R. No person is competent to revoke a gift lawfully made, and to resume possession of the property disposed of by the gift.

Resumption of an unqualified gift unlawful.

Zillah Chittagong, January 30th, 1816. Macn. H. L. Vol. II. Cha. 8, Case 30, pp. 238.

Q. A man dying, and leaving some landed property, a son begotten by him on a concubine got possession of that property, and died leaving no children. He was succeeded by a widow. Was she (the widow of the latter deceased person) competent to make a gift, sale, or other alienation of the property, while the daughter's son by another concubine of the original proprietor, exists? If she should have made either of such dispositions, is it good and binding, or otherwise?

R. It is not particularly mentioned to what class the original proprietor belonged. If he was a *Shu'dra*, that is, of the fourth class, and the daughter whose son survives was begotten by him on a concubine, the widow of the son of his other concubine may enjoy the whole estate, whether consisting of real or personal property, during her life-time, and she may also give or sell a small portion of it for the completion of her husband's funeral rites, or for his spiritual benefit, as well as for her own maintenance; but these circumstances excepted, she is incompetent to dispose of the property inherited from her husband, and the gift of such property made by her must be considered void.

The son of a *Shu'dra* by a concubine or female slave is entitled to inherit property, but his widow is incompetent to aliene to the prejudice of other heirs.

*Authorities*:—The *Maha'bha'rata*, Chapter entitled the *Da'nadharma*. See *ante*, p. 59. KA'TYA'YANA. *ante*, p. 58. NA'RADA, *ante*, p. 107.

JA'GNYAVALKYA—"Even a son, begotten by a *Shu'dra* on a female slave, may take a share by the choice of the father; but if the father be dead, the brethren should make him partaker of half a share."

By the term "a son begotten by a *Shu'dra* on a female slave," must be understood daughters, daughter's sons, and other heirs. This opinion is conformable to the *Da'yabha'ga*, *Da'yatatwa*, *Vira'dachinta'mani*, *Mita'kshara'*, *Manu*, and other legal authorities.*

City Dacca, May 1st, 1816. Macn. H. L. Vol. II. Cha. 8, Case 48, pp. 256—258.

Q. A landed estate was jointly held by two persons, and one of them being anxious to sell his own portion of the property, the other offered a proper price of it, but he nevertheless sold his interest to a stranger. Under such circumstances, is the sale valid and binding?

R. Supposing the landed property to have been held in joint tenancy by two persons, and when one of them negotiated a sale to the extent of his own share, his co-parcener to have offered him the same price as settled by the purchaser, in such case the property must be sold to the parcener, and if it should have been disposed of to a stranger, the sale must be set aside†.

Right of pre-emption recognised in joint property.

*In the case of Brinda'ban Chandra Ráy *versus* Bishnu Chandra Ra'y, where the respondent claimed to retain possession of cirtain lands on the plea of gift from a *Hindu* widow by whom they had been taken on her husband's death, on a division among the heirs, the court of Sudder Dewanny Adawlut held that the plea was not proved, and at all events the gift would have been invalid without the consent of the heirs. (S. D. A. R. Vol. IV. p. 143.) And in another case (p. 117 of the same volume,) it was determined that the widow of a *Hindu*, who died without children, had the power of making a gift of a portion of her late husband's property for his spiritual benefit; but such not appearing to the court to have been the object of the gift in the case in question, the claim of the donee was disallowed.

† According to the Hindu law, there is no right of pre-emption, either in the schools of Bengal Bernaes, or Mithila; but the two latter forbid the sale of undivided property. I have not been able to discover any work which conforms the doctrine laid down in the *Ma'ha'-nirba'na Tantra* as to pre-emption, and I entertain some doubts as to the accuracy of this opinion. It appears at best to be founded rather on the inability of a co-heir to sell his share of joint property than on the ground of vicinage; and in Bengal, as that inability does not exist, there could not, I imagine, be any legal claim of pre- emption. See case 8, p. 687.

মুরসিদাবাদের কোর্ট আপীল, ৩১ ডিসেম্বর ১৮১৫ সাল। মেক্, হি, ল, বা, ২, চ্যা, ১১, মকদ্দমা ৭. পৃ. ২৯৭।

প্র.। কোন হিন্দুর মরণকালীন তাহার দত্তক পুত্র জীবিত থাকে, ও সে তদ্‌গ্রহীতা পিতার ভূমি অপরের নিকট বিক্রয় করে। ক্রেতা এক্ষণে ঐ ভূমিতে পুষ্করিণী খনন করিতেছে, পরন্তু ঐ দত্তক গ্রহীতৃ-পিতার ভ্রাতারা হক্-সফার দাবী করে, এবং ঐ বিক্রীত বিষয় ক্রয় করিতে চাহে, এমত অবস্থায় ঐ দত্তক পুত্রের কৃত বিক্রয় অকৃত ও অসিদ্ধ হইবে কি না এবং ঐ হক্-শফার দাবীদারেরা ঐ বিষয় পাইতে যোগ্য হইবে কি না?

উ.। কোন ব্যক্তি নিজ অংশ তাহা স্থাবর বা অস্থাবর হউক বিক্রয় করিলে তাহা শাস্ত্রানুসারে সিদ্ধ ও বলবৎ, বিক্রেতার পিতৃব্য-পুত্রেরা হক্-শফার দাবী করিলে ঐ বিক্রয় রহিত হইতে পারে না।

প্রমাণ—"তাহারা যদি নিজ নিজ (অবিভক্ত) অংশ দান বা বিক্রয় করে, তাহারা স্বকীয় তাবৎ প্রকার বিষয় যাহা ইচ্ছা তাহা করিতে পারে, যেহেতু তাহারা নিজ২ ধনের প্রভু ইহাতে সন্দেহ নাই"।

জিলা বর্দ্ধমান, ৩ ডিসেম্বর ১৮১৯ সাল। অদ্বৈত দত্ত—বনাম—কৃষ্ণমোহন দত্ত প্রভৃতি। মেক, হি, ল, বা, ২, চা, ১১, মকদ্দমা ৮, পৃ, ২৯৮।

প্র.। অনেকে যৌতরূপে যে বিষয় অধিকার করে তাহা তদধিকারিদের এক জনের উপর হওয়া ডিক্রীজারিতে বিক্রীত হইবার যোগ্য কি না?

উ.। যে ব্যক্তির বিরুদ্ধে ডিক্রী হইয়াছে শাস্ত্রমতে তাহার যৎপরিমিত অংশ হয়, তাহাই কেবল বিক্রীত হইতে পারে, এবং তৎপরিমিত বিক্রয়ই কেবল যথাশাস্ত্র*। জিলা জঙ্গলমহাল, ২৮ জুন, ১৮১৯ সাল। মেক্, হি, ল, বা, ২, চ্যা, ১১, মকদ্দমা, ৩, পৃ. ২৯৩, ২৯৪।

## বিবিধ ব্যবহার কার্য্য বিষয়ক বিবেচনা।

যেমত অপবর্জ্জিতের বা পতিতের কৃত ব্যবহার-কার্য্য বৃথা, তেমনি গৃহস্থাশ্রমবর্জ্জিতের এবং অন্য প্রকারে হৃত-স্বত্বের কৃত ব্যবহার-কার্য্য ও অকৃত†।

সধবা সৌদায়িক ধনে সম্পূর্ণ ক্ষমতাবতী; ভর্তৃদত্ত স্থাবর ধন দানাদি করিতে তাহার ক্ষমতা নাই, শিল্প কর্ম্মে উপার্জ্জিত ধনে এবং সুদায় ভিন্ন অন্য হইতে স্নেহজন্য প্রাপ্ত ধনে স্বামির সর্ব্বদা প্রভুত্ব আছে, এতদ্ভিন্ন ধন স্ত্রীর ধন কথিত, পরন্তু তাদৃশ স্ত্রী ধন এবং অন্য যে কোন রূপ স্ত্রী-ধন স্বামী আপৎ কালে ব্যবহার ও ব্যয় করিতে পারে‡।

'ধন দম্পতির সাধারণ' যদ্যপি এমত বচন আছে, তথাপি সাধারণ বিধান এই যে পতি-ই কেবল তাদৃশ ধন সম্বন্ধে ব্যবহার-কার্য্য করিতে অধিকারি, সধবা নিজ অসাধারণ ধন ভিন্ন অন্য ধন সম্বন্ধে ব্যবহার কার্য্য করিতে অযোগ্যা। পরন্তু যেস্থলে পতি পত্নীর পরিশ্রমোপজীবী সে স্থলে তৎপত্নীর কৃত

* এই প্রশ্নের উত্তরে ইহা অবশ্যই অনুভূত হইয়া থাকিবে যে যে ঋণ জন্য ডিক্রী হইয়াছে তাহা ঐ ঋণকর্ত্তা শুদ্ধ নিজ লাভার্থে করিয়া থাকিবে, সাধারণ পরিবারের নিমিত্তে করে নাই। ঐ।

† দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ১০ ও ৩৬৮। মেক. হি. ল. বা. ১, পৃ. ১২১। বশিষ্ঠ বচন. দ্রষ্টব্য—সি. অনধিকারি প্রকরণ।

‡ দা. ভা. পৃ. ৮৭—৯১। কোল্. দা. ভা. পৃ. ৭৫, ৭৬।

দুর্ভিক্ষাদিতে স্ত্রীধন ব্যবহার বিনা স্বামির যদি জীবনোপায় না থাকে, তবে তদবস্থায় স্বামী তাহা লইতে পারে। অন্যাবস্থায় পারে না। ঐ, পৃ. ৯১।

কোলব্রুক সাহেবের "ট্রিটিস্ অন্ অব্লিগেশন এণ্ড কন্ট্রাক্ট্স," নামক গ্রন্থ প্রমাণে (তাহার বুক ৪, চ্যা. ৩, পারা ৩১১ দ্রষ্টব্য) সর উইলিয়ম মেকনাটন সাহেব লিখিয়াছেন—স্ত্রী নিজ অসাধারণ স্ত্রীধন বিষয়েতেও স্বামির অধীনা (মেক. হি. ল. বা. ১, পৃ. ১১২)। কিন্তু এমত নিয়ম ব্যবহারে পালিত হইয়া আসা দৃষ্ট হয় না।

Moorshedabad Court of Appeal, December 31st, 1816. Macn. H. L. Vol. II. Cha. 11, Case 7, p. 297.

Q. A deceased *Hindu* was survived by his adopted son, who sold his adopting father's landed estate to a stranger. The purchaser is now digging a tank in the land, and the adopting father's brothers claim the right of pre-emption, and want to purchase the property sold. In this case, will the sale by the adopted son become null and void, and are the claimants of pre-emption entitled to the estate?

R. The sale of a person's own share of property, whether consisting of movables or immovables, is according to law valid and binding, and it cannot be avoided by the seller's uncle's sons claiming the right of pre-emption.

There is no right of pre-emption according to the law of Bengal.

*Authorities*:—"If they severally give or sell their own (undivided) shares, they do what they please with their property of all sorts; for, surely, they have dominion over their own."

Zillah Burdwan, December 3rd, 1819. Adwita Datta, *versus*. Krishnamohan Datta and others. Macn. H. L. Vol. II. Cha. 11. Case 8. p. 298.

Q. Is property held jointly by several individuals subject to be disposed of for the satisfaction of a decree passed against one of the proprietors?

R. Whatever be the legal share of the person against whom the decree had been passed, that alone can be sold, and the sale to that extent only is legal.*

Joint property is answerable for a debt to the extent of the debtor's share only.

*Zillah Junglemehauls*, June 28th, 1819. Macn. H. L. Vol. II. Cha. 11, Case 3, pp. 293, 294.

## REMARKS ON VARIOUS KINDS OF CONTRACTS.

As a contract made by an outcast or degraded is void, so also are the contracts made by those who have quitted the order of a householder, or is otherwise civilly dead†.

A married woman has absolute dominion over the gifts of her affectionate kindred; she has no power of alienation by gift, &c. over the immovables bestowed on her by her husband; the property earned by mechanical arts, or which is received through affection from others but the kindred, is always subject to the husband's dominion; the rest is pronounced to be the woman's property: the husband however has power to use or consume such *Stridhan* as well as that of any other description in a case of distress.‡

Although a text declares "wealth common the married pair; (3 Dig. 488.) yet it is a general rule that the husband alone has power to make contracts of such property, coverture incapacitating a woman from all contracts in respect of property not exclusively her own,

* The answer to this question of course presumes that the debt, on account of which the judgment was given, had been contracted for the sole and exclusive benefit of the individual proprietor, and not on behalf of the family at large. *Ibid.*

† See *ante*, pp. 11. & 669. Macn. H. L. Vol. I. p. 121. *Vashishta*, Coleb. Dig. Vol. III. p. 327.

‡ Coleb. Da. bhag. pp. 75, 76.

"However if the husband have no means of subsistence, without using his wife's separate property, in a famine or other distress, he may take it in such circumstances, but not in any other case." *Ibid.* pp. 76, 77.

On the authority of Colebrooke's Treatise on Obl. and Cont. (Book 4. ch. VI. §§ 611) Sir William Macnaghten has laid it down that the wife is subject to her husband's control, even in regard to her separate and peculiar property (Macn. H. L. Vol. I. p. 122.) This is not however observed in practice.

ব্যবহার কার্য্য বলবৎ, এবং পতির অনুপস্থিতিতে অথবা তাহার মানসিক বা শারীরিক অযোগ্যতাবস্থায় পরিবারার্থে পত্নীর কৃত ব্যবহার কার্য্য সিদ্ধ*।

ব্যবহার কার্য্য করিতে যোগ্য ব্যক্তি কর্তৃক কৃত দানাদি বিষয়েও "ক্রেতা যেন সাবধান হয়"—এই বিধান খাটে। যথা নারদ কহিয়াছেন—"ক্রেতার উচিত যে আদৌ স্বয়ং বস্তু দৃষ্টি করিয়া তাহা ভাল কি মন্দ ইহা নিশ্চয় করে, এবং সেই দৃষ্টির পর যাহা সে লইতে স্বীকার করে, তাহাতে যদি দোষ না থাকে তবে তাহা বিক্রেতাকে ফিরিয়া দিবে না†।

"ভ্রমকৃত দানের প্রত্যাহার হইতে পারে"—এই বিধানের সাংদৃষ্টিক ন্যায়ে ভ্রমকৃত যে কোন ব্যবহার কার্য্য অসিদ্ধ‡।

কোন ব্যবহার কার্য্যে বলের প্রয়োগ থাকিলে তাহা অসিদ্ধ। জগন্নাথ তর্কপঞ্চানন নারদ বচনের এইরূপ ব্যাখ্যা করিয়া যে মনের বিকলতাবস্থায় কোন ব্যক্তি যাহা করে তাহা অকৃত, কহিতেছেন—"ভয় প্রদর্শন ও বলপ্রয়োগ স্থলে ঐ (ভীত) ব্যক্তি আপন ইচ্ছানুসারে চলিতে পারে না, তাহাকে পরের ইচ্ছামতে কার্য্য করিতে হয়। যদি অন্য কর্তৃক ভয়ার্ত্ত হইয়া কোন ব্যক্তি ভয় হইতে ত্রাণার্থে কাহাকেও সর্ব্বস্ব দেয়, তবে তাহার মন প্রকৃতিস্থ নয়, কিন্তু স্থিরচিত্ত হইয়া যদি পরে সে পারিতোষিক সরূপ কিছু দেয় তবে সেই দান সিদ্ধ (দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৬৬৪)।

কোল্‌ব্রূক সাহেবের প্রণীত 'অব্‌লিগেসন্ এণ্ড্ কন্‌ট্র্যাক্‌স' নামক গ্রন্থে যাহা লিখিত হইয়াছে তাহার সহিত উক্ত মতের ঐক্য হয়, তদ্‌যথা, 'যদিও হিন্দুদের শাস্ত্রে বলপূর্ব্বক কৃত সকলই অকৃত কথিত হইয়াছে, তথাপি সর্ব্বজাতীয় ব্যবহারশাস্ত্রে তাহা অকৃত হওনাপেক্ষা বরং অকৃত হওনশীল বিবেচিত, যেহেতু পরে প্রকাশ্য বা মৌনরূপ স্বীকার দ্বারা তাহা স্থিরতর থাকিতে পারে (ঐ গ্রন্থের চ্যা. ৭, পারা. ১০৯ দ্রষ্টব্য)।

যে কোনরূপ ছল বা প্রতারণামূলক ব্যবহার-কার্য্য অসিদ্ধ (দ্রস্টব্য—ব্য. দ. পৃ. ৬৬৬)। বিক্রয়ের সওদাতে বিক্রেতা যদি নির্দ্দোষ বস্তুর আদর্শ দেখাইয়া সদোষ বস্তু দেয়, তবে ক্রেতা তাহা যে কোন সময়ে ফিরিয়া দিতে পারে, ও বিক্রেতা স্বীয় শঠতা নিমিত্ত দণ্ড দিবার ও ক্ষতিপুরণ করিবার যোগ্য হয়§।

বঙ্গদেশে প্রচলিত শাস্ত্রানুসারে একজন কর্তৃক সাধারণ বিষয়ের নিজ অংশ পরিমিত বিক্রয়াদি সিদ্ধ, কিন্তু তৎকর্তৃক অন্যের অংশ বিক্রয়াদি আপৎকালে কুটুম্বার্থে ও ধর্ম্মার্থে ভিন্ন অন্য হেতুতে সিদ্ধ নয় (দ্রষ্টব্য ব্য. দ. পৃ. ৬২৬)। এবং অংশিদের মধ্যে যদি কেহ টাকা ধার করিয়া মরে, আর ঐ টাকা যদি তাহাদের সকলের কার্য্যে লাগিয়া থাকে তবে জীবিত অংশিরা ঐ ঋণের দায়ি, এবং শুদ্ধ ইহাই কেবল নহে, কিন্তু মনু বচনানুসারে পরিবারের নিমিত্তে (অনুপস্থিত প্রভুর নামে) দাসও ব্যবহার কার্য্য করিলে, তৎপ্রভু স্বদেশে বা বিদেশে থাকুক তাহা অন্যথা করিবে না¶।

এবং কোল্‌ব্রূক সাহেব সাধারণ বিধান রূপে লিখিয়াছেন যে কোন পরিবারের ব্যবহার নিমিত্তে যে সকল আবশ্যকীয় দ্রব্য দেওয়া হইয়া থাকে ঐ পরিবারের অধ্যক্ষ তাহার দায়ী, এবং অবশ্য পোষ্য পরিবারের—তাহা তাহার স্ত্রী, পিতা, বা মাতা, সন্তান, দাস, সেবক, শিষ্য, বা শিখিবার নিমিত্তে আগত ব্যক্তি হউক—বর্ত্তনোপযোগি আবশ্যকীয় দ্রব্য দত্ত হইলে ঐ অধ্যক্ষ তাহার দায়ী¶।

যে বিধবাদিগকে পতির ধন অর্শিয়াছে তাহারা বিশেষ কার্য্যে ভিন্ন ঐ বিষয় হস্তান্তর করিতে অযোগ্যা কথিত হইয়াছে (দ্রষ্টব্য ব্য. দ. পৃ. ৫৪—১৪৪)।

* মেক্. হি. ল. বা, ১, পৃ. ১২২। † বি. দ.। মেক্. হি. ল, বা. ১ পৃ. ১২৩। ‡ মেক. হি. ল. বা. ১. পৃ. ১২৩
§ মেক্ হি. ল. বা. ১, পৃ. ১২৪,। ¶ ঐ. পৃ. ১২৫।

but those contracts are valid and binding which are made by wives, the livelihood of whose husbands chiefly depends on their labour; so also are those made for the support of the family, during the absence or disability, mental or corporeal, of the husband*.

Among persons who are competent (to make a contract) the maxim of '*caveat emptor*' applies. Thus NA´RADA ordains: "A buyer ought at first himself to inspect the commodity and ascertain what is good and bad in it; and what after such inspection he has agreed to buy, he shall not return to the seller, *unless it had a concealed blemish*†.

A gift may be revoked if made under a mistake; and by analogy to this rule, every contract is vitiated by error‡.

Any species of duress vitiates a contract. Thus *Jaganna´tha*, commenting on the text of NARA´DA, to the effect that what a man does while disturbed from his natural state of mind is void, observes: "In cases of fear and compulsion, the man is not guided solely by his own will, but solely by the will of another. If he, terrified by another, give his whole estate to any person for relieving him from apprehention, his mind is not in its natural state; but after recovering tranquillity, if he give any thing in the form of recompence, the donation is valid." *See ante*, p. 665.

This corresponds with what has been stated by Mr. Colebrooke in his treatise on Obligations and Contracts (Ch. VI. §§ 109,) that though by the *Hindu* law things done by force are pronounced null, yet in fact they are, in every system of jurisprudence, *voidable* rather than *void*; as they are susceptible of confirmation by assent subsequent, whether express or tacit.

Any fraudulent practice (*see ante*, p. 667,) vitiates a contract: and in a contract of sale, if the vendor, having shown a specimen of property free from blemish, deliver blemished property, the vendee may return it at any time, and the vendor is liable to pay a fine and damages on account of his dishonesty§.

According to the law as current in Bengal, the sale &c. by a single co-sharer of the joint property are valid so far as regards the seller's own share; but not of the shares of the other parceners except at the time of distress for the support of the family and for performance of indispensable duties (see *ante. p.* 621-627,) And not only are the survivors answerable for a debt contracted by their deceased partner, if the sum borrowed was applied to their use, but according to MANU "should even a slave make a contract in the name of his absent master, for the behoof of the family, that master, whether in his own country or abroad, shall not rescind it." ¶

It has been laid down as a general principle by Mr. Colebrooke, that the head of a family is answerable for necessaries supplied for the indispensable use of it, and for the subsistence of the persons whom he is bound to maintain, whether it be his wife, his parent, his child, his slave, his servant, his pupil, or his apprentice, to whom the necessaries are furnished and goods indispensably requisite are delivered ¶.

The widows on whom the property of their husbands has devolved, are declared incompetent to alienate the same except for special purposes (*Ante*, pp. 55—143.)

* Macn. L. H. Vol. I. p. 122. † Macn. H. L. Vol. I. p. 123.

‡ Colebrooke, Obl. and Cont. Book. 2. Ch. VII. §§ 102.—Macn. H. L. Vol. I. p. 123.

§ Macn. H. L. Vol. I. 124. ¶ Macn. H. L. Vol. I. p. 125.

এক মকদ্দমাতে কোন মৃত ব্যক্তির (অনন্তর মৃতা) পত্নীর লিখিয়া দেওয়া খতের টাকা দিতে উত্তরাধিকারিরা অস্বীকার করিলে, এবং তাহাতে এমত প্রমাণ হইলে যে ঐ টাকার কিয়দংশ তৎপতির ঋণ শোধে ব্যয় হইয়াছে, বিচার হইল যে যত টাকা ঐ পতির ঋণ শোধে ব্যয় হইয়াছে, উত্তরাধিকারিরা তৎপরিমিতেরই কেবল দায়ি। কিন্তু ঐ বিধবা অনাবশ্যক দায়ে ঐ বিষয়কে অথবা উত্তরাধিকারিগণকে দায়ি করিতে পারে না। মেক. হি. ল. বা. ১, পৃ. ১২৫।

"মত্ত, উন্মত্ত, আর্ত্ত, অতিব্যাকুল, বালক, ভয়াদিযুক্ত, বা ক্ষমতাপ্রাপ্ত নয় এমত ব্যক্তি কর্ত্তৃক কৃত ব্যবহার অসিদ্ধ"॥ যাজ্ঞবল্‌ক্যের এই বচন ব্যাখ্যানে জগন্নাথ তর্কপঞ্চানন কহেন—"জ্ঞানসত্বে কোন ব্যক্তি কাহারো বেতন দিলে তাহা সিদ্ধ; সুস্থাবস্থায় বেতন দিবার মনস্থ করিয়া থাকিলে উন্মত্তাদি যুক্তাবস্থায় তদ্দানও সিদ্ধ হইতে পারে, কিন্তু কোন ব্যক্তি পূর্ব্বাভিসন্ধি বিনা উন্মত্তাদিযুক্তাবস্থায় দান করিলে তাহা অকৃত"। এই ব্যাখ্যা হইতে যে ব্যবস্থা নিষ্কৃষ্ট হইতে পারে তাহা এই যে যদি কোন ব্যবহার কার্য্য আবশ্যক হইয়া থাকে, ও তৎস্বীকার সুস্থাবস্থায় করা হইয়া থাকে, তবে তৎকার্য্য উন্মত্ততাবস্থায় সম্পন্ন হইলে তাহা অনুন্মত্ততাবস্থায় [illegible]হওন জ্ঞানে স্থিরতর থাকিতে পারে, পরন্তু যে স্থলে ঐ ব্যক্তির ক্ষতিকর ও অলাভজনক হয় সেস্থলে তাহা স্বতঃ অসিদ্ধ বিবেচনা করিতে হইবে। ঐ, পৃ. ১২৫।১২৬।

এবঞ্চ সান্নিপাতিক রোগাভিভূত ব্যক্তি কোন দলীল স্বাক্ষর করিয়া দিলে যদি স্বাক্ষর কালীন তাহার স্থিরচিত্ত থাকা প্রমাণ হয়, তবেই তাহা সিদ্ধ বিবেচ্য, কিন্তু যদি এমত প্রকাশ পায় যে তৎকালে সে অস্থিরচিত্ত ছিল, তবে তাহা অসিদ্ধ। ঐ. পৃ. ১২৬।

দ্রষ্টব্য—রাধামণি দেবী—বনাম—শ্যামচন্দ্র ও রূপচন্দ্র। স. দ. আ. রি. বা. ১, পৃ. ৮৫। বা. দ. পৃ. ৪১।

ঋণ পরিশোধ করণ দৃঢ়রূপে আদিষ্ট হইয়াছে, যথা 'পিতৃঋণ সপ্রমাণ হইলে পুত্রে ঐ ঋণ নিজ ঋণের ন্যায় পরিশোধ করিবে, অর্থাৎ লাভ শুদ্ধ দিবে,—পৌত্রেও পৈতামহ ঋণ অবশ্য পরিশোধ করিবে, কিন্তু লাভ দিবে না; পরন্তু প্রপৌত্রে দায়াধিকারী না হইলে ঋণ দিতে বাধিত হইবে না'। বৃহস্পতি।

পরন্তু সর্ উইলিয়ম জোন্স্ সাহেবের মত এই যে দায়াধিকারী না হইলে পুত্র ও পৌত্র পিতৃ পিতামহের ঋণ শোধ দিতে ব্যবহারে বাধিত নয়, কিন্তু পারিলে লোকতঃ ধর্ম্মতঃ বাধিত বটে, পরন্তু মৃত ব্যক্তির যে ধনাধিকারী সেই তাহার ঋণের দায়ী। (দ্রষ্টব্য কোলব্রুকের নোট্, ডা. বা. ১. পৃ. ২৭৪)। এই মতই এক্ষণে আদালতে প্রচলিত। পরন্তু যথার্থ ও কারণাধীন ঋণ শোধনেই পুত্রাদি বাধিত।

হিন্দুদের স্বীকৃত দান ব্যবহারে তদুত্তরাধিকারিদের অবশ্য দেয় নহে।—কোন ব্যক্তি কাহারো নিকট এমত স্বীকার করাতে যে আমার পুত্রের সহিত তুমি নিজ কন্যার বিবাহ দিলে আমি তোমাকে এত টাকা দিব,—এই মকদ্দমায় বিচার হইল যে স্বীকারকারির মরণান্তে তৎ স্বীকার কার্য্যকারক নহে, এবং কন্যার নিমিত্তে টাকা দেওয়া শাস্ত্রানুমত না হওয়াতে তাহা অবৈধ, আর এমত সকল অবস্থায় দাতা অন্তঃকরণের সহিত দিতে মনস্থ করা বিবেচনা না হইলে, গ্রহীতারই দোষ বিবেচনা করিতে হইবে। মেক. হি. ল. বা. ১. পৃ. ১২৮।

ব্যবহার কার্য্য বিষয়ক শাস্ত্রীয় বিধান আর অধিক লিখা বাহুল্য মাত্র, যেহেতু তাহার অধিকাংশ এক্ষণে ব্যবহারে প্রচলিত নাই, তদ্বিষয়ক বিচার এক্ষণকার রাজকীয় বিধানানুসারেই প্রায় হইয়া থাকে। সাক্ষ্য বিষয়ে শাস্ত্রীয় বিধানমতে আদালতে কার্য্য না হওয়াতে এই পুস্তকে তাহা লিখাও আবশ্যক বোধ হইল না।—তদ্বিষয়ক বিধান সকল অধিক নয়; কঠিনও নয়, তাহাতে অনেক প্রকার অযোগ্য সাক্ষি কথিত হইয়াছে, এবং তাহাদের সাক্ষ্য বিশ্বাস করা না করার ভার বিচারকর্ত্তার বিবেচনার উপরেই অনেক অর্পিত হইয়াছে। সাক্ষ্যদ্বারা প্রমাণ না হইলে অবশেষে প্রতিবাদিকে শপথ বা দিব্য করাণ দ্বারা সত্যাসত্য নির্ণয়ের বিধান আছে। যাঁহারা এই সকল ব্যবহার বিষয়ক অস্মদাদির শাস্ত্রীয় বিধান জানিতে ইচ্ছা করেন তাঁহারা মিতাক্ষরা ও বিবাদ ভঙ্গার্ণব দৃষ্টি করিলে জানিতে পারিবেন।

**প্রথমখণ্ড সমাপ্ত।**

And in a case where the heirs of a person deceased refused payment of a bond contracted by his widow (also dead,) and in which it was proved that part of the amount was expended in payment of her husband's debts, it was held that the heirs were liable for so much of the amount as had been so laid out, but that the widow could not saddle the estate or the heirs with any unnecessary burthen Macn. H. L. Vol. I. p. 125.

In recapitulating the causes of incapacity, JA'GNYAVALKYA observes: " A contract made by a person intoxicated, insane, diseased, grievously disordered or disabled, by an infant, or a man agitated by fear or the like, or (in the name of another) by a person without authority, is utterly null." Upon the above passage *Jaganna'tha* thus comments: "singly the gift of wages by a man possessing his senses is valid; joined with madness or the like, the intentional payment of wages during a lucid interval may also be valid; but singly a gift by a man affected by insanity or the like is void." From this comment the principle may be deduced, that the act of a lunatic may be effectual, if the contract be onerous and the agreement rational, on the presumption of the act having been done during a lucid interval; but that, where it may be prejudicial to him and unattended with any benefit, it should be held to be *ipso facto* void. *Ibid.* pp. 125, 126.

So also the validity of a deed executed by a man in his last illness should be upheld, if it be proved that he was of sound mind at the time of its execution; but otherwise, if it appear that his mind was not in its natural state. Ibid. p. 126.

See Ra'dha'mani Debi' *versus* Sha'm Chandra and Rudra Chandra. S. D. A. Vol. I. p. 85. *Ante*, p. 41.

The liquidation of debts is rigorously enjoined: "The sons must pay the debts of their father, when proved, as if it were their own, (or with interest;) the son's son must pay the debt of his grandfather, but without interest; and his son, or the great-grandson, shall not be compelled to discharge it, unless he be heir and have assets." *Vrihaspati*: Coleb. Dig. Vol. I. pp. 274.

Sir William Jones however was of opinion that where there are no assets, the son and grandson are under a moral and religious, but not a civil, obligation to pay the debts, if they can: but assets may be followed in the hands of any representative. (See note *Ibid.* p. 274.) This opinion is followed in practice by the courts of justice. In all cases, however, the liability extends only to just and reasonable debts.

Hindu gifts are not binding on representatives: and in a case where a person contracted to pay to another a sum of money in consideration of that person's giving his daughter in marriage to the son of the contracting party, it was held that the contract was not binding after his death; the law not permitting money to be given for a bride, and the consideration consequently not being a legal one: and it should be observed, that in all such cases the turpitude is considered to be on the side of the receiver, the giver not being deemed to have seriously intended to give. Macn. H. L. vol. I. p. 128.

It would be superfluous to enter into further disquisition relative to the law of contract, bailments, or other matters connected with judicial proceedings, as at present the greater part of those laws are not applied in practice. The rules connected with the law of evidence too are not given in this book because they are not followed in the existing courts of justice. Those rules are few and simple. Various descriptions of incompetent witnesses are enumerated, and much is left to the discretion of the Judge with respect to the credit which should be attached to testimony. In the last resort discovery may be had by compelling a defendant to make oath or by ordeal. They who are desirous of further information on these heads, should consult the *Mita'kshara'* and *Jaganna'tha's* Digest translated by Mr. Colebrooke.

END OF THE FIRST VOLUME.